লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

# MADE EASY

with Test Papers

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

## প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৪–২১

১. ঢাকা বোর্ড ২০২২ ..... ৪
২. রাজশাহী বোর্ড ২০২২ ..... ৫
৩. যশোর বোর্ড ২০২২ ..... ৬
৪. কুমিল্লা বোর্ড ২০২২ ..... ৭
৫. চট্টগ্রাম বোর্ড ২০২২ ..... ৮
৬. সিলেট বোর্ড ২০২২ ..... ৯
৭. বরিশাল বোর্ড ২০২২ ..... ১০
৮. দিনাজপুর বোর্ড ২০২২ ..... ১১
৯. ময়মনসিংহ বোর্ড ২০২২ ..... ১২
১০. ঢাকা বোর্ড ২০২১ ..... ১৩
১১. রাজশাহী বোর্ড ২০২১ ..... ১৪
১২. যশোর বোর্ড ২০২১ ..... ১৫
১৩. কুমিল্লা বোর্ড ২০২১ ..... ১৬
১৪. চট্টগ্রাম বোর্ড ২০২১ ..... ১৭
১৫. সিলেট বোর্ড ২০২১ ..... ১৮
১৬. বরিশাল বোর্ড ২০২১ ..... ১৯
১৭. দিনাজপুর বোর্ড ২০২১ ..... ২০
১৮. ময়মনসিংহ বোর্ড ২০২১ ..... ২১

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ২২–৩৯

১৯. ঢাকা বোর্ড ২০২২ ..... ২২
২০. রাজশাহী বোর্ড ২০২২ ..... ২৩
২১. যশোর বোর্ড ২০২২ ..... ২৪
২২. কুমিল্লা বোর্ড ২০২২ ..... ২৫
২৩. চট্টগ্রাম বোর্ড ২০২২ ..... ২৬
২৪. সিলেট বোর্ড ২০২২ ..... ২৭
২৫. বরিশাল বোর্ড ২০২২ ..... ২৮
২৬. দিনাজপুর বোর্ড ২০২২ ..... ২৯
২৭. ময়মনসিংহ বোর্ড ২০২২ ..... ৩০
২৮. ঢাকা বোর্ড ২০২১ ..... ৩১
২৯. রাজশাহী বোর্ড ২০২১ ..... ৩২
৩০. যশোর বোর্ড ২০২১ ..... ৩৩
৩১. কুমিল্লা বোর্ড ২০২১ ..... ৩৪
৩২. চট্টগ্রাম বোর্ড ২০২১ ..... ৩৫
৩৩. সিলেট বোর্ড ২০২১ ..... ৩৬
৩৪. বরিশাল বোর্ড ২০২১ ..... ৩৭
৩৫. দিনাজপুর বোর্ড ২০২১ ..... ৩৮
৩৬. ময়মনসিংহ বোর্ড ২০২১ ..... ৩৯

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৪০–৪৯


৩৭. আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা ........ ৪০
৩৮. সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর ........ ৪১
৩৯. খুলনা সরকারি মহিলা কলেজ ........ ৪২
৪০. কুমিল্লা সরকারি মহিলা কলেজ ........ ৪৩
৪১. বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম ........ ৪৪
৪২. জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট ........ ৪৫
৪৩. সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ........ ৪৬
৪৪. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল ........ ৪৭
৪৫. দিনাজপুর সরকারি কলেজ ........ ৪৮
৪৬. আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ ........ ৪৯


## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৫০–৫৯


৪৭. মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা ........ ৫০
৪৮. ঢাকা ইমপিরিয়াল কলেজ ........ ৫১
৪৯. সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর ........ ৫২
৫০. খুলনা সরকারি মহিলা কলেজ ........ ৫৩
৫১. কুমিল্লা সরকারি মহিলা কলেজ ........ ৫৪
৫২. বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম ........ ৫৫
৫৩. সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ........ ৫৬
৫৪. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল ........ ৫৭
৫৫. দিনাজপুর সরকারি কলেজ ........ ৫৮
৫৬. আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ ........ ৫৯


## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ৬০–৬৪


৫৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ........ ৬০
৫৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ........ ৬১
৫৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ........ ৬২
৬০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ........ ৬৩
৬১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ........ ৬৪


## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৬৫–৬৯


৬২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ ........ ৬৫
৬৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ ........ ৬৬
৬৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ ........ ৬৭
৬৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯ ........ ৬৮
৬৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০ ........ ৬৯

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ করোনা ভাইরাসের ভ্যাকসিন তৈরির জন্য জেনিথ কোম্পানি ১ কোটি টাকা মূল্যের একটি নতুন মেশিন স্থাপন করেন। উক্ত অর্থ তারা এমন উৎস থেকে সংগ্রহ করবে যেখানে কর সুবিধা বিদ্যমান। কিন্তু অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান ঐ কোম্পানির সিদ্ধান্তে অংশ নিতে পারবে না। অন্যদিকে ঔষধের উৎপাদন খরচ বেশি হলেও কোম্পানিটি করোনা প্রতিরোধে বিনামূল্যে মাস্ক ও হ্যান্ড সেনিটাইজার বিতরণ করে। ফলে সমাজে কোম্পানিটির সুনাম বৃদ্ধি পায়।

ক. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য কী? ১

খ. তহবিল সংগ্রহ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী জেনিথ কোম্পানি নতুন মেশিনের জন্য কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির সম্পদ সর্বাধিকরণে অর্থায়নের কোন ধারণা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

২ ▶ জনাব লিয়ন ৬ বছর পর একটি ফ্লাট ক্রয় করতে ইচ্ছুক। যাহার মূল্য তখন হবে ৫০,০০,০০০ টাকা। তাই জনাব লিয়ন ইষ্ট ব্যাংকে ৫,০০,০০০ টাকা জমা রাখতে চায় যাহা ৬ বছর পর দ্বিগুণ হবে। অবশিষ্ট ৪০,০০,০০০ টাকা সংগ্রহের জন্য তিনি নর্থ ও সাউথ নামে দুইটি ব্যাংকের সাথে যোগাযোগ করলে ব্যাংক দুইটি জানায় প্রথমত নর্থ ব্যাংক বছরের প্রথমে জমাকৃত অর্থের উপর বার্ষিক ১২% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। দ্বিতীয়ত সাউথ ব্যাংক বছরের শেষে জমাকৃত অর্থের উপর ১০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. ৬৯ বিধি কী? ১

খ. অর্থের ক্রয়ক্ষমতা মুদ্রাস্ফীতি দ্বারা কীভাবে প্রভাবিত হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব লিয়নের ইষ্ট ব্যাংকে জমাকৃত অর্থের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব লিয়নের কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩ ▶ জনাব হেলাল একজন ঠিকাদার। তাহার চুক্তিভিত্তিক কাজসমূহ সঠিক সময়ে সম্পন্ন করার জন্য একটি মিকচার মেশিন ও একটি খোয়া ভাঙা মেশিন দরকার। প্রতিটি মেশিনের দাম ১,০০,০০০ টাকা। আগামি ৫ বছর পর মিকচার মেশিনটি ৫০,০০০ টাকায় এবং খোয়া ভাঙা মেশিনটি ১০,০০০ টাকায় বিক্রয় করা যাবে। মিকচার মেশিনটি থেকে উক্ত ৫ বছরে অবচয় ও কর পূর্ব মুনাফা হবে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। কর হার ২৫% এবং অবচয় সরলরৈখিক পদ্ধতিতে নির্ণয় করা হয়। অপরদিকে খোয়া ভাঙা মেশিনটি হতে প্রতি বছর ১৫,০০০ টাকা আয় হবে। বাট্টার হার ১২%। তিনি যেকোনো একটি মেশিন ক্রয় করতে ইচ্ছুক।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. আন্তঃআয় হার পদ্ধতিতে কীভাবে প্রকল্প মূল্যায়ন করা হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী মিকচার মেশিনটির মূল্য কত বছরে ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব হেলালের কোন মেশিনটি ক্রয় করা উচিত? বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব ইকবাল চাকরির পাশাপাশি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিভিন্ন অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে বিনিয়োগের জন্য ই ও এফ নামে দুইটি শেয়ার পছন্দ করেছেন। শেয়ার দুইটির আয়ের হার ও সম্ভাবনা নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার (%) | |
|---|---|---|---|
| | | ই | এফ |
| আশাব্যাঞ্জক | ০.৩০ | ২৫ | ২০ |
| স্বাভাবিক | ০.৪০ | ৩৫ | ৩০ |
| হতাশাজনক | ০.১০ | ১৫ | ১০ |

শেয়ার দুইটির প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ২৩% ও ১৯%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. বাজার ঝুঁকিকে নিয়ন্ত্রণ করা যায় না কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী এফ শেয়ারের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শেয়ার দুইটির মধ্যে জনাব ইকবাল কোন শেয়ারটি ক্রয় করবেন? ঝুঁকি বিবেচনায় বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব তুহিন তার বিনিয়োগ থেকে ১০% আয় পেতে চায়। তিনি লক্ষ করেন লুকাস কোম্পানি ৭ বছর মেয়াদি একটি বন্ড বাজারে ছেড়েছে। যাহার লিখিত মূল্য ৩,০০০ টাকা এবং ১২% কুপন হারে ৩,৫০০ টাকায় বিক্রয় হচ্ছে। অপরদিকে সুরমা কোম্পানিও ৭ বছর মেয়াদি ২,০০০ টাকা মূল্যে একটি বন্ড বাজারে ইস্যু করেছে। যাহার কুপন হার ১৪% এবং বাজারমূল্য ২,২০০ টাকা।

ক. আয় বন্ড কী? ১

খ. কোন ধরনের শেয়ারে সাধারণ শেয়ার ও বন্ডের বৈশিষ্ট্য বিদ্যমান? ২

গ. উদ্দীপকে উল্লিখিত লুকাস কোম্পানির বন্ডের অভ্যন্তরীণ আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব তুহিনের কোন বন্ড ক্রয় করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ জনাব আজিজ একজন ব্যবসায়ী। তার মোট মূলধন ১০ লক্ষ টাকার মধ্যে ৮ লক্ষ টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাহার বিবেচ্য চারটি কোম্পানির তথ্য নিম্নরূপ :

| কোম্পানি | প্রত্যাশিত আয়ের হার | পরিমিত ব্যবধান |
|---|---|---|
| ক | ২০% | ১০% |
| খ | ১৬% | ৮% |
| গ | ১২% | ৫% |
| ঘ | ৮% | ০% |

উপরিউক্ত তথ্যাদি বিশ্লেষণ করে তিনি কোম্পানি খ-এ বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন। অবশিষ্ট ২ লক্ষ টাকা দৈনন্দিন ব্যবসায়িক কাজ পরিচালনার জন্য তিনি সংরক্ষণ করে রাখেন।

ক. লভ্যাংশ কী? ১

খ. সরকার তার মূল লক্ষ্য অর্জনে কীভাবে অর্থায়ন করে থাকে? ২

গ. জনাব আজিজ ব্যবসা পরিচালনায় অর্থায়নের কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আজিজের বিনিয়োগ সিদ্ধান্তটি কি সঠিক? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৭ ▶ জনাব রাকিব একজন সরকারি কর্মচারী। তিনি দিনাজপুর শহরের সুইহারী এলাকায় ২০,০০,০০০ টাকায় একটি জমি ক্রয় করতে ইচ্ছুক। তাই তিনি ১০% সুদে বার্ষিক কিস্তিতে ৪ বছরের জন্য 'আস্থা ব্যাংক' থেকে ঋণ গ্রহণের প্রস্তাব দেয়। যাহার প্রথম কিস্তি পরবর্তী মাসের ঋণ গ্রহণের তারিখে পরিশোধ করতে হবে।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কেন অর্থের সময়মূল্য বিবেচনা করতে হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব রাকিব প্রতিবারে কী পরিমাণ অর্থ 'আস্থা ব্যাংক' কে পরিশোধ করবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাকিবের ঋণের প্রতিটি কিস্তির সুদ ও আসলের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▶ মি. কাদের একজন কৃষিবিদ। তিনি তার কার্যক্রম পরিচালনার জন্য একটি আধুনিক মেশিন স্থাপনের কথা ভাবছেন। যাহাতে পণ্য উৎপাদন ব্যয় সর্বনিম্ন হয়। এক্ষেত্রে তিনি মেশিনের নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ এর বর্তমান মূল্য শূন্য হয় এমন একটি পদ্ধতি অনুসরণ করেন। সেইসাথে মেশিনটির কার্যক্রম মূল্যায়নের মাধ্যমে বিনিয়োগকৃত অর্থ দ্রুত ফেরত পাওয়ার প্রত্যাশা করেন। উক্ত মেশিনটির ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা। মি. কাদের আশা করছে যে, মেশিনটি থেকে আগামী ৫ বছর আয় হবে যথাক্রমে ২৫,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৩০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা। মেশিনটির মূলধনী ব্যয় ১৪%।

ক. মূলধন নিয়ন্ত্রণ কী? ১

খ. গড় মুনাফা হারের দুটি সুবিধা উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. কাদের অর্থায়নের কোন ধরনের কার্যক্রম সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটি মি. কাদেরের ক্রয় করার সিদ্ধান্তটি আন্তঃআয় হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ হানিফ একজন বিনিয়োগকারী। তিনি নিম্নের দুইটি কোম্পানির যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। কোম্পানি দুইটির তথ্য হলো :

| বিবরণ | প্রত্যাশা কোম্পানি | রূপালী কোম্পানি |
|---|---|---|
| বন্ডের লিখিত মূল্য | ২,৫০০ টাকা | ২,৫০০ টাকা |
| কুপন হার | – | ১২% |
| মেয়াদকাল | ৫ বছর | – |
| প্রত্যাশিত আয়ের হার | ১০% | ১৫% |
| বর্তমান বাজারমূল্য | ২,০০০ টাকা | ২,৮০০ টাকা |

ক. স্টক কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য ও লিখিত মূল্য সমান হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রূপালী কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব হানিফ কোন বন্ডে বিনিয়োগ করবে? মতামত দাও। ৪

১০ ▶ জানব সৌরভ P ও Q নামক দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগের ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৩ বছরের P ও Q কোম্পানির বাজার মুনাফার হার দেওয়া হলো :

| বছর | P কোম্পানি % | Q কোম্পানি % | বাজার মুনাফার হার (%) |
|---|---|---|---|
| ২০১৬ | ১০ | ৮ | ১০ |
| ২০১৭ | ২০ | ১৫ | ১৫ |
| ২০১৮ | ৮ | ৬ | ৭ |

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ২

গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে P কোম্পানির সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব সৌরভের কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিসংগত হবে? মতামত দাও। ৪

১১ ▶ সোনালী লি. এর অতিরিক্ত মূলধনের প্রয়োজন হওয়ায় ২,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত নেন। এই শেয়ারহোল্ডারগণের কোনো ভোটাধিকার নাই, তবে নির্দিষ্ট হারে লভ্যাংশ পাবে। অন্যদিকে ইস্যুকৃত শেয়ারের মধ্যে ১,৫০০ শেয়ারের মালিকগণ পূর্ববর্তী বছরের বকেয়া লভ্যাংশ পরবর্তী বছরে প্রাপ্তির সুযোগ পাবেন। অবশিষ্ট ৫০০ শেয়ারের কোনো মেয়াদ নাই তবে মালিকগণ ৫ বছর পর কোম্পানির ভোটাধিকার পাওয়ার দাবিদার।

ক. পুট বন্ড কী? ১

খ. নিমজ্জিত তহবিল সৃষ্টি করা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সোনালী লি. কর্তৃক ইস্যুকৃত ১,৫০০ শেয়ার কোন ধরনের শেয়ার? ব্যাখ্যা কর। ৩

ঘ. মেয়াদহীন ৫০০টি শেয়ারের মালিকগণকে ভোটাধিকার প্রদানের কারণ ও ঐসব শেয়ারের ধরন বিশদভাবে ব্যাখ্যা কর। ৪

## ২ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মেঘনা কোম্পানি উৎপাদিত পণ্যের মানের উপর গুরুত্ব দেয় এবং ভোক্তা ও শ্রমিকদের স্বার্থ বিবেচনা করে। কোম্পানি মুনাফার একটি অংশ লভ্যাংশ হিসাবে বণ্টন করে এবং প্রকল্প বিনিয়োগে অর্থের সময়মূল্য বিবেচনা করে। ফলে কোম্পানির বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

ক. লভ্যাংশ সিদ্ধান্ত কী? ১
খ. তারল্য ও মুনাফা নীতি বলতে কী বোঝায়? ২
গ. মেঘনা কোম্পানি অর্থায়নের কোন দায়িত্ব পালন করতেছে? আলোচনা কর। ৩
ঘ. মেঘনা কোম্পানি কর্তৃক অনুসৃত অর্থায়নের লক্ষ্যটি আলোচনা কর। ৪

২ ▸ মি. রহমান স্কয়ার লি. এর একজন আর্থিক ব্যবস্থাপক। তার কোম্পানির ব্যাংকে ৫০,০০,০০০ টাকা জমা আছে। তিনি উক্ত টাকা তিনটি প্রকল্পে বিনিয়োগ করেন। প্রথম প্রকল্পে তিনি ক্ষতির সম্মুখীন হন কিন্তু ২য় ও ৩য় প্রকল্পে তিনি মুনাফা অর্জন করেন।

ক. তারল্য কী? ১
খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২
গ. উদ্দীপকে অর্থায়নের কোন কার্যাবলির উল্লেখ আছে? আলোচনা কর। ৩
ঘ. মি. রহমান অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? আলোচনা কর। ৪

৩ ▸ জনাব সরোয়ার একজন কৃষক যার কাছে ২,০০,০০০ টাকা রয়েছে। তিনি একটি মৎস্য প্রকল্পে বিনিয়োগ করতে চান যা থেকে আগামী ৫ বছর যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৪২,০০০ টাকা, ২৫,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু তাকে পরামর্শ দেয় পোল্ট্রি ফার্মের ব্যবসা করতে যা হতে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৫০,০০০ টাকা করে পাওয়া যাবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. সরল সুদ কী? ১
খ. বর্তমান মূল্য অপেক্ষা ভবিষ্যৎ মূল্য বেশি হয়— ব্যাখ্যা কর। ২
গ. সরোয়ার সাহেবের মৎস্য প্রকল্প থেকে নগদ আন্তঃপ্রবাহের মোট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. সরোয়ার সাহেবের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৪ ▸ জনাব সুমন একজন উদ্যোক্তা হওয়ার স্বপ্ন ছোটবেলা থেকে দেখছেন। বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন সময় থেকে তিনি বার্ষিক ৫০,০০০ টাকা করে ১২% হারে ১০ বছর মেয়াদি একটি ডিপিএস করেন। তার স্বপ্নের ব্যবসায়টি চালু করার জন্য ১০,০০,০০০ টাকা প্রয়োজন।

ক. সাধারণ বার্ষিকী কী? ১
খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২
গ. ১০ বছর পরে সুমন কত টাকা ডিপিএস থেকে পেয়েছিলেন? ৩
ঘ. উদ্দীপকের আলোকে ব্যবসায় আরম্ভের জন্য সুমনের বার্ষিক কত টাকা ডিপিএস হিসেবে জমানো উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব সেলিম অবসর গ্রহণের পর ৮,০০,০০০ টাকা পান। তিনি উক্ত অর্থ ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি বিকল্প রয়েছে। সোনালী ব্যাংক ১২% সরল সুদে ও রূপালী ব্যাংক ১০% চক্রবৃদ্ধি সুদ প্রদানে আগ্রহী। ব্যাংক ছাড়াও এলিকো বিমা কোম্পানি ৫ বছর শেষে ১২,০০,০০০ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার কাছে রয়েছে।

ক. বিধি ৭২ কী? ১
খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২
গ. সেলিম সাহেব রূপালী ব্যাংক থেকে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকের কোন বিকল্পটি জনাব সেলিমের গ্রহণ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬ ▸ জব্বার সাহেব প্রতিটি ১০,০০০ টাকা মূল্যের ৮% কুপন বন্ড ১০,২০০ টাকায় ক্রয় করেন। বন্ডের মেয়াদ ১০ বছর। মেয়াদপূর্তিতে বন্ডটি ১০% অধিহারে পরিশোধ করতে হবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. চিরস্থায়ী বন্ড কী? ১
খ. সংরক্ষিত আয় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বন্ডটির মেয়াদপূর্তিতে আয়ের হার কত? ৩
ঘ. উদ্দীপকের বন্ডটি কী ক্রয় করা লাভজনক? যুক্তিসহ মতামত দাও। ৪

৭ ▸ মিস স্বর্ণা বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুইটি বন্ড বিবেচনা করছেন :

| বন্ড | সুদের হার | মেয়াদ | বাজারমূল্য |
|---|---|---|---|
| P | ১২% | ৬ বছর | ১,১০০ |
| Q | ১১% | ৬ বছর | ১,০৫০ |

উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। মিস স্বর্ণার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কুপন বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ড বলতে কী বোঝ? ২
গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. বর্তমান মূল্যের আলোকে মিস স্বর্ণার কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ মি. সালাম দুটি প্রকল্পের মধ্যে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগের জন্য সিদ্ধান্ত নিতে চান। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা এবং বাট্টার হার ১০%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প | নগদ আন্তঃপ্রবাহ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| প্রকল্প-১ | ১২,০০০ | ১৮,০০০ | ৩০,০০০ | ১৬,০০০ | ২২,০০০ |
| প্রকল্প-২ | ১৮,০০০ | ২০,০০০ | ২২,০০০ | ২৪,০০০ | ১৮,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্প-১ এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মি. সালামের নিট বর্তমান মূল্যের আলোকে কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক? মূল্যায়ন কর। ৪

৯ ▸ রায়হান লিমিটেড কোম্পানি একটি প্রকল্পে ৫,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী যার ভগ্নাবশেষ মূল্য ৩৫,০০০ টাকা। কোম্পানির করের হার ৩০% এবং মূলধন ব্যয় ১২%। প্রকল্পটির করপূর্ববর্তী তথ্যাবলি নিম্নরূপ :

| বছর | করপূর্ববর্তী মুনাফা |
|---|---|
| ১ | ১,০০,০০০ |
| ২ | ১,২০,০০০ |
| ৩ | ৯০,০০০ |
| ৪ | ১,৫০,০০০ |
| ৫ | ১,৭০,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১
খ. মূলধন বাজেটিং মুনাফা অর্জনের ক্ষমতা বৃদ্ধি করে— ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ উপার্জন হারের মাধ্যমে প্রকল্পের বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

১০ ▸ দুটি প্রকল্পের বিগত তিন বছরের আয়ের হার নিম্নরূপ :

| বছর | প্রকল্প-ক | প্রকল্প-খ |
|---|---|---|
| ২০১৮ | ৮% | ১০% |
| ২০১৯ | ৯% | –২% |
| ২০২০ | ১২% | ১৬% |

ক. ঝুঁকি কী? ১
খ. পোর্টফোলিও নীতি কেন অনুসরণ করা হয়? ২
গ. প্রকল্প-ক এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ নিম্নের দুটি কোম্পানির সম্ভাবনা ও প্রত্যাশিত আয়ের হার দেওয়া হলো :

| সম্ভাবনা | ০.২০ | ০.৪০ | ০.৪০ |
|---|---|---|---|
| মনি কোম্পানির আয় | ০.১৫ | ০.১৪ | ০.১৮ |
| রনি কোম্পানির আয় | ০.১২ | ০.২০ | ০.১০ |

ক. সম্ভাবনা বিন্যাস কী? ১
খ. পরিহারযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. কোম্পানি দুটির গড় মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. বিভেদাঙ্কের বিবেচনায় কোন কোম্পানিটি ভালো? মূল্যায়ন কর। ৪

## ৩ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ সানমুন কোম্পানি লি. চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| প্রাথমিক বিনিয়োগ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| ২,০০,০০০ | ৬০,০০০ | ৭০,০০০ | ৮০,০০০ | ৭৬,০০০ |

বাট্টার হার ৮%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে সানমুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

২ ▸ ABC কোম্পানি একটি নতুন মেশিন ৫,০০,০০০ টাকায় ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং কোনো ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানির করের হার ৪০%।

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | ১,০০,০০০ | ১,১০,০০০ | ১,৪০,০০০ | ১,৫০,০০০ | ২,৫০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. ABC কোম্পানির গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয়, তাহলে নিট বর্তমান মূল্যের (NPV) ভিত্তিতে মেশিনটি ক্রয় করা উচিত কি না? বিবেচনা কর। ৪

৩ ▸ জনাব রাসেল একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগের জন্য যে দুটি সিকিউরিটি চিহ্নিত করেছেন তা নিম্নরূপ :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ২০১৯ | ৩০% | ২৫% |
| ২০২০ | ২০% | ৩৫% |
| ২০২১ | ১৫% | ৪৫% |

মুন কোম্পানির বিটার মান ১.৮। ট্রেজারি বিলের আয়ের হার ৯%। বাজার আয়ের হার ১৮%।

ক. ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ২

গ. মুন কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাসেলের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উত্তম? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব আসলাম একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। কোম্পানির তথ্য নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | প্রকল্প-P | প্রকল্প-Q |
| ভালো | ০.৪০ | ১২% | ১০% |
| মন্দ | ০.২৫ | ৪% | ৬% |
| স্বাভাবিক | ০.৩৫ | ৯% | ৮% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. প্রকল্প-P এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব আসলামের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| সিকিউরিটিজ | বিনিয়োগ | আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|---|
| X | ৪০,০০০ | ১২% | ৮% | ০.৮০ |
| Y | ৬০,০০০ | ১০% | ৬% | |

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬ ▸ জনাব কামাল একজন ফল ব্যবসায়ী। তিনি তার দোকানের একাই মালিক। যার ফলে সকল লাভ-ক্ষতি তিনি নিজেই বহন করেন। তার দোকানে বিভিন্ন রকমের ফল আছে? যা ভোক্তাদের কাছে বিক্রি করেন। তিনি ঝুঁকি কমানোর জন্য পণ্যের মাঝে বৈচিত্র্য রাখেন।

ক. সম্পদ সর্বাধিকরণ কী? ১

খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব কামাল কোন ধরনের ব্যবসায়ী? বর্ণনা কর। ৩

ঘ. জনাব কামাল তার ব্যবসায়ের উন্নতির জন্য অর্থায়নের যে নীতি অবলম্বন করেছেন তা বর্ণনা কর। ৪

৭ ▸ ইউনিক কোম্পানি মোবাইল ফোন ব্যবসায় জড়িত। কোম্পানিটি বাংলাদেশের বাজারে প্রবেশের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করে। নতুন পরিকল্পনায় কোম্পানিটি আর্থিক সংকটে পড়ে। তাই তারা শেয়ার বিক্রির সিদ্ধান্ত নেয়।

ক. অর্থায়ন কী? ১

খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝায়? ২

গ. ইউনিক কোম্পানির শেয়ার বিক্রয় কী ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোম্পানিটির দীর্ঘমেয়াদি পরিকল্পনায় শেয়ার বিক্রি যুক্তিযুক্ত কিনা? ব্যাখ্যা কর। ৪

৮ ▸ জনাব তানভির গাড়ি ক্রয়ের জন্য লিজিং কোম্পানি লি. হতে ৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। ঋণের সুদের হার ১০%। তিনি আগামী ৪ বছরব্যাপী প্রতি বছর শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসাবে পরিশোধ করবেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. জনাব তানভিরের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. জনাব তানভিরের ঋণ পরিশোধ সূচি তৈরি করে বিভিন্ন বছরের সুদের পরিমাণ দেখাও। ৪

৯ ▸ জনাব রাকিব জমি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন, যা ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, যমুনা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন। অন্যদিকে, সুরমা ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে যমুনা ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাকিবের কোন ব্যাংকে অর্থ জমা রাখা উচিত? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব মিঠু তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাচ্ছেন। তিনি বন্ডবাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। অন্যান্য তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | পরিপক্ব মূল্য |
|---|---|---|---|---|
| A | ১২% | ১,১০০ | — | ১,০০০ |
| B | — | ৬০০ | ১২ বছর | ১,৫০০ |

ক. কুপন বন্ড কী? ১

খ. কার্যকরী মূলধন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'A' বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব মিঠুর কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব রিয়াদ বন্ডবাজারে বিনিয়োগে আগ্রহী। তিনি বন্ডবাজারে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ডের অন্যান্য তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| P | ১২% | ১১৯ | ৮ বছর |
| Q | ১০% | ৮০ | — |

জনাব রিয়াদের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTC-এর পূর্ণরূপ লেখ। ১

খ. কর্পোরেট বন্ড বলতে কী বোঝায়? ২

গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রিয়াদের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

# ৪ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। BBC কোম্পানি একটি প্রসাধনী উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপক রফিক সাহেব ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন, প্রকল্পগুলো হলো প্রকল্প 'X' প্রকল্প 'Y' এবং প্রকল্প 'Z'। উক্ত প্রকল্পগুলোতে বিনিয়োগের জন্য তিনি শাপলা ব্যাংক হতে ৫ বছরের জন্য ১০% হারে ১৫ লক্ষ টাকা ঋণ করেন। ব্যবস্থাপক ঋণকৃত সম্পূর্ণ টাকা প্রকল্প 'Y'-তে বিনিয়োগের জন্য পরিচালনা পর্ষদে প্রস্তাব উপস্থাপন করেন। কিন্তু পরিচালনা পর্ষদ তার প্রস্তাব প্রত্যাখ্যান করে সবকটি প্রকল্পে বিনিয়োগের সুপারিশ করেন।

ক. প্রাতিষ্ঠানিক অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. ব্যবস্থাপক অর্থায়নের কোন উৎস হতে অর্থ সংগ্রহ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিচালনা পর্ষদ অর্থায়নের কোন নীতি গ্রহণের সুপারিশ করেছে? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

২। কেয়া ও রেখা দুই বান্ধবী। তারা লেখাপড়া শেষ করে সম্প্রতি একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে চাকরি পেয়েছেন। ভবিষ্যৎ সঞ্চয়ের কথা চিন্তা করে তারা দুই বান্ধবী যমুনা ব্যাংকে যান। ব্যাংক ব্যবস্থাপক তাদের বলেন যে, সঞ্চয়ের উপর বছরের শুরুতে ও শেষে সুদ গণনা করা হয়। এক্ষেত্রে সুদের হারের পার্থক্য রয়েছে। কেয়া বছরের শুরুতে ৮% সুদে এবং রেখা বছরের শেষে ১০% সুদে ২৫,০০০ টাকা করে ১০ বছর ব্যাংকে জমা করেন।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. সাধারণ বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. ১০ বছর পরে কেয়া কত টাকা পাবেন? ৩
ঘ. মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করে দেখাও। ৪

৩। জনাব আজিজ একজন সাধারণ ব্যবসায়ী। সম্প্রতি তিনি একটি নতুন প্রকল্পের বিনিয়োগের কথা ভাবছেন। এজন্য তিনি তার ব্যবসায়ী বন্ধু জনাব আলমের নিকট হতে পরামর্শ গ্রহণ করেন। তিনি তাকে কাম্য পরিমাণ মূলধন বিনিয়োগের পরামর্শ দেন। কিন্তু জনাব আজিজ অধিক লাভের আশায় সমুদয় মূলধন উক্ত প্রকল্পে বিনিয়োগ করেন এবং তার মূলধন ক্ষতিগ্রস্ত হয়। এজন্য তিনি বেশ চিন্তিত।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. সরকারি ও বেসরকারি অর্থায়নের দুটি পার্থক্য লেখ। ২
গ. জনাব আজিজকে তার বন্ধু অর্থায়নের যে নীতি অনুসরণের পরামর্শ দিয়েছিলেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমুদয় মূলধন বিনিয়োগের ক্ষেত্রে উপরিউক্ত নীতির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪। জনাব রাসেল একজন বিনিয়োগকারী। তিনি তার সঞ্চিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি কোম্পানির বন্ডকে বিবেচনা করছেন :

| বন্ড | অভিহিত মূল্য | মেয়াদকাল | কুপন হার | বাজারমূল্য | আয়ের হার |
|---|---|---|---|---|---|
| 'A' | ১,০০০ টাকা | ১৫ বছর | ১২% | ১,১৮০ টাকা | ১১% |
| 'B' | ১,০০০ টাকা | ১২ বছর | ১০% | ৯৭৫ টাকা | ১০% |

ক. মাধ্যমিক বাজার কী? ১
খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২
গ. 'A' বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. কোন বন্ডে বিনিয়োগ করলে জনাব রাসেল লাভবান হবেন? মন্তব্য কর। ৪

৫। জনাব রহমান পেনশন থেকে প্রাপ্ত ১০,০০,০০০ টাকা ১৫ বছরের জন্য 'পদ্মা' ব্যাংকে জমা রাখতে চান। পদ্মা ব্যাংক ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করে। কিন্তু জনাব রহমানের বন্ধু 'যমুনা' ব্যাংকে টাকা জমা রাখতে পরামর্শ দেন, যেখান থেকে ১৫ বছর পর ৪ গুণ টাকা পাবেন। জনাব রহমানের সুযোগ ব্যয়ের হার ১২%।

ক. 'বিধি ৬৯' কী? ১
খ. ঋণের কিস্তি কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহমানের 'পদ্মা' ব্যাংকে জমাকৃত অর্থের কার্যকর সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব রহমানের বন্ধুর পরামর্শ গ্রহণ করা উচিত কি না তা গাণিতিক যুক্তিসহ উত্তর দাও। ৪

৬। বেঙ্গল লি. কোম্পানি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যবসায় পরিচালনা করে আসছে। আর্থিক সংকটের কারণে উৎপাদন মৌসুমে কাঁচামাল সংগ্রহে অসুবিধায় পড়ে। কোম্পানিটি আরও কিছু সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে আর্থিক বাজার হতে অর্থ সংগ্রহ করে তা মোকাবিলা করতে সক্ষম হয়। কিছুদিন পরে কোম্পানিটির ব্যবস্থাপক ব্যবসায় সম্প্রসারণের কথা চিন্তা করে। উক্ত সম্প্রসারণ কাজের জন্য প্রায় ১ কোটি টাকার প্রয়োজন। এ জন্য কোম্পানির ব্যবস্থাপক শেয়ারবাজারে অগ্রাধিকার শেয়ার ইস্যুর মাধ্যমে অর্থ সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. বন্ড কী? ১
খ. "সাধারণ শেয়ারহোল্ডারগণ কোম্পানির প্রকৃত মালিক"— ব্যাখ্যা কর। ২
গ. "অগ্রাধিকার শেয়ার হতে সাধারণ শেয়ার উত্তম"— ব্যাখ্যা কর। ৩
ঘ. কোম্পানি সম্প্রসারণের জন্য যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। 'ওয়ার্ল্ড ফ্যাশন কোম্পানি' প্রতিটি ১,০০০ টাকা মূল্যের জিরো কুপন বন্ড ইস্যু করে। কোম্পানির ইস্যুকৃত বন্ডের মেয়াদকাল ১০ বছর।

ক. সাধারণ শেয়ার কী? ১
খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২
গ. উক্ত কোম্পানির প্রত্যাশিত আয়ের হার ১৫% হলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩
ঘ. বন্ডটির বাজারমূল্য ২০০ টাকা হলে ওয়ার্ল্ড ফ্যাশন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮। 'নোভা কোম্পানি লি.' এর ব্যবস্থাপক কামাল সাহেব 'M' এবং 'N' নামে পরস্পর বর্জনশীল দুটি প্রকল্পের যেকোনো একটিতে অর্থ বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। কোম্পানির মূলধন ব্যয় ১২%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
|---|---|---|---|---|---|
| 'M' | ৬৬,০০০ | ৬০,০০০ | ১,০৬,০০০ | ৭৮,০০০ | ৮৩,০০০ |
| 'N' | ১,০২,০০০ | ৮০,০০০ | ৭৪,০০০ | ৬১,০০০ | ৮২,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১
খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝায়? ২
গ. 'M' প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. NPV-এর ভিত্তিতে কামাল সাহেবের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? ব্যাখ্যা দাও। ৪

৯। সুজন ও সবুজ দুই ভাই মিলে একটি মৎস্য খামার করার উদ্যোগ গ্রহণ করে। উক্ত খামার করতে ১৫ লক্ষ টাকার প্রয়োজন। কিন্তু তাদের বাবা ব্যবসায় শুরু করার জন্য ১০ লক্ষ টাকা দিতে রাজি হলেন। বাকি ৫ লক্ষ টাকা ৮ বছরের জন্য মধুমতি অথবা গোমতি ব্যাংক হতে ঋণ গ্রহণ করতে পারে। মধুমতি ব্যাংক বার্ষিক ১২% চক্রবৃদ্ধি হার সুদে এবং গোমতি ব্যাংক মাসিক ১০% চক্রবৃদ্ধি হার সুদে মেয়াদ শেষে পরিশোধের কথা বলেন।

ক. ইক্যুইটি বাজার কী? ১
খ. অবচয়কে কোন ধরনের খরচ বলা হয়? ২
গ. মধুমতি ব্যাংক হতে ঋণ নিলে কত টাকা পরিশোধ করতে হবে? ৩
ঘ. সুজন ও সবুজ কোন ব্যাংক হতে ঋণ গ্রহণ করলে বেশি লাভবান হবে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

১০। মি. হাসান কোম্পানির অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দুটি স্টকে বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে স্টক দুটির সম্ভাবনা ও আয়ের হার দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক 'P' | স্টক 'Q' |
| মন্দাভাব | ২৫% | ১৫% | ২৫% |
| স্বাভাবিক | ৫০% | ২০% | ১৮% |
| চাঙ্গা | ৩০% | ৬০% | ২৮% |

ক. ঝুঁকি কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. স্টক 'P' ও স্টক 'Q' এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. মি. হাসানের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১। জনাব মান্নান মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগ করার জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.৫০ | ২৫% | ৩০% |
| ০.৩০ | ২২% | ৩৫% |
| ০.৩৫ | ২০% | ২৮% |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. একক ঝুঁকি বলতে কী বোঝ? ২
গ. 'সিকিউরিটি-A' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. কোন সিকিউরিটি অধিক ঝুঁকিপূর্ণ? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

## ৫ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জামাল ও কামাল দুই জনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। জনাব জামাল শুধু জাহাজ ভাঙা ব্যবসায়ে যুক্ত অপরদিকে জনাব কামাল পুরাতন জাহাজ ব্যবসার পাশাপাশি গার্মেন্টস ব্যবসায় যুক্ত। কারণ জনাব কামাল মনে করেন, লোহার ব্যবসায় কোনো কারণে যদি ক্ষতি হয় তবে গার্মেন্টস ব্যবসার মুনাফার দ্বারা সেই ক্ষতি পূরণ করা যাবে। কিন্তু জনাব জামাল বেশি মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. তারল্য বলতে কী বোঝ? ২
গ. জনাব কামাল বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জামালের বেশি অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? তা বিশ্লেষণ কর। ৪

২▶ জনাব রহমান ৫,০০,০০০ টাকা ৭ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। ‘ফুলজোড়’ ব্যাংক তাকে ১০% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অপরদিকে ‘ইছামতি’ ব্যাংক তাকে ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. মেয়াদ শেষে জনাব রহমান ‘ফুলজোড়’ ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব রহমানের কোন ব্যাংকে টাকা জমা রাখা বেশি লাভজনক হবে? ব্যাখ্যা কর। ৪

৩▶ জনাব হানিফ সোনালী ব্যাংক লি. থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৫ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১
খ. ঋণ সূচি বলতে কী বোঝায়? ২
গ. জনাব হানিফের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণের ওপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪▶ সুলেখা কোম্পানি বার্ষিক ১৬% কুপন সুদে প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকার বন্ড ইস্যু করে। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বন্ড কী? ১
খ. অগ্রাধিকার শেয়ারকে কেন হাইব্রিড সিকিউরিটি বলা হয়? ২
গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয়, তাহলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩
ঘ. অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করলে, বন্ডের বর্তমান মূল্যে কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৫▶ জনাব সাজ্জাদ বর্তমানে অবসরে গিয়ে কিছু টাকা পেয়েছেন। এই অর্থ তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। কিন্তু তিনি বেশি ঝুঁকি নিতে চান না। তাই শেয়ার বাজারে ১০০ টাকার অভিহিত মূল্যের দুটি বন্ডের কথা বিবেচনা করেন। নিম্নে বন্ড দুটির তথ্য প্রদান করা হলো :

| বন্ড | কুপন হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| A | ১৩% | ১১৯ টাকা | ৮ বছর |
| B | ১১% | ৮০ টাকা | — |

ক. জাঙ্ক বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২
গ. 'A' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সাজ্জাদের জন্য কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬▶ ACL কোম্পানি একটি নতুন প্রকল্পে ৭,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট কর হার ৪০%। প্রকল্প থেকে আগামী ৫ বছর যাবৎ করপূর্ববর্তী নগদ প্রবাহ নিম্নলিখিতভাবে আসবে বলে ধারণা করা হচ্ছে।

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ১,৪০,০০০ টাকা |
| ২ | ২,১০,০০০ টাকা |
| ৩ | ৩,২০,০০০ টাকা |
| ৪ | ৩,০০,০০০ টাকা |
| ৫ | ২,১০,০০০ টাকা |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটির গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে (NPV) উক্ত প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

৭▶ মি. পরশ সাম্‌স ৫০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দুটির আয়ের হার নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X কোঃ | Y কোঃ |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১৩% | ১০% |
| স্বাভাবিক অবস্থা | ০.৪০ | ১২% | ১১% |
| তেজি অবস্থা | ০.৩০ | ১৬% | ১৫% |

ক. ঝুঁকি কী? ১
খ. ঝুঁকির প্রিমিয়াম বলতে কী বোঝ? ২
গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. মি. পরশ সাম্‌সের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮▶ মিথুন একজন বিনিয়োগকারী। তার কিছু অর্থ তিনি শেয়ার বাজারে বিনিয়োগ করতে চান। সেই উদ্দেশ্যে তিনি শেয়ার বাজার থেকে বাটা সুজ ও কোকাকোলার বিগত ৪ বছরের মুনাফা অর্জনের তথ্য সংগ্রহ করলেন। তথ্যগুলো নিচে দেওয়া হলো :

| বছর | বাটা সুজ আয়ের হার | কোকাকোলা আয়ের হার |
|---|---|---|
| ১ | ১৫% | ২৫% |
| ২ | ১৭% | ৭% |
| ৩ | ১৯% | ৩২% |
| ৪ | ২১% | ১০% |

ক. CAPM কী? ১
খ. ঝুঁকি ছাড়া কি মুনাফা অর্জন সম্ভব? ব্যাখ্যা কর। ২
গ. বাটা সুজ-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. মিথুনের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা সঠিক হবে? তোমার মতামত লেখ। ৪

৯▶ ওয়ালমার্ট একটি আন্তর্জাতিক পোশাক রপ্তানিকারক কোম্পানি। প্রতিষ্ঠানটি ইউরোপের বাজারে প্রবেশ করার জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেয়। যথাযথ নিয়ম মেনে কোম্পানিটি তার কার্যক্রম পরিচালনা করে। কিন্তু নতুন পরিকল্পনা নিতে গিয়ে কোম্পানিটি আর্থিক সংকটে পড়ে। তাই তারা শেয়ার বিক্রয় করার সিদ্ধান্ত নেয়।

ক. অর্থায়ন কী? ১
খ. সম্পদের সর্বাধিকরণ বলতে কী বোঝ? ২
গ. ওয়ালমার্ট কোম্পানিটির শেয়ার বিক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ওয়ালমার্ট কোম্পানির শেয়ার বিক্রির সিদ্ধান্তটি যথার্থ কিনা? তোমার মতামত লেখ। ৪

১০▶ মি. রায়হান একজন ব্যবসায়ী। তিনি ৫ বছর মেয়াদি ১২% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিলেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা হলেও বর্তমান বাজারমূল্য ১,১৫০ টাকা। মি. রায়হানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কুপন বন্ড কী? ১
খ. প্রত্যাশিত আয়ের হার বিনিয়োগ সিদ্ধান্তকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকের আলোকে বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▶ জমজম বেভারেজ কোম্পানি লি. এর কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প 'X' ও 'Y' তে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ :

| সময় | 'X' টাকা | 'Y' টাকা |
|---|---|---|
| ০ | (৩০,০০০) | (৪০,০০০) |
| ১ | ১২,০০০ | ২৫,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৩ | ৭,০০০ | ৯,০০০ |
| ৪ | ৫,০০০ | ৬,০০০ |

ক. IRR-এর পূর্ণরূপ লেখ। ১
খ. পে-ব্যাক পিরিয়ড বলতে কী বোঝ? ২
গ. মূলধন ব্যয় ১৫% ধরে প্রকল্প দুটির NPV নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটি স্বাধীন এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? তার সপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

## ৬ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব বসির আহম্মেদ লালপুরে একটি বৃহৎ গার্মেন্টস কারখানা স্থাপন করলেন। তিনি কারখানার পার্শ্ববর্তী এলাকার গ্রামের রাস্তাগুলো পাকা করে দিলেন, রাস্তার ভাঙা কালভার্ট মেরামত করলেন এবং রাস্তার দু'পাশে বৃক্ষরোপণ করলেন। কারখানায় কর্মরত কর্মীগণ নিয়মিত বেতন, বোনাস এবং বিনামূল্যে চিকিৎসা সুবিধা পাওয়ায় তারা মালিকের প্রতি সন্তুষ্ট। এলাকার জনগণ এবং কারখানার শ্রমিক-কর্মকর্তাগণ ব্যবসায় প্রতিষ্ঠানটির প্রতি অনেক সহানুভূতিশীল। জনাব বসির আহম্মেদের ব্যবসায় দিন দিন উন্নতি সাধিত হচ্ছে।

ক. অর্থায়ন কী? ১

খ. মুনাফা অর্জন না করে কি সম্পদ সর্বাধিকরণ করা যায়? ২

গ. জনাব বসির আহম্মেদ গ্রামের রাস্তা পাকা করে তার দুই পাশে বৃক্ষরোপণ করে ব্যবসায়ের কোন দায়িত্ব পালন করেছেন? ৩

ঘ. তোমার মতে জনাব বসির আহম্মেদের ব্যবসায় দিন দিন উন্নতিসাধনের কারণ কী? ব্যাখ্যা কর। ৪

২ ▸ 'বর্ধনকুঠি লি.'-এর ব্যবস্থাপক অধিক মুনাফার আশায় তার প্রতিষ্ঠানের সমুদয় অর্থ একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করলেন। কিছু দিন পর বর্ধনকুঠি লি. ইহার দৈনন্দিন খরচ মেটাতে ব্যর্থ হলো। পাওনাদারগণ পাওনা অর্থ সময়মতো না পেয়ে প্রতিষ্ঠানের ওপর আস্থা হারালেন। প্রতিষ্ঠানটি এখন অস্তিত্ব রক্ষার চেষ্টা করছে।

ক. বেসরকারি অর্থায়ন কী? ১

খ. বাহ্যিক অর্থায়নের চেয়ে অভ্যন্তরীণ অর্থায়ন কি উত্তম? ২

গ. বর্ধনকুঠি লি.-এর অর্থ সংকটের কারণ অর্থায়নের কোন নীতির লঙ্ঘন? ৩

ঘ. বর্ধনকুঠি লি.-এর অস্তিত্ব রক্ষার উপায় কী হতে পারে? মতামত দাও। ৪

৩ ▸ জনাব নূরুল আলম ২০,০০,০০০ টাকা পাঁচ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। সুরমা ব্যাংক তাকে ১০% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব করলেন। অপরদিকে 'পদ্মা ব্যাংক' তাকে ৮% মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিল।

ক. সরল সুদ কী? ১

খ. নামিক সুদ এবং কার্যকরী সুদের হার আলাদা হয় কেন? ২

গ. জনাব নূরুল আলম সুরমা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. জনাব নূরুল আলম কোন ব্যাংকে টাকা জমা রাখলে অধিক লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▸ মিসেস জেসমিন মূলধন বাজারে বিনিয়োগের জন্য দুইটি বন্ড পছন্দ করলেন। বন্ড দুইটির তথ্য নিম্নরূপ :

| কোম্পানি | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদকাল | বাজারমূল্য | প্রয়োজনীয় আয়ের হার |
|---|---|---|---|---|---|
| X | ২,৫০০ | ১৬% | ১০ বছর | ২,৫০০ | ১২% |
| Y | ২,৫০০ | ১৬% | — | ১,৩৫০ | ১২% |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ডে সুদের হার উল্লেখ থাকে কি? ২

গ. X কোম্পানির বন্ডের প্রকৃত মূল্য কত? ৩

ঘ. মিসেস জেসমিন কোন বন্ডে বিনিয়োগ করে লাভবান হবেন? বর্ণনা কর। ৪

৫ ▸ জনাব কালাম বিনিয়োগের জন্য ৪ বছর মেয়াদি দুইটি প্রকল্প বিবেচনা করছেন। প্রত্যেকটি প্রকল্পেরই প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। প্রকল্প দুইটির সুদ ও কর পরবর্তী নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৫৫,০০০ | ৯৫,০০০ |
| ২ | ৭০,০০০ | ৮৫,০০০ |
| ৩ | ৭৫,০০০ | ৪০,০০০ |
| ৪ | ১,০০,০০০ | ৯০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. কোন বাট্টার হারে নগদ প্রবাহকে বাট্টা করলে নিট বর্তমান মূল্য শূন্য হয়? ২

গ. প্রকল্প-ক এর পরিশোধকাল কত? ৩

ঘ. জনাব কালামের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬ ▸ জনাব আনিসুর রহমান একজন নতুন ব্যবসায়ী। তিনি নিম্ন উল্লিখিত দুইটি বন্ডের একটিতে অর্থ বিনিয়োগ করতে আগ্রহী :

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদকাল | বাজারমূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| M | ৪০০ | ১২% | ৮ বছর | ২৪০ |
| N | ৫০০ | ১০% | ৫ বছর | ৪০০ |

ক. বন্ড বাজার কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারহোল্ডার কি কোম্পানির প্রকৃত মালিক? ২

গ. M বন্ডের YTM নির্ণয় কর। ৩

ঘ. YTM এর ভিত্তিতে জনাব আনিসুর রহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭ ▸ দুইটি সিকিউরিটি A এবং B এর আয়ের হার ও সম্ভাবনা নিচে প্রদান করা হলো :

| সম্ভাবনা | .২৫ | .৪০ | .৩৫ |
|---|---|---|---|
| সিকিউরিটি-A | .১০ | .২০ | .১৫ |
| সিকিউরিটি-B | .৩০ | .১০ | .২০ |

ক. পরিহারযোগ্য ঝুঁকি কী? ১

খ. 'পোর্টফোলিও নীতি' অনুসরণের উদ্দেশ্য কী? ২

গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি কত? ৩

ঘ. উদ্দীপকের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা অধিকতর গ্রহণযোগ্য হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৮ ▸ মিসেস সায়রা বানু তার সঞ্চিত ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। রূপসা ব্যাংক মিসেস সায়রা বানুকে ১০ বছর পর ১৭,২৭,১৪০ টাকা প্রদানের প্রস্তাব দিল। অপর পক্ষে কুশিয়ারা ব্যাংক ৮ বছর পর তাকে ১৫,৯৪,০৫০ টাকা প্রদানের নিশ্চয়তা দিল।

ক. অগ্রিম বৃত্তি কী? ১

খ. বাট্টার হার বৃদ্ধি পেলে কি বর্তমান মূল্য হ্রাস পায়? ২

গ. উদ্দীপকের রূপসা ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. মিসেস সায়রা বানুকে তুমি কোন ব্যাংকে টাকা জমা রাখার পরামর্শ দিবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ জনাব আরমান মণ্ডল মূলধন বাজার থেকে একটি বন্ড ক্রয় করার সিদ্ধান্ত নিলেন। বন্ডটির অভিহিত মূল্য ৩,০০০ টাকা, কুপন সুদের হার ১৪%। মেয়াদকাল ৫ বছর এবং বাজারমূল্য ৩,২০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. একটি বন্ড কখন অধিহারে ইস্যু করা হয়? ২

গ. উদ্দীপকের বন্ডটির মেয়াদপূর্তিতে উপার্জন হার কত? ৩

ঘ. বন্ডটির বাজারমূল্য ৩,৩০০ টাকা হলে জনাব আরমান মণ্ডলের কি বন্ডটি ক্রয় করা যুক্তিসংগত হবে? গাণিতিকভাবে প্রমাণ কর। ৪

১০ ▸ সাদিয়া আফরিন শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। শেয়ারবাজার থেকে তিনি 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্প' এর বিগত ৪ বছরের মুনাফা অর্জনের তথ্য সংগ্রহ করলেন। 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্প' এর তথ্য নিম্নরূপ :

| বছর | স্টার ফুডস্ | মুন ল্যাম্প |
|---|---|---|
| ১ | ১৬% | ২৬% |
| ২ | ১৮% | ০৮% |
| ৩ | ২০% | ৩০% |
| ৪ | ২২% | ১২% |

ক. CAPM কী? ১

খ. অনিশ্চয়তা এবং ঝুঁকির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'স্টার ফুডস্রে' আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্পের' মধ্যে কোন প্রকল্পের ঝুঁকি কম? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১১ ▸ 'গোবিন্দগঞ্জ লি.' এর দুইটি প্রকল্পের বিগত ৪ বছরের আয়ের বিবরণ নিচে দেওয়া হলো :

| বছর | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| প্রকল্প-ক | ১২ | ১৪ | –২ | ১৬ |
| প্রকল্প-খ | ১০ | ২৪ | ১২ | –৬ |

ক. ঝুঁকি কী? ১

খ. ব্যবসায়িক ঝুঁকি কি পরিহার করা যায়? ২

গ. প্রকল্প-ক এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের কোন প্রকল্পে বিনিয়োগ করা নিরাপদ? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

# ৭ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। 'XYZ' কোম্পানির আর্থিক ব্যবস্থাপক এবছর অর্জিত মুনাফার ৬০% লভ্যাংশ হিসাবে শেয়ারমালিকদের মাঝে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা দেন এবং অবশিষ্ট অর্থ ভবিষ্যতের জন্য সংরক্ষণের সিদ্ধান্ত নেন। এজন্য তার প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্য গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. অর্থায়নের সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'XYZ' কোম্পানির ব্যবস্থাপকের সিদ্ধান্ত অর্থায়নের কোন কার্যাবলি? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'XYZ কোম্পানি অর্থায়নের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছে'— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২। মি. হাসান ও মি. সাদ দুজন ব্যবসায়ী। মি. হাসান শুধু চশমার ব্যবসায় করে। অন্যদিকে, মি. সাদ চশমার ব্যবসায়ের সাথে কাপড়ের ব্যবসায়ও করে। মি. সাদ মনে করে চশমার ব্যবসায় যদি ক্ষতি হয় তাহলে কাপড়ের ব্যবসায় থেকে তা সমন্বয় হবে। মি. হাসান অধিক মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ কম হাতে রেখে অধিক বিনিয়োগ করে।

ক. সরকারি অর্থায়ন কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. মি. সাদ অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. হাসানের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায় কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৩। মিসেস সুষমা আক্তার তার পিতার নিকট হতে ৫০,০০,০০০ টাকা উপহারস্বরূপ পেলেন। উক্ত টাকা বিনিয়োগের জন্য তার নিকট দুটি বিকল্প রয়েছে। প্রথমটি পারিবারিক সঞ্চয়পত্রে বিনিয়োগ করা। যেখান থেকে তিনি মাসিক ৩৫,০০০ টাকা মুনাফা পাবেন এবং ৫ বছর মেয়াদপূর্তিতে ৫০,০০,০০০ টাকা সম্পূর্ণ ফেরত পাবেন। দ্বিতীয় বিকল্পটি হলো সোনালী ব্যাংকে ৫ বছর মেয়াদি স্থায়ী আমানতে বিনিয়োগ করা যেখান থেকে তিনি ৫ বছর পর একত্রে ৭০,০০,০০০ টাকা পাবেন। তার সুযোগ ব্যয় ৯%।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. বর্তমানের নগদ অর্থ পছন্দের কারণগুলো কী কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সঞ্চয়পত্র হতে প্রাপ্ত মুনাফার বর্তমান মূল্য কত? ৩
ঘ. মিসেস সুষমার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? কেন? ৪

৪। জনাব শরিফুল একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। অফিসে যাতায়াতের জন্য তিনি ৫ বছর পর ২,০০,০০০ টাকায় একটি মোটর সাইকেল ক্রয়ের পরিকল্পনা করছেন। এজন্য তিনি তহবিল সঞ্চয়ের দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো ১০% মুনাফায় মাসিক সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ করা এবং দ্বিতীয়টি হলো ১,০০,০০০ টাকা বর্তমানে এককালীন ব্যাংকে গচ্ছিত রাখা যেখান থেকে তিনি পাঁচ বছর পর ২,০০,০০০ টাকা পাবেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. কখন কার্যকরী বা প্রকৃত সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রথম বিকল্প অনুযায়ী শরিফুলের মাসিক সঞ্চয়ের পরিমাণ কত? ৩
ঘ. জনাব শরিফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৫। জনাব আশরাফুল একটি বহুজাতিক কোম্পানির কর্মকর্তা। কোম্পানি তার আবাসনের জন্য স্বল্পমূল্যে একটি ফ্ল্যাট প্রদানে আগ্রহী। কোম্পানি তাকে দুটি বিকল্প প্রস্তাব দিল। প্রথমটি হলো ফ্ল্যাটের মূল্য বাবদ ৪,০০,০০০ টাকা করে সমান বার্ষিক কিস্তিতে ১০ বছরে পরিশোধ করা। দ্বিতীয়টি হলো ১০,০০,০০০ টাকা নগদ পরিশোধ করে অবশিষ্ট অর্থের জন্য ২,৫০,০০০ টাকা বার্ষিক কিস্তি ১০ বছর পরিশোধ করা। আশরাফুলের সুযোগ ব্যয়ের হার ৮%।

ক. বাট্টাকরণ কী? ১
খ. সাধারণ বার্ষিক বৃত্তির মূল্য থেকে অগ্রিম বার্ষিক বৃত্তির মূল্য বেশি হয় কেন? ২
গ. প্রথম বিকল্প অনুযায়ী বার্ষিক কিস্তির বর্তমান মূল্য কত? ৩
ঘ. জনাব আশরাফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উত্তর দাও। ৪

৬। জনাব আসলাম হোসেন একটি অটোমেটিক রাইস মিলের মালিক। তিনি ঝুঁকি হ্রাসকল্পে বিনিয়োগ বহুমুখীকরণ করতে আগ্রহী। এজন্য তিনি মাধ্যমিক বাজারে ১০,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী। বিভিন্ন বিনিয়োগ বিকল্প সম্পর্কে তথ্য সংগ্রহ করে তিনি ৯% কুপন রেটে ৫ বছর মেয়াদি ৫,০০০ লিখিত মূল্যের বন্ডে বিনিয়োগ করলেন। তাকে বন্ডগুলো বর্তমান বাজারমূল্য ৫,৫০০ টাকায় কিনতে হলো। তার প্রত্যাশিত আয়ের হার ৮%।

ক. শূন্য কুপন বন্ড কী? ১
খ. মাধ্যমিক বাজার বলতে কী বোঝায়? ২
গ. জনাব আসলাম হোসেনের ক্রয়কৃত বন্ডের অন্তর্নিহিত মূল্য কত? ৩
ঘ. যদি সুদ অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রদান করে তাহলে বর্তমান বাজারমূল্যে বন্ড কিনে তিনি কি লাভবান হতে পারবেন? ব্যাখ্যা কর। ৪

৭। কোয়ালিটি সিরামিকস্ লি. উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি নতুন প্ল্যান্ট স্থাপনে আগ্রহী। কোম্পানিটির আর্থিক ব্যবস্থাপক ব্যাংক ঋণের মাধ্যমে অর্থায়নের পরামর্শ প্রদান করেন। যুক্তি হিসাবে তিনি উপস্থাপন করেন যে ব্যাংক ঋণ কম সময়ে পাওয়া যায় এবং অধিক নমনীয়। পক্ষান্তরে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান, যেটি পরিশোধের সীমারেখার মধ্যে বাধ্যবাধকতা নেই।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. কোন শেয়ারকে শংকর জাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পরিচালনা পর্ষদ মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলেছেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে আর্থিক ব্যবস্থাপক ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তাবিত মূলধন সংগ্রহে উৎস দুটির তুলনামূলক বিশ্লেষণ করে কোনটি অধিক যুক্তিযুক্ত মন্তব্য কর। ৪

৮। বেস্ট সিমেন্ট লি. ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে একটি নতুন উৎপাদন লাইন স্থাপনে আগ্রহী যার ক্রয়মূল্য ২০,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য আনুমানিক ৩,০০,০০০ টাকা। উৎপাদন ক্ষমতা বিশ্লেষণ করে দেখা গেল, লাইনটি হতে আগামী পাঁচ বছর করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা এবং ৬,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির করের হার ৩০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বরাদ্দকরণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রকল্পের গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩
ঘ. যদি বাট্টার হার ১০% হয় তাহলে প্রকল্পটিতে বিনিয়োগ যুক্তিযুক্ত কিনা তা NPV নির্ণয় করে মন্তব্য কর। ৪

৯। মিরাকল ইন্ডাস্ট্রিজ লি. এর নিকট গ্রহণ করার জন্য দুটি বিনিয়োগ প্রকল্প আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নে দেওয়া হলো :

| বছর | প্রকল্প 'X' | প্রকল্প 'Y' |
|---|---|---|
| ০ | (১,০০,০০০) | (১,০০,০০০) |
| ১ | ৩০,০০০ | ৫০,০০০ |
| ২ | ৪০,০০০ | ৫০,০০০ |
| ৩ | ৩০,০০০ | ৫০,০০০ |
| ৪ | ৬০,০০০ | ৫০,০০০ |

প্রতিষ্ঠানটির মূলধন ব্যয়ের হার ১০%। প্রকল্প-Y এর IRR ৩৫%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১
খ. মূলধন ফেরতকাল পদ্ধতির অসুবিধাগুলো কী কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প-X এর মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ আয়ের হার বা IRR এর ভিত্তিতে প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিক গ্রহণযোগ্য বলে তোমার মনে হয়? ৪

১০। নিম্নে দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেয়া হলো :

| সম্ভাবনা (Pi) | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| | প্রকল্প-'ক' | প্রকল্প-'খ' |
| ০.২৫ | –১৫ | ১৫ |
| ০.৩০ | ১০ | ২০ |
| ০.৪৫ | ২৫ | ২৫ |

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি ও আয়ের হারের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্পদ্বয়ের তুলনামূলক ঝুঁকির মাত্রা বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ যুক্তিযুক্ত হবে? ৪

১১। কোয়ান্টাম সিকিউরিটিজ পুঁজিবাজারে বিনিয়োগকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পোর্টফোলিও ম্যানেজার বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটিজ চিহ্নিত করেছেন এবং ঝুঁকি ও আয়ের হার সম্পর্কিত নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেছেন :

| সিকিউরিটিজ | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি | বিটা (β) |
|---|---|---|---|
| A | ১২% | ৮% | ২ |
| B | ১৮% | ১০% | ৩ |

ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৪%।

ক. পোর্টফোলিও কী? ১
খ. প্রয়োজনীয় আয়ের হারের ওপর বিটার প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সিকিউরিটিজ দুটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোয়ান্টাম সিকিউরিটিজের বিনিয়োগ সিদ্ধান্ত কি হওয়া উচিত? ব্যাখ্যা কর। ৪

## ৮ ✓ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ চৈতি লিমিটেড ১০% সুদে পদ্মা ব্যাংক থেকে ৫০,০০,০০০ টাকা ঋণ নিল এবং একটি নতুন মেশিন ক্রয় করল। ২০১৯-২০ অর্থবছরে কোম্পানি ১০,০০,০০০ টাকা মুনাফা অর্জন করল। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার অনুপাতে বণ্টন করল। কিন্তু ২০২০-২১ অর্থবছরে কাঁচামাল কিনতে গিয়ে কোম্পানি দেখল পর্যাপ্ত নগদ অর্থ নেই।

ক. অর্থায়ন কী? ১

খ. একটি কোম্পানি কীভাবে তার সামাজিক দায়িত্ব পালন করতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে চৈতি লিমিটেড কর্তৃক নতুন মেশিন ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে চৈতি লিমিটেড কাঁচামাল ক্রয় করতে গিয়ে যে সমস্যায় পড়েছে অর্থায়নের নীতিমালার আলোকে সেটির কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▸ বায়েজিদ গার্মেন্টস লিমিটেড ২০২০ সালে ২০,০০,০০০ টাকা বিনিয়োগ করে। উক্ত বিনিয়োগ হতে কোম্পানি ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে। অধিক মুনাফা অর্জনের আশায় কোম্পানি মুনাফার সবটুকু বেক্সি ফার্মার শেয়ারে বিনিয়োগ করেন এবং ক্ষতির সম্মুখীন হন। অন্যদিকে, বায়েজিদ কোম্পানির পরিচালক সরকারকে বেশি কর প্রদান করার উদ্দেশ্যে ব্যয় নিয়ন্ত্রণ করতে চান এবং এজন্য কম মূল্যের কাঁচামাল ক্রয় করেন। কোম্পানির ঊর্ধ্বতন কর্মকর্তাগণ ও শেয়ারহোল্ডারগণ ফার্মের নিট সম্পত্তি বাড়ানোর জন্য সুপারিশ করেন কিন্তু ফার্মের পরিচালক বাজারে পণ্যের চাহিদা বাড়িয়ে মোট বিক্রয়মূল্য বাড়াতে সক্ষম হন।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. চলতি সম্পত্তি ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. বায়েজিদ লিমিটেড অর্থায়নের কোন নীতি অনুসরণ না করায় ক্ষতির সম্মুখীন হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. বায়েজিদ লিমিটেডের পরিচালক যে লক্ষ্য অর্জন করতে চেয়েছেন তা ব্যবস্থাপনা ও শেয়ার হোল্ডারদের জন্য যথার্থ কিনা? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ বকুল লিমিটেড একটি কাপড় রংকারী প্রতিষ্ঠান। কাপড় রংকরণে ব্যবহৃত কেমিক্যাল চিত্রা নদীর পানিতে গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা চিন্তা করে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ১৫ কোটি টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারিগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. সম্পদ সর্বোচ্চকরণ কী? ১

খ. কোন নীতির মাধ্যমে একটি প্রকল্পের সাফল্য অন্য প্রকল্পের ব্যর্থতার সাথে সমন্বয় করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. বকুল লিমিটেড কোন ধরনের মূলধন সংগ্রহের কথা বিবেচনা করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত এবং কেন? মূল্যায়ন কর। ৪

৪ ▸ গ্রীনটেক লি. ১,০০০ টাকা অভিহিত মূল্যের ৫ বছর মেয়াদি বন্ড ৫৫০ টাকায় বিক্রয় করে। জনাব রায়হান গ্রীনটেক লি. এর ১০০টি বন্ডে বিনিয়োগ করেন। তার প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ড হতে একজন বিনিয়োগকারী কীভাবে আয় পেয়ে থাকেন? ২

গ. উদ্দীপকে গ্রীনটেক লি. এর বন্ডগুলো কোন ধরনের বন্ড? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ডের অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৫ ▸ ইমন একজন শিক্ষিত যুবক। তার মূলধন বাজার সম্পর্কে মোটামুটি ধারণা আছে। তিনি ১০% কুপন সুদের হারে ১,০০০ টাকা অভিহিত মূল্যের আজীবন মেয়াদি একটি বন্ডে বিনিয়োগ করেছেন। তিনি আরও একটি বন্ডে বিনিয়োগের চিন্তা করছেন। শাপলা লি. বাজারে ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১২%। বন্ডটির বর্তমান বাজারমূল্য ৮৫০ টাকা। অন্যদিকে স্কয়ার লি. ১০ বছর মেয়াদি জিরো কুপন বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ৪০০ টাকা। ইমনের প্রত্যাশিত আয়ের হার ১৪%।

ক. জিরো কুপন বন্ড কী? ১

খ. অগ্রাধিকার স্টককে 'হাইব্রিড স্টক' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইমন যে বন্ডে বিনিয়োগ করেছে তার মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে ইমনের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বন্ডের মূল্য নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

৬ ▸ জনাব আল আমিন জুস প্রস্তুতকরণ ব্যবসায়ের জন্য ২০ লক্ষ টাকা প্রয়োজন। তিনি নিজস্ব তহবিল থেকে ১৩ লক্ষ টাকা ও অবশিষ্ট অর্থ কর্মসংস্থান ব্যাংক থেকে ১১% হারে ৩ বছরের জন্য ঋণ গ্রহণ করার সিদ্ধান্ত নেন। কর্মসংস্থান ব্যাংক প্রতি বছরের শুরুতে অথবা শেষে কিস্তি নিয়ে থাকে। জনাব আল আমিন কোন উপায়ে কিস্তি প্রদান করবেন তা নিয়ে চিন্তিত। উল্লেখ্য যে, প্রতি বছরের শেষে কিস্তির পরিমাণ ২,৮৬,৪৮৫ টাকা।

ক. বাট্টাকরণ কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়লে কার্যকরী সুদের হারের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব আল আমিন বছরের শুরুতে কিস্তি প্রদান করলে, বাৎসরিক কিস্তির পরিমাণ কত হবে? নির্ণয় কর। ৩

ঘ. "জনাব আল আমিন প্রতি বছরের শেষে ঋণের কিস্তি পরিশোধ করলে পরিশোধিত সুদের পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাবে"– ঋণ পরিশোধ সূচি প্রস্তুতের ভিত্তিতে মতামত দাও। ৪

৭ ▸ জনাব মামুন সোনালী ব্যাংকে তিন বছর পূর্বে দ্বিগুণ হবার শর্তে ৫০,০০০ টাকা জমা রেখেছিলেন। এ বাবদ বর্তমানে তিনি ১,০০,০০০ টাকা পেয়েছেন। উক্ত টাকা তিনি ১০% সুদে ৫ বছরের জন্য জনতা ব্যাংকে জমা রাখতে চান। তার স্ত্রী উক্ত টাকা দিয়ে জমি ক্রয়ের পরামর্শ দেন যেটির মূল্য আগামী ৫ বছর পর ৬০,০০০ টাকা বৃদ্ধি পাবে।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. অর্থের সময়মূল্য ধারণা কেন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সোনালী ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব মামুনের কোন ক্ষেত্রে বিনিয়োগ করা উচিত হবে বলে তুমি মনে কর? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮ ▸ অবন্তী লিমিটেডের নিকট দুটি স্বাধীন বিনিয়োগ প্রকল্প আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১০,০০০ টাকা। প্রকল্প দুটির নিট নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | নিট নগদ আন্তঃপ্রবাহ | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| প্রকল্প-ক | ৪,০০০ | ৪,০০০ | ৪,০০০ |
| প্রকল্প-খ | ৬,৫০০ | ৪,০০০ | ৩,০০০ |

অবন্তী লি. এর মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. নিট বর্তমান মূল্যের মাধ্যমে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রকল্প-ক এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পদ্বয়ের নিট বর্তমান মূল্যের ভিত্তিতে অবন্তী লিমিটেডের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৯ ▸ জনাব মাসুম মেঘনা কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তার হাতে দুটি স্বাধীন বিনিয়োগ প্রকল্প এবং বিনিয়োগের জন্য ২,৫০,০০০ টাকা রয়েছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,২৫,০০০ টাকা। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ পে-ব্যাক সময় ৪ বছর। উভয় প্রকল্পের নিট নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | নিট নগদ আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| প্রকল্প-ক | ৫২,০০০ | ৪৮,০০০ | ৩২,০০০ | ৪০,০০০ | ২০,০০০ |
| প্রকল্প-খ | ৫৫,০০০ | ৩৫,০০০ | ২০,০০০ | ৩০,০০০ | ১২,০০০ |

জনাব মাসুম প্রকল্প মূল্যায়ন ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে পে-ব্যাক সময় ব্যবহার করেন। ক-প্রকল্পের পে-ব্যাক সময় ২.৭৮ বছর। বাট্টার হার ১২%।

ক. IRR কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রকল্প-ক এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব মাসুমের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

১০ ▸ শ্রাবন্তী লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক জনাব পরশ বাজার হতে স্টক-A ও স্টক-B সম্পর্কে নিম্নোক্ত তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক-A | স্টক-B |
| ভালো | ২০% | ২৫% | ২০% |
| স্বাভাবিক | ৫০% | ৩০% | ৪০% |
| খারাপ | ৩০% | ১৫% | ১০% |

ক. ঝুঁকি কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে স্টক-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের কোন স্টকটিতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত হবে? বিভেদাঙ্ক (CV) নির্ণয়পূর্বক তোমার মতামত দাও। ৪

১১ ▸ মিজান কেমিক্যাল কোম্পানি দুটি স্টকের যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান। অর্থনৈতিক অবস্থা ও সম্ভাবনার পরিমাণ নিচে দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক-A | স্টক-B |
| তেজি অবস্থা | ০.৪০ | ১২% | ১৬% |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১০% | −৫% |
| স্বাভাবিক অবস্থা | ০.৩০ | ১১% | ১৪% |

স্টক-A এর প্রত্যাশিত আয়ের হার ১১.১% এবং স্টক-B এর প্রত্যাশিত আয়ের হার ৯.১%। অন্যদিকে ফিনিক্স কোম্পানির বিটার মান ১.৮। বাজার আয়ের হার ১৫% এবং ট্রেজারি বিলের আয়ের হার ৬%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে পরিহার করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. ফিনিক্স কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মিজান কেমিক্যালের কোন স্টকে বিনিয়োগ করা উচিত? গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

## ৯ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব আকাশ এবং জনাব সৈকত দু'জন পাইকারি বিক্রেতা। জনাব আকাশ শুধু বইয়ের ব্যবসায় করেন। অন্যদিকে জনাব সৈকত বইয়ের পাশাপাশি মোবাইল ফোনের ব্যবসায় করেন। কেননা সৈকত মনে করেন কোনো একটি ব্যবসায় ক্ষতি হলে অন্যটি থেকে মুনাফা অর্জন করা যাবে। জনাব আকাশ অধিক মুনাফার প্রত্যাশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. অর্থায়ন কী? ১
খ. তারল্য বলতে কী বোঝায়? ২
গ. জনাব সৈকত অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আকাশের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ আহাদ এবং আবীদ দু'জন ঘনিষ্ঠ বন্ধু। তারা উভয়েই তাদের জমানো টাকা দিয়ে ব্যবসায় করার সিদ্ধান্ত নিল। আহাদ তার পুঁজি দিয়ে প্রতিমণ ১,০০০ টাকা দরে ১,০০০ মণ ধান ক্রয় করে মজুদ করল। অন্যদিকে আবীদ তার পুঁজি দিয়ে প্রতিমণ ১,৫০০ টাকা দরে ৫০০ মণ সরিষা এবং ১,০০০ টাকা দরে ৫০০ মণ ধান ক্রয় করে মজুদ করল। পরবর্তীতে ধানের দাম কমে যাওয়ায় আহাদ ব্যবসায়ে ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু সরিষার দাম বৃদ্ধি পাওয়ায় আবীদ ব্যবসায়ে মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১
খ. পোর্টফোলিও বলতে কী বোঝায়? ২
গ. আহাদ ব্যবসায়ে কেন ক্ষতিগ্রস্ত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবীদের ব্যবসায়ে সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. রাগীব একটি গাড়ি ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ উত্তরা মোটরস কোম্পানিকে আগামী চার বছর যথাক্রমে ৪০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা, ১০,০০,০০০ এবং ৩০,০০,০০০ টাকা অথবা প্রতি বছর ১০,০০,০০০ টাকা করে আগামী ১২ বছর পরিশোধ করতে হবে। মি. রাগীবের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. ভবিষ্যৎ মূল্য বলতে কী বোঝ? ২
গ. মি. রাগীবের চার বছর মেয়াদি প্রকল্পের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. মি. রাগীব কীভাবে গাড়ি ক্রয় করলে লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▸ জনাব আদনান একটি সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ছিলেন। তিনি চাকরি থেকে অবসর গ্রহণের পূর্বেই মৃত্যুবরণ করেন। তার স্ত্রী মিসেস তানিয়া স্বামীর গ্রাচ্যুইটির ২০,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। তার কাছে দু'টি বিকল্প প্রস্তাব রয়েছে। যমুনা ব্যাংক তাকে ১২% বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অন্যদিকে 'সুরমা ব্যাংক' তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ দিবে।

ক. চক্রবৃদ্ধি কী? ১
খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ২
গ. মেয়াদ শেষে মিসেস তানিয়া 'যমুনা ব্যাংক' থেকে কত টাকা পাবেন? তা নির্ণয় কর। ৩
ঘ. মিসেস তানিয়ার জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ তামিম 'সোনার বাংলা ব্যাংক' লিমিটেড থেকে ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছে। তাকে বার্ষিক ১০% সুদসহ সমান ৫টি কিস্তিতে উক্ত টাকা পরিশোধ করতে হবে।

ক. 'বিধি ৬৯' কী? ১
খ. সাধারণ অ্যানুইটির ভবিষ্যৎ মূল্য কীভাবে নির্ণয় করা হয়? ২
গ. জনাব তামিমকে প্রতি কিস্তিতে কত টাকা পরিশোধ করতে হবে? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য থেকে একটি ঋণ পরিশোধ তালিকা প্রস্তুত কর। ৪

৬ ▸ XYZ কোম্পানির ২৫,০০,০০০ টাকার দীর্ঘমেয়াদি মূলধনের প্রয়োজন হওয়ায় ১২% কুপন সুদের হারে ৫,০০০ টাকা অভিহিত মূল্যের ৫০০টি বন্ড ১০ বছরের জন্য বিক্রয়ের সিদ্ধান্ত নেয়। উল্লেখ্য, বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার ১৪%। অন্যদিকে বাজারে সুদের হার হ্রাস পাওয়ায় অনেক বেশি বিনিয়োগকারী বন্ড কেনার জন্য ব্যস্ত হয়ে পড়লেন।

ক. কুপন রেট কী? ১
খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে XYZ কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. বাজারে সুদের হার হ্রাস পেলে কোম্পানির বন্ডের বিক্রয়মূল্যের ওপর কী ধরনের প্রভাব পড়বে? তোমার মতামত দাও। ৪

৭ ▸ জনাব আব্দুর রহমান তার ব্যাংকে সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাইলেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ড দু'টির তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য (টাকা) | মেয়াদ |
|---|---|---|---|
| X | ১০% | ১১০ | ৮ বছর |
| Y | ৮% | ৭০ | — |

উল্লেখ্য, জনাব আব্দুর রহমানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTM-এর পূর্ণরূপ লেখ। ১
খ. ইল্ড টু কল (YTC) বলতে কী বোঝ? ২
গ. X বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব আব্দুর রহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ পূর্ণিমা কোম্পানি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। এই প্রকল্প বাস্তবায়নে ২,৫০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন সংগ্রহ করা হবে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং এর কোনো অবশিষ্ট মূল্য থাকবে না। কোম্পানির কর হার ৫৫%। কোম্পানির ৫ বছরের করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ব নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ৫০,০০০ |
| ২ | ৫৫,০০০ |
| ৩ | ৭০,০০০ |
| ৪ | ৭৫,০০০ |
| ৫ | ১,২৫,০০০ |

ক. নিট বর্তমান মূল্য কী? ১
খ. আন্তঃআয় হার কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্পটির পরিশোধ সময়কাল (PBP) কত? ৩
ঘ. মূলধন ব্যয় ১২% হলে প্রকল্পটির নিট বর্তমান মূল্য এবং গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৪

৯ ▸ মুন কোম্পানি লিমিটেড চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে চায়। যেখানে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ হবে ২,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহসমূহ যথাক্রমে ৬০,০০০, ৭০,০০০, ৮০,০০০ এবং ৭৬,০০০ টাকা। বাট্টার হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. "মূলধন বাজেটিং প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"— ব্যাখ্যা কর। ২
গ. কোম্পানির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে মুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব আব্দুস সালাম বিনিয়োগ করার জন্য নিচের দু'টি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-X | সিকিউরিটি-Y |
| ০.২০ | ১৫% | ১২.৫% |
| ০.৬০ | ১০% | ১৭.৫% |
| ০.২০ | ৯% | ১৬.০% |

ক. পোর্টফোলিও কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি-X এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. "সিকিউরিটি-Y অধিক ঝুঁকিপূর্ণ"— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কর্ণফুলী লিমিটেড ৩,০০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২,০০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দু'টির আয়ের হার নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X-কোম্পানি | Y-কোম্পানি |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১৩% | ১০% |
| স্বাভাবিক অবস্থা | ০.৪০ | ১২% | ১১% |
| তেজি অবস্থা | ০.৩০ | ১৬% | ১৫% |

ক. CAPM কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কর্ণফুলী লিমিটেডের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ১০ ঢাকা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ কর্ণফুলী কোম্পানি লি. একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। প্রতিষ্ঠানটির বর্জ্য ও দূষিত পানি নদীতে পড়ায় পানি, বায়ু ও মাটি দূষিত হয়ে পরিবেশের ক্ষতি করছে। পরিবেশ রক্ষার জন্য প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ১০ কোটি টাকার প্রয়োজন এবং এর আয়ুষ্কাল ২০ বছর। প্রতিষ্ঠানটি সরকারকে যথারীতি কর প্রদান করে ও নদীর তীরে বনায়ন প্রকল্প হাতে নেয়।

ক. অর্থায়ন কী? ১
খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রতিষ্ঠানটির পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কর্ণফুলী কোম্পানি লি.-এর কার্যক্রম অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

২ ▶ জনাব আরমান তার ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে ২০ লক্ষ টাকা দিয়ে একটি নতুন মেশিন ক্রয় করেন। মেশিন ক্রয়ের পরও তার হাতে নগদ অর্থ থাকে। অন্যদিকে জনাব পারভেজ বেশি লাভের আশায় মূলধনের পুরাটাই তার ব্যবসায়ে বিনিয়োগ করেন। ফলে কর্মচারীদের বেতন, বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারছেন না এবং কাঁচামাল ক্রয় করতেও ব্যর্থ হয়ে ক্ষতির সম্মুখীন হন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. মুনাফা সর্বাধিকরণ কেন ফার্মের চূড়ান্ত লক্ষ্য নয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আরমানের মেশিন ক্রয়ের সিদ্ধান্তটি অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব পারভেজ অর্থায়নের কোন নীতি অনুসরণ না করার কারণে ক্ষতির সম্মুখীন হয়েছে? যুক্তিসহ মতামত দাও। ৪

৩ ▶ জনাব নবীন এবং জনাব ফরিদ দুজনই পাইকারি ব্যবসা করেন। জনাব নবীন কাপড়ের ব্যবসা করেন। অন্যদিকে জনাব ফরিদ একই সাথে কাপড় এবং জুতার ব্যবসা করেন। জনাব ফরিদ মনে করেন একটি ব্যবসায় ক্ষতি হলে অন্য ব্যবসা দিয়ে যেন তা পুষিয়ে নেওয়া যায়। জনাব নবীন বেশি মুনাফার আশায় হাতে অল্প কিছু নগদ অর্থ রেখে সম্পূর্ণ বিনিয়োগ করেন।

ক. মুনাফা সর্বাধিকরণ কী? ১
খ. তারল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ফরিদ অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব নবীনের বিনিয়োগ সিদ্ধান্ত ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব মাসুম ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য একটি ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি বিকল্প ব্যাংক আছে। শাপলা ব্যাংক বার্ষিক ১২% হারে এবং জবা ব্যাংক ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ দিবে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব মাসুম শাপলা ব্যাংক থেকে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব মাসুম কোন ব্যাংকে টাকা রাখলে বেশি লাভবান হবেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব শাহিন একটি মোটরসাইকেল কিনলেন।
১ম শর্ত : আগামী ৫ বছর প্রতি মাসে ৩,০০০ টাকা করে কিস্তি পরিশোধ করতে হবে যার সুদের হার ১২%।
২য় শর্ত : আগামী ৫ বছর ধরে প্রতি বছরের শুরুতে ৩৭,০০০ টাকা কিস্তি পরিশোধ করতে হবে, সুদের হার ১২%।

ক. '৭২' বিধি কী? ১
খ. বর্তমান মূল্য অপেক্ষা ভবিষ্যৎ মূল্য বেশি হয় কেন? ২
গ. ১ম শর্ত অনুযায়ী প্রতি মাসের শেষে কিস্তির টাকা জমা দিলে মোটরসাইকেলের দাম কত হবে? ৩
ঘ. উদ্দীপকের আলোক জনাব শাহিনের মোটরসাইকেল ক্রয়ের কোন শর্তটি গ্রহণ করা যুক্তিযুক্ত? তোমার মতামত দাও। ৪

৬ ▶ জনাব শাকিল তার পুরাতন গাড়ি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন যা ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, পদ্মা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন এবং গড়াই ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১
খ. বাট্টাকরণ পদ্ধতি ও চক্রবৃদ্ধিকরণ পদ্ধতির মধ্যে কি কোনো সম্পর্ক আছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে পদ্ম ব্যাংকের সুদের হার কত? ৩
ঘ. জনাব শাকিলের কোন ব্যাংকে হিসাব খোলা অধিক যুক্তিসংগত হবে বলে তুমি মনে কর? সুদের হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ জনাব ফাহিম 'A' ও 'B' পরস্পর বর্জনশীল দুটি প্রকল্পের যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগের জন্য ভাবছেন। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা এবং বাট্টার হার ১১%। প্রকল্প দুটির সম্ভাব্য নগদ প্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প/বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প 'A' | ৫২,০০০ | ৫২,০০০ | ৫২,০০০ | ৫২,০০০ | ৫২,০০০ |
| প্রকল্প 'B' | ৬৮,০০০ | ৬০,০০০ | ৩৬,০০০ | ৪৮,০০০ | ৭২,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১
খ. গ্রহণ-বর্জন সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্প 'B'-এর NPV নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাক সময় বিবেচনা করে জনাব ফাহিমের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? ৪

৮ ▶ অনীক প্রিন্টিং প্রেসের মালিক জনাব অনীক একটি নতুন মেশিন স্থাপন করতে চান। কারণ মেশিনটি স্থাপন করলে প্রেসের কাজ আরও দ্রুতগতিতে হবে। নতুন মেশিনের ক্রয়মূল্য ৮০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর। করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা। প্রকল্পের মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বাজেটিংয়ের সময় কোন কোন বিষয় বিবেচনা করা হয়? ২
গ. অনীক প্রিন্টিং প্রেসের নতুন মেশিনের অবচয় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গড় মুনাফা হারের ওপর ভিত্তি করে মেশিনটি স্থাপন করা উচিত হবে কি-না? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ জনাব সমীর একজন নামকরা গার্মেন্টস ব্যবসায়ী। তার গার্মেন্টস পণ্য আন্তর্জাতিক মানের। অপরদিকে জনাব শিহাব গার্মেন্টস ব্যবসার পাশাপাশি বিভিন্ন নামকরা কোম্পানির শেয়ারে বিনিয়োগ করে থাকেন। গত বছর কোভিড-১৯ এর কারণে গার্মেন্টস সেক্টরে ব্যাপক ক্ষতি হয়। ফলে জনাব সমীর তার ব্যবসায়ের মূলধন হারিয়ে পথে বসেন। অপরদিকে জনাব শিহাব ব্যবসায়ে পূর্বের মতো লাভ না করতে পারলেও ক্ষতির সম্মুখীন হননি।

ক. ঝুঁকি কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সমীর তার ব্যবসায়ে ক্ষতির সম্মুখীন হওয়ার কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সমীরের তুলনায় জনাব শিহাবের বিনিয়োগ সিদ্ধান্তটি যুক্তিসংগত কেন? বিশ্লেষণ কর। ৪

১০ ▶ আকাশ ফুড্স লি. এবং শিশির ফুড্স লিমিটেডের বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ :

| প্রকল্প/বছর | ২০১৪ | ২০১৫ | ২০১৬ |
|---|---|---|---|
| আকাশ ফুড্স লি. | ১২% | ১১% | ১৪% |
| শিশির ফুড্স লি. | ১৫% | −০৩% | ১৮% |

ক. আদর্শ বিচ্যুতি কী? ১
খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. আকাশ ফুড্স লি.-এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনা করে কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? মূল্যায়ন কর। ৪

১১ ▶ জনাব মনির আলফা লি.-এর নতুন ব্যবস্থাপক। তিনি নিজের জন্য কোম্পানির কিছু তথ্য সংগ্রহ করলেন। তথ্যসমূহ নিম্নরূপ :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রকল্প 'ক' সম্ভাব্য আয় | ১০% | ১৫% | ১৮% | ২৫% | ২০% |
| প্রকল্প 'খ' সম্ভাব্য আয় | ৯% | ১২% | ২০% | ৩০% | ১৫% |
| সম্ভাবনা বিন্যাস | ০.২০ | ০.৩০ | ০.০৫ | ০.৪০ | ০.০৫ |

ক. প্রত্যাশিত আয় কী? ১
খ. কোন ঝুঁকি সব ফার্মকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. আলফা লি.-এর প্রকল্প 'খ'-এর প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে পরিমিত ব্যবধান ও বিভেদাঙ্কের ভিত্তিতে জনাব মনিরের কোন প্রকল্পটি অধিক ঝুঁকিপূর্ণ বিশ্লেষণ কর। ৪

## ১১ রাজশাহী বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। আরমান লি. ৩,০০,০০০ টাকা দিয়ে কারখানার জন্য একটি মেশিন ক্রয় করতে চান। মেশিনটির সংস্থাপন ব্যয় ১৫,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর ও ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। আগামী ৫ বছর মেশিন থেকে সম্ভাব্য করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বছর | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম |
|---|---|---|---|---|---|
| টাকা | ১,৫০,০০০ | ১,২৫,০০০ | ৮০,০০০ | ১,২০,০০০ | ১,২২,০০০ |

মূলধন ব্যয় ১০%, করের হার ৩০% এবং চলতি মূলধনের পরিমাণ ৬০,০০০ টাকা।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পসমূহের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. কত বছর পর আরমান লি. তার বিনিয়োগকৃত মূলধন ফেরত পাবেন তা নির্ণয় কর। ৩
ঘ. মেশিনটি ক্রয় করা আরমান লি.-এর জন্য লাভজনক হবে কি না তা বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

২। জনাব শামিম একটি নতুন প্রকল্পে ২,২০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী। প্রকল্পটির মেয়াদ ৪ বছর। প্রকল্পটি থেকে সম্ভাব্য করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ |
|---|---|
| ১ | ৬৫,০০০ |
| ২ | ৮৫,০০০ |
| ৩ | ৮০,০০০ |
| ৪ | ৯০,০০০ |

করের হার ৪০%, মূলধন ব্যয় ১০%। জনাব শামিম IRR এর ভিত্তিতে প্রকল্প মূল্যায়ন করেন।

ক. প্রকল্প কী? ১
খ. NPV কখন শূন্য হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্পের বাট্টাকৃত PBP নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্পটি গ্রহণযোগ্যতার বিষয়ে তোমার মতামত দাও। ৪

৩। মি. আরেফিন ভোগ্যপণ্যের আমদানিকারক। তিনি বিদেশ থেকে সম্প্রতি ৫০০ টন পেঁয়াজ আমদানি করে দেশীয় বাজারে বিক্রয় করে প্রচুর মুনাফা করেন। পেঁয়াজের বাজারদর ঊর্ধ্বমুখী থাকায় তিনি আরও ১০০০ টন পেঁয়াজ আমদানি করেন। কিন্তু সরকারের খোলাবাজারে পেঁয়াজ বিক্রয়ের কারণে পেঁয়াজের দাম নিম্নগামী হয় এবং এতে জনাব আরেফিন ব্যাপক ক্ষতির মুখে পড়েন। অপরদিকে জনাব আমান প্রসাধনী পণ্যের ব্যবসায়ের পাশাপাশি সম্প্রতি শেয়ারবাজারেও কিছু মূলধন বিনিয়োগ করেন। কিন্তু শেয়ারের মূল্য পতনজনিত কারণে তিনি কিছুটা চিন্তিত হলেও হতাশ নন।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. মুনাফা সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আমানের আর্থিক কার্যক্রমে অর্থায়নের কোন নীতি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থায়নের কোন নীতি অনুসরণের মাধ্যমে জনাব আরেফিন বর্তমান পরিস্থিতি কাটিয়ে উঠতে পারবেন বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। রাফি লি.-এর শেয়ারপ্রতি আয় ৮০ টাকা। লভ্যাংশ বণ্টনের হার ৯০%। কিন্তু বিগত তিন বছরের পরিসংখ্যানে দেখা যায় তাদের শেয়ারের বাজারদর ২,০০০ টাকা থেকে আর বাড়েনি। অপরদিকে, ফাহিম লি.-এর শেয়ারপ্রতি আয় ৮০ টাকা এবং তারা শেয়ারহোল্ডারদের মধ্যে ৭০% লভ্যাংশ বণ্টন করে। তথাপিও বিগত তিন বছরের পর্যালোচনায় দেখা যায় তাদের শেয়ারের বাজারদর ১০% হারে বেড়েছে। ফাহিম লি. তাদের শ্রমিকদের নিরাপদ কর্মস্থলের ব্যবস্থা ও ন্যায্য মজুরি প্রদানে সর্বদা সচেতন।

ক. প্রাইভেট অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. রাফি লি. অর্থায়নের কোন লক্ষ্য অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পদ সর্বাধিকরণের লক্ষ্য বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ উত্তম হবে বলে তুমি মনে কর? যুক্তিসহ মতামত দাও। ৪

৫। জনাব রহমান একজন অবসরপ্রাপ্ত সরকারি চাকরিজীবী। মেয়ের বিবাহ খরচ নির্বাহে তার নগদ ২,০০,০০০ টাকা প্রয়োজন। এ ব্যাপারে X ব্যাংকের সাথে যোগাযোগ করলে ব্যাংক তাকে আগামী ৮ বছর যাবৎ প্রত্যেক বছরের শুরুতে নির্দিষ্ট পরিমাণ কিস্তি পরিশোধের শর্তে ১০% বার্ষিক সুদে টাকা দিতে রাজি হয়। জনাব রহমান তার সাংসারিক খরচ নির্বাহের পর বার্ষিক সর্বোচ্চ ৩০,০০০ টাকা পর্যন্ত পরিশোধ করতে পারবেন।

ক. সময়রেখা কী? ১
খ. বিলম্বিত বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. X ব্যাংক প্রতিমাসে চক্রবৃদ্ধিকরণ করলে কার্যকরী সুদের হার কত হবে তা নির্ণয় কর। ৩
ঘ. জনাব রহমান কি X ব্যাংক থেকে ঋণ পেতে সক্ষম হবেন? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৬। জনাব আকরামের কাছে বর্তমানে বিনিয়োগযোগ্য ৪০,০০০ টাকা আছে। বিনিয়োগের জন্য ৪ বছর মেয়াদি দুটি প্রকল্প তার বিবেচনাধীন। প্রকল্পসমূহের কর ও অবচয় পূর্ববর্তী নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | প্রকল্প A (টাকা) | প্রকল্প B (টাকা) |
|---|---|---|
| ১ | ১২,০০০ | ১০,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৩ | ১৪,০০০ | ১৭,০০০ |
| ৪ | ১৮,০০০ | ১২,০০০ |

কর হার ৪০% এবং মূলধন ব্যয় ১২%। জনাব আকরাম সরলরৈখিক পদ্ধতি ব্যবহার করে অবচয় নির্ণয় করেন।

ক. PI কী? ১
খ. গড় উপার্জন হার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. A প্রকল্পের গড় উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. যদি দুটি প্রকল্প স্বাধীন হয় তবে NPV এর ভিত্তিতে জনাব আকরামের বিনিয়োগ সিদ্ধান্ত কীরূপ হবে? ব্যাখ্যা কর। ৪

৭। জনাব রফিকের একটি ল্যাপটপ ক্রয়ের জন্য ৭০,০০০ টাকা প্রয়োজন। ব্যাংকে যোগাযোগ করলে তিস্তা ব্যাংক ১০% সুদে প্রতি বছরের শুরুতে নির্দিষ্ট পরিমাণ কিস্তি প্রদানের শর্তে ৪ বছরের জন্য ঋণ প্রদানে রাজি হয়। অন্যদিকে তিতাস ব্যাংক ৪ বছর পর একত্রে ৮০,০০০ টাকা পরিশোধের শর্তে রাজি হয়।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. "সুদ ও মুনাফা একই অর্থ বহন করে না"– ব্যাখ্যা কর। ২
গ. তিস্তা ব্যাংকে কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. জনাব রফিকের জন্য কোন ব্যাংক থেকে ঋণ সংগ্রহ করা উচিত বলে তুমি মনে কর? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮। জনাব কাদের ARC Ltd. এর আর্থিক ব্যবস্থাপক হলেও পণ্যের গুণগত মান বজায় রেখে ক্রেতা সন্তুষ্টি অর্জনের মাধ্যমে কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করেন। এতে কোম্পানির শেয়ারহোল্ডারগণের আস্থা বৃদ্ধি পায়। সম্প্রতি তিনি মুনাফার একটি অংশ রাস্তার পাশে বনায়নে ব্যয় করেন। অপরদিকে জনাব আলফাজ PRM লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তিনি পণ্যের মূল্যবৃদ্ধির মাধ্যমে মুনাফা বাড়ানোর দিকে সর্বদা সচেষ্ট। সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের জন্য একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ৫০ কোটি টাকা ঋণ নেওয়ার চিন্তা করছেন।

ক. পারিবারিক অর্থায়ন কী? ১
খ. স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ARC কোং বনায়নে অর্থসংস্থান করে কোন ধরনের দায়িত্ব পালন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দুইটি কোম্পানির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদে সুফল পাবে বলে তুমি মনে কর? মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৯। জনাব মামুন ৪ বছর পর ৭৪,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয়ের চিন্তাভাবনা করছেন। এজন্য তিনি আগামী ৪ বছর ধরে প্রত্যেক বছরের শেষে যথাক্রমে ১০,০০০ টাকা, ২০,০০০ টাকা, ১৫,০০০ টাকা ও ২০,০০০ টাকা জমা রাখার সিদ্ধান্ত নিলেন। ব্যাংক চক্রবৃদ্ধি সুদের হার ১০%। অপরদিকে জনাব রাকিব ৫ বছর পর ৬০,০০০ টাকা দামের একটি ল্যাপটপ ক্রয়ের জন্য প্রতিবছর একটি নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখতে চান। বার্ষিক সুদের হার ১০%।

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. ইজারা অর্থায়নে অর্থের সময়মূল্যের প্রয়োগ হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রাকিবকে ব্যাংকে প্রতিবছর কত টাকা জমা রাখতে হবে তা নির্ণয় কর। ৩
ঘ. তুমি কি মনে কর জনাব মামুনের সিদ্ধান্ত যৌক্তিক? মতামতটি বিশ্লেষণ কর। ৪

১০। মিজান লি. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য নিম্নবর্ণিত দুটি সিকিউরিটির তথ্যসমূহ সংগ্রহ করেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | সিকিউরিটি A | সিকিউরিটি B |
| খারাপ | ১৫% | ১০% | ১৫% |
| স্বাভাবিক | ৫০% | ৩০% | ২৫% |
| ভালো | ৩৫% | ২০% | ৩০% |

ক. বিটা সহগ কী? ১
খ. সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে কোন সিকিউরিটিতে বিনিয়োগ মিজান লি.-এর জন্য অধিক যুক্তিযুক্ত তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

১১। মি. জামান চাকরি হতে অবসর গ্রহণের পর ১০,০০,০০০ টাকা পেয়েছেন। তিনি এই অর্থ দু'ধরনের শেয়ারে বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত গ্রহণ করেন। শেয়ার 'X' এ বিনিয়োগ করবেন ৬০% এবং অবশিষ্ট অর্থ শেয়ার 'Y' তে বিনিয়োগ করবেন। নিম্নে শেয়ার দুটির আয়ের হার ও পরিমিত ব্যবধান দেওয়া হলো :

| | প্রত্যাশিত আয় | পরিমিত ব্যবধান | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|
| শেয়ার 'X' | ১৪% | ১৫% | ০.৮০ |
| শেয়ার 'Y' | ১২% | ৮% | |

ক. পোর্টফোলিও ঝুঁকি কী? ১
খ. "সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকিমুক্ত"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব জামানের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. শেয়ার দুটির সহসম্বন্ধ +১ হতে –১ হলে ঝুঁকির ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ কর। ৪

## ১২ যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জি. মোবাইল লি. ও বি. মোবাইল লি. একই ধরনের পণ্য বাজারজাতকরণ করে। জি. মোবাইল লি. ব্যয় সংকোচন নীতি অনুসরণ করতে গিয়ে অন্যান্য সমজাতীয় প্রতিষ্ঠানের তুলনায় শ্রমিকদের মজুরি কম দেয়। অন্যদিকে বি. মোবাইল লি.-এর মজুরি কাঠামো অন্য সমজাতীয় প্রতিষ্ঠানের তুলনায় বেশ ভালো। তাছাড়া প্রতিষ্ঠানটি এইচএসসি পর্যায়ে প্রায় ২ কোটি টাকা শিক্ষা বৃত্তি প্রদান করে। এ কারণে পণ্যের উৎপাদন ব্যয় বেশি এবং পণ্যের বিক্রয়মূল্যও বেশি। কিন্তু প্রতিষ্ঠানটির সমাজে ইতিবাচক ভাবমূর্তির কারণে বিক্রয়ের পরিমাণও বেশি।

ক. ব্যবসায় অর্থায়ন কাকে বলে? ১
খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. "উদ্দীপকে জি. মোবাইল লি.-এর কার্যক্রমে ব্যবসায়িক মূল্যবোধের লঙ্ঘন ঘটেছে"— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বি. মোবাইল লি.-এর লাভজনকতায় সামাজিক দায়বদ্ধতার প্রভাব রয়েছে— বিশ্লেষণ কর। ৪

২। জনাব আমান ও জনাব জামান দু'জন পাইকারি ব্যবসায়ী। জনাব আমান জুতার ব্যবসায় করেন। অন্যদিকে, জনাব জামান জুতার ব্যবসায়ের পাশাপাশি ঔষধ ও মোবাইলের ব্যবসায়ও করেন। জনাব আমান সর্বোচ্চ মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ কম হাতে রেখে অধিক পরিমাণ মূলধন ব্যবসায়ে বিনিয়োগ করেন। অন্যদিকে, জনাব জামান মনে করেন, জুতার ব্যবসায়ে যদি ক্ষতি হয় তবে উক্ত ক্ষতি ওষুধ ও মোবাইলের ব্যবসায় থেকে অর্জিত মুনাফার সাথে সমন্বয় করা যাবে।

ক. তারল্য কী? ১
খ. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য কী হওয়া উচিত? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আমানের অধিক বিনিয়োগ ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব জামান অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? বিশ্লেষণ কর। ৪

৩। জনাব লোকমান সাহেব অবসর জীবনের কথা চিন্তা করে গোমতি ব্যাংকে ১১% সুদে কিছু টাকা জমা রাখতে চান। ব্যাংক তার অবসর পরবর্তী ১৬ বছর পর্যন্ত একটি নির্দিষ্ট পরিমাণ টাকা প্রদান করবে। এক্ষেত্রে গোমতি ব্যাংক দুইটি প্রস্তাব দেয়।
প্রস্তাব-i : প্রতিবছরের শুরুতে ১৪,৫০০ টাকা প্রদান করবে।
প্রস্তাব-ii : প্রতিমাসের শেষে ১,১৮০ টাকা প্রদান করবে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রস্তাব-i এ জনাব লোকমান সাহেবকে বর্তমানে কত টাকা গোমতি ব্যাংকে জমা রাখতে হবে? ৩
ঘ. নগদ পছন্দের ভিত্তিতে জনাব লোকমান সাহেবের নিকট কোন প্রস্তাবটি উপযুক্ত? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য লেখ। ৪

৪। জনাব আকরাম প্রতিমাসের শুরুতে ৯,০০০ টাকা করে হাবিব ব্যাংকে ৯% হার সুদে ১০ বছর ধরে জমা করার সিদ্ধান্ত নিয়েছেন। অপরদিকে, তিনি মেঘনা ব্যাংকে ৮% দ্বিমাসিক সুদে ৭,৫০,০০০ টাকা ১০ বছরের জন্য রাখেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. অর্থের সময়মূল্যের নির্ধারক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আকরাম ১০ বছর শেষে হাবিব ব্যাংক হতে কত টাকা পাবেন? ৩
ঘ. ১০ বছর পরে কোন ব্যাংক থেকে জনাব আকরাম বেশি অর্থ প্রাপ্ত হবেন? গাণিতিক সমাধানসহ মন্তব্য কর। ৪

৫। জনাব সালমান তার এইচএসসি পড়ুয়া ছেলেকে ৫০,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ কিনে দিতে চান। কিন্তু নগদ অর্থের ঘাটতির কারণে ভাবছেন তিনি কীভাবে ল্যাপটপ কিনবেন। তার বন্ধু শমসের পরামর্শ দিল যে, গামা ব্যাংক লি. থেকে ৯% সুদে ঋণ নিয়ে ল্যাপটপ কিনে দিন। ব্যাংক শর্ত দিল যে, উক্ত ঋণের টাকা ৫টি বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

ক. বাট্টাকরণ কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জনাব সালমান কত টাকা কিস্তি পরিশোধ করবেন? ৩
ঘ. উদ্দীপকের আলোকে একটি ঋণ পরিশোধের সূচি তৈরি কর। ৪

৬। জননী লি. একটি মাস্ক উৎপাদনকারী প্রতিষ্ঠান। তার কাছে বিনিয়োগযোগ্য দুইটি প্রকল্প আছে। নিচে প্রকল্পের করপূর্ব নগদ প্রবাহ দেওয়া হলো :

| প্রকল্প | প্রাথমিক বিনিয়োগ | বছর/নগদ আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ক | ৪৫,০০০ | ১৫,০০০ | ১৮,০০০ | ১৭,০০০ | ১৩,০০০ | ১২,৫০০ |
| খ | ৫৫,০০০ | ২১,৫০০ | ২৩,০০০ | ২০,০০০ | ১৮,০০০ | ১৬,৮০০ |

সুযোগ ব্যয় ৯% ও কর হার ৩৫%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন রেশনিং বা বরাদ্দকরণ কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প 'ক' এর নিট বর্তমান মূল্য কত? ৩
ঘ. জননী লি. কোন প্রকল্পটি গ্রহণ করবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য লেখ। ৪

৭। জনাব হিমেলের নিকট ৬০,০০০ টাকা আছে। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুইটি প্রকল্প বিবেচনা করেছেন :

| বছর | প্রকল্প-M | প্রকল-N |
|---|---|---|
| ১ | ১৮,০০০ | ২০,০০০ |
| ২ | ১৮,০০০ | ২২,৫০০ |
| ৩ | ১৮,০০০ | ২৪,০০০ |
| ৪ | ১৮,০০০ | ১৯,০০০ |
| ৫ | ১৮,০০০ | ১৭,০০০ |

প্রকল্প-M এর ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা।

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১
খ. নিট বর্তমান মূল্য পদ্ধতিতে সিদ্ধান্তের (গ্রহণ বা বর্জন) নিয়মাবলি লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প-M এর অভ্যন্তরীণ উপার্জনের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব হিমেল কোন প্রকল্পটি গ্রহণ করবেন? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

৮। জনাব হাচান একটি প্রকল্পে ৩৫,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। তিনি দুইটি প্রকল্পের তথ্য সংগ্রহ করেছেন। এ সংক্রান্ত নগদ প্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প/বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| ক | ১২,০০০ | ১১,০০০ | ১০,০০০ | ১২,০০০ | ১১,০০০ |
| খ | ১৪,০০০ | ১৩,০০০ | ১০,০০০ | ১১,০০০ | ৯,৫০০ |

জনাব হাচানের মূলধন স্বল্পতার জন্য প্রকল্প দুইটির পরস্পর বর্জনশীল সম্পর্ক বিদ্যমান। প্রত্যাশিত উপার্জনের হার ১১%। কর হার ৩৫%।

ক. নিট বর্তমান মূল্য কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ২
গ. উদ্দীপকের আলোকে কোন প্রকল্প হতে দ্রুত সময়ে মূলধন ফেরত পাওয়া যাবে? গাণিতিক সমাধানের মাধ্যমে নির্ণয় কর। ৩
ঘ. নগদ পছন্দের ভিত্তিতে জনাব হাচানের জন্য উপযুক্ত বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য লেখ। ৪

৯। মিসেস তাসলিমা রাজিয়া শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বাজার পর্যালোচনা করে স্টক-ক ও স্টক-খ এর বিভিন্ন অর্থনৈতিক অবস্থা সম্পর্কে নিচের তথ্যাবলি সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | মুনাফার হার | |
|---|---|---|---|
| | | স্টক-ক | স্টক-খ |
| মন্দা | ৪০% | ৫% | −২% |
| স্বাভাবিক | ৩০% | ১০% | ৮% |
| তেজিভাব | ৩০% | ১৩% | ২১% |

ক. পোর্টফোলিও কী? ১
খ. ঝুঁকি গ্রহণ ছাড়া কি মুনাফা অর্জন সম্ভব? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে স্টক-ক এর পরিমিত ব্যবধান ও বিভেদাঙ্ক নির্ণয় কর। ৩
ঘ. মিসেস তাসলিমা রাজিয়া কোন স্টকে বিনিয়োগ করবেন? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

১০। জনাব শিমুল আহম্মেদ আর্থিক বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি দুইটি কোম্পানির বিগত ৩ বছরের আয়ের হার সংগ্রহ করেছেন :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | কোকা কোলা ফুডস লি. | আলম ফুডস লি. |
| ২০১৮ | ১৬% | ১৩% |
| ২০১৯ | −৪% | ১১% |
| ২০২০ | ১৯% | ১৪% |

ক. ঝুঁকিমুক্ত উপার্জনের হার কী? ১
খ. "ব্যবসায় ঝুঁকি মুনাফা অর্জন ক্ষমতা হ্রাস করে"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে কোকা কোলা ফুডস লি.-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে কোন কোম্পানিটি বেশি ঝুঁকিপূর্ণ? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য লেখ। ৪

১১। জনাব জানে আলম প্রকল্পে বিনিয়োগ করতে ইচ্ছুক। তিনি দুইটি প্রকল্প থেকে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিবেন। প্রকল্প দুইটির তথ্য নিম্নরূপ :

| নগদ আন্তঃপ্রবাহ | | সম্ভাবনা | |
|---|---|---|---|
| প্রকল্প-ক | প্রকল্প-খ | প্রকল্প-ক | প্রকল্প-খ |
| ৩৫,০০০ | ৪০,০০০ | ০.৪০ | ০.৫০ |
| ২০,০০০ | ১৫,০০০ | ০.৩০ | ০.১৫ |
| ১৫,০০০ | ১৫,০০০ | ০.২০ | ০.২০ |
| ২০,০০০ | ২০,০০০ | ০.১০ | ০.১৫ |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. "সরকারি বন্ডে বিনিয়োগের ঝুঁকি নাই"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্প দুইটির প্রত্যাশিত নগদ প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. জনাব জানে আলমের নিকট কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক হবে? গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৪

## ১৩ কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ সুরমা লিমিটেড বিনিয়োগকারীদের কথা বিবেচনা করে ১৫% লভ্যাংশ দেওয়ার সিদ্ধান্ত নেয়। এতে সুরমা লিমিটেডের সুনাম বাড়ার কারণে শেয়ারের মূল্য বেড়ে যায়। কোম্পানির পরিচালনা পর্ষদ স্বাভাবিকভাবেই ভবিষ্যতে উপকৃত হবেন।

ক. অর্থায়ন কী? ১

খ. লভ্যাংশ নীতি ব্যাখ্যা কর। ২

গ. সুরমা লিমিটেড অর্থায়নের কোন লক্ষ্য অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সুরমা লিমিটেড বিনিয়োগকারীদের কথা বিবেচনা করার কারণ কী? বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব করিম প্রতিমাসে ২,০০০ টাকা জমার ভিত্তিতে ৫ বছর মেয়াদি একটি ব্যাংকে বিশেষ সঞ্চয়ী হিসাব খোলেন। ব্যাংক ১০% সুদ দিবে।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. অর্থের সময়মূল্য বলতে কী বোঝায়? ২

গ. জনাব করিম ৫ বছর পর ব্যাংক থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. যদি সুদের হার ২% বৃদ্ধি পায় তাহলে মেয়াদ শেষে জনাব করিম কত টাকা পাবেন? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব সুমনের হাতে দুটি প্রকল্পের প্রস্তাব রয়েছে। উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২৫,০০০ টাকা। প্রকল্প থেকে তিনি ৫ বছরে নিম্নলিখিত কর-পরবর্তী নগদ প্রবাহ আশা করেছেন :

| বছর | প্রকল্প X নগদ আন্তঃপ্রবাহ (টাকা) | প্রকল্প Y নগদ আন্তঃপ্রবাহ (টাকা) |
|---|---|---|
| ১ | ৭,০০০ | ৬,০০০ |
| ২ | ৯,০০০ | ১৩,০০০ |
| ৩ | ৬,০০০ | ৫,০০০ |
| ৪ | ৮,০০০ | ১২,০০০ |
| ৫ | ১১,০০০ | ৩,০০০ |

বাট্টার হার ১০%।

ক. পরিশোধকাল কী? ১

খ. নিট বর্তমান মূল্য বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প X এর পে-ব্যাক পিরিয়ড নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

৪ ▸ পদ্মা কোম্পানি এবং শাপলা কোম্পানি উভয়ই উৎপাদনকারী প্রতিষ্ঠান। পদ্মা কোম্পানি জামানতের ভিত্তিতে ঋণ গ্রহণ করে থাকে এবং অর্থের প্রাপ্যতা অনুসারে ব্যয় নির্ধারণ করে থাকে। অন্যদিকে, শাপলা কোম্পানিটি জামানত ছাড়াই অর্থসংস্থান করে থাকে এবং ব্যয় নির্ধারণ করে অর্থসংস্থান করে থাকে।

ক. পোর্টফোলিও নীতি কী? ১

খ. মুনাফা সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে পদ্মা কোম্পানি কোন ধরনের অর্থসংস্থান করে থাকে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে পদ্মা কোম্পানি ও শাপলা কোম্পানির মধ্যে কোন কোম্পানি জনগণের কল্যাণসাধনের জন্য অধিক ভূমিকা রাখে? ৪

৫ ▸ এশিয়া স্টক A ও স্টক B সম্পর্কে নিচের তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা (%) | আয়ের হার স্টক A | আয়ের হার স্টক B |
|---|---|---|---|
| মন্দাভাব | ১০% | ১০% | ২৫% |
| স্বাভাবিক অবস্থা | ৪০% | ৩০% | ৩০% |
| চাঙ্গাভাব | ৫০% | ৪০% | ৩৫% |

ক. CAPM কী? ১

খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝায়? ২

গ. স্টক A এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে কোন স্টকটি বেশি ঝুঁকিপূর্ণ? মন্তব্য কর। ৪

৬ ▸ জনাব রহিম ব্যাংক থেকে বার্ষিক ১০% হার সুদে ১০,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। আগামী ৫ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১

খ. ঋণ পরিশোধ সূচি বলতে কী বোঝায়? ২

গ. জনাব রহিমের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. প্রতিবছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণে কী প্রভাব পড়বে? তোমার মতামত দাও। ৪

৭ ▸ মি. রানা ঢাকা লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তিনি দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য ১০% মূলধন ব্যয় অনুমানসাপেক্ষে দুটি প্রকল্প মূল্যায়ন করেছেন। নিচে প্রকল্প দুটির তথ্যসমূহ উপস্থাপন করা হলো :

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ০ | (১,২০,০০০) | (১,২০,০০০) |
| ১ | ৪০,০০০ | ১০,০০০ |
| ২ | ৪০,০০০ | ২০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ৩০,০০০ |
| ৪ | ৪০,০০০ | ৪০,০০০ |
| ৫ | ৪০,০০০ | ৫০,০০০ |

প্রকল্প 'ক'-এর বিনিয়োগ পরিশোধকাল (PBP) এবং নিট বর্তমান মূল্য (NPV) যথাক্রমে : ৩ বছর এবং ৩১,৬৪০/- টাকা।

ক. আই, আর, আর (IRR)-এর পূর্ণরূপ কী? ১

খ. গড় উপার্জন হার (ARR) বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প ক-এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. ঢাকা লি.-এর আর্থিক ব্যবস্থাপক প্রকল্প-ক এ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। NPV-এর বিবেচনায় প্রকল্পটি নির্বাচনের যৌক্তিকতা দেখাও। ৪

৮ ▸ সাকিন উত্তরা ব্যাংকে বছরের শুরুতে ৮% সুদে এবং সিয়ান জনতা ব্যাংকে বছরের শেষে ১০% সুদে ৫,০০০ টাকা করে ১০ বছর জমা করেন।

ক. বিধি '৬৯' কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাকিন মেয়াদ শেষে কত টাকা পাবেন? ৩

ঘ. উদ্দীপকের আলোকে মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন? বিশ্লেষণ করে দেখাও। ৪

৯ ▸ মি. জাকির আর্থিক বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। নিচের উল্লিখিত দুইটি সিকিউরিটির যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান :

| বছর | আয়ের হার সিকিউরিটি-A | আয়ের হার সিকিউরিটি-B |
|---|---|---|
| ২০১৬ | ২০% | ১৫% |
| ২০১৭ | ১৮% | ১২% |
| ২০১৮ | ১৪% | ২০% |

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের মি. জাকিরকে কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

১০ ▸ সামিয়া কোম্পানি ৭,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের বিষয় বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছর নিম্নলিখিত হারে করপূর্ববর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে :

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ১,২০,০০০ |
| ২ | ২,২০,০০০ |
| ৩ | ৩,৪০,০০০ |
| ৪ | ২,৮০,০০০ |
| ৫ | ২,৩০,০০০ |

ক. প্রকল্প কী? ১

খ. মূলধন বাজেটিংয়ের দুইটি উদ্দেশ্য লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় উপার্জন হার কত? ৩

ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ মি. নয়নের নিকট বিনিয়োগযোগ্য ৪০,০০০ টাকা আছে। তিনি এই অর্থ নিম্নরূপে বিনিয়োগের সিদ্ধান্ত নিবেন :

| কোম্পানি | ক | খ | গ | ঘ |
|---|---|---|---|---|
| বিনিয়োগ (টাকা) | ৪,০০০ | ৮,০০০ | ১২,০০০ | ১৬,০০০ |
| প্রত্যাশিত আয়ের হার | ৮% | ১২% | ১৫% | ১৮% |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

## ১৪ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ আজিজ লি. একটি স্বনামধন্য প্লাস্টিক সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্মীদের সকল সুযোগ-সুবিধা প্রদানে সচেষ্ট থাকে। এই প্রতিষ্ঠানটি কর্মীদের চিকিৎসা সেবা প্রদান, তাদের সন্তানদের শিক্ষা ও নিয়মিত খেলাধুলা করার জন্যে বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ করে থাকে। এছাড়াও প্রতিষ্ঠানটি মুনাফার একটি অংশ সাধারণ সঞ্চিতি তহবিলে জমা রাখে। পক্ষান্তরে, সাজ্জাদ কোং লি. বিখ্যাত তৈরি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্মীদের সুযোগ-সুবিধার প্রতি তেমন মনোযোগ না দিলেও শেয়ারমালিকদের নিয়মিত ও সন্তোষজনক লভ্যাংশ প্রদান করে। ফলে বাজারে শেয়ারের চাহিদা ও মূল্য বৃদ্ধি পাচ্ছে। উভয় কোম্পানি ব্যবসায় সম্প্রসারণের চেষ্টা চালিয়ে যাচ্ছে যার ফলে নতুন করে মূলধনের চাহিদা সৃষ্টি হচ্ছে।

ক. তহবিল বণ্টন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন করে? উদ্দীপকের আলোকে যুক্তি দেখাও। ৩
ঘ. উদ্দীপকে সাজ্জাদ কোং লি.-এর ব্যবসায় সম্প্রসারণের জন্য কীভাবে মূলধন সংগ্রহ করা উচিত বলে তুমি মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

২▸ জনাব আহসান তার নিকট সঞ্চিত অর্থ বিনিয়োগ করে নতুন প্রকল্প শুরু করতে আগ্রহী। এই বিষয়ে তিনি তার প্রতিষ্ঠিত ব্যবসায়ী বন্ধু মি. সজলের পরামর্শ চাইলে বন্ধু তাকে একাধিক প্রকল্পে বিনিয়োগের পরামর্শ দেন। কিন্তু তিনি অধিক লাভের আশায় তার সম্পূর্ণ মূলধন একটি প্রকল্পে বিনিয়োগ করেন এবং লোকসানের সম্মুখীন হন।

ক. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা কী? ১
খ. "বিনিয়োগে লক্ষ্য অর্জনে অর্থায়নের নীতিসমূহ মানা প্রয়োজন।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আহসানকে তার বন্ধু অর্থায়নের যে নীতি অনুসরণের পরামর্শ দিয়েছিলেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. মূলধন বিনিয়োগের ক্ষেত্রে জনাব আহসানের গৃহীত নীতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ জনাব কামাল পূবালী ব্যাংকে একটি সঞ্চয়ী স্কীমে ১০% সুদে আগামী ১০ বছর পর্যন্ত প্রত্যেক বছর শেষে ১০,০০০ টাকা করে জমা রাখার সিদ্ধান্ত নেন। অন্যদিকে, তার বন্ধু হোসেন সোনালী ব্যাংকে ৮% ত্রৈমাসিক সুদে ১০ বছরের জন্য ১,৩০,০০০ টাকা এককালীন জমা করেন।

ক. বিধি ৭২ কী? ১
খ. "চক্রবৃদ্ধির সংখ্যা অর্থের ভবিষ্যৎ মূল্যকে প্রভাবিত করে।"– ব্যাখ্যা কর। ২
গ. সোনালী ব্যাংকের কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. ১০ বছর পর কে বেশি অর্থ পাবেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▸ ছোটন তার বাবার নিকট একটি মোটরসাইকেল চাইল। তার বাবা তাকে ৩ বছর পর মোটরসাইকেল কিনে দেওয়ার অঙ্গীকার করেন এবং এই লক্ষ্যে ১০% সুদে একটি ব্যাংকে প্রতিমাসের শুরুতে টাকা জমা করতে চান। ৩ বছর পর মোটরসাইকেল কিনতে ১,৫০,০০০ টাকার প্রয়োজন হবে। ছোটন মাত্র একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছে। তার কলেজে যাতায়াত বাবত আগামী ২ বছর পর্যন্ত প্রতি মাসে ৮০০ টাকা খরচ হবে। তার বাবা মিতব্যয়িতার কথা চিন্তা করে তাকে ১৬,০০০ টাকা দিয়ে একটি বাই-সাইকেল কিনে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. "প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের ক্ষেত্রে অর্থের সময়মূল্য বিবেচনা করা অপরিহার্য"– ব্যাখ্যা কর। ২
গ. মোটরসাইকেল কেনার জন্য ছোটনের বাবাকে প্রতি মাসের শুরুতে কত টাকা করে ব্যাংকে জমা করতে হবে? ৩
ঘ. প্রত্যাশিত আয়ের হার ১২% ধরে ছোটনের বাবার মিতব্যয়িতার সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৫▸ শাখাওয়াত সাহেব ৫ বছর পর একটি বাড়ি নির্মাণ করতে চান। এ জন্য ৫ বছর পর তার ২০,০০,০০০ টাকা প্রয়োজন। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করলেন। সাউথ ইস্ট ব্যাংকের ব্যবস্থাপক তাকে তিনটি বিকল্প প্রস্তাব দিয়েছেন। প্রথম প্রস্তাব অনুযায়ী তিনি প্রতি মাসের শুরুতে ১২% সুদে ২৫,০০০ টাকা করে জমা করবেন। দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী প্রতি মাসের শেষে ১১% সুদে ২৬,০০০ টাকা করে জমা করবেন। তৃতীয় প্রস্তাব অনুযায়ী এককালীন ১০,০০,০০০ টাকা জমা রাখলে ৫ বছর পর ২০,০০,০০০ টাকা পাবেন।

ক. বাট্টাকরণ কী? ১
খ. সাধারণ বৃত্তির তুলনায় অগ্রিম বৃত্তির ক্ষেত্রে অর্থের ভবিষ্যৎ মূল্য বেশি হয়– ব্যাখ্যা কর। ২
গ. তৃতীয় বিকল্প অনুযায়ী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. শাখাওয়াত সাহেব কোন বিকল্পটি গ্রহণ করে বাড়ি নির্মাণে অধিকতর লাভবান হবেন? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব কিবরিয়া দুটি বিনিয়োগ প্রকল্পের যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। প্রকল্প দুটির করপরবর্তী নিট মুনাফা ও বিনিয়োগ নিম্নরূপ :

| প্রকল্পের নাম | বিনিয়োগ | করপরবর্তী নিট মুনাফা | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| X | (২৫,০০০) | ৩,৩০০ | ৩,৩০০ | ৩,৩০০ | ৩,৩০০ | ৩,৩০০ |
| Y | (৩০,০০০) | ৫,০০০ | ৪,৫০০ | ৫,৫০০ | ৪,০০০ | ৩,৬০০ |

জনাব কিবরিয়ার প্রত্যাশিত আয়ের হার ১৫% এবং কর হার ৩০%। উভয় প্রকল্পে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. লাভজনক প্রকল্প নির্বাচনে মূলধন রেশনিং এর ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. 'Y' প্রকল্পের গড় উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্য বিবেচনায় জনাব কিবরিয়ার কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭▸ জনাব তাসনিমের নিকট বিনিয়োগের জন্য ৫০,০০০ টাকা আছে। এই টাকা তিনি একটি লাভজনক প্রকল্পে বিনিয়োগ করতে আগ্রহী। তার নিকট দুটি বিকল্প প্রকল্পের প্রস্তাব রয়েছে। প্রকল্প দুটির তথ্য নিম্নরূপ :

| প্রকল্পের নাম | প্রাথমিক বিনিয়োগ | নগদ আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| ক | (৪৫,০০০) | ১২,০০০ | ১৫,০০০ | ২০,০০০ | ১০,০০০ | ১৩,০০০ |
| খ | (৪০,০০০) | ১৪,০০০ | ১২,০০০ | ১০,০০০ | ১৫,০০০ | ১৬,০০০ |

প্রত্যাশিত আয়ের হার ১০% এবং কর হার ৪০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. "যথাযথ মূলধন বাজেটিং পদ্ধতি প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২
গ. 'ক' প্রকল্পের অভ্যন্তরীণ উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. পুঁজি ফেরতকাল বিবেচনায় জনাব তাসনিমের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত হবে? তোমার মতামত দাও। ৪

৮▸ হীরা কোম্পানির করপরবর্তী নগদ আন্তঃপ্রবাহ ও বিনিয়োগ নিম্নরূপ :

| বিনিয়োগ | করপরবর্তী আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| ১,২০,০০০ | ৩০,০০০ | ৪০,০০০ | ৩৫,০০০ | ৫৫,০০০ | ২৫,০০০ |

কর হার ৩০% এবং বাট্টা হার ১০%। প্রতিষ্ঠানটি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় হিসাব করে।

ক. গড় উপার্জন হার কী? ১
খ. "বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি গতানুগতিক পদ্ধতি অপেক্ষা শ্রেয়।"– ব্যাখ্যা কর। ২
গ. হীরা কোম্পানির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ উপার্জন হারের ভিত্তিতে হীরা কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৯▸ জনাব আনিছ যমুনা কোম্পানির স্টকে বিনিয়োগ করেছেন। উক্ত কোম্পানির স্টকের বিটা (β) ০.৭০ ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১০%। যমুনা কোম্পানির স্টকের প্রত্যাশিত আয়ের হার সন্তোষজনক না হওয়ায় জনাব আনিছ নিম্নোক্ত দুটি সিকিউরিটির যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। সিকিউরিটি দুটির তথ্য নিম্নরূপ :

| সম্ভাবনা | উপার্জন হার | |
|---|---|---|
| | সিকিউরিটি X | সিকিউরিটি Y |
| .২০ | ২৫% | ৩০% |
| .৫০ | ২৮% | ২৫% |
| .৩০ | ২৬% | ২৭% |

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১
খ. "কোম্পানি ঝুঁকি পরিহারযোগ্য"– ব্যাখ্যা কর। ২
গ. যমুনা কোম্পানির সিকিউরিটিসমূহের প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব আনিছের দুটি সিকিউরিটির কোনটিতে বিনিয়োগ করা অধিক নিরাপদ? বিশ্লেষণ কর। ৪

১০▸ মি. M মুনাফা ও ঝুঁকি বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করতে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিচের দুটি শেয়ারের তথ্যাদি বিবেচনা করেছেন :

| | শেয়ার A | শেয়ার B |
|---|---|---|
| গড় আয় | ১১% | ১২% |
| পরিমিত ব্যবধান | ৯.৫০% | ১১% |

মি. M শেয়ার A তে ৪৫% এবং শেয়ার B তে ৫৫% বিনিয়োগ করবেন।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. "বিনিয়োগের বৈচিত্র্যায়নের মাধ্যমে ঝুঁকি হ্রাস করা সম্ভব।"– ব্যাখ্যা কর। ২
গ. মি. M এর পোর্টফোলিও আয় বের কর। ৩
ঘ. শেয়ার দুটির ঝুঁকির সাথে মি. M এর পোর্টফোলিও ঝুঁকির তুলনামূলক বিশ্লেষণ দেখাও। ৪

১১▸ বিগত তিন বছর ধরে শীতলক্ষ্যা ও কর্ণফুলী কোম্পানির আয়ের হার নিম্নরূপ :
শীতলক্ষ্যা : ১২%, ১০%, ১৪%।
কর্ণফুলী : ২০%, ৮%, ১১%।
অধিক ঝুঁকি নিতে আগ্রহী নয় বলে জনাব রিয়াজ উভয় কোম্পানিতে সমান বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. সম্ভাবনা কী? ১
খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২
গ. শীতলক্ষ্যা কোম্পানির আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. বিভেদাঙ্কের ভিত্তিতে জনাব রিয়াজের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

# ১৫ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট — **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. রাসেল 'যমুনা লিমিটেডের' একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি দুটি প্রকল্পের একটিতে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্প দুটির প্রত্যেকটির প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,০০,০০০ টাকা। নিম্নে প্রকল্প দুটির পরবর্তী ৫ বছরের নগদ প্রবাহ দেওয়া হলো :

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৬০,০০০ | ২,৫০০ |
| ২ | ২০,০০০ | ১৫,০০০ |
| ৩ | ২৭,০০০ | ১৩,০০০ |
| ৪ | ১৭,৫০০ | ১২,৫০০ |
| ৫ | ১৫,০০০ | ৬৫,০০০ |

বাট্টার হার ১০%।

ক. অর্থায়ন কী? ১
খ. একজন বিনিয়োগকারী কেন পোর্টফোলিও নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক' এর বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. ফার্মের মূল লক্ষ্য অর্জনের জন্য মি. রাসেলের কোন প্রকল্পটি পছন্দ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

২ ▸ জিহাদ ও জিসান দুই বন্ধু। তারা দুজনেই মুরগির খামারি এবং সমপরিমাণ মূলধন নিয়ে তারা ব্যবসায় আরম্ভ করেন। জিহাদের খামারটি ব্রয়লার মুরগির। তিনি একটি নির্দিষ্ট সময় পর সেগুলো বাজারজাত করেন। বিক্রয়করণের ২০/২৫ দিন পূর্ব থেকেই প্রায় অর্থ সংকটে পড়েন। অপরদিকে জিসান তার খামারে ব্রয়লার মুরগির পাশাপাশি লেয়ার মুরগি ও মুরগির খাবার তৈরি করে বিক্রয় করেন। এতকিছু করার পর জিসানকে কখনো অর্থ সংকটে পড়তে হয়নি।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২
গ. জিহাদের খামারে অর্থ সংকটের কারণ কী? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. জিসান কেন অর্থ সংকটে পড়েনি? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব আনিছুর রহমান একটি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ ছিলেন। সদ্য তিনি অবসরে যান। অবসরে যাওয়ার কারণে তিনি কল্যাণ তহবিল ও অবসরকালীন ভাতাস্বরূপ সর্বমোট ৫০,০০,০০০ টাকা পেয়েছেন। জনাব আনিছুর রহমান ঐ টাকা ৫ বছরের জন্য 'সোনার বাংলা' ব্যাংকে জমা রাখলে ১০% হারে সুদ পাবেন, যা মাসিক গণনা করা হবে। ঐ একই সময়ের জন্য 'করতোয়া ব্যাংকে' জমা রাখলে ১২% হারে সুদ পাবেন, যা ত্রৈমাসিক গণনা করা হবে। সুদ নির্ণয়ের ক্ষেত্রে সময়ের তারতম্যের কারণে জনাব আনিছুর কোথায় টাকা জমা রাখলে বেশি লাভবান হবেন তা নিয়ে চিন্তিত।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. নামিক সুদ ও কার্যকরী সুদ এক নয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'সোনার বাংলা' ব্যাংকে জনাব আনিছুর রহমান বিনিয়োগ করলে বিনিয়োগকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য কত হবে? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের দুটি ব্যাংকের মধ্যে জনাব আনিছুর রহমানের কোনটিতে বিনিয়োগ লাভজনক হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব শফিক সাহেব একজন ব্যবসায়ী। ব্যবসায়ের কারণে তিনি বার্ষিক ১০% হার সুদে 'তিস্তা ব্যাংক' থেকে ১০,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। যা পরবর্তী ৫ বছরে প্রত্যেক বছরের শেষে কিস্তি আকারে পরিশোধ করতে হবে।

ক. অগ্রিম বৃত্তি কী? ১
খ. ঋণ সূচি বলতে কী বোঝ? ২
গ. ঋণের কিস্তির পরিমাণ কত? নির্ণয় কর। ৩
ঘ. প্রত্যেক বছরের শুরুতে কিস্তি প্রদান করলে কিস্তির পরিমাণে কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব শাওন পৈত্রিক সূত্রে জমি বিক্রয়ের অংশ হিসেবে ১০,০০,০০০ টাকা পেয়েছেন। তিনি একজন ঝুঁকিবিমুখ লোক। তাই এই টাকা তিনি যেকোনো একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখতে চান। তার নিকট দুটি বিকল্প আছে। একতা ব্যাংকে জমা রাখলে ১২% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে এবং সমতা ব্যাংকে জমা রাখলে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১
খ. অর্থের সময়মূল্য বলতে কী বোঝ? ২
গ. জনাব শাওন একতা ব্যাংকে বিনিয়োগ করলে মেয়াদ শেষে কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোন ব্যাংকে টাকা জমা রাখলে জনাব শাওন বেশি লাভবান হবেন? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ 'নিলিমা কোম্পানি' একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। এই প্রকল্প বাস্তবায়নের জন্য ২,৫০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন সংগ্রহ করা হবে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং এর কোনো অবশিষ্ট মূল্য থাকবে না। কোম্পানির কর হার ৫৫% এবং কোনো বিনিয়োগ ভাতা পায় না। কোম্পানির ৫ বছরের করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ব নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ৫০,০০০ |
| ২ | ৫৫,০০০ |
| ৩ | ৭০,০০০ |
| ৪ | ৭৫,০০০ |
| ৫ | ১,২৫,০০০ |

ক. নিট বর্তমান মূল্য কী? ১
খ. পরিশোধ সময়কাল বলতে কী বোঝ? ২
গ. প্রকল্পটির পরিশোধ সময়কাল কত? ৩
ঘ. মূলধন ব্যয় ১২% হলে প্রকল্পটির নিট বর্তমান মূল্য এবং গড় উপার্জন হার নির্ণয় কর। ৪

৭ ▸ 'স্টার কোম্পানি লিমিটেড' চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। সেখানে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ হবে ২,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহসমূহ যথাক্রমে ৬০,০০০, ৭০,০০০, ৮০,০০০ এবং ৭৬,০০০ টাকা। বাট্টার হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. "মূলধন বাজেটিং প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২
গ. কোম্পানির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ আয়ের হার (IRR) ভিত্তিতে স্টার কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৮ ▸ 'সুরমা কোম্পানি লিমিটেড' এর কাছে পরস্পর বর্জনশীল প্রকল্প 'X' ও 'Y' তে বিনিয়োগের সুযোগ রয়েছে। 'X'-প্রকল্পে বিনিয়োগের পরিমাণ ৯০,০০০ টাকা এবং 'Y'-প্রকল্পে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,২০,০০০ টাকা। প্রকল্প দুটির মেয়াদ ৪ বছর। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | প্রকল্প-'X' | প্রকল্প-'Y' |
|---|---|---|
| ১ | ৬,০০০ | ৭৫,০০০ |
| ২ | ৪৫,০০০ | ৫৪,০০০ |
| ৩ | ২১,০০০ | ২৭,০০০ |
| ৪ | ১৫,০০০ | ১৮,০০০ |

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝ? ২
গ. মূলধন ব্যয় ১৫% হলে প্রকল্প দুটির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটি যদি স্বাধীন হয় এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ মি. শাহীনের নিকট চাকরিকালীন জীবনের সঞ্চিত ৩০,০০,০০০ টাকা আছে। তিনি এর ২০,০০,০০০ টাকা মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি দুটি সিকিউরিটি 'X' এবং 'Y'-এর অতীত ব্যয় পর্যালোচনা করেন। সিকিউরিটি দুটির ৪ বছরের আয়ের বিবরণ নিচে দেওয়া হলো :

| বছর | আয়ের হার (সিকিউরিটি-X) | আয়ের হার (সিকিউরিটি-Y) |
|---|---|---|
| ২০১৭ | ৮% | ১৩% |
| ২০১৮ | ৬% | –৫% |
| ২০১৯ | ১৩% | ২২% |
| ২০২০ | ১৮% | ১৫% |

ক. ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি প্রিমিয়াম বলতে কী বোঝ? ২
গ. সিকিউরিটি দুটির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. মি. শাহীনের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উত্তম এবং কেন? ঝুঁকি বা বিভেদাঙ্ক (Coefficient of variation) বিবেচনা করে তোমার মতামত প্রকাশ কর। ৪

১০ ▸ জনাব রাইয়ান বিনিয়োগ করার জন্য নিচের দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন:

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.২০ | ১৫% | ১২.৫% |
| ০.১০ | ১০% | ১৭.৫% |
| ০.২০ | ৯% | ১৬.০% |

ক. পোর্টফোলিও কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. জনাব রাইয়ানের জন্য কোন সিকিউরিটিতে বিনিয়োগ বেশি ঝুঁকিপূর্ণ, তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'সোনালী লিমিটেড' ৩,০০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২,০০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দুটির আয়ের হার নিচে দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X-কোম্পানি | Y-কোম্পানি |
| মন্দা অবস্থা | .৩০ | ১৩% | ১০% |
| স্বাভাবিক অবস্থা | .৪০ | ১২% | ১১% |
| তেজি অবস্থা | .৩০ | ১৬% | ১৫% |

ক. CAPM এর পূর্ণরূপ লেখ। ১
খ. পোর্টফোলিওতে বিনিয়োগ কেন অধিক দক্ষতার পরিচয় বহন করে? ২
গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. 'সোনালী লি.'-এর প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ১৬ ✔ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ পদ্মা ইলেক্ট্রনিক লি. বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক পণ্য উৎপাদন ও বিক্রয় করে। সম্প্রতি কোম্পানিটি ময়মনসিংহের ত্রিশালে একটি বৃহৎ কারখানা স্থাপন করার সিদ্ধান্ত নেয়। কোম্পানির ব্যবস্থাপক প্রত্যাশা করছেন যে, নতুন কারখানায় উৎপাদিত পণ্য দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানি করা যাবে। অন্যদিকে, বর্তমান করোনা পরিস্থিতি মোকাবিলার জন্য কোম্পানিটি দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে তাদের উৎপাদিত বেশ কিছুসংখ্যক অক্সিজেন ভেন্টিলেশন যন্ত্র দান করেছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. তারল্য ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পদ্মা ইলেক্ট্রনিক্স লি.-এর সিদ্ধান্তটি অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পদ্মা ইলেক্ট্রনিক্স লি. সামাজিক দায়বদ্ধতার দৃষ্টিকোণ হতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২▶ অগ্রণী গ্রুপ লি. স্বাস্থ্য, ফার্মাসিউটিক্যাল, হাউজিং, সিমেন্ট, ইলেক্ট্রনিক্স ও প্রিন্ট মিডিয়া ইত্যাদি খাতে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করেছে। ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে কোম্পানিটি শিল্প মন্ত্রণালয় থেকে যানবাহন উৎপাদন ও বিপণনকারী প্রতিষ্ঠান হিসেবে ট্রেডমার্ক সনদ সংগ্রহ করেছে। ফলে কোম্পানিটি নিজস্ব ব্র্যান্ডে বাইসাইকেল, মোটরসাইকেল, বাস, ট্রাক, ভ্যানসহ আকাশ ও নৌযান উৎপাদন ও বিপণন করতে পারবে। এই সংবাদটি গণমাধ্যমে প্রচার হওয়ার পর থেকে শেয়ারবাজারে কোম্পানির শেয়ারের মূল্য ক্রমাগত বাড়ছে।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. "মুনাফা সর্বোচ্চকরণ অর্থের সময়মূল্য বিবেচনা করে না"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে অগ্রণী গ্রুপ লি. ব্যবসায় সম্প্রসারণের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অগ্রণী গ্রুপ লি. কি ব্যবসায় অর্থায়নের চূড়ান্ত লক্ষ্য অর্জন করতে পেরেছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩▶ জনাব তানভীর একটি দুই তলা ভবন নির্মাণ করতে চান। বর্তমানে ভবনটি নির্মাণ করতে ৪০ লক্ষ টাকার প্রয়োজন কিন্তু তার নিকট ৩০ লক্ষ টাকা রয়েছে। টাকার ঘাটতির বিষয়টি ভেবে তিনি বার্ষিক ৯% সুদের হারে সুরমা ব্যাংকে উক্ত ৩০ লক্ষ টাকা জমা রাখলেন। তার উদ্দেশ্য হলো ৫ বছর পর ভবন নির্মাণের কাজ শুরু করবেন। তিনি ধারণা করছেন ভবন নির্মাণ সামগ্রীর বার্ষিক মূল্য বৃদ্ধির হার ২%।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা পরিবর্তনের ফলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পাঁচ বছর পর ভবনটি নির্মাণ করতে জনাব তানভীরের প্রকৃতপক্ষে মোট কত টাকা ব্যয় হবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব তানভীর ব্যাংকে টাকা জমা রাখার যে সিদ্ধান্তটি নিয়েছেন সেটি কি তার উদ্দেশ্য পূরণ করতে পারবে? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৪▶ আসিফ ও তামিম দুই বন্ধু। আসিফ সোনালী ব্যাংকে ৬% ত্রৈমাসিক সুদে ৮ লক্ষ টাকা ১০ বছরের জন্য স্থায়ী আমানত হিসাবে জমা রাখে। অন্যদিকে, তামিম প্রতি মাসের শুরুতে ৮,০০০ টাকা করে রূপালী ব্যাংকে ৮% সুদে ১০ বছরের জন্য সঞ্চয় করে। তাদের এক ব্যাংকার বন্ধু মন্তব্য করেন যে "১০ বছর পর আসিফের তুলনায় তামিমের অর্থ প্রাপ্তি বেশি হবে।"

ক. সময় রেখা কী? ১

খ. সময়ের পরিবর্তন বর্তমান মূল্যকে কীভাবে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব তামিম দশ বছর পর রূপালী ব্যাংক হতে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে তাদের ব্যাংকার বন্ধু যে মন্তব্য করেছেন সেটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫▶ জনাব ফয়সাল ব্যক্তিগত গাড়ি ক্রয়ের উদ্দেশ্যে জনতা লিজিং কোম্পানি লি. হতে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। ঋণের সুদের হার ১০%। তিনি আগামী ৪ বছরব্যাপী প্রতিবছর শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসেবে পরিশোধ করবেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. ভবিষ্যৎ মূল্যের তুলনায় বর্তমান মূল্যকে কেন বেশি অগ্রাধিকার দেওয়া হয়? ২

গ. জনাব ফয়সালের ঋণের কিস্তি নির্ণয় কর। ৩

ঘ. "ঋণ পরিশোধিত সূচিতে জনাব ফয়সালের পরিশোধিত আসলের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাবে।"– উক্তিটির যৌক্তিকতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬▶ বেঙ্গল পাওয়ার লি.-এর নিকট ১০ লক্ষ টাকার বিনিয়োগযোগ্য তহবিল রয়েছে। কোম্পানির আর্থিক ব্যবস্থাপক বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প মূল্যায়ন করছেন :

| প্রকল্প/বছর | ০ | ১ | ২ | ৩ | NPV | IRR |
|---|---|---|---|---|---|---|
| M | (৬,০০,০০০) | ১,০০,০০০ | ৩,০০,০০০ | ৪,০০,০০০ | ৩৯,৩৭০ | .. |
| N | (৭,৫০,০০০) | ৫,০০,০০০ | ২,৫০,০০০ | ১,৫০,০০০ | .. | ১২.৪০% |

কোম্পানির সর্বনিম্ন প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. মূলধন রেশনিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২

গ. প্রকল্প-N এর NPV নির্ণয় কর। ৩

ঘ. IRR এর ভিত্তিতে বেঙ্গল পাওয়ার লি.-এর বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৭▶ দেশ টেক্সটাইল লি.-এর নিকট ৫,০০,০০০ টাকা আছে। নিম্নোক্ত দুটি প্রকল্পে কোম্পানির বিনিয়োগ সুযোগ রয়েছে :

| বছর | করপরবর্তী নগদ আন্তঃপ্রবাহ | |
|---|---|---|
| | সৌর বিদ্যুৎ | জল বিদ্যুৎ |
| ০ | (১,৮০,০০০) | (৩,০০,০০০) |
| ১ | ৬০,০০০ | ১,০০,০০০ |
| ২ | ৬০,০০০ | ১,০০,০০০ |
| ৩ | ৬০,০০০ | ১,০০,০০০ |
| ৪ | ৬০,০০০ | ১,০০,০০০ |

কোম্পানির মূলধন ব্যয় ১০%। উল্লেখ্য, সৌর বিদ্যুৎ প্রকল্পের নিট বর্তমান মূল্য ১০,১৯২ টাকা।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. স্বাধীন প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২

গ. সৌর বিদ্যুৎ প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. দেশ টেক্সটাইল লি.-এর বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৮▶ গাজী এগ্রো লি. বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প বিবেচনা করছে। তারা প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে অবাট্টাকৃত কৌশল ব্যবহার করে থাকে।

| বিবরণ | পোল্ট্রি ফার্ম | ডেইরি ফার্ম |
|---|---|---|
| প্রাথমিক বিনিয়োগ | ৭,৫০,০০০ টাকা | ৭,৫০,০০০ টাকা |
| বছর | করপরবর্তী নিট মুনাফা | করপরবর্তী নিট মুনাফা |
| ১ | ৮০,০০০ | ১,০০,০০০ |
| ২ | ১,২০,০০০ | ১,৫০,০০০ |
| ৩ | ১,০০,০০০ | ৮০,০০০ |

কোম্পানির সর্বনিম্ন প্রয়োজনীয় আয়ের হার ২৮%। উল্লেখ্য, পোল্ট্রি ফার্ম প্রকল্পের গড় আয়ের হার ২৬.২৬%।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. মূলধন বাজেটিং কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. পোল্ট্রি ফার্ম প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. গাজী এগ্রো লি.-এর কোন প্রকল্প গ্রহণ করা উচিত? গাণিতিকভাবে যুক্তি দাও। ৪

৯▶ অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা জনাব নজরুল তার পেনশনের টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিম্নোক্ত দুটি কোম্পানির বিগত চার বছরের আয় পর্যালোচনা করছেন :

| বছর | আয়ের হার (%) | |
|---|---|---|
| | আলীফ লি. | মীম লি. |
| ২০১৭ | ১৫ | ২০ |
| ২০১৮ | ১০ | ০ |
| ২০১৯ | ১০ | ১০ |
| ২০২০ | ৫ | ১০ |
| গড় আয় | ১০ | ১০ |
| পরিমিত ব্যবধান | .. | ৮.১৬ |

অন্যদিকে, তার ছোট ভাই কামরুল লাম কোম্পানি লি.-এর শেয়ারে বিনিয়োগ করেছেন যেটির বাজার ঝুঁকির মান ১.২। বাজার আয় ও ঝুঁকিমুক্ত আয়ের হার যথাক্রমে ১২% ও ৫%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. পোর্টফোলিও গঠনের উদ্দেশ্য কী? ২

গ. কামরুলের প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. "মীম লি.-এর তুলনায় আলীফ লি.-এর শেয়ারে বিনিয়োগ কম ঝুঁকিপূর্ণ"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০▶ মিসেস নাফিসা একজন আর্থিক বিশ্লেষক। তিনি শেয়ারবাজারে বিনিয়োগকারীদের প্রয়োজনীয় পরামর্শ দিয়ে থাকেন। একজন বিনিয়োগকারী নিম্নোক্ত দুটি সিকিউরিটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা উচিত সে বিষয়ে তার কাছে পরামর্শ চান :

| সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-P | সিকিউরিটি-Q |
| .২০ | –.০৭৫ | .১০ |
| .৫০ | .১০ | .১৫ |
| .৩০ | .৩০ | .২০ |
| প্রত্যাশিত আয় | .১২৫ | .১৫৫ |
| পরিমিত ব্যবধান | .. | ৩.৫% |

তিনি তথ্যাবলি বিশ্লেষণ করে উক্ত বিনিয়োগকারীকে Q সিকিউরিটিতে বিনিয়োগ করার পরামর্শ দেন।

ক. CAPM কী? ১

খ. মোট মুনাফার উপাদানসমূহ কী? ব্যাখ্যা কর। ২

গ. P সিকিউরিটির আয়ের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে মিসেস নাফিসা বিনিয়োগকারীকে যে পরামর্শ দিয়েছেন সেটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▶ জনাব রিয়াজ গত বছর দুটি সিকিউরিটির সমন্বয়ে একটি পোর্টফোলিও গঠন করেন যেখানে তার পোর্টফোলিও ঝুঁকি ছিল ১৫%। বর্তমানে তিনি নিম্নোক্ত দুটি সিকিউরিটির সমন্বয়ে নতুন পোর্টফোলিও গঠন করতে আগ্রহী :

| | | | |
|---|---|---|---|
| সিকিউরিটি-A | $E(R_A) = ৭.৫\%$ | $\sigma_A = ১০\%$ | $\omega_A = ৪০\%$ |
| সিকিউরিটি-B | $E(R_B) = ১০\%$ | $\sigma_B = ২০\%$ | $\omega_B = ৬০\%$ |
| A ও B সিকিউরিটির সহসম্বন্ধ ০.৩০ | | | |

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. বাজার ঝুঁকি কি পরিহারযোগ্য? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রিয়াজের নতুন পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব রিয়াজের নতুন পোর্টফোলিও গঠন কি তার জন্য কম ঝুঁকিপূর্ণ হবে? গাণিতিক বিশ্লেষণের ভিত্তিতে মতামত দাও। ৪

## ১৭ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব সেলিম একটা আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি বার্ষিক পরিকল্পনার আওতায় তার প্রতিষ্ঠানের অর্থের সংস্থানসহ কোন উৎস বেশি লাভজনক হবে তা নির্ণয় করেন। অতঃপর যথাসময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করেন। যেকোনো প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিনি প্রথমেই সেখানে জমি ক্রয়, ভবন নির্মাণ, মেশিন ক্রয়সহ দীর্ঘমেয়াদি খরচ কী করতে হবে তা হিসাবে আনেন। প্রত্যাশিত আয় কী হবে সেগুলোও হিসাবে নিয়ে আসেন। সেই আলোকে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. অর্থায়নে বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী জনাব সেলিম প্রথমত অর্থায়নের কোন কাজ করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সেলিম কোনো নূতন প্রকল্প গ্রহণে মূলধন বাজেটিং করেন— তুমি কী এ বক্তব্যের সাথে একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ জনাব আদনান একজন পাইকারি ব্যবসায়ী। তার অদূরদর্শিতার কারণে কোম্পানিতে কখনো কাঁচামাল ক্রয়ের অর্থ থাকত না, আবার কখনো পণ্য গোডাউনে রয়ে যেত। এজন্য তিনি ব্যবসায়ের অর্থব্যবস্থা কিছুটা পরিবর্তন করেন। এখন তিনি আশানুরূপ মুনাফা পাচ্ছেন। তিনি এখন ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি সম্পদও বৃদ্ধি করতে পেরেছেন।

ক. তারল্য কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. জনাব আদনান কোন নীতি অনুসরণ করায় আশানুরূপ ফল পাচ্ছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আদনান ব্যবসায়ের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছেন কী? যুক্তি দেখাও। ৪

৩ ▸ মি. রহিম ও মি. করিম দুইজন বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে পড়ালেখা করছেন। তারা দুইজন মিলে সিদ্ধান্ত নিল যে, উভয়ে তাদের টিউশনির সংগৃহীত টাকা দিয়ে শেয়ারবাজারে বিনিয়োগ করবে। মি. রহিম তার পুঁজি দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে, মি. করিম তার পুঁজি দিয়ে পাঁচটি কোম্পানির শেয়ার ক্রয় করেন।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. মি. করিম বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগ অধিক যৌক্তিক বলে মনে কর? উদ্দীপক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৪ ▸ সালমা একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তা-ভাবনা করছেন। ল্যাপটপটি ক্রয় করতে নগদ ৯০,০০০ টাকা প্রয়োজন। সালমা ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো সম্পূর্ণ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হলো ৫০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৪,৫০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে সালমার সুযোগ ব্যয় ১২%।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সালমা যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩

ঘ. সালমার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

৫ ▸ জনাব সেরাজুল একটি বাড়ি করতে চান। বর্তমানে বাড়িটি তৈরি করতে ৭০ লক্ষ টাকা প্রয়োজন। তার হাতে বর্তমানে ৩০ লক্ষ টাকা আছে। অর্থের ঘাটতির কথা চিন্তা করে তিনি TRUST ব্যাংকে ৩০ লক্ষ টাকা ১০% সুদে জমা রাখলেন। উদ্দেশ্য ৭ বছর পর তিনি বাড়িটি করবেন। অতীত অভিজ্ঞতা থেকে ধরে নেওয়া হচ্ছে বাড়ি তৈরির নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির সাধারণ হার ৫%।

ক. অর্থের বর্তমান মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. ৭ বছর পর বাড়িটি তৈরি করতে কত টাকা খরচে হবে? ৩

ঘ. জনাব সেরাজুল কী জমাকৃত টাকা দিয়ে বাড়ি তৈরি করতে পারবেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬ ▸ আরহান লটারিতে বিজয়ী হয়ে ২০ লক্ষ টাকা পেল। এ টাকা অলসভাবে ফেলে না রেখে ব্যংকে রাখতে চায়। তাই আরহান ২০ লক্ষ টাকা ব্যাংকে স্থায়ী হিসাবে জমা রাখতে চায়। সে জানতে পারল, যমুনা ব্যাংক লি. ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করে এবং এবি ব্যাংক লি. ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করে।

ক. বিধি '৭২' কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ২

গ. যমুনা ব্যাংক লি. হতে ১০ বছর পর আরহান কত টাকা পাবে তা নির্ণয় কর। ৩

ঘ. তোমার মতে আরহানের কোন ব্যাংকে অর্থ জমা রাখা উচিত? মতামত দাও। ৪

৭ ▸ জনাব মিলনের হাতে দু'টি প্রকল্পের প্রস্তাব রয়েছে। উভয় প্রকল্পের প্রাথমিক ব্যয় ৫০,০০০ টাকা। বাট্টার হার ১০%। প্রকল্প হতে তিনি ৫ বছরে নিম্নলিখিত নগদ প্রবাহ আশা করছেন :

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ প্রবাহ (প্রকল্প-ক) | ১৮,০০০ | ১০,০০০ | ১৭,০০০ | ১৯,০০০ | ১২,০০০ |
| নগদ প্রবাহ (প্রকল্প-খ) | ১০,০০০ | ১৫,০০০ | ১৫,০০০ | ১৪,০০০ | ৯,০০০ |

ক. পরিশোধকাল কী? ১

খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প-ক এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

৮ ▸ জনাব জনির হাতে একটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা এবং আগামীতে ৩ (তিন) বছরে বার্ষিক নগদ করপরবর্তী মুনাফা যথাক্রমে ৪০,০০০, ৫৫,০০০ ও ৪৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১২%। জনাব জনি নিট বর্তমান মূল্য পদ্ধতি (NPV) ব্যবহার করে প্রকল্পের আয়ের হার সম্পর্কে নিশ্চিত হতে চান।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. গড় মুনাফার হার বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্পের গড় মুনাফা হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব জনির প্রকল্পটি কী গ্রহণ করা উচিত? যুক্তি দেখাও। ৪

৯ ▸ জনাব রাহাত কর্ণফুলি পেপার লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তার হাতে পরস্পর বর্জনশীল দুটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা। বাট্টার হার ১৫%। জনাব রাহাত বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। উভয় প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহ নিম্নে দেওয়া হলো :

| বছর | নগদ আন্তঃপ্রবাহ | |
|---|---|---|
| | প্রকল্প-ক | প্রকল্প-খ |
| ১ | ৭৫,০০০ | ৭০,০০০ |
| ২ | ৭০,০০০ | ৪৫,০০০ |
| ৩ | ৫০,০০০ | ৪০,০০০ |

ক. ARR-এর পূর্ণরূপ কী? ১

খ. প্রকল্প কত প্রকার? ২

গ. 'ক'-প্রকল্প হতে কত বছরে মূলধন ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. নিট বর্তমান মূল্য বিবেচনায় জনাব রাহাতের জন্য বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

১০ ▸ শফিক ও জামাল দুই বন্ধু প্রত্যেকে ২০ লক্ষ টাকা করে শেয়ারবাজারে বিনিয়োগ করেন। শফিক ২০ লক্ষ টাকার সম্পূর্ণ A কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেন। জামাল ১০ লক্ষ টাকা A কোম্পানির শেয়ারে এবং ১০ লক্ষ টাকা B কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেন।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. অনিশ্চয়তা বলতে কী বোঝায়? ২

গ. জামালের বিনিয়োগ কৌশলকে কী নামে অভিহিত করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. শফিক ও জামালের বিনিয়োগের মধ্যে কার বিনিয়োগ ঝুঁকি কম? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ নিচের দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| | প্রকল্প-১ | প্রকল্প-২ |
| ০.৩৫ | –০৫ | ১৫ |
| ০.২৫ | ১৬ | ২০ |
| ০.৪০ | ২০ | ২৫ |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১

খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্ক (CV) বিবেচনায় কোন প্রকল্পের ঝুঁকি কম? বিশ্লেষণ কর। ৪

## ১৮ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণের জন্য বিশ্বব্যাংকের সাথে একটি ঋণচুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেছিল। কিন্তু বিশ্বব্যাংক ঋণ মঞ্জুরের ক্ষেত্রে কঠিন শর্ত আরোপ করায় বাংলাদেশ সরকার অর্থায়নের বিকল্প উৎস হিসেবে নিজস্ব অর্থায়নের কথা ভাবল। সরকার নিজস্ব এবং বেসরকারি সহায়তায় অর্থায়নের মাধ্যমে সেতুটি নির্মাণের উদ্যোগ নিল।

ক. তারল্য নীতি কী? ১
খ. অর্থায়নকে ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয় কেন? ২
গ. পদ্মা সেতু নির্মাণের জন্য প্রথমে কোন ধরনের অর্থায়নের উদ্যোগ গ্রহণ করা হয়? বর্ণনা কর। ৩
ঘ. পদ্মা সেতু নির্মাণে বিকল্প অর্থায়নের উদ্যোগ গ্রহণ ব্যবস্থা যুক্তিসংগত কিনা? বিশ্লেষণ কর। ৪

২। কুশিয়ারা কোম্পানি লি.-এর শেয়ারপ্রতি আয় ২০ টাকা, লভ্যাংশ বন্টনের হার ১০০%। পক্ষান্তরে, মধুখালী কোম্পানি লি.-এর শেয়ারপ্রতি আয় ৩০ টাকা, লভ্যাংশ বন্টনের হার ২৫%। এছাড়াও মধুখালী কোম্পানি লি. দেশের বিভিন্ন সৌন্দর্যবর্ধন প্রকল্পের জন্য আর্থিক অনুদান দেয় এবং গরিব ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকে।

ক. EPS কী? ১
খ. "সম্পদ সর্বোচ্চকরণ মুনাফা সর্বোচ্চকরণের চেয়ে উত্তম।"— কেন? ২
গ. মধুখালী কোম্পানি লি. কোন ধরনের দায়িত্ব পালন করছে তা বর্ণনা কর। ৩
ঘ. কোন কোম্পানিটি সম্পদ সর্বোচ্চকরণের উপর বেশি গুরুত্ব দিয়েছে বলে তুমি মনে কর? যুক্তি প্রদর্শন কর। ৪

৩। হাসি ও খুশি দুই বোন। হাসি মেঘনা ব্যাংকে বছরের শুরুতে ১০% সুদে এবং খুশি সুরমা ব্যাংকে বছরের শেষে ১২.৫% সুদে ১০,০০০ টাকা করে জমা দেয়।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. সাধারণ বার্ষিক বৃত্তি এবং অগ্রিম বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হাসি মেয়াদান্তে কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকের আলোকে মেয়াদান্তে কে বেশি টাকা পাবেন? গাণিতিক সমাধান করে মতামত পেশ কর। ৪

৪। জনাব রমজান আলী আলফা ব্যাংক থেকে ১৪% সুদে ২৫,০০০ টাকা ঋণ গ্রহণ করেছিলেন যা সুদাসলে সমান ৪টি বার্ষিক কিস্তিতে পরিশোধিত হয়েছিল।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. "অর্থের বর্তমান মূল্য ভবিষ্যৎ মূল্যের তুলনায় অধিক পছন্দনীয়।"— কেন? ২
গ. বার্ষিক ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. কিস্তির টাকা প্রতিবছরের শুরুতে পরিশোধ করলে ঋণের কিস্তির পরিমাণ কত হবে তা নির্ণয়পূর্বক ঋণ পরিশোধ তালিকা তৈরি কর। ৪

৫। মিসেস জেমিমা ১৫,০০,০০০ টাকা ব্যাংকে বিনিয়োগ করতে চান। তার বড় ভাই মি. গফুর তাকে ডেলটা ব্যাংকে উক্ত টাকা বিনিয়োগের পরামর্শ দেন যেখান থেকে ৬ বছরে ২০,০০,০০০ টাকা পাবেন। কিন্তু গামা ব্যাংকে বিনিয়োগ করলে ৫ বছরে ১৮,০০,০০০ টাকা পাবেন।

ক. বিধি-৬৯ কী? ১
খ. নামিক ও কার্যকরী সুদের হার কখন এক হয়? ২
গ. উদ্দীপকের আলোকে ডেলটা ব্যাংকের প্রদত্ত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মিসেস জেমিমার জন্য উদ্দীপকে উল্লিখিত কোন ব্যাংকে বিনিয়োগ করলে বেশি লাভজনক হবে বলে তুমি মনে কর? ৪

৬। জনাব আরসি পালের হাতে দুটি প্রকল্পের প্রস্তাব রয়েছে। উভয় প্রকল্পের প্রাথমিক ব্যয় ৪০,০০০ টাকা। প্রকল্প হতে আগামী ৫ বছরের কর পরবর্তী সম্ভাব্য নগদ প্রবাহ নিম্নের ছকের মাধ্যমে দেখানো হলো :

| নগদ প্রবাহ/বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প-ক | ৮,০০০ | ১০,০০০ | ৭,০০০ | ৯,০০০ | ১২,০০০ |
| প্রকল্প-খ | ৭,০০০ | ১৪,০০০ | ৬,০০০ | ১৩,০০০ | ৪,০০০ |

বাট্টার হার ১০%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. আধুনিককালে PBP কেন গ্রহণযোগ্যতা হারাচ্ছে? ২
গ. প্রকল্প-ক এর পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্পদ্বয়ের নিট বর্তমান মূল্যের ভিত্তিতে প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই কর। ৪

৭। মি. X একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্পের প্রাথমিক প্রাক্কলিত নগদ বহিঃপ্রবাহ (NCO) ২,৫০,০০০ টাকা। ৪ বছর মেয়াদি এ প্রকল্পের ভগ্নাবশেষ মূল্য শূন্য। কোম্পানি স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে প্রয়োজনীয় আয়ের হার ১০% এবং কর্পোরেট কর হার ৪০%। প্রকল্পটির করপূর্ব প্রাক্কলিত নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ |
|---|---|
| ১ | ৯০,০০০ |
| ২ | ৮০,০০০ |
| ৩ | ৯০,০০০ |
| ৪ | ১,০০,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে প্রকল্পটির গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রকল্পটির অভ্যন্তরীণ মুনাফার হার (IRR) নির্ণয় করত প্রকল্পের গ্রহণযোগ্যতার ওপর মন্তব্য কর। ৪

৮। আলফা কোম্পানির বিনিয়োগ প্রকল্প নিম্নরূপ :

প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ : ১,০০,০০০ টাকা
প্রকল্পের মেয়াদ : ৫ বছর
ভগ্নাবশেষ মূল্য : শূন্য
করপরবর্তী নগদ প্রবাহ :

| বছর | নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ম | ৭০,০০০ |
| ২য় | ৪০,০০০ |
| ৩য় | ৩০,০০০ |
| ৪র্থ | ৪০,০০০ |
| ৫ম | ৫০,০০০ |

কোম্পানির মূলধন ব্যয় ১০%। প্রকল্পের অবচয় স্থির কিস্তি পদ্ধতিতে হিসাবভুক্ত হয়। কোম্পানির করহার ৫০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. বিধি-৭২ কোন ক্ষেত্রে ব্যবহার করা হয়? ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে প্রকল্পটির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩
ঘ. আলফা কোম্পানির উক্ত প্রকল্পটিতে বিনিয়োগ করার বা না করার যোগ্যতা বিচার কর। ৪

৯। স্টক-A এবং স্টক-B এর সম্ভাবনার হার এবং আয়ের হার নিম্নরূপ :

| সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|
| | স্টক-A | স্টক-B |
| .২৫ | .৩০ | .১০ |
| .১৫ | .১০ | .২০ |
| .৪০ | .২৫ | .১৫ |
| .২০ | .১৫ | .২৫ |

ক. ঝুঁকি কী? ১
খ. পোর্টফোলিও নীতি অনুসরণ করলে ঝুঁকি কি হ্রাস পায়? ২
গ. উদ্দীপকের আলোকে স্টক-A এর বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন স্টকে বিনিয়োগ কম ঝুঁকিপূর্ণ? বিভেদাঙ্ক নির্ণয়পূর্বক বিশ্লেষণ কর। ৪

১০। মিসেস হাসনাহেনা একজন নতুন বিনিয়োগকারী। তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। শেয়ারবাজার থেকে তিনি লিশা ফুড্স এবং নিশা গার্মেন্টসের বিগত ৫ বছরের মুনাফার্জনসংক্রান্ত তথ্য সংগ্রহ করলেন। সংগৃহীত তথ্যসমূহ নিম্নরূপ :

| বছর | মুনাফার্জন হার | |
|---|---|---|
| | লিশা ফুড্স | নিশা গার্মেন্টস |
| ১ | ১৫% | ২৫% |
| ২ | ১৭% | ১৫% |
| ৩ | ১৯% | ৩২% |
| ৪ | ২১% | ১০% |
| ৫ | ২৩% | ১৮% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. 'মুনাফা হলো ঝুঁকি গ্রহণের পুরস্কার'— ব্যাখ্যা কর। ২
গ. লিশা ফুড্স এর পরিমিত ব্যবধান উদ্দীপকে প্রদত্ত তথ্যের ভিত্তিতে নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মিসেস হাসনাহেনার বিনিয়োগ সম্ভাব্যতা বিচার কর। ৪

১১। জনাব আব্দুর রহমান মিঞা আকাশ টেল কোম্পানির ব্যবস্থাপক। কাঁচামালের মূল্য কমে যাওয়ায় অধিক মুনাফার আশায় তিনি কোম্পানির মোট মূলধনের সিংহভাগ দিয়ে কোম্পানির জন্য কাঁচামাল কিনে রাখেন। কিন্তু কয়েক মাস পর তিনি বেশকিছু সমস্যার সম্মুখীন হন। এতে কোম্পানির সুনাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ক. ব্যবসায় অর্থসংস্থান কী? ১
খ. ব্যবসায়ে নৈতিকতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক অনুযায়ী জনাব আব্দুর রহমান মূলত কী কী সমস্যার সম্মুখীন হয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থসংস্থানের কোন নীতি না মানার কারণে তাকে এ সকল সমস্যার সম্মুখীন হতে হয়েছিল? উদ্দীপকের আলোকে মন্তব্য কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৯ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. একটি ফার্মের অর্থায়নের চূড়ান্ত লক্ষ্য কোনটি?**
K মুনাফা সর্বাধিকরণ  L সম্পদ সর্বাধিকরণ
M সামাজিক কল্যাণ  N ব্যবসায় সম্প্রসারণ

**২. বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য কখন সমান হবে?**
K মেয়াদকাল শূন্য হলে
L মেয়াদকাল ১ বছর হলে
M সুদের হার ১% হলে
N বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা ১ হলে

**৩. চিরস্থায়ী বৃত্তিতে অনির্দিষ্ট থাকে কোনটি?**
K অর্থ প্রবাহের পরিমাণ
L অর্থ প্রবাহের সময় ব্যবধান
M অর্থ প্রবাহের সর্বশেষ সময়সীমা
N সুদের হার

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
ফ্লোরা কোং ১,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে যার সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। মেশিনটি ব্যবহারের ফলে প্রতিবছর নিট মুনাফা পাওয়া যাবে যথাক্রমে ২২,০০০ টাকা; ২০,০০০ টাকা; ১৫,০০০ টাকা; ১০,০০০ টাকা ও ১৭,০০০ টাকা।

**৪. সরলরৈখিক পদ্ধতিতে মেশিনটির বাৎসরিক অবচয় কত টাকা?**
K ২০,০০০  L ২২,০০০
M ২৪,০০০  N ২৫,০০০

**৫. মেশিনটির গড় বিনিয়োগ উপার্জন হার কত?**
K ২০.৮৪%  L ২৫.৮৪%
M ২৮.০০%  N ৩৩.৬০%

**৬. সরল সুদ কীসের উপর ভিত্তি করে হিসাব করা হয়?**
K আসল  L সুদাসল
M মুনাফা  N ব্যয়

**৭. অর্থায়নের সাথে অর্থনীতির কোন শাখার অধিকতর সম্পর্ক আছে?**
K ব্যষ্টিক  L সামষ্টিক
M ভোক্তা আচরণ  N ব্যক্তিগত আয়

**৮. অর্থায়নের বিবেচ্য বিষয়—**
i. অর্থের পরিমাণ নির্ধারণ
ii. অর্থের উৎস নির্ধারণ
iii. অর্থ সংগ্রহ ও সঠিক ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রফিক ৫ বছর পর ৮০,০০০ টাকায় একটি মোটর সাইকেল কিনতে আগ্রহী। এজন্য তিনি বর্তমানে নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখতে চান। জনতা ব্যাংকে জমা রাখলে বার্ষিক ৮% হারে সুদ পাওয়া যাবে এবং পূবালী ব্যাংকে জমা রাখলে ৭% হারে অর্ধবার্ষিকী সুদ পাওয়া যাবে।

**৯. জনতা ব্যাংকে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে?**
K ৪০,৪৫০  L ৪৫,৪৫০
M ৫০,৪৪৭  N ৫৪,৪৪৭

**১০. নিচের কোনটি জনাব রফিকের জন্য সঠিক?**
K জনতা ব্যাংকে কম অর্থ জমা রাখতে হবে
L পূবালী ব্যাংকে কম অর্থ জমা রাখতে হবে
M উভয় ব্যাংকে একই পরিমাণ অর্থ জমা রাখতে হবে
N পূবালী ব্যাংকে জমার পরিমাণ জনতা ব্যাংকের অর্ধেক হবে

**১১. নিচের উৎসসমূহের মধ্যে কোনটির অর্থায়নের খরচ সর্বনিম্ন হয়?**
K অগ্রাধিকার শেয়ার  L বন্ড
M সংরক্ষিত মুনাফা  N সাধারণ শেয়ার

■ **উদ্দীপকটি পড়ে ১২নং প্রশ্নের উত্তর দাও :**
বন্ডের অভিহিত মূল্য ৮০০ টাকা, বাজারমূল্য ৬৪০ টাকা এবং বৎসরান্তে সুদের পরিমাণ ৩২ টাকা।

**১২. সুদের হার কত?**
K ৩.২০%  L ৪%
M ৫%  N ৬.৪%

**১৩. নির্দিষ্ট আয় প্রত্যাশী বিনিয়োগকারীদের বিনিয়োগ করা উচিত—**
i. সাধারণ শেয়ারে
ii. অগ্রাধিকার শেয়ারে
iii. কুপন বন্ডে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১৪. নিচের কোন ধরনের ঝুঁকি বিনিয়োগকারীর নিয়ন্ত্রণে থাকে?**
K আর্থিক  L বাজার
M ফটকা  N অপরিহারযোগ্য

■ **উদ্দীপকটি পড়ে ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব লিটন ৫০ টাকায় প্রতিটি শেয়ার ক্রয় করে ৬০ টাকায় বিক্রয় করেন। তিনি শেয়ার প্রতি ৫ টাকা হারে লভ্যাংশ পান।

**১৫. জনাব লিটনের মোট আয়ের হার কত?**
K ১০%  L ২০%  M ২৫%  N ৩০%

**১৬. প্রকল্প মূল্যায়নের সর্বাধিক গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?**
K NPV  L IRR  M ARR  N PBP

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তাসনিম ৭০,০০০ টাকা বিনিয়োগের জন্য ২টি পরস্পর বর্জনশীল প্রকল্প হতে উত্তম প্রকল্পটি বাছাই করতে চান। বাট্টার হার ১০%। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | প্রকল্প-ক | প্রকল্প-খ |
|---|---|---|
| প্রাথমিক বিনিয়োগ | ৫০,০০০ টাকা | ৬০,০০০ টাকা |
| নগদ আন্তঃপ্রবাহ (১–৫) বছর | ১৫,০০০ টাকা | ১৭,০০০ টাকা |
| নিট বর্তমান মূল্য | ৬,৮৬৫ টাকা | – |

**১৭. প্রকল্প 'খ' এর পুঁজি ফেরতকাল কত?**
K ৩.৩৫ বছর  L ৩.৫৩ বছর
M ৪.১২ বছর  N ৪.২১ বছর

**১৮. প্রকল্পদ্বয়ের ক্ষেত্রে—**
i. 'ক' প্রকল্পটির পে-ব্যাক সময় কম
ii. 'খ' প্রকল্পটির পে-ব্যাক সময় বেশি
iii. 'ক' প্রকল্পটির নিট বর্তমান মূল্য বেশি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১৯. নির্দিষ্ট সময় পরে বা পূর্বে ধারক কোন বন্ড পরিশোধের জন্য কোম্পানিকে অনুরোধ জানাতে পারে?**
K মর্টগেজ বন্ড  L কুপন বন্ড
M পরিশোধ্য বন্ড  N পুট বন্ড

**২০. স্থির প্রতিদানযুক্ত আর্থিক হাতিয়ার নয় কোনটি?**
K সাধারণ শেয়ার  L কুপন বন্ড
M চিরস্থায়ী বন্ড  N জিরো কুপন বন্ড

**২১. কাঁচামালের দর হ্রাস বৃদ্ধির ফলে ব্যবসায়ে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
K ব্যবসায় ঝুঁকি  L আর্থিক ঝুঁকি
M তারল্য ঝুঁকি  N বাজার ঝুঁকি

**২২. ঝুঁকিপূর্ণ বিনিয়োগের মাধ্যমে প্রাপ্ত অতিরিক্ত আয়কে কী বলা হয়?**
K ঝুঁকি আয়  L ঝুঁকি প্রিমিয়াম
M ঝুঁকি মুনাফা  N বিনিয়োগ আয়

**২৩. কার্যকরী সুদের হার নামিক সুদের হার অপেক্ষা বেশি হয় কারণ—**
i. নির্দিষ্ট সময় পর পর সুদ গণনা করা হয়
ii. প্রাথমিক জমার উপর সুদ গণনা করা হয়
iii. সুদাসলের উপর সুদ গণনা করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**

| বিবরণ | সিকিউরিটি-X | সিকিউরিটি-Y |
|---|---|---|
| প্রত্যাশিত আয়ের হার | ১৫% | ২০% |
| পরিমিত ব্যবধান | ৫% | ৮% |
| বিভেদাঙ্ক | ৩৩.৩৩% | ? |

**২৪. সিকিউরিটি-Y এর বিভেদাঙ্ক নিচের কোনটি?**
K ৩০%  L ৩৩%  M ৩৫%  N ৪০%

**২৫. সিকিউরিটি-Y হলো—**
i. বেশি ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. বেশি আয়যুক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**২৬. ব্রিজ লোন কী?**
K অন্তর্বর্তীকালীন স্বল্পমেয়াদি ঋণ
L দীর্ঘমেয়াদি ঋণ
M বন্ধকি ঋণ  N ব্রিজ তৈরির ঋণ

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
অগ্রণী লি. ১০% হার সুদে সানমুন ব্যাংক থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় পরিচালনা করে ১০,০০০ টাকা মুনাফা করেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানি সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে আনুপাতিক হারে বণ্টন করে। পরবর্তী বছর প্রতিষ্ঠানটি মজুরি পরিশোধ করতে গিয়ে নগদ অর্থের সংকটে পড়ে।

**২৭. অগ্রণী লি. অর্থায়নের কোন নীতিটি অনুসরণ না করায় মজুরি পরিশোধের ক্ষেত্রে নগদ অর্থের সংকটে পড়ে?**
K ঝুঁকি ও মুনাফা নীতি  L তারল্য ও মুনাফা নীতি
M অর্থের সময়মূল্য নীতি  N বৈচিত্র্যকরণ নীতি

**২৮. উদ্দীপকের অগ্রণী লি. এর গৃহীত সিদ্ধান্তগুলোর সাথে সম্পর্ক রয়েছে—**
i. অর্থায়নের
ii. বিনিয়োগের
iii. লভ্যাংশের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৯. নিচের কোনটি একটি ফার্মের আর্থিক ঝুঁকি সৃষ্টি করে?**
K বন্ড ইস্যু  L শেয়ার ইস্যু
M বন্ড পরিশোধ  N প্রযুক্তির পরিবর্তন

**৩০. ঝুঁকি পরিমাপের উৎকৃষ্ট পদ্ধতি কোনটি?**
K ভেদাঙ্ক  L আদর্শ বিচ্যুতি
M গড়  N বিভেদাঙ্ক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | L | ৫ | L | ৬ | K | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | K | ১১ | L | ১২ | L | ১৩ | M | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | N | ১৯ | N | ২০ | K | ২১ | K | ২২ | L | ২৩ | L | ২৪ | N | ২৫ | M | ২৬ | K | ২৭ | L | ২৮ | L | ২৯ | K | ৩০ | N |

## ২০ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অর্থায়নে সম্পদ সর্বাধিকরণ দ্বারা কী বোঝায়?**
K নিট বর্তমান মূল্য বৃদ্ধিকরণ
L অর্থ সংগ্রহ বৃদ্ধিকরণ
M নিট মুনাফা বৃদ্ধিকরণ
N স্থায়ী মূলধন বৃদ্ধিকরণ

**২. অর্থায়নে সামাজিক দায়বদ্ধতা কোনটি?**
K ঝুঁকি ও মুনাফার সমন্বয়সাধন করা
L বিনিয়োগকারীর স্বার্থরক্ষা করা
M মুনাফা সর্বোচ্চকরণ করা
N সম্পদ সর্বোচ্চকরণ করা

**৩. তারল্য ও লাভজনকতা নীতি বলতে কী বোঝ?**
K পর্যাপ্ত পরিমাণ তরল সম্পদ বজায় রাখা
L অধিক তারল্য, কম বিনিয়োগ
M কম তারল্য, অধিক বিনিয়োগ
N একাধিক সিকিউরিটিতে অর্থ বিনিয়োগ

**৪. ব্যবসায় অর্থায়ন হলো—**
i. অর্থ সংগ্রহকরণ
ii. স্বল্পমেয়াদে অর্থ বিনিয়োগ
iii. দীর্ঘমেয়াদে অর্থ বিনিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মিস নুহা একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি একটি ব্যাংক থেকে ৭% সুদে ৫০,০০,০০০ টাকা (পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেন। তিনি উক্ত টাকা একটি লাভজনক প্রকল্পে বিনিয়োগ করেন। বছর শেষে, তিনি উক্ত প্রকল্প থেকে ৭,০০,০০০ টাকা (সাত লক্ষ) টাকা মুনাফা অর্জন করেন।

**৫. মিস নুহা অর্থায়নের কোন নীতি গ্রহণ করেন?**
K ঋণ নীতি
L ঝুঁকি ও মুনাফা নীতি
M তারল্য ও লাভজনক নীতি
N পোর্টফোলিও নীতি

**৬. মিস নুহা গৃহীত সিদ্ধান্তসমূহ হলো—**
i. বিনিয়োগ সিদ্ধান্ত
ii. অর্থায়ন সিদ্ধান্ত
iii. লভ্যাংশ সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. চক্রবৃদ্ধিকরণ কী?**
K অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের কৌশল
L অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের কৌশল
M বৃত্তি নির্ণয়ের কৌশল
N চক্রবৃদ্ধির সংখ্যা নির্ণয়ের কৌশল

**৮. একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রতি বছর শেষে সমপরিমাণ নগদ প্রবাহ হলে তাকে কী বলে?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M অগ্রিম বৃত্তি N সাধারণ বৃত্তি

**৯. কার্যকরী সুদের হার (EIR) কখন সর্বোচ্চ হবে?**
K যদি সুদের হার ১% হয়
L যদি চক্রবৃদ্ধি সংখ্যা ১ হয়
M যদি চক্রবৃদ্ধির সংখ্যা ১২ হয়
N যদি চক্রবৃদ্ধির সংখ্যা ৩৬৫ হয়

**১০. অর্থায়নে, বাট্টাকরণ অর্থ—**
i. একটি বাট্টার হার
ii. বর্তমান মূল্য নির্ণয়ের একটি কৌশল
iii. চক্রবৃদ্ধিকরণের বিপরীত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইমেল ১২ বছরের জন্য জনতা ব্যাংকে ৫,০০,০০০ টাকা (পাঁচ লক্ষ) টাকা বিনিয়োগ করেন। ব্যাংক সুদের হার ৯%।

**১১. ৭২ বিধি অনুসারে কত বছরে তার বিনিয়োগ ডাবল হবে?**
K ৬ বছর L ৭.২ বছর
M ৮ বছর N ৯ বছর

**১২. ব্যাংক যদি ত্রৈমাসিক সুদ দেয়, কার্যকরী সুদের হার কত হবে?**
K ২.২৫% L ৩%
M ৯.২৭% N ৯.৩১%

**১৩. নিচের কোনটি সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড?**
K কুপন বন্ড L জিরো কুপন বন্ড
M ট্রেজারি বন্ড N তলবযোগ্য বন্ড

**১৪. নিচের কোনটির মালিকদের ভোটাধিকার আছে?**
K বন্ড মালিকদের
L ঋণপত্রের মালিকদের
M সাধারণ শেয়ারহোল্ডারদের
N অগ্রাধিকার শেয়ারহোল্ডারদের

**১৫. নিচের কোনটি দীর্ঘমেয়াদি অর্থায়নের অভ্যন্তরীণ উৎস নয়?**
K সংরক্ষিত মুনাফা L ইজারা অর্থায়ন
M অবচয় তহবিল
N লভ্যাংশ সমতাকরণ তহবিল

**১৬. সুদ প্রদান করা হয় না এমন বন্ডকে কী বলা হয়?**
K কুপন বন্ড L জিরো কুপন বন্ড
M চিরস্থায়ী বন্ড N তলবযোগ্য বন্ড

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
নাভানা সিকিউরিটিজ লি. দীর্ঘমেয়াদি মূলধন সংগ্রহ করে। বন্ডটির লিখিত মূল্য ১,০০০ টাকা; কুপন রেট ১৫% এবং প্রয়োজনীয় আয়ের হার ১২%।

**১৭. উদ্দীপকে উল্লিখিত বন্ডটি কোন ধরনের বন্ড?**
K চিরস্থায়ী বন্ড L কুপন বন্ড
M ট্রেজারি বন্ড N জিরো কুপন বন্ড

**১৮. উদ্দীপকের আলোকে বলা যায় যে—**
i. বন্ডটির বার্ষিক সুদ ১২০ টাকা
ii. বন্ডটির বর্তমান মূল্য ১,২৫০ টাকা
iii. বন্ডটিতে বিনিয়োগ লাভজনক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. নিচের কোনটি মূলধন বাজেটিং সিদ্ধান্তের সাথে সম্পর্কযুক্ত নয়?**
K স্থায়ী সম্পত্তি ক্রয়
L ব্যবসায় সম্প্রসারণ
M সম্পত্তির প্রতিস্থাপন
N চলতি সম্পত্তিতে বিনিয়োগ

**২০. একটি প্রকল্পের গ্রহণ অন্য প্রকল্পগুলোকে বর্জন করে, এমন প্রকল্পগুলোকে কী বলা হয়?**
K পারস্পরিক বর্জনশীল প্রকল্প
L মূলধন রেশনিং প্রকল্প
M স্বাধীন প্রকল্প N নির্ভরশীল প্রকল্প

**২১. নিচের কোন কৌশল মূলধন বাজেটিংয়ে অর্থের সময়মূল্য বিবেচনা করে না?**
K গড় মুনাফার হার (ARR)
L অভ্যন্তরীণ আয়ের হার (IRR)
M নিট বর্তমান মূল্য (NPV)
N মুনাফার্জন সূচক (PI)

**২২. নিট বর্তমান মূল্য শূন্য হয় এমন হারকে কী বলে?**
K গড় মুনাফার হার L বাট্টার হার
M অভ্যন্তরীণ আয়ের হার N পে-ব্যাক সময়

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সুসেন ৪ বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। ৩য় বছর শেষে ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ ৮০,০০০ টাকা। ৪র্থ বছরের নগদ আন্তঃপ্রবাহ ৪০,০০০ টাকা। প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহের মোট বর্তমান মূল্য ১,০২,৫০০ টাকা।

**২৩. প্রকল্পের পে-ব্যাক সময় কত হবে?**
K ২ বছর L ২.৫ বছর
M ৩.২৫ বছর N ৩.৫ বছর

**২৪. প্রকল্পটি গ্রহণযোগ্য, কারণ—**
i. প্রকল্পের নিট বর্তমান মূল্য ধনাত্মক
ii. প্রকল্পের নিট বর্তমান মূল্য ২২,৫০০ টাকা
iii. প্রকল্প মূল্যায়নে অর্থের সময়মূল্য বিবেচনা করা হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. কে মূলধনি সম্পত্তি মূল্যায়ন মডেল উন্নয়ন করেন?**
K উইলিয়াম শার্প
L হ্যারি মার্কুইজ
M মডিগলিয়ানি এবং মিলার
N স্টিফেন রস

**২৬. ব্যবস্থাপনার অদক্ষতা কোন ধরনের ঝুঁকি?**
K কোম্পানি ঝুঁকি L বাজার ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N তারল্য ঝুঁকি

**২৭. কোন ঝুঁকি নিয়ন্ত্রণ করা যায় না?**
K কোম্পানি ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M অনিয়মানুগ ঝুঁকি N বাজার ঝুঁকি

**২৮. ঝুঁকি হলো, যা—**
i. পরিহারযোগ্য
ii. অনিশ্চয়তা হতে সৃষ্ট
iii. অপরিমাপযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মুহিত কোম্পানি 'ক'-তে ১,২০,০০০ টাকা এবং কোম্পানি 'খ'-তে ৮০,০০০ টাকা বিনিয়োগ করেন। দুটি কোম্পানির আয়ের হার যথাক্রমে ১০% এবং ১১%।

**২৯. উক্ত বিনিয়োগ থেকে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
K তারল্য ঝুঁকি L পোর্টফোলিও ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N বাজার ঝুঁকি

**৩০. পোর্টফোলিও আয়ের হার কত হবে?**
K ৯% L ১০.৪%
M ১০.৫% N ১০.৬%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | N | ৫ | L | ৬ | K | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | M | ১১ | M | ১২ | N | ১৩ | M | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | M | ১৯ | N | ২০ | K | ২১ | K | ২২ | M | ২৩ | N | ২৪ | L | ২৫ | K | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |

## ২১ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মূলধন বাজেটিং প্রয়োগ করা হয়—**
i. সম্পদ প্রতিস্থাপনের ক্ষেত্রে
ii. তারল্য বৃদ্ধির ক্ষেত্রে
iii. স্থায়ী সম্পদ ক্রয়ের ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. কোন সম্পত্তির অর্থনৈতিক জীবনকাল শেষে যে মূল্য পাওয়া যায়, তাকে কী বলে?**
K অবচয় L বর্তমান মূল্য
M ভগ্নাবশেষ মূল্য N পুস্তক মূল্য

■ **নিচের প্রদর্শিত চিত্রটি দেখে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**




**৩. বিনিয়োগের পরিমাণ কত টাকা?**
K ১০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ১,৪০,০০০ টাকা

**৪. বিনিয়োগ পরিশোধকাল কত বছর?**
K ৪ L ৫ M ৬ N ৮

**৫. ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ক কীরূপ?**
K নিম্নমুখী L সমানুপাতিক
M ব্যস্তানুপাতিক N ঋণাত্মক

**৬. নিচের কোনটি বিনিয়োগকারী নিয়ন্ত্রণ করতে পারে?**
K ব্যবসায়িক ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M পরিহারযোগ্য ঝুঁকি N বাজার ঝুঁকি

**৭. নিচের কোনটি ঝুঁকিমুক্ত সিকিউরিটি?**
K ট্রেজারি বিল L শেয়ার
M বন্ড N মিউচুয়াল ফান্ড

**৮. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য—**
i. মুনাফা বৃদ্ধি
ii. ঝুঁকিহ্রাস
iii. বাজার নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
সিমেক্স লি. এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৭.৫%, মার্কেট আয়ের হার ১০.৫% এবং বিটা সহগ ১.৮।

**৯. সিমেক্স লি. এর ঝুঁকি প্রিমিয়াম কত?**
K ২.৫% L ৩%
M ৫.৪% N ১৩.৫%

**১০. সিমেক্স লি. এর প্রত্যাশিত আয়ের হার কত?**
K ৩.০% L ১২.৯%
M ১৮% N ১৮.৯%

**১১. অর্থায়নের মূল বিষয়বস্তু কী?**
K তহবিল L পরিকল্পনা
M শ্রম N উৎপাদন

**১২. একাধিক লাভজনক প্রকল্পে বিনিয়োগ করা হলে তাকে কী বলে?**
K অর্থের সময়মূল্য নীতি
L তারল্য নীতি
M পোর্টফোলিও নীতি
N উপযুক্ততার নীতি

**১৩. নিচের কোনটি অভ্যন্তরীণ অর্থায়নের উৎস?**
K শিল্প ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M বাণিজ্যিক পত্র N আয়কর

**১৪. সম্পদ সর্বাধিকরণে নিচের কোনটি বিবেচনা করা হয় না?**
K শেয়ার মূল্য বৃদ্ধি L ঝুঁকির পরিমাণ
M স্বল্পমেয়াদি মুনাফা N নগদ প্রবাহ

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাসেল নিজ এলাকায় ৪,০০,০০০ টাকা বিনিয়োগ করে একটি ব্যবসায় চালু করার কথা ভাবছেন। ব্যবসায়টি পরিচালনা করার জন্য তার ৭/৮ জন কর্মচারী রয়েছে। একজন সৎ ব্যবসায়ী হিসাবে তিনি ট্রেড লাইসেন্সকরণ ও নিয়মিত কর পরিশোধের চিন্তা করছেন।

**১৫. উদ্দীপকে জনাব রাসেলের কার্যক্রমকে অর্থায়নের ভাষায় কোন কার্যক্রম বলা হয়?**
K বিনিয়োগ কার্যক্রম L ঋণগ্রহণ কার্যক্রম
M অর্থায়ন কার্যক্রম N সামাজিক কার্যক্রম

**১৬. জনাব রাসেলের ব্যবসায়টি লাভজনক হলে সরকার কী পাবে?**
K মুনাফা বৃদ্ধি পাবে
L সমর্থন বৃদ্ধি পাবে
M কর প্রাপ্তি হবে
N সম্পদের সর্বোত্তম ব্যবহার হবে

**১৭. কেন বর্তমান ও ভবিষ্যৎ সময়ের অর্থের মূল্যে পার্থক্য ঘটে?**
K সুদ আসলের কারণে
L মূলধনী ব্যয়ের কারণে
M সুদের হারের কারণে
N চক্রবৃদ্ধির কারণে

**১৮. কার্যকরী সুদের হার নির্ণয়ে কোন বিষয়ের প্রভাব সমন্বয় করা হয়?**
K চক্রবৃদ্ধির সংখ্যা L মেয়াদ
M মুদ্রাস্ফীতি N অবচয়

**১৯. যদি প্রতি বছর সমপরিমাণ টাকা জমা দেয়া হয় বা উত্তোলন করা হয়, তাকে কী বলে?**
K বার্ষিক বৃত্তি L চক্রবৃদ্ধিকরণ
M বর্তমান মূল্য N ভবিষ্যৎ মূল্য

**২০. কোন পদ্ধতি অর্থের সময়মূল্য বিবেচনা করে?**
i. নিট বর্তমান মূল্য
ii. গড় আয়ের হার
iii. আন্তঃআয় হার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শামীম ১২% চক্রবৃদ্ধি সুদে তার বন্ধু মি. বাশারকে ৫ বছরের জন্য ৫০,০০০ টাকা ঋণ প্রদান করল।

**২১. পাঁচ বছর পর মি. বাশার কত টাকা পরিশোধ করবে?**
K ৫৬,০০০ টাকা L ৬২,৭২০ টাকা
M ৭৮,৬৭৬ টাকা N ৮৮,১১৭ টাকা

**২২. উদ্দীপকে ঋণের সুদ বছরে দুইবার গণনা করলে মেয়াদ শেষে সুদাসল কত হবে?**
K ৮৭,৫০০ টাকা L ৮৮,৫৪২ টাকা
M ৮৯,৫০০ টাকা N ৮৯,৫৪২ টাকা

**২৩. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস কোনটি?**
K ট্রেজারি বিল L বন্ড
M বাণিজ্যিক ব্যাংক N বাণিজ্যিক কাগজ

**২৪. YTM-এর পূর্ণরূপ কী?**
K Year To Month L Year To Maturity
M Yield To Month N Yield To Maturity

**২৫. যে বন্ডের উপর সুদ প্রদান করা হয় না, তাকে কী বলে?**
K কুপন বন্ড L জিরো কুপন বন্ড
M জাঙ্ক বন্ড N ট্রেজারি বন্ড

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তামিম সামিট পাওয়ার লিমিটেড এর ইস্যুকৃত ১,০০০ টাকা লিখিত মূল্যের ৫ বছর মেয়াদি বন্ডে বিনিয়োগ করেছেন। তার প্রত্যাশিত আয়ের হার ১০%।

**২৬. উদ্দীপকে উল্লিখিত সামিট পাওয়ার লিমিটেডের ইস্যুকৃত বন্ডের বর্তমান মূল্য কত টাকা?**
K ৬২১ টাকা L ৯০০ টাকা
M ৯০৯ টাকা N ১,০০০ টাকা

**২৭. সামিট পাওয়ার লিমিটেডের বিনিয়োগ থেকে জনাব তামিম কী আর্থিক সুবিধা পাবেন?**
K মূলধনি লাভ L কুপন
M ইল্ড N কমিশন

**২৮. যৌথমূলধনি কোম্পানির দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস—**
i. ঋণ মূলধন
ii. সাধারণ শেয়ার
iii. অগ্রাধিকার শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. মূলধন বাজেটিং সিদ্ধান্ত একটা প্রতিষ্ঠানের জন্য কেমন প্রক্রিয়া?**
K স্বল্পমেয়াদি L মধ্যমেয়াদি
M স্বল্প-মধ্যমেয়াদি N দীর্ঘমেয়াদি

**৩০. NPV ≥ O হলে তা প্রকল্পের কী নির্দেশ করে?**
K প্রাথমিক বিনিয়োগ অপর্যাপ্ত
L প্রকল্পের বাতিলযোগ্যতা
M গ্রহণযোগ্যতা
N নগদ প্রবাহ ঋণাত্মক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | L | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | M | ১৩ | N | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | K | ২০ | L | ২১ | N | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | N | ২৯ | N | ৩০ | M |

## ২২ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাট্টার হার আন্তঃআয় হারের চেয়ে বেশি হলে নিট বর্তমান মূল্য কী হবে?**
K ধনাত্মক L ঋণাত্মক
M শূন্য N সম্পর্কহীন

**২. দীর্ঘমেয়াদি বিনিয়োগ প্রকল্প মূল্যায়নের প্রক্রিয়াকে কী বলে?**
K মূলধন বাজেটিং L মূলধন বরাদ্দকরণ
M মূলধন ব্যয় N মূলধনি লাভ

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মুন কোম্পানি লি. ১,২০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন ক্রয় করে মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। মেশিন হতে প্রতিবছর নিট মুনাফা পাওয়া যাবে যথাক্রমে ২০,০০০, ১৮,০০০, ১৫,০০০, ১২,০০০ এবং ১০,০০০ টাকা। প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে কোম্পানিটি বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করে।

**৩. মেশিনটির গড় বিনিয়োগ হতে প্রাপ্ত মুনাফার হার কত?**
K ২৩.০৮% L ৫৭.৬৯%
M ৬২.৫% N ১১৫.৩৮%

**৪. উদ্দীপকে মুন কোম্পানি লি. প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে যে পদ্ধতি অনুসরণ করে তার সুবিধাসমূহ হলো—**
i. অর্থের সময়মূল্য বিবেচনা করে
ii. ঝুঁকি বিবেচনা করে
iii. নগদ প্রবাহ বিবেচনা করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. নিচের কোনটি বেশি লাভজনক?**
K গড় বিনিয়োগ ১০০ টাকা ও গড় মুনাফা ৪০ টাকা
L গড় বিনিয়োগ ৫০ টাকা ও গড় মুনাফা ৩০ টাকা
M গড় বিনিয়োগ ১০০ টাকা ও গড় মুনাফা ২০ টাকা
N গড় বিনিয়োগ ৫০ টাকা ও গড় মুনাফা ২৫ টাকা

**৬. একটি হাসপাতাল মূলধন বাজেটিংয়ের সাহায্যে নিচের কোন সিদ্ধান্তটি নিবে?**
K রোগীর জন্য ঔষধ ক্রয়
L রোগীকে ব্যবস্থাপত্র প্রদান
M ঔষধের মূল্য নির্ধারণ
N এক্স-রে মেশিন ক্রয়

**৭. নিচের কোনটি সিএপিএম-এর অনুমিত শর্ত নয়?**
K মূলধন বাজার সর্বদা দক্ষ হবে
L সকল বিনিয়োগকারী যুক্তিসংগত আচরণ করবে
M আয়কর বিদ্যমান থাকবে
N কোনো মুদ্রাস্ফীতি থাকবে না

**৮. পোর্টফোলিও থিওরি আবিষ্কার হয় কত সালে?**
K ১৯৫২ L ১৯৫৮
M ১৯৬০ N ১৯৬৪

**৯. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক?**
K ধনাত্মক L ঋণাত্মক
M নিরপেক্ষ N সমানুপাতিক

**১০. নিচের কোন ঘটনাটি বাজার ঝুঁকি সৃষ্টি করবে?**
K উচ্চ সুদের হার
L প্রতিষ্ঠানে নগদ টাকার ঘাটতি
M বিমা খরচ বৃদ্ধি N অদক্ষ ব্যবস্থাপনা

**১১. শেয়ারের মূল্য বৃদ্ধির ফলে যে লাভ হয় তাকে কী বলে?**
K মোট লাভ L নিট লাভ
M মূলধনি লাভ N মুনাফাজাতীয় লাভ

**১২. নিচের কোনটি ঝুঁকিমুক্ত আয়?**
K সরকারি বন্ড হতে প্রাপ্ত আয়
L সাধারণ শেয়ারে বিনিয়োগ হতে আয়
M অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ হতে আয়
N কর্পোরেট বন্ড হতে প্রাপ্ত আয়

**১৩. একটি কোম্পানির ঝুঁকি প্রিমিয়াম ১৫% এবং ঝুঁকিমুক্ত আয় ১০% হলে প্রয়োজনীয় আয়ের হার কত?**
K ৫% L ১০%
M ১৫% N ২৫%

**১৪. তারল্য ও মুনাফার মধ্যে সম্পর্ক কী?**
K নিম্নমুখী L সমানুপাতিক
M ঋণাত্মক N ধনাত্মক

**১৫. জনাব আরিফ যদি অসীম সময় পর্যন্ত প্রতিমাসে ২,০০০ টাকা করে পেতে চায় এবং ব্যাংক সুদের হার ১১% হয় তবে বর্তমানে তাকে কত টাকা ব্যাংকে জমা রাখতে হবে?**
K ১৮,১৮১.৮১ L ৭২,৭২৭.২৭
M ১,০৯,০৯০.৯০ N ২,১৮,১৮১.৮১

**১৬. বিনিয়োগকৃত টাকা কত সময়ে দ্বিগুণ হবে তা নির্ণয়ের জন্য নিচের কোনটি ব্যবহার করা হয়?**
K রুল ৭২ L রুল ৬৯
M অ্যানুইটি N চিরস্থায়ী বৃত্তি

**১৭. জনাব ইমরান বার্ষিক ৮% সুদের হারে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছেন। ঋণের মেয়াদকাল ৪ বছর। তিনি প্রতিবছরের শুরুতে ঋণের কিস্তি পরিশোধ করলে প্রথম কিস্তিতে পরিশোধিত সুদের পরিমাণ কত?**
K ০ L ২,২৩৬
M ৮,০০০ N ২৭,৯৫৬

**১৮. স্থায়ী ব্যয়মুক্ত সিকিউরিটিসমূহ হলো—**
i. সাধারণ শেয়ার
ii. অগ্রাধিকার শেয়ার
iii. ঋণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. যে বন্ডের মেয়াদকাল উল্লেখ থাকে না তাকে কী বলা হয়?**
K কুপন বন্ড L জিরো কুপন বন্ড
M অসীম বন্ড N প্রাইজ বন্ড

**২০. অর্থায়নের সামাজিক দায়িত্বসমূহ হলো—**
i. কর্মকর্তা কর্মচারীদের স্বার্থ রক্ষা
ii. শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষা
iii. সরকারের স্বার্থ রক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. যদি বিনিয়োগকারীর বন্ডের প্রত্যাশিত আয়ের হার ১০% থেকে ১২% এ উন্নীত হয় তবে বন্ডের অন্তর্নিহিত মূল্যের উপর কী প্রভাব পড়বে?**
K পূর্বের তুলনায় বন্ডের মূল্য বাড়বে
L পূর্বের তুলনায় বন্ডের মূল্য কমবে
M বন্ডের মূল্য অপরিবর্তিত থাকবে
N প্রত্যাশিত আয়ের সাথে বন্ডের মূল্য সম্পর্কহীন

**২২. IPO-এর পূর্ণরূপ কী?**
K Initial Popular Offering
L Internal Public Offering
M Initial Public Offering
N International Public Offering

**২৩. নিচের কোনটি বন্ড ইস্যুকারী কর্তৃপক্ষ নয়?**
K সিটি কর্পোরেশন L যৌথমূলধনি কোম্পানি
M অংশীদারি ব্যবসায় N বৈদেশিক সরকার

**২৪. সরকারি অর্থায়নে প্রথমে নিচের কোন কাজটি নির্ধারণ করা হয়?**
K আয় L ব্যয়
M বৈদেশিক ঋণ N উন্নয়ন ব্যয়

**২৫. প্রয়োজনীয় আয়ের হার নিচের কোনটির সমন্বয়ে গঠিত?**
K ঝুঁকিমুক্ত আয় + ঝুঁকি প্রিমিয়াম
L ঝুঁকিমুক্ত আয় – ঝুঁকি প্রিমিয়াম
M ঝুঁকি প্রিমিয়াম ÷ ঝুঁকিমুক্ত আয়
N ঝুঁকি প্রিমিয়াম × ঝুঁকিমুক্ত আয়

**২৬. কর্পোরেট ভাবমূর্তি বৃদ্ধি পেলে—**
i. নগদ প্রবাহ বৃদ্ধি পাবে
ii. ঝুঁকি হ্রাস পাবে
iii. সম্ভাব্য মামলা খরচ হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. "Do not put all your eggs in one basket" প্রবাদ বাক্যটি অর্থায়নের কোন নীতির সাথে সম্পৃক্ত?**
K ঝুঁকি ও মুনাফা L তারল্য ও মুনাফা
M পোর্টফোলিও বৈচিত্র্যায়ন
N উপযুক্ততার

**২৮. কাম্যমূলধন কাঠামোতে বিবেচনা করা হয়—**
i. একাধিক উৎসের উপস্থিতি
ii. শেয়ারের বাজারমূল্য
iii. মূলধন ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. ভবিষ্যৎ মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?**
K চক্রবৃদ্ধিকরণ L বাট্টাকরণ
M চক্রবৃদ্ধি সুদ N সরল সুদ

**৩০. ত্রৈমাসিক ১২% চক্রবৃদ্ধি সুদের হারে প্রকৃত সুদের হার কত?**
K ১২.৪৮% L ১২.৫৫%
M ১২.৬১% N ১২.৬৮%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | K | ৪ | N | ৫ | L | ৬ | N | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | K | ১৯ | M | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | M | ২৪ | L | ২৫ | K | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | L |

## ২৩ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. পোর্টফোলিওতে পরিমিত ব্যবধান কখন সবচেয়ে বেশি?**
K r = + ১ L r = .৫০
M r = – .৫০ N r = – ১

**২. যদি শেয়ারের ক্রয়মূল্য ১০০ টাকা, বিক্রয়মূল্য ১১০ টাকা এবং শেয়ার প্রতি লভ্যাংশ ৮ টাকা হয়, তাহলে লভ্যাংশের উপার্জন হার কত?**
K ৮% L ১০%
M ১৫% N ১৮%

**৩. মূলধন বাজেটিংয়ের প্রথম ধাপ কোনটি?**
K প্রকল্প নিয়ন্ত্রণ L প্রকল্প পুনঃমূল্যায়ন
M প্রকল্প প্রণয়ন N প্রকল্প মূল্যায়ন

**৪. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৪,০০,০০০ টাকা। প্রকল্পের আগামী পাঁচ বছরের নগদ আন্তঃপ্রবাহ ১,০০,০০০ টাকা পাওয়া যাবে। পে-ব্যাক সময় কত বছর?**
K ৩.৫ বছর L ৩.৮ বছর
M ৪ বছর N ৪.৫ বছর

**৫. একটি প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহ ১,০০,০০০ টাকা। বার্ষিক অবচয় ১০,০০০ টাকা। কর পরবর্তী নিট মুনাফা কত?**
K ৬০,০০০ L ৭০,০০০
M ৯০,০০০ N ১,১০,০০০

**৬. পে-ব্যাক সময় পদ্ধতির জন্য প্রয়োজন হলো—**
i. বাট্টার হার
ii. নগদ আন্তঃপ্রবাহ
iii. প্রারম্ভিক বিনিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৭. শূন্য কুপন বন্ডের বৈশিষ্ট্য—**
i. অভিহিত মূল্যে বিক্রি হয়
ii. অবহারে বিক্রি হয়
iii. কুপন হার থাকে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
বার্ষিক ১০% কুপন সুদে একটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,০৫০ টাকা। মেয়াদকাল ১০ বছর। প্রত্যাশিত আয়ের হার ৯%।

**৮. উদ্দীপকে উল্লিখিত বন্ডটি কোন ধরনের?**
K ট্রেজারি বন্ড L জিরো কুপন বন্ড
M কুপন বন্ড N বাহক বন্ড

**৯. বন্ডটির ক্ষেত্রে প্রযোজ্য—**
i. চলতি আয়ের হার ৯.৫২%
ii. বন্ডটি অধিহারে বিক্রি হবে
iii. বন্ডটির মেয়াদপূর্তি মূল্য ১,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ডকে কী বলা হয়?**
K ট্রেজারি বিল L ট্রেজারি বন্ড
M কর্পোরেট বন্ড N ইনকাম বন্ড

**১১. সম্ভাবনার সর্বোচ্চ মান কত?**
K – ১ L ০
M ১ N ২

**১২. বন্ড ইস্যু করতে পারে—**
i. সরকার
ii. বিদেশি কোম্পানি
iii. কর্পোরেশন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৩. পোর্টফোলিও তত্ত্ব আবিষ্কার করেন কে?**
K জন লিস্টার L হ্যারি মারকুইস
M উইলিয়াম শার্প N জেন মসি

**১৪. ব্যবসায় অর্থায়নের মূল লক্ষ্য কোনটি?**
K মুনাফা সর্বাধিকরণ L ব্যয় নিয়ন্ত্রণ
M জনকল্যাণ N সম্পদ সর্বাধিকরণ

**১৫. অর্থায়নের মৌলিক সিদ্ধান্ত হলো—**
i. আর্থিক
ii. বিনিয়োগ
iii. লভ্যাংশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. বাংলাদেশে কত সালের ব্যাংক কোম্পানি আইন বিদ্যমান আছে?**
K ১৯৪৭ L ১৯৬৯
M ১৯৯১ N ১৯৯৪

**১৭. মাধ্যমিক বাজারের সাথে সরাসরি জড়িত থাকে—**
i. শেয়ার ক্রেতা
ii. শেয়ার বিক্রেতা
iii. ব্রোকার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. জনাব রহিম ২৭০ দিন মেয়াদে ৫০,০০০ টাকা ব্যাংকে জমা করেন। সুদের হার ৮% হলে মেয়াদ শেষে কত টাকা পাবেন?**
K ৫২,৯৭০ L ৪৮,৯৭০
M ৩০,১৩০ N ২৯,১৩০

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাকির ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে একটি মেশিন ক্রয় করেন। সুদের হার ১৮%। তিনি দুই বছরে ঋণ পরিশোধ করবেন। ঋণের কিস্তি মাসিক প্রদান করবেন।

**১৯. জনাব জাকির কয়টি কিস্তি পরিশোধ করবেন?**
K ২ L ১২
M ১৮ N ২৪

**২০. কিস্তির পরিমাণ কত?**
K ২,৪৯৬ L ৭,১৪৮
M ৩৪,৯৭৭ N ৩৫,৯০৯

**২১. কোন চক্রবৃদ্ধিতে অর্থের ভবিষ্যৎ মূল্য সবচেয়ে কম হবে?**
K অর্ধবার্ষিক L ত্রৈমাসিক
M মাসিক N পাক্ষিক

**২২. অবিরত চক্রবৃদ্ধির মান কত?**
K e = 2.707181 L e = 2.718281
M e = 2.714181 N e = 2.818282

**২৩. PQ কোম্পানির কুপন সুদের পরিমাণ ১২০ টাকা, লিখিত মূল্য ১,০০০ টাকা এবং বন্ডের বর্তমান মূল্য ৮৫০ টাকা। প্রত্যাশিত আয়ের ব্যয় কত?**
K ১২% L ১২.১২%
M ১৪.১২% N ১৬.৩৫%

**২৪. যদি বন্ডের YTM কুপন সুদের হার থেকে কম হয় তাহলে বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্য থেকে—**
K বেশি হবে L কম হবে
M সমান হবে N সমতুল্য হবে

**২৫. বন্ডের লিখিত মূল্য ২,০০০ টাকা, ১০% অধিহারে বর্তমান বাজারে বিক্রি হয়। কুপন সুদের হার ১৩% হলে বর্তমান আয়ের হার কত?**
K ১০% L ১১.৮২%
M ১২.৮২% N ১৩%

**২৬. বাজারে সুদের হার বৃদ্ধির পেলে বন্ডের মূল্য—**
K বৃদ্ধি পাবে L হ্রাস পাবে
M অপরিবর্তিত থাকবে N দ্বিগুণ হবে

**২৭. একটি প্রতিষ্ঠানের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা এবং মুনাফা অর্জন সূচক ১ হয় তাহলে নিট বর্তমান মূল্য কত হবে?**
K ০ L ৩০,০০০
M ৫০,০০০ N ৬০,০০০

**২৮. মূলধন বাজেটিংয়ের উদ্দেশ্য—**
i. আধুনিকীকরণ
ii. নতুন প্রকল্প গ্রহণ
iii. গবেষণা ও উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জাবিরের কাছে ১,২০,০০০ টাকা আছে। শেয়ার A তে ৪০,০০০ টাকা এবং অবশিষ্ট অর্থ শেয়ার B-তে বিনিয়োগ করেন। শেয়ার A ও B এর প্রত্যাশিত আয়ের হার ১৬% ও ১৪%।

**২৯. জনাব জাবিরের পোর্টফোলিওতে প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১৬.৩৩% L ১৫.৭১%
M ১৪.৭১% N ১২.৭৯%

**৩০. যদি উভয় শেয়ারে সমানভাবে বিনিয়োগ করেন তাহলে পোর্টফোলিওতে প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১২% L ১৫%
M ১৬% N ১৭%

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | K | ৩ | M | ৪ | M | ৫ | M | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | N | ১০ | L | ১১ | M | ১২ | N | ১৩ | L | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | K | ২১ | K | ২২ | L | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | K | ২৮ | N | ২৯ | M | ৩০ | L |

## ২৪ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. BSEC কোন মন্ত্রণালয়ের অধীনে থেকে কাজ করে?**
K বাণিজ্য মন্ত্রণালয় L অর্থ মন্ত্রণালয়
M শিল্প মন্ত্রণালয় N কৃষি মন্ত্রণালয়

**২. দীর্ঘমেয়াদি অর্থায়নের হাতিয়ার হলো—**
i. ঋণপত্র
ii. ট্রেজারি বিল
iii. সাধারণ শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. যে বন্ডের উপর সুদ প্রদান করা হয় না তাকে কী বলে?**
K ট্রেজারি বন্ড L জাঙ্ক বন্ড
M কুপন বন্ড N জিরো কুপন বন্ড

**৪. বিনিয়োগকৃত টাকাকে বার্ষিক সমান নগদ প্রবাহ দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?**
K নিট বর্তমান মূল্য L আন্তঃআয় হার
M গড় মুনাফার হার N পে ব্যাক সময়

**৫. যে বাট্টার হারে কোনো প্রকল্পের নিট বর্তমান মূল্য শূন্য হয় তাকে কী বলে?**
K গড় মুনাফার হার L আন্তঃআয় হার
M নিট বর্তমান মূল্য N আয়ের হার

**৬. মূলধন বাজেটিং কোন ধরনের বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত?**
K স্বল্পমেয়াদি L দীর্ঘমেয়াদি
M মধ্যমেয়াদি N স্বল্প ও মধ্যমেয়াদি

**৭. মূলধন বাজেটিংয়ের উদ্দেশ্য হলো—**
i. আধুনিকীকরণ
ii. পুনঃস্থাপন
iii. বাট্টাকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. তহবিল সংগ্রহ ও বিনিয়োগসংক্রান্ত প্রক্রিয়াকে কী বলে?**
K অর্থায়ন L বাস্তবায়ন
M অর্থনীতি N পরিকল্পনা

**৯. কোন অর্থায়নের ক্ষেত্রে ব্যয় বুঝে আয় করতে হয়?**
K ব্যবসায় L ব্যক্তিগত
M অব্যবসায় N সরকারি

**১০. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?**
K নিম্নমুখী L বিপরীতমুখী
M উর্ধ্বমুখী N অন্তমুখী

**১১. পোর্টফোলিও নীতির উদ্দেশ্য হলো—**
i. ঝুঁকিহ্রাস
ii. মুনাফা বৃদ্ধি
iii. বাজার বিশ্লেষণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শওকত একটি বেসরকারি ব্যাংকে চাকরি করেন। শেয়ারবাজারে বিনিয়োগের আগ্রহ থেকে তিনি তার জমানো পুরো টাকা দিয়ে মেঘনা অয়েল লি. এর শেয়ার ক্রয় করলেন। মেঘনা অয়েল লি. ভালো অবস্থানে থাকায় প্রতিবছর মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদানসহ পরিবেশ দূষণরোধে রাস্তার দুই পাশে গাছ লাগিয়ে থাকে।

**১২. মি. শওকত তার বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতিটি অনুসরণ করতে ব্যর্থ হয়েছেন?**
K অর্থের সময়মূল্য নীতি L ব্যবসায় চক্র নীতি
M পোর্টফোলিও নীতি N উপযুক্ততার নীতি

**১৩. কোন দায়বদ্ধতা থেকে মেঘনা অয়েল লি. শিক্ষাবৃত্তি প্রদান ও গাছ লাগিয়ে থাকে?**
K রাজনৈতিক L অর্থনৈতিক
M পারিবারিক N সামাজিক

**১৪. চক্রবৃদ্ধিকরণ কোনটি নির্ণয়ের ক্ষেত্রে জড়িত?**
K নগদ প্রবাহ L ভবিষ্যৎ মূল্য
M বর্তমান মূল্য N সরল সুদ

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রকল্পের প্রারম্ভিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর। প্রতি বছর নগদ আন্তঃপ্রবাহ ২০,০০০ টাকা।

**১৫. প্রকল্পটির বার্ষিক অবচয়ের পরিমাণ কত?**
K ৫,০০০ টাকা L ৯,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৫,০০০ টাকা

**১৬. প্রকল্পটির পে-ব্যাক সময় কত?**
K ২ বছর L ২.২৫ বছর
M ২.৫০ বছর N ৩ বছর

**১৭. ঝুঁকি পরিমাপের জন্য ব্যবহার করা হয়—**
i. আদর্শ বিচ্যুতি
ii. বিভেদাঙ্ক
iii. সম্ভাবনা বিন্যাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. আর্থিক ক্ষতি হওয়ার সম্ভাবনাকে কী বলে?**
K অনিশ্চয়তা L ঝুঁকি
M লোকসান N মন্দা

**১৯. কোনটি মূলধন বাজেটিংয়ের অন্যতম বিবেচ্য বিষয়?**
K আয় L সম্পত্তি ক্রয়
M সম্পত্তি বিক্রয় N সময়কাল

**২০. দীর্ঘমেয়াদি অর্থায়নের অভ্যন্তরীণ উৎস হলো—**
i. ঋণপত্র
ii. সংরক্ষিত আয়
iii. অবচয় তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. অর্থনৈতিক ঝুঁকির উৎস হলো—**
K বন্যা L ভোক্তার রুচি
M ঝড় N ভূমিকম্প

**২২. ঝুঁকি গ্রহণের জন্য অতিরিক্ত প্রাপ্তিকে কী বলা হয়?**
K ঝুঁকি প্রিমিয়াম L পত্র কোষ
M বিটা N পরিমিত ব্যবধান

**২৩. ভবিষ্যৎ সর্বদাই—**
K গণনাযোগ্য L নিয়ন্ত্রণযোগ্য
M অনিশ্চিত N নিশ্চিত

**২৪. কোন চক্রবৃদ্ধিতে ভবিষ্যৎ মূল্য সর্বাধিক হবে?**
K মাসিক L ত্রৈমাসিক
M অর্ধবার্ষিক N বার্ষিক

**২৫. চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে—**
i. সুদাসলের উপর সুদ হিসাব করা হয়
ii. শুধুমাত্র আসল টাকার উপর সুদ হিসাব করা হয়
iii. বিগত বছরের সুদকে আসল হিসাবে ধরা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রিপন একজন চাকরিজীবী। তার অফিসে যাতায়াতের জন্য একটি গাড়ি প্রয়োজন যার মূল্য ১৫,০০,০০০ টাকা। উক্ত টাকা তিনি ডেল্টা ব্যাংক লি. হতে ৮% সুদে ১০ বছরের জন্য ঋণ গ্রহণ করলেন।

**২৬. মি. রিপনকে মেয়াদ শেষে কত টাকা পরিশোধ করতে হবে?**
K ২৮,৩৮,৩৮৭ টাকা L ৩০,৩৮,৩৮৭ টাকা
M ৩২,৩৮,৩৮৭ টাকা N ৩৪,৩৮,৩৮৭ টাকা

**২৭. মি. রিপনকে সুদ বাবদ অতিরিক্ত কত টাকা পরিশোধ করতে হবে?**
K ১৪,৩৮,৩৮৭ টাকা L ১৫,৩৮,৩৮৭ টাকা
M ১৬,৩৮,৩৮৭ টাকা N ১৭,৩৮,৩৮৭ টাকা

**২৮. IPO-এর পূর্ণরূপ কোনটি?**
K Initial Public Offer
L Initial Public Offering
M Internal Public Offer
N Internal Public Offering

**২৯. মেয়াদপূর্তিতে আয়ের হারকে কী বলে?**
K YTC L Yield
M YTM N Current Yield

**৩০. একটি শেয়ার ১০০ টাকায় ক্রয় ১১০ টাকায় বিক্রয় করা হলো। এক্ষেত্রে মূলধনি লাভ কত?**
K ১০ টাকা L ১১ টাকা
M ২৫ টাকা N ২৬ টাকা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | N | ৪ | N | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | K | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | L | ১৯ | L | ২০ | M | ২১ | L | ২২ | K | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | L | ২৯ | M | ৩০ | K |

# ২৫ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ডকে কী বলে?**
K ট্রেজারি বিল L ট্রেজারি বন্ড
M মিউনিসিপাল বন্ড N কর্পোরেট বন্ড

**২. বন্ডের অন্তর্নিহিত মূল্যের সাথে সম্পর্ক আছে—**
i. মেয়াদের
ii. বাট্টার হারের
iii. মেয়াদপূর্তি মূল্যের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩. যদি কুপন সুদের হার ও প্রত্যাশিত আয়ের হার সমান হয় এবং বন্ডটি সমমূল্যে বিক্রয় হয় এবং অধিহারে পরিশোধিত হয় তবে—**
K বন্ডে চলতি আয়ের হার মেয়াদপূর্তি আয়ের হার সমান হবে
L বন্ডের অন্তর্নিহিত মূল্য অভিহিত মূল্য থেকে কম হবে
M বন্ডের মেয়াদপূর্তি আয়ের হার কুপন থেকে বড় হবে
N বন্ডের অন্তর্নিহিত মূল্য হতে বাজারমূল্য বেশি হবে

**৪. বন্ডের মাধ্যমে অর্থায়ন করলে কোম্পানিকে কী প্রদান করতে হয়?**
K মুনাফা L লভ্যাংশ
M সুদ N লাভ

**৫. বিনিয়োগের ক্ষেত্রে হতে পারে—**
i. মুনাফা শূন্য হতে পারে
ii. মুনাফা ধনাত্মক হতে পারে
iii. মুনাফা ঋণাত্মক হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৬. নিচের কোন সিকিউরিটির ক্ষেত্রে মূলধনি লাভের হার অধিক?**
K ক্রয়মূল্য ২০০ টাকা এবং বিক্রয়মূল্য ২৬০ টাকা
L ক্রয়মূল্য ১০০ টাকা এবং বিক্রয়মূল্য ১৩০ টাকা
M ক্রয়মূল্য ৬০ টাকা এবং বিক্রয়মূল্য ৯০ টাকা
N ক্রয়মূল্য ৪০ টাকা এবং বিক্রয়মূল্য ৫৫ টাকা

**৭. চারটি সিকিউরিটি A, B, C এবং D। প্রতিটির আয়ের হার সমান। সিকিউরিটিগুলোর সহ-সম্বন্ধ যথাক্রমে A, B = ১, A, C = ০.৫০, B, C = .৪০ এবং A, D = – ০.৪০। নিম্নের কোন পোর্টফোলিওর ঝুঁকি বেশি হ্রাস পাবে?**
K সিকিউরিটি A এবং B
L সিকিউরিটি A এবং C
M সিকিউরিটি A এবং D
N সিকিউরিটি B এবং C

**৮. দুটি সিকিউরিটির আয়ের হার ভিন্ন হলে তাদের ঝুঁকির মধ্যে তুলনা করার জন্য কোন পদ্ধতি ব্যবহার করা হয়?**
K ভেদাঙ্ক L পরিমিত ব্যবধান
M পরিসর N গড় আয়ের হার

**৯. নিচের কোনটি অর্থায়নের কার্যাবলি নয়?**
K তহবিল সংগ্রহ L বাজারজাতকরণ
M তহবিল বণ্টন N মূলধন বাজেটিং

**১০. সরকারি অর্থায়নে প্রথম কোনটি নির্ধারণ করা হয়?**
K রাজস্ব আয় L রাজস্ব ঘাটতি
M রাজস্ব উদ্বৃত্ত N রাজস্ব ব্যয়

**১১. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য নিচের কোনটি?**
K শেয়ারপ্রতি আয় বৃদ্ধি
L বিনিয়োগ বৃদ্ধি
M সাধারণ শেয়ারের মূল্য বৃদ্ধি
N মোট মুনাফা বৃদ্ধি

**১২. চলতি সম্পদে বিনিয়োগ বৃদ্ধি পেলে কী হয়?**
i. তারল্য হ্রাস পায়
ii. মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি পায়
iii. দেউলিয়াত্বের ঝুঁকি হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৩. বিনিয়োগের ঝুঁকির হ্রাসের ক্ষেত্রে প্রয়োগ করা হয় কোন নীতিটি?**
K তারল্য ও ঝুঁকি L মুনাফা ও ঝুঁকি
M মুনাফা ও তারল্য
N পোর্টফোলিও বৈচিত্র্যায়ন

**১৪. একক নগদ প্রবাহের ক্ষেত্রে বর্তমান মূল্য বৃদ্ধি পাবে যদি—**
K চক্রবৃদ্ধির সংখ্যা বাড়ে L ভবিষ্যৎ মূল্য কমে
M সুদের হার কমে N সময় বৃদ্ধি পায়

**১৫. সরকারি অর্থায়নের উদ্দেশ্য নয় কোনটি?**
K দারিদ্র্য বিমোচন L মুনাফা সর্বাধিকরণ
M সামাজিক দায়িত্ব পালন
N পরিবেশ দূষণ রোধ

**১৬. সুদাসলের উপর সুদ ধার্য করা হলে তাকে কী বলা হয়?**
K চক্রবৃদ্ধি সুদ L কার্যকর সুদ
M সরল সুদ N নামিক সুদ

**১৭. অ্যানুইটির বৈশিষ্ট্য হলো—**
i. সমপরিমাণ নগদ অর্থের প্রাপ্তি এবং প্রদান
ii. সময়ের ব্যবধান একই হওয়া
iii. সময়কাল নির্দিষ্ট হওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. নিচের কোনটি মূলধন বাজেটিংয়ের প্রথম ধাপ?**
K প্রকল্প মূল্যায়ন L প্রকল্প বাস্তবায়ন
M প্রকল্প প্রণয়ন N প্রকল্প বিশ্লেষণ

**১৯. সরল সুদের ক্ষেত্রে—**
K বেশি সুদ পাওয়া যায়
L প্রতি বছর সুদের পরিমাণ বৃদ্ধি পায়
M সুদাসলের উপর সুদ হিসাব করা হয়
N আসল টাকার উপর সুদ নির্ণয় করা হয়

**২০. মূলধন বাজেটিং সিদ্ধান্ত গ্রহণ নির্ভর করে—**
i. মূলধন ব্যয়ের উপর
ii. প্রকল্পগুলোর মধ্যে সম্পর্কের উপর
iii. প্রকল্পের ঝুঁকির উপর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
তাহের একজন কৃষক। তিনি একটি জমি ৫ বছরের জন্য লিজ গ্রহণ করতে চাচ্ছেন। যার শর্ত হিসাবে জমির মালিককে এককালীন ২,০০,০০০ টাকা অথবা প্রথম বছর ২৫,০০০ টাকা প্রদান করবে যা পরবর্তী বছরগুলোতে দুই হাজার টাকা করে হ্রাস পাবে।

**২১. তাহের প্রতিবছর জমির মালিককে যে টাকা প্রদান করতে চাচ্ছেন এটি কোন ধরনের নগদ প্রবাহ?**
K বার্ষিক নগদ প্রবাহ
L সাধারণ বার্ষিক নগদ প্রবাহ
M অগ্রিম বার্ষিক নগদ প্রবাহ
N মিশ্র নগদ প্রবাহ

**২২. জমির মালিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যা করতে পারেন—**
K বার্ষিক নগদ প্রবাহের বর্তমান মূল্য নির্ণয় করা
L বার্ষিক বৃত্তির বর্তমান মূল্য নির্ণয় করা
M এককালীন টাকার ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা
N বার্ষিক বৃত্তির ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা

**২৩. সুদ ও করপূর্ববর্তী মুনাফা থেকে সুদ ও কর বাদ দিলে কী পাওয়া যায়?**
K নগদ আন্তঃপ্রবাহ L আন্তঃআয়ের হার
M নিট মুনাফা N নিট নগদ প্রবাহ

**২৪. কোনো সম্পত্তির অর্থনৈতিক জীবনকাল শেষে যে মূল্য অবশিষ্ট থাকে তা হলো—**
K ভগ্নাবশেষ মূল্য L বিক্রয়মূল্য
M নগদ বহিঃপ্রবাহ N অবচয়

**২৫. একটি প্রকল্প গ্রহণযোগ্য হবে যদি—**
K গড় আয়ের হার মূলধন ব্যয়ের কম হলে
L নিট বর্তমান মূল্য ধনাত্মক হলে
M মূলধন ব্যয় আন্তঃআয়ের হার থেকে বেশি হলে
N পে-ব্যাক সময় প্রকল্পের মেয়াদ অপেক্ষা বেশি হলে

**২৬. জনাব আব্দুল্লাহ সাত রং ফ্যাশন কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা। মূলধন বাজেটিংয়ের মাধ্যমে নিম্নের কোন সিদ্ধান্তটি তিনি নিবেন?**
K পোশাকের মূল্য নির্ধারণ
L কাপড় ক্রয়
M কর্মচারী নিয়োগ N নতুন শাখা স্থাপন

**২৭. পোর্টফোলিওতে বিনিয়োগের উদ্দেশ্য কোনটি?**
K ঝুঁকি হ্রাস L মুনাফা বৃদ্ধি
M বিক্রয় বৃদ্ধি N উৎপাদন ব্যয় হ্রাস

**২৮. আবির লি.-এর বিটার মান ২। ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার ঝুঁকি প্রিমিয়াম ১০%। আবির লি.-এর প্রয়োজনীয় আয়ের হার কত?**
K ৮% L ১৪% M ২২% N ২৬%

**২৯. যে বন্ডের কোনো মেয়াদ নেই তাকে বলা হয়—**
K জিরো কুপন বন্ড L পারপিচ্যুয়াল বন্ড
M পরিশোধযোগ্য বন্ড N কুপন বন্ড

**৩০. জিরো কুপন বন্ড—**
i. বাট্টায় বিক্রয় হয়
ii. নির্দিষ্ট মেয়াদ থাকে
iii. অভিহিত মূল্যে পরিশোধিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | M | ৫ | N | ৬ | M | ৭ | M | ৮ | K | ৯ | L | ১০ | N | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | M | ১৯ | N | ২০ | N | ২১ | N | ২২ | K | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | N | ২৯ | L | ৩০ | N |

## ২৬ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. তারল্য ও মুনাফার মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান?**
K সমান্তরাল L বিপরীতমুখী
M ধনাত্মক N নিরপেক্ষ

**২. অর্থের ভবিষ্যৎ মূল্যের অপর নাম কী?**
K বাট্টাকৃত মূল্য L নগদ মূল্য
M প্রাথমিক মূল্য N প্রান্তিক মূল্য

**৩. বিনিয়োগকারীর নিয়ন্ত্রণে থাকে কোনটি?**
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M অপরিহারযোগ্য ঝুঁকি N ফটকা ঝুঁকি

**৪. অগ্রাধিকার শেয়ারকে শংকর সিকিউরিটি বলার কারণ কোনটি?**
K অগ্রাধিকার শেয়ারের মেয়াদ স্থির
L অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশ স্থির
M অগ্রাধিকার শেয়ারের মধ্যে সাধারণ শেয়ার ও বন্ডের বৈশিষ্ট্য বিদ্যমান
N অগ্রাধিকার শেয়ারহোল্ডাররা সাধারণ শেয়ারহোল্ডারের পূর্বে লভ্যাংশ পায়

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'X' কম ঝুঁকিসম্পন্ন প্রকল্পে বিনিয়োগে আগ্রহী। তার বিনিয়োগ সুযোগ নিম্নরূপ :

| বিবরণ | প্রকল্প | | | |
|---|---|---|---|---|
| | A | B | C | D |
| পরিমিত ব্যবধান % | ১৫ | ২১ | ১৮ | ১৯ |
| প্রত্যাশিত আয় % | ৯ | ১২ | ৭ | ৬ |

**৫. উদ্দীপকে বর্ণিত প্রকল্প 'A'-এর বিভেদাঙ্ক কত?**
K ১.৩৭ L ১.৪৭
M ১.৫৭ N ১.৬৭

**৬. মি. 'X' কে কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত হবে?**
K A L B M C N D

**৭. সময় ও সুদের হারের সাথে ভবিষ্যৎ মূল্যের সম্পর্ক কী?**
K ধনাত্মক L ঋণাত্মক
M নিরপেক্ষ N সমানুপাতিক

**৮. একটি ফার্মের মূল লক্ষ্য কী?**
K মুনাফা সর্বাধিকরণ
L ব্যবসায় নৈতিকতা অনুসরণ
M সম্পদ সর্বাধিকরণ N সামাজিক কল্যাণ

■ **উদ্দীপকটি পড়ে ৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'X' একটি বন্ড ক্রয় করেছেন যার অভিহিত মূল্য ৮০০ টাকা, বাজারমূল্য ১,০০০ টাকা এবং তিনি বছরে ৪০ টাকা সুদ পান।

**৯. বন্ডের সুদের হার কত?**
K ৪% L ৫% M ৬% N ৭%

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
নজরুল লি. ১০% হার সুদে মুন ব্যাংক লি. থেকে ৫০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় পরিচালনা করে ১০,০০০ টাকা মুনাফা করে। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে আনুপাতিক হারে বণ্টন করে। পরবর্তী বছর কাঁচামাল ক্রয় করতে গিয়ে প্রতিষ্ঠানটি পর্যাপ্ত নগদ অর্থের ঘাটতিতে পড়ে।

**১০. নজরুল লি. অর্থায়নের কোন নীতিটি অনুসরণ না করায় কাঁচামাল ক্রয়ে সমস্যা দেখা দিল?**
K ঝুঁকি ও মুনাফা L তারল্য ও মুনাফা
M অর্থের সময়মূল্য N বৈচিত্র্যকরণ

**১১. উদ্দীপকে নজরুল লি. এর গৃহীত সিদ্ধান্তগুলো হলো—**
i. অর্থায়ন
ii. বিনিয়োগ
iii. লভ্যাংশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. নিচের কোনটি মূলধন বাজেটিংয়ের সনাতন পদ্ধতি?**
K NPV L ARR M IRR N NPI

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
'X' কোম্পানি লি. ১০০ টাকা অভিহিত মূল্যে ১০% ঋণপত্র ইস্যু করে, যার প্রত্যাশিত আয়ের হার ১৫%।

**১৩. উদ্দীপকে উল্লিখিত ঋণপত্রের অন্তর্নিহিত মূল্য কত?**
K ৬৬.৬৭ L ৭৬.৬৭
M ৮৬.৬৭ N ৯৬.৬৭

**১৪. ইস্যুকৃত ঋণপত্রটি হলো—**
i. অপরিশোধ্য
ii. বাট্টায় ইস্যুকৃত
iii. দীর্ঘমেয়াদি উৎস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. যে হারে NPV শূন্য হয় তাকে বলে—**
K ARR L ROI M IRR N PBR

**১৬. মূলধন বাজেটিংয়ের কোন পদ্ধতিকে হিসাববিজ্ঞান উপার্জন হার নামেও অভিহিত করা হয়?**
K গড় আয়ের হার L আন্তঃআয়ের হার
M বিনিয়োগের আয়ের হার
N মূলধন ফেরতকালীন সময়

**১৭. কী থেকে ঝুঁকি সৃষ্টি হয়?**
K বিচ্যুতি থেকে L লাভ-ক্ষতি থেকে
M অনিশ্চয়তা থেকে N পোর্টফোলিও থেকে

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'X' নিম্নের তথ্যগুলো বিশ্লেষণের মাধ্যমে একটি লাভজনক প্রকল্পে বিনিয়োগ করতে চায়। প্রকল্পগুলোর বাট্টার হার ১০%।

| বিবরণ | প্রকল্প-ক টাকা | প্রকল্প-খ টাকা |
|---|---|---|
| নগদ বহিঃপ্রবাহ | ২০,০০০ | ৪০,০০০ |
| বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ | ৫,০০০ | ৭,০০০ |
| NPV | ৮,৫৮৫ | ১৫,৩২৫ |
| IRR | ৮% | ১২% |

**১৮. প্রকল্প-খ এর PBP কত বছর হবে?**
K ৪.৭১ L ৫.৭১
M ৬.৭১ N ৭.৭১

**১৯. মি. 'X' এর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
i. NPV অনুযায়ী প্রকল্প-খ গ্রহণযোগ্য
ii. IRR অনুযায়ী প্রকল্প-খ গ্রহণযোগ্য
iii. PBP অনুযায়ী প্রকল্প-ক গ্রহণযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. প্রতিমাসে চক্রবৃদ্ধিকরণ হলে দুই বছরে চক্রবৃদ্ধির সংখ্যা কত হবে?**
K ১২ L ২৪ M ৩৬ N ৭২

**২১. মুনাফা সর্বাধিকরণ কীভাবে সম্ভব হয়?**
K শেয়ারের মূল্য বৃদ্ধির মাধ্যমে
L প্রতিষ্ঠানের স্বার্থ রক্ষা করে
M সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে
N সামাজিক কল্যাণের মাধ্যমে

**২২. মেয়াদের শুরুতে সমপরিমাণ অর্থ জমা করলে তাকে কী বলে?**
K বর্তমান মূল্য L অগ্রিম বৃত্তি
M সাধারণ বৃত্তি N ভবিষ্যৎ মূল্য

**২৩. পোর্টফোলিও তত্ত্ব কে প্রবর্তন করেন?**
K মডিগ্লিয়ানি L মিলার
M মারকুইজ N মারলন ব্লাক

**২৪. নিচের কোনটি ব্যবসায়ের অভ্যন্তরীণ অর্থসংস্থানের উৎস?**
K বাণিজ্যিক ব্যাংক L বিমা প্রতিষ্ঠান
M সাধারণ সঞ্চিতি তহবিল
N বিশেষায়িত ব্যাংক

**২৫. আয়ের হার নির্দিষ্ট থাকে নিচের কোনটিতে?**
K ঋণপত্রে L সাধারণ শেয়ারে
M প্রবর্তকের শেয়ারে N বোনাস শেয়ারে

■ **উদ্দীপকটি পড়ে ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হক ৫০ টাকায় প্রতিটি শেয়ার ক্রয় করে ৬০ টাকায় বিক্রয় করেন। তিনি শেয়ার প্রতি ৫ টাকা হারে লভ্যাংশ পান।

**২৬. জনাব হকের মোট আয়ের হার কত?**
K ১০% L ২০% M ২৫% N ৩০%

**২৭. দীর্ঘমেয়াদি অর্থায়নের বাহ্যিক উৎস কোনটি?**
K অবচয় তহবিল L ঋণপত্র
M নিজস্ব মূলধন N সংরক্ষিত আয়

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম ৫ বছর পর ৮০,০০০ টাকায় একটি ল্যাপটপ ক্রয় করতে আগ্রহী। এজন্য তিনি বর্তমানে নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখতে চান। শালুক ব্যাংকে জমা রাখলে বার্ষিক ৮% হারে সুদ পাওয়া যাবে এবং চন্দ্র ব্যাংকে জমা রাখলে ৭% হারে অর্ধবার্ষিকী হারে সুদ পাওয়া যাবে।

**২৮. শালুক ব্যাংকে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে?**
K ৪০,৪৫০ L ৪৮,৪৪৮
M ৫৪,৪৪৮ N ৬৪,৪৪৮

**২৯. নিচের কোনটি জনাব করিমের জন্য সঠিক?**
K শালুক ব্যাংকে কম অর্থ জমা রাখতে হবে
L চন্দ্র ব্যাংকে কম অর্থ জমা রাখতে হবে
M উভয় ব্যাংকে একই পরিমাণ অর্থ জমা রাখতে হবে
N চন্দ্র ব্যাংকে জমার পরিমাণ শালুক ব্যাংকের অর্ধেক হবে

**৩০. বাজার আয় ও ঝুঁকিমুক্ত আয়ের ব্যবধান নিচের কোনটি?**
K প্রত্যাশিত আয় L কোম্পানি ঝুঁকি
M ঝুঁকি প্রিমিয়াম N বাজার ঝুঁকি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | K | ৪ | M | ৫ | N | ৬ | K | ৭ | K | ৮ | M | ৯ | L | ১০ | L | ১১ | L | ১২ | L | ১৩ | K | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | L | ১৯ | N | ২০ | L | ২১ | M | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | K | ৩০ | M |

## ২৭ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—২০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো ১৫টি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিনিয়োগকারীরা কোন মূল্যকে অধিক গুরুত্ব দেয়?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিক মূল্য N চিরস্থায়ী বৃত্তি

**২. অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি হলে ২ বছরে কতবার চক্রবৃদ্ধি হবে?**
K ২ L ৪
M ৮ N ১২

**৩. ঋণ পরিশোধ তালিকায় দেওয়া থাকে?**
i. কিস্তির পরিমাণ
ii. সুদের পরিমাণ
iii. আসল টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. '৭২ বিধি' অনুযায়ী—**
i. মেয়াদ দিয়ে গুণ করলে সুদ পাওয়া যায়
ii. মেয়াদ দিয়ে ভাগ করলে সুদ পাওয়া যায়
iii. সুদ হার দিয়ে ভাগ করলে মেয়াদ পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
নিপা ট্রেডার্স তার কারখানার জন্য একটি মেশিন স্থাপনের সিদ্ধান্ত নিলেন। তিনি এই মেশিন থেকে আগামী ৮ বছর ধরে আয় পাবেন। মেশিন থেকে প্রাপ্ত ভবিষ্যৎ নগদ আন্তঃপ্রবাহের বর্তমান মূল্য থেকে প্রাথমিক বিনিয়োগ বাদ দিয়ে প্রকল্পটির লাভজনকতা নির্ণয় করা হয়।

**৫. নিপা ট্রেডার্স-এর মেশিন স্থাপনের সিদ্ধান্তটি হলো—**
K নগদ বাজেটিং L মূলধন বাজেটিং
M ক্রয় বাজেটিং N বিক্রয় বাজেটিং

**৬. নিপা ট্রেডার্স প্রকল্পটি লাভজনক মনে করেন কারণ ইহার—**
K $PBP < 0$ L $NPV > 0$
M $ARR > 0$ N $PI > I$

**৭. ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তি ও বিনিয়োগের উদ্দেশ্যে সংগৃহীত তহবিলকে কী বলা হয়?**
K স্বল্পমেয়াদি অর্থায়ন
L চলতি মূলধনের অর্থায়ন
M মধ্যমেয়াদি অর্থায়ন
N দীর্ঘমেয়াদি অর্থায়ন

**৮. নিচের কোনটি প্রাতিষ্ঠানিক অর্থায়নের উৎস?**
K বাণিজ্যিক ব্যাংক L বন্ড
M গ্রাম্য মহাজন N শেয়ার

**৯. কোনটি ঝুঁকিবিহীন বিনিয়োগ?**
K শেয়ার L বন্ড
M ডিবেঞ্চার N ট্রেজারি বিল

**১০. বিনিয়োগকারীর দৃষ্টিকোণ থেকে সাধারণ শেয়ারের ক্ষেত্রে সুবিধা হলো—**
i. নিয়ন্ত্রণ
ii. সম্পদের উপর দাবি
iii. পরিচালনার উপর দাবি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. মূলধন বাজেটিং সিদ্ধান্ত কোনটি?**
K পণ্য ক্রয় L কাঁচামাল ক্রয়
M যন্ত্রপাতি ক্রয় N জ্বালানি ক্রয়

**১২. মোট মুনাফা থেকে কর বাদ দিলে নিচের কোনটি পাওয়া যায়?**
K নিট মুনাফা L নগদ বহিঃপ্রবাহ
M নগদ আন্তঃপ্রবাহ N অবচয়

**১৩. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাকৃত নগদ প্রবাহ কৌশল হলো—**
i. নিট বর্তমান মূল্য
ii. অভ্যন্তরীণ মুনাফার হার
iii. মুনাফা অর্জন সূচক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মিথিলা কোম্পানির প্রধান নির্বাহী মিসেস বর্ষা। তিনি একটি নতুন প্রকল্পের বিনিয়োগের লাভজনকতা নির্ণয়ের পূর্বে পর পর ৪ বছরের নিট মুনাফা যোগ করে মোট মুনাফাকে ৪ দ্বারা ভাগ করেন। কিন্তু মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন।

**১৪. মিসেস বর্ষার অনুসৃত পদ্ধতি কোনটি?**
K গড় মুনাফার হার L পে-ব্যাক সময়
M নিট বর্তমান মূল্য
N অভ্যন্তরীণ মুনাফার হার

**১৫. উদ্দীপকে নির্দেশিত পদ্ধতির সীমাবদ্ধতা হলো—**
i. অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় না
ii. নগদ আন্তঃপ্রবাহ বিবেচনা না করা
iii. মুনাফা ও বিনিয়োগকে ভিন্ন সংখ্যা দ্বারা ভাগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ২,০০,০০০ টাকা এবং গড় কর পরবর্তী নিট মুনাফা ৫০,০০০ টাকা। প্রকল্পটির গড় মুনাফার হার কত?**
K ১২.৫% L ২৫%
M ৪০% N ৫০%

**১৭. ঋণের সুদ থেকে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
K বাজার ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N মোট ঝুঁকি

**১৮. প্রত্যাশিত আয়ের তারতম্য হলো—**
K ক্ষতি L ঝুঁকি
M মুনাফা N বিনিয়োগ

**১৯. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?**
K ধনাত্মক L ঋণাত্মক
M ঊর্ধ্বমুখী N নিম্নমুখী

**২০. নিচের কোনটি বিভেদাঙ্ক নির্ণয়ের সূত্র?**
K $CV = \frac{\sigma}{x} \times 100$ L $CV = \frac{\bar{x}}{\sigma} \times 100$
M $CV = \frac{\sigma^2}{x} \times 100$ N $CV = \frac{\sigma}{x^2} \times 100$

**২১. বিভেদাঙ্কের মাধ্যমে কী করা হয়?**
i. আপেক্ষিক তুলনা
ii. পারস্পরিক ঝুঁকি বিবেচনা
iii. আয় ও ঝুঁকির পরস্পর তুলনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. বাজার ঝুঁকির মান ১.৫। ঝুঁকিমুক্ত আয়ের হার ৭% এবং বাজার আয়ের হার ১৩% হলে কোনো সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?**
K ৭% L ৮% M ৯% N ১০%
*[বি.দ্র. : সঠিক উত্তর : ১৬%]

**২৩. মুনাফা অর্জনের লক্ষ্যে যে অর্থায়ন পরিচালিত হয় তাকে কী বলে?**
K ব্যবসায় অর্থায়ন L অব্যবসায় অর্থায়ন
M ব্যক্তিগত অর্থায়ন N সরকারি অর্থায়ন

**২৪. একাধিক লাভজনক প্রকল্পে বিনিয়োগ করা হলে তাকে কী বলে?**
K অর্থের সময়মূল্য নীতি L তারল্য নীতি
M উপযুক্ততার নীতি N পোর্টফোলিও নীতি

**২৫. সরকারি অর্থায়নের প্রধান উদ্দেশ্য হলো—**
K মুনাফা সর্বাধিকরণ L সম্পদ সর্বাধিকরণ
M জনকল্যাণ N ব্যবসায় সম্প্রসারণ

**২৬. ব্যবসায় প্রতিষ্ঠানের নিট আয়ের যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন করা হয় তাকে কী বলে?**
K সংরক্ষিত তহবিল L লভ্যাংশ
M মোট মুনাফা N নিট মুনাফা

**২৭. সম্পদ সর্বোচ্চকরণ বলতে বোঝায়—**
K বিক্রয় বৃদ্ধি L মুনাফা বৃদ্ধি
M শেয়ারপ্রতি আয় বৃদ্ধি
N শেয়ারের বাজারমূল্য বৃদ্ধি

**২৮. চক্রবৃদ্ধির প্রক্রিয়া ব্যবহার করা হয় কোনটির ক্ষেত্রে?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M প্রবৃদ্ধি N মুদ্রাস্ফীতি

**২৯. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়লে কোন মূল্য বাড়বে?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিক বৃত্তি N অবচয়

**৩০. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?**
K $EIR = (1 + i)^n - 1$
L $EIR = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$
M $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{mn} - 1$
N $EIR = \left(1 + \frac{i}{m}\right)^n - 1$

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | N | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | N | ১০ | L | ১১ | M | ১২ | K | ১৩ | N | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | L | ১৯ | K | ২০ | K | ২১ | N | ২২ | * | ২৩ | K | ২৪ | N | ২৫ | M | ২৬ | L | ২৭ | N | ২৮ | L | ২৯ | L | ৩০ | L |

## ২৮ ঢাকা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. একটি কোম্পানি তার সামাজিক দায়িত্ব পালন করতে পারে—**
i. দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের মাধ্যমে
ii. প্রতিষ্ঠানে আগুন নেভানোর ব্যবস্থা করে
iii. 'মাদককে না বলো'— এই স্লোগান প্রচার করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. তারল্যের পরিমাণ বৃদ্ধি পেলে মুনাফা কী হতে পারে?**
K হ্রাস L বৃদ্ধি
M অপরিবর্তিত N শতকরা হ্রাস

■ **উদ্দীপকটি পড়ে ৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহিম একজন ব্যাংকার। তিনি ৭ লক্ষ টাকার মধ্যে ৫ লক্ষ টাকা ব্যাংকে FDR করে রাখেন এবং বাকি ২ লক্ষ টাকা দিয়ে মেঘনা অয়েল কোম্পানির শেয়ার ক্রয় করেন।

**৩. জনাব রহিম বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতিটি অনুসরণ করেছেন?**
K তারল্য ও মুনাফা
L ঝুঁকি ও মুনাফা
M পোর্টফোলিও বৈচিত্র্যকরণ
N উপযুক্ততার

**৪. ভবিষ্যতে প্রাপ্ত টাকার এখনকার মূল্যকে কী বলা হয়?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিকী N চিরস্থায়ী

**৫. সুদাসলের ওপর কোন সুদ প্রদান করা হয়?**
K সরল সুদ L চক্রবৃদ্ধি সুদ
M নিট সুদ N মোট সুদ

**৬. বর্তমান মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?**
K চক্রবৃদ্ধি L মুদ্রাস্ফীতি
M বার্ষিক বৃত্তি N বাট্টাকরণ

**৭. ত্রৈমাসিক চক্রবৃদ্ধি গণনার ক্ষেত্রে চক্রবৃদ্ধির সংখ্যা কত?**
K ১ L ২ M ৪ N ৬

**৮. বিধি-৭২ এর মাধ্যমে বের করা হয় কোন মূলধন কত সময়ে—**
K দ্বিগুণ হয় L তিনগুণ হয়
M চারগুণ হয় N পাঁচগুণ হয়

**৯. ঋণ পরিশোধ তালিকায় কী দেওয়া থাকে?**
i. কিস্তির পরিমাণ
ii. সুদের পরিমাণ
iii. আসল টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিমের নিজস্ব অর্থ না থাকায় একটি ব্যাংকের মাধ্যমে ১২% সুদে মাসিক ১০০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করার নিমিত্তে একটি ফ্রিজ ক্রয় করেন।

**১০. ব্যাংক কর্তৃক জনাব করিমের প্রদত্ত সুবিধাকে কোন পলিসির অন্তর্ভুক্ত করা হয়?**
K গ্রাহক সেবা L ভোক্তা ঋণ
M গৃহায়ন ঋণ N সুযোগ ব্যয়

**১১. সরকারি অর্থায়নের উৎস হচ্ছে—**
i. ট্রেজারি বিল
ii. আয়কর
iii. আমদানি শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. দীর্ঘমেয়াদি ভিত্তিতে লাভজনক প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্তকে বলা হয়—**
K অর্থের সময়মূল্য L মূলধন ব্যয়
M মূলধন বাজেটিং
N বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য

**১৩. কোনটি মূলধন বাজেটিং মূল্যায়নের সনাতন কৌশল?**
K পরিশোধকাল
L নিট বর্তমান মূল্য
M অভ্যন্তরীণ মুনাফার হার
N বাট্টাকৃত পরিশোধকাল

**১৪. অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?**
K বাট্টাকরণ L চক্রবৃদ্ধিকরণ
M বর্তমান মূল্য N আর্থিক বৃত্তি

**১৫. মূলধন বাজেটিংয়ের বাট্টাকৃত কৌশল কোনটি?**
K NPV L ROI
M ARR N PBP

**১৬. মোট মুনাফা থেকে কর বাদ দিলে কোনটি পাওয়া যায়?**
K অবচয় L নগদ প্রবাহ
M কর-পরবর্তী মুনাফা N কর-পূর্ববর্তী মুনাফা

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
বিজলী কোম্পানির প্রধান নির্বাহী মিসেস বর্ষা একটি নতুন প্রকল্পের বিনিয়োগের লাভজনকতা নির্ণয় করতে চান। তিনি পরপর ৪ বছরের নিট মুনাফার সাথে অবচয় যোগ না করেই মোট মুনাফাকে ৪ দ্বারা ভাগ করেন এবং মোট বিনিয়োগকে ২ দ্বারা ভাগ করেন।

**১৭. মিসেস বর্ষার অনুসৃত পদ্ধতি কোনটি?**
K নিট বর্তমান মূল্য L পে-ব্যাক সময়
M গড় মুনাফার হার
N অভ্যন্তরীণ মুনাফার হার

**১৮. উদ্দীপকে নির্দেশিত পদ্ধতিটির সীমাবদ্ধতা হলো—**
i. অর্থের সময়মূল্য উপেক্ষিত
ii. সকল নগদ প্রবাহের মূল্য সমান
iii. মুনাফা ও বিনিয়োগকে ভিন্ন সংখ্যা দ্বারা ভাগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. বন্ড বা ডিবেঞ্চার ক্রয় করলে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে হয়?**
K তারল্য L সুদের হার
M ব্যবসায়িক ঝুঁকি N আর্থিক ঝুঁকি

**২০. দেশের রাজনৈতিক অবস্থা পরিবর্তনের ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?**
K বাজার ঝুঁকি L মানবিক ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N আর্থিক ঝুঁকি

**২১. নিচের কোনটি ঝুঁকিমুক্ত সিকিউরিটি?**
K ট্রেজারি বিল L শেয়ার
M বন্ড N মিউচুয়াল ফান্ড

**২২. কোনো প্রতিষ্ঠানে শ্রমিক ধর্মঘটের ফলে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M কোম্পানি ঝুঁকি N মোট ঝুঁকি

**২৩. পরিবেশ দূষণমুক্ত রাখা অর্থায়নের কোন বিষয়টির অন্তর্ভুক্ত?**
K বিক্রয়সংক্রান্ত দায়বদ্ধতা
L সামাজিক দায়বদ্ধতা
M মুনাফাসংক্রান্ত দায়বদ্ধতা
N ঝুঁকিসংক্রান্ত দায়বদ্ধতা

■ **উদ্দীপকটি পড়ে ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
M কোম্পানির বিটার মান ১.৭। ট্রেজারি বিলের আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৬%।

**২৪. M কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার কত?**
K ২১% L ২৩%
M ২৫% N ২৭%

**২৫. কোনো ব্যক্তির আয়-ব্যয় নিয়ে যে অর্থায়নে আলোচনা করা হয় তাকে কী বলা হয়?**
K অব্যবসায় অর্থায়ন L ব্যক্তিগত অর্থায়ন
M সরকারি অর্থায়ন N আন্তর্জাতিক অর্থায়ন

**২৬. মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে অর্থায়ন পরিচালিত হয় তাকে কী বলে?**
K ব্যবসায় অর্থায়ন L অব্যবসায় অর্থায়ন
M সরকারি অর্থায়ন N ব্যক্তিগত অর্থায়ন

**২৭. একাধিক লাভজনক প্রকল্পে বিনিয়োগ করা হলে তাকে কী বলা হয়?**
K অর্থের সময়মূল্য নীতি
L তারল্য নীতি
M পোর্টফোলিও নীতি N উপযুক্ততার নীতি

**২৮. নিট আয়ের যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন করা হয় না তাকে কী বলে?**
K লভ্যাংশ তহবিল L সংরক্ষিত তহবিল
M মোট মুনাফা N নিট মুনাফা

**২৯. ঝুঁকির সাথে মুনাফার সম্পর্ক কীরূপ?**
K নিরপেক্ষ L সমান্তরাল
M ঋণাত্মক N ধনাত্মক

**৩০. অব্যবসায় প্রতিষ্ঠানের অর্থায়নের উদ্দেশ্য কী?**
K বিনিয়োগ L মুনাফা অর্জন
M মুনাফা বণ্টন N সামাজিক কল্যাণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | M | ৪ | K | ৫ | L | ৬ | N | ৭ | M | ৮ | K | ৯ | N | ১০ | L | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | L | ২০ | K | ২১ | K | ২২ | M | ২৩ | L | ২৪ | L | ২৫ | L | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | N | ৩০ | N |

## ২৯ রাজশাহী বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিক্রয় থেকে করসহ সব খরচ বাদ দিলে কী পাওয়া যায়?**
K গড় মুনাফা L মোট মুনাফা
M নিট বিক্রয় N নিট মুনাফা

**২. কোনটি ঝুঁকিমুক্ত আয়?**
K সরকারি বন্ড হতে প্রাপ্ত আয়
L সাধারণ শেয়ারে বিনিয়োগ হতে আয়
M অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ হতে আয়
N কর্পোরেট বন্ড হতে প্রাপ্ত আয়

**৩. মূলধন বাজেটিং প্রকল্প মূল্যায়নের পদ্ধতিগুলো হলো–**
i. গড় মুনাফা হার
ii. পে-ব্যাক পিরিয়ড
iii. নিট বর্তমান মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. মেয়াদের ভিত্তিতে অর্থায়নকে কয় ভাগে ভাগ করা হয়?**
K ১ L ২ M ৩ N ৪

**৫. ব্যবসায়ের সর্বাধিক তরল সম্পদ হচ্ছে–**
K অগ্রিম খরচ L প্রাপ্য বিল
M চেক N মজুদ পণ্য

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরিফ একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক, গত বছর তিনি ১ কোটি টাকা আয় করেন। তারল্য হিসাবে ২০ লক্ষ টাকা রেখে অবশিষ্ট ৮০ লক্ষ টাকা পোস্ট অফিসে জমা রাখেন।

**৬. দৈনন্দিন কার্য পরিচালনায় নগদ অর্থ হাতে রাখার জন্য জনাব আরিফের কোন নীতি মেনে চলা উচিত?**
K ঝুঁকি ও মুনাফার
L তারল্য ও মুনাফার
M পোর্টফোলিও বৈচিত্র্যায়নের
N অর্থের সময়মূল্য

**৭. জনাব আরিফ যদি তার আয়ের পুরোটাই পোস্ট অফিসে জমা রাখেন, তাহলে–**
i. মুনাফা লভ্যতা বৃদ্ধি পাবে
ii. তারল্যতা হ্রাস পাবে
iii. প্রতিষ্ঠানের দেউলিয়া হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. বিনিয়োগ পরিশোধকার (PBP) নির্ণয়ের সূত্র কোনটি?**
K $PBP = \frac{NCB}{NCO}$ L $PBP = \frac{NCO}{NCB}$
M $PBP = NCO \times NCB$
N $PBP = NCC - NCO$

**৯. অর্থায়নের প্রথম কাজ কোনটি?**
K তহবিল সংগ্রহ L তহবিল বণ্টন
M মূলধন সংগ্রহ N সম্পদ ব্যবস্থাপনা

**১০. সরল সুদ কীসের ওপর গণনা করা হয়?**
K ব্যয় L সুদাসল
M মুনাফা N আসল

**১১. জনাব আলী ১০% সুদে ১০,০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নেন। ১০% সরল সুদে ২য় বছর কত টাকা সুদ পাবেন?**
K ১,০০০ টাকা L ১,১০০ টাকা
M ২,০০০ টাকা N ২,২০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহিম নিজ এলাকায় ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা চালু করার কথা ভাবছেন, ব্যবসাটি পরিচালনায় তার ৫/৬ জন কর্মচারীর প্রয়োজন। একজন সৎ ব্যবসায়ী হিসাবে তিনি ট্রেড লাইসেন্স করা এবং নিয়মিত কর পরিশোধের চিন্তা করছেন।

**১২. উদ্দীপকে জনাব রহিমের কার্যক্রমকে অর্থায়নের ভাষায় কোন ধরনের কার্যক্রম বলা যাবে?**
K অর্থায়ন কার্যক্রম L ঋণ গ্রহণ কার্যক্রম
M বিনিয়োগ কার্যক্রম N সামাজিক কার্যক্রম

**১৩. জনাব রহিমের ব্যবসাটি লাভজনক হলে সরকার কী পাবে?**
K মুনাফা বৃদ্ধি পাবে
L সমর্থন বৃদ্ধি পাবে
M কর প্রাপ্তি হবে
N সম্পদের সর্বোত্তম ব্যবহার হবে

**১৪. ঝুঁকি হলো–**
i. পরিমাপযোগ্য
ii. উৎপাদন
iii. পরিহারযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. অনিশ্চয়তা থেকে কীসের সৃষ্টি হয়?**
K ক্ষতির L ব্যয়ের
M ঝুঁকির N বিচ্যুতির

**১৬. মূলধন বাজেটিং কোন ধরনের প্রক্রিয়া?**
K নীতি L বিনিয়োগ
M সিদ্ধান্ত গ্রহণ N মূল্যায়ন

**১৭. গড় মুনাফা হার পদ্ধতির সুবিধা হলো–**
i. সহজে নির্ণয় করা যায়
ii. আর্থিক বিবরণী থেকে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়
iii. অর্থের সময়মূল্য বিবেচনা করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. PBP-এর পূর্ণরূপ কী?**
K Pay Period
L Payable Binding Period
M Pay-Back Period
N Pay-Back Position

**১৯. আর্থিক ঝুঁকির উৎস কোনটি?**
K ঋণ মূলধন L শেয়ার মূলধন
M অর্থনৈতিক মন্দা N উৎপাদন ব্যবস্থাপনা

**২০. শতকরা ১০% হারে বর্তমান ১০০ টাকার ৫ বছর পর ভবিষ্যৎ মূল্য কত হবে?**
K ১৫১ টাকা L ১৬১ টাকা
M ১৭১ টাকা N ১৮১ টাকা

**২১. ব্যবসায়ের দৃষ্টিকোণ থেকে ঝুঁকির উৎস হলো–**
i. ব্যবসায়িক ঝুঁকি
ii. আর্থিক ঝুঁকি
iii. বাজার ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. ঋণ পরিশোধের জন্য প্রতি কিস্তিতে প্রদান করতে হয়–**
i. সুদ
ii. আসল
iii. চার্জ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. আর্থিক ক্ষতির সম্ভাবনাকে কী বলা হয়?**
K অনিশ্চয়তা L ঝুঁকি
M ঋণ হার N প্রত্যাশিত ক্ষতি

**২৪. বর্তমান মূল্য নির্ধারণ পদ্ধতিকে কী বলা হয়?**
K চক্রবৃদ্ধিকরণ L বাট্টাকরণ
M প্রবৃদ্ধিকরণ N স্থানান্তরকরণ

**২৫. অগ্রিম বার্ষিক বৃত্তি প্রদান করা হয়–**
i. বছরের শেষে
ii. বছরের শুরুতে
iii. মেয়াদের শুরুতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. নিচের কোনটি ঝুঁকিবিহীন বিনিয়োগ ক্ষেত্র?**
K অগ্রাধিকার শেয়ার L কর্পোরেট বন্ড
M সাধারণ শেয়ার N ট্রেজারি বন্ড

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলী সিটি ব্যাংকের একটি স্কীমে ১,০০,০০০ টাকা জমা রাখেন। সিটি ব্যাংক লি.-এর এই স্কীমে ৫ বছর ১০% হারে চক্রবৃদ্ধি সুদ দেবে।

**২৭. মি. আলীর ব্যাংক জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?**
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M এককালীন নগদ প্রবাহ
N মিশ্র নগদ প্রবাহ

**২৮. মি. আলী ৫ বছর শেষে কত টাকা পাবেন?**
K ১,৬১,০৫১ টাকা L ১,৬০,০৫১ টাকা
M ১,৫১,০৫১ টাকা N ১,৫০,০০০ টাকা

**২৯. মূলধন বাজেটিংয়ের ধাপসমূহ হলো–**
i. প্রকল্প উদ্ভাবন
ii. প্রকল্প মূল্যায়ন
iii. মূলধন নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. অর্থের সময়মূল্য নির্ধারণের মূল কারণ কোনটি?**
K সুদের হার L মুদ্রানীতি
M অর্থের তারল্য N বর্ধিত মুনাফা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ N | ২ K | ৩ N | ৪ M | ৫ M | ৬ L | ৭ N | ৮ L | ৯ K | ১০ N | ১১ K | ১২ M | ১৩ M | ১৪ L | ১৫ M |
| ১৬ N | ১৭ K | ১৮ M | ১৯ K | ২০ L | ২১ K | ২২ K | ২৩ L | ২৪ L | ২৫ M | ২৬ N | ২৭ M | ২৮ K | ২৯ K | ৩০ K |

## ৩০ যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে কোন মূল্য বৃদ্ধি পাবে?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M নিট মূল্য N মোট মূল্য

**২. সম্পদ সর্বাধিকরণের নির্দেশক কোনটি?**
K শেয়ারপ্রতি আয়
L শেয়ারপ্রতি লভ্যাংশ
M শেয়ারের বিগত বছরের মূল্য
N শেয়ারের বর্তমান বাজারমূল্য

**৩. প্রত্যাশিত মুনাফার হার অপেক্ষা প্রকৃত মুনাফার হার ভিন্ন হওয়ার সম্ভাবনাকে কী বলা হয়?**
K নিট মুনাফা L মোট মুনাফা
M ঝুঁকি N অনিশ্চয়তা

**৪. স্থায়ী সম্পত্তিতে মূলধন বিনিয়োগের প্রক্রিয়াকে কী বলা হয়?**
K অর্থের সময়মূল্য L মূলধন ব্যয়
M মূলধন বাজেটিং N লভ্যাংশ নীতি

**৫. কোন ঝুঁকি পরিহার করা যায় না?**
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N কোম্পানি ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরিজ একটি বৃহদায়তন ফার্মের আর্থিক ব্যবস্থাপক। সে সর্বদাই একটি লক্ষ্য অর্জনের চেষ্টা করছে যেটি ফার্মের আয় ও ব্যয়ের ব্যবধানকে সর্বাধিক করার প্রতি গুরুত্বারোপ করে।

**৬. জনাব আরিজের অনুসরণ করা লক্ষ্যকে অর্থায়নের ভাষায় কী বলা হয়?**
K সম্পদ সর্বাধিকরণ L মুনাফা সর্বাধিকরণ
M দায় সর্বনিম্নকরণ N ব্যয় সর্বনিম্নকরণ

**৭. জনাব আরিজের অনুসরণকৃত লক্ষ্যের সীমাবদ্ধতা নিচের কোনটি বিবেচনা না করা?**
i. ঝুঁকি
ii. নগদ প্রবাহ
iii. মুনাফা অর্জনের সময়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. অসীম সময়ের জন্য সমান নগদ প্রবাহের প্রাপ্তি বা প্রদানকে কী বলে?**
K প্রদেয় বার্ষিকী L প্রাপ্য বার্ষিকী
M চিরস্থায়ী বৃত্তি N সাধারণ বৃত্তি

**৯. বার্ষিক গড় নিট মুনাফাকে গড় বিনিয়োগ দ্বারা ভাগ করলে কোনটি পাওয়া যায়?**
K পে-ব্যাক পিরিয়ড L গড় মুনাফার হার
M নিট বর্তমান মূল্য N আন্তঃআয়ের হার

**১০. মিসেস আরিফা সিদ্দিকা ৫০,০০০ টাকা ১০% সুদে ব্যাংকে জমা রাখতে চান, কত বছরে ঐ টাকা দ্বিগুণ হবে?**
K ৬ বছর L ৬.২ বছর
M ৭ বছর N ৭.২ বছর

**১১. CAPM-এর অনুমিত শর্তাবলি হলো—**
i. অর্থনীতিতে কোনো মুদ্রাস্ফীতি থাকবে না
ii. মূলধন বাজার দক্ষ হবে না
iii. কোনো আয়কর থাকবে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. কোনো প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা, ৪ বছরে প্রাপ্ত নগদ প্রবাহের বর্তমান মূল্য ৬০,০০০ টাকা হলে, প্রকল্পের নিট বর্তমান মূল্য কত?**
K (৫০,০০০) L (১০,০০০)
M ১০,০০০ N ৫০,০০০

**১৩. ত্রৈমাসিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে চক্রবৃদ্ধির সংখ্যা কত হবে?**
K ৩ L ৪ M ৬ N ১২

**১৪. কোনো সম্পত্তির অর্থনৈতিক জীবনকাল শেষে যে মূল্য পাওয়া যায়, তাকে কী বলে?**
K অবচয় L বর্তমান মূল্য
M ভগ্নাবশেষ মূল্য N পুস্তক মূল্য

**১৫. কত সালে অর্থনৈতিক মহামন্দা দেখা দেয়?**
K ১৯২৯ L ১৯৩৩ M ১৯৩৭ N ১৯৪১

**১৬. ঋণ পরিশোধ সূচিতে সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে—**
i. সুদের পরিমাণ হ্রাস পায়
ii. আসলের পরিমাণ বৃদ্ধি পায়
iii. সুদাসলের পরিমাণ হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. একটি শেয়ারের ক্রয়মূল্য ১০০ টাকা, এক বছর পর বিক্রয়মূল্য ১১০ টাকা এবং লভ্যাংশ ৫ টাকা হলে, মোট মুনাফার হার কত?**
K ৫% L ১০% M ১৫% N ২০%

**১৮. পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য কী?**
K মুনাফা বৃদ্ধি L ঝুঁকি বৃদ্ধি
M মুনাফা হ্রাস N ঝুঁকি হ্রাস

**১৯. ঝুঁকি পরিমাপের জন্য ব্যবহার করা হয়—**
i. আন্তঃআয়ের হার
ii. আদর্শ বিচ্যুতি
iii. বিভেদাঙ্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,৪০,০০০ টাকা এবং আগামী ৫ বছরে প্রতি বছর ৬০,০০০ টাকা করে পাওয়া যাবে। এক্ষেত্রে পরিশোধকাল কত হবে?**
K ২ বছর L ৪ বছর
M ৬ বছর N ৮ বছর

**২১. অর্থের সময়মূল্য পছন্দের কারণ—**
i. অনিশ্চয়তা
ii. ভোগ অগ্রাধিকার
iii. মুদ্রাস্ফীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. কোনো প্রকল্প গ্রহণ করা হলে অন্য প্রকল্পগুলো অবশ্যই বাতিল করতে হবে। তখন ঐ প্রকল্পকে কী বলে?**
K স্বাধীন প্রকল্প
L পরস্পর বর্জনশীল প্রকল্প
M নির্ভরশীল প্রকল্প N বহুমুখীকরণ প্রকল্প

**২৩. ঋণদাতা ও ঋণগ্রহীতার মধ্যে চুক্তিবদ্ধ সুদের হারকে কী বলে?**
K সরল সুদের হার L স্থায়ী সুদের হার
M নামিক সুদের হার N প্রকৃত সুদের হার

**২৪. নিচের কোনটি অর্থায়নের কাজ নয়?**
K তহবিল সংগ্রহ
L দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত
M বাজারজাতকরণ
N লভ্যাংশ বণ্টন

**২৫. যদি প্রতি বছর সমপরিমাণ টাকা জমা দেওয়া হয় বা উত্তোলন করা হয়, তবে তাকে কী বলে?**
K বার্ষিকী L চক্রবৃদ্ধিকরণ
M বর্তমান মূল্য N ভবিষ্যৎ মূল্য

**২৬. তারল্য ও দেউলিয়াত্বের মধ্যে সম্পর্ক কোনটি?**
K সমানুপাতিক L আনুপাতিক
M ধনাত্মক N ঋণাত্মক

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস সাফা তার অর্থ সমানভাবে পদ্মা লি. ও মেঘনা লি. কোম্পানির শেয়ারে বিনিয়োগ করে। সেখান থেকে আয়ের হার যথাক্রমে ১২% ও ১৪%।

**২৭. মিসেস সাফার পোর্টফোলিও আয়ের হার কত?**
K ১২% L ১৩%
M ১৪% N ১৫%

**২৮. নিচের কোন পরিস্থিতিতে মিসেস সাফা পদ্মা লি. এ বিনিয়োগ বাড়িয়ে মেঘনা লি. এ হ্রাস করবে?**
K মেঘনা লি.-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই হ্রাস পেলে
L মেঘনা লি.-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই বৃদ্ধি পেলে
M মেঘনা লি.-এর আয়ের হার অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান হ্রাস পেলে
N মেঘনা লি.-এর আয়ের হার অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান বৃদ্ধি পেলে

**২৯. নিট বর্তমান মূল্য আন্তঃআয়ের হারের তুলনায় উত্তম হওয়ার কারণ—**
i. নিট বর্তমান মূল্য পদ্ধতিতে প্রাপ্ত সুবিধা বিনিয়োগকৃত অর্থের পরিমাণের সাপেক্ষে পরিমাপ করা হয় না
ii. প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহ পুনরায় মূলধন ব্যয় হারে বিনিয়োগ করা যায়
iii. অসনাতন নগদ আন্তঃপ্রবাহ যুক্ত একটি প্রকল্পের অনেকগুলো আন্তঃআয়ের হার থাকতে পারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. রায়হান মিলস লি.-এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৭%, বাজার আয়ের হার ১৭% এবং বিটা সহগ ০.৭০। প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১৪% L ১৮.৯%
M ২১.৯% N ২৪%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | N | ৮ | M | ৯ | L | ১০ | N | ১১ | L | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | N | ২৯ | M | ৩০ | K |

## ৩১ ✓ কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চিরস্থায়ী বৃত্তিতে অনির্দিষ্ট থাকে কোনটি?**
K অর্থ প্রবাহের পরিমাণ
L অর্থ প্রবাহের সময় ব্যবধান
M অর্থ প্রবাহের সর্বশেষ সময়সীমা
N সুদের হার

**২. নিচের কোনটি মূলধন বাজেটিং সিদ্ধান্ত?**
K জ্বালানি ক্রয় L মনিহারি ক্রয়
M যন্ত্রপাতি ক্রয় N কাঁচামাল

**৩. মেঘনা অ্যান্ড কোম্পানির প্রকল্পের গড় উপার্জন হার ২০% এবং গড় বিনিয়োগ ৪,০০,০০০ টাকা হলে, প্রকল্পটির গড় নিট মুনাফা কত?**
K ৭০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

**৪. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা হলো–**
i. ভোক্তার স্বার্থরক্ষা
ii. ব্যবস্থাপনার স্বার্থরক্ষা
iii. শেয়ারহোল্ডারদের স্বার্থরক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৫. ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ক কীরূপ?**
K নিম্নমুখী L সমানুপাতিক
M ধনাত্মক N ঋণাত্মক

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রতন একজন খামারি। খামার ব্যবসায় ঝুঁকিপূর্ণ জেনেও তিনি দুগ্ধ খামার, মুরগির খামার ও কোয়েলের খামারে বেশ কিছু অর্থ বিনিয়োগ করেন। এককভাবে একটি খামারে বিনিয়োগের মাধ্যমে অনেকে ক্ষতিগ্রস্ত হলেও তিনি মুনাফা অর্জনে সক্ষম হন।

**৬. মি. রতন বিনিয়োগের কোন নীতি গ্রহণ করেছেন?**
K ঝুঁকি ও আয়ের নীতি
L তারল্য ও মুনাফার নীতি
M ব্যয় নিয়ন্ত্রণ নীতি
N পোর্টফোলিও নীতি

**৭. রতনের একাধিক খামারে বিনিয়োগের ফলে–**
i. ঝুঁকি কম হয়েছে
ii. মুনাফা বেশি হয়েছে
iii. খামার পরিকল্পনা সহজ হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. মূলধন বাজেটিংয়ের প্রথম ধাপ কোনটি?**
K প্রকল্প নির্বাচন L প্রকল্প মূল্যায়ন
M প্রকল্প বাস্তবায়ন N প্রকল্প প্রণয়ন

**৯. সরকারি অর্থায়নের প্রথম কাজ কোনটি?**
K আয় L ব্যয়
M দেশজ উৎপাদন N জাতীয় আয়

**১০. কাঁচামালের মূল্য কমতে ও বাড়তে ব্যবসায়ে নিচের কোন ঝুঁকি সৃষ্টি হয়?**
K ব্যবসায় ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M তারল্য ঝুঁকি N বাজার ঝুঁকি

**১১. ব্যবসায় অর্থায়নের প্রধান লক্ষ্য কী?**
K ব্যবসায় অর্থ সরবরাহ
L ব্যবসায়ের ঝুঁকি কমানো
M ব্যবসায়ের সম্পদ সর্বাধিকরণ
N ব্যবসায়ে অর্থের সুষ্ঠু ব্যবস্থাপনা

**১২. বাট্টাকরণ বলতে কী বোঝায়–**
K বাট্টা নির্ণয়ের পদ্ধতি
L কারবারি বাট্টায় পণ্য বিক্রি
M নগদ টাকায় পণ্য বিক্রি
N বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতি

**১৩. মূলধন বাজেটিংয়ের সর্বাপেক্ষা গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?**
K নিট বর্তমান মূল্য
L আন্তঃআয় হার
M বিনিয়োগ পরিশোধকাল
N গড় আয়ের হার

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. কাজল একজন সাধারণ চাকরিজীবী। তিনি তাঁর সঞ্চিত অর্থের ১,০০,০০০ টাকা AB ব্যাংক লি. এ সঞ্চয়ী স্কীমে জমা রাখতে চান। ব্যাংকের এই স্কীমে ৫ বছরে টাকা দ্বিগুণ হয়।

**১৪. মি. কাজল কর্তৃক AB ব্যাংক লি. এ জমাকৃত টাকা কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত?**
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অবিরত বার্ষিক বৃত্তি
M এককালীন নগদপ্রবাহ
N মিশ্র নগদপ্রবাহ

**১৫. বিধি-৭২ অনুসারে মি. কাজলের এই স্কীমের সুদের হার কত?**
K ১৪.৪০% L ১৫.৩৫%
M ১৫.৮৭% N ২০%

**১৬. কয়টি কৌশল ব্যবহার করে অর্থের সময়মূল্য নির্ণয় করা হয়?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**১৭. বৃত্তি সময়ের শুরুতে প্রদান করা হলে তাকে কী বলে?**
K সাধারণ বার্ষিক বৃত্তি L অগ্রিম বার্ষিক বৃত্তি
M বিলম্বিত বার্ষিক বৃত্তি N চিরস্থায়ী বৃত্তি

**১৮. অর্থায়নের মূল বিষয়বস্তু কী?**
K শ্রম L পরিকল্পনা
M তহবিল N উৎপাদন

**১৯. মি. সাব্বির ৫% সরল সুদে ১,৬০০ টাকা ধার করেন। ৩ বছরে তাকে কত টাকা সুদ দিতে হবে?**
K ২৬০ টাকা L ২৪০ টাকা
M ২৩০ টাকা N ২২০ টাকা

**২০. অর্থের সময়মূল্য জানা প্রয়োজন–**
i. অর্থ সংগ্রহের সময়
ii. আর্থিক ব্যবস্থাপনায়
iii. আর্থিক সিদ্ধান্ত গ্রহণের সময়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তনকে কী বলে?**
K অর্থের ভবিষ্যৎ মূল্য L অর্থের বর্তমান মূল্য
M অর্থের সময়মূল্য N অর্থের অতীত মূল্য

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
ACI কোম্পানি ৩,০০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন কিনতে চায়। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর। মেশিনটির ভগ্নাবশেষ মূল্য ৩০,০০০ টাকা। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

**২২. মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ কত?**
K ৫৪,০০০ টাকা L ৫৬,০০০ টাকা
M ৭৬,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**২৩. প্রকল্পটির গড় বিনিয়োগ কত?**
K ১,৬৫,০০০ টাকা L ১,৫০,০০০ টাকা
M ২,৩৫,০০০ টাকা N ২,৪৫,০০০ টাকা

**২৪. ঋণ পরিশোধ সূচিতে প্রদর্শন করা হয়–**
i. সুদের পরিমাণ
ii. কিস্তির পরিমাণ
iii. আসলের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. তারল্য ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?**
K বিপরীত L সরলরৈখিক
M সমানুপাতিক N আনুপাতিক

**২৬. কোনটি অর্থায়ন কার্যাবলির অন্তর্ভুক্ত নয়?**
K আর্থিক পরিকল্পনা L লভ্যাংশ সিদ্ধান্ত
M বিনিয়োগ সিদ্ধান্ত N মূল্য নির্ধারণ

**২৭. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কোনটি?**
K মুনাফা সর্বাধিকরণ L ব্যয় নিয়ন্ত্রণ
M জনকল্যাণ N সম্পদ সর্বাধিকরণ

**২৮. কোনটিতে মূলধন ফেরতের সময়কাল বিবেচনা করা হয়?**
K IRR L NPV
M ARR N PBP

**২৯. বিধি-৭২ কোথায় ব্যবহার করা হয়?**
K দ্বিগুণ L তিনগুণ
M চারগুণ N সমান অঙ্ক

**৩০. সরকারি অর্থায়নের উদ্দেশ্য হলো–**
i. সামাজিক কল্যাণ
ii. ব্যবসায়িক প্রসার
iii. সম্পদের সুষ্ঠু ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | L | ৪ | N | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | N | ৯ | L | ১০ | K | ১১ | M | ১২ | N | ১৩ | K | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | L | ২০ | N | ২১ | M | ২২ | K | ২৩ | K | ২৪ | N | ২৫ | K | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | L |

## ৩২ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন ধরনের ঝুঁকির ওপর কোম্পানির ব্যবস্থাপনার কোনো নিয়ন্ত্রণ থাকে না?**
K কোম্পানি ঝুঁকি L বাজার ঝুঁকি
M তারল্য ঝুঁকি N ক্রয়ক্ষমতা ঝুঁকি

**২. নিচের কোনটি অর্থায়নের কার্যাবলি বহির্ভূত?**
K তহবিল সংগ্রহ L মূলধন বাজেটিং
M আয় সংরক্ষণ N বিপণন প্রসার

**৩. নিচের কোনটি ঝুঁকিবিহীন?**
K ঋণপত্র L বাণিজ্যিক কাগজ
M সাধারণ শেয়ার N ট্রেজারি বিল

**৪. ঝুঁকি হ্রাস-বৃদ্ধির তুলনামূলক প্রকাশকে কী বলে?**
K সম্ভাবনা L গড় ঝুঁকি
M আদর্শ বিচ্যুতি N বিভেদাঙ্ক

**৫. দ্বি-মাসিক চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রে 'm'-এর মান কত?**
K ২ L ৬ M ১২ N ৫২

**৬. শিহাব ৮% সুদে ১০,০০০ টাকা ব্যাংকে জমা রাখলে '৬৯ বিধি' অনুযায়ী উক্ত টাকা কত বছরে দ্বিগুণ হবে?**
K ৮.৯৭ বছর L ৯.৫০ বছর
M ১০ বছর N ১১ বছর

**৭. বার্ষিক বৃত্তি প্রধানত কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাফা ২০,০০০ টাকা একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখেন। সুদের হার ১০%।

**৮. ব্যাংক সরল সুদ হিসাব করলে রাফা মেয়াদপূর্তিতে কত টাকা সুদ পাবে?**
K ৫,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ১৫,০০০ টাকা N ২০,০০০ টাকা

**৯. ব্যাংক চক্রবৃদ্ধি সুদ গণনা করলে মেয়াদপূর্তিতে উক্ত টাকার চক্রবৃদ্ধি সুদের সাথে সরল সুদের ব্যবধান কত হবে?**
K ৫৫০ টাকা L ১,২২০ টাকা
M ২,২১০ টাকা N ৩,২২০ টাকা

**১০. চিরস্থায়ী বৃত্তি কী?**
K নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত সমহারে কিস্তি প্রদান
L অনির্দিষ্ট মেয়াদে সমহারে কিস্তি প্রদান
M অনির্দিষ্ট মেয়াদে অসমহারে কিস্তি প্রদান
N নির্দিষ্ট মেয়াদে অসমহারে কিস্তি প্রদান

**১১. বাট্টাকরণ পদ্ধতিটি–**
i. বর্তমান মূল্যের সাথে সম্পৃক্ত
ii. চক্রবৃদ্ধিকরণের বিপরীত
iii. বাট্টার পরিমাণ নির্ধারণ প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. মুনাফা সর্বাধিকরণে নিচের কোন বিষয়টি বিবেচনা করা হয় না?**
K অর্থের সময়মূল্য L পণ্যের চাহিদা সৃষ্টি
M পণ্যের মূল্য বৃদ্ধি N পণ্যের বিক্রয় বৃদ্ধি

**১৩. একটি প্রকল্পের প্রাথমিক খরচ ৫০,০০০ টাকা এবং উদ্ধারযোগ্য মূল্য ১০,০০০ টাকা। প্রথম থেকে তৃতীয় বছর পর্যন্ত অবচয় ও করপরবর্তী মুনাফা যথাক্রমে ৮,০০০ টাকা, ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকা পাওয়া গেলে গড় মুনাফার হার কত?**
K ২৫% L ৫০%
M ৭৫% N ৮৫%
*[বি.দ্র. : সঠিক উত্তর : ৩৩.৩৩%]

**১৪. যে নির্দিষ্ট বাট্টার হারে নগদ আন্তঃপ্রবাহ ও নগদ বহিঃপ্রবাহের বর্তমান মূল্যকে সমান করে দেয় তাকে কী বলে?**
K NPV L PBP
M IRR N ARR

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
মেঘনা কোং লি. ৬০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করল। মেশিন থেকে আগামী ১ম ও ২য় বছর যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা আন্তঃপ্রবাহ ঘটবে বলে ধারণা করা হয়। ১ম বছর শেষে মেরামত বাবদ খরচ ১০,০০০ টাকা এবং কোম্পানির সুযোগ ব্যয় ১০% হলে–

**১৫. মেঘনা কোং লি.-এর মোট নগদ বহিঃপ্রবাহ কত?**
K ৫৮,০৯১ টাকা L ৬৯,০৯১ টাকা
M ৭০,০০০ টাকা N ৭৮,০৯১ টাকা

**১৬. প্রকল্পটির নিট বর্তমান মূল্য কত?**
K ৮,৫৯৪ টাকা L ৮,৫৯৫ টাকা
M ১৭,৫০০ টাকা N ১৭,৬৮৬ টাকা

**১৭. মূলধন বাজেটিংয়ের সর্বশেষ ধাপ কোনটি?**
K প্রকল্প পুনঃমূল্যায়ন L প্রকল্প নির্বাচন
M বিনিয়োগ পরিকল্পনা N প্রকল্প বাস্তবায়ন

**১৮. একটি স্বাধীন প্রকল্প সাধারণত গ্রহণযোগ্য হয় না যখন–**
K PI > 1 L PI < 1
M PI = 0 N PI = 1

**১৯. কোনটি মূলধন বাজেটিংয়ের সনাতন পদ্ধতি?**
K IRR L NPV
M ARR N PI

**২০. নিচের কোন সূত্রটি সঠিক?**
K $E(R) = R_f + (Rm - R_f)\beta$
L $E(R) = R_f + (Rm + R_1)\beta$
M $E(R) = Rm + (R_f - Rm)\beta$
N $E(R) = Rm + (R_f + Rm)\beta$

**২১. জনাব আরেফিন ২০২০ সালের জানুয়ারিতে ৭০০ টাকায় একটি শেয়ার কিনে বছর শেষে ৫০ টাকা লভ্যাংশ পান এবং শেয়ারটি ৭৫০ টাকা বিক্রয় করেন। জনাব আরেফিনের বিনিয়োগের ওপর মোট আয়ের হার কত?**
K ৭.১৪% L ৭.২৮%
M ১৪.২৮% N ১৪.১৪%

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
সিজান ফার্মার একটি সিকিউরিটির তথ্যাদি নিম্নরূপ–

| সম্ভাবনা | আয়ের হার (%) |
|---|---|
| .৩০ | ৭ |
| .৪০ | ১০ |
| .৩০ | ১২ |

**২২. সিজান ফার্মার প্রত্যাশিত আয়ের হার কত?**
K ৭.২% L ৯.৭%
M ১১.৭% N ১১.৮%

**২৩. যদি সরকারি সিকিউরিটিতে ১০% সুদ পাওয়া যায় তবে উদ্দীপকে আলোচিত সিকিউরিটিতে বিনিয়োগ–**
K যুক্তিযুক্ত হবে না
L কোনো প্রভাব নেই
M যুক্তিযুক্ত হবে
N বিলম্বে সিদ্ধান্ত নিতে হবে

**২৪. CAPM মডেলের অনুমিত শর্ত নয় কোনটি?**
K আর্থিক বাজারে লেনদেনের কোনো খরচ নেই
L অর্থনীতিতে কোনো মুদ্রাস্ফীতি নেই
M মূলধন বাজার সর্বদা দক্ষ হবে
N বিনিয়োগ থেকে সকল বিনিয়োগকারীর প্রত্যাশিত আয়ের হার সমান নয়

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
একটি স্টকে বিটার মান ১.৮, ঝুঁকিমুক্ত আয়ের হার ৭% এবং বাজারের গড় প্রতিদানের হার ১০%।

**২৫. প্রত্যাশিত আয়ের হার কত?**
K ৫.৮০% L ৭.২৬%
M ১২.৪০% N ১৫.৬০%

**২৬. বাজার আয়ের হার ১২% হলে প্রত্যাশিত আয়ের হারে কী পরিবর্তন ঘটবে?**
K ৮.৬% বৃদ্ধি পাবে L ৩.৬% বৃদ্ধি পাবে
M ৮.৬% হ্রাস পাবে N ৩.৬% হ্রাস পাবে

**২৭. সরকারি অর্থায়নের উৎস–**
i. আমদানি শুল্ক
ii. রপ্তানি শুল্ক
iii. আয়কর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. নিচের কোনটি অভ্যন্তরীণ অর্থায়নের উৎস?**
K শিল্প ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M বাণিজ্যিকপত্র N আয়কর

**২৯. বিপরীতমুখী সম্পর্ক বিদ্যমান এরূপ দুটি হলো–**
i. মুনাফা ও ঝুঁকি
ii. তারল্য ও ঝুঁকি
iii. মুনাফা ও তারল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. নিচের কোনটি অর্থায়নের সামাজিক দায়িত্ব নয়?**
K ভোক্তা অধিকার সংরক্ষণ
L স্বচ্ছ নিয়োগবিধি অনুসরণ
M দুর্নীতিমুক্ত কার্য পরিবেশ নিশ্চিতকরণ
N খাদ্যে ভেজালবিরোধী অভিযান

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | N | ৪ | N | ৫ | L | ৬ | K | ৭ | K | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | K | ১৩ | * | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | K | ২১ | M | ২২ | L | ২৩ | K | ২৪ | N | ২৫ | M | ২৬ | L | ২৭ | N | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

## ৩৩ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ঝুঁকি ও আয়ের মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান?**
K ধনাত্মক L ঋণাত্মক
M নিম্নমুখী N সমানুপাতিক

**২. অর্থের সময়মূল্য নির্ণয়ে বিবেচনা করা হয়–**
i. IRR
ii. ARR
iii. NPV
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
ABC কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ :

| বছর | আয়ের হার |
|---|---|
| ২০১৮ | ১৫% |
| ২০১৯ | ১৪% |
| ২০২০ | ১৩% |

**৩. ABC কোম্পানির প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১৩% L ১৪%
M ১৫% N ১৬%

**৪. কোম্পানির আদর্শ বিচ্যুতি কত?**
K ০.৮২ L ১.০০
M ২.০০ N ২.৫০

**৫. কোনটি সরকারি অর্থায়নের উৎস নয়?**
K শেয়ার বিক্রয় L আয়কর
M আমদানি শুল্ক N রপ্তানি শুল্ক

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৬,০০,০০০ টাকা যা হতে নগদ আন্তঃপ্রবাহ ১ম বছর ১,৫০,০০০ টাকা, ২য় বছর ১,৮০,০০০ টাকা, ৩য় বছর ২,০০,০০০ টাকা এবং ৪র্থ বছর ১,২০,০০০ টাকা।

**৬. ৩য় বছর শেষে ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ কত?**
K ৫,৩০,০০০ টাকা L ৫,৪০,০০০ টাকা
M ৫,৫০,০০০ টাকা N ৫,৬০,০০০ টাকা

**৭. প্রকল্পটির বিনিয়োগ পরিশোধকাল কত?**
K ৩.১৫ বছর L ৩.২৫ বছর
M ৩.৩৫ বছর N ৩.৭০ বছর
*[বি.দ্র. : সঠিক উত্তর : ৩.৫৮ বছর]

**৮. মূলধন বাজেটিং প্রক্রিয়ার প্রধান উদ্দেশ্য কোনটি?**
K দীর্ঘমেয়াদি বিনিয়োগ L আর্থিক পরিকল্পনা
M স্বল্পমেয়াদি বিনিয়োগ N তহবিল সংগ্রহ

**৯. মূলধন বাজেটিংয়ের বাট্টাকৃত কোন কৌশলটি প্রকল্প মূল্যায়নে অধিক জনপ্রিয় ও সহজ পদ্ধতি?**
K PBP L ARR
M NPV N IRR

**১০. সিকিউরিটি A-এর প্রত্যাশিত আয়ের হার ২২% এবং পরিমিত ব্যবধান ৮.৩৬ হলে বিভেদাঙ্ক কত?**
K .৩৫ L .৩৬
M .৩৭ N .৩৮

**১১. মিস স্বর্ণা ৫ বছরের জন্য ১০,০০০ টাকা ১২% সুদে ধার গ্রহণ করেন। মিস স্বর্ণার বার্ষিক কিস্তির পরিমাণ কত?**
K ২,৭৫৪.১০ টাকা L ২,৭৬৪.১০ টাকা
M ২,৭৭৪.১০ টাকা N ২,৭৮৪.১০ টাকা

**১২. EAR-এর পূর্ণরূপ কী?**
K Earning Annual Rate
L Efficient Annual Rate
M Evaluable Annual Rate
N Effective Annual Rate

**১৩. ঋণ পরিশোধ সূচি হতে জানা যায়–**
i. সুদের পরিমাণ
ii. কিস্তির পরিমাণ
iii. কিস্তির সংখ্যা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. অভ্যন্তরীণ অর্থায়নের উৎস কোনটি?**
K বিনিয়োগ ব্যাংক L বিমা কোম্পানি
M বাণিজ্যিক ব্যাংক N সাধারণ সঞ্চিতি

**১৫. অর্থায়নের মৌলিক সিদ্ধান্ত হলো–**
i. আর্থিক সিদ্ধান্ত
ii. লভ্যাংশ সিদ্ধান্ত
iii. বিনিয়োগ সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. ব্যবসায়ের জীবনীশক্তি কোনটি?**
K পরিচালক L শ্রম
M মূলধন N ব্যবস্থাপনা

**১৭. কোনটি অর্থায়নের নীতি?**
K তহবিল সংগ্রহ ও বণ্টন
L মূলধন বাজেটিং সিদ্ধান্ত
M পোর্টফোলিও বৈচিত্র্যায়ন
N চলতি সম্পদ ব্যবস্থাপনা

**১৮. সরকারি অর্থায়নের মূল উদ্দেশ্য কোনটি?**
K জনপ্রিয়তা বৃদ্ধি
L সম্পদ সর্বাধিকরণ
M মুনাফা অর্জন
N সামাজিক কল্যাণ সাধন

**১৯. ২০২০ সালে মিস ভাবনা এর গ্লোব ফার্মা হতে মোট আয় ১,১০,০০০ টাকা, নিট আয় ৫০,০০০ টাকা এবং গড় বিনিয়োগ ৫,০০,০০০ টাকা। মিস ভাবনার ARR কত?**
K ৯% L ১০% M ১১% N ১২%

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রহমান একটি বৃহদায়তন ফার্মের আর্থিক ব্যবস্থাপক। সে সর্বদাই এমন একটি লক্ষ্য অর্জনের চেষ্টা করেছে যেটি ফার্মের আয় ও ব্যয়ের ব্যবধানকে সর্বাধিক করার প্রতি গুরুত্ব আরোপ করে।

**২০. মি. রহমানের অনুসরণ করা লক্ষ্যকে অর্থায়নের ভাষায় বলা হয়–**
K সম্পদ সর্বাধিকরণ L ব্যয় সর্বাধিকরণ
M মুনাফা সর্বাধিকরণ N আয় সর্বাধিকরণ

**২১. মি. রহমানের অনুসরণকৃত লক্ষ্যের সীমাবদ্ধতা নিচের কোনটি বিবেচনা করে না?**
i. অর্থের সময়মূল্য
ii. ঝুঁকি
iii. শুধু নগদ প্রবাহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. বাট্টাকৃত পদ্ধতিতে নিচের কোনটি প্রকল্প মূল্যায়নে গুরুত্বপূর্ণ কৌশল?**
K সুযোগ ব্যয় L মূলধন বাজেটিং
M অর্থের সময়মূল্য N তহবিলের ব্যয়

**২৩. ভবিষ্যৎ মূল্য নির্ণয়ে কী প্রয়োজন হয়?**
i. বর্তমান মূল্য
ii. সুদের হার
iii. সময়ের ব্যপ্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের কৌশল কোনটি?**
K চক্রবৃদ্ধিকরণ L বাট্টাকরণ
M সরলীকরণ N বার্ষিক বৃত্তি

**২৫. অর্থের সময়মূল্য গুরুত্বপূর্ণ কারণ–**
i. অনিশ্চয়তা
ii. ভোগ
iii. বিনিয়োগের সুযোগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. মি. রউফ একটি ব্যাংকে ৮% সুদে ৫ বছরের জন্য ১,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। মি. রউফের বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য কত?**
K ১,৪৫,৯৩২.৮০ টাকা
L ১,৪৬,৯৩২.৮০ টাকা
M ১,৪৭,৯৩২.৮০ টাকা
N ১,৪৮,৯৩২.৮০ টাকা

**২৭. যদি সুদের হার ৯% হয়, তবে ৫ বছর পরের ১০০ টাকার বর্তমান মূল্য কত হবে?**
K ৬২.৯৯ টাকা L ৬৩.৯৯ টাকা
M ৬৪.৯৯ টাকা N ৬৫.৯৯ টাকা

**২৮. কোনটি ঝুঁকিযুক্ত সিকিউরিটির আয়?**
K ট্রেজারি বিলের সুদ
L সাধারণ শেয়ার হতে মূলধনি লাভ
M ঋণপত্রের সুদ
N ব্যাংক জমার সুদ

**২৯. ঝুঁকি পরিমাপের পদ্ধতি হলো–**
i. বিভেদাঙ্ক
ii. আদর্শ বিচ্যুতি
iii. সম্ভাবনার বিন্যাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. CAPM-এর পূর্ণরূপ হলো–**
K Capital Asset Pricing Method
L Capital Asset Product Method
M Capital Asset Pricing Model
N Capital Asset Product Model

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | L | ৪ | L | ৫ | K | ৬ | K | ৭ | * | ৮ | K | ৯ | M | ১০ | N | ১১ | M | ১২ | N | ১৩ | N | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | N | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | L | ২৩ | N | ২৪ | L | ২৫ | N | ২৬ | L | ২৭ | M | ২৮ | L | ২৯ | N | ৩০ | M |

## ৩৪ ✔ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সম্ভাবনা বিন্যাসের পরিমিত ব্যবধানকে এর প্রত্যাশিত আয় দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়?**
K বিভেদাঙ্ক L আদর্শ বিচ্যুতি
M বছরের সংখ্যা N গড় আয়

**২. মূলধন কাঠামোতে ঋণকৃত মূলধন থাকলে কোন ঝুঁকির সৃষ্টি হয়?**
K ব্যবসায়িক ঝুঁকি L বাজার ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N খাটি ঝুঁকি

**৩. অর্থের বর্তমান মূল্য নির্ণয় প্রক্রিয়া কোনটি?**
K বট্টাকরণ L বর্তমান মূল্য
M ভবিষ্যৎ মূল্য N চক্রবৃদ্ধিকরণ

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সিরাজ একটি নতুন কারখানা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। তিনি মূল্যায়ন করে দেখেছেন যে, কারখানাটি স্থাপন করলে আগামী ৫ বছরের মধ্যে বিনিয়োগকৃত অর্থ ফেরত আসবে।

**৪. জনাব সিরাজ কোন পদ্ধতি ব্যবহার করে বিনিয়োগ সিদ্ধান্ত নিয়েছেন?**
K পে-ব্যাক সময় L গড় মুনাফার হার
M নিট বর্তমান মূল্য N আন্তঃআয় হার

**৫. উদ্দীপকে জনাব সিরাজের ব্যবহৃত পদ্ধতির সীমাবদ্ধতা হলো—**
i. সকল নগদ প্রবাহ বিবেচনা করে না
ii. প্রাথমিক বিনিয়োগ বিবেচনা করে না
iii. অর্থের সময়মূল্য বিবেচনা করে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কোনটি বিমাযোগ্য ঝুঁকি?**
K ফটকা ঝুঁকি L মানবিক ঝুঁকি
M আর্থিক ঝুঁকি N ব্যবসায়িক ঝুঁকি

**৭. অর্থের সময় পছন্দের কারণ হলো—**
i. অনিশ্চয়তা
ii. ভোগ অগ্রাধিকার
iii. বিনিয়োগ সুযোগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. আর্থিক পরিকল্পনার পর অর্থায়নের প্রথম কাজ কোনটি?**
K উৎস শনাক্তকরণ L তহবিল সংগ্রহ
M তহবিল সংরক্ষণ N তহবিল বিনিয়োগ

**৯. আয়ের পূর্বে ব্যয়ের পরিকল্পনা করা হয় কোন অর্থায়নে?**
K সরকারি অর্থায়ন L বেসরকারি অর্থায়ন
M ব্যক্তিগত অর্থায়ন N ব্যষ্টিক অর্থায়ন

**১০. বিদেশি উৎস থেকে ঋণ গ্রহণ করা যায়—**
K সরকারি অর্থায়নে L ব্যক্তিগত অর্থায়নে
M ব্যবসায় অর্থায়নে N অব্যবসায় অর্থায়নে

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাসুম মুনাফা লাভের আশায় ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করেন এবং নির্দিষ্ট সময় শেষে তিনি বড় অঙ্কের মুনাফা পান। তিনি পুনরায় বেশি মুনাফার প্রত্যাশায় একাধিক প্রকল্পে বিনিয়োগ করেন।

**১১. উদ্দীপকের জনাব মাসুমের ব্যবসায়ের মূল লক্ষ্য কী ছিল?**
K ব্যক্তিগত সুনাম অর্জন
L সম্পদ সর্বাধিকরণ
M মুনাফা সর্বাধিকরণ
N সামাজিক কল্যাণ সাধন

**১২. জনাব মাসুম ব্যবসায়ে বিনিয়োগের ক্ষেত্রে নিচের কোন নীতিটি অনুসরণ করেছেন?**
K তারল্য ও মুনাফা নীতি
L ঝুঁকি ও মুনাফা নীতি
M পোর্টফোলিও বৈচিত্র্যায়নের নীতি
N উপযুক্ততার নীতি

**১৩. সরকারি অর্থায়নের উৎস হচ্ছে—**
i. ট্রেজারি বিল
ii. আয়কর
iii. আমদানি শুল্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. ব্যবসায়ের মূল উদ্দেশ্য—**
i. মুনাফা সর্বাধিকরণ
ii. পণ্য উৎপাদন ও বিক্রি বৃদ্ধি
iii. সম্পদ সর্বাধিকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. ভবিষ্যৎ মূল্য নির্ধারণে প্রয়োজন হয়—**
i. বছর সংখ্যা
ii. সুদের হার
iii. বর্তমান মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?**
K মুনাফা সর্বাধিকরণ L ব্যবসায় সম্প্রসারণ
M সম্পদ বৃদ্ধিকরণ N সামাজিক কল্যাণ

**১৭. অর্থের সময়মূল্যের ধারণাটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?**
K আর্থিক সিদ্ধান্ত L বিনিয়োগ সিদ্ধান্ত
M লভ্যাংশ সিদ্ধান্ত N পরিচালন সিদ্ধান্ত

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রোমেল পদ্মা ব্যাংকের একটি হিসাবে ১,০০,০০০ টাকা জমা রাখেন। ব্যাংকের এই স্কীমে ৫ বছরে টাকা দ্বিগুণ হয়।

**১৮. উদ্দীপকে জনাব রোমেলের ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?**
K এককালীন নগদ প্রবাহ
L মিশ্র নগদ প্রবাহ
M সাধারণ বার্ষিক বৃত্তি
N অগ্রিম বার্ষিক বৃত্তি

**১৯. উদ্দীপকে উল্লিখিত জনাব রোমেলের ব্যাংক হিসাবের এ স্কীমে সুদের হার কত?**
K ১৪.৪০% L ১৪.৮৭%
M ১৫.৪০% N ১৫.৮৭%

**২০. চক্রবৃদ্ধি পদ্ধতিতে কোনটির ওপর সুদ ধার্য করা হয়?**
K আসলের ওপর L সুদাসলের ওপর
M জমার ওপর N লভ্যাংশের ওপর

**২১. ভবিষ্যতে প্রাপ্ত অর্থের আজকের মূল্যকে কী বলা হয়?**
K বার্ষিক বৃত্তি L ভবিষ্যৎ মূল্য
M তারল্য N বর্তমান মূল্য

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
পারভেজ তার এক বন্ধুর কাছ থেকে কিছু টাকা ৫ বছরের জন্য ঋণ গ্রহণ করতে চাচ্ছে। যার শর্ত হিসাবে তার বন্ধুকে এককালীন ১,০০,০০০ টাকা অথবা প্রতি বছর শেষে ২৬,০০০ টাকা প্রদান করতে রাজি আছে। বর্তমান বাজার সুদের হার ১৫%।

**২২. পারভেজ প্রতি বছর শেষে যে টাকা প্রদান করে সেটা কোন ধরনের বার্ষিক বৃত্তি?**
K চিরস্থায়ী বার্ষিক বৃত্তি L সাধারণ বার্ষিক বৃত্তি
M অগ্রিম বার্ষিক বৃত্তি N বিলম্বিত বার্ষিক বৃত্তি

**২৩. পারভেজ এককালীন ১,০০,০০০ টাকা তার বন্ধুকে প্রদান করলে তার ভবিষ্যৎ মূল্য কত হবে?**
K ২,০১,১৩৬ টাকা L ২,১০,০০০ টাকা
M ২,২০,০০০ টাকা N ২,৩০,০০০ টাকা

**২৪. মূলধন নিয়ন্ত্রণের জন্য কোনটি প্রয়োজন?**
K প্রকল্প নির্বাচন L অধিক বিনিয়োগ
M মূলধন বাজেটিং N মুনাফা বণ্টন

**২৫. মূলধন বাজেটিংয়ে কী বিবেচনা করা হয়?**
K চলতি সম্পদ ক্রয় L স্থায়ী সম্পদ ক্রয়
M দায় N মজুরি

**২৬. মূলধন বাজেটিংয়ের সমস্যা হলো—**
i. চাহিদার পরিবর্তন
ii. উৎপাদন ব্যয়ের পরিবর্তন
iii. মূলধন ব্যয়ের পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. প্রকল্প মূল্যায়নের প্রাচীন পদ্ধতি কোনটি?**
K PBP L NPV
M PI N IRR

**২৮. বিভিন্ন প্রকল্পে ঝুঁকি নিরূপণ ও নির্ধারণে ব্যবহার করা হয়—**
K উৎপাদন ব্যয় L মূলধন
M মুনাফা N অবচয়

**২৯. মূল বিনিয়োগের সাথে অবশিষ্ট মূল্য যোগ করে ২ দ্বারা ভাগ করলে পাওয়া যাবে—**
K মোট বিনিয়োগ L গড় বিনিয়োগ
M মোট মূলধন N প্রকৃত বিনিয়োগ

**৩০. মোট মুনাফা থেকে কর বাদ দিলে কোনটি পাওয়া যায়?**
K সঞ্চিতি L অবচয়
M নগদপ্রবাহ N নিট মুনাফা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | N | ৭ | N | ৮ | L | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | M | ১৩ | N | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | K | ১৯ | K | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | N | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

## ৩৫ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অর্থায়নের প্রধান কাজ কোনটি?**
K তহবিল বণ্টন L তহবিল সংগ্রহ
M তহবিল সংরক্ষণ N তহবিল ব্যবস্থাপনা

**২. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?**
K ধনাত্মক L ঋণাত্মক
M সমানুপাতিক N আনুপাতিক

**৩. তারল্য বৃদ্ধি পেলে—**
i. মুনাফা হ্রাস পায়
ii. মুনাফা বৃদ্ধি পায়
iii. ব্যয় হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৪. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য কী?**
K ঝুঁকি হ্রাস L মুনাফা হ্রাস
M ব্যয় হ্রাস N আয় হ্রাস

**৫. সরকারি অর্থায়নে সর্বাগ্রে বিবেচনার বিষয় কোনটি?**
K আয় L ব্যয়
M সঞ্চয় N বিনিয়োগ

**৬. ব্যবসায়ের জীবনীশক্তি কোনটি?**
K পরিচালক L শ্রমিক
M ব্যবস্থাপক N পুঁজি

**৭. নিচের কোনটি অর্থের সময়মূল্য বিবেচনা করে?**
K মূল্য সর্বোচ্চকরণ L মুনাফা সর্বোচ্চকরণ
M সম্পদ সর্বোচ্চকরণ N মূলধন সর্বোচ্চকরণ

**৮. অর্থায়ন কার্যাবলির অন্তর্ভুক্ত হলো—**
i. আসবাবপত্র ক্রয়
ii. শেয়ার ইস্যু
iii. লভ্যাংশ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করার কৌশলকে কী বলে?**
K চক্রবৃদ্ধিকরণ L বাট্টাকরণ
M ঋণ পরিশোধকরণ N ঋণ আদায়করণ

**১০. প্রতিবছর সমপরিমাণ টাকা গ্রহণ বা প্রদান করা হলে তাকে কী বলে?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M বার্ষিক বৃত্তি N মিশ্র নগদ প্রবাহ

**১১. কোন চক্রবৃদ্ধিতে ভবিষ্যৎ মূল্য সর্বাধিক হবে?**
K মাসিক L ত্রৈমাসিক
M ষান্মাসিক N বার্ষিক

**১২. EAR-এর পূর্ণরূপ কী?**
K Evaluate Annual Return
L Effective Annual Return
M Efficient Actual Rate
N Effective Annual Rate

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহমান একটি ব্যাংকে ৫০,০০০ টাকা স্থায়ী হিসাবে জমা রাখেন। ব্যাংকের এ হিসাবে ৬ বছরে টাকা দ্বিগুণ হয়।

**১৩. ব্যাংকে জমাকৃত অর্থ কোন ধরনের নগদ প্রবাহ?**
K বার্ষিক বৃত্তি L এককালীন
M মিশ্র N অগ্রিম

**১৪. জনাব রহমানের স্থায়ী হিসাবের সুদের হার কত?**
K ১২.২৫% L ১২.০৯%
M ১১.৮৫% N ১১.০৯%

**১৫. অর্থের সময়মূল্য পছন্দের কারণ হলো—**
i. ভোগ অধিকার
ii. বিনিয়োগ সুযোগ না থাকা
iii. অনিশ্চয়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৬. দীর্ঘমেয়াদি মূলধন বিনিয়োগ সিদ্ধান্তকে কী বলে?**
K মূলধন ব্যয় L মূলধন বাজেটিং
M মূলধন রেশনিং N মূলধন কাঠামো

**১৭. মূলধন বাজেটিংয়ের প্রথম ধাপ কোনটি?**
K প্রকল্প নির্বাচন L প্রকল্প মূল্যায়ন
M প্রকল্প বাস্তবায়ন N প্রকল্প প্রণয়ন

**১৮. অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় কোন পদ্ধতিতে?**
i. আন্তঃআয় হার
ii. নিট বর্তমান মূল্য
iii. গড় আয়ের হার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. নিচের কোন পদ্ধতিতে মূলধন ফেরতের সময়কাল বিবেচিত হয়?**
K IRR L NPV
M ARR N PBP

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রকল্পে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে আগামী ৬ বছরে প্রতিবছর ৫০,০০০ টাকা করে পাওয়া যাবে। সুযোগ ব্যয়ের হার ১১%।

**২০. উক্ত প্রকল্পের বিনিয়োগ পরিশোধকাল কত বছর?**
K ২ L ৩
M ৪ N ৫

**২১. উক্ত প্রকল্পের নিট বর্তমান মূল্য কত টাকা?**
K ১০,৫২৭ L ১১,৫২৭
M ১২,৫২৭ N ১৩,৫২৭

**২২. IRR-এর ক্ষেত্রে নিট বর্তমান মূল্য এর মান কত হবে?**
K ১ L – ১
M – ০ N ০

**২৩. প্রকল্প মূল্যায়নের গ্রহণযোগ্য মানদণ্ড কোনটি?**
K PBP L ARR
M NPV N IRR

**২৪. ট্রেজারি বিল কে ইস্যু করে?**
K কেন্দ্রীয় ব্যাংক L সরকার
M বাণিজ্যিক ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**২৫. CAPM-এর পূর্ণরূপ হলো—**
K Capital Assets Pricing Model
L Character Assets Pricing Model
M Capital Actual Product Model
N Conceptual Actual Promotion Model

**২৬. ঝুঁকি হলো—**
i. পরিমাপযোগ্য
ii. অনিশ্চয়তা হতে সৃষ্ট
iii. পরিহারযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৭. ঝুঁকিমুক্ত সিকিউরিটি কোনটি?**
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M ট্রেজারি বন্ড N কর্পোরেট বন্ড

**২৮. ঝুঁকি পরিমাপের উৎকৃষ্ট পদ্ধতি কোনটি?**
K ভেদাঙ্ক L আদর্শ বিচ্যুতি
M গড় N বিভেদাঙ্ক

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
আসাদ লি.-এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%, মার্কেট পোর্টফোলিও আয়ের হার ১২% এবং বিটা-সহগ ১.৫।

**২৯. আসাদ লি.-এর ঝুঁকি প্রিমিয়াম কত?**
K ৩% L ৪%
M ৫% N ৬%

**৩০. আসাদ লি.-এর প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১৪% L ১৫%
M ১৬% N ১৭%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | K | ৫ | L | ৬ | N | ৭ | M | ৮ | M | ৯ | K | ১০ | M | ১১ | K | ১২ | N | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | M | ২১ | L | ২২ | N | ২৩ | M | ২৪ | L | ২৫ | K | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | N | ৩০ | K |

## ৩৬ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**

| বিবরণ | সিকিউরিটি X | সিকিউরিটি Y |
|---|---|---|
| প্রত্যাশিত আয় | ১০% | ১৫% |
| পরিমিত ব্যবধান | ১৫% | ২৫% |
| বিভেদাঙ্ক | ১৫০% | ? |

**১. সিকিউরিটি Y এর বিভেদাঙ্ক কোনটি?**
K ১০০% L ১৫০%
M ১৬৭% N ১৭০%

**২. সিকিউরিটি Y হলো–**
i. অধিক ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. অধিক আয়যুক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. মূলধন বাজেটিংয়ের ধাপসমূহ হলো–**
i. প্রকল্প উদ্ভাবন
ii. প্রকল্প মূল্যায়ন
iii. মূলধন নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. অর্থের বর্তমান মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?**
K চক্রবৃদ্ধিকরণ L ভবিষ্যৎ মূল্য
M বাট্টাকরণ N বর্তমান মূল্য

**৫. বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য কখন সমান হবে?**
K মেয়াদকাল শূন্য হলে
L মেয়াদকাল ১ বছর হলে
M সুদের হার ১% হলে
N বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা ১ হলে

**৬. যে বাট্টার হারে বাট্টাকরণ করলে কোনো প্রকল্পের নগদ অন্তঃপ্রবাহ ও নগদ বহিঃপ্রবাহের বর্তমান মূল্য পরস্পর সমান হয় তাকে কী বলে?**
K গড় আয়ের হার
L অভ্যন্তরীণ আয়ের হার
M বিনিয়োগের উপর আয়ের হার
N করপরবর্তী আয়ের হার

**৭. তারল্য বৃদ্ধি পেলে–**
K ঝুঁকি বাড়ে L দায় বাড়ে
M মুনাফা কমে N মুনাফা বাড়ে

**৮. CAPM-এর পূর্ণরূপ কী?**
K Capital Asset Pricing Model
L Capital Asset Product Method
M Capital Asset Product Model
N Capital Asset Pricing Method

**৯. মূলধন বাজেটিংয়ের কোন কৌশলে বাট্টার হার পূর্বনির্ধারিত থাকে?**
K পে-ব্যাক পিরিয়ড/বিনিয়োগের পরিশোধকাল
L গড় মুনাফার হার
M অভ্যন্তরীণ আয়ের হার
N নিট বর্তমান মূল্য

**১০. অর্থের সময়মূল্য নির্ধারণ বহির্ভূত কোনটি?**
K সময় L সুদের হার
M অর্থের পরিমাণ N বিক্রয়ের পরিমাণ

**১১. একটি ফার্মের মূল লক্ষ্য কী?**
K মুনাফা সর্বাধিকরণ L সম্পদ সর্বাধিকরণ
M বিক্রয় সর্বাধিকরণ N ক্রয় সর্বাধিকরণ

**১২. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?**
K বিপরীত L সরলরৈখিক
M সমানুপাতিক N আনুপাতিক

**১৩. অর্থায়নের কার্যাবলি হচ্ছে–**
i. তহবিল বণ্টন
ii. তহবিল সংগ্রহ
iii. মূলধন বাজেটিং সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?**
K সামাজিক কল্যাণ L মুনাফা অর্জন
M ব্যবসায়ের সাফল্য
N সম্পদের সঠিক ব্যবহার

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলী মেঘনা ব্যাংক লি.-এর একটি স্কীমে ২,০০,০০০ টাকা জমা রাখেন। মেঘনা ব্যাংক এই স্কীমে ৫ বছরে ১০% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করে।

**১৫. মি. আলীর ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?**
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M এককালীন নগদ প্রবাহ
N মিশ্র নগদ প্রবাহ

**১৬. মি. আলী ৫ বছর শেষে কত টাকা পাবেন?**
K ৩,০০,০০০ টাকা L ৩,০২,১০২ টাকা
M ৩,২০,০০০ টাকা N ৩,২২,১০২ টাকা

**১৭. বিনিয়োগ পরিশোধকাল (PBP) নির্ণয়ের সূত্র হলো–**
K $PBP = \frac{NCO}{NCB}$ L $PBP = \frac{NCB}{NCO}$
M $PBP = NCO \times NCB$ N $PBP = NCB - NCO$

**১৮. ঝুঁকি হলো–**
i. পরিমাপযোগ্য
ii. উৎপাদন
iii. পরিহারযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলীম একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান যার পরিমাণ ১,০০,০০০ টাকা। উক্ত বিনিয়োগ থেকে আগামী ৫ বছর যাবৎ বার্ষিক নগদান প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে : ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা।

**১৯. তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদান প্রবাহ কত?**
K ৪০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ৯৩,০০০ টাকা

**২০. প্রকল্পটির PBP কত?**
K ৩ বছর L ৩.২৫ বছর
M ৪ বছর N ৪.২৫ বছর

**২১. ঋণ পরিশোধ সূচিতে কী প্রদর্শন করা হয়?**
i. সুদের পরিমাণ
ii. কিস্তির পরিমাণ
iii. আসলের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. মূলধন বাজেটিংয়ের কোন কৌশলটি অর্থের সময়মূল্য বিবেচনা করে না?**
K পে-ব্যাক সময়
L নিট বর্তমান মূল্য
M অভ্যন্তরীণ আয়ের হার
N মুনাফা অর্জন সূচক

**২৩. অর্থের সময় পছন্দনীয়তার কারণ হলো–**
i. ভোগ
ii. অনিশ্চয়তা
iii. বাজার মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. বাজার ঝুঁকির মান ১.৫০, ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১২% হলে কোন সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?**
K ৯% L ১২%
M ১৫% N ২৭%

**২৫. পোর্টফোলিও গঠনের মূল উদ্দেশ্য কী?**
K ঝুঁকি বণ্টন L মুনাফা হ্রাস
M মূলধন বৃদ্ধি N বিনিয়োগ বৃদ্ধি

**২৬. মূলধন বাজেটিংয়ের সীমাবদ্ধতা হলো–**
i. অনিশ্চয়তা
ii. মূলধন ব্যয় পরিবর্তন
iii. আর্থিক বিবরণী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. বাজার ঝুঁকির আদর্শ মান কত?**
K ০ L ০.১০
M ১.০ N ১.৫

**২৮. অর্থনৈতিক মন্দার কারণে যে ঝুঁকি সৃষ্টি হয় তাকে কী বলে?**
K আর্থিক ঝুঁকি L তারল্য ঝুঁকি
M ব্যবসায় ঝুঁকি N বাজার ঝুঁকি

**২৯. বর্তমানে বার্ষিক ৮% সুদের হারে ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখলে কত বছরে তা দ্বিগুণ হবে?**
K ৮ বছর L ৯ বছর
M ১০ বছর N ১২ বছর

**৩০. ঝুঁকি পরিমাপের পদ্ধতি হলো–**
i. আদর্শ বিচ্যুতি
ii. সম্ভাবনা বিন্যাস
iii. বিভেদাঙ্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | K | ৪ | M | ৫ | K | ৬ | L | ৭ | M | ৮ | K | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | L | ১৩ | N | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | K | ২৪ | M | ২৫ | K | ২৬ | K | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | N |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৭ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◐ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ উদ্দীপকটি পড়, একজন আর্থিক ব্যবস্থাপক যে সকল সিদ্ধান্তসমূহ নিয়ে থাকে তা চিত্রে উপস্থাপন করা হলো।




ক. ৯০ দশকে অর্থায়নে নোবেল পুরস্কার বিজয়ীর নাম লেখ। ১
খ. প্রকল্প বিবেচনায় ঝুঁকি ও মুনাফা নীতির প্রভাব কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ক' তে কোন সিদ্ধান্তের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মূলধন বাজেটিং প্রক্রিয়া বিনিয়োগ সিদ্ধান্তকে সহায়তা করে"— যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব খালেক অবসর ভাতা বাবদ ৫,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি ৫ বছরের জন্য 'চিত্রা ব্যাংক লিমিটেড' জমা রাখলে ব্যাংকটি তাকে ৭,৮০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে। অন্যদিকে 'দিগন্ত ব্যাংক লিমিটেড' ৮ বছরের জন্য জমা রাখলে ব্যাংকটি তাকে ৯,০০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে।

ক. পারপিচুইটি বৃত্তি কী? ১
খ. বিধি ৭২ কখন প্রযোজ্য হবে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে চিত্রা ব্যাংক লিমিটেডের সুদের হার কত? ৩
ঘ. জনাব খালেক কোন ব্যাংকে টাকা জমা রাখলে লাভবান হবেন? তোমার মতামত দাও। ৪

৩ ▸ জনাব করিম তার অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাইছেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ড দুটির তথ্য নিচে দেওয়া হলো—

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | পরিপক্ব মূল্য |
|---|---|---|---|---|
| ক | ১৫% | ১,২০০ টাকা | — | ১,০০০ টাকা |
| খ | | ৮০০ টাকা | ৮ বছর | ১,১০০ টাকা |

ক. বন্ড ইন্ডেনচার কাকে বলে? ১
খ. বন্ডের ইস্যুকারী কর্তৃপক্ষ কারা হতে পারে? — ব্যাখ্যা কর। ২
গ. 'ক' বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. বন্ডের বর্তমান মূল্য বিবেচনায় জনাব করিমের কোন বন্ডে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ কর। ৪

৪ ▸ নিচে দুটি কোম্পানির তথ্য দেওয়া হলো—

| কোম্পানি | শেয়ারপ্রতি আয় | | | শেয়ারপ্রতি বাজারমূল্য | | |
|---|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর |
| A | ২৫ | ৩০ | ৪০ | ২০০ | ২০০ | ১৯০ |
| B | ৩০ | ৩০ | ৩০ | ২৫০ | ২৭০ | ৩০০ |

ক. অর্থায়ন কী? ১
খ. "শুধু শেয়ারের মূল্য বৃদ্ধির মাধ্যমে একটি ফার্মের সম্পদ সর্বাধিকরণ করা যায়"— তুমি কি একমত? ব্যাখ্যা কর। ২
গ. কোম্পানি 'A' অর্থায়নের কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পদ সর্বাধিকরণের লক্ষ্য বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ হ্যাভেন লিমিটেড একটি নতুন যন্ত্র কেনার সিদ্ধান্ত নিয়েছে। এ যন্ত্রটি ক্রয় করার জন্য ৩,০০,০০০ টাকার প্রয়োজন। কোম্পানির বাণিজ্যিক ব্যাংক থেকে ১২% সুদের হারে ঋণ নিয়ে যন্ত্রটি কেনার চিন্তাভাবনা করছে। ৫ বছর যাবৎ প্রতি বছরের শুরুতে ৫টি সমান কিস্তিতে ঋণটি পরিশোধ করতে হবে।

ক. কার্যকরী সুদের হার কাকে বলে? ১
খ. কখন বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. "ঋণ পরিশোধ তালিকায় পরিশোধিত আসলের পরিমাণ প্রতিবছর বৃদ্ধি পায়"— হ্যাভেন লিমিটেডের ঋণ পরিশোধ তালিকা প্রস্তুতপূর্বক উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬ ▸ মি. ডন একজন তেল আমদানিকারক। বৈদেশিক বাজারে তেলের মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় ২০২১ সালে তিনি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে ব্যর্থ হন। মি. ডন তার মূলধনের আংশিক ঋণ নেওয়ায় সময়মতো ব্যাংক লোন পরিশোধ করতে পারছেন না। ফলশ্রুতিতে তিনি ব্যাপক ক্ষতির সম্মুখীন হন।

ক. CAPM Method এর সূত্রটি লিখ। ১
খ. ট্রেজারি বন্ড ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. ডন প্রথম পর্যায়ে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হন— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে সকল ঝুঁকির কথা বলা হয়েছে পরিহারযোগ্যতা বিচারে তার মূল্যায়ন কর। ৪

৭ ▸ এক্সেল লি. এর ২টি বিনিয়োগ প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ হবে ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০% প্রকল্প দুটির বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো—

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৩০,০০০ | ২০,০০০ |
| ২ | ২০,০০০ | ২০,০০০ |
| ৩ | ২০,০০০ | ২০,০০০ |
| ৪ | ১০,০০০ | ২০,০০০ |

ক. আন্তঃআয় হার কী? ১
খ. কেন মূলধন বাজেটিং করা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ২টি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটির NPV নির্ণয় করে এক্সেল লি. কে প্রকল্পের গ্রহণযোগ্যতার ব্যাপারে পরামর্শ দাও। ৪

৮ ▸ নিম্নের চিত্রে সিকিউরিটি A ও B এর আয়ের সম্ভাবনা দেখানো হলো :




$\bar{X}$ দ্বারা সিকিউরিটি A এবং B গড় আয় প্রদর্শন করা হলো।

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১
খ. সম্পদের আয়ের হারের মধ্যে সহ সম্বন্ধ কেন গুরুত্বপূর্ণ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত চিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন সিকিউরিটিতে একজন বিনিয়োগকারীর বিনিয়োগ করা উচিত তা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব তারিখ X প্রকল্প বা Y প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্প ২টির তথ্য নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনার মাত্রা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | প্রকল্প-X | প্রকল্প-Y |
| ভালো | ০.৩০ | ১৮% | ২২% |
| স্বাভাবিক | ০.৫০ | ১৪% | ১৭% |
| মন্দা | ০.২০ | ১০% | ৯% |

ক. মোট মুনাফা হার নির্ণয়ের সমীকরণটি লিখ। ১
খ. বিভেদাঙ্ক সম্পর্কে ধারণা দাও। ২
গ. প্রকল্প X এর প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব তারিখের কোন প্রকল্পতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত? মতামত বিশ্লেষণ কর। ৪

১০ ▸ মি. পান্ডে P and P কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি কোম্পানি সম্প্রসারণের জন্য বিভিন্ন উৎস থেকে মূলধন সংগ্রহের সুযোগ রয়েছে। কিন্তু তিনি এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান যেখানে মূলধন পরিশোধের সীমারেখার মধ্যে কোনো বাধ্যবাধকতা কম। পক্ষান্তরে, q and q কোম্পানির আর্থিক ব্যবস্থাপক মি. কিবরিয়া ব্যাংক ঋণ নিয়ে কোম্পানি সম্প্রসারণের সিদ্ধান্ত নেন। q and q কোম্পানি যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণ খেলাপির তালিকাভুক্ত হন।

ক. পুট বন্ড কী? ১
খ. ঈল্ড টু কল (YTC) বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে P and P কোম্পানির মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দুটি কোম্পানির মূলধন সংগ্রহের উৎসের তুলনামূলক চিত্র বিশ্লেষণ কর। ৪

১১ ▸ ইস্টার্ন ফার্মা লি. এর আর্থিক ব্যবস্থাপক বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প বিবেচনা করেছেন।

| বিবরণ | প্রকল্প-A | প্রকল্প-B |
|---|---|---|
| প্রারম্ভিক বিনিয়োগ | ১,৫০,০০০ টাকা | ১,৫০,০০০ টাকা |
| বছর | করপরবর্তী মুনাফা | করপরবর্তী মুনাফা |
| ১ম | ১৫,০০০ | ২৫,০০০ |
| ২য় | ১৫,০০০ | ১৬,০০০ |
| ৩য় | ১৫,০০০ | ১৭,০০০ |
| ৪র্থ | ১৫,০০০ | ৮,০০০ |
| পে-ব্যাক সময় | ২.৮৬ বছর | — |

কোম্পানির আর্থিক ব্যবস্থাপক উভয় প্রকল্পের বার্ষিক অবচয় নির্ধারণ করেন ৩৭,৫০০ টাকা। তিনি দ্রুততম সময়ে মূলধন ফেরত পাওয়ার বিষয়টি বিবেচনা করে প্রকল্প B নির্বাচন করেন।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প A ও B এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক ব্যবস্থাপক যে বিনিয়োগ সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

## ৩৮ সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট 	**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** 	পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ ট্রান্সকম বেভারেজ একটি নামকরা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক জনাব শাহেদুর রহমান ব্যবসা সম্প্রসারণের জন্য ৩টি বিনিয়োগ ক্ষেত্র চিহ্নিত করেছেন। এগুলো হলো– (ক) জুস (খ) চিপস (গ) চানাচুর। প্রত্যেক প্রকল্পের বিনিয়োগের জন্য ৭,০০,০০,০০০ টাকা লাগবে এবং প্রত্যেকটি প্রকল্পই লাভজনক। জনাব শাহেদুর রহমানের বন্ধু জনাব বাতেন পরামর্শ দিলেন লায়ন বিমা কোম্পানি থেকে ৪,০০,০০,০০০ টাকা এবং সাধারণ শেয়ার বিক্রি করে ৩,০০,০০,০০০ টাকায় ব্যবস্থা করা। অধিক লাভজনক হওয়ায় জনাব শাহেদুর রহমান ৭,০০,০০,০০০ টাকা জুস ও চিপস প্রকল্পে বিনিয়োগের প্রস্তাব প্রতিষ্ঠান প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট উপস্থাপন করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা প্রস্তাবটি প্রত্যাখ্যান করেন এবং একাধিক প্রকল্পে বিনিয়োগ করতে সুপারিশ করেন।

ক. চলতি খরচ কী? ১
খ. প্রতিষ্ঠানের একক ঝুঁকি হ্রাস করতে কী করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনাব বাতেনের পরামর্শ অর্থায়নের কোন কার্যাবলির সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. অর্থায়নের কোন নীতির আলোকে প্রধান নির্বাহী কর্মকর্তার সিদ্ধান্তকে যৌক্তিক বলা যায়? ব্যাখ্যা কর। ৪

২▶ জনাব আরাফাত একজন পাইকারি ব্যবসায়ী। তার অদূরদর্শিতার কারণে কোম্পানিতে কখনো কাঁচামাল ক্রয়ের অর্থ থাকত না, আবার কখনো পণ্য গোডাউনে রয়ে যেত। এজন্য তিনি ব্যবসায়ের অর্থব্যবস্থা কিছুটা পরিবর্তন করেন। এখন তিনি আশানুরূপ মুনাফা পাচ্ছেন। তিনি ব্যবসায় সম্প্রসারণের পাশাপাশি সম্পদও বৃদ্ধি করতে পেরেছেন।

ক. কল প্রিমিয়াম কী? ১
খ. মুনাফা সর্বাধিকরণ কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আরাফাত কোন নীতি অনুসরণ করায় আশানুরূপ ফল পাচ্ছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরাফাত ব্যবসায়ের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছেন কি? যুক্তি দেখাও। ৪

৩▶ সাকিব HSC পরীক্ষায় ভালো ফল করেছে। তার মা তাকে ১,০০,০০০ টাকা পুরুস্কার হিসেবে দেওয়ার সিদ্ধান্ত নেয়। তার মা তাকে এই অর্থ গ্রহণ করায় ২টি প্রস্তাব দেয়। প্রস্তাব দুটি নিম্নরূপ :
বিকল্প-১ : সে ৫ বছর যাবত প্রতি বছরের শুরুতে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা পাবে।
প্রস্তাব-২ : সে ৫ বছর যাবত প্রতি বছর শেষে ২০,০০০ টাকা করে পাবে। সুযোগ ব্যয় ১১%।

ক. পুট বন্ড কী? ১
খ. একটি প্রকল্পের আন্তঃআয় হার ২৫% হলে নিট বর্তমান মূল্য কত হবে? ব্যাখ্যা কর। ২
গ. প্রস্তাব-১ এর ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রস্তাবটি সাকিবের গ্রহণ করা উচিত? বর্তমান মূল্য বিবেচনা করে তোমার মতামত দাও। ৪

৪▶ মি. জাহিদ একটি ব্যাংক থেকে ১,৫০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছেন। তাকে বার্ষিক সমান চারটি কিস্তিতে ঐ অর্থ সুদসহ পরিশোধ করতে হবে। সুদের হার ৮%। উল্লেখ্য যে, প্রথম কিস্তি ঋণ গ্রহণের তারিখেই পরিশোধ করতে হবে।

ক. সরল সুদ কী? ১
খ. কখন নামিক সুদ হার এবং কার্যকর সুদ হার সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. প্রতি কিস্তিতে আসল ও সুদের পরিমাণ দেখাও। ৪

৫▶ উত্তরা কোম্পানির নিকট ২টি পরস্পর রক্ষণশীল প্রকল্প রয়েছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। সুযোগ ব্যয় ১০%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| বছর | প্রকল্প-ক | প্রকল্প-খ |
|---|---|---|
| ১ | ৩০,০০০ | ২৫,০০০ |
| ২ | ২৫,০০০ | ২৫,০০০ |
| ৩ | ২০,০০০ | ২৫,০০০ |
| ৪ | ১০,০০০ | ২৫,০০০ |

ক. ঝুঁকি প্রিমিয়াম কী? ১
খ. বিধি ৭২ কী? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প ক এবং খ-এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির আয়ের হার নির্ণয়ের মাধ্যমে 'ক' প্রকল্পের বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৬▶ রূপসা কোম্পানি ৭,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের বিষয় বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%, মেশিনটি ব্যবহারের মাধ্যমে আরও ৫ বছর নিম্নলিখিত হারে করপূর্ববর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে :

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ১,২০,০০০ |
| ২ | ২,২০,০০০ |
| ৩ | ৩,৪০,০০০ |
| ৪ | ২,৮০,০০০ |
| ৫ | ২,৩০,০০০ |

ক. ভার কী? ১
খ. নিমজ্জিত তহবিল কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় উপার্জন হার কত? ৩
ঘ. বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির মাধ্যমে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৭▶ কিবরিয়া সাহেব সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ পুঁজিবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাই তিনি নিচের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিচার-বিশ্লেষণ করেছেন।

| বিবরণ | 'ক' কোম্পানি | 'খ' কোম্পানি |
|---|---|---|
| লিখিত মূল্য | ১,০০০ টাকা | ২,০০০ টাকা |
| কুপন সুদের হার | ১০% | – |
| প্রত্যাশিত আয়ের হার | ৮% | ১০% |
| বাজারমূল্য | ১,১০০ | ১,৮০০ |
| মেয়াদকাল | ৫ বছর | ৫ বছর |

'গ' কোম্পানির প্রতিটি বন্ড ১,০০০ টাকা লিখিত মূল্যে ৮ বছর মেয়াদি ইস্যু করে। কুপন হার ১২%। বাজারমূল্য ৯৫০ টাকা। মেয়াদ শেষে ৫% অধিহারে মূল্য পরিশোধ করা হবে।

ক. কুপন বন্ড কী? ১
খ. YTC বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. 'গ' কোম্পানির মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. 'ক' ও 'খ' কোম্পানির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮▶ প্রথম আলোর প্রকাশিত বিবরণপত্র পড়ে নাঈম গ্রামীণ ফোন কোম্পানির ১২০ টাকা দরের ২০০০ শেয়ার ক্রয় করেন। তবে সে তার কাছে থাকা কিছু পুরাতন শেয়ার বিক্রি করে দিলেন। নাঈমের বন্ধু নাদিয়া বাজারের সকল নিয়মাবলি পালন করে নাঈমের বিক্রি করা শেয়ারগুলো ক্রয় করেন। কিন্তু হঠাৎ করে বাজারে বিশৃঙ্খলা অবস্থা তৈরি হয় এবং শেয়ারবাজারে ব্যাপক ধস নামলে নাদিয়া চরম দুশ্চিন্তায় পড়ে যান।

ক. OTC বাজার কাকে বলে? ১
খ. মুদ্রাবাজার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. নাদিয়া কোন ধরনের বাজার থেকে শেয়ার ক্রয় করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নাদিয়ার অনিশ্চিয়তা দূরীকরণে নিয়ন্ত্রণকারী সংস্থার করণীয় বিশ্লেষণ কর। ৪

৯▶ জনাব রায়হান একটি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। তিনি বিনিয়োগের জন্য নিম্নের দুটি প্রকল্প হতে উত্তম প্রকল্পটি বাছাই করতে চান। প্রকল্প দুটির আয়ের হার ও সম্ভাবনা নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X | Y |
| মন্দাবস্থা | ২৫% | ১০% | ৯% |
| স্বাভাবিক | ৫০% | ১৪% | ১৩% |
| তেজীভাব | ২৫% | ১৬% | ১৮.৮০% |

ক. ঝুঁকি কী? ১
খ. পোর্টফোলিও ঝুঁকির ওপর সহসম্বন্ধের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. X প্রকল্পের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. ঝুঁকি বিবেচনা করে কোন প্রকল্পটি গ্রহণযোগ্য? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১০▶ জনাব শহীদ একজন চাকরিজীবী। তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে চান। তিনি ২০,০০,০০০ টাকা নিচের যেকোনো দুটি সিকিউরিটিতে সমানভাবে বিনিয়োগ করতে ইচ্ছুক :

| সিকিউরিটি | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি | সহসম্বন্ধ |
|---|---|---|---|
| A | ২৩% | ৮% | $r_{AB}$ = ০.৬ |
| B | ২৬% | ৯% | $r_{AC}$ = ০.৫ |
| C | ১৯% | ৬% | $r_{BC}$ = –১ |

ক. বিভেদাঙ্ক কী? ১
খ. CAPM মডেল ব্যাখ্যা কর। ২
গ. জনাব শহীদ তিনটি সিকিউরিটিতে সমানভাবে বিনিয়োগ করলে পোর্টফোলিও আয়ের হার কত হবে? ৩
ঘ. জনাব শহীদের জন্য সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ পোর্টফোলিও কোনটি? যুক্তিসহ উত্তর দাও। ৪

১১▶ জনাব ফখরুদ্দিন সোনালি ব্যাংক থেকে বার্ষিক ১২% হার সুদে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। আগামী ৫ বছর প্রত্যেক বছরের শুরুতে কিস্তি পরিশোধ করবেন।

ক. মিশ্র নগদপ্রবাহ কী? ১
খ. কোন শেয়ারকে হাইব্রিড শেয়ার বলে? ব্যাখ্যা কর। ২
গ. ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. প্রত্যেক বছরের শেষে কিস্তি প্রদান করলে ঋণের আসল পরিশোধের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

## ৩৯ খুলনা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। করিম সাহেব শেয়ারবাজারে বিনিয়োগ করতে ইচ্ছুক। তিনি নিম্নোক্ত দুটি স্টকের তথ্য সংগ্রহ করেছেন। নিচে দুটি স্টকের সম্ভাব্য ও আয়ের হার দেওয়া হলো :

| স্টক-X | | স্টক-Y | |
|---|---|---|---|
| আয়ের হার | সম্ভাবনা | আয়ের হার | সম্ভাবনা |
| ১০% | .৩০ | –১৩% | .১০ |
| ১৪% | .৪০ | ১৫% | .২০ |
| ৮% | .২০ | ২০% | .৪০ |
| –৫% | .১০ | ২৫% | .৩০ |

ক. সম্ভাবনা বিন্যাস কী? ১
খ. বাজার আয়ের হার হ্রাসের ফলে প্রয়োজনীয় আয়ের হারের উপর কী প্রভাব পড়বে? ২
গ. স্টক-X ও স্টক-Y এর প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. করিম সাহেবের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

২। জনাব রহিম দুটি সিকিউরিটি পছন্দ করলেন যাদের প্রত্যাশিত আয়ের হার ও পরিমিত ব্যবধান নিম্নরূপ :

| শেয়ার | আয়ের হার | পরিমিত ব্যবধান |
|---|---|---|
| P | ১৬% | ৬% |
| Q | ১৬% | ৬% |

এছাড়া সিকিউরিটির দুটির সহসম্বন্ধ ছিল .৫০। জনাব রহিমের কাছে বিনিয়োগের জন্য বর্তমানে ১০,০০,০০০ টাকা আছে, যার ৫০% সিকিউরিটি P এ এবং বাকি অংশ সিকিউরিটি Q এ বিনিয়োগ করলেন।

ক. অনিশ্চয়তা কাকে বলে? ১
খ. আদর্শ বিচ্যুতির মাধ্যমে কীভাবে ঝুঁকি পরিমাপ করা যায়? ২
গ. জনাব রহিমের বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার কত? ৩
ঘ. জনাব রহিমের একক সিকিউরিটিতে বিনিয়োগ না করে পোর্টফোলিও তৈরির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩। সামস লি. একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এ কাজে ব্যবহৃত কেমিক্যাল ও বর্জ্যসমূহ বুড়িগঙ্গা নদীতে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা ভেবে ওয়াটার ট্রিটেন্ট প্লান্ট স্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ৩৫ লক্ষ টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারীগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. অর্থায়ন কী? ১
খ. "মুনাফা ও তারল্যের মধ্যে সমমুখী সম্পর্ক বিদ্যমান"— তুমি কি একমত? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সামস লি. কোন ধরনের মূলধন সংগ্রহের কথা ভাবছেন? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত এবং কেন? মূল্যায়ন কর। ৪

৪। মি. আলি ৫ বছর পর একটি গাড়ি কিনতে চান। সেই সময়ে ঐ গাড়িটির মূল্য হবে ১০ লক্ষ টাকা। ঐ গাড়িটি ক্রয় করতে হলে ১২% সুদের হারে টাকা সঞ্চয় করতে হবে।

ক. রুলস-৭২ কী? ১
খ. সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য লেখ। ২
গ. ঐ গাড়িটি ক্রয় করতে হলে মোট কত টাকা জমা করতে হবে? উদ্দীপকের আলোকে নির্ণয় কর। ৩
ঘ. ১৫% সুদের হারে ৪,০০,০০০ টাকা ব্র্যাক ব্যাংকে জমা রাখলে নির্ধারিত সময়ে ঐ গাড়িটি ক্রয় করা সম্ভব কি? ৪

৫। 'ক' ফাইন্যান্স এর অর্থব্যবস্থাপক বিভিন্ন তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে নিম্নোক্ত দুটি প্রকল্পের তথ্য আধার পত্র তৈরি করেছেন।

অর্জিত মুনাফা

| প্রকল্প | বিনিয়োগ | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | মোট মুনাফা |
|---|---|---|---|---|---|
| ক | ১,০০,০০০ | ৩০,০০০ | ২০,০০০ | ৪০,০০০ | ৯০,০০০ |
| খ | ১,০০,০০০ | ২০,০০০ | – | ৭০,০০০ | ৯০,০০০ |

ক. অ-ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সমন্বয়করণ নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে তথ্যগুলো অর্থ ব্যবস্থাপকের কোন ধরনের অর্থায়ন কার্যকে নির্দেশ করে? বাখ্যা কর। ৩
ঘ. সম্পদ সর্বাধিকরণ লক্ষ্য বিবেচনায় উদ্দীপকে কোন প্রকল্পটি উত্তম? ব্যাখ্যা কর। ৪

৬। মোহনা লি. ৫,০০০ টাকা অভিহিত মূল্যের একটি জিরো কুপন বন্ড ৩ বছরের জন্য ৪,১০০ টাকায় বাজারে ছেড়েছে। শোভা লি. ১১% কুপন সুদে ১০,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করেছে। যা ১২ বছর পর পরিশোধ করা হবে। প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. ক্রেডিট রেটিং কী? ১
খ. সাধারণ শেয়ার ও বন্ডের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকের ২য় বন্ডটির অন্তর্নিহিত মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন বন্ডটি ক্রয় করা উচিত? গাণিতিকভাবে মূল্যায়ন কর। ৪

৭। জনাব তাহিম ঢাকা লি. এর আর্থিক ব্যবস্থাপক। তিনি দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য ৬% মূলধন ব্যয় অনুমানসাপেক্ষে দুটি প্রকল্পের মূল্যায়ন করেছেন। নিম্নে প্রকল্প দুটি সম্পর্কে তথ্যাবলি উপস্থাপন করা হলো :

| বছর | প্রকল্প-P | প্রকল্প-Q |
|---|---|---|
| ০ | (১,২০,০০০) টাকা | (১,২০,০০০) টাকা |
| ১ | ৩০,০০০ | ১০,০০০ |
| ২ | ৩০,০০০ | ২০,০০০ |
| ৩ | ৩০,০০০ | ৩০,০০০ |
| ৪ | ৩০,০০০ | ৪০,০০০ |
| ৫ | ৩০,০০০ | ৫০,০০০ |
| পরিশোধকাল | ৪ বছর | – |
| গড় মুনাফার হার | ? | – |
| নিট বর্তমান মূল্য | ৬,৩৭০ টাকা | – |
| IRR | ৮.০১% | – |

ক. মূলধন নিয়ন্ত্রণ কী? ১
খ. মূলধন ব্যয়ের সাথে নিট বর্তমান মূল্যের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-P এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. ঢাকা লি. এর আর্থিক ব্যবস্থাপক প্রকল্প-P তে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। IRR এর ভিত্তিতে প্রকল্প নির্বাচনে যৌক্তিকতা দেখাও। ৪

৮। জনাব কামাল অবৈধভাবে অর্জিত অর্থ দিয়ে তার নামে একটি জমি ক্রয় করেন এবং পরবর্তীকালে তা তার স্ত্রীর নামে হস্তান্তর করেন। দুর্নীতি দমন কমিশন জানতে পেরে জনাব কামাল এবং তার স্ত্রীর বিরুদ্ধে মামলা করে।

ক. IPO কী? ১
খ. মানি লন্ডারিং বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কোন ধরনের আর্থিক বাজারের ওপর আলোকপাত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে ধরনের বিপর্যয়ের কথা বলা হয়েছে তা নিরূপণে বাংলাদেশের কোন কর্তৃপক্ষ ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ৪

৯। নাজনীন নাহার বেসরকারি প্রতিষ্ঠানের উর্ধ্বতন ব্যবস্থাপক এবং তার মাসিক বেতন ৮২,০০০ টাকা। তিনি এখন হতে ১২ বছর পর একটি বাড়ি করবেন বলে সিদ্ধান্ত নিলেন। সেই মোতাবেক 'ক' ব্যাংকে ১২ বছরের জন্য একটি সঞ্চয়ী হিসাব খুললেন যেখানে প্রতি মাসের শুরুতে ২৪,০০০ টাকা করে জমা রাখবেন। সুদের হার ১২%।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ২
গ. তিনি ১২ বছর পর 'ক' ব্যাংক হতে কত টাকা পাবেন তা নির্ণয় কর। ৩
ঘ. বাড়ি বানাতে ১২ বছর পর ১২ লক্ষ টাকা প্রয়োজন হলে তার কি করা উচিত? ৪

১০। জনাব তামিম একজন বিনিয়োগকারী। তিনি 'ক' ও 'খ' কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে আগ্রহী। বন্ড দুটির তথ্যসমূহ নিম্নরূপ :

| বন্ড | লিখিত মূল্য (টাকা) | কুপন হার | মেয়াদকাল | প্রয়োজনীয় আয়ের হার | বাজারমূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ক | ১,০০০ | ১২% | ১০ বছর | ১০% | ১,১০০ |
| খ | ১,০০০ | ১০% | ৮ বছর | ১১% | ৯৮০ |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. শেয়ার ও ঋণপত্রের মধ্যে পার্থক্য দেখাও। ২
গ. কোম্পানি 'ক' এবং 'খ' বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. জনাব তামিমের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত তা মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয়ের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ কর। ৪

১১। জনাব হাসান শেয়ারে বিনিয়োগ করতে ইচ্ছুক। তার নিকট দুটি সিকিউরিটি সম্পর্কে তথ্যাদি রয়েছে যার মধ্যে কোন একটি সিকিউরিটিতে বিনিয়োগ করবে।

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | সিকিউরিটি ক (আয়ের হার) | সিকিউরিটি খ (আয়ের হার) |
|---|---|---|---|
| মন্দা | ০.৩৫ | ২% | ১% |
| স্বাভাবিক | .৪০ | ১৫% | ১৬% |
| তেজি | ০.২৫ | ২০% | ২২% |

ক. ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি ও আয়ের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. জনাব হাসান কোন সিকিউরিটি প্রত্যাহার করবে? বিশ্লেষণ কর। ৪

## ৪০ ✓ কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. সাকিল M ও N কোম্পানির আর্থিক ব্যবস্থাপক যিনি সর্বদা কোম্পানির মুনাফা বৃদ্ধির কথাই চিন্তা করেন। ফলে তিনি কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমানের দিকে খেয়াল না রেখে পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে মুনাফা বৃদ্ধির দিকেই বেশি মনোযোগ দেন। পক্ষান্তরে, মি. সাকিল P ও Q কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি তার কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমান যথাযথভাবে নিয়ন্ত্রণ করেন। ভোক্তার স্বার্থের দিকটা মাথায় রেখে তিনি সীমিত মুনাফা করেন। এতে করে P ও Q কোম্পানির উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারিত হয়। মি. সাকিল কোম্পানি সংশ্লিষ্ট সকলের স্বার্থের দিক মাথায় রেখে কোম্পানির সম্পদ বৃদ্ধির দিকে নজর দেন।

ক. ব্যবসায় অর্থায়ন কাকে বলে? ১
খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের M ও N কোম্পানিতে অর্থায়নের কোন লক্ষ্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

২ ▸ মি. আরিফ তার ১০ জন বন্ধুকে সাথে নিয়ে কৃত্রিম ব্যক্তিসত্তাবিশিষ্ট একটি আর্থিক প্রতিষ্ঠান গঠন করে। উক্ত প্রতিষ্ঠান প্রিমিয়ামের বিপরীতে কোনো সম্পদের ক্ষতি হলে তার ক্ষতিপূরণ দিয়ে থাকে। এভাবে ঝুঁকি নিরসন করে দেশের ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। প্রতিষ্ঠানটির গ্রাহকের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। প্রতিষ্ঠানটির গ্রাহকদের প্রতারণার হাত থেকে রক্ষা করার জন্য আর্থিক বাজারের নিয়ন্ত্রণ সংস্থা রয়েছে।

ক. BSEC-এর পূর্ণরূপ কী? ১
খ. মাধ্যমিক বাজারে কোন ধরনের লেনদেন হয়? ২
গ. উদ্দীপকে আরিফদের প্রতিষ্ঠানটি পরিচালনার ক্ষেত্রে আর্থিক বাজারের কোন আইন প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির গ্রাহকদের প্রতারণার হাত থেকে রক্ষার জন্য আর্থিক বাজারের কোন নিয়ন্ত্রক সংস্থার ভূমিকা গুরুত্বপূর্ণ ব্যাখ্যা কর। ৪

৩ ▸ রফিক এখন থেকে ৬ বছর পর ৮,০০,০০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনতে চায়। এ লক্ষ্যে তিনি একটি তহবিল গঠন করতে চান। ৬ বছর পরে ঐ তহবিলের মূল্য অবশ্যই ৮,০০,০০০ টাকা হতে হবে। প্রত্যাশা করা হচ্ছে ঐ তহবিল থেকে প্রতিবছর ৮% হার সুদ পাওয়া যাবে।

ক. অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি কী? ১
খ. অর্থের সময়মূল্য নির্ণয়ের ক্ষেত্রে সুদের হারের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. রফিককে ঐ তহবিলে প্রতিবছরের শেষে কত টাকা জমা দিতে হবে? ৩
ঘ. রফিকের জমাকৃত টাকা এবং ৬ বছর পরে প্রাপ্ত টাকার মধ্যে কোন পার্থক্য তৈরি হলে তার কারণ ব্যাখ্যা কর। ৪

৪ ▸ দিপুর কাছে ১,০০,০০০ টাকা আছে। তিনি উক্ত অর্থ ১০% সুদের হারে ৫ বছরের জন্য মিডল্যান্ড ব্যাংকে জমা রাখতে চাচ্ছেন। দিপুর ভাই তাকে মৎস্য চাষ করতে বললেন। যেখান থেকে আগামী ৫ বছর যথাক্রমে ২৫,০০০, ২৮,০০০, ২২,০০০, ২৫,০০০ এবং ৫০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু পোল্ট্রি ফার্ম দিতে বললেন। যেখান থেকে আগামী ৫ বছর প্রতিবছর শেষে ৩০,০০০ টাকা করে পাওয়া যাবে। উভয় ক্ষেত্রে দিপুর প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. সময়ের পরিবর্তন বর্তমান মূল্যকে কীভাবে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২
গ. মিডল্যান্ড ব্যাংকে জমাকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩
ঘ. দিপুর কোন ব্যবসায়টি নির্বাচন করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জনাব করিম মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগ করার জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করেছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.৪০ | ৩০% | ২৫% |
| ০.২০ | ২০% | ৩৫% |
| ০.৪০ | ১৮% | ৩২% |

ক. ঝুঁকি কী? ১
খ. একক ঝুঁকি বলতে কী বোঝ? ২
গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. "সিকিউরিটি-B অধিক ঝুঁকিপূর্ণ"— উক্তিটির যথার্থতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব কিবরিয়ার প্রত্যাশিত আয় হার ১৬% তিনি নিম্নে উল্লিখিত দুটি বন্ডের যেকোনো একটিতে বিনিয়োগের চিন্তা করছেন—

| যমুনা লিমিটেড | পদ্মা লিমিটেড |
|---|---|
| অভিহিত মূল্য— ১,০০০ টাকা | অভিহিত মূল্য— ১,০০০ টাকা |
| কুপন সুদের হার ১৮% | ৬ মাস মেয়াদি জিরো কুপন বন্ড |
| মেয়াদি— ৫ বছর, বর্তমান বাজারমূল্য ১,১০০ টাকা | বর্তমান বাজারমূল্য ৯১০ টাকা |

জনাব কিবরিয়া যমুনা লিমিটেডের বন্ড ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।

ক. চলতি উপার্জন হার কী? ১
খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২
গ. যমুনা লি. বন্ডের YTM নির্ণয় কর। ৩
ঘ. বন্ড মূল্যের ভিত্তিতে জনাব কিবরিয়ার সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৭ ▸ সাব্বির একজন নতুন বিনিয়োগকারী। তিনি X ও Y কোম্পানির বন্ডের মধ্যে কোনটি বিনিয়োগ করবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিতে চান। বন্ড দুটির প্রাসঙ্গিক তথ্যাবলি নিম্নরূপ :

| কোম্পানি | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদ পূর্তির সময় | প্রয়োজনীয় আয়ের হার | বাজারমূল্য |
|---|---|---|---|---|---|
| X | ১,০০০ টাকা | ১৪% | ২০ বৎসর | ১২% | ১,১৮০ টাকা |
| Y | ১,০০০ টাকা | ১০% | ১৬ বৎসর | ১০% | ৯৭৬ টাকা |

ক. ট্রেজারি বিল কী? ১
খ. নগদ চক্রের উপর পরিশোধ সময় বৃদ্ধির প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. সাব্বির X কোম্পানির বন্ডটি কত মূল্যে ক্রয় করবে? ৩
ঘ. সাব্বির কোন ধরনের বন্ড বিনিয়োগ করলে লাভবান হবেন? মন্তব্য কর। ৪

৮ ▸ মিস মারিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগ হতে ডিগ্রী অর্জন করেছেন। তিনি সুষ্ঠুভাবে ঝুঁকি ও আয় বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিম্নোক্ত সিকিউরিটিজের তথ্যাবলি বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.৩০ | ০.১০ | −০.০৫ |
| ০.৪০ | ০.১২ | ০.২০ |
| ০.৩০ | ০.১৪ | ০.০২ |
| প্রত্যাশিত আয় | ০.১২ | ০.০৭১০ |
| পরিমিত ব্যবধান | ০.০১৫৫ | ০.১০৮৮ |

ক. মার্কেট বিটার আদর্শ মান কত? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. মিস মারিয়ার পোর্টফোলিও আয় নির্ণয় কর। ৩
ঘ. মিস মারিয়া সিকিউরিটি-B কে অধিক ঝুঁকিপূর্ণ বলে অভিহিত করেছেন— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ স্কয়ার কোম্পানির নিকট বিনিয়োগের জন্য ১,৬০,০০০ টাকা রয়েছে। কোম্পানিটি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি প্রকল্প বিবেচনা করছে :

| প্রকল্প | প্রারম্ভিক বিনিয়োগ | কর-পরবর্তী মুনাফা | | |
|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ |
| A | ৭৫,০০০ | ১৮,০০০ | ১২,০০০ | ১০,০০০ |
| B | ৭৫,০০০ | ২০,০০০ | ১৫,০০০ | ৮,০০০ |

স্কয়ার কোম্পানি লি.-এর মূলধন ব্যয় ১০%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১
খ. স্বাধীন প্রকল্পসমূহের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২
গ. প্রকল্প-A এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে স্কয়ার কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

১০ ▸ বিহন লি.-এর ২টি বিনিয়োগ প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ হবে ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০%। প্রকল্প দুটির নগদ বার্ষিক আন্তঃপ্রবাহ নিম্নে দেওয়া হলো—

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৩০,০০০ | ২০,০০০ |
| ২ | ২০,০০০ | ২০,০০০ |
| ৩ | ২০,০০০ | ২০,০০০ |
| ৪ | ১০,০০০ | ২০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ২টি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটির NPV নির্ণয় করে বিহন লি.-কে প্রকল্পের গ্রহণযোগ্যতার ব্যাপারে পরামর্শ দাও। ৪

১১ ▸ টুসী একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তাভাবনা করছেন। ল্যাপটপটি ক্রয় করতে নগদ ৮০,০০০ টাকা প্রয়োজন। টুসী ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো সম্পূর্ণ অর্থ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হলো ৬০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৪,৬০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে টুসীর সুযোগ ব্যয় ১২%।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত টুসী যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩
ঘ. টুসীর কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

## ৪১ ✓ বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ নিচের দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| | প্রকল্প-১ | প্রকল্প-২ |
| ০.৩৫ | –০৫ | ১৫ |
| ০.২৫ | ১৬ | ২০ |
| ০.৪০ | ২০ | ২৫ |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১
খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করে। ৩
ঘ. বিভেদাঙ্ক (CV) বিবেচনায় কোন প্রকল্পের ঝুঁকি কম? বিশ্লেষণ কর। ৪

২ ▸ গাজী এগ্রো লি. বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প বিবেচনা করছে। তারা প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে অবাট্টাকৃত কৌশল ব্যবহার করে।

| বিবরণ | পোল্ট্রি ফার্ম | ডেইরি ফার্ম |
|---|---|---|
| প্রাথমিক বিনিয়োগ | ৭,৫০,০০০ টাকা | ৭,৫০,০০০ টাকা |
| বছর | কর পরবর্তী নিট মুনাফা | কর পরবর্তী নিট মুনাফা |
| ১ | ৮০,০০০ | ১,০০,০০০ |
| ২ | ১,২০,০০০ | ১,৫০,০০০ |
| ৩ | ১,০০,০০০ | ৮০,০০০ |

কোম্পানির সর্বনিম্ন প্রয়োজনীয় আয়ের হার ২৮%। উল্লেখ্য, পোল্ট্রি ফার্ম প্রকল্পের গড় আয়ের হার ২৬.২৬%।

ক. নগদ প্রবাহ কী? ১
খ. মূলধন বাজেটিং কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. পোল্ট্রি ফার্ম প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. গাজী এগ্রো লি.-এর কোন প্রকল্প গ্রহণ করা উচিত? গাণিতিক যুক্তি দাও। ৪

৩ ▸ জনাব আলম দীর্ঘমেয়াদি বন্ডে বিনিয়োগে আগ্রহী। তার দুটি বন্ডে বিনিয়োগের সুযোগ আছে। বন্ড দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদকাল | প্রয়োজনীয় আয়ের হার |
|---|---|---|---|---|---|
| P | ১,০০০ | ১২% | ৯০০ | ১২ বছর | ১০% |
| Q | ১,২০০ | — | ৯৫০ | ১০ বছর | ১০% |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. অগ্রাধিকার শেয়ার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত P বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব আলমের কোন বন্ড বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব রমজান আলী আলফা ব্যাংক থেকে ১৪% সুদে ২৫,০০০ টাকা ঋণ গ্রহণ করেছিলেন যা সুদাসলে সমান ৪টি বার্ষিক কিস্তিতে পরিশোধিত হয়েছিল।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. "অর্থের বর্তমান মূল্য ভবিষ্যৎ মূল্যের তুলনায় অধিক পছন্দনীয়"— কেন? ২
গ. বার্ষিক কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. ঋণ পরিশোধ তালিকা তৈরি কর। ৪

৫ ▸ বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণের জন্য বিশ্বব্যাংকের সাথে একটি ঋণচুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেছিল। কিন্তু বিশ্বব্যাংক ঋণ মঞ্জুরের ক্ষেত্রে কঠিন শর্ত আরোপ করায় বাংলাদেশ সরকার অর্থায়নের বিকল্প উৎস হিসাবে নিজস্ব অর্থায়নের কথা ভাবলো। সরকার নিজস্ব এবং বেসরকারি সহায়তার অর্থায়নের মাধ্যমে সেতুটি নির্মাণের উদ্যোগ নিল।

ক. তারল্য নীতি কী? ১
খ. অর্থায়নকে ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয় কেন? ২
গ. পদ্মা সেতু নির্মাণের জন্য প্রথমে কোন ধরনের অর্থায়নের উদ্যোগ গ্রহণ করা হয়? বর্ণনা কর। ৩
ঘ. পদ্মা সেতু নির্মাণে বিকল্প অর্থায়নের উদ্যোগ গ্রহণ ব্যবস্থা যুক্তিসংগত কিনা? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জনাব আহসান তার নিকট সঞ্চিত অর্থ বিনিয়োগ করে নতুন প্রকল্প শুরু করতে আগ্রহী। এই বিষয়ে তিনি তার প্রতিষ্ঠিত ব্যবসায়ী বন্ধু মি. সজলের পরামর্শ চাইলে বন্ধু তাকে একাধিক প্রকল্পে বিনিয়োগের পরামর্শ দেন। কিন্তু তিনি অধিক লাভের আশায় তার সম্পূর্ণ অর্থ একটি প্রকল্পে বিনিয়োগ করেন এবং লোকসানের সম্মুখীন হন।

ক. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা কী? ১
খ. "বিনিয়োগের লক্ষ্য অর্জনে অর্থায়নের নীতিসমূহ মানা প্রয়োজন"— ব্যাখ্যা কর। ২
গ. জনাব আহসানকে তার বন্ধু অর্থায়নের যে নীতি অনুসরণের পরামর্শ দিয়েছিলেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. মূলধন বিনিয়োগের ক্ষেত্রে জনাব আহসানের গৃহীত নীতির যৌক্তিকতা বিশ্লেষণ করে। ৪

৭ ▸ জনাব শাকিল তার পুরাতন গাড়ি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন, যা ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, পদ্মা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন এবং গড়াই ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১
খ. বাট্টাকরণ পদ্ধতি ও চক্রবৃদ্ধিকরণ পদ্ধতির মধ্যে কি কোনো সম্পর্ক আছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে পদ্মা ব্যাংকের সুদের হার কত? ৩
ঘ. জনাব শাকিলের কোন ব্যাংকে হিসাব খোলা অধিক যুক্তিসংগত হবে বলে তুমি মনে কর? সুদের হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ জনাব বিজয় একজন বন্ড বিনিয়োগকারী। বিনিয়োগের জন্য তার কাছে দুটি বন্ড রয়েছে যার বর্ণনা নিম্নে প্রদত্ত হলো :

| বন্ড | কুপন রেট | মেয়াদ | বাজারমূল্য |
|---|---|---|---|
| U | ১৪% | ৫ বছর | ১,২৫০ টাকা |
| K | ১৩% | ৫ বছর | ৮৫০ টাকা |

জনাব বিজয়ের প্রত্যাশিত আয়ের হার ১২%। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা।

ক. চিরস্থায়ী বন্ড কাকে বলে? ১
খ. অগ্রাধিকার শেয়ারকে কেন শংকর জাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. যদি সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে দেওয়া হয় তবে 'ট' বন্ডের অন্তর্নিহিত মূল্য কত? ৩
ঘ. মেয়াদপূর্তিতে আয়ের হারের ভিত্তিতে জনাব বিজয়ের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৯ ▸ জনাব শামিম একটি নতুন প্রকল্পে ২,২০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী। প্রকল্পটির মেয়াদ ৪ বছর। প্রকল্পটি থেকে সম্ভাব্য কর পূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ৬৫,০০০ |
| ২ | ৮৫,০০০ |
| ৩ | ৮০,০০০ |
| ৪ | ৯০,০০০ |

করের হার ৪০%, মূলধন ব্যয় ১০%। জনাব শামিম IRR এর ভিত্তিতে প্রকল্প মূল্যায়ন করেন।

ক. প্রকল্প কী? ১
খ. NPV কখন শূন্য হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্পের বাট্টাকৃত PBP নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্পটির গ্রহণযোগ্যতার বিষয়ে মতামত দাও। ৪

১০ ▸ জনাব রিয়াজ গত বছর দুটি সিকিউরিটির সমন্বয়ে একটি পোর্টফোলিও গঠন করেন, যেখানে তার পোর্টফোলিও ঝুঁকি ছিল ১৫%। বর্তমানে তিনি নিম্নোক্ত দুটি সিকিউটির সমন্বয়ে নতুন পোর্টফোলিও গঠন করতে আগ্রহী :

| | | | |
|---|---|---|---|
| সিকিউরিটি-A | $E(r_A)$ = ৭.৫০% | $\sigma_A$ = ১০% | $\omega_A$ = ৪০% |
| সিকিউরিটি-B | $E(r_B)$ = ১০% | $\sigma_B$ = ২০% | $\omega_B$ = ৬০% |
| A ও B সিকিউরিটির সহসম্বন্ধ ০.৩০ | | | |

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১
খ. বাজার ঝুঁকি কী পরিহারযোগ্য? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রিয়াজের নতুন পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রিয়াজের নতুন পোর্টফোলিও গঠন কী তার জন্য কম ঝুঁকিপূর্ণ হবে? গাণিতিক বিশ্লেষণের ভিত্তিতে মতামত দাও। ৪

১১ ▸ জনাব সিরাজুল হক ১০,০০,০০০ টাকা ১০ বছরের জন্য বিনিয়োগের উদ্দেশ্যে মূলধন বাজারে গিয়ে দুটি সিকিউরিটি পছন্দ করলেন। একটি ১২% কুপন সুদের ৪,০০০ টাকা মূল্যের ঋণপত্র এবং প্রত্যাশিত আয়ের হার ১৩%। অপরটি ৪,০০০ টাকা মূল্যের ১৩% অগ্রাধিকার শেয়ার এবং এখানে প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১
খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ঋণপত্রের প্রকৃত মূল্য কত? ৩
ঘ. জনাব সিরাজুল হকের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত হবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

## ৪২ জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১৷ XYZ কোম্পানির আর্থিক ব্যবস্থাপক এ বছর অর্জিত মুনাফার ৬০% লভ্যাংশ হিসাবে শেয়ারমালিকদের মাঝে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা দেন এবং অবশিষ্ট অর্থ ভবিষ্যতের জন্য সংরক্ষণের সিদ্ধান্ত নেন। এজন্য তার প্রতিষ্ঠানের শেয়ার বাজারমূল্য গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. অর্থায়নের সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত XYZ কোম্পানির ব্যবস্থাপকের সিদ্ধান্ত অর্থায়নের কোন কার্যাবলি? ব্যাখ্যা কর। ৩
ঘ. XYZ কোম্পানি অর্থায়নের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছে— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২৷ মি. হাসান ও মি. সাদ দুজন ব্যবসায়ী। মি. হাসান শুধু কাপড়ের ব্যবসায় করে। অন্যদিকে, মি. সাদ চশমার ব্যবসায়ের সাথে কাপড়ের ব্যবসায়ও করে। মি. সাদ মনে করে, চশমার ব্যবসায় যদি ক্ষতি হয় তাহলে কাপড়ের ব্যবসায় থেকে তা সমন্বয় হবে। মি. হাসান অধিক মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ কম হাতে রেখে অধিক বিনিয়োগ করে।

ক. সরকারি অর্থায়ন কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. মি. সাদ অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. হাসানের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায় কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৩৷ মিসেস সুষমা আক্তার তার পিতার নিকট হতে ৫,০০,০০০ টাকা উপহারস্বরূপ পেলেন। উক্ত টাকা বিনিয়োগের জন্য তার নিকট দুটি বিকল্প রয়েছে। প্রথমটি পারিবারিক সঞ্চয়পত্রে বিনিয়োগ করা যেখান থেকে তিনি মাসিক ৩৫,০০০ টাকা মুনাফা পাবেন এবং ৫ বছর মেয়াদপূর্তিতে ৫,০০,০০০ টাকা সম্পূর্ণ ফেরত পাবেন। দ্বিতীয় বিকল্পটি হলো সোনালী ব্যাংকে ৫ বছর মেয়াদি স্থায়ী আমানতে বিনিয়োগ করা যেখান থেকে তিনি ৫ বছর পর একত্রে ৭,০০,০০০ টাকা পাবেন। তার সুযোগ ব্যয় ৯%।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. বর্তমানের নগদ অর্থ পছন্দের কারণগুলো কী কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সঞ্চয়পত্র হতে প্রাপ্ত মুনাফার বর্তমান মূল্য কত? ৩
ঘ. মিসেস সুষমার কোন বিষয়টি গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪৷ জনাব আশরাফুল একটি বহুজাতিক কোম্পানির কর্মকর্তা। কোম্পানি তার আবাসনের জন্য স্বল্পমূল্যে একটি ফ্ল্যাট প্রদানে আগ্রহী। কোম্পানি তাকে দুটি বিকল্প প্রস্তাব দিল। প্রথমটি হলো ফ্ল্যাটের মূল্য বাবদ ৪,০০,০০০ টাকা করে সমান বার্ষিক কিস্তিতে ১০ বছরে পরিশোধ করা। দ্বিতীয়টি হলো ১০,০০,০০০ টাকা নগদ পরিশোধ করে অবশিষ্ট অর্থের জন্য ২,৫০,০০০ টাকা বার্ষিক কিস্তি ১০ বছর পরিশোধ করা। আশরাফুলের সুযোগ ব্যয়ের হার ৮%।

ক. বাট্টাকরণ কী? ১
খ. সাধারণ বার্ষিক বৃত্তির মূল্য থেকে অগ্রিম বার্ষিক বৃত্তির মূল্য বেশি হয় কেন? ২
গ. প্রথম বিকল্প অনুযায়ী বার্ষিক বৃত্তির বর্তমান মূল্য কত? ৩
ঘ. জনাব আশরাফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উত্তর দাও। ৪

৫৷ জনাব আসলাম হোসেন একটি অটোমেটিক রাইস মিলের মালিক। তিনি ঝুঁকি হ্রাসকল্পে বিনিয়োগ বহুমুখীকরণ করতে আগ্রহী। এজন্য তিনি মাধ্যমিক বাজারে ১০,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী। বিভিন্ন বিনিয়োগ বিকল্প সম্পর্কে তথ্য সংগ্রহ করে তিনি ৯% কুপন রেটে ৫ বছর মেয়াদি ৫,০০০ লিখিত মূল্যের বন্ডে বিনিয়োগ করলেন। তাকে বন্ডগুলো বর্তমান বাজারমূল্য ৫,৫০০ টাকায় কিনতে হলো। তার প্রত্যাশিত আয়ের হার ৮%।

ক. শূন্য কুপন বন্ড কী? ১
খ. মাধ্যমিক বাজার বলতে কী বোঝায়? ২
গ. জনাব আসলাম হোসেনের ক্রয়কৃত বন্ডের অন্তর্নিহিত মূল্য কত? ৩
ঘ. যদি সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে প্রদান করে তাহলে বর্তমান বাজারমূল্যে বন্ড কিনে তিনি কি লাভবান হতে পারবেন? ব্যাখ্যা কর। ৪

৬৷ কোয়ালিটি সিরামিক্স লি. উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি নতুন প্ল্যান্ট স্থাপনে আগ্রহী। কোম্পানিটির আর্থিক ব্যবস্থাপক ব্যাংক ঋণের মাধ্যমে অর্থায়নের পরামর্শ প্রদান করেন। যুক্তি হিসাবে তিনি উপস্থাপন করেন যে ব্যাংক ঋণ কম সময়ে পাওয়া যায় এবং অধিক নমনীয় পক্ষান্তরে, প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান যেটি পরিশোধের সীমারেখার মধ্যে বাধ্যবাধকতা নেই।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. কোন শেয়ারকে শংকরজাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পরিচালনা পর্ষদ মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলেছেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে আর্থিক ব্যবস্থাপক ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তাবিত মূলধন সংগ্রহের উৎস দুটির তুলনামূলক বিশ্লেষণ করে কোনটি অধিক যুক্তিযুক্ত মন্তব্য কর। ৪

৭৷ বেস্ট সিমেন্ট লি. ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে একটি নতুন উৎপাদন লাইন স্থাপনে আগ্রহী যার ক্রয়মূল্য ২০,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য আনুমানিক ৩,০০,০০০ টাকা। উৎপাদন ক্ষমতা বিশ্লেষণ করে দেখা গেল লাইনটি হতে আগামী পাঁচ বছর করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৬,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির করের হার ৩০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বরাদ্দকরণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রকল্পের গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩
ঘ. যদি বাট্টার হার ১০% হয় তাহলে প্রকল্পটিতে বিনিয়োগ যুক্তিযুক্ত কিনা তা NPV নির্ণয় করে মন্তব্য কর। ৪

৮৷ মিরাকল ইন্ডাস্ট্রিজ লি. এর নিকট গ্রহণ করার জন্য দুটি বিনিয়োগ প্রকল্প আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নে দেওয়া হলো :

| বছর | প্রকল্প 'X' | প্রকল্প 'Y' |
|---|---|---|
| ০ | (১,০০,০০০) | (১,০০,০০০) |
| ১ | ৩০,০০০ | ৫০,০০০ |
| ২ | ৪০,০০০ | ৫০,০০০ |
| ৩ | ৩০,০০০ | ৫০,০০০ |
| ৪ | ৬০,০০০ | ৫০,০০০ |

প্রতিষ্ঠানটির মূলধন ব্যয়ের হার ১০% প্রকল্প 'Y' এর IRR ৩৫%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১
খ. মূলধন ফেরতকাল পদ্ধতির অসুবিধাগুলো কী কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প 'X' এর মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩
ঘ. অভ্যন্তরীণ আয়ের হার বা IRR এর ভিত্তিতে প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিক গ্রহণযোগ্য বলে তোমার মনে হয়? ৪

৯৷ নিম্নে দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

| | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| সম্ভাবনা (P) | প্রকল্প-'ক' | প্রকল্প-'খ' |
| ০.২৫ | −১৫ | ১৫ |
| ০.৩০ | ১০ | ২০ |
| ০.৪৫ | ২৫ | ২৫ |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি ও আয়ের হারের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্পদ্বয়ের তুলনামূলক ঝুঁকির মাত্রা বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ যুক্তিযুক্ত হবে? ৪

১০৷ কোয়ান্টাম সিকিউরিটিজ পুঁজিবাজারে বিনিয়োগকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পোর্টফোলিও ম্যানেজার বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটিজ চিহ্নিত করেছেন এবং ঝুঁকি ও আয়ের হার সম্পর্কিত নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেছেন।

| সিকিউরিটিজ | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি | বিটা (β) |
|---|---|---|---|
| A | ১২% | ৮% | ২ |
| B | ১৮% | ১০% | ৩ |

ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৪%।

ক. পোর্টফোলিও কী? ১
খ. প্রয়োজনীয় আয়ের হারের ওপর বিটার প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সিকিউরিটিজ দুটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোয়ান্টাম সিকিউরিটিজের বিনিয়োগ সিদ্ধান্ত কী হওয়া উচিত? ব্যাখ্যা কর। ৪

১১৷ জনাব শরিফুল একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। অফিসে যাতায়াতের জন্য সে ৫ বছর পর ২,০০,০০০ টাকায় একটি মোটরসাইকেল ক্রয়ের পরিকল্পনা করছে। এজন্য সে তহবিল সঞ্চয়ের দুটি বিকল্পের কথা ভাবছে। প্রথম বিকল্প হলো ১০% মুনাফায় মাসিক সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ করা এবং দ্বিতীয়টি হলো ১,০০,০০০ টাকা বর্তমানে এককালীন ব্যাংকে গচ্ছিত রাখা যেখান থেকে সে পাঁচ বছর পর ২,০০,০০০ টাকা পাবে।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যার সাথে কার্যকরী সুদের হারের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. প্রথম বিকল্প অনুযায়ী জনাব শরিফুলের মাসিক সঞ্চয়ের পরিমাণ কত? ৩
ঘ. জনাব শরিফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

# ৪৩ সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

বিষয় কোড : 292

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ 'A' কোম্পানি শুধু মিনিপ্যাক শ্যাম্পু বিপণন করে থাকে। সুনাম বাড়ানো ও ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে তারা তাদের মোট লাভের ২৫% লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে। অপরদিকে 'B' কোম্পানি মিনিপ্যাক শ্যাম্পুর পাশাপাশি ফ্যামিলি সাইজ শ্যাম্পু, বোতলজাত শ্যাম্পু ও হারবাল শ্যাম্পু বিপণন করে। তাদের মোট লাভের ৮% লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে।

ক. তারল্য ও মুনাফা নীতি কী? ১

খ. অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ করাকেই বোঝায়— বুঝিয়ে লিখ। ২

গ. কোম্পানি 'B' ঝুঁকি কমাতে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোন কোম্পানিটি অর্থায়নের সম্পদ সর্বাধিকরণের লক্ষ্যটি অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে তা বিশ্লেষণপূর্বক আলোচনা কর। ৪

২ ▶ জনাব এস আলম একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্পের প্রাথমিক প্রাক্কলিত নগদ বহিঃপ্রবাহ ২,০০,০০০ টাকা। প্রকল্পের মেয়াদ ৪ বছর এবং ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানি স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে। প্রয়োজনীয় আয়ের হার ১০% এবং কর্পোরেট কর ৪০%। প্রকল্পটির প্রাক্কলিত করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| করপূর্ব নগদ প্রবাহ (টাকা) | ৮০,০০০ | ৭০,০০০ | ৮০,০০০ | ১,০০,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. পে-ব্যাক সময় পদ্ধতি কী? বুঝিয়ে লিখ। ২

গ. প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. প্রকল্পের নিট বর্তমান মূল্য নির্ণয় কর এবং প্রকল্পের গ্রহণযোগ্যতার ওপর মন্তব্য কর। ৪

৩ ▶ মিসেস সোনিয়া তার গ্রামের বাড়ি বিক্রি করে ১০,০০,০০০ টাকা পেলেন। টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। তার কাছে দুটি বিকল্প প্রস্তাব রয়েছে। পদ্মা ব্যাংক তাকে ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অন্যদিকে, মেঘনা ব্যাংক তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ দিবে।

ক. অর্থের ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. মেয়াদ শেষে মিসেস সোনিয়া পদ্মা ব্যাংক থেকে মোট কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. মিসেস সোনিয়ার জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব শিহাব বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি কোম্পানির বিগত ৪ বছরের আয় পর্যালোচনা করছেন :

| বছর | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | গড় আয় | বিভেদাঙ্ক |
|---|---|---|---|---|---|---|
| পদ্মা লি. | ১০% | ১৪% | ১৬% | ২০% | ১৫% | ৪৮.১০% |
| মেঘনা লি. | ৬% | ১০% | ২০% | ২৪% | ১৫% | ?? |

অন্যদিকে, জনাব শিহাবের বন্ধু মিরাজ সুরমা লি.-এর শেয়ার ক্রয় করেছেন যেটির বাজার ঝুঁকির মান ১.৪০। উল্লেখ্য, বাজার আয়ের হার ১৪% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৫%।

ক. মূলধনী আয় কী? ১

খ. ঋণ মূলধন ব্যবহারের কারণে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মিরাজের প্রত্যাশিত আয়ের হার কত? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব শিহাবের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৫ ▶ মিনতি মিনারেলস কোং লি.-এর কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্পে A ও B তে বিনিয়োগের সুযোগ রয়েছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ :

| সময় | A | B |
|---|---|---|
| ০ | (৩০,০০০) | (৪০,০০০) |
| ১ | ২,০০০ | ২৫,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৩ | ৭,০০০ | ৯,০০০ |
| ৪ | ৫,০০০ | ৬,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. পে-ব্যাক পিরিয়ড বলতে কী বোঝ? ২

গ. মূলধন ব্যয় ১৫% হলে প্রকল্প দুটির NPV নির্ণয় কর। ৩

ঘ. যদি প্রকল্প দুটি স্বাধীন হয় এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ সাঈদ হাসান তার নিজ এলাকায় একটি দাতব্য চিকিৎসা কেন্দ্র গড়ে তোলেন। সমাজের বিভিন্ন ধনী ব্যক্তিদের সহযোগিতায় সেবাকেন্দ্রটি পরিচালিত হয়ে আসছে। সেবাকেন্দ্রটি যাতে আরও ভালোভাবে পরিচালিত হতে পারে তার জন্য বিভিন্ন বিদেশি সংস্থার কাছে তিনি সহযোগিতা চান। প্রতিষ্ঠানের সম্পূর্ণ আয় মানবসেবায় ব্যয় করা হয়।

ক. তহবিলের বণ্টন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কোম্পানির মূল লক্ষ্য হওয়া উচিত— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সেবা প্রতিষ্ঠানে অর্থায়নের ফলে সমাজে কীরূপ প্রভাব পড়ে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আয় মানবসেবায় খরচ করা অর্থায়নের সামাজিক দায়বদ্ধতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ লতিফ সাহেব বসতবাড়ি উন্নয়নের জন্য এখন থেকেই অর্থ সঞ্চয় করার সিদ্ধান্ত নিয়েছেন। আগামী ৪ বছর প্রত্যেক বছরের শুরুতে তিনি যথাক্রমে ৩০,০০০ টাকা; ৪০,০০০ টাকা; ৫০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা ব্যাংকে জমা দেওয়ার জন্য মনস্থির করেছেন।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. বার্ষিক বৃত্তির প্রধান দুটি শর্ত কী কী? ব্যাখ্যা কর। ২

গ. ব্যাংকের চক্রবৃদ্ধি সুদের হার ১৫% হলে ৪ বছর পর লতিফ সাহেব ব্যাংক থেকে মোট কত টাকা পাবেন? ৩

ঘ. লতিফ সাহেবের কিস্তি প্রদানকে বৃত্তি বলা যাবে কি? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ জনাব সালাম একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তার হাতে একটি বিনিয়োগ প্রকল্প রয়েছে। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা এবং আগামীতে ৩ (তিন) বছরে বার্ষিক নগদ কর-পরবর্তী মুনাফা যথাক্রমে ৩০,০০০; ৫০,০০০ ও ৩৫,০০০ টাকা। মূলধন ব্যয় ১৫%। জনাব সালাম নিট বর্তমান মূল্য পদ্ধতি (NPV) ব্যবহার করে প্রকল্পের আয়ের হার সম্পর্কে নিশ্চিত হতে চান।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব সালামের প্রকল্পটি কি গ্রহণ করা উচিত? যুক্তি সহকারে উত্তর দাও। ৪

৯ ▶ জনাব নাসির ও নাসিম দুজন কাপড়ের পাইকারি ব্যবসায় করেন। জনাব নাসির শুধু কাপড়ের ব্যবসায় করেন। অন্যদিকে জনাব নাসিম কাপড়ের পাশাপাশি রঙের ব্যবসায় করেন। তিনি মনে করেন, যদি কাপড়ের ব্যবসায়ে ক্ষতি হয় তাহলে রঙের ব্যবসায় থেকে মুনাফা অর্জন করা যাবে। অন্যদিকে জনাব নাসির বেশি মুনাফার আশায় নগদ টাকা হাতে কম রেখে বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. তারল্য বলতে কী বোঝায়? ২

গ. জনাব নাসিম অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাসিরের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কীরূপ প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

১০ ▶ বিডি কোম্পানি ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে; যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন হার ১২% বার্ষিক ভিত্তিতে পরিশোধ করা হয় এবং বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ১৪%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২

গ. বিডি কোম্পানির বন্ডের মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি প্রয়োজনীয় আয়ের হার বেড়ে ১৬% হয় এবং বন্ডের বাজারমূল্য ১,২০০ টাকা হয় তবে বন্ডটি কেনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জনাব আবীর একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি ১০ বছর মেয়াদি ১০% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নেন। বন্ডটির লিখিত মূল্য ১০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১৩%।

ক. শেয়ার কী? ১

খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের বন্ডটির মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আবীরের বন্ডে বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

## ৪৪ অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ মি. কাজল ও মি. রতন দুইজন একটি প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ের উপর পড়াশোনা করেছেন। তারা দু'জন মিলে সিদ্ধান্ত নিল যে, টিউশনি করে অর্জিত টাকা দিয়ে শেয়ারবাজারে বিনিয়োগ করবে। মি. কাজল তার পুঁজি দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে মি. রতন তার পুঁজি দিয়ে সাতটি কোম্পানির শেয়ার ক্রয় করল।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ কীভাবে করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. মি. রতন বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগকে অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

২ ▶ জনাব নবীন ও জনাব ফরিদ দুজনই পাইকারি ব্যবসা করেন। জনাব নবীন কাপড়ের ব্যবসা করেন। অন্যদিকে জনাব ফরিদ একই সাথে কাপড় ও জুতার ব্যবসা করেন। জনাব ফরিদ মনে করেন যে, একটি ব্যবসায় ক্ষতি হলে অন্য ব্যবসা দিয়ে যেন তা পুষিয়ে নেওয়া যায়। জনাব নবীন বেশি মুনাফার আশায় হাতে অল্প কিছু নগদ রেখে সম্পূর্ণ বিনিয়োগ করেন।

ক. মুনাফা সর্বাধিকরণ কী? ১
খ. তারল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ফরিদ অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব নবীনের বিনিয়োগ সিদ্ধান্ত ব্যবসায়ের কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মি. জাভেদ মধুমতি লি. এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি দুটি প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্প দুটিতে প্রাথমিক বিনিয়োগ ১,৭৫,০০০ টাকা। নিম্নে দুটি প্রকল্পের পরবর্তী ৫ বছরের নিট মুনাফা দেওয়া হলো :

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ১,৩০,০০০ | ১০,০০০ |
| ২ | ৫০,০০০ | ৩০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ২৫,০০০ |
| ৪ | ৩০,০০০ | ৩০,০০০ |
| ৫ | ১০,০০০ | ১,৬৫,০০০ |
| মোট মুনাফা | ২,৬০,০০০ | ২,৬০,০০০ |

ক. তারল্য কী? ১
খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝায়? ২
গ. মি. জাভেদ যে দুটি প্রকল্পের কথা ভাবছেন তা অর্থায়নের কোন কার্যাবলির মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যদি মি. জাভেদ তার ফার্মের সম্পদ সর্বাধিকরণ করতে চায় তবে উদ্দীপকে উল্লিখিত দুটি প্রকল্পের মধ্যে কোনটি পছন্দ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ লতা ও পাতা দুই বোন। লতা মেঘনা ব্যাংকে বছরের শুরুতে ১০% সুদে এবং পাতা যমুনা ব্যাংকে বছরের শেষে ১২% সুদে ৫,০০০ টাকা করে ১০ বছর জমা করেন। লতা মেয়াদ শেষে ৮৭,৬৫৬ টাকা পাবেন। পাতা ৩য়, ৪র্থ ও ৫ম বছর শেষে যথাক্রমে ৫,০০০ টাকা, ৩,০০০ টাকা ও ১০,০০০ টাকা পাবেন। পাতার সুযোগ ব্যয়ের হার ৮.৫%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২
গ. পাতার প্রাপ্ত অর্থের বর্তমান মূল্য কত? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে কে মেয়াদ শেষে বেশি টাকা পাবেন, বিশ্লেষণ করে দেখাও। ৪

৫ ▶ জনাব রতন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান থেকে সদ্য অবসর গ্রহণ করেন। তিনি গ্র্যাচুইটি হিসেবে ১০ লক্ষ টাকা পান। তিনি উক্ত টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি ব্যাংকের দুটি বিকল্প প্রস্তাব আছে। ডাকঘর সঞ্চয়ী ব্যাংক ১৪% হারে সরল সুদ প্রদানে আগ্রহী এবং মেঘনা ব্যাংক ১৩% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করতে চান। ব্যাংক ছাড়াও জনতা ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড থেকে ৫ বছর শেষে ১৮ লক্ষ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার নিকট আছে।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. চক্রবৃদ্ধি হারে প্রকৃত সুদের হার পরিবর্তিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মেঘনা ব্যাংকে জমা রাখলে জনাব রতন ৫ বছর পরে কত টাকা পাবেন? ৩
ঘ. উদ্দীপকের তিনটি বিকল্প প্রস্তাবের মধ্যে জনাব রতন কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৪

৬ ▶ মি. নক্ষত্র বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের উদ্দেশ্যে ১,০০০ টাকা লিখিত মূল্যের নিম্নোক্ত দুটি বন্ড বিবেচনা করেছেন :

| বন্ড | সুদের হার | মেয়াদ | অন্তর্নিহিত মূল্য | বাজারমূল্য |
|---|---|---|---|---|
| x | ১২% | — | ১,২০০ টাকা | ১,১৮০ টাকা |
| y | ১৪% | ৫ বছর | ? | ১,১২০ টাকা |

মি. নক্ষত্রের প্রত্যাশিত আয়ের হার ১০% এবং তিনি বিচার-বিশ্লেষণ করে y বন্ডে বিনিয়োগ করার সিদ্ধান্ত নেন।

ক. কুপন বন্ড কী? ১
খ. সাধারণ শেয়ারমালিকদের কেন সর্বশেষ দাবিদার বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের y বন্ডটি কোন ধরনের বন্ড? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. নক্ষত্রের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭ ▶ জনাব শাহীন তার সঞ্চিত অর্থ পুঁজিবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বন্ডে বিনিয়োগ তার কাছে নিরাপদ মনে হয়। এজন্য তিনি দুটি বন্ড পছন্দ করেছেন। নিচে বন্ডগুলোর বিবরণ দেওয়া হলো—

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য (টাকা) | মেয়াদ (বছর) |
|---|---|---|---|
| A | ১২% | ৬০০ | ৬ |
| B | ১০% | ৪৫০ | — |

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১
খ. সংরক্ষিত মুনাফা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপক অনুযায়ী মেয়াদপূর্তিতে A বন্ডের আয়ের হার কত? ৩
ঘ. কোন বন্ডে বিনিয়োগ জনাব শাহীনের জন্য যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৮ ▶ মি. বিলাশ 'A' ও 'B' পরস্পর বর্জনশীল দুটি প্রকল্পের যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগের জন্য ভাবছেন। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা এবং বাট্টার হার ১১%। প্রকল্প দুটির সম্ভাব্য নগদ প্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প/বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প-A | ৫২,০০০ | ৫২,০০০ | ৫২,০০০ | ৫২,০০০ | ৫২,০০০ |
| প্রকল্প-B | ৬৮,০০০ | ৬০,০০০ | ৩৬,০০০ | ৪৮,০০০ | ৭২,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১
খ. গ্রহণ-বর্জন সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্প-'B' এর NPV নির্ণয় কর। ৩
ঘ. পে-ব্যাক সময় বিবেচনা করে মি. বিলাশের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? ৪

৯ ▶ মি. দীপক নাগ দেশের বিভিন্ন অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দুটি স্টকে বিনিয়োগ করতে সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে স্টকের সম্ভাবনা বিন্যাস ও আয়ের হার দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক 'ক' | স্টক 'খ' |
| ভালো | ০.২৫ | ২০% | ১৫% |
| স্বাভাবিক | ০.৫০ | ৩০% | ৩৫% |
| খারাপ | ০.২৫ | ১০% | ১২% |

ক. পোর্টফোলিও কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. মি. দীপক নাগের স্টক 'খ' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. দীপক নাগের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? মূল্যায়ন কর। ৪

১০ ▶ বিটা কোম্পানি ৭,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয়ের বিষয়ে বিবেচনা করছে। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট করের হার ৪০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছরে নিম্নোক্ত হারে করপূর্ববর্তী নগদ প্রবাহ আশা করা যাচ্ছে :

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ১,২০,০০০ |
| ২ | ২,২০,০০০ |
| ৩ | ৩,৪০,০০০ |
| ৪ | ২,৮০,০০০ |
| ৫ | ২,৩০,০০০ |

ক. প্রকল্প কী? ১
খ. মূলধন বাজেটিংয়ের দুটি উদ্দেশ্য লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত মেশিনটির গড় উপার্জন হার কত? ৩
ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মি. নয়নের নিকট বিনিয়োগযোগ্য ৪০,০০০ টাকা আছে। তিনি এই অর্থ নিম্নরূপে বিনিয়োগের সিদ্ধান্ত নিলেন :

| কোম্পানি | ক | খ | গ | ঘ |
|---|---|---|---|---|
| বিনিয়োগ (টাকা) | ৪,০০০ | ৮,০০০ | ১২,০০০ | ১৬,০০০ |
| প্রত্যাশিত আয়ের হার | ৮% | ১২% | ১৫% | ১৮% |

ক. ব্যবসায় ঝুঁকি কী? ১
খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

## ৪৫ ✓ দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব রহিম এবং জনাব করিম দুজনই পাইকারি ব্যবসা করেন। জনাব রহিম কাপড়ের ব্যবসা করেন। অন্যদিকে জনাব করিম একই সাথে কাপড় এবং জুতার ব্যবসা করেন। জনাব করিম মনে করেন একটি ব্যবসায় ক্ষতি হলে অন্য ব্যবসা দিয়ে যেন তা পুষিয়ে নেওয়া যায়। জনাব রহিম বেশি মুনাফার আশায় হাতে অল্প কিছু নগদ অর্থ রেখে সম্পূর্ণ বিনিয়োগ করেন।

ক. মুনাফা সর্বাধিকরণ কী? ১
খ. তারল্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব করিম অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রহিমের বিনিয়োগ সিদ্ধান্ত ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ পদ্মা কোম্পানি লি. একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত। প্রতিষ্ঠানটির বর্জ্য ও দূষিত পানি। নদীতে পড়ায় পানি, বায়ু ও মাটি দূষিত হয়ে পরিবেশের ক্ষতি করেছে। পরিবেশ রক্ষার জন্য প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ১০ কোটি টাকার প্রয়োজন এবং এর আয়ুষ্কাল ২০ বছর। প্রতিষ্ঠানটি সরকারকে যথারীতি কর প্রদান করে ও নদীর তীরে বনায়ন প্রকল্প হাতে নেয়।

ক. অর্থায়ন কী? ১
খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রতিষ্ঠানটির পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পদ্মা কোম্পানি লি. এর কার্যক্রম অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব শাহীন অবসর ভাতা বাবদ ২,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি ৫ বছরের জন্য রূপালী ব্যাংক লি. এ জমা রাখলে, রূপালী ব্যাংক লিমিটেড তাকে ৩,৭০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে। অন্যদিকে, সোনালী ব্যাংক লি. ৮ বছরের জন্য জমা রাখলে, সোনালী ব্যাংক লি. তাকে ৫,০০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. "৭২ বিধি" বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে রূপালী ব্যাংক লি. এর সুদের হার কত? ৩
ঘ. জনাব শাহীন সুদের হারের ভিত্তিতে কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভবান হবেন? তোমার মতামত দাও। ৪

৪ ▸ বিপ্রজিত ৫ বছর পর একটি মোটরসাইকেল কিনতে ইচ্ছুক। ৫ বছর পর মোটরসাইকেলটির বাজারমূল্য হবে ১,৫০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে জনতা ব্যাংক লি. এ ৭০,০০০ টাকা এখন জমা রাখতে চায়। জনতা ব্যাংক লি. ১২% সুদ দেয় যা মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধিকরণ কর হয়।

ক. বৃত্তি কী? ১
খ. "৬৯ বিধিটি" বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মেয়াদ শেষে বিপ্রজিত কী মোটরসাইকেলটি কিনতে সক্ষম হবে? গাণিতিকভাবে যুক্তি প্রদর্শন কর। ৪

৫ ▸ জনাব জায়েদ তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাইছেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ড দু'টির তথ্য নিচে দেওয়া হলো :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | পরিপক্ক মূল্য |
|---|---|---|---|---|
| A | ১২% | ১,১০০ টাকা | — | ১,০০০ টাকা |
| B | — | ৬০০ টাকা | ১২ বছর | ১,৫০০ টাকা |

ক. কুপন বন্ড কী? ১
খ. কার্যকরী মূলধন ধারণাটি আলোচনা কর। ২
গ. A বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. বন্ডের বর্তমান মূল্য বিবেচনায় জনাব জায়েদের কোন বন্ডে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ যমুনা লি. ১ জুলাই ২০২০ তারিখে ৮ বছর মেয়াদি বন্ড বাজারে ছেড়েছে যার লিখিত মূল্য ২,০০০ টাকা। কুপন রেট ১৫%। বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে এবং বন্ড থেকে প্রয়োজনীয় আয় হার ১৬%।

ক. শেয়ার কী? ১
খ. মর্টগেজ বন্ড বলতে কী বোঝায়? ২
গ. যমুনা লি. এর বন্ডের মূল্য নির্ণয় কর। ৩
ঘ. যদি আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৮% হয় এবং বন্ডের বাজারমূল্য ২,৪০০ টাকা হয় তখন বন্ডটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব সুমন করতোয়া লি. এর আর্থিক ব্যবস্থাপক। তিনি A ও B প্রকল্পের একটিতে বিনিয়োগ করবেন। তার প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| A | ৩০,০০০ | ২০,০০০ | ৩০,০০০ | ১৫,০০০ |
| B | ২৫,০০০ | ৩০,০০০ | ২০,০০০ | ১০,০০০ |

করতোয়া লি. এর মূলধন ব্যয় ১০%। [যেখানে ১ টাকার বর্তমান মূল্য প্রথম বছর ০.৯০৯; দ্বিতীয় বছর ০.৮২৬; তৃতীয় বছর ০.৭৫১ এবং চতুর্থ বছর ০.৬৮৩]

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ২
গ. B প্রকল্পের পরিশোধনকাল নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্য পদ্ধতি ব্যবহার করে কোন প্রকল্প গ্রহণ করবেন? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ পদ্মা কোম্পানির ৩ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৪৪,০০০ টাকা, ৪৫,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। কর্পোরেট করের হার ৪০%। ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা এবং প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ ৫০,০০০ টাকা। উল্লেখ্য যে, সুযোগ ব্যয়ের হার ১৮%।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. পদ্মা কোম্পানির মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩
ঘ. গড় আয়ের হারের (ARR) ভিত্তিতে কর্ণফুলী কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৯ ▸ সুমাইয়া সিকিউরিটিতে বিনিয়োগে ইচ্ছুক। সে বাজার থেকে ২টি সিকিউরিটির তথ্য সংগ্রহ করেছে। বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ :

| বছর | সিকিউরিটি A (আয়ের হার) | সিকিউরিটি B (আয়ের হার) |
|---|---|---|
| ১ | ১০% | ১২% |
| ২ | ১৫% | –৮% |
| ৩ | ৫% | ২০% |

ক. বাজার ঝুঁকি কী? ১
খ. "সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকি নেই"— ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি A এবং সিকিউরিটি B এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উভয় সিকিউরিটিতে ব্যবধানাংক নির্ণয় কর। কোন সিকিউরিটিতে বিনিয়োগ উত্তম এবং কেন? ৪

১০ ▸ মি. সাজ্জাদ হোসেন দেশের বিভিন্ন অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দু'টি স্টকে বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে দু'টি স্টকের সম্ভাবনা বিন্যাস ও আয়ের হার দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক 'ক' | স্টক 'খ' |
| ভালো | ০.২৫ | ২০% | ১৫% |
| স্বাভাবিক | ০.৫০ | ৩০% | ৩৫% |
| খারাপ | ০.২৫ | ১০% | ১২% |

ক. পোর্টফোলিও কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. মি. সাজ্জাদ হোসেনের স্টক 'খ' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. সাজ্জাদ হোসেনের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? মূল্যায়ন কর। ৪

১১ ▸ মি. শ্যামল হক জুস লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক। বিগত বছর প্রতিষ্ঠানটি প্রচুর পরিমাণ মুনাফা অর্জন করার কারণে শেয়ারমালিকদের বেশি করে লভ্যাংশ প্রদান করে। ফলে কোম্পানির শেয়ারের বাজারের মূল্য বৃদ্ধি পায় যা প্রতিষ্ঠানটির মূল লক্ষ্য অর্জনের একটি নির্দেশক। মি. শ্যামল অর্জিত মুনাফার একটি অংশ কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে সরকারি তহবিলে জমা দেয়। তবে প্রতিষ্ঠানের বেতন ঠিকমতো পরিশোধ করতে না পারায় কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দেয়।

ক. ঝুঁকি-মুনাফা নীতি কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ কেন একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য হিসেবে বিবেচিত হয়? ২
গ. মি. শ্যামলের প্রতিষ্ঠানের অর্থায়নের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শ্যামলের ক্ষেত্রে অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা মূল্যায়ন কর। ৪

## ৪৬ আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ অরণ্য ফার্নিচার লি. কোম্পানি বিগত ৪০ বছর যাবৎ বাংলাদেশে সুনামের সাথে ব্যবসা করেছে। কোম্পানির ব্যবস্থাপক প্রকাশনা, টরিজম, রিয়েল স্টেট ইত্যাদি ক্ষেত্রে ব্যবসা প্রসারিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও গুণগত মানের পণ্য ন্যায্যমূল্যে সরবরাহ, কর্মীদের কাজের উপযুক্ত পরিবেশ, নিয়মিত বেতন পরিশোধ, গরিব মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান, বৃক্ষরোপণ কর্মসূচি ইত্যাদি কার্যক্রম যথাযথভাবে করে থাকে। এসকল কার্যক্রমের ফলে প্রতিষ্ঠানটি সেরা প্রতিষ্ঠানের পুরস্কার লাভ করে।

ক. স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা কী? ১
খ. লভ্যাংশ প্রদান কীভাবে কোম্পানির মূল লক্ষ্যের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোম্পানির ব্যবস্থাপকের সিদ্ধান্ত অর্থায়নের কোন নীতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানির কার্যক্রম অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

২ ▶ মি. জাভেদ মধুমতি লি.-এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি দুটি প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্প দুটিতে প্রাথমিক বিনিয়োগ ১,৭৫,০০০ টাকা। নিম্নে দুটি প্রকল্পের কর পরবর্তী ৫ বছরের নিট মুনাফা দেওয়া হলো :

| বছর | প্রকল্প 'ক' | প্রকল্প 'খ' |
|---|---|---|
| | টাকা | টাকা |
| ১ | ১,৩০,০০০ | ১০,০০০ |
| ২ | ৫০,০০০ | ৩০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ২৫,০০০ |
| ৪ | ৩০,০০০ | ৩০,০০০ |
| ৫ | ১০,০০০ | ১,৬৫,০০০ |
| মোট মুনাফা | ২,৬০,০০০ | ২,৬০,০০০ |

ক. তারল্য কী? ১
খ. ব্যবসায় নৈতিকতা বলতে কী বোঝায়? ২
গ. মি. জাভেদ যে দুটি প্রকল্পের কথা ভাবছেন তা অর্থায়নের কোন কার্যাবলির মধ্যে পড়ে? ব্যাখ্যা কর। ৩
ঘ. যদি মি. জাভেদ তার ফার্মের সম্পদ সর্বাধিকরণ করতে চায় তবে উদ্দীপকে উল্লিখিত দুটি প্রকল্পের মধ্যে কোনটি পছন্দ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ টুম্পা একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তাভাবনা করছেন, ল্যাপটপ ক্রয় করতে নগদ ৮০,০০০ টাকা প্রয়োজন। টুম্পা ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো সম্পূর্ণ অর্থ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হলো ৬০% নগদে এবং বাকি বার্ষিক ৪,৬০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে টুম্পার সুযোগ ব্যয় ১২%।

ক. বর্তমান মূল্য কী? ১
খ. বাট্টার হারের সাথে বর্তমান মূল্যের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত টুম্পা যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩
ঘ. টুম্পার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

৪ ▶ মিসেস রেহানা তার গ্রামের বাড়ি বিক্রি করে ১০,০০,০০০ টাকা পেল। উক্ত টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য রাখার সিদ্ধান্ত নিলেন। তার নিকট দু'টি বিকল্প প্রস্তাব রয়েছে। পদ্মা ব্যাংক তাকে ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। অন্যদিকে মেঘনা ব্যাংক তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. অর্থের সময়মূল্যের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. মেয়াদ শেষে মিসেস রেহানা পদ্মা ব্যাংক হতে মোট কত টাকা পাবেন তা নির্ণয় কর। ৩
ঘ. মিসেস রেহানার জন্য কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব আতিক একজন ব্যাংকার। তিনি বিভিন্ন কোম্পানির শেয়ার ও বন্ডে বিনিয়োগ করতে চান। নিম্নে বিভিন্ন কোম্পানি কর্তৃক ইস্যুকৃত বন্ডের বিবরণ দেওয়া হলো :

১. মধুমতি হাউজিং কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের ৭ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২%। প্রয়োজনীয় আয়ের হার ১৪%। সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে পরিশোধ করা হয়।
২. ইস্টার্ন হাউজিং কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের চিরস্থায়ী বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২% এবং প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ২,৮০০ টাকা।
৩. সুরমা হাউজিং কোম্পানি প্রতিটি ৩,০০০ টাকা মূল্যের জিরো কুপন বন্ড ইস্যু করেছে। মেয়াদকাল ৭ বছর। প্রয়োজনীয় আয়ের হার ১৪%। বর্তমান বাজারমূল্য ১,১০০ টাকা।

ক. কুপন রেট কী? ১
খ. বাট্টার হারের সাথে বন্ডের মূল্যের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. মধুমতি হাউজিং কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. ইস্টার্ন ও সুরমা হাউজিং কোম্পানির মধ্যে জনাব আতিকের কোন কোম্পানির বন্ডে বিনিয়োগ করা উচিত তা মূল্যায়ন কর। ৪

৬ ▶ সাজ্জাদ সাহেব সম্প্রতি চাকরি থেকে অবসর গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ পুঁজিবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাই তিনি কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিচার-বিশ্লেষণ করছেন :

| বিবরণ | নোমান কোম্পানি | সোহাগ কোম্পানি | রাজু কোম্পানি |
|---|---|---|---|
| লিখিত মূল্য | ১,০০০ টাকা | ১,০০০ টাকা | ২,০০০ টাকা |
| কুপন সুদের হার | ১০% | ১২% | |
| প্রত্যাশিত আয়ের হার | ৮% | ১৫% | ১০% |
| বাজারমূল্য | ১,১০০ | ৭০০ | |
| বন্ডের ধরন | কুপন বন্ড | চিরস্থায়ী বন্ড | জিরো কুপন বন্ড |

ক. জাঙ্ক বন্ড কী? ১
খ. শেয়ার প্রতি লভ্যাংশ কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ২
গ. রাজু কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. নোমান ও সোহাগ কোম্পানির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে মনে কর? বিশ্লেষণ কর। ৪

৭ ▶ রেনেভা কোম্পানির আর্থিক ব্যবস্থাপক জনাব হিসামের হাতে বিনিয়োগের জন্য ১,০০,০০০ টাকা আছে। তিনি 'ক' এবং 'খ' নামে দুটি স্বাধীন প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করেছেন। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা। জনাব হিসামের প্রত্যাশিত আয়ের হার ১৪%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | নগদ আন্তঃপ্রবাহ | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| ক | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ |
| খ | ২৯,৪০০ | ২০,৪০০ | ২৬,০০০ |

'ক' প্রকল্পের নিট বর্তমান মূল্য ৮,০৪১ টাকা। জনাব হিসাম প্রকল্প মূল্যায়নে বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. বাট্টার হার বৃদ্ধি পেলে নিট বর্তমান মূল্যের উপর কী প্রভাব পড়বে তা ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক' এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. জনাব হিসামের বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

৮ ▶ গৌরি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক জনাব কাজল ক, খ, ও গ নামে তিনটি স্বাধীন প্রকল্পে বিনিয়োগের চিন্তা-ভাবনা করেছেন। জনাব কাজলের হাতে বিনিয়োগের জন্য ৯০,০০০ টাকা আছে। প্রকল্প তিনটির তথ্যাবলি নিচে দেওয়া হলো :

| প্রকল্প | নগদ প্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-০ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
| ক | (৪০,০০০) | ১৫,০০০ | ১৫,০০০ | ১৫,০০০ | ১৫,০০০ |
| খ | (২০,০০০) | ১০,০০০ | ১০,০০০ | ১০,০০০ | ১০,০০০ |
| গ | (৩০,০০০) | ১২,০০০ | ১২,০০০ | ১২,০০০ | ১২,০০০ |

বাট্টার হার ১২%। 'গ' প্রকল্পের নিট বর্তমান মূল্য ৬,৪৪৮ টাকা। জনাব কাজল প্রকল্প মূল্যায়নে বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন।

ক. আন্তঃআয় হার কী? ১
খ. মূলধন নিয়ন্ত্রণের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প-ক এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. জনাব কাজলের জন্য বিনিয়োগ সিদ্ধান্ত কী হওয়া উচিত? যুক্তিসহ মতামত দাও। ৪

৯ ▶ জনাব মানিক বিনিয়োগের জন্য যে দুটি সিকিউরিটি চিহ্নিত করেছেন এর আয়ের হার নিম্নরূপ :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ২০১০ | ৩০% | ১৫% |
| ২০১১ | –১০ | ৫ |
| ২০১২ | ২০ | ২৫ |

নাজিয়া কোম্পানির বিটার মান ১.৮। ট্রেজারি বিলের আয়ের হার ৯%। বাজার আয়ের হার ১৮%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. বাজার ঝুঁকি কেন পরিহার করা যায় না? ব্যাখ্যা কর। ২
গ. নাজিয়া কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোন সিকিউরিটি জনাব মানিকের বিনিয়োগের জন্য উত্তম? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১০ ▶ জনাব শামীম শেয়ার বাজারে বিনিয়োগ করতে চান। নিম্নে দু'টি স্টকের সম্ভাবনা ও আয়ের হার দেওয়া হলো :

| স্টক-A | | স্টক-B | |
|---|---|---|---|
| আয়ের হার | সম্ভাবনা | আয়ের হার | সম্ভাবনা |
| ১০% | .৩০ | –১৩% | .১০ |
| ১৪% | .৪০ | ১৫% | .২০ |
| ৮% | .২০ | ২০% | .৪০ |
| –৫% | .১০ | ২৫% | .৩০ |

ক. বিনিময় হার ঝুঁকি কী? ১
খ. বাজার আয়ের হার বৃদ্ধির ফলে প্রয়োজনীয় আয়ের হারের উপর কী প্রভাব পড়বে? ২
গ. স্টক A ও স্টক B এর প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব শামীমের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

১১ ▶ জনাব আতোয়ার এগ্রো ফুড কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি তার প্রতিষ্ঠানের জন্য একটি মেশিন ক্রয়ের কথা ভাবছেন। প্রত্যেক ব্র্যান্ডের মেশিনের ক্রয়মূল্য ২০,০০০ টাকা। 'ক' ব্র্যান্ডের মেশিন ক্রয় করলে আগামী ৩ বছরে নগদ আন্তঃপ্রবাহ ১০,০০০ টাকা। অন্যদিকে, 'খ' ব্র্যান্ডের মেশিন ক্রয় করলে আগামী ৩ বছরে নগদ আন্তঃপ্রবাহ হবে যথাক্রমে ১৫,০০০ টাকা, ১২,০০০ টাকা ও ৮,০০০ টাকা। জনাব আতোয়ার প্রকল্প মূল্যায়নে বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতি ব্যবহার করেন। বাট্টার হার ১০%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. নিট বর্তমান মূল্য পদ্ধতিতে কীভাবে প্রকল্প মূল্যায়ন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'ক' ব্র্যান্ডের মেশিন ক্রয় করলে কত সময়ের মধ্যে মূলধন ফেরত পাওয়া যাবে? ৩
ঘ. জনাব আতোয়ারের বিনিয়োগ সিদ্ধান্ত কী হওয়া উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৪৭ মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১.** বাজার ঝুঁকির মান ১.৫০, ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১২% হলে কোনো সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?
K ৯% L ১২% M ১৫% N ২৭%

**২.** পোর্টফোলিও গঠনের মূল উদ্দেশ্য কী?
K ঝুঁকি বণ্টন L মুনাফা হ্রাস
M মূলধন বৃদ্ধি N বিনিয়োগ বৃদ্ধি

**৩.** মূলধন বাজেটিং-এর সীমাবদ্ধতা হলো–
i. অনিশ্চয়তা
ii. মূলধন ব্যয় পরিবর্তন
iii. আর্থিক বিবরণী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪.** বাজার ঝুঁকির আদর্শ মান কত?
K ০ L ০.১০ M ১.০ N ১.৫

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলীম একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান যার পরিমাণ ১,০০,০০০ টাকা। উক্ত বিনিয়োগ থেকে আগামী ৫ বছর যাবৎ বার্ষিক নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ২৪,০০০ টাকা।

**৫.** তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদান প্রবাহ কত?
K ৪০,০০০ টাকা L ৮০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ৯৩,০০০ টাকা

**৬.** প্রকল্পটির PBP কত?
K ৩ বছর L ৩.২৫ বছর
M ৪ বছর N ৪.২৫ বছর

**৭.** ঋণ পরিশোধ সূচিতে প্রদর্শন করা হয়–
i. সুদের পরিমাণ
ii. কিস্তির পরিমাণ
iii. আসলের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮.** মূলধন বাজেটিং-এর কোন কৌশলটি অর্থের সময়মূল্য বিবেচনা করে না?
K পে-ব্যাক সময়
L নিট বর্তমান মূল্য
M অভ্যন্তরীণ আয়ের হার
N মুনাফা অর্জন সূচক

**৯.** অর্থের সময় পছন্দনীয়তার কারণ হলো–
i. ভোগ
ii. অনিশ্চয়তা
iii. বাজার মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**

| বিবরণ | সিকিউরিটি X | সিকিউরিটি Y |
|---|---|---|
| প্রত্যাশিত আয় | ১০% | ১৫% |
| পরিমিত ব্যবধান | ১৫% | ২৫% |
| বিভেদাঙ্ক | ১৫০% | ? |

**১০.** সিকিউরিটি Y-এর বিভেদাঙ্ক কোনটি?
K ১০০% L ১৫০%
M ১৬৭% N ১৭০%

**১১.** সিকিউরিটি Y হলো–
i. অধিক ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. অধিক আয়যুক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২.** অর্থনৈতিক মন্দার কারণে যে ঝুঁকি সৃষ্টি হয় তাকে কী বলে?
K আর্থিক ঝুঁকি L তারল্য ঝুঁকি
M ব্যবসায় ঝুঁকি N বাজার ঝুঁকি

**১৩.** বর্তমানে বার্ষিক ৮% সুদের হারে ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখলে কত বছরে তা দ্বিগুণ হবে?
K ৮ বছর L ৯ বছর
M ১০ বছর N ১২ বছর

**১৪.** বিনিয়োগকৃত অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য কখন সমান হবে?
K মেয়াদকাল শূন্য হলে
L মেয়াদকাল ১ বছর হলে
M সুদের হার ১% হলে
N বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা ১ হলে

**১৫.** যে বাট্টার হারে বাট্টাকরণ করলে কোনো প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহ ও নগদ বহিঃপ্রবাহের বর্তমান মূল্য পরস্পর সমান হয় তাকে কী বলে?
K গড় আয়ের হার
L অভ্যন্তরীণ আয়ের হার
M বিনিয়োগের উপর আয়ের হার
N করপরবর্তী আয়ের হার

**১৬.** তারল্য বৃদ্ধি পেলে–
K ঝুঁকি বাড়ে L দায় বাড়ে
M মুনাফা কমে N মুনাফা বাড়ে

**১৭.** CAPM-এর পূর্ণরূপ কী?
K Capital Asset Pricing Model
L Capital Asset Product Method
M Capital Asset Product Model
N Capital Asset Pricing Method

**১৮.** ঝুঁকি পরিমাপের পদ্ধতি হলো–
i. আদর্শ বিচ্যুতি
ii. সম্ভাবনা বিন্যাস
iii. বিভেদাঙ্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯.** মূলধন বাজেটিং-এর ধাপসমূহ হলো–
i. প্রকল্প উদ্ভাবন
ii. প্রকল্প মূল্যায়ন
iii. মূলধন নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০.** অর্থের বর্তমান মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?
K চক্রবৃদ্ধিকরণ L ভবিষ্যৎ মূল্য
M বাট্টাকরণ N বর্তমান মূল্য

**২১.** সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?
K সামাজিক কল্যাণ L মুনাফা অর্জন
M ব্যবসায়ের সাফল্য
N সম্পদের সঠিক ব্যবহার

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলী মেঘনা ব্যাংক লি.-এর একটি স্কিমে ২,০০,০০০ টাকা জমা রাখলেন। মেঘনা ব্যাংক এই স্কিমে ৫ বছরের ১০% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করেন।

**২২.** মি. আলীর ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M এককালীন নগদ প্রবাহ
N মিশ্র নগদ প্রবাহ

**২৩.** মি. আলী ৫ বছর শেষে কত টাকা পাবেন?
K ৩,০০,০০০ টাকা L ৩,০২,১০২ টাকা
M ৩,২০,০০০ টাকা N ৩,২২,১০২ টাকা

**২৪.** বিনিয়োগ পরিশোধকাল (PBP) নির্ণয়ের সূত্র কোনটি?
K $PBP = \frac{NCO}{NCB}$
L $PBP = \frac{NCB}{NCO}$
M $PBP = NCO \times NCB$
N $PBP = NCO - NCB$

**২৫.** ঝুঁকি হলো–
i. পরিমাপযোগ্য
ii. উৎপাদন
iii. পরিহারযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬.** মূলধন বাজেটিংয়ের কোন কৌশলে বাট্টার হার পূর্বনির্ধারিত থাকে?
K পে-ব্যাক পিরিয়ড/বিনিয়োগের পরিশোধকাল
L গড় মুনাফার হার
M অভ্যন্তরীণ আয়ের হার
N নিট বর্তমান মূল্য

**২৭.** অর্থের সময়মূল্য নির্ধারণ বহির্ভূত কোনটি?
K সময় L সুদের হার
M অর্থের পরিমাণ N বিক্রয়ের পরিমাণ

**২৮.** একটি ফার্মের মূল লক্ষ্য কী?
K মুনাফা সর্বাধিকরণ L সম্পদ সর্বাধিকরণ
M বিক্রয় সর্বাধিকরণ N ক্রয় সর্বাধিকরণ

**২৯.** ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?
K বিপরীত L সরলরৈখিক
M সমানুপাতিক N আনুপাতিক

**৩০.** অর্থায়নের কার্যাবলি হচ্ছে–
i. তহবিল বণ্টন
ii. তহবিল সংগ্রহ
iii. মূলধন বাজেটিং সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | K | ৪ | M | ৫ | M | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | K | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | N | ১৯ | K | ২০ | M | ২১ | K | ২২ | M | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | N | ২৭ | N | ২৮ | L | ২৯ | L | ৩০ | N |

## ৪৮ ঢাকা ইমপিরিয়াল কলেজ

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য হলো—**
K মুনাফা বৃদ্ধি L ঝুঁকি হ্রাস
M বিক্রয় বৃদ্ধি N উৎপাদন বৃদ্ধি

**২. একটি ফার্মের প্রধান লক্ষ্য হওয়া উচিত—**
K সম্পদ সর্বাধিকরণ L মুনাফা সর্বাধিকরণ
M মূলধন বৃদ্ধি N বিক্রয় বৃদ্ধি

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
এষা এন্টারপ্রাইজ অধিক মুনাফার প্রত্যাশায় প্রতিষ্ঠানের অধিকাংশ অর্থ একটি প্রকল্পে বিনিয়োগ করলেন। কিছুদিন পর পাওনাদারগণের পাওনা পরিশোধে ব্যর্থ হয়ে প্রতিষ্ঠানটি আস্থা সংকটে পড়ে গেল। প্রতিষ্ঠানটির পক্ষে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা দুরূহ হয়ে উঠল।

**৩. এষা এন্টারপ্রাইজ অর্থায়নের কোন নীতি লঙ্ঘন করেছে?**
K তারল্য ও মুনাফা L ঝুঁকি ও মুনাফা
M পোর্টফোলিও N উপযুক্ততার

**৪. এষা এন্টারপ্রাইজের সংকট উত্তরণের তাৎক্ষণিক উপায় হলো—**
K শেয়ার ইস্যু
L ঋণপত্র বিক্রি করা
M স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ
N অগ্রাধিকার শেয়ার ইস্যু

**৫. সামষ্টিক অর্থনৈতিক উন্নয়নে অর্থায়নের পরোক্ষ ভূমিকাগুলো হলো—**
i. সরকারের রাজস্ব বৃদ্ধি
ii. মূলধন ব্যয় হ্রাস
iii. ঘাটতি পক্ষ ও উদ্বৃত্ত পক্ষের মধ্যে সমন্বয় সাধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. অবণ্টিত মুনাফা কোন অর্থায়ন থেকে করা হয়?**
K নিট বর্তমান মূল্যের ভিত্তিতে ক প্রকল্প গ্রহণ করা উচিত
L আন্তঃআয় হারের ভিত্তিতে ক প্রকল্প গ্রহণ করা উচিত
M আন্তঃআয় হারের ভিত্তিতে
N প্রকল্প লাভজনক

**২৪. মূলধন বাজেটিং এর সমস্যা হলো—**
i. অনিশ্চিত বিশ্ব
ii. চাহিদার অপরিবর্তন
iii. উৎপাদন ব্যয়ের পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. আর্থিক ক্ষতির সম্ভাবনাকে কী বলা হয়?**
K অনিশ্চয়তা L ঝুঁকি
M মুনাফার হার N নিট ক্ষতি

**২৬. নিচের কোন ঝুঁকি সকল ফার্মকে প্রভাবিত করে?**
K একক L কোম্পানি
M বাজার N তারল্য

**২৭. একটি সিকিউরিটিতে বিনিয়োগ হতে নগদ প্রবাহ—**
i. শূন্য হতে পারে
ii. ধনাত্মক হতে পারে
iii. ঋণাত্মক হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**

| বিবরণ | সিকিউরিটি X | সিকিউরিটি Y |
|---|---|---|
| প্রত্যাশিত আয় | ১০% | ১৫% |
| পরিমিত ব্যবধান | ১৫% | ২৫% |
| বিভেদাঙ্ক | ১৫০% | ? |

**২৮. সিকিউরিটি Y এর বিভেদাঙ্ক নিচের কোনটি?**
K ১০০% L ১৫০%
M ১৬৭% N ১৭০%

**২৯. সিকিউরিটি Y হলো—**
i. অধিক ঝুঁকিপূর্ণ
ii. কম ঝুঁকিপূর্ণ
iii. অধিক আয়যুক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. ব্যবসায়িক ঝুঁকির উৎস হলো—**
i. স্থির পরিচালন ব্যয়
ii. আয় অস্থিতিশীলতা
iii. ঋণ মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | L | ৫ | N | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | M | ২০ | K | ২১ | K | ২২ | M | ২৩ | L | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | K |

# এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ৫৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব আব্দুর রহমান মিঞা আকাশ টেল কোম্পানির ব্যবস্থাপক। কাঁচামালের মূল্য কমে যাওয়ায় অধিক মুনাফার আশায় তিনি কোম্পানির মোট মূলধনের সিংহভাগ দিয়ে কোম্পানির জন্য কাঁচামাল কিনে রাখেন। কিন্তু কয়েক মাস পর তিনি বেশকিছু সমস্যার সম্মুখীন হন। এতে কোম্পানির সুনাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ক. ব্যবসায় অর্থসংস্থান কী? ১

খ. ব্যবসায়ে নৈতিকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব আব্দুর রহমান মূলত কী কী সমস্যার সম্মুখীন হয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থসংস্থানের কোন নীতি না মানার কারণে তাকে এ সকল সমস্যার সম্মুখীন হতে হয়েছিল? উদ্দীপকের আলোকে মন্তব্য কর। ৪

২ ▸ মি. সাকিল M ও N কোম্পানির আর্থিক ব্যবস্থাপক যিনি সর্বদা কোম্পানির মুনাফা বৃদ্ধির কথাই চিন্তা করেন। ফলে তিনি কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমানের দিকে খেয়াল না রেখে পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে মুনাফা বৃদ্ধির দিকেই বেশি মনোযোগ দেন। পক্ষান্তরে, মি. সাকিল P ও Q কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি তার কোম্পানির উৎপাদিত পণ্যের গুণগতমান যথাযথভাবে নিয়ন্ত্রণ করেন। ভোক্তার স্বার্থের দিকটা মাথায় রেখে তিনি সীমিত মুনাফা করেন। এতে করে P ও Q কোম্পানির উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারিত হয়। মি. সাকিল কোম্পানি সংশ্লিষ্ট সকলের স্বার্থের দিক মাথায় রেখে কোম্পানির সম্পদ বৃদ্ধির দিকে নজর দেন।

ক. ব্যবসায় অর্থায়ন কাকে বলে? ১

খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের M ও N কোম্পানিতে অর্থায়নের কোন লক্ষ্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৩ ▸ জনাব তানভীর একটি দুই তলা ভবন নির্মাণ করতে চান। বর্তমানে ভবনটি নির্মাণ করতে ৪০ লক্ষ টাকার প্রয়োজন কিন্তু তার নিকট ৩০ লক্ষ টাকা রয়েছে। টাকার ঘাটতির বিষয়টি ভেবে তিনি বার্ষিক ৯% সুদের হারে সুরমা ব্যাংকে উক্ত ৩০ লক্ষ টাকা জমা রাখলেন। তার উদ্দেশ্য হলো ৫ বছর পর ভবন নির্মাণের কাজ শুরু করবেন। তিনি ধারণা করছেন ভবন নির্মাণ সামগ্রীর বার্ষিক মূল্য বৃদ্ধির হার ২%।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা পরিবর্তনের ফলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পাঁচ বছর পর ভবনটি নির্মাণ করতে জনাব তানভীরের প্রকৃতপক্ষে মোট কত টাকা ব্যয় হবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব তানভীর ব্যাংকে টাকা জমা রাখার যে সিদ্ধান্তটি নিয়েছেন সেটি কি তার উদ্দেশ্য পূরণ করতে পারবে? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৪ ▸ জনাব খালেক অবসর ভাতা বাবদ ৫,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি ৫ বছরের জন্য 'চিত্রা ব্যাংক লিমিটেড' জমা রাখলে ব্যাংকটি তাকে ৭,৮০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে। অন্যদিকে 'দিগন্ত ব্যাংক লিমিটেড' ৮ বছরের জন্য জমা রাখলে ব্যাংকটি তাকে ৯,০০,০০০ টাকা দেওয়ার প্রস্তাব করে।

ক. পারপিচুইটি বৃত্তি কী? ১

খ. বিধি ৭২ কখন প্রযোজ্য হবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে চিত্রা ব্যাংক লিমিটেডের সুদের হার কত? ৩

ঘ. জনাব খালেক কোন ব্যাংকে টাকা জমা রাখলে লাভবান হবেন? তোমার মতামত দাও। ৪

৫ ▸ সালাম সাহেব একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগের জন্য সানমুনের ১,০০০ টাকা অভিহিত মূল্যের ১২% কুপন রেটে ৮ বছর মেয়াদি বন্ড কেনার কথা ভাবছেন। বন্ডটি ১০% অধিহারে ৪ বছর পর তলব করা হতে পারে। অন্যদিকে শাপলা কোম্পানির একটি বন্ড বাজারে আছে যার মেয়াদ ১০ বছর এবং লিখিত মূল্য ৩,০০০ টাকা, কুপন হার ১২% এবং বর্তমানে বাজারমূল্য ২,৫০০ টাকা। গোলাপ কোম্পানির ৩,০০০ টাকা লিখিত মূল্যের একটি জিরো কুপন বন্ড বর্তমানে বাজারে ১,১০০ টাকায় বিক্রয় হচ্ছে যার মেয়াদ ১০ বছর। প্রয়োজনীয় আয়ের হার ১৩%।

ক. জাঙ্ক বন্ড কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য বন্ডের অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. সানমুন বন্ডটির ইল্ড টু কল নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে শাপলা ও গোলাপ কোম্পানির মাঝে কোন কোম্পানিতে সালাম সাহেবের বিনিয়োগ করা উচিত? বন্ডের মূল্য নির্ণয়ের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৬ ▸ জনাব তামিম একজন বিনিয়োগকারী। তিনি 'ক' ও 'খ' কোম্পানির মধ্যে যেকোনো একটি কোম্পানির বন্ডে বিনিয়োগ করতে আগ্রহী। বন্ড দুটির তথ্যসমূহ নিম্নরূপ :

| বন্ড | লিখিত মূল্য (টাকা) | কুপন হার | মেয়াদকাল | প্রয়োজনীয় আয়ের হার | বাজারমূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ক | ১,০০০ | ১২% | ১০ বছর | ১০% | ১,১০০ |
| খ | ১,০০০ | ১০% | ৮ বছর | ১১% | ৯৮০ |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. শেয়ার ও ঋণপত্রের মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. কোম্পানি 'ক' এবং 'খ' বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব তামিমের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত তা মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয়ের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ কর। ৪

৭ ▸ জনাব শওকত সাহেব বিদ্যুৎ খরচ সাশ্রয়ের জন্য তার বাড়িতে আগামী ৫ বছরের জন্য সৌরবিদ্যুৎ প্লান্ট ও ডিজেল প্লান্ট বসানোর চিন্তাভাবনা করছে। যেখানে উভয় প্লান্টে খরচ হবে ১,০০,০০০ টাকা এবং কোনো ভগ্নাবশেষ মূল্য নেই। নিচে উভয় প্লান্টের সুদ ও করপরবর্তী নগদ আন্তঃপ্রবাহ দেওয়া হলো :

| বছর | সৌর বিদ্যুৎ প্লান্ট টাকা | ডিজেল প্লান্ট টাকা |
|---|---|---|
| ১ | ২৫,০০০ | ২০,০০০ |
| ২ | ৪০,০০০ | ৩৫,০০০ |
| ৩ | ৩৫,০০০ | ৪৫,০০০ |
| ৪ | ৩০,০০০ | ২৫,০০০ |
| ৫ | ১৫,০০০ | ২০,০০০ |

শওকত সাহেবের সুযোগ ব্যয় ১২%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. অভ্যন্তরীণ আয়ের হার বলতে কী বোঝায়? ২

গ. জনাব শওকত সাহেবের সৌরবিদ্যুৎ প্লান্টের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব শওকত সাহেবকে তুমি কোন প্লান্টটি বসানোর সুপারিশ করবে এবং কেন? ৪

৮ ▸ রহমান সাহেব নাজিয়া কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি 'ক' ও 'খ' দুটি প্রকল্পের যেকোনো একটিতে বিনিয়োগ করতে চাচ্ছেন। প্রকল্প দুটির তথ্যবলি নিম্নরূপ :

| নগদ প্রবাহ (টাকায়) | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রকল্প | বছর-০ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
| 'ক' | (৪০,০০০) | ২০,০০০ | ১৮,০০০ | ১২,০০০ | ১০,০০০ |
| 'খ' | (৪০,০০০) | ১০,০০০ | ১২,০০০ | ১৮,০০০ | ২০,০০০ |

বাট্টার হার ১৩%। রহমান সাহেব প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে আধুনিক পদ্ধতি প্রয়োগ করেন।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'ক' প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে রহমান সাহেবের কোন প্রকল্প নির্বাচন করা উচিত? উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৯ ▸ মিনতি মিনারেলস কোং লি.-এর কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্পে A ও B তে বিনিয়োগের সুযোগ রয়েছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ :

| সময় | A | B |
|---|---|---|
| ০ | (৩০,০০০) | (৪০,০০০) |
| ১ | ২,০০০ | ২৫,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৩ | ৭,০০০ | ৯,০০০ |
| ৪ | ৫,০০০ | ৬,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. পে-ব্যাক পিরিয়ড বলতে কী বোঝ? ২

গ. মূলধন ব্যয় ১৫% হলে প্রকল্প দুটির NPV নির্ণয় কর। ৩

ঘ. যদি প্রকল্প দুটি স্বাধীন হয় এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸ মিজান স্টক A ও স্টক B সম্পর্কে নিম্নোক্ত তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | স্টক- A | স্টক- B |
|---|---|---|---|
| মন্দাভাব | ২০% | ১৫% | ২০% |
| স্বাভাবিক | ৫০% | ২০% | ৩০% |
| চাঙ্গা | ৩০% | ৬০% | ৪০% |

ক. পোর্টফোলিও কী? ১

খ. "ঝুঁকিপূর্ণ পরিবেশে সিদ্ধান্ত গ্রহণ সর্বদা অলাভজনক নয়।"— ব্যাখ্যা কর। ২

গ. স্টক-A এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের কোন স্টকটিতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত, তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মন্তব্য কর। ৪

১১ ▸ জনাব তারিখ X প্রকল্প বা Y প্রকল্পে বিনিয়োগের কথা ভাবছেন। প্রকল্প ২টির তথ্য নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনার মাত্রা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | প্রকল্প-X | প্রকল্প-Y |
| ভালো | ০.৩০ | ১৮% | ২২% |
| স্বাভাবিক | ০.৫০ | ১৪% | ১৭% |
| মন্দা | ০.২০ | ১০% | ৯% |

ক. মোট মুনাফা হার নির্ণয়ের সমীকরণটি লিখ। ১

খ. বিভেদাঙ্ক সম্পর্কে ধারণা দাও। ২

গ. প্রকল্প X এর প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব তারিখের কোন প্রকল্পতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত? মতামত বিশ্লেষণ কর। ৪

# ৫৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। মি. কাজল এবং মি. রতন দুইজন বন্ধু একটি প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ের ওপর পড়াশোনা করছেন। তারা দুইজন মিলে সিদ্ধান্ত নিল যে, টিউশনি করে অর্জিত টাকা দিয়ে শেয়ারবাজারে বিনিয়োগ করবে। মি. কাজল তার পুঁজি দিয়ে একটিমাত্র কোম্পানির শেয়ার ক্রয় করল। অন্যদিকে, মি. রতন তার পুঁজি দিয়ে সাতটি কোম্পানির শেয়ার ক্রয় করল।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. সম্পদ সর্বাধিকরণ কীভাবে করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. মি. রতন বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে, শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগকে অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? বিশ্লেষণ করে মতামত দাও। ৪

২। 'A' কোম্পানি শুধু মিনিপ্যাক শ্যাম্পু বিপণন করে থাকে। সুনাম বাড়ানো ও ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে তারা তাদের মোট লাভের ২৫% লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে। অপরদিকে 'B' কোম্পানি মিনিপ্যাক শ্যাম্পুর পাশাপাশি ফ্যামিলি সাইজ শ্যাম্পু, বোতলজাত শ্যাম্পু ও হারবাল শ্যাম্পু বিপণন করে। তাদের মোট লাভের ৮% লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে।

ক. তারল্য ও মুনাফা নীতি কী? ১
খ. অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ করাকেই বোঝায়— বুঝিয়ে লিখ। ২
গ. কোম্পানি 'B' ঝুঁকি কমাতে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন কোম্পানিটি অর্থায়নের সম্পদ সর্বাধিকরণের লক্ষ্যটি অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে তা বিশ্লেষণপূর্বক আলোচনা কর। ৪

৩। জনাব রমজান আলী আলফা ব্যাংক থেকে ১৪% সুদে ২৫,০০০ টাকা ঋণ গ্রহণ করেছিলেন যা সুদাসলে সমান ৪টি বার্ষিক কিস্তিতে পরিশোধিত হয়েছিল।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. "অর্থের বর্তমান মূল্য ভবিষ্যৎ মূল্যের তুলনায় অধিক পছন্দনীয়।"— কেন? ২
গ. বার্ষিক ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. কিস্তির টাকা প্রতিবছরের শুরুতে পরিশোধ করলে ঋণের কিস্তির পরিমাণ কত হবে তা নির্ণয়পূর্বক ঋণ পরিশোধ তালিকা তৈরি কর। ৪

৪। হ্যাভেন লিমিটেড একটি নতুন যন্ত্র কেনার সিদ্ধান্ত নিয়েছে। এ যন্ত্রটি ক্রয় করার জন্য ৩,০০,০০০ টাকার প্রয়োজন। কোম্পানির বাণিজ্যিক ব্যাংক থেকে ১২% সুদের হারে ঋণ নিয়ে যন্ত্রটি কেনার চিন্তাভাবনা করছে। ৫ বছর যাবৎ প্রতি বছরের শুরুতে ৫টি সমান কিস্তিতে ঋণটি পরিশোধ করতে হবে।

ক. কার্যকরী সুদের হার কাকে বলে? ১
খ. কখন বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. "ঋণ পরিশোধ তালিকায় পরিশোধিত আসলের পরিমাণ প্রতিবছর বৃদ্ধি পায়" – হ্যাভেন লিমিটেডের ঋণ পরিশোধ তালিকা প্রস্তুতপূর্বক উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫। মি. পান্ডে P and P কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি কোম্পানি সম্প্রসারণের জন্য বিভিন্ন উৎস থেকে মূলধন সংগ্রহের সুযোগ রয়েছে। কিন্তু তিনি এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান যেখানে মূলধন পরিশোধের সীমারেখার মধ্যে কোনো বাধ্যবাধকতা কম। পক্ষান্তরে, q and q কোম্পানির আর্থিক ব্যবস্থাপক মি. কিবরিয়া ব্যাংক ঋণ নিয়ে কোম্পানি সম্প্রসারণের সিদ্ধান্ত নেন। q and q কোম্পানি যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণ খেলাপির তালিকাভুক্ত হন।

ক. পুট বন্ড কী? ১
খ. ইল্ড টু কল (YTC) বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে P and P কোম্পানির মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দুটি কোম্পানির মূলধন সংগ্রহের উৎসের তুলনামূলক চিত্র বিশ্লেষণ কর। ৪

৬। জনাব আলম দীর্ঘমেয়াদি বন্ডে বিনিয়োগে আগ্রহী। তার দুটি বন্ডে বিনিয়োগের সুযোগ আছে। বন্ড দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদকাল | প্রয়োজনীয় আয়ের হার |
|---|---|---|---|---|---|
| P | ১,০০০ | ১২% | ৯০০ | ১২ বছর | ১০% |
| Q | ১,২০০ | – | ৯৫০ | ১০ বছর | ১০% |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. অগ্রাধিকার শেয়ার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত P বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব আলমের কোন বন্ড বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৭। রত্না কোম্পানি পণ্য উৎপাদনের লক্ষ্যে ২,০০,০০০ টাকা মূল্যের একটি নতুন মেশিন ক্রয়ের কথা ভাবছেন। ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। কর্পোরেট কর হার ৩০%। বাট্টার হার ১০%। মেশিনটি ব্যবহারের মাধ্যমে আগামী ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৫০,০০০ টাকা, ৫৫,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৬৫,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা।

ক. স্বাধীন প্রকল্প কাকে বলে? ১
খ. যে বাট্টার হারে নগদ প্রবাহকে বাট্টা করলে নিট বর্তমান মূল্য শূন্য হয় তাকে কী বলে? ব্যাখ্যা কর। ২
গ. রত্না কোম্পানির গড় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটি ক্রয়ের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তটি কী হওয়া উচিত? নিট বর্তমান মূল্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। বিহন লি.-এর ২টি বিনিয়োগ প্রস্তাব আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ হবে ৫০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির সুযোগ ব্যয় হলো ১০%। প্রকল্প দুটির নগদ বার্ষিক আন্তঃপ্রবাহ নিম্নে দেওয়া হলো—

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৩০,০০০ | ২০,০০০ |
| ২ | ২০,০০০ | ২০,০০০ |
| ৩ | ২০,০০০ | ২০,০০০ |
| ৪ | ১০,০০০ | ২০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন বাজেটিং কেন করা হয়? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ২টি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটির NPV নির্ণয় করে বিহন লি.-কে প্রকল্পের গ্রহণযোগ্যতার ব্যাপারে পরামর্শ দাও। ৪

৯। জনাব আকবরের নিকট বিনিয়োগের জন্য দুটি স্টক আছে। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| আয়ের হার | | সম্ভাবনা | |
|---|---|---|---|
| প্রকল্প-পদ্মা | প্রকল্প-মেঘনা | প্রকল্প-পদ্মা | প্রকল্প-মেঘনা |
| ০.২০ | ০.১৫ | ০.৪০ | ০.৫০ |
| ০.১৫ | ০.১৭ | ০.৩০ | ০.২৫ |
| ০.২৫ | ০.১০ | ০.২০ | ০.১৫ |
| ০.১৭ | ০.১৩ | ০.১০ | ০.১০ |

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১
খ. কোন ঝুঁকি সকল প্রতিষ্ঠানকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আকবরের পদ্মা স্টকের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. বিভেদাঙ্কের ভিত্তিতে কোন স্টক ক্রয় করা উচিত বলে তুমি মনে কর? ৪

১০। জনাব শহীদ একজন চাকরিজীবী। তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে চান। তিনি ২০,০০,০০০ টাকা নিচের যেকোনো দুটি সিকিউরিটিতে সমানভাবে বিনিয়োগ করতে ইচ্ছুক :

| সিকিউরিটি | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি | সহসম্বন্ধ |
|---|---|---|---|
| A | ২৩% | ৮% | $r_{AB}$ = ০.৬ |
| B | ২৬% | ৯% | $r_{AC}$ = ০.৫ |
| C | ১৯% | ৬% | $r_{BC}$ = –১ |

ক. বিভেদাঙ্ক কী? ১
খ. CAPM মডেল ব্যাখ্যা কর। ২
গ. জনাব শহীদ তিনটি সিকিউরিটিতে সমানভাবে বিনিয়োগ করলে পোর্টফোলিও আয়ের হার কত হবে? ৩
ঘ. জনাব শহীদের জন্য সবচেয়ে কম ঝুঁকিপূর্ণ পোর্টফোলিও কোনটি? যুক্তিসহ উত্তর দাও। ৪

১১। জনাব রহিম দুটি সিকিউরিটি পছন্দ করলেন যাদের প্রত্যাশিত আয়ের হার ও পরিমিত ব্যবধান নিম্নরূপ :

| শেয়ার | আয়ের হার | পরিমিত ব্যবধান |
|---|---|---|
| P | ১৬% | ৬% |
| Q | ১৬% | ৬% |

এছাড়া সিকিউরিটির দুটির সহসম্বন্ধ ছিল .৫০। জনাব রহিমের কাছে বিনিয়োগের জন্য বর্তমানে ১০,০০,০০০ টাকা আছে, যার ৫০% সিকিউরিটি P এ এবং বাকি অংশ সিকিউরিটি Q এ বিনিয়োগ করলেন।

ক. অনিশ্চয়তা কাকে বলে? ১
খ. আদর্শ বিচ্যুতির মাধ্যমে কীভাবে ঝুঁকি পরিমাপ করা যায়? ২
গ. জনাব রহিমের বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার কত? ৩
ঘ. জনাব রহিমের একক সিকিউরিটিতে বিনিয়োগ না করে পোর্টফোলিও তৈরির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# ৫৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 9 2

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ মি. রহমান স্কয়ার লি.-এর একজন আর্থিক ব্যবস্থাপক। তার কোম্পানির ব্যাংকে ৫০,০০,০০০ টাকা জমা আছে। তিনি উক্ত টাকা তিনটি প্রকল্পে বিনিয়োগ করেন। প্রথম প্রকল্পে তিনি ক্ষতির সম্মুখীন হন কিন্তু ২য় ও ৩য় প্রকল্পে তিনি মুনাফা অর্জন করেন।

ক. তারল্য কী? ১
খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২
গ. উদ্দীপকে অর্থায়নের কোন কার্যাবলির উল্লেখ আছে? আলোচনা কর। ৩
ঘ. মি. রহমান অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? আলোচনা কর। ৪

২▸ 'ক' কোম্পানি ও 'খ' কোম্পানির তথ্যাবলি নিচে দেওয়া হলো :

| কোম্পানি | DPS (টাকা) | | | বাজারমূল্য (টাকা) | | | শেয়ারের অভিহিত মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২০ | ২০২১ | ২০২২ | ২০২০ | ২০২১ | ২০২২ | |
| 'ক' | ৫০ | ৬৫ | ৭০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ |
| 'খ' | ৩৫ | ৩৫ | ৩৫ | ১৫০ | ২০০ | ২৫০ | ১৫০ |

জনাব রাকিব 'ক' কোম্পানির শেয়ার কিনলেও জনাব রিয়াদ 'খ' কোম্পানির শেয়ার কিনার চিন্তা করছেন।

ক. পোর্টফোলিও কী? ১
খ. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝায়? ২
গ. অর্থায়নের কোন লক্ষ্য বিবেচনায় জনাব রাকিব 'ক' কোম্পানির শেয়ার কিনেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রিয়াদের 'খ' কোম্পানির শেয়ার ক্রয় করার চিন্তার সাথে তুমি কি একমত? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে তা বিশ্লেষণ কর। ৪

৩▸ জনাব তানভির গাড়ি ক্রয়ের জন্য লিজিং কোম্পানি লি. হতে ৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। ঋণের সুদের হার ১০%। তিনি আগামী ৪ বছরব্যাপী প্রতি বছর শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসাবে পরিশোধ করবেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. জনাব তানভিরের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. জনাব তানভিরের ঋণ পরিশোধ সূচি তৈরি করে বিভিন্ন বছরের সুদের পরিমাণ দেখাও। ৪

৪▸ নাহিন ৫ বছর পর একটি মটর সাইকেল কিনতে ইচ্ছুক। ৫ বছর পর মটর সাইকেলটির বাজারমূল্য হবে ১,৫০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে সোনালী ব্যাংকে ৭০,০০০ টাকা এখন জমা রাখতে চায়। সোনালী ব্যাংক ১২% সুদ দেয় যা মাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধিকরণ করা হয়।

ক. বৃত্তি কী? ১
খ. ৬৯ বিধিটি বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মেয়াদ শেষে নাহিন কী মোটর সাইকেলটি কিনতে সক্ষম হবে? গাণিতিকভাবে যুক্তি প্রদর্শন কর। ৪

৫▸ জনাব নিশান ৯ বছর পর একটি ফ্লাট ক্রয় করতে ইচ্ছুক। যাহার মূল্য তখন হবে ১,৫০,০০,০০০ টাকা। তাই জনাব নিশান ইস্ট ব্যাংকে ২০,০০,০০০ টাকা জমা রাখতে চায় যাহা ৯ বছর পর তিনগুণ হবে। অবশিষ্ট ৯০,০০,০০০ টাকা সংগ্রহের জন্য তিনি নর্থ ও সাউথ নামে দুটি ব্যাংকের সাথে যোগাযোগ করলে ব্যাংক দুটি জানায় প্রথমত নর্থ ব্যাংক প্রতি মাসের শেষে জমাকৃত অর্থের ওপর বার্ষিক ১২% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। দ্বিতীয়ত সাউথ ব্যাংক প্রতি মাসের শুরুতে জমাকৃত অর্থের উপর ১১% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. নামিক সুদের হার কী? ১
খ. চিরস্থায়ী বৃত্তি কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুযায়ী জনাব নিশানের ইস্ট ব্যাংকে জমাকৃত অর্থের সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মেয়াদ শেষে অর্থ উত্তোলনের জন্য কোন ব্যাংকে অর্থ জমা রাখার প্রস্তাব জনাব নিশানের গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৬▸ বেঙ্গল পাওয়ার লি.-এর নিকট ১০ লক্ষ টাকার বিনিয়োগযোগ্য তহবিল রয়েছে। কোম্পানির আর্থিক ব্যবস্থাপক বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রকল্প মূল্যায়ন করছেন :

| প্রকল্প/বছর | ০ | ১ | ২ | ৩ | NPV | IRR |
|---|---|---|---|---|---|---|
| M | (৬,০০,০০০) | ১,০০,০০০ | ৩,০০,০০০ | ৪,০০,০০০ | ৩৯,৩৭০ | .. |
| N | (৭,৫০,০০০) | ৫,০০,০০০ | ২,৫০,০০০ | ১,৫০,০০০ | .. | ১২.৪০% |

কোম্পানির সর্বনিম্ন প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. মূলধন রেশনিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২
গ. প্রকল্প-N এর NPV নির্ণয় কর। ৩
ঘ. IRR এর ভিত্তিতে বেঙ্গল পাওয়ার লি.-এর বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৭▸ একটি মেশিনের ক্রয়মূল্য ১,৫০,০০০ টাকা। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর। কার্যকরী মূলধন ৩০,০০০ টাকা ও ভগ্নাবশেষমূল্য ১০,০০০ টাকা। বাট্টার হার ১০% ও কর হার ৪০%। মেশিন থেকে করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ব নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ৪৫,০০০ |
| ২ | ৪৭,০০০ |
| ৩ | ৫৫,০০০ |
| ৪ | ৪২,০০০ |
| ৫ | ৬০,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১
খ. প্রকল্প Ranking এর ক্ষেত্রে দ্বন্দ্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ARR নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে তোমার কি মেশিনটি ক্রয় করা উচিত এবং কেন? ৪

৮▸ জনাব স্বপন তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাইছেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ড দুটির তথ্য নিচে দেওয়া হলো :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | পরিপক্ব মূল্য |
|---|---|---|---|---|
| A | ১২% | ১,১০০ টাকা | — | ১,০০০ টাকা |
| B | — | ৬০০ টাকা | ১২ বছর | ১,৫০০ টাকা |

ক. কুপন বন্ড কী? ১
খ. কার্যকরী মূলধন ধারণাটি আলোচনা কর। ২
গ. A বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. বন্ডের বর্তমান মূল্য বিবেচনায় স্বপনের কোন বন্ডে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ কর। ৪

৯▸ রয়েল কোম্পানি লি. ২০১৪ সালে ১০ বছর মেয়াদি ২,০০০ টাকা লিখিত মূল্যের বন্ড বাজারে ইস্যু করে। যার কুপন হার ১২% এবং বন্ড হতে প্রয়োজনীয় আয়ের হার ১০%। বন্ডের বাজারমূল্য ১,৯৮০ টাকা।

ক. বন্ডের বাজার কী? ১
খ. প্রয়োজনীয় আয়ের হারের সাথে বন্ডের মূল্যের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যানুযায়ী রয়েল কোম্পানি লি. এর বন্ডের YTM নির্ণয় কর। ৩
ঘ. যদি বন্ডটি অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে তবে বন্ডটি ক্রয় করা লাভজনক হবে কী? মূল্যায়ন কর। ৪

১০▸ কর্ণফুলী লিমিটেড ৩,০০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২,০০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দু'টির আয়ের হার নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X-কোম্পানি | Y-কোম্পানি |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১৩% | ১০% |
| স্বাভাবিক অবস্থা | ০.৪০ | ১২% | ১১% |
| তেজি অবস্থা | ০.৩০ | ১৬% | ১৫% |

ক. CAPM কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কর্ণফুলী লিমিটেডের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব ফিজা গত বছর দু'টি সিকিউরিটির সমন্বয়ে একটি পোর্টফোলিও গঠন করেন যেখানে তাঁর পোর্টফোলিও ঝুঁকি ছিল ১৫%। বর্তমানে তিনি নিম্নোক্ত দু'টি সিকিউরিটির সমন্বয়ে নতুন পোর্টফোলিও গঠন করতে আগ্রহী :

| | | | |
|---|---|---|---|
| সিকিউরিটি-P | $E(r_p) = 7.5\%$ | $\sigma_p = 10\%$ | $W_p = 40\%$ |
| সিকিউরিটি-Q | $E(r_t) = 10\%$ | $\sigma_Q = 20\%$ | $W_Q = 60\%$ |
| P ও Q সিকিউরিটি সহ-সম্বন্ধ ($r_{PQ}$) = ০.৩০ | | | |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. পোর্টফোলিও গঠনের উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব ফিজার নতুন পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. তুমি কি মনে কর নতুন পোর্টফোলিও গঠনের সিদ্ধান্ত জনাব ফিজার জন্য কম ঝুঁকিপূর্ণ হবে? মতামত দাও। ৪

## ৬০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ চৈতি লিমিটেড ১০% সুদে পদ্মা ব্যাংক থেকে ৫০,০০,০০০ টাকা ঋণ নিল এবং একটি নতুন মেশিন ক্রয় করল। ২০১৯-২০ অর্থবছরে কোম্পানি ১০,০০,০০০ টাকা মুনাফা অর্জন করল। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার অনুপাতে বণ্টন করল। কিন্তু ২০২০-২১ অর্থবছরে কাঁচামাল কিনতে গিয়ে কোম্পানি দেখল পর্যাপ্ত নগদ অর্থ নেই।

ক. অর্থায়ন কী? ১
খ. একটি কোম্পানি কীভাবে তার সামাজিক দায়িত্ব পালন করতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে চৈতি লিমিটেড কর্তৃক নতুন মেশিন ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চৈতি লিমিটেড কাঁচামাল ক্রয় করতে গিয়ে যে সমস্যায় পড়েছে অর্থায়নের নীতিমালার আলোকে সেটির কারণ বিশ্লেষণ কর। ৪

২▶ যমুনা কোম্পানি ভোক্তাদের কথা চিন্তা করে পণ্যের মানের উপর গুরুত্ব দেয় এবং শ্রমিকদের স্বার্থ বিবেচনা করেন। কোম্পানির শেয়ারহোল্ডারদের সঠিক লভ্যাংশ প্রদান করেন এবং প্রকল্প বিনিয়োগে অর্থের সময়মূল্য বিবেচনা করেন ফলে কোম্পানির বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

ক. লভ্যাংশ সিদ্ধান্ত কী? ১
খ. তারল্য ও মুনাফার মধ্যে কেমন সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. যমুনা কোম্পানি অর্থায়নের কোন দায়িত্ব পালন করতেছে? আলোচনা কর। ৩
ঘ. যমুনা কোম্পানি কর্তৃক অনুসৃত অর্থায়নের লক্ষ্যটি আলোচনা কর। ৪

৩▶ মি. রাগীব একটি গাড়ি ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ উত্তরা মোটরস কোম্পানিকে আগামী চার বছর যথাক্রমে ৪০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা, ১০,০০,০০০ এবং ৩০,০০,০০০ টাকা অথবা প্রতি বছর ১০,০০,০০০ টাকা করে আগামী ১২ বছর পরিশোধ করতে হবে। মি. রাগীবের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. ভবিষ্যৎ মূল্য বলতে কী বোঝ? ২
গ. মি. রাগীবের চার বছর মেয়াদি প্রকল্পের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. মি. রাগীব কীভাবে গাড়ি ক্রয় করলে লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪▶ জনাব আবির সোনালী ব্যাংক লি. থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৪ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন। সোনালী ব্যাংকের ম্যানেজার তাকে একটি ঋণ পরিশোধ সূচি দিলেন, সেখানে পরিশোধিত আসলের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাবে।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. সময়ের পরিবর্তন বর্তমান মূল্যকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. জনাব আবিরের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. "ঋণ পরিশোধিত সূচিতে জনাব আবিরের পরিশোধিত আসলের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাবে।" উক্তিটির যৌক্তিকতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫▶ রউফ সাহেবের নিকট সঞ্চিত ৬০,০০,০০০ টাকা আছে যা তিনি শেয়ার বাজারে বন্ডে বিনিয়োগ করতে চান যার মেয়াদকাল ৭ বছর এবং সুদের হার ১২% এবং মাসিক ভিত্তিতে সুদ গণনা করা হয়। কিন্তু তার এক বন্ধু রনি তাকে বন্ডে বিনিয়োগ না করে ঐ অর্থ একটি ব্যাংকে ৭ বছরের জন্য জমা রাখার পরামর্শ দেন, যেখানে সুদের হার ১২.৫% এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ হিসাব করা হয়। তবে রউফ সাহেব বন্ডেই বিনিয়োগ করবেন বলে সিদ্ধান্ত নেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. মুদ্রাস্ফীতি কীভাবে অর্থের ক্রয় ক্ষমতাকে প্রভাবিত করে তা ব্যাখ্যা কর। ২
গ. রউফ সাহেব বন্ডে বিনিয়োগ করলে মেয়াদ শেষে কত টাকা ফেরত পাবেন? ৩
ঘ. রউফ সাহেবের সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৬▶ জনাব এস আলম একটি কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্পের প্রাথমিক প্রাক্কলিত নগদ বহিঃপ্রবাহ ২,০০,০০০ টাকা। প্রকল্পের মেয়াদ ৪ বছর এবং ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানি স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করে। প্রয়োজনীয় আয়ের হার ১০% এবং কর্পোরেট কর ৪০%। প্রকল্পটির প্রাক্কলিত করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| করপূর্ব নগদ প্রবাহ (টাকা) | ৮০,০০০ | ৭০,০০০ | ৮০,০০০ | ১,০০,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১
খ. পে-ব্যাক সময় পদ্ধতি কী? বুঝিয়ে লিখ। ২
গ. প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্পের নিট বর্তমান মূল্য নির্ণয় কর এবং প্রকল্পের গ্রহণযোগ্যতার ওপর মন্তব্য কর। ৪

৭▶ রহমান সাহেব নাজিয়া কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি 'ক' ও 'খ' দু'টি প্রকল্পের যেকোনো একটিতে বিনিয়োগ করতে চাচ্ছেন। প্রকল্প দুটির তথ্যাবলি নিম্নরূপ :

| প্রকল্প | বছর (০) | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|---|
| 'ক' | (৫০,০০০) | ২০,০০০ | ১৮,০০০ | ১২,০০০ | ১০,০০০ |
| 'খ' | (৫০,০০০) | ১০,০০০ | ১২,০০০ | ১৮,০০০ | ২০,০০০ |

বাট্টার হার ১৩%। রহমান সাহেব প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে আধুনিক পদ্ধতি প্রয়োগ করেন।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝ? ২
গ. 'ক' প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩
ঘ. রহমান সাহেবের কোন প্রকল্প নির্বাচন করা উচিত? উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৮▶ সান লি. ১০% কুপন সুদের হারে ১,০০০ টাকা অভিহিত মূল্যের ঋণপত্র ৫ বছরের জন্য বাজারে ইস্যু করল। ৫ বছর পর ঋণপত্রটি ১০% অধিহারে পরিশোধ করা হবে। ঋণপত্রটি বর্তমানে ১০% অবহারে বিক্রয় করা হচ্ছে।

ক. কল বন্ড কী? ১
খ. কোনো বন্ডের অন্তর্নিহিত মূল্য বাজারমূল্য অপেক্ষা বেশি হলে বিনিয়োগকারী কী সিদ্ধান্ত গ্রহণ করবে? ব্যাখ্যা কর। ২
গ. সান লি. এর ঋণপত্রের প্রকৃত মূল্য কত ছিল? ৩
ঘ. সান লি. এর ঋণপত্রের YTM নির্ণয় কর। ৪

৯▶ জনাব সালেহ আহম্মদ একজন বিনিয়োগকারী। বিনিয়োগ করার জন্য তার সামনে দুটি বন্ড আছে তার বিবরণ নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বন্ডের বাজারমূল্য (টাকা) | মেয়াদ |
|---|---|---|---|
| X | ১৪% | ১,২৫০ | ৫ বছর |
| Y | ১৩% | ৮৫০ | — |

জনাব সালেহ আহম্মদের প্রত্যাশিত আয়ের হার ১২%। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা।

ক. চলিত ইল্ড কাকে বলে? ১
খ. মেয়াদপূর্তিতে আয়ের হার বলতে কী বোঝ? ২
গ. X বন্ডের মেয়াদ পূর্তিতে আয়ের হার কত? ৩
ঘ. জনাব সালেহ আহম্মদ কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ৪

১০▶ মি. আজাদ ও মি. জাহাঙ্গীর দুই বন্ধু যারা শেয়ারবাজারে বিনিয়োগে আগ্রহী। মি. আজাদ বিনিয়োগের জন্য দুইটি সিকিউরিটি বিবেচনা করছেন যেখানে তিনি আপেক্ষিক ঝুঁকি (Relative risk) পরিমাপের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। সিকিউরিটিসমূহের তথ্য নিম্নরূপ—

| সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|
| | স্টক-X | স্টক-Y |
| ০.৩০ | ১২% | ১৭% |
| ০.৩০ | ১৬% | ১৪% |
| ০.২০ | ১৮% | ৯% |
| ০.২০ | ১৯% | ১১% |

অন্যদিকে মি. জাহাঙ্গীর এমন একটি সিকিউরিটিতে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছে যার বেটা ১.৫। উল্লেখ্য, বাজার আয়ের হার ১২% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৫%।

ক. ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান?— ব্যাখ্যা কর। ২
গ. মি. জাহাঙ্গীরের সিকিউরিটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. ঝুঁকির বিবেচনায় মি. আজাদের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১▶ সজিব ফুডস লিমিটেড এবং আকিজ ফুডস লিমিটেড এর বিগত ৪ বছরের আয়ের হার নিম্নরূপ :

| বছর | সজিব ফুডস লি. এর আয়ের হার | আকিজ ফুড্স লি. এর আয়ের হার |
|---|---|---|
| ২০১৭ | ২০% | ১৫% |
| ২০১৮ | –৫% | ২০% |
| ২০১৯ | ১০% | –৬% |
| ২০২০ | ১৫% | ২৬% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. বাজার ঝুঁকি কেন পরিহার করা যায় না? ব্যাখ্যা কর। ২
গ. সজিব ফুডস লিমিটেড এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোম্পানিদ্বয়ের ঝুঁকির মাত্রা (বিভেদাঙ্ক) বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? ৪

## ৬১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ আজিজ লি. একটি স্বনামধন্য প্লাস্টিক সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্মীদের সকল সুযোগ-সুবিধা প্রদানে সচেষ্ট থাকে। এই প্রতিষ্ঠানটি কর্মীদের চিকিৎসা সেবা প্রদান, তাদের সন্তানদের শিক্ষা ও নিয়মিত খেলাধুলা করার জন্যে বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ করে থাকে। এছাড়াও প্রতিষ্ঠানটি মুনাফার একটি অংশ সাধারণ সঞ্চিতি তহবিলে জমা রাখে। পক্ষান্তরে, সাজ্জাদ কোং লি. বিখ্যাত তৈরি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্মীদের সুযোগ-সুবিধার প্রতি তেমন মনোযোগ না দিলেও শেয়ারমালিকদের নিয়মিত ও সন্তোষজনক লভ্যাংশ প্রদান করে। ফলে বাজারে শেয়ারের চাহিদা ও মূল্য বৃদ্ধি পাচ্ছে। উভয় কোম্পানি ব্যবসায় সম্প্রসারণের চেষ্টা চালিয়ে যাচ্ছে যার ফলে নতুন করে মূলধনের চাহিদা সৃষ্টি হচ্ছে।

ক. তহবিল বণ্টন কী? ১
খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে দুটি কোম্পানির মধ্যে কোন কোম্পানি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালন করে? উদ্দীপকের আলোকে যুক্তি দেখাও। ৩
ঘ. উদ্দীপকে সাজ্জাদ কোং লি.-এর ব্যবসায় সম্প্রসারণের জন্য কীভাবে মূলধন সংগ্রহ করা উচিত বলে তুমি মনে কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

২▶ জনাব রাউফ এপেক্স লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক। কোম্পানির তহবিলে অতিরিক্ত অলস অর্থ পড়ে থাকায় তিনি বেক্সিমকো লিমিটেডের ইস্যুকৃত ২,০০০ শেয়ার ১০ লক্ষ টাকা দিয়ে ক্রয় করেন। তাছাড়া কোম্পানির সুনাম বৃদ্ধির লক্ষ্যে তিনি দেশের বিভাগীয় শহরগুলোতে পাবলিক লাইব্রেরি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. সংরক্ষিত মুনাফা কী? ১
খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাউফ বেক্সিমকো লি. এর শেয়ার ক্রয় করে অর্থায়নের কোন কার্যাবলি সম্পন্ন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. পাবলিক লাইব্রেরি স্থাপনের মাধ্যমে এপেক্স লি. কোন পক্ষের প্রতি সামাজিক দায়িত্ব পালন করেছে? এর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▶ জনাব করিম প্রতিমাসে ২,০০০ টাকা জমার ভিত্তিতে ৫ বছর মেয়াদি একটি ব্যাংকে বিশেষ সঞ্চয়ী হিসাব খোলেন। ব্যাংক ১০% সুদ দিবে।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. অর্থের সময়মূল্য বলতে কী বোঝায়? ২
গ. জনাব করিম ৫ বছর পর ব্যাংক থেকে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩
ঘ. যদি সুদের হার ২% বৃদ্ধি পায় তাহলে মেয়াদ শেষে জনাব করিম কত টাকা পাবেন? বিশ্লেষণ কর। ৪

৪▶ জনাব সৌরভ জমি বিক্রি করে ২,০০,০০০ টাকা এবং বাড়ি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন যা ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, জবা ব্যাংকে জমা রাখলে ৭ বছর শেষে ১০,০০,০০০ টাকা পাবেন এবং কুসুম ব্যাংকে রাখলে ৮ বছর শেষে ১১,০০,০০০ টাকা পাবেন।

ক. সময় রেখা কী? ১
খ. "সুদ ও মুনাফা একই অর্থ বহন করে না"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে জবা ব্যাংকের সুদের হার কত? ৩
ঘ. জনাব সৌরভের কোন ব্যাংকে টাকা জমা দেওয়া অধিক লাভজনক হবে? সুদের হারের ভিত্তিতে তোমার মতামত দাও। ৪

৫▶ মিসেস মোনালিসা জমি বিক্রয় করে ২,০০,০০০ নগদ সংগ্রহ করে। উক্ত টাকা তিনি ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত গ্রহণ করে। তার কাছে দুটি বিকল্প রয়েছে। স্কলার ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখলে বার্ষিক ১০% হারে অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। রাজস্থান ব্যাংক একই সময়ের জন্য বার্ষিক ৯.৫০% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে।

ক. বার্ষিক বৃত্তি কাকে বলে? ১
খ. মিশ্র নগদ প্রবাহ বলতে কী বোঝায়? ২
গ. স্কলার ব্যাংকে জমাকৃত অর্থের ভবিষ্যত মূল্য কত? ৩
ঘ. মিসেস মোনালিসার কোন ব্যাংকে টাকা জমা রাখা উচিত? ৪

৬▶ রূপসা লিমিটেড তাদের প্রতিষ্ঠানের জন্য একটি মেশিন কেনার কথা ভাবছে যার ক্রয়মূল্য ৩,০০,০০০ টাকা এবং মেয়াদকাল ৫ বছর। উক্ত মেশিনের সম্ভাব্য নগদ প্রবাহসমূহ নিম্নরূপ :

| বছর | নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ১,০০,০০০ |
| ২ | ১,১০,০০০ |
| ৩ | ১,০৫,০০০ |
| ৪ | ১,০৭,০০০ |
| ৫ | ১,১৫,০০০ |

প্রতিষ্ঠানটি সরলরৈখিক ভিত্তিতে অবচয় ধার্য করে। এক্ষেত্রে কোম্পানির করের হার ৪০% এবং মূলধন ব্যয় ১৩%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. নিট বর্তমান মূল্য এবং মূলধনের ব্যয়ের মধ্যে সম্পর্ক কী? ব্যাখ্যা কর। ২
গ. রূপসা লিমিটেডের গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. রূপসা লিমিটেডের কি মেশিনটি ক্রয় করা উচিত। নিট বর্তমান মূল্যের ভিত্তিতে তোমার মতামত দাও। ৪

৭▶ জনাব ডায়মন্ড ৩ বছর মেয়াদি 'ক' প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নিলেন, যার মূল্যমান ৮৫,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা প্রকল্পের করপরবর্তী নগদ আন্তঃপ্রবাহ ৫৮,০০০, ৪৭,০০০ ও ৩৩,০০০ টাকা। পক্ষান্তরে, ফাহাদ ৯০,০০০ টাকায় ৩ বছর মেয়াদি 'খ' প্রকল্প গ্রহণের আশা করেন। এই প্রকল্পেরও করপরবর্তী আয় যথাক্রমে ৫৮,০০০, ৫২,৫০০ ও ৩৭,০০০ টাকা। উভয় প্রকল্পের বাট্টার হার ১১% এবং কর হার ৩০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. NPV কখন শূন্য হয়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'ক' এর NPV নির্ণয় কর। ৩
ঘ. জনাব ডায়মন্ডের বিনিয়োগযোগ্য অর্থের পরিমাণ যদি ৯২,০০০ টাকা হয়, তবে তিনি কোন প্রকল্প গ্রহণ করবেন এবং কেন? ৪

৮▶ যমুনা কোম্পানি এক ধরনের বন্ড বাজারে ইস্যু করেছে যেখানে বিনিয়োগকারীরা কোনো সুদ পাবে না। তবে মেয়াদপূর্তিতে বন্ডের অভিহিত মূল্য ফেরত পাবে। বন্ডটি অভিহিত মূল্য হতে কম মূল্যে বিক্রি হয়েছে। অন্যদিকে, জনাব ইমন MN কোম্পানির চিরস্থায়ী বন্ডে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,২০০ টাকা। কুপন সুদের হার ১৫%। জনাব ইমনের প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. জিরো কুপন বন্ড কী? ১
খ. বন্ড কেন তলব করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. যমুনা কোম্পানি কোন ধরনের বন্ড ইস্যু করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ইমনের MN কোম্পানির বন্ডে বিনিয়োগ করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯▶ ABC কোম্পানি শতকরা ১৫ টাকা হারে ১০ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে। যার লিখিত মূল্য ১,০০০ টাকা। সুদ বার্ষিক কিস্তিতে প্রদান করা হয়। বন্ডটি বর্তমানে বাজারে ১,২০০ টাকায় বিক্রি করা হচ্ছে।

ক. চলতি ইল্ড কী? ১
খ. সাধারণ শেয়ারমালিকদের কেন সর্বশেষ দাবিদার বলা হয়? ২
গ. ABC কোম্পানির মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. যদি বন্ডটি ৩ বছর পর ৫% অবহারে তলব করা হয় তবে তলবকৃত মূল্যে আয়ের হার নির্ণয় কর। ৪

১০▶ এশিয়া স্টক A ও স্টক B সম্পর্কে নিচের তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা (%) | আয়ের হার স্টক A | আয়ের হার স্টক B |
|---|---|---|---|
| মন্দাভাব | ১০% | ১০% | ২৫% |
| স্বাভাবিক অবস্থা | ৪০% | ৩০% | ৩০% |
| চাঙ্গাভাব | ৫০% | ৪০% | ৩৫% |

ক. CAPM কী? ১
খ. আর্থিক ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. স্টক A এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে কোন স্টকটি বেশি ঝুঁকিপূর্ণ? মন্তব্য কর। ৪

১১▶ জনাব কাদের একজন নতুন বিনিয়োগকারী। তিনি নতুন প্রকল্পে অর্থ বিনিয়োগ করবেন। তার বিবেচ্য দুটি কোম্পানির তথ্যাদি নিম্নরূপ :

| কোম্পানি | প্রত্যাশিত আয়ের হার | পরিমিত ব্যবধান |
|---|---|---|
| A | ১৪% | ৯% |
| B | ১২% | ৮% |

A ও B কোম্পানির সহ-সম্বন্ধ –০.৮০, জনাব কাদের উভয় কোম্পানিতে সমান ভাগে বিনিয়োগ করবেন।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি পরিমাপের উত্তম পরিমাপক কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. পোর্টফোলিও ঝুঁকি নির্ণয় কর এবং কোম্পানি A ও B এর ঝুঁকির সাথে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৬২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অর্থায়নের মূল বিষয়বস্তু কী?**
K শ্রম L পরিকল্পনা
M তহবিল N উৎপাদন

**২. সরকারি অর্থায়ন কীরূপ হয়?**
K ব্যয় > আয় L ব্যয় = আয়
M ব্যয় ≥ আয় N ব্যয় < আয়

**৩. সম্পদ সর্বাধিকরণে নিচের কোনটি বিবেচনা করা হয় না?**
K শেয়ার মূল্য বৃদ্ধি L ঝুঁকি পরিমাণ
M স্বল্পমেয়াদি মুনাফা N উৎপাদন

**৪. মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে অর্থায়ন গঠিত ও পরিচালিত হয় তাকে কী বলে?**
K ব্যবসায় অর্থায়ন L অব্যবসায় অর্থায়ন
M সরকারি অর্থায়ন N আর্থিক ব্যবস্থাপনা

**৫. আন্তর্জাতিক অর্থায়নের আলোচ্য বিষয় হচ্ছে—**
i. আমদানি ও রপ্তানি
ii. মুদ্রার বিনিময় হার
iii. বৈদেশিক বিনিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. অর্থায়নের প্রধান কাজ কী?**
K ব্যবস্থাপনা L কর্মী সংগ্রহ
M তহবিল ব্যবস্থাপনা N তহবিল সংগ্রহ

**৭. 'Finance' শব্দটি কোন শব্দ থেকে উদ্ভূত হয়েছে?**
K ল্যাটিন শব্দ 'Finis'
L ল্যাটিন শব্দ 'Financial'
M গ্রিক শব্দ 'Fintos'
N ইংরেজি শব্দ 'Financial'

**৮. কোন পদ্ধতিতে বাট্টাকৃত নগদ প্রবাহ প্রয়োজন হয় না?**
K গড় মুনাফা হার পদ্ধতি
L অভ্যন্তরীণ মুনাফার হার পদ্ধতি
M নিট বর্তমান মূল্য পদ্ধতি
N মুনাফা অর্জন ক্ষমতার সূচক পদ্ধতি

**৯. মূলধন বাজেটিং হলো—**
i. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া
ii. সর্বোত্তম প্রকল্প নির্বাচন প্রক্রিয়া
iii. কম ঝুঁকিতে বেশি মুনাফা অর্জনকারী প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. দীর্ঘমেয়াদি আর্থিক বিনিয়োগকে কী বলে?**
K মূলধন বাজেটিং L অপারেটিং বাজেটিং
M আন্তর্জাতিক বাজেটিং N অভ্যন্তরীণ অর্থায়ন

**১১. প্রকল্পের লাভজনকতার বিচার করে অগ্রাধিকারের ভিত্তিতে মূলধনের বরাদ্দ দেওয়াকে কী বলে?**
K মূলধন ব্যয় L মূলধনের পর্যাপ্ততা
M মূলধন বাজেটিং N মূলধন রেশনিং

**১২. যেক্ষেত্রে একটি প্রকল্প গ্রহণ করা হলে অপর প্রকল্পটি অবশ্যই বাতিল করতে হবে তাকে কী বলে?**
K স্বাধীন প্রকল্প L পরিপূরক প্রকল্প
M পরস্পর বর্জনশীল N নির্ভরশীল প্রকল্প

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
দিনার ট্রেডিং দুই প্রকল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগ ২,০০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর। A প্রকল্প থেকে আগামী ৫ বছর নগদ আন্তঃপ্রবাহের পরিমাণ যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৭০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। B প্রকল্প থেকে ৫ বছর শেষে ৩,২০,০০০ টাকা আন্তঃপ্রবাহ হবে। মালিক প্রতিষ্ঠানের মূল লক্ষ্য অর্জন করতে চান।

**১৩. দিনার ট্রেডিং দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগে করছেন তা কোন কার্যাবলির অন্তর্ভুক্ত?**
K তহবিল বণ্টন L তহবিল সংগ্রহ
M মূধলন বাজেটিং
N চলতি সম্পদ ব্যবস্থাপনা

**১৪. দিনার ট্রেডিং-এর A প্রকল্পের PBP কত হবে?**
K ২.৩ বছর L ২.৫ বছর
M ৩.০ বছর N ৩.৫ বছর

**১৫. ফারহানা এন্ড কোম্পানির প্রকল্পের গড় উপার্জন হার (ARR) ২০% এবং গড় বিনিয়োগ ৫,০০,০০০ টাকা হলে, প্রকল্পটির গড় নিট মুনাফা কত?**
K ৯১,০০০ টাকা L ১,০০,০০০ টাকা
M ১,২৩,০০০ টাকা N ১,২৮,০০০ টাকা

**১৬. যেকোনো নগদ প্রবাহের বর্তমান মূল্য নির্ণয় করতে কোনটির প্রয়োজন?**
K নিট মুনাফা L বাট্টার হার
M নিট বর্তমান মূল্য N সার্বিক ব্যয়

**১৭. অর্থের বর্তমান ও ভবিষ্যৎ মূল্য সমান হয়—**
i. যখন $i = ০$
ii. যখন $i = ১$
iii. যখন $n = ০$
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলী মার্কেন্টাইল ব্যাংকের একটি স্কিমে ১,০০,০০০ টাকা জমা রাখেন। মার্কেন্টাইল ব্যাংকের এই স্কিমে ৫ বছরে ১০% হারে চক্রবৃদ্ধি সুদ পাবেন।

**১৮. মি. আলীর ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা হয়?**
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M এককালীন নগদ প্রবাহ
N মিশ্র নগদ প্রবাহ

**১৯. মি. আলী ৫ বছর শেষে কত টাকা পাবেন?**
K ১,৫১,০৫১ L ১,৬১,০৫১
M ১,৬০,০০০ N ১,৫০,০০০

**২০. সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তনকে কী বলে?**
K অর্থের ভবিষ্যৎ মূল্য L অর্থের বর্তমান মূল্য
M অর্থের সময়মূল্য N অর্থের অতীত মূল্য

**২১. বার্ষিক চক্রবৃদ্ধির ধারা কোনটি?**
K ৬৯ L ৭০
M ৭১ N ৭২

**২২. যে বৃত্তিতে আন্তঃপ্রবাহ বা বহিঃপ্রবাহ নির্দিষ্ট সময়ের শুরুতে সংঘটিত হয় তাকে কোন ধরনের বৃত্তি বলে?**
K সাধারণ বার্ষিক বৃত্তি
L অগ্রিম বার্ষিক বৃত্তি
M বিলম্বিত বার্ষিক বৃত্তি
N চিরস্থায়ী বার্ষিক বৃত্তি

**২৩. কার্যকরী সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?**
K $EIR = (1 + i)^n - 1$
L $EIR = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$
M $EIR = \left(1 + \frac{i}{m}\right)^{mn} - 1$
N $EIR = \left(1 + \frac{i}{m}\right)^n - 1$

**২৪. কোন তত্ত্বে বিটা (β) দ্বারা ঝুঁকি পরিমাণ করা হয়?**
K CAPM L WACC
M DPS N EPS

**২৫. কোনটি অনাদায় ঝুঁকিমুক্ত বিনিয়োগ?**
K ৮% সুদে সরকারি সঞ্চয়পত্র ক্রয়
L ১০% সুদে ব্যাংক জমা
M ১৪% সুদে কুপন বন্ড ক্রয়
N ১১% সুদে শেয়ার ক্রয়

**২৬. একটি ব্যবসায় প্রতিষ্ঠানের প্রতিটি সিদ্ধান্তের সাথে কী জড়িত থাকে?**
K লাভ L ক্ষতি
M ঝুঁকি N সম্ভাবনা

**২৭. মুদ্রাস্ফীতির কারণে বাড়ে—**
i. বিনিয়োগ
ii. উৎপাদন খরচ
iii. কাঁচামালের মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. পত্রকোষের আদর্শ ব্যবধানের সূত্র উদ্ভাবন করেন কে?**
K মডিগ্লিয়ানি L মিলার
M লিটনার N মার্কুইজ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
নূর লি. ঝুঁকিমুক্ত আয়ের হার ৬%, মার্কেট পোর্টফোলিও আয়ের হার ১০% এবং বিটা সহগ ১.৫।

**২৯. নূর লি.-এর ঝুঁকি প্রিমিয়াম কত?**
K ৪% L ৬%
M ৯% N ১০%

**৩০. নূর লি.-এর প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১০% L ১২%
M ১৫% N ১৬%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | N | ৬ | N | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | M | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | N | ২২ | L | ২৩ | L | ২৪ | K | ২৫ | K | ২৬ | M | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |

## ৬৩ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭

বিষয় কোড : 2 9 2

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যবসায়ের চলতি মূলধন নির্ভর করে কোনটির ওপর?**
K অর্থায়নের উৎসের
L তহবিলের মেয়াদের
M সম্পদের সুষ্ঠু ব্যবহারের
N ব্যবসায়ের মুনাফার

**২. ঋণ ও ইক্যুইটি মূলধনের মিশ্রণকে কী বলা হয়?**
K মূলধন কাঠামো L মূলধন ব্যবস্থাপনা
M মূলধন ব্যয় N স্বল্পমেয়াদি মূলধন

**৩. মূলধন বাজেটিং সিদ্ধান্ত বিবেচনা করা হয়–**
i. অর্থের সময়মূল্য
ii. ঝুঁকির মাত্রা
iii. লভ্যাংশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহিম নিজ এলাকায় ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করে একটি ব্যবসায় চালু করার কথা ভাবছেন। ব্যবসায়টি পরিচালনায় তার ৫/৬ জন কর্মচারীর প্রয়োজন। একজন সৎ ব্যবসায়ী হিসেবে তিনি ট্রেড লাইসেন্স করা এবং নিয়মিত কর পরিশোধের চিন্তা করছেন।

**৪. উদ্দীপকের জনাব রহিমের কার্যক্রমকে অর্থায়নের কোন ধরনের কার্যক্রম বলা যাবে?**
K অর্থায়ন কার্যক্রম L ঋণগ্রহণ কার্যক্রম
M বিনিয়োগ কার্যক্রম N সামাজিক কার্যক্রম

**৫. হ্যারি মার্কোইজ এর 'পোর্টফোলিও' তত্ত্ব কবে প্রণীত হয়েছিল?**
K ১৯৫২ L ১৯৭০ M ১৯৭২ N ১৯৯১

**৬. নিচের কোনটি অর্থ ব্যবস্থার উদ্দেশ্য নয়?**
K মুনাফা সর্বাধিকরণ L সম্পদ সর্বাধিকরণ
M লভ্যাংশ সর্বাধিকরণ N ব্যয় হ্রাসকরণ

**৭. একক ব্যক্তির চাহিদা কীসের অন্তর্ভুক্ত?**
K ব্যষ্টিক অর্থনীতি L সামষ্টিক অর্থনীতি
M যোগান N চাহিদা

**৮. ব্যাংকে টাকা জমা রাখলে কীসের ভিত্তিতে চক্রবৃদ্ধি হয়?**
K সাপ্তাহিক ভিত্তিতে L মাসিক ভিত্তিতে
M দৈনিক ভিত্তিতে N বার্ষিক ভিত্তিতে

**৯. ঋণ পরিশোধের তালিকায় কোনটি ক্রমান্বয়ে কমতে থাকে?**
K সুদের পরিমাণ L আসলের পরিমাণ
M কিস্তির পরিমাণ N সুদ ও আসল

**১০. প্রদেয় বার্ষিক বৃত্তির বর্তমান মূল্য নির্ধারিত হয় বছরের–**
K শেষে L প্রথমে
M মাঝামাঝি N পরবর্তীতে

**১১. চক্রবৃদ্ধিকরণের সংখ্যার সাথে ভবিষ্যৎ মূল্যের সম্পর্ক কীরূপ?**
K উর্ধ্বমুখী L নিম্নমুখী
M নিরপেক্ষ N সমানুপাত

■ **উদ্দীপকটি পড়ে ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস সাহা যন্ত্রপাতি আধুনিকীকরণের জন্য সোনালি ব্যাংক হতে ৫ বছরের জন্য ৩,৩৫,২২০ টাকা ঋণ নিয়েছে। আগামী ৫ বছরে প্রত্যেক বছর শেষে সমপরিমাণ কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে। কিস্তির পরিমাণ ১,০০,০০০ টাকার প্রথম কিস্তিতে আসল পরিশোধ হবে ৪৯,৭১৭ টাকা।

**১২. মিসেস সাহা কত % সুদে ঋণ গ্রহণ করেছে?**
K ১০ L ১৫ M ১৮ N ৫০

**১৩. ঋণ পরিশোধ সূচিতে সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে–**
i. সুদের পরিমাণ হ্রাস পায়
ii. আসল পরিশোধ বৃদ্ধি পায়
iii. আসল পরিশোধ হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. বছরে ১ বার চক্রবৃদ্ধি করা হলে এককালীন অর্থের ক্ষেত্রে নিচের কোনটি ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের সূত্র?**
K $FV = PV\left(1+\frac{r}{m}\right)^{nm}$
L $FV = PV(1+r)^{n}$
M $PV = FV(1+r)^{n}$
N $PV = FV\left(1+\frac{r}{m}\right)^{nm}$

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
মেসার্স সাহা ট্রেডিং ৫ বছরের জন্য ১৫ লক্ষ টাকা অগ্রণী ব্যাংক হতে ঋণ নিলেন। প্রতিষ্ঠানটি বেলুন পদ্ধতির মাধ্যমে সমান কিস্তিতে ঋণ পরিশোধ করতে চায়।

**১৫. বার্ষিক আসল কিস্তির পরিমাণ কত?**
K ৩,০০,০০০ L ৩,১০,০০০
M ৩,২০,০০০ N ৩,৩০,০০০

**১৬. ৫ বছর পর সাহা ট্রেডিং এর ঋণ কত থাকবে?**
K ০ L ১,০০,০০০
M ২,০০,০০০ N ৩,০০,০০০

**১৭. বন্ড সাধারণত কয়ভাগে ইস্যু করা হয়?**
K ২ L ৩ M ৪ N ৫

**১৮. বন্ডের কুপন রেট বৃদ্ধি পেলে নিচের কোনটি ঘটবে?**
K চলতি ইল্ড বৃদ্ধি পাবে
L বর্তমান মূল্য হ্রাস পাবে
M লিখিত মূল্য হ্রাস পাবে
N মেয়াদপূর্তিতে আয়ের হার হ্রাস পাবে

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
নীলিমা লি. দীর্ঘমেয়াদি একটি প্রকল্পে অর্থায়নের প্রয়োজনে লভ্যাংশ নগদে প্রদান না করে, তার পরিবর্তে মালিকগণকে শেয়ার প্রদান করলেন। কিন্তু মালিকগণের প্রাপ্তি প্রত্যাশার বেশি হওয়ায় নীলিমা লি. নির্দিষ্ট মূলধন ব্যয়ের হাতিয়ারের মাধ্যমে অর্থসংগ্রহের সিদ্ধান্ত নিলেন।

**১৯. নীলিমা লি. প্রথমে কোন ধরনের শেয়ার ইস্যু করেছিল?**
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M অধিকার শেয়ার N বোনাস শেয়ার

**২০. নীলিমা লি. দ্বিতীয় পর্যায়ে কোনটির মাধ্যমে অর্থায়নের সিদ্ধান্ত নিল?**
i. ডিবেঞ্চার
ii. সাধারণ শেয়ার
iii. অগ্রাধিকার শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. ঋণগ্রহীতা কোন বন্ড পুনঃক্রয় করে বন্ডের অবসায়ন ঘটাতে পারেন?**
K ইনকাম বন্ড L কল বন্ড
M নিবন্ধিত বন্ড N পুট বন্ড

**২২. কোনটির মাধ্যমে মূলধনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা হয়?**
K মূলধন রেশনিং L মূলধন কাঠামো
M মূলধন বাজেটিং N মূলধন বিনিয়োগ

**২৩. মূলধন বাজেটিং-এর কোন কৌশলটি অর্থের সময়মূল্যকে বিবেচনা করে না?**
i. NPV
ii. ARR
iii. PI
**নিচের কোনটি সঠিক?**
K ii L iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মেঘনা কোম্পানি লি. ৬০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করল। মেশিন থেকে আগামী ১ম ও ২য় বছর যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা আন্তঃপ্রবাহ ঘটবে বলে ধারণা করা হয়। ১ম বছর শেষে মেরামত বাবদ খরচ ১০,০০০ টাকা এবং কোম্পানির সুযোগ ব্যয় ১০% হলে–

**২৪. মেঘনা কোম্পানির লি.-এর মোট নগদ বহিঃপ্রবাহ কত টাকা?**
K ৫৮,০৯১ L ৬৯,০৯১
M ৭০,০০০ N ৭৮,০৯১

**২৫. প্রকল্পটির নিট বর্তমান মূল্য কত টাকা?**
K ৮,৫৭৪ L ৮,৫৯৫
M ১৭,৫০০ N ১৭,৬৮৬

**২৬. শেয়ারের মূল্য বৃদ্ধির ফলে লাভকে কী বলা হয়?**
i. মূলধনী লাভ
ii. সম্পত্তি বিক্রয়জনিত লাভ
iii. মোট লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. ব্যবসায়ের দৃষ্টিকোণ থেকে ঝুঁকির উৎস হলো–**
i. ব্যবসায়িক ঝুঁকি
ii. আর্থিক ঝুঁকি
iii. বাজার ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. বাজার ঝুঁকির আদর্শ মান কত?**
K ০ L ০.১০ M ১.০ N ১.৫

**২৯. পোর্টফোলিও ঝুঁকি সবচেয়ে কম হবে যখন–**
i. সহ-সম্বন্ধের মান শূন্য
ii. সহ-সম্বন্ধের মান ঋণাত্মক হবে
iii. সহ-সম্বন্ধের মান ধনাত্মক হবে
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৩০. একটি সিকিউরিটির প্রয়োজনীয় আয়ের হার ২০%। বাজার আয়ের হার ১০% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৫%। বিটার মান ২। তাহলে বাজার ঝুঁকি প্রিমিয়াম কত?**
K ৫% L ১০% M ১৫% N ২০%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | K | ৪ | M | ৫ | K | ৬ | K | ৭ | K | ৮ | L | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | L | ১৩ | K | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | N | ২০ | L | ২১ | L | ২২ | K | ২৩ | K | ২৪ | L | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | K |

## ৬৪ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে কোন মূল্য বৃদ্ধি পাবে?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M নিট মূল্য N মোট মূল্য

**২. সম্পদ সর্বাধিকরণের নির্দেশক কোনটি?**
K শেয়ারপ্রতি আয়
L শেয়ারপ্রতি লভ্যাংশ
M শেয়ারের বিগত বছরের মূল্য
N শেয়ারের বর্তমান বাজারমূল্য

**৩. প্রত্যাশিত মুনাফার হার অপেক্ষা প্রকৃত মুনাফার হার ভিন্ন হওয়ার সম্ভাবনাকে কী বলা হয়?**
K নিট মুনাফা L মোট মুনাফা
M ঝুঁকি N অনিশ্চয়তা

**৪. স্থায়ী সম্পত্তিতে মূলধন বিনিয়োগের প্রক্রিয়াকে কী বলা হয়?**
K অর্থের সময়মূল্য L মূলধন ব্যয়
M মূলধন বাজেটিং N লভ্যাংশ নীতি

**৫. কোন ঝুঁকি পরিহার করা যায় না?**
K আর্থিক ঝুঁকি L বাজার ঝুঁকি
M ব্যবসায়িক ঝুঁকি N কোম্পানি ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরিজ একটি বৃহদায়তন ফার্মের আর্থিক ব্যবস্থাপক। সে সর্বদাই একটি লক্ষ্য অর্জনের চেষ্টা করছে যেটি ফার্মের আয় ও ব্যয়ের ব্যবধানকে সর্বাধিক করার প্রতি গুরুত্বারোপ করে।

**৬. জনাব আরিজের অনুসরণ করা লক্ষ্যকে। অর্থায়নের ভাষার কী বলা হয়?**
K সম্পদ সর্বাধিকরণ L মুনাফা সর্বাধিকরণ
M দায় সর্বনিম্নকরণ N ব্যয় সর্বনিম্নকরণ

**৭. জনাব আরিজের অনুসরণকৃত লক্ষ্যের সীমাবদ্ধতা নিচের কোনটি বিবেচনা না করা?**
i. ঝুঁকি
ii. নগদ প্রবাহ
iii. মুনাফা অর্জনের সময়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. অসীম সময়ের জন্য সমান নগদ প্রবাহের প্রাপ্তি বা প্রদানকে কী বলে?**
K প্রদেয় বার্ষিকী L প্রাপ্য বার্ষিকী
M চিরস্থায়ী বৃত্তি N সাধারণ বৃত্তি

**৯. বার্ষিক গড় নিট মুনাফাকে গড় বিনিয়োগ দ্বারা ভাগ করলে কোনটি পাওয়া যায়?**
K পে-ব্যাক পিরিয়ড L গড় মুনাফার হার
M নিট বর্তমান মূল্য N আন্তঃআয়ের হার

**১০. মিসেস আরিফা সিদ্দিকা ৫০,০০০ টাকা ১০% সুদে ব্যাংকে জমা রাখতে চান, কত বছরে ঐ টাকা দ্বিগুণ হবে?**
K ৬ বছর L ৬.২ বছর
M ৭ বছর N ৭.২ বছর

**১১. CAPM-এর অনুমিত শর্তাবলি হলো—**
i. অর্থনীতিতে কোনো মুদ্রাস্ফীতি থাকবে না
ii. মূলধন বাজার দক্ষ হবে না
iii. কোনো আয়কর থাকবে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. কোনো প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা ৪ বছরে প্রাপ্ত নগদ প্রবাহের বর্তমান মূল্য ৬০,০০০ টাকা হলে, প্রকল্পের নিট বর্তমান মূল্য কত?**
K (৫০,০০০) L (১০,০০০)
M ১০,০০০ N ৫০,০০০

**১৩. ত্রৈমাসিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে চক্রবৃদ্ধির সংখ্যা কত হবে?**
K ৩ L ৪ M ৬ N ১২

**১৪. কোনো সম্পত্তির অর্থনৈতিক জীবনকাল শেষে যে মূল্য পাওয়া যায়, তাকে কী বলে?**
K অবচয় L বর্তমান মূল্য
M ভগ্নাবশেষ মূল্য N পুস্তক মূল্য

**১৫. কত সালে অর্থনৈতিক মহামন্দা দেখা দেয়?**
K ১৯২৯ L ১৯৩৩
M ১৯৩৭ N ১৯৪১

**১৬. ঋণ পরিশোধ সূচিতে সময় অতিবাহিক হওয়ার সাথে সাথে—**
i. সুদের পরিমাণ হ্রাস পায়
ii. আসলের পরিমাণ বৃদ্ধি পায়
iii. সুদাসলের পরিমাণ হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. একটি শেয়ারের ক্রয়মূল্য ১০০ টাকা, এক বছর পর বিক্রয়মূল্য ১১০ টাকা এবং লভ্যাংশ ৫ টাকা হলে, মোট মুনাফার হার কত?**
K ৫% L ১০% M ১৫% N ২০%

**১৮. পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য কী?**
K মুনাফা বৃদ্ধি L ঝুঁকি বৃদ্ধি
M মুনাফা হ্রাস N ঝুঁকি হ্রাস

**১৯. ঝুঁকি পরিমাপের জন্য ব্যবহার করা হয়—**
i. আন্তঃআয়ের হার
ii. আদর্শ বিচ্যুতি
iii. বিভেদাঙ্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. একটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,৪০,০০০ টাকা এবং আগামী ৫ বছরে প্রতি বছর ৬০,০০০ টাকা করে পাওয়া যাবে। এক্ষেত্রে পরিশোধকাল কত হবে?**
K ২ বছর L ৪ বছর
M ৬ বছর N ৮ বছর

**২১. অর্থের সময়মূল্য পছন্দের কারণ—**
i. অনিশ্চয়তা
ii. ভোগ অগ্রাধিকার
iii. মুদ্রাস্ফীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. কোনো প্রকল্প গ্রহণ করা হলে অন্য প্রকল্পগুলো অবশ্যই বাতিল করতে হবে। তখন ঐ প্রকল্পকে কী বলে?**
K স্বাধীন প্রকল্প
L পরস্পর বর্জনশীল প্রকল্প
M নির্ভরশীল প্রকল্প N বহুমুখীকরণ প্রকল্প

**২৩. ঋণদাতা ও ঋণগ্রহীতার মধ্যে চুক্তিবদ্ধ সুদের হারকে কী বলে?**
K সরল সুদের হার L স্থায়ী সুদের হার
M নামিক সুদের হার N প্রকৃত সুদের হার

**২৪. নিচের কোনটি অর্থায়নের কাজ নয়?**
K তহবিল সংগ্রহ
L দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত
M বাজারজাতকরণ N লভ্যাংশ বণ্টন

**২৫. যদি প্রতি বছর সমপরিমাণ টাকা জমা দেওয়া হয় বা উত্তোলন করা হয়, তবে তাকে কী বলে?**
K বার্ষিকী L চক্রবৃদ্ধিকরণ
M বর্তমান মূল্য N ভবিষ্যৎ মূল্য

**২৬. তারল্য ও দেউলিয়াত্বের মধ্যে সম্পর্ক কোনটি?**
K সমানুপাতিক L আনুপাতিক
M ধনাত্মক N ঋণাত্মক

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস সাফা তার অর্থ সমানভাবে পদ্মা লি. ও মেঘনা লি. কোম্পানির শেয়ারে বিনিয়োগ করে। সেখান থেকে আয়ের হার যথাক্রমে ১২% ও ১৪%।

**২৭. মিসেস সাফার পোর্টফোলিও আয়ের হার কত?**
K ১২% L ১৩% M ১৪% N ১৫%

**২৮. নিচের কোন পরিস্থিতিতে মিসেস সাফা পদ্মা লি. এ বিনিয়োগ বাড়িয়ে মেঘনা লি. এ হ্রাস করবে?**
K মেঘনা লি.-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই হ্রাস পেলে
L মেঘনা লি.-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই বৃদ্ধি পেলে
M মেঘনা লি.-এর আয়ের হার অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান হ্রাস পেলে
N মেঘনা লি.-এর আয়ের হার অপরিবর্তিত থেকে এর পরিমিত ব্যবধান বৃদ্ধি পেলে

**২৯. নিট বর্তমান মূল্য আন্তঃআয়ের হারের তুলনায় উত্তম হওয়ার কারণ—**
i. নিট বর্তমান মূল্য পদ্ধতিতে প্রাপ্ত সুবিধা বিনিয়োগকৃত অর্থের পরিমাণের সাপেক্ষে পরিমাপ করা হয় না
ii. প্রকল্পের নগদ আন্তঃপ্রবাহ পুনরায় মূলধন ব্যয় হারে বিনিয়োগ করা যায়
iii. অসনাতন নগদ আন্তঃপ্রবাহ যুক্ত একটি প্রকল্পের অনেকগুলো আন্তঃআয়ের হার থাকতে পারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. রায়হান মিলস লি.-এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৭%, বাজার আয়ের হার ১৭% এবং বিটা সহগ ০.৭০। প্রত্যাশিত আয়ের হার কত?**
K ১৪% L ১৮.৯%
M ২১.৯% N ২৪%

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | N | ৮ | M | ৯ | L | ১০ | N | ১১ | L | ১২ | L | ১৩ | L | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | N | ২৯ | M | ৩০ | K |

## ৬৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯

বিষয় কোড : 2 9 2

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ভবিষ্যৎ মূল্য নির্ধারণ পদ্ধতিকে কী বলে?**
K চক্রবৃদ্ধিকরণ L বাট্টাকরণ
M বর্তমান মূল্য N ভবিষ্যৎ মূল্য

**২. মাসিক চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রে প্রতিবছরে কতবার গণনা করা হয়?**
K ১ বার L ৬ বার
M ১০ বার N ১২ বার

**৩. চক্রবৃদ্ধিকরণ নিম্নের কোন ক্ষেত্রে জড়িত?**
K বর্তমান মূল্য L ভবিষ্যৎ মূল্য
M নগদ প্রবাহ N সরল সুদ

**৪. অর্থের সময়মূল্য নির্ধারণের মূল কারণ কোনটি?**
K সুদের হার L মুদ্রানীতি
M অর্থের তারল্য N বর্ধিত মুনাফা

**৫. সুদের হার ১০% হলে আজকের ১০০ টাকা ২ বছর পর কত টাকা হবে?**
K ১০০ টাকা L ১১০ টাকা
M ১২০ টাকা N ১২১ টাকা

**৬. চলতি মূলধন প্রয়োজন হয়—**
i. কাঁচামাল ক্রয়ে
ii. মজুরি প্রদানে
iii. ভাড়া প্রদানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. চলতি সম্পদ হলো—**
i. মজুদ পণ্য
ii. প্রাপ্য বিল
iii. প্রদেয় বিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. বিপরীতধর্মী সম্পর্ক বিদ্যমান এরূপ ২টি হলো—**
i. মুনাফা ও ঝুঁকি
ii. তারল্য ও ঝুঁকি
iii. মুনাফা ও তারল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৯. সাধারণ বিনিয়োগের অন্যতম উদ্দেশ্য—**
i. মুনাফা বৃদ্ধি
ii. ঝুঁকি হ্রাস
iii. বাজার নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১০. সরকারি অর্থায়নের উৎস হলো—**
i. আমদানি শুল্ক
ii. রপ্তানি শুল্ক
iii. আয়কর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. সরকারি অর্থায়নের উদ্দেশ্য হলো—**
i. সামাজিক কল্যাণ
ii. ব্যবসায়িক প্রসার
iii. সম্পদের সুষ্ঠু ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১২. তারল্য বাড়লে—**
i. মুনাফা কমে
ii. মুনাফা বাড়ে
iii. ব্যয় কমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সৌমিক একটি মিষ্টির দোকান দিলেন। দোকান পরিচালনার ক্ষেত্রে অর্থসংকট দেখা দিলে তিনি ৩ বছরের জন্য ঋণ নেওয়ার পরিকল্পনা করলেন।

**১৩. মি. সৌমিক কোন ধরনের ঋণ নিবেন?**
K স্বল্পমেয়াদি L মধ্যমেয়াদি
M দীর্ঘমেয়াদি N নগদ ঋণ

**১৪. মি. সৌমিকের ঋণ নেওয়ার সর্বোত্তম মাধ্যম কোনটি?**
K বাণিজ্যিক পত্র L মধ্যমেয়াদি ঋণ
M বাণিজ্যিক ব্যাংক N ক্রেডিট কার্ড

**১৫. হোসেন আজকে সোনালী ব্যাংকে ১০০ টাকা জমা রাখলে ১০% সুদে ৫ বছর পর কত টাকা পাবে?**
K ১৫০ টাকা L ১৬০ টাকা
M ১৬১ টাকা N ১৬৫ টাকা

**১৬. অগ্রিম অ্যানুইটির বৈশিষ্ট্য হলো—**
i. সম পরিমাণ টাকা
ii. বছরের শুরুতে প্রাপ্তি
iii. রূপগত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৭. ঋণ পরিশোধ সূচিতে প্রদর্শন করা হয়—**
i. সুদের পরিমাণ
ii. কিস্তির পরিমাণ
iii. আসলের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৮. অর্থের মূল্য নির্ণয়ের ক্ষেত্রে প্রভাববিস্তারকারী উপাদান হলো—**
i. সুদের হার
ii. সময়
iii. অর্থের তারল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৯. ত্রৈমাসিক চক্রবৃদ্ধির সুদ গণনার ক্ষেত্রে বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা—**
K ১ L ২ M ৩ N ৪

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইমেল ১০% হার সুদে ১০,০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নেন।

**২০. ১০% সরল সুদে ২য় বছর শেষে কত টাকা সুদ পাবে?**
K ১,০০০ L ১,১০০
M ২,০০০ N ২,১০০

**২১. ১০% চক্রবৃদ্ধি সুদে ২ বছর পরে—**
i. চক্রবৃদ্ধি সুদ হবে ২,০০০ টাকা
ii. চক্রবৃদ্ধি সুদ হবে সরল সুদ থেকে বেশি
iii. সুদাসল হবে ১২,১০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২২. চলতি মূলধন প্রয়োজন হয়—**
i. কাঁচামাল ক্রয়ে
ii. মজুরি প্রদানে
iii. ভাড়া প্রদানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৩. চলতি সম্পদ হলো**
i. মজুদ পণ্য
ii. প্রাপ্য বিল
iii. প্রদেয় বিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৪. আর্থিক বিবরণীর ব্যবহারকারী হলো—**
i. শেয়ারহোল্ডার
ii. ঋণহোল্ডার
iii. ব্যবস্থাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৫. পোর্টফোলিও বিনিয়োগের অন্যতম উদ্দেশ্য?**
K মুনাফা বৃদ্ধি L ঝুঁকি হ্রাস
M বিক্রয় বৃদ্ধি N উৎপাদন বৃদ্ধি

**২৬. বিধি-৭২ কোথায় ব্যবহার করা হয়?**
K দ্বিগুণ L তিনগুণ
M বহুগুণ N সমান

**২৭. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের মধ্যে সম্পর্ক হচ্ছে—**
K বিপরীতমুখী L সমমুখী
M সমানুপাতিক N নিরপেক্ষ

**২৮. ত্রৈমাসিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে চক্রবৃদ্ধির সংখ্যা হবে—**
K ২ L ৩ M ৪ N ৬

**২৯. জিরো কুপন বন্ডে কী থাকে না?**
K মেয়াদ L সুদের হার
M সময় N মূল্য

**৩০. সাপ্তাহিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে m এর মান কত হবে?**
K ৫০ L ৫১
M ৫২ N ৫৫

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | N | ৭ | K | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | K | ১৯ | N | ২০ | K | ২১ | L | ২২ | N | ২৩ | K | ২৪ | N | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | M |

## ৬৬ ✓ এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০

বিষয় কোড : 2 9 2

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. একটি বন্ডের ক্রয়মূল্য ১,০০০ টাকা। বিক্রয়মূল্য ১,২৫০ টাকা হলে মূলধনী লাভ কত?**
K ১০০ টাকা L ২৫০ টাকা
M ৩০০ টাকা N ৪০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইমেল ১০% সুদে ১০,০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নেন।

**২. ১০% সরল সুদে ২য় বছর কত টাকা সুদ পাবে?**
K ১,০০০ টাকা L ১,১০০ টাকা
M ২,০০০ টাকা N ২,১০০ টাকা

**৩. ১০% চক্রবৃদ্ধি সুদে ২ বছর পরে—**
i. চক্রবৃদ্ধি সুদ হবে ২,০০০ টাকা
ii. চক্রবৃদ্ধি সুদ সরল সুদ থেকে বেশি হবে
iii. সুদাসল হবে ১২,১০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. সময় রেখা কয়টি প্রান্তবিন্দু প্রদর্শন করে?**
K ৫ L ৪
M ৩ N ২

**৫. বর্তমানের ৫,০০০ টাকার ৮% চক্রবৃদ্ধি হার সুদে ৩ বছর পরে মূল্য কত হবে?**
K ৫,২০০ টাকা L ৫,৪০০ টাকা
M ৬,২০০ টাকা N ৬,২৯৯ টাকা

**৬. কখন অর্থের বর্তমান ও ভবিষ্যৎ মূল্য সমান হয়?**
i. যখন i = ০
ii. যখন i = ১
iii. যখন n = ০
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. অর্থের সময়মূল্যের সৃষ্টি হওয়ার কারণ কী?**
K তারল্য L মুদ্রানীতি
M সুদের হার N আর্থিক নীতি

**৮. বার্ষিক চক্রবৃদ্ধির ধারা কোনটি?**
K ৬৯ L ৭০
M ৭১ N ৭২

**৯. কোন পদ্ধতি অর্থের সময়মূল্য বিবেচনা করে?**
i. নিট বর্তমান মূল্য
ii. গড় আয়ের হার
iii. আন্তঃআয় হার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. EAR এর পূর্ণরূপ কী?**
K Effective Annual Rate
L Evaluate Annual Rate
M Efficient Annual Rate
N Earning Annual Rate

**১১. অর্থের সময় পছন্দনীয়তার কারণ হলো—**
i. ভোগ
ii. অনিশ্চয়তা
iii. সুদের হার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১২. বাজার পোর্টফোলিওর আয়ের হার ১৪% ও ট্রেজারি বিলের আয়ের হার ৪%। কোনো ফার্মের অপরিহার্য ঝুঁকির মান ২ হলে ফার্মের সাধারণ শেয়ারের ব্যয় কত?**
K ৪% L ১০%
M ১৪% N ২৪%

**১৩. ঋণের সুদ থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়?**
K ব্যবসায়িক ঝুঁকি L আর্থিক ঝুঁকি
M বাজার ঝুঁকি N মোট ঝুঁকি

**১৪. CAPM মডেলে কত ধরনের ঝুঁকি বিবেচনা করা হয়?**
K ১ L ২ M ৩ N ৪

**১৫. CAPM-এর সাহায্যে ইক্যুইটি মূলধনের ব্যয় নির্ণয়ের ক্ষেত্রে বিবেচনা করা হয়—**
i. বাজার আয়ের হার
ii. কর হার
iii. ঝুঁকিমুক্ত আয়ের হার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. ভেদাঙ্ক ও পরিমিত ব্যবধানের সাহায্যে—**
K মোট ঝুঁকি পরিমাপ করা হয়
L বাজার ঝুঁকি পরিমাপ করা হয়
M একক ঝুঁকি পরিমাপ করা হয়
N কোনোটিই নয়

**১৭. একটি কোম্পানির মুনাফার আদর্শ বিচ্যুতি ১৫% এবং গড় মুনাফা ৮% হলে, বিভেদাঙ্ক কত?**
K ১.৮৮% L ২.২৫%
M ২.৫% N ২.৮৮%

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আশিক তার অর্থ XYZ এবং ABC লি. এর শেয়ারে সমানভাবে বিনিয়োগ করেন। কোম্পানি দুটি হতে প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ১২% ও ১৮%।

**১৮. জনাব আশিক এর প্রত্যাশিত পোর্টফোলিও আয়ের হার নিচের কোনটি?**
K ১২% L ১৫%
M ১৮% N ২৫%

**১৯. জনাব আশিক কোন পরিস্থিতিতে XYZ লি. এর বিনিয়োগ বাড়িয়ে ABC লি. এ বিনিয়োগ কমাবেন?**
K ABC লি. এর আয়ের হার এবং পরিমিত ব্যবধান দু'টিই হ্রাস পেলে
L ABC লি. এর আয়ের হার এবং পরিমিত ব্যবধান দু'টিই বৃদ্ধি পেলে
M ABC লি. এর আয়ের হার অপরিবর্তিত থেকে পরিমিত ব্যবধান দু'টিই হ্রাস পেলে
N ABC লি. এর আয়ের হার অপরিবর্তিত থেকে পরিমিত ব্যবধান দু'টিই হ্রাস পেলে

**২০. আয় হতে পরিচালন ব্যয় মেটাতে না পারার সম্ভাবনাকে কী বলা হয়?**
K আর্থিক ঝুঁকি L ব্যবসায়িক ঝুঁকি
M সুদ হার ঝুঁকি N তারল্য ঝুঁকি

**২১. একটি বন্ড অবহারে বিক্রয় হওয়ার কারণ হতে পারে—**
i. বাজারে সুদের হারের পরিবর্তন
ii. ফার্মের ঝুঁকির পরিবর্তন
iii. দেশের অর্থনৈতিক মন্দা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. কোম্পানির গৃহীত প্রকল্পের নিট বর্তমান মূল্য পরিমাপে মূলধন ব্যয় কী হিসেবে ব্যবহৃত হয়?**
K আয় হার L বাট্টা হার
M খরচের হার N চক্রবৃদ্ধির হার

**২৩. গড় মুনাফার হার পদ্ধতির সীমাবদ্ধ হলো—**
i. নগদ প্রবাহ বিবেচনা করে না
ii. অর্থের সময়মূল্য বিবেচনা করে না
iii. নির্ণয় করা বেশ জটিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. নিচের কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য মূলধন বাজেটিং-এর কৌশল প্রয়োগ করা হয়?**
K স্থায়ী সম্পত্তি ক্রয়
L চলতি সম্পত্তি ক্রয়
M দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ
N স্বল্পমেয়াদি ঋণ গ্রহণ

**২৫. মূলধন বাজেটিং সিদ্ধান্ত একটা প্রতিষ্ঠানের জন্য কেমন প্রক্রিয়া?**
K স্বল্পমেয়াদি L মধ্যমেয়াদি
M স্বল্প ও মধ্যমেয়াদি N দীর্ঘমেয়াদি

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আকাশ একটি প্রকল্পে বিনিয়োগ করতে চায়। বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ১,০০,০০০ টাকা যা থেকে আগামী ৫ বছর যাবত বার্ষিক নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২০,০০০ টাকা, ৩০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা।

**২৬. তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদ প্রবাহ কত টাকা হবে?**
K ৪০,০০০ L ৬৫,০০০
M ৮০,০০০ N ৯০,০০০

**২৭. প্রকল্পটির পে-ব্যাক সময় কত হবে?**
K ৩ বছর L ৩ বছর ৩ মাস
M ৪ বছর N ৪ বছর ৩ মাস

**২৮. অর্থায়নের মূল বিষয়বস্তু কী?**
K শ্রম L পরিকল্পনা
M তহবিল N উৎপাদন

**২৯. অর্থায়নের কার্যাবলি হলো—**
i. বিনিয়োগ সিদ্ধান্ত
ii. অর্থসংস্থান সিদ্ধান্ত
iii. লভ্যাংশ সিদ্ধান্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. চলতি সম্পদ ব্যবস্থাপনা কোন দুটির মধ্যে ভারসাম্য রক্ষা করে—**
i. মুনাফা ও ঝুঁকি
ii. মুনাফা ও তারল্য
iii. ঝুঁকি ও তারল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | N | ৫ | N | ৬ | L | ৭ | M | ৮ | N | ৯ | L | ১০ | K | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | L | ১৯ | N | ২০ | L | ২১ | M | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | N | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | K |

5242011

লেকচার

Short সিলেবাসে
HSC সৃজনশীল

# MADE EASY with Test Papers

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

দ্বিতীয় পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৪–২১

১. ঢাকা বোর্ড ২০২২ ........ ৪
২. রাজশাহী বোর্ড ২০২২ ........ ৫
৩. যশোর বোর্ড ২০২২ ........ ৬
৪. কুমিল্লা বোর্ড ২০২২ ........ ৭
৫. চট্টগ্রাম বোর্ড ২০২২ ........ ৮
৬. সিলেট বোর্ড ২০২২ ........ ৯
৭. বরিশাল বোর্ড ২০২২ ........ ১০
৮. দিনাজপুর বোর্ড ২০২২ ........ ১১
৯. ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ১২
১০. ঢাকা বোর্ড ২০২১ ........ ১৩
১১. রাজশাহী বোর্ড ২০২১ ........ ১৪
১২. যশোর বোর্ড ২০২১ ........ ১৫
১৩. কুমিল্লা বোর্ড ২০২১ ........ ১৬
১৪. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........ ১৭
১৫. সিলেট বোর্ড ২০২১ ........ ১৮
১৬. বরিশাল বোর্ড ২০২১ ........ ১৯
১৭. দিনাজপুর বোর্ড ২০২১ ........ ২০
১৮. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ২১

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি---------- ২২–৩৯

১৯. ঢাকা বোর্ড ২০২২ ........ ২২
২০. রাজশাহী বোর্ড ২০২২ ........ ২৩
২১. যশোর বোর্ড ২০২২ ........ ২৪
২২. কুমিল্লা বোর্ড ২০২২ ........ ২৫
২৩. চট্টগ্রাম বোর্ড ২০২২ ........ ২৬
২৪. সিলেট বোর্ড ২০২২ ........ ২৭
২৫. বরিশাল বোর্ড ২০২২ ........ ২৮
২৬. দিনাজপুর বোর্ড ২০২২ ........ ২৯
২৭. ময়মনসিংহ বোর্ড ২০২২ ........ ৩০
২৮. ঢাকা বোর্ড ২০২১ ........ ৩১
২৯. রাজশাহী বোর্ড ২০২১ ........ ৩২
৩০. যশোর বোর্ড ২০২১ ........ ৩৩
৩১. কুমিল্লা বোর্ড ২০২১ ........ ৩৪
৩২. চট্টগ্রাম বোর্ড ২০২১ ........ ৩৫
৩৩. সিলেট বোর্ড ২০২১ ........ ৩৬
৩৪. বরিশাল বোর্ড ২০২১ ........ ৩৭
৩৫. দিনাজপুর বোর্ড ২০২১ ........ ৩৮
৩৬. ময়মনসিংহ বোর্ড ২০২১ ........ ৩৯

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------------------------------------------৪০–৪৯


৩৭. ঢাকা কলেজ ....................................................................................................................৪০

৩৮. নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী ........................................................................................৪১

৩৯. যশোর সরকারি মহিলা কলেজ ............................................................................................৪২

৪০. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ........................................................................................৪৩

৪১. সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম ........................................................................৪৪

৪২. সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম................................................................................................৪৫

৪৩. সিলেট সরকারি কলেজ .........................................................................................................৪৬

৪৪. বরিশাল সরকারি মহিলা কলেজ.............................................................................................৪৭

৪৫. দিনাজপুর সরকারি কলেজ..................................................................................................... ৪৮

৪৬. শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ......................................................................৪৯


## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি-------------------------------৫০–৫৯


৪৭. ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ ...................................................................................... ৫০

৪৮. আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা.......................................................................................৫১

৪৯. শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা...............................................................৫২

৫০. সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া.................................................................................... ৫৩

৫১. যশোর সরকারি মহিলা কলেজ ............................................................................................৫৪

৫২. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ....................................................................................... ৫৫

৫৩. সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম ........................................................................৫৬

৫৪. সিলেট সরকারি কলেজ ........................................................................................................ ৫৭

৫৫. বরিশাল সরকারি মহিলা কলেজ............................................................................................ ৫৮

৫৬. শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ......................................................................৫৯


## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল-------------------------------------------------------------৬০–৬৪


৫৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ...................................................................................................৬০

৫৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ...................................................................................................৬১

৫৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ...................................................................................................৬২

৬০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ...................................................................................................৬৩

৬১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ...................................................................................................৬৪


## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------------------------------------------------৬৫–৬৯


৬২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ ...................................................................................................৬৫

৬৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ ...................................................................................................৬৬

৬৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ ...................................................................................................৬৭

৬৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯ ...................................................................................................৬৮

৬৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০ ...................................................................................................৬৯

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ 'ক' একটি ব্যাংক যার প্রধান উদ্দেশ্য জনকল্যাণ। অপরপক্ষে 'খ' অন্য একটি ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। উক্ত ব্যাংকটি বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ দিয়ে ব্যবসায় বাণিজ্যে সহায়তা করে থাকে। সম্প্রতি দেশে দ্রব্যসামগ্রীর দাম বৃদ্ধি পেতে থাকলে তা নিয়ন্ত্রণে উভয় ব্যাংক সহায়তা করে।

ক. ব্যাসেল-২ কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংক দুটির কার্যাবলির মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২▸ বাংলাদেশ ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক। এই ব্যাংকের একটি বিশেষ কক্ষ রয়েছে, যেখানে তালিকাভুক্ত ব্যাংকসমূহের পারস্পরিক দেনা পাওনার নিষ্পত্তি হয়। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটির সুদের হার ৫% থেকে ৬% এ উন্নীত করে। তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ না হওয়ায় বাংলাদেশ ব্যাংক CRR বৃদ্ধির সিদ্ধান্ত নেয়।

ক. বিধিবদ্ধ তারল্য সংরক্ষণ হার কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের কোন বিশেষ কক্ষের কথা উল্লেখ রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য যে দুটো পদ্ধতি গ্রহণ করেছে তাদের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩▸ অষ্টম শ্রেণির ছাত্র সুমন ঢাকার একটি হোস্টেলে থেকে পড়ার সিদ্ধান্ত হয়। ব্যাংক হিসাব খোলার জন্য সে বাবার সাথে ব্যাংকে যায়। ব্যাংক ম্যানেজার তাকে হিসাব খোলার একটি মূল আবেদন ফরম সরবরাহ করেন। সাথে একটি কার্ড ও অপর আরেকটি ফরম পূরণ করতে বলেন যা খুবই গুরুত্বপূর্ণ।

ক. ঋণ আমানতি হিসাব কী? ১
খ. ব্যাংক কেন হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সুমনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সুমনকে প্রদত্ত ফরমটি কেন গুরুত্বপূর্ণ তা বিশ্লেষণ কর। ৪

৪▸ দেওয়ান সাহেব একজন সিনিয়র ব্যাংক কর্মকর্তা। তিনি একটি ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন গ্রহণ করেন। কিছুদিন পর তার কর্মদক্ষতার জন্য ব্যাংক তাকে পুরস্কারস্বরূপ মোটা অঙ্কের বোনাস প্রদান করে। তিনি বোনাসের টাকাটা পূর্বের হিসাবে না রেখে নতুন একটি ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্ত নেন, যা পূর্বের হিসাবের তুলনায় লাভজনক।

ক. মিশ্র ব্যাংকিং কী? ১
খ. বিমা সঞ্চয়ী হিসাব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে দেওয়ান সাহেব বোনাসের টাকা কোন হিসাবে রাখার সিদ্ধান্ত নিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দেওয়ান সাহেবের ব্যাংকে হিসাব থাকা সত্ত্বেও পরবর্তীতে অপর একটি হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব মাসুদ একজন ঠিকাদার। তিনি তার পাওনাদার জনাব রাসেলকে এক লক্ষ টাকার এমন একটি চেক প্রদান করেন যা নিরাপদ বলে বিবেচিত। কিন্তু দুর্ভাগ্যবশত জনাব রাসেল উক্ত চেকটি হারিয়ে ফেললে মাসুদ সাহেবের শরণাপন্ন হন। জনাব মাসুদ রাসেলকে বিচলিত না হয়ে জনাব রাসেলের নামের শেষে 'আদেশ অনুসারে' কথাটি লিখে নতুন একটি চেক ইস্যু করেন।

ক. ভ্রমণকারীর চেক কী? ১
খ. চেকের অনুমোদনের প্রয়োজন হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব মাসুদ রাসেলকে প্রথমে কোন ধরনের চেক প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মাসুদ কর্তৃক প্রদত্ত প্রথম ও দ্বিতীয় চেকের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৬▸ জনাব রহমান একজন বিশিষ্ট ব্যবসায়ী। তিনি ব্যাংকে হিসাব খুলতে গেলে ব্যাংক তাকে চেক বইয়ের সাথে একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ড সরবরাহ করে। যার মাধ্যমে তিনি ব্যাংকে না গিয়েও টাকা উত্তোলন করতে পারেন। হঠাৎ ব্যবসায়িক প্রয়োজনে বিদেশ গমনকালে জমাতিরিক্ত টাকার দরকার হলে তিনি ব্যাংক থেকে আরও একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ড সংগ্রহ করেন যার সাথে তার উক্ত ব্যাংক হিসাবের কোনো সম্পর্ক নেই। কিন্তু এই কার্ড ব্যবহার করে তিনি বিদেশে তার যাবতীয় খরচাদি সম্পন্ন করতে পারবেন।

ক. SWIFT কী? ১
খ. ই-ব্যাংকিং কেন জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহমানকে ব্যাংক প্রথমে কোন ধরনের কার্ড সরবরাহ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রহমানের ১ম কার্ডের সাথে ২য় কার্ডের তুলনামূলক বিশ্লেষণ করে তুমি কোন কার্ডটি উত্তম বলে মনে কর? মতামত দাও। ৪

৭▸ রহিমা গ্রাম থেকে শহরে এসে 'TNM' নামে একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি নেয়। চাকরির প্রয়োজনে তাকে শহরে অবস্থান করতে হয়। প্রতি মাসে বেতন পেয়ে সে বাড়িতে তার বাবাকে চিকিৎসা খরচ পাঠানো নিয়ে খুবই চিন্তিত থাকে। তার এক বান্ধবী ব্যাপারটি জানতে পেরে তাকে বিশেষ এক তারবিহীন ই-প্রযুক্তিতে টাকা পাঠানোর জন্য পরামর্শ দেয়। যার ফলশ্রুতিতে রহিমা ব্যাংকে না গিয়েও গ্রামে তার বাবাকে প্রতি মাসে টাকা পাঠাতে পারে এবং সাথে সাথে প্রাপ্তি সংবাদও পায়। এতে রহিমা অনেকটা স্বস্তিবোধ করে।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. "স্বয়ংক্রিয় নিকাশ ঘর আন্তঃলেনদেন সহজ করেছে"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রহিমা কোন ই-ব্যাংকিং পদ্ধতিতে গ্রামে তার বাবাকে টাকা পাঠায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে রহিমার অনুসৃত পদ্ধতিটি বর্তমানে অধিক জনপ্রিয়? বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ মি. রকিব EPZ এ অবস্থিত একটি সাইকেল কারখানার মালিক। তিনি তার কারখানার জন্য 'X' বিমা কোম্পানি ও 'Y' বিমা কোম্পানির সাথে পৃথকভাবে ত্রিশ লক্ষ টাকার দুটি বিমাচুক্তি করেন। পরবর্তীতে দুর্ঘটনাজনিত কারণে তার কারখানায় ৪ লক্ষ টাকার ক্ষতি সাধিত হয়। মি. রকিব 'X' বিমা কোম্পানি ও 'Y' বিমা কোম্পানি উভয়ের নিকট হতে পৃথকভাবে ৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. বিমাচুক্তি কী? ১
খ. কোন নীতির আলোকে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর বিমা করতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. রকিব কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি কর্তৃক মি. রকিবের বিমাদাবি প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব রায়হান একটি প্রাইভেট ফার্মে চাকরি করেন। তিনি "ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কো." এর সাথে পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে ১৫ বছরের জন্য ২০ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি করেন। ৫ বছর প্রিমিয়াম পরিশোধ করার পর হঠাৎ তিনি চাকরি হারান। ফলশ্রুতিতে তার আর্থিক সমস্যার কারণে তিনি বিমা পলিসিটি চালাতে অসমর্থ হন। বিষয়টি তিনি বিমাকারী প্রতিষ্ঠানকে অবহিত করেন এবং তার পরিশোধিত প্রিমিয়ামের সম্পূর্ণ অংশ ফেরত পাবার জন্য আবেদন করেন।

ক. বোনাস কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বিমা ব্যবসায়ে কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রায়হান কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রায়হানের বিমাকারী প্রতিষ্ঠানের নিকট সম্পূর্ণ প্রিমিয়ামের অর্থ ফেরত চাওয়া কতটুকু যৌক্তিক? বিশ্লেষণ কর। ৪

১০▸ মি. কায়সার একটি শিপিং কোম্পানির কর্ণধার। তিনি তার জাহাজগুলোর জন্য বিমা করেন। সম্প্রতি ঘূর্ণিঝড়ের কবলে তার একটি জাহাজ ডুবে যায়। তিনি বিমাদাবি পেশ করলে বিমাকারী প্রতিষ্ঠান সম্পূর্ণ অর্থ বিমাদাবি হিসেবে পরিশোধ করেন। পরবর্তীতে জাহাজটি উদ্ধার করা হলে বিমাকারী প্রতিষ্ঠান জাহাজটি ভগ্নাংশ হিসেবে একজন ব্যবসায়ীর নিকট বিক্রয় করে। বিষয়টি জেনে মি. কায়সার উক্ত বিক্রয়লব্ধ অর্থ দাবি করলে বিমা প্রতিষ্ঠান তার দাবি প্রত্যাখ্যান করে।

ক. ঝুঁকি কী? ১
খ. "বিমাচুক্তি পরম বিশ্বাসের চুক্তি"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. কায়সার কোন নীতির আলোকে বিমাকারী প্রতিষ্ঠান থেকে বিমাদাবি লাভ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি কর্তৃক মি. কায়সারের পরবর্তী অর্থ দাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ আসিফ ও খসরু দুজনই একই প্রতিষ্ঠানে কর্মরত। তাদের মধ্যে আসিফ তার সন্তানদের কথা চিন্তা করে দু'বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। অপরদিকে খসরু তার সন্তানের লেখাপড়ার স্বার্থে ১০ বছর মেয়াদি একটি বিশেষ ধরনের বিমাপত্র গ্রহণ করেন যার শর্ত হিসেবে বিমাকারী মেয়াদ শেষে তার সন্তানকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত মাসিক বৃত্তি প্রদান করবে।

ক. IDRA কী? ১
খ. গ্রুপ বিমা কাদের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আসিফের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের জীবন বিমাপত্র ব্যাখ্যা কর। ৩
ঘ. আসিফ ও খসরুর গৃহীত দুটি জীবন বিমাপত্রের মধ্যে কোনটি অধিক লাভজনক বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

## ২ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▶ শফিক ও রফিক দুই জনই সদ্য MBA পাস করেছেন। উভয়ের লক্ষ্য ভালো কোনো ব্যাংকে চাকরি করা। সে লক্ষ্যে শফিক একটি ব্যাংকে সিনিয়র এক্সিকিউটিভ পদে যোগদান করেন। যেটি শুধু দেশের শিল্পায়নে কাজ করে। অপরদিকে রফিকও একটি ব্যাংকে যোগদান করেন। ব্যাংকটির মূল কাজ কৃষি খাতের উন্নয়ন এবং কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করা।

ক. ব্যাংক কী? ১

খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শফিকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রফিকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাংকের কার্যক্রম শ্রেণির ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

২ ▶ ঢাকার মতিঝিলে এমন একটি ব্যাংক আছে যাকে অন্যান্য ব্যাংকের অভিভাবক বলা হয়। ব্যাংকটি তার প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশের বিভিন্ন জায়গায় এর শাখা রয়েছে। প্রতিটি শাখায় একটি নির্দিষ্ট কক্ষ রয়েছে। আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তির জন্য যেখানে প্রতিদিন বিভিন্ন ব্যাংকের চেক, ড্রাফট ইত্যাদি এসে জমা হয়।

ক. নিকাশ ঘর কী? ১

খ. ঋণের বরাদ্দকরণ নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তির বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মি. রানা বিদেশ থেকে এসে ব্যবসা করতে চান। সে লক্ষ্যে তিনি ৪০ লক্ষ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। তাই তিনি তার ব্যবসায়িক কাজের জন্য ব্যাংকে একটি হিসাব খুললেন। ব্যাংক তাকে একটি চেক বই প্রদান করেন। তিনি চেকের থেকেও সহজে বহন করা যায় ও নিরাপদ এমন কিছু ব্যাংক থেকে দাবি করেন। ব্যাংক মি. রানার চাহিদা মোতাবেক একটা প্লাস্টিক কার্ড সরবরাহ করেন। তিনি কার্ডটি ব্যবহার করে দেশের বিভিন্ন স্থান থেকে সবসময় অর্থ উত্তোলন করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. কোন চেক অধিক নিরাপদ? ২

গ. উদ্দীপকে মি. রানা যে হিসাব খোলেন সেটি কোন ধরনের হিসাব এবং কেন? ৩

ঘ. উদ্দীপকের মি. রানা তার প্লাস্টিক কার্ড ব্যবহার করে কি সবসময় অর্থ উত্তোলন করতে পারবেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪ ▶ জনাব আব্দুল্লাহ একজন ব্যাংক কর্মকর্তা। প্রতিদিন তিনি বিভিন্ন ধরনের লেনদেন সম্পন্ন করেন। যেমন অর্থ জমাদান, উত্তোলন, অর্থ স্থানান্তর ইত্যাদি। একজন গ্রাহক ব্যাংকে একটি অধিক নিরাপদ চেক উপস্থাপন করেন যার মাধ্যমে অধিক অর্থ উত্তোলন করা যায়। জনাব আব্দুল্লাহ লক্ষ করলেন গ্রাহকের উপস্থাপিত চেকে আদেষ্টার স্বাক্ষর ও ব্যাংকে রক্ষিত নমুনা স্বাক্ষরের গরমিল আছে। তখন তিনি ম্যানেজারের সাথে চেকটির ব্যাপারে কথা বলেন। পরবর্তীতে ম্যানেজারের আদেশে চেকটি প্রত্যাখ্যান করা হয়।

ক. খোলা চেক কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের গ্রাহক কোন ধরনের চেক উপস্থাপন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে চেক প্রত্যাখ্যান করা হয়েছে সেটি কি যৌক্তিক? তোমার মতামতের ভিত্তিতে ব্যাখ্যা দাও। ৪

৫ ▶ মি. রুমি একটি কোম্পানির একজন কর্মকর্তা। তিনি সুরমা ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। ব্যাংক তার হিসাব ব্যবহারের সুবিধার জন্য একটি কার্ড প্রদান করেন। তিনি সেই কার্ড দিয়ে বাকিতে পণ্য ক্রয় করতে পারেন। তিনি ব্যাংকের নিকট আরও বেশি সুবিধা চান যেমন, ব্যাংকের কোনো শাখায় না গিয়ে একাউন্ট ব্যালেন্স জানা, টাকা জমা ও উত্তোলন, অন্য হিসাবে অর্থ প্রেরণ করা, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করতে পারা।

ক. হোম ব্যাংকিং কী? ১

খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. রুমি যে কার্ড ব্যবহার করেন সেটি কোন ধরনের কার্ড? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে আধুনিক ব্যাংকিং জগৎ মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব সাজীন একজন স্বল্প আয়ের লোক। তিনি তার স্ত্রীর নামে ব্যাংকে একটি হিসাব খুলতে চান। ব্যাংক ব্যবস্থাপক তার স্ত্রীর জন্য একটি তালাবদ্ধ কৌটায় টাকা জমাতে বললেন। অপরদিকে জনাব সাজীনের ১০ম শ্রেণিতে পড়ুয়া ছেলের নামে অন্য একটি হিসাব খুলে দেন।

ক. KYC কী? ১

খ. নমুনা স্বাক্ষর বলতে কী বোঝায়? ২

গ. জনাব সাজীন তার ছেলের জন্য কোন ধরনের হিসাব খুলেন? ৩

ঘ. জনাব সাজীনের স্ত্রীর নামে ব্যাংকে হিসাব কি খুলতে পারবেন? তোমার মতামত দাও। ৪

৭ ▶ চিত্রা ও মহানন্দা ব্যাংক লি. বাংলাদেশের অন্যতম দুটি ব্যাংক। চিত্রা ব্যাংক লি. দেশে-বিদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। অন্যদিকে মহানন্দা ব্যাংক একটি অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। দুটি ব্যাংকই উদ্দেশ্য অর্জনে সফল।

ক. আধুনিক ব্যাংকের পূর্বসূরি কারা? ১

খ. গারনিশি আদেশ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মহানন্দা ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংক দুটির কোন ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিকতর ভূমিকা পালন করে বলে তুমি মনে কর? ব্যাখ্যা দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▶ জনাব শাহাবুর তার বাড়িটির জন্য 'বাধন' কোম্পানির সাথে ৬ মাস মেয়াদি বিমাচুক্তি করেন। মেয়াদ শেষ হলে জনাব শাহাবুর 'বাধন' কোম্পানির নিকট বিমাদাবি চায়। 'বাধন' কোম্পানি বিমাদাবি পরিশোধ করতে অস্বীকৃতি জানায়।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বিমাচুক্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব শাহাবুর বিমাচুক্তির কোন পক্ষ? বর্ণনা কর। ৩

ঘ. 'বাধন' কোম্পানির বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানো যৌক্তিক হয়েছে কী? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ জনাব তারেক স্টার মিলস্ লি. এর মালিক। দীর্ঘদিন তিনি ব্যবসায়ের কাজে নিয়োজিত আছেন। তিনি লক্ষ করেন যে, মানুষের জীবন ও সম্পদকে ঘিরে রয়েছে অনেক ঝুঁকি ও অনিশ্চয়তা। তবে সব ধরনের ঝুঁকি থেকে প্রতিরক্ষার উপায় হিসেবে এক ধরনের ব্যবস্থার আবির্ভাব হয়েছে। তাই জনাব তারেক সকল দিক বিবেচনা করে তিনি তার উৎপাদিত সকল পণ্যের মূল্যহ্রাস, পুড়ে যাওয়া, নষ্ট হওয়া প্রভৃতি ঝুঁকির জন্য 'AB' কোম্পানির সাথে চুক্তি করেন।

ক. ঝুঁকি কী? ১

খ. অনিশ্চয়তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব তারেক কোন ধরনের প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব তারেকের 'AB' কোম্পানির সাথে চুক্তি করার যৌক্তিকতা বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▶ জনাব আমিন একটি ছোট চাকরি করেন। তার স্ত্রী গৃহিণী। তার মৃত্যুর পর স্ত্রীর কী হবে এই ভেবে সে চিন্তায় পড়ে যায়। তিনি ভাবলেন যে, এখন আমার বিমা পলিসি খোলা উচিত। এতে প্রিমিয়াম জমা দিলে নির্দিষ্ট সময় টাকা পাওয়া যায়। বাঁচলেও টাকা পাওয়া যাবে আর মারা গেলে স্ত্রী পাবে। এর মধ্যে তার এক বন্ধু বলল তোমাকে অনেক প্রিমিয়াম দিতে হবে। তুমি যেহেতু মৃত্যু ঝুঁকির বিপক্ষে বিমা করবা তাই এমন বিমাপত্র খোল যাতে খুব কম প্রিমিয়ামে মৃত্যু ঝুঁকি বিমা করা যায়। তবে এটা প্রতিবছর নবায়ন করতে হবে।

ক. জীবন বিমা কী? ১

খ. সাময়িক বিমাপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব আমিন প্রথমে কোন ধরনের পলিসি খুলতে চেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আমিন পরবর্তীতে যে বিমা করেন তার সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▶ জনাব রাফসান তার নিজের জীবনের জন্য বিমা করতে চান। তিনি 'মেখলা' জীবন বিমা অফিস থেকে একটি ফরম নিয়ে পূরণ করে জমা দেন। বিমা প্রতিষ্ঠান ইহা গ্রহণ করে তাকে একটি নির্দিষ্ট হারে প্রতিদান জমা দিতে অনুরোধ করে।

ক. বোনাস কী? ১

খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ফরমটি পূরণ করে জমা দেওয়া বিমাচুক্তি সম্পাদনের কোন ধরনের প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা প্রতিষ্ঠানটির প্রতিদান চাওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ৩ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

#### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ পূর্বাচল ব্যাংক লি. সরকার কর্তৃক পরিচালিত ও নিয়ন্ত্রিত একটি ব্যাংক। ব্যাংকটি দেশের অভ্যন্তরে ও বাহিরে শাখা স্থাপন করে জনগণকে বিভিন্ন ধরনের ব্যাংকিং সেবা প্রদান করছে। অন্যদিকে ব্রহ্মপুত্র ব্যাংক লি. কতিপয় ব্যক্তির উদ্যোগে ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ অনুসারে গঠিত হয়েছে। ব্যাংকটির উদ্দেশ্য হলো গ্রাহক সন্তুষ্টি অর্জনের মাধ্যমে মুনাফা অর্জন করা।

ক. গ্রাহক কে? ১
খ. 'ব্যাসেল ২' এর ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. মালিকানার ভিত্তিতে পূর্বাচল ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্রহ্মপুত্র ব্যাংক লি. এর পক্ষে কি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা সম্ভব? উদ্দীপকের আলোকে যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২▸ চিত্রা ব্যাংক লি. ময়মনসিংহ সদরে একটি অফিসের মাধ্যমে স্থানীয় গ্রাহকদেরকে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। ব্যাংকটি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসলেও কোভিড-১৯ পরবর্তী সময়ে ভালোভাবে কার্যক্রম পরিচালনা করতে ব্যর্থ হচ্ছে। এরূপ পরিস্থিতিতে চিত্রা ব্যাংকসহ অনুরূপ আরও তিনটি ব্যাংক একত্রিত হয়ে তিস্তা ব্যাংক লি. এর অধীনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেয়।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ব্যাংককে কেন নিরাপত্তার প্রতীক বলা হয়? ২
গ. কাঠামোর ভিত্তিতে চিত্রা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের তিস্তা ব্যাংক লি. এর পক্ষে নিয়ন্ত্রকের ভূমিকা পালন করা সম্ভব? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৩▸ সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার সার্বভৌম বন্ড 'সুকুক' ইস্যু করেছে। সাম্প্রতিককালে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদান কার্যক্রম বেড়ে যাওয়ায় দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক ব্যাংকিং খাতের অতিরিক্ত অর্থ কমানোর উদ্দেশ্যে সকল বাণিজ্যিক ব্যাংকগুলোকে 'সুকুকে' বিনিয়োগের নির্দেশনা দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে। এর পরেও মুদ্রাস্ফীতি কাটিয়ে উঠা সম্ভব না হওয়ায় কেন্দ্রীয় ব্যাংক আমানতী অর্থের জমার হার বৃদ্ধি করা হয়।

ক. ব্যাংক রেট কী? ১
খ. "কেন্দ্রীয় ব্যাংক আন্তর্জাতিক মুদ্রার রিজার্ভ নিয়ন্ত্রণ করে"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের নীতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের গৃহীত দ্বিতীয় পদক্ষেপটি কি দেশের মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সক্ষম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪▸ ঈদ উৎসবকে কেন্দ্র করে নগদ অর্থের লেনদেন বৃদ্ধি পাওয়ায় দেশের অর্থবাজারে কলমানি রেট ৩.০০% থেকে বৃদ্ধি পেয়ে ৪.০০% হয়েছে। ফলে অর্থবাজারে ব্যাংক সুদের হারও ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এরূপ পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় ব্যাংক ভোগ্যপণ্যের ঋণের হার ৬% থেকে হ্রাস করে ৫% করার সিদ্ধান্ত নিয়েছে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন পরিমাণগত পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত সিদ্ধান্তটি দেশের অর্থ বাজারে নগদ অর্থের যোগান বৃদ্ধিতে সহায়ক? মতামত দাও। ৪

৫▸ জনাব সিফাত একজন চাকরিজীবী। তিনি বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পেয়ে থাকেন। তিনি তার ব্যাংক হিসাবে দৈনিক ব্যাংকিং কর্মঘণ্টায় যতবার ইচ্ছা টাকা জমা দিতে পারেন এবং সপ্তাহে দুবার টাকা উত্তোলন করতে পারেন। তিনি তার ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা নিয়ে খুব চিন্তিত। তার ব্যাংকার ভাই তাকে ১২ বছর মেয়াদি একটি স্কীম খোলার পরামর্শ দিলেন যেটিতে প্রতি মাসে পাঁচ হাজার টাকা করে জমা রাখতে হবে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. চলতি ব্যাংক হিসাব কীভাবে বন্ধ করতে হয়? ২
গ. উদ্দীপকে জনাব সিফাত কোন ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতা পেয়ে থাকেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব সিফাতের ব্যাংকার ভাইয়ের পরামর্শটি কি তার ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা সৃষ্টি করতে পারবে? মতামত দাও। ৪

৬▸ জনাব আমীন পণ্য বিক্রয় বাবদ ক্রেতা জনাব হামীমের নিকট হতে একটি চেক পেয়েছেন। চেকটিতে "জনাব আমীন অথবা বাহককে টাকা পাঁচ লক্ষ মাত্র দেওয়া হউক" লেখা ছিল। বড় অঙ্কের চেক হওয়ায় তিনি চেকটির উপরিভাগের বাম কোণে দু'টি রেখা অঙ্কন করেন এবং অফিস সহায়ককে সেটি তার ব্যাংক হিসাবে জমা করে দেওয়ার জন্য নির্দেশনা দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. চেককে প্রামাণ্য দলিল বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব আমীন ক্রেতা জনাব হামীমের নিকট হতে কোন ধরনের চেক পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আমীনের চেকের অর্থ উত্তোলনের পদক্ষেপটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ কাপ্তাই ব্যাংক লি. এর গ্রাহকরা এটির যেকোনো শাখার মাধ্যমে সকল ধরনের ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করতে পারেন। সম্প্রতি ব্যাংকটির পরিচালনা পর্ষদের সভায় ব্যাংকিং সুবিধার বাইরে থাকা জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। তারই ধারাবাহিকতায় ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক মোবাইল প্রযুক্তির মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছেন।

ক. বিক্রয় সেবা বিন্দু কী? ১
খ. ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকরা কি ঋণ সুবিধা পায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কাপ্তাই ব্যাংক লি. তার গ্রাহকদেরকে কোন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সুবিধা প্রদান করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ব্যাংকিং সুবিধা প্রদানের উদ্যোগটি কি যথার্থ হয়েছে? তোমার মতামত ব্যক্ত কর। ৪

#### খ-বিভাগ : বিমা

৮▸ জনাব রেজা তার ব্যক্তিগত গাড়ির জন্য পনেরো (১৫) লক্ষ টাকার একটি বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি হঠাৎ সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। বিমা কোম্পানির নিকট তিনি বিমাদাবি উপস্থাপন করার পর সম্পূর্ণ ক্ষতিপূরণ পান। অতঃপর বিমা কোম্পানি ক্ষতিগ্রস্ত গাড়িটি দুই (২) লক্ষ টাকায় বিক্রি করে দেয়। জনাব রেজা বিমা কোম্পানির নিকট গাড়ি বিক্রির টাকা দাবি করলে বিমা কোম্পানি তা প্রদান করতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমা নীতির প্রত্যক্ষ কারণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রেজা কোন ধরনের সাধারণ বিমা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রেজার বিমাদাবিটি বিমা কোম্পানি কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার যৌক্তিকতা বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব আসিফ একজন মোটর যন্ত্রাংশ উৎপাদনকারী। তিনি একটি নতুন যন্ত্র ক্রয়ের জন্য ব্যাংক হতে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। এছাড়া তিনি তার প্রতিষ্ঠানের স্থাবর অস্থাবর সম্পত্তির জন্য একটি বিমা করেন।

ক. দায় বিমা কী? ১
খ. বিমার আনুপাতিক অংশগ্রহণের নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আসিফ ব্যাংক ঋণ গ্রহণ করার কারণে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আসিফ তার সমুদয় সম্পত্তি বিমা করতে পারে কি? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▸ বেসরকারি চাকরিজীবী জনাব শামীম সিটি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি হতে দশ (১০) বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। চুক্তির শর্তানুসারে নির্দিষ্ট মেয়াদের মধ্যে মৃত্যুবরণ করলে তার মনোনীত ব্যক্তিকে এবং উক্ত মেয়াদের পরে জীবিত থাকলে তাকেই বিমাদাবির সম্পূর্ণ অর্থ পরিশোধ করা হবে। তিনি ছয় (৬) বছর পর্যন্ত মাসিক কিস্তি তিন হাজার টাকা নিয়মিত পরিশোধ করেছেন। বর্তমানে ব্যয় বেড়ে যাওয়ায় তিনি নিয়মিত কিস্তি পরিশোধ করতে পারছেন না। তাই তিনি বিমা কোম্পানির নিকট বিমাপত্রটি বাতিলের জন্য আবেদন করেন এবং বিমা কোম্পানি আবেদনপত্রটি গ্রহণ করে।

ক. বোনাস কী? ১
খ. সাময়িক বিমাপত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব শামীম কোন ধরনের মেয়াদি বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমাপত্রটি বাতিলের জন্য জনাব শামীমের আবেদনের প্রেক্ষিতে বিমা কোম্পানি যে পদক্ষেপ গ্রহণ করেছে সেটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব সাঈদ তার কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য একটি একক বিমাপত্রের আওতায় বন্ধন লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির নিকট বিমা করেন। অন্যদিকে কোম্পানির যাবতীয় সম্পত্তির জন্য ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানির নিকট দশ (১০) কোটি টাকার আরও একটি বিমা করেন। পরবর্তীতে ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি উক্ত বিমার বিপরীতে পিপলস্ ইন্স্যুরেন্স কোম্পানির নিকট ছয় (৬) কোটি টাকার বিমা করে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. বোনাস বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব সাঈদ তার কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য কোন ধরনের বিমাপত্র করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি দক্ষতার সাথে ঝুঁকি পুনঃবণ্টন করতে সক্ষম হয়েছে"– বিমার ধরন বিবেচনায় উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ৪ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ 'M' ব্যাংক দেশের বিভিন্ন জায়গায় তার অফিস স্থাপন করে জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে এবং ঋণদান করে। এই ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। অপরপক্ষে 'Z' ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। এই ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে ভূমিকা রাখে। দেশে দ্রব্যসামগ্রীর দাম বাড়তে থাকলে তা নিয়ন্ত্রণে 'M' ব্যাংকটি 'Z' ব্যাংককে সহযোগিতা করে।

ক. একক ব্যাংক কী? ১
খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'M' ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ পদ্মা লি. একটি বাণিজ্যিক ব্যাংক। যেটা দেশের মুরব্বি ব্যাংকের নিয়ম-নীতি মেনে কাজ পরিচালনা করে। আশা লি. আরও একটি বাণিজ্যিক ব্যাংক, যেটা নিজের নিয়ম দ্বারা পরিচালিত হয়। আবার 'B' ব্যাংক একটি ব্যাংক যেটা সরকারের পক্ষে আর্থিক ও ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে, মুদ্রানীতি বাস্তবায়ন করে এবং বিভিন্নভাবে অন্যান্য ব্যাংককে সহযোগিতা করে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংককে বলা হয় এবং কেন? ২
গ. উদ্দীপকের 'B' ব্যাংক কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন ব্যাংকটি 'B' ব্যাংকের সহযোগিতা পাবে এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. রাকিব হাসান একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। যে ক্ষেত্রে তিনি যখন ইচ্ছা টাকা জমা দেওয়া ও উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনে জমার অতিরিক্ত টাকাও ব্যাংক দিয়ে থাকে। তিনি তার ছেলের পড়াশুনার খরচ ঢাকায় পাঠানোর জন্য ছেলেকে ব্যাংকে একটি হিসাব খুলতে বলেন। মি. রাকিব সাহেবের ছেলে ব্যাংকে হিসাব খুলতে গেলে ব্যাংক ম্যানেজার তার জন্য উপযোগী একটি ব্যাংক হিসাব খোলার কথা বলেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. কোন হিসাবে ব্যাংক চেক বই প্রদান করে না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক ম্যানেজার মি. রাকিব হাসানের ছেলেকে কোন হিসাব খোলার পরামর্শ দিলেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. রাকিব সাহেব ব্যবসায়ের জন্য যে হিসাব পরিচালনা করেন তা যেকোনো ব্যবসায়ীর জন্যই সর্বোত্তম– বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মি. ফাহিম ১৫-০২-২০২১ ইং তারিখে তার দেনাদারদের কাছ থেকে একটি চেক পেলেন। চেকে প্রাপকের নামের স্থানে মি. ফাহিম অথবা 'আদেশানুসারে' কথাটি লেখা ছিল। জনাব ফাহিম ব্যস্ততার কারণে চেকটি ব্যাংকে জমা দিতে ভুলে যান। পরবর্তীতে ২৫-১০-২০২১ ইং তারিখে চেকটি ব্যাংকে জমা করে টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. ফাঁকা চেক কী? ১
খ. হারানো চেকের জন্য করণীয় ব্যাখ্যা কর। ২
গ. মি. ফাহিম দেনাদারদের কাছ থেকে যে চেক পেয়েছেন তা কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. 'X' একজন ব্যবসায়ী। তিনি বিভিন্ন প্রকার পণ্য খুচরা ও পাইকারি বিক্রয়ের প্রেক্ষিতে 'Y' ট্রেডার্সের নিকট থেকে ২ লক্ষ ও ৫ লক্ষ টাকার দুটি চেক গ্রহণ করেন। ২ লক্ষ টাকার চেকটি ব্যাংকে জমা দিয়ে নগদ অর্থ উত্তোলন করতে পারলেও ৫ লক্ষ টাকার চেকটি তার হিসাবে জমা করে পরবর্তীতে উত্তোলন করতে পারবেন।

ক. চেকের আদেষ্টা কে? ১
খ. বাসি চেকের টাকা কেন ব্যাংক পরিশোধ করে না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ২ লক্ষ টাকার চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ৫ লক্ষ টাকার চেকটি অর্থ সংগ্রহের ক্ষেত্রে অধিক নিরাপদ– ব্যাখ্যা কর। ৪

৬ ▸ মি. হাসানের প্রত্যয় ব্যাংকে একটি হিসাব আছে। প্রত্যয় ব্যাংক হিসাবের বিপরীতে মি. হাসানকে একটি প্লাস্টিক কার্ড প্রদান করে। যার দ্বারা হিসাবে জমাকৃত টাকার লেনদেন ও উত্তোলন করা সম্ভব। অন্যদিকে মি. জাওয়াদের প্রত্যয় ব্যাংকে কোনো হিসাব নাই। প্রত্যয় ব্যাংক মি. জাওয়াদকে একটি প্লাস্টিক কার্ড প্রদান করে। যার দ্বারা তিনি সর্বোচ্চ ১,০০,০০০ টাকা ব্যবহার করতে পারছে।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের জন্য PIN কেন গুরুত্বপূর্ণ? ২
গ. মি. জাওয়াদের কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. হাসানের কার্ডের সামর্থ্য তার ব্যাংকের জমাকৃত অর্থের পরিমাণের সাথে সম্পৃক্ত– বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছে ২০ হাজার কোটি টাকা অলস পড়ে আছে। তাই বাণিজ্যিক ব্যাংকগুলো ইচ্ছামতো ঋণ প্রদান করতে সক্ষম। এই কারণে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংককে যে হারে ঋণ প্রদান করত তার শতকরা ২% বৃদ্ধি করে। এতেও বাণিজ্যিক ব্যাংকে ঋণ সামর্থ্যকে প্রভাবিত না করলেও কেন্দ্রীয় ব্যাংক তার কাছে রক্ষিত শেয়ার ও বন্ড সরাসরি বাজারে বিক্রয় শুরু করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ প্রদান ক্ষমতা হ্রাস পেতে থাকে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের জন্য প্রথম পদক্ষেপে কোন পদ্ধতি গ্রহণ করেছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের দ্বিতীয় পদক্ষেপ সফল হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▸ জনাব হাবীবের কারখানাটি শিল্পাঞ্চলে অবস্থিত হওয়ার কারণে বাধ্যতামূলকভাবে বিমা করতে হচ্ছে। এই জন্য জনাব হাবীবকে আলফা কোম্পানিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করতে হয়। এই বিষয়টি জানার পর তার ভাই তাকে প্রশ্ন করে "কেন তুমি বিমা কর?" জনাব হাবীব বলেন, "ঝুঁকি কমানোর জন্য।"

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. ক্ষতির নিকটতম কারণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব হাবীব আলফা কোম্পানিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ কেন প্রদান করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব হাবীব যে উক্তি করেছেন তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব মামুন তার বাবার গাড়ি নিজের নামে বিমা করতে চাইলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে। পরবর্তীতে তার বাবা গাড়িটি বিমা কোম্পানির নিকট হতে বিমাপত্র করিয়ে নেন। কিছুদিন পর গাড়িটি দুর্ঘটনায় পড়ে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। বিমা কোম্পানি সকল টাকা পরিশোধ করে গাড়িটি নিয়ে যায়।

ক. বিমা কী? ১
খ. বিমা কীভাবে ঝুঁকি বণ্টন করে? ২
গ. বিমার কোন নীতির অনুসারে ক্ষতিগ্রস্ত গাড়িটি বিমা কোম্পানি নিজের কাছে নিয়ে যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব মামুন গাড়িটি বিমা করতে যেয়ে ব্যর্থ হয়েছেন কেন? বিশ্লেষণ কর। ৪

১০ ▸ রনি ও রানা দুইজন চাকরিজীবী। রনি 'X' বিমা কোম্পানির কাছ থেকে এমন একটি বিমাপত্র গ্রহণ করেন যেখানে তার মৃত্যু হলে অথবা মেয়াদান্তে বিমাকারী বিমাকৃত অর্থ পরিশোধ করবে। অপরদিকে রানা যে বিমাপত্র গ্রহণ করেন সেখানে বিমাকৃত সময়ের মধ্যে মারা গেলেই বিমাপ্রতিষ্ঠান বিমাকৃত অর্থ পরিশোধ করবে।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত রানা কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রনির বিমাপত্রটি আর্থিক নিশ্চয়তার পাশাপাশি সঞ্চয় হিসেবেও ভূমিকা রাখে– বিশ্লেষণ কর। ৪

১১ ▸ মারুফ সাহেব তার জীবনের ওপর একটি বিমা পলিসি গ্রহণ করেন। বিমাপত্রে তিনি মারা গেলে তার স্ত্রীকে বিমাদাবি পরিশোধ করার কথা বলা হয়। তার মৃত্যুর পর তার সাবালক ছেলে বিমাদাবি উপস্থাপন করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. সমকিস্তি বিমাপত্র কী? ১
খ. কোন বিমায় স্থলাভিষিক্তকরণের নীতি প্রযোজ্য নয়? ব্যাখ্যা কর। ২
গ. মারুফ সাহেব তার নিজের জন্য কোন ধরনের জীবন বিমা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোং কর্তৃক মি. মারুফ সাহেবের ছেলের বিমাদাবি প্রত্যাখ্যান করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ৫ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

#### ক-বিভাগ : ব্যাংকিং

১। জনাব রহমান ও তার স্ত্রী একটি বাণিজ্যিক ব্যাংকের সাথে দীর্ঘদিন লেনদেন করে আসছেন। ব্যাংকটি প্রাচীন হলেও মূলধন স্বল্পতার জন্য আধুনিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারছে না। ফলে গ্রাহকসংখ্যা হ্রাস পাচ্ছে। একদিন জনাব রহমান ব্যাংকে গিয়ে তার স্ত্রীর ব্যাংক হিসাবের জমাকৃত টাকার পরিমাণ জানতে চাইলে ব্যাংক তা জানাতে অস্বীকৃতি জ্ঞাপন করে। এতে জনাব রহমান ব্যাংকের প্রতি বিরক্ত হন।

ক. ব্যাংকিং কী? ১

খ. "ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায় করে।"— ব্যাখ্যা কর। ২

গ. ব্যাংকটি আধুনিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারছে না কেন? ব্যাংক নীতির আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. স্ত্রীর ব্যাংক হিসাবের টাকার পরিমাণ জানাতে ব্যাংকের অস্বীকৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। জনাব সাইফুল একজন অবসরপ্রাপ্ত কর্মকর্তা। তিনি স্থানীয় ব্যাংক 'গোমতীর' সাথে লেনদেন করে সন্তুষ্ট। ব্যাংক একদিকে উত্তম সেবা দিচ্ছে অন্যদিকে মুনাফাও তুলনামূলক ভালো দিচ্ছে। কিন্তু তার বন্ধু দুলাল গোমতী ব্যাংকের সাথে লেনদেনে বিশেষ করে টাকা বিভিন্ন স্থানে পাঠানোর ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। তাই তিনি 'প্রগতি' ব্যাংকে হিসাব খোলেন। প্রগতি ব্যাংকের মাধ্যমে তিনি দ্রুত দেশে-বিদেশে অর্থ আদান-প্রদান করতে সমর্থ হন। উল্লেখ্য যে, প্রগতি ব্যাংকটি প্রধান অফিসের নির্দেশনায় পরিচালিত হয়ে থাকে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১

খ. "ব্যাংক বিনিময় মাধ্যম সৃষ্টি করে।"— ব্যাখ্যা কর। ২

গ. জনাব সাইফুল কোন ধরনের ব্যাংকের সাথে লেনদেন করছেন? ব্যাংকের সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. বৈশিষ্ট্যের ভিত্তিতে উদ্দীপকের ব্যাংক দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩। 'রমনা' ব্যাংক দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্প্রতি দেশে নগদ অর্থের প্রবাহ বৃদ্ধি পাওয়ায় রমনা ব্যাংক তার নিয়ন্ত্রণাধীন ব্যাংকগুলোকে গাড়ি, ফ্রিজ, টিভি, আসবাবপত্র প্রভৃতি ক্রয়ের জন্য প্রদত্ত ঋণের কিস্তির সংখ্যা হ্রাস করার নির্দেশনা দেয়। এছাড়া উচ্চ সুদের হারে ট্রেজারি বিল, বন্ড, ঋণপত্র প্রভৃতি বিক্রয়ের ঘোষণা দেয়।

ক. BEFTN এর পূর্ণরূপ কী? ১

খ. খোলাবাজার নীতিটি ব্যাখ্যা কর। ২

গ. রমনা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্রুততার সাথে অর্থের নগদ প্রবাহ নিয়ন্ত্রণের জন্য উদ্দীপকে বর্ণিত কোন কৌশলটি অধিকতর উপযোগী? বিশ্লেষণ কর। ৪

৪। ফেনীর ব্যবসায়ী জনাব নবী ঢাকার চক বাজারের ব্যবসায়ী জনাব করিমকে পাওনা টাকা পরিশোধের নিমিত্তে ১ জানুয়ারি, ২০২২ তারিখে একটি চেক প্রদান করে। জনাব করিম ১ আগস্ট তারিখে চেকটি নিয়ে ব্যাংকে গিয়ে টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. উপহার চেক কী? ১

খ. "বাহক চেক কম নিরাপদ।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত চেকটির টাকা প্রদানে ব্যাংকের অপারগতার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব করিমের পক্ষে তার প্রাপ্য টাকা আদায় করা সম্ভব কি না? এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৫। জহির সাহেব একজন ব্যবসায়ী। তার একটি ব্যাংক হিসাব রয়েছে, যা থেকে তিনি নির্দিষ্ট হারে সুদ পান। তবে তিনি ব্যাংক হিসাব থেকে বার বার অর্থ উত্তোলন করতে পারেন না। বর্তমানে ব্যবসায়ের পরিধি বৃদ্ধি পাওয়ায় অসুবিধা হচ্ছে। নগদ অর্থের সংকট মোকাবিলায় জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায় না। ফলে চড়াসুদে মহাজন থেকে ঋণ নিতে হয়। এহেন অসুবিধা দূরীকরণে ও দক্ষতার সাথে সাশ্রয়ী উপায়ে ব্যাংকের সহযোগিতা পাওয়ার জন্য জহির সাহেবকে নতুন একটি ব্যাংক হিসাব শুরু করার জন্য তার ব্যাংকার বন্ধু পরামর্শ দিলেন। তবে এতে কোনো সুদ পাওয়া যাবে না।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. "ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে KYC ফর্মটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জহির সাহেব কোন ধরনের ব্যাংক হিসাবে লেনদেন করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জহির সাহেবের বন্ধুর পরামর্শটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬। জনাব আলম একজন চাকরিজীবী। তিনি লটারিতে ১০ লক্ষ টাকা পুরস্কার পেয়ে একটি হিসাবের মাধ্যমে ব্যাংকে পুরো অর্থ জমা রাখেন। ব্যাংক জমার রসিদ প্রদান করলেও কোনো চেক বই ইস্যু করেনি। মেয়াদ শেষে উচ্চ হারে সুদসহ সমুদয় অর্থ তিনি একসাথে উত্তোলন করতে পারবেন। জনাব আলম দুই বছর পূর্বে ব্যাংকে আর একটি হিসাব খুলেছিলেন। ব্যাংক ঐ সময় তাকে চেক বই দিয়েছিল। তিনি প্রয়োজনে তা ব্যবহার করে সপ্তাহে দুই বার অর্থ উত্তোলন করতে পারেন। জমা অর্থের উপর সুদও প্রদান করে ঐ হিসাবটি।

ক. পাস বই কী? ১

খ. "চেক বিনিময়ের নিরাপদ মাধ্যম।"— ব্যাখ্যা কর। ২

গ. দুই বছর পূর্বে জনাব আলম কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিয়মিত লেনদেনের সুবিধার্থে জনাব আলমের জন্য কোন হিসাবটি উত্তম? বিশ্লেষণ কর। ৪

৭। জনাব মহসিন তার পাওনাদার জনাব তাহসিনকে এক লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। জনাব মহসিন চেকের উপর বাম কোণে দুটি আড়াআড়ি দাগ টেনে "প্রাপকের হিসাব" লিখে দেন। জনাব তাহসিন চেকটি নিয়ে ব্যাংকে গেলে ব্যাংক কর্তৃপক্ষ চেকটি তার ব্যাংক হিসাবে জমা দেওয়ার পরামর্শ দেন।

ক. MICR এর পূর্ণরূপ কী? ১

খ. "ধারক হলেন চেকের দখলপ্রাপ্ত বাহক।"— ব্যাখ্যা কর। ২

গ. জনাব মহসিন কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের দাগকাটা চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চেকটি ব্যাংকের ঋণদান সামর্থ্যকে বৃদ্ধি করে— বিশ্লেষণ কর। ৪

#### খ-বিভাগ : বিমা

৮। জনাব হাবিব ৩০ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি ক্রয় করেন। উক্ত গাড়িটির জন্য তিনি ২৫ লক্ষ টাকার একটি বিমা করেন। হঠাৎ এক দুর্ঘটনায় তার গাড়িটি ক্ষতিগ্রস্ত হয় এবং তিনি নিজেও মারাত্মকভাবে আহত হন। দুর্ঘটনার পর জনাব হাবিব বিমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে গাড়ির জন্য ক্ষতিপূরণ পেলেও নিজের চিকিৎসা ব্যয় বাবদ কোনো ক্ষতিপূরণ পাননি।

ক. সেবার নীতি কী? ১

খ. "বিমা হলো পরম বিশ্বাসের চুক্তি।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব হাবিবকে তার গাড়ির জন্য ক্ষতিপূরণ প্রদানের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমাকারী প্রতিষ্ঠান কর্তৃক দুর্ঘটনাজনিত কারণে জনাব হাবিবকে ক্ষতিপূরণ প্রদান না করার সিদ্ধান্ত ছিল যৌক্তিক— তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৯। জনাব সাকিব ৫ লক্ষ টাকার ১২ বছর মেয়াদি একটি বিমাচুক্তি সম্পাদন করেন। চার বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসচ্ছলতার কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানান এবং বিমাদাবি আদায়ের জন্য আবেদন করেন।

ক. সমকিস্তি বিমাপত্র কী? ১

খ. নিশ্চয়তার চুক্তি বলতে কী বোঝায়? ২

গ. জনাব সাকিব কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাকিব কি বিমাকারী কোম্পানি থেকে বিমাদাবি পাওয়ার অধিকারী হবেন? যুক্তি দাও। ৪

১০। AB লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি প্রিমিয়ামের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে বিমাদাবির সাথে বিমাপ্রতিষ্ঠানের সম্ভাব্য বিভিন্ন খরচ যোগ করে। মুনাফাযুক্ত পলিসির ক্ষেত্রে মুনাফার পরিমাণ যোগ করে প্রিমিয়াম ধার্য করে থাকে।

ক. গোষ্ঠী বিমা কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ. প্রিমিয়াম নির্ধারণের পদ্ধতি বিবেচনায় AB ইন্স্যুরেন্স কোম্পানির ধার্যকৃত প্রিমিয়াম কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্ভাব্য খরচ ও মুনাফা বিবেচনা না করে কীভাবে প্রিমিয়াম নির্ধারণ সম্ভব? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব রিমন তার বাবার সাথে একই বাড়িতে বসবাস করেন। বাড়িটি তার বাবার নামে। ভূমিকম্পনজনিত ক্ষতির কারণে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এ আশঙ্কা হতে জনাব রিমন বাড়িটি বিমা করতে গেলে বিমাকারী প্রতিষ্ঠান অস্বীকৃতি জানায়। তাই রিমনের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। পরবর্তীতে রিমনের বাবা বিমা প্রতিষ্ঠানকে না জানিয়ে বাড়িটির আকৃতিগত কিছু পরিবর্তন সাধন করেন। এতে বাড়িটি এক পাশে হেলে যায়। রিমনের বাবা বিমাদাবি পেশ করলে বিমাকারী প্রতিষ্ঠান তা দিতে অস্বীকৃতি জানায়।

ক. দায় বিমা কী? ১

খ. "কিছু কিছু ঝুঁকি নিয়ন্ত্রণ অযোগ্য"— ব্যাখ্যা কর। ২

গ. কোন নীতির জন্য জনাব রিমনের প্রস্তাবে বিমাপ্রতিষ্ঠান বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব রিমনের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? বিশ্লেষণ কর। ৪

## ৬ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

#### ক-বিভাগ : ব্যাংকিং

১। 'আলো' আর্থিকভাবে সচ্ছল একটি ব্যাংক। ব্যাংকটি দীর্ঘমেয়াদি ঋণ প্রদান, প্রত্যয়পত্র ইস্যু, বৈদেশিক বাণিজ্যের দেনা পাওনা নিষ্পত্তি, অবলেখন কার্যাবলি সম্পাদন করে থাকে। বর্তমানে ব্যাংকটি ব্যাংকিং জগতে আধিপত্য বিস্তার করার লক্ষ্যে অপেক্ষাকৃত স্বল্প মূলধনি শাপলা ব্যাংক ও গোমতী ব্যাংক দুটিকে তাদের নিয়ন্ত্রণযোগ্য শেয়ার ক্রয়ের প্রস্তাব দিলে ব্যাংকদ্বয় তা গ্রহণ না করে; বরং ব্যাংক দুইটি পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে একই ব্যবস্থাপনার অধীনে নিজেদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. একক ব্যাংক কী? ১
খ. "ব্যাংক হচ্ছে অর্থ ও ঋণের ব্যবসায়ী।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'আলো' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? তা কার্যভিত্তিক ব্যাংকের ধরনের ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলো ব্যাংকের প্রস্তাব গ্রহণ না করে শাপলা ব্যাংক ও গোমতী ব্যাংক অন্য যে ধরনের ব্যাংক গঠনের সিদ্ধান্ত গ্রহণ করল, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। গোলাপ ব্যাংক দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা, দেশের সরকারকে আর্থিক বিষয়ে পরামর্শ প্রদানসহ মুদ্রাবাজারের নিয়ন্ত্রক হিসেবে দায়িত্ব পালন করে থাকে। ব্যাংকটির কয়েকটি শাখাও রয়েছে। অপরদিকে 'জবা' ব্যাংক তাদের বিভিন্ন শাখার মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলের জনগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে দেশের মূলধন গঠনে সহায়তা করে থাকে। ব্যাংকটি দেশের শুধু শিল্প খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে। এছাড়াও ব্যাংকটি দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে থাকে।

ক. ব্যাংকের গোপনীয়তার নীতি কী? ১
খ. "ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে।"— তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জবা ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? তা ব্যাংকের কার্যাবলির ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিকতর মুখ্য ভূমিকা পালন করে? তা বিশ্লেষণ কর। ৪

৩। জনাব সৈকত একজন অবসরপ্রাপ্ত অধ্যাপক। তার হাতে বর্তমানে ৫ লক্ষ টাকা রয়েছে। তিনি এ অর্থ ব্যাংকে জমা রাখতে ইচ্ছুক। তার বন্ধু রাজন তাকে এমন একটি হিসাব খোলতে অনুরোধ করেন, যার মুনাফার হার সর্বোচ্চ হবে এবং বার বার টাকা দেওয়ার ঝামেলা নেই, তবে নির্দিষ্ট মেয়াদের পূর্বে জমাকৃত অর্থ উত্তোলন করা যাবে না। অবশেষে সৈকত সাহেব এমন একটি হিসাব খোলেন যেখান থেকে তিনি সপ্তাহে দুইবার পর্যন্ত নির্দিষ্ট পরিমাণ অর্থ উত্তোলনের সুবিধা পান, এছাড়াও মুনাফা পাওয়া যায়।

ক. ডিপিএস (DPS) কী? ১
খ. "ব্যাংক হিসাব হলো ব্যাংকিং সেবা গ্রহণের প্রবেশদ্বার।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রাজন সাহেব জনাব সৈকতকে কোন ধরনের ব্যাংক হিসাব খুলতে অনুরোধ করেছিলেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সৈকত যে ধরনের ব্যাংক হিসাব খোলেন, উদ্দীপকের আলোকে তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। জনাব মনির একজন চাকরিজীবী। তিনি ভবিষ্যতের কথা চিন্তা করে ব্যাংকে একটি হিসাব খুলে প্রতিমাসে কিছু টাকা জমা রাখেন। এ হিসাব হতে তিনি মুনাফাও পেয়ে থাকেন। মাঝে মাঝে টাকার প্রয়োজন হলে তিনি তার ব্যাংক হিসাব হতে টাকা উত্তোলন করেন। এবার তিনি জাতীয় ক্রীড়া সংস্থার লটারি কিনে সৌভাগ্যক্রমে দশ লক্ষ টাকা পেলেন। এখন তিনি ভাবছেন আপাতত সম্পূর্ণ টাকা এককালীন ব্যাংকে একটি বেশি আয়ের হিসাব খুলে তাতে জমা রাখবেন।

ক. ব্যাংক হিসাব বিবরণী কী? ১
খ. সঞ্চয়ী হিসাব চলতি হিসাব থেকে পৃথক কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব মনির কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মনির লটারির টাকা ব্যাংকের কোন হিসাবে রাখার বিষয়ে ভাবছেন বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৫।

হিসাবে প্রদেয়
ইছামতি ব্যাংক লি.
রাজগঞ্জ, রাজবাড়ী।
সঞ্চয়ী হিসাব : ১২৩৫৮
তারিখ : ২৫-০৩-২০২২
রহমানকে অথবা বাহককে
এক লক্ষ টাকা মাত্র প্রদান করুন। করিম
১,০০,০০০ স্বাক্ষর

সোনালী ব্যাংক লি.
মেঘনা ব্যাংক লি.
মেঘমালা, কুমিল্লা
সঞ্চয়ী হিসাব : ৩৪৫৮৯
তারিখ : ২৮-০৩-২০২২
তুষারকে অথবা বাহককে
তিন লক্ষ টাকা মাত্র প্রদান করুন। জামাল
৩,০০,০০০ স্বাক্ষর

ক. বিনিময় বিল কী? ১
খ. "হুকুম চেক বাহক চেক অপেক্ষা অধিকতর নিরাপদ।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১নং চিত্রের চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উভয় চেকের বৈশিষ্ট্যাদির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৬। জনাব বেলাল তার মেয়ে রিমির ১৫তম জন্মদিনে ১২-০১-২০২১ তারিখের একটি চেক প্রদান করেন এবং তাকে তার ইচ্ছামতো টাকার অঙ্ক লিখে নিতে বলেন। রিমি চেকের মধ্যে দুই লক্ষ লিখে ব্যাংক হতে টাকা উত্তোলনের জন্য তার বান্ধবী তৃণাকে ১৫-৯-২০২১ তারিখে পাঠালে ব্যাংক চেকটি প্রত্যাখ্যান করে। যদিও চেকে অথবা 'বাহককে' শব্দটি লেখা ছিল।

ক. চেকের আদেষ্টা কে? ১
খ. চেকের প্রকৃত ধারক বলতে কী বোঝায়? তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের চেকটি ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। সবুজের বৃদ্ধা মা রাত ২ ঘটিকায় হঠাৎ অসুস্থ হলে তার চিকিৎসার জন্য তাৎক্ষণিক টাকার প্রয়োজন পড়লে সবুজ তার ব্যাংক হিসাবে জমাকৃত বিশ হাজার টাকা ব্যাংক কর্তৃক সরবরাহকৃত কার্ড ব্যবহার করে উত্তোলন করে। তার কার্ড ব্যবহার করে আরও বেশি টাকা উত্তোলন করা সম্ভব ছিল না। কিন্তু চিকিৎসার জন্য আরও টাকার প্রয়োজন পড়লে সে তার বন্ধু মামুনের নিকট গেলে সেও একটি কার্ড ব্যবহার করে পঞ্চাশ হাজার টাকা উত্তোলন করে সবুজকে প্রদান করল এবং মামুন আরও বলল যে, ব্যাংকে তখন তার জমার পরিমাণ ছিল মাত্র পনেরো হাজার টাকা।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. "সাধারণ চেক অপেক্ষা MICR চেক অধিকতর সুবিধাজনক।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সবুজ কোন ধরনের কার্ড ব্যবহার করেছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সবুজ ও মামুনের কার্ডের মধ্যে কোন ধরনের কার্ডটি উত্তম? তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

#### খ-বিভাগ : বিমা

৮। নোমান সাহেব তার নিজের, স্ত্রী ও পুত্র তিনজনের জীবনের উপর একত্রে নির্দিষ্ট মেয়াদের জন্য একটি বিমাপত্র ক্রয় করেন। ১ম কিস্তির প্রিমিয়ামের টাকা জমাদানের পরপরই নোমান সাহেবের স্ত্রী সড়ক দুর্ঘটনায় মারা গেলে নোমান সাহেব বিমাদাবির সম্পূর্ণ অর্থই পেয়ে যান। তার কিছুদিন পর নোমান সাহেব তার নিজের জন্য ২০ লক্ষ টাকার একটি মেয়াদি বিমাপত্র ক্রয় করেন এবং তিনি তিন বছর পর্যন্ত নিয়মিত বিমা প্রিমিয়াম প্রদানের পর আর্থিক সংকটের কারণে তিনি বিমা প্রিমিয়াম প্রদানে অক্ষম হয়ে পড়েন। এমতাবস্থায় তিনি বিমাকারী প্রতিষ্ঠানের নিকট বিমাপত্র ও প্রিমিয়াম প্রদানের রসিদ নিয়ে গিয়ে বিমা চালানোর অক্ষমতা প্রকাশ করলে বিমাকারী প্রতিষ্ঠান তাকে কিছু টাকা প্রদান করবেন বলে জানান। তবে তা নোমান সাহেব কর্তৃক বিমা প্রিমিয়াম হিসেবে প্রদত্ত অর্থের চেয়ে অনেক কম। এতে তিনি খুবই মর্মাহত হন।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. "জীবন বিমা আর্থিক নিশ্চয়তার চুক্তি।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নোমান সাহেব প্রথমে কোন ধরনের মেয়াদি বিমাপত্র ক্রয় করেছিলেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নোমান সাহেবের খুবই মর্মাহত হওয়ার বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৯। জনাব আলাল একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি স্ত্রী ও সন্তানদের আর্থিক নিরাপত্তার জন্য মাসিক ২,০০০ টাকা প্রিমিয়াম প্রদানের শর্তে একটি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি করেন। এতে তিনি দুশ্চিন্তামুক্ত।

ক. মৌলিক ঝুঁকি কী? ১
খ. বিমা কীভাবে বৈদেশিক বাণিজ্যের প্রসার ঘটায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আলাল কোন ধরনের বিমাচুক্তি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আলালের অবর্তমানে উক্ত বিমা পলিসি কি তার স্ত্রী ও সন্তানদের কোনো উপকারে আসবে? যুক্তি দাও। ৪

১০। জনাব হোসেনের ৩০ লক্ষ টাকা মূল্যের গাড়িটি তার ছোট ভাই মনির ব্যবহার করেন, তাই মনির গাড়িটি বিমা করতে চাইলে বিমাকারী প্রতিষ্ঠান তা করতে অস্বীকৃতি জ্ঞাপন করে। অপরদিকে ঐ ঘটনা ঘটার দুই মাস পর জনাব হোসেন ঐ গাড়িটি রূপকথা ও ঝলক নামক দুটি বিমাকারী প্রতিষ্ঠানের নিকট পৃথক পৃথক দুটি বিমাচুক্তি করেন। দুর্ঘটনায় গাড়িটির ১০ লক্ষ টাকার ক্ষতি হলে জনাব হোসেন রূপকথার নিকট হতে ক্ষতিপূরণের টাকা বাবদ ১০ লক্ষ টাকা আদায় করেন। অতঃপর আবার ঝলকের নিকট হতে একই দুর্ঘটনার জন্য অনুরূপ ক্ষতিপূরণের টাকা বাবদ ১০ লক্ষ টাকা দাবি করলে ঝলক তা দিতে অস্বীকৃতি জানায়।

ক. নিট প্রিমিয়াম কী? ১
খ. "জীবন বিমায় নৈতিক ঝুঁকি কম।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মনিরের বিমা প্রস্তাবে বিমাকারী প্রতিষ্ঠানের অস্বীকৃতি জানানোর কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঝলক বিমাকারী প্রতিষ্ঠানের বিমাদাবি প্রদানে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

১১। জনাব কাশেম একজন অধ্যাপক। তিনি কিছুদিন পূর্বে তার বয়স্ক বাবা-মাসহ নিজে কক্সবাজারে বেড়াতে গিয়েছিলেন। সেখানে তার বন্ধু সৈকতের সাথে দেখা হয়। তিনি পেশায় একজন পাইলট। সৈকত সাহেবের ৩ বছর বয়সে তার বাবা-মা দুজনেই যক্ষা রোগে আক্রান্ত হয়ে মার যান। দুই বন্ধুই পরিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তার কথা ভেবে ২০ লক্ষ টাকার দুটি পৃথক পৃথক বিমাপত্র ক্রয় করেন। বিমাচুক্তির শর্তানুসারে তাদের আমৃত্যু বিমা প্রিমিয়াম প্রদান করে যেতে হবে। তাদের উত্তরাধিকারীকে তাদের মৃত্যুর পর বিমাদাবি প্রদান করা হবে। উল্লেখ্য যে, দুইজনের বয়স একই হওয়া সত্ত্বেও বিমা প্রিমিয়ামের পরিমাণ জনাব কাশেমের চেয়ে সৈকতের বেশি হওয়ায় সৈকত মর্মাহত।

ক. মৃত্যুহার পঞ্জি কী? ১
খ. "জীবন বিমা মানসিক উৎকর্ষতা বৃদ্ধি করে।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব কাশেম ও তার বন্ধু সৈকত কোন ধরনের বিমাপত্র ক্রয় করেছিলেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সৈকতের মর্মাহত হওয়ার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

## ৭ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র — সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১ ▸ জনাব মাহমুদ একজন আমেরিকা প্রবাসী ব্যবসায়ী। ডালাস শহরের একটি নামকরা ব্যাংকে তার একটি হিসাব রয়েছে। ব্যাংকটি একটিমাত্র অফিসের মাধ্যমে শহরের জনগণকে নিবিড়ভাবে বিভিন্ন ধরনের ব্যাংকিং সুবিধা প্রদান করে থাকে। জনাব মাহমুদের ব্যবসায়িক প্রয়োজনে দেশে বিদেশে বিভিন্ন জায়গায় যেতে হয় বিধায় অপর একটি ব্যাংকে হিসাব খোলেন। প্রথম ব্যাংকটি নির্দিষ্ট এলাকার বাইরে ব্যাংকিং সুবিধা প্রদানে ব্যর্থ হলেও দ্বিতীয় ব্যাংকটি একটি প্রধান অফিসের অধীনে একই নামে দেশে-বিদেশে বিভিন্ন স্থানে ব্যাংকিং সুবিধা প্রদানে সক্ষম।

ক. মিশ্র ব্যাংকিং কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় ব্যাংকটি সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. গঠন প্রকৃতির কারণেই প্রথম ব্যাংকটি নির্দিষ্ট এলাকার বাইরে ব্যাংকিং কার্যক্রম সম্পাদনে অক্ষম— বিশ্লেষণ কর। ৪

২ ▸ বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য ব্যাংকগুলো বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করছে। কখনো একটি শক্তিশালী ব্যাংক কতকগুলো দুর্বল ব্যাংকের অধিকাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে তাদের নিয়ন্ত্রণভার গ্রহণ করছে। আবার কখনো সমজাতীয় কতিপয় ব্যাংক নিজেদের স্বাধীন সত্তা বজায় রেখে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে একটি ব্যবস্থাপনার অধীনে যৌথভাবে ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করছে। গঠন প্রকৃতি যাইহোক না কেন ব্যাংকগুলোর মুখ্য উদ্দেশ্য হচ্ছে সেবাদানের মাধ্যমে অধিক মুনাফা অর্জন করা।

ক. ব্যাংকিং কী? ১
খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি সাংগঠনিক প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শক্তিশালী ব্যাংকটির অধীনে দুর্বল ব্যাংকগুলো তাদের নিজস্ব পরিচালনা ও নিয়ন্ত্রণ ক্ষমতা হারিয়েছে— তুমি কি একমত? যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৩ ▸ X ব্যাংক দেশের নোট ও মুদ্রার প্রচলন করে এবং মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষায় কার্যকর ভূমিকা পালন করে। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে X ব্যাংকটি অন্যান্য ব্যাংককে প্রদত্ত ঋণের সুদের হার বাড়িয়ে দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত X ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে X ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ জনাব সৌরভ তার দুজন পাওনাদার কমল ও আকাশকে দুটি চেক প্রদান করেন। কমলকে প্রদত্ত চেকের বামকোণায় দুটি আড়াআড়ি সমান্তরাল দাগ কেটে দাগের মাঝে প্রাইম ব্যাংক লি. শব্দগুলো লিখে দেন। আকাশকে প্রদত্ত চেকে প্রাপকের নামের শেষে "অথবা বাহককে" শব্দগুলো লিখা ছিল। আকাশ চেকটি ব্যাংকে জমা দিয়ে টাকা উত্তোলন করেন। অপরদিকে কমল চেকটি ডাচ্-বাংলা ব্যাংকে তার হিসাবে জমা করতে চাইলে ব্যাংক তা গ্রহণে অস্বীকৃতি জানায়।

ক. হুকুম চেক কী? ১
খ. বিনিময় বিল অপেক্ষা চেকের ব্যবহার সার্বজনীন কেন? ব্যাখ্যা কর। ২
গ. আকাশের চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ডাচ্-বাংলা ব্যাংক কর্তৃক চেক গ্রহণের অস্বীকৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫ ▸ জামান তার বিয়ে উপলক্ষে সোনার বাংলা ব্যাংক লি. টাঙ্গাইল শাখায় কিছু টাকা জমা করেন এবং বিয়ের কেনাকাটা করার জন্য ঢাকায় যান। নগদ টাকা বহন করা ঝুঁকিপূর্ণ বিধায় সে একটি ব্যাংক চেক ও একটি বিশেষ ধরনের কার্ড সঙ্গে নেন। ঢাকায় গিয়ে সোনার বাংলা ব্যাংক লি. নিউমার্কেট শাখায় চেকটি জমা দিয়ে দ্রুত সমুদয় টাকা উত্তোলন করে কেনাকাটা শুরু করেন। এক পর্যায়ে নগদ অর্থ শেষ হয়ে গেলে জামান ব্যাংক কর্তৃক প্রদত্ত ইলেক্ট্রনিক কার্ড যা ঋণ সুবিধা প্রদান করে তার মাধ্যমে কেনাকাটা সম্পন্ন করেন।

ক. ATM কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থার কারণে জামান ঢাকায় গিয়ে চেকের মাধ্যমে দ্রুত অর্থ উত্তোলন করতে সক্ষম হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জামান কর্তৃক ব্যবহৃত কার্ড নগদ অর্থ ব্যবহারের ঝুঁকি ও ব্যাংক জমার সীমাবদ্ধতাকে অতিক্রম করেছে— একমত হলে যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৬ ▸ জনাব আব্দুর রহমান সাহেব একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। বয়সের কারণে তার পক্ষে ব্যাংকে গিয়ে আর্থিক লেনদেন করা কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। এ ব্যাপারে ব্যাংকে যোগাযোগ করা হলে ব্যাংক কর্মকর্তাগণ জনাব আব্দুর রহমানের ব্যক্তিগত কম্পিউটারে একটি সফটওয়্যার স্থাপন করে একটি PIN সরবরাহ করেন। এখন ইন্টারনেট ব্যবহার করে কম্পিউটারের মাধ্যমে তিনি তার ব্যাংক হিসাবের যাবতীয় তথ্য জানতে পারেন এবং বিভিন্ন ধরনের বিল পরিশোধ করতে পারেন। ব্যাংক কর্মকর্তা তাকে আরও জানান যে, তাদের ব্যাংক ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং ইত্যাদির মাধ্যমে গ্রাহকদেরকে অত্যাধুনিক সেবা প্রদান করছে।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. বর্তমানে ATM কার্ড ব্যবহার এত জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আব্দুর রহমান কোন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকিং ব্যবস্থাসমূহ আমাদের জীবনযাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ জনাব তানভীর ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব খুলতে চান। হিসাব খোলার জন্য তাকে সাধারণ আবেদন ফরমের সাথে বিশেষ তথ্য সংবলিত আরেকটি ফরম বাধ্যতামূলকভাবে পূরণ করতে হয়। দেশে মানি লন্ডারিং আইন প্রবর্তনের পর থেকে এ ধরনের ফরম পূরণ বাধ্যতামূলক করা হয়েছে। জনাব তানভীর এমন একটি হিসাব খোলেন যেখানে দিনে যতবার ইচ্ছা ততবার টাকা জমা ও উত্তোলন করতে পারবেন এবং প্রয়োজনে জমাতিরিক্ত ঋণ গ্রহণ করতে পারবেন।

ক. ব্যাংক জমা রসিদ কী? ১
খ. ব্যাংক কেন গ্রাহকের হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তানভীর ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশেষ তথ্য সংবলিত ফরমটি জালিয়াতি ও অবৈধ লেনদেন রোধে কার্যকর ভূমিকা রাখবে— একমত হলে যুক্তিসহ উপস্থাপন কর। ৪

**খ-বিভাগ : বিমা**

৮ ▸ মি. আবির দেখতে পেলেন তার বন্ধুর একটি গাড়ি দুর্ঘটনায় কবলিত হওয়ার পর বিমা কোম্পানি গাড়ির মোট ক্ষতি বাবদ ৩ লক্ষ টাকা প্রদান করে এবং গাড়িটি বিমা কোম্পানি নিয়ে যায়। পরবর্তীতে মি. আবির তার কাছে থাকা ২০১৫ সালের প্রথম রেজিস্ট্রিকৃত গাড়ি ২০১৯ সালে প্রথম রেজিস্ট্রেশন হয়েছে দেখিয়ে বিমাপত্র গ্রহণ করে। পরবর্তীতে গাড়িটি দুর্ঘটনায় পড়লে বিমা কোম্পানি বিমাদাবি যাচাই-বাছাই করতে গিয়ে অতীত সকল তথ্য তাদের কাছে চলে আসে। তাই বিমা কোম্পানি বিমাদাবি প্রত্যাখ্যান করে।

ক. ঝুঁকি কী? ১
খ. "বিমাচুক্তি বাজি ধরার চুক্তি নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিমার কোন নীতির বলে আবিরের বন্ধুর গাড়িটি নিয়ে যেতে সক্ষম? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক আবিরের ক্ষতিপূরণ প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জাহাঙ্গীর ও সোলায়মান ঘনিষ্ঠ বন্ধু। সোলায়মান বন্ধুর কল্যাণের কথা চিন্তা করে জাহাঙ্গীরের ব্যক্তিগত গাড়িটি বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবটি প্রত্যাখ্যান করে। পরবর্তীতে জাহাঙ্গীর নিজেই তার গাড়িটি X ও Y নামক দুটি বিমা কোম্পানির সাথে সমান অঙ্কে মোট দশ লক্ষ টাকার পৃথক পৃথক দুটি বিমাচুক্তি সম্পাদন করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে জাহাঙ্গীর বিমাদাবি উত্থাপন করলে X বিমা কোম্পানি তাকে ৫ লক্ষ টাকা প্রদানে সম্মত হয়।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. বিমাচুক্তি ক্ষতিপূরণের চুক্তি— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বিমা কোম্পানি কর্তৃক সোলায়মানের প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. Y বিমা কোম্পানি জাহাঙ্গীরের বিমাদাবির বাকি অংশ পূরণে বাধ্য— তুমি কি একমত? বিমা নীতিমালার আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব রওশন মৃত্যুর আগ পর্যন্ত নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদানের শর্তে এমন একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন যেখানে তার মৃত্যুর পর মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধ করা হবে। অপরদিকে জনাব সামিউল নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদানের শর্তে ৭ বছর মেয়াদি একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। ৭ বছর পর তিনি অথবা তার মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধ করা হবে। অর্থনৈতিক সংকটের কারণে জনাব সামিউলের পক্ষে প্রিমিয়াম চালিয়ে যাওয়া সম্ভব নয় বিধায় ছয় মাস পর তিনি বিমাপত্রটি বিমা কোম্পানির নিকট উপস্থাপন করেন এবং তিনি প্রিমিয়ামের টাকা ফেরত চাইলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. জীবন বিমাকে কেন নিশ্চয়তার চুক্তি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রওশন কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব সামিউলের আবেদন নাকচ করার যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ রায়হান ও সুজন দুই বন্ধু। রায়হান নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদানের শর্তে দুই বছরের জন্য একটি মেয়াদি বিমাপত্র গ্রহণ করে। চুক্তির শর্তানুসারে ২ বছরের মধ্যে তার মৃত্যু হলে মনোনীত ব্যক্তি বিমাদাবি পাবে। তবে মৃত্যু না হলে কেউ কোনো অর্থ পাবে না। অপরদিকে সুজন যে বিমাপত্রটি গ্রহণ করেছেন তার মেয়াদ ১০ বছর। মেয়াদের মধ্যে সুজন মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমাদাবি আদায় করতে পারবে অথবা তিনি বেঁচে থাকলে বিমাদাবি আদায় করতে পারবেন।

ক. পুনর্বিমা কী? ১
খ. মৃত্যুহার পঞ্জি কেন ব্যবহার করা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত রায়হানের বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুজন কর্তৃক গৃহীত বিমাপত্রটি নমিনীর জন্য আর্থিক নিরাপত্তা ও সুজনের জন্য সঞ্চয় বিশ্লেষণ কর। ৪

## ৮ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। মি. রহমত 'P' ব্যাংকের একজন গ্রাহক। ব্যাংকটি গ্রাহকদের থেকে সঞ্চয় সংগ্রহ, গ্রাহকদের ঋণ প্রদান, অর্থ স্থানান্তর এবং বৈদেশিক বাণিজ্যে লেনদেনে সাহায্য করে থাকে। অন্যদিকে মি. সৈকত 'Q' ব্যাংকের একজন গ্রাহক। ব্যাংকটি নির্দিষ্ট এলাকার গ্রাহকদের নিকট হতে সঞ্চয় সংগ্রহ, ঋণ প্রদান করলেও, বিভিন্ন অঞ্চলে অর্থ স্থানান্তর ও বৈদেশিক বাণিজ্যে লেনদেনে সাহায্য করতে পারে না।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ব্যাংককে ঋণের ব্যবসায়ী বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'P' ব্যাংক কাঠামোভিত্তিক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. অর্থনৈতিক উন্নয়নে 'Q' ব্যাংকের তুলনায় 'P' ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২। মুদ্রাস্ফীতি ও মুদ্রা সংকোচন যেকোনো দেশের অর্থনীতির জন্য খারাপ সংকেত বহন করে। তাই সরকার মুদ্রাস্ফীতি কমানোর জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ প্রদান করে। তাই ঋণ প্রবাহ কমানোর মাধ্যমে মুদ্রাস্ফীতি কমানোর উদ্দেশ্যে তালিকাভুক্ত ব্যাংকগুলো কেন্দ্রীয় ব্যাংক হতে ঋণ নেওয়ার ক্ষেত্রে সুদের হার ৪% থেকে বাড়িয়ে ৬% করে। এমতাবস্থায় ব্যাংকগুলোর পর্যাপ্ত তারল্য থাকায় এতে তেমন কোনো কার্যক্রমের সুফল পরিলক্ষিত হয়নি। পরবর্তীতে তালিকাভুক্ত ব্যাংকগুলো গ্রাহকদের ঋণ দেওয়ার ক্ষেত্রে জামানত সম্পদের বিপরীতে ঋণ মার্জিনের হার কেন্দ্রীয় ব্যাংক বৃদ্ধি করার নির্দেশ দেন।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশ ব্যাংক প্রথম ঋণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে দ্বিতীয় পদ্ধতিটি অধিক কার্যকর ভূমিকা পালনে সক্ষম— এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩। মি. কামাল একজন পাইকারি চালের ব্যবসায়ী। তিনি সালামের নিকট বাকিতে বিক্রয়কৃত ১ লক্ষ টাকার মালের মূল্য বাবদ ৩ মাস পরে দেয় সালামের স্বাক্ষরিত একটি দলিল প্রাপ্ত হন। কিছু দিন পর মি. কামালের নগদ অর্থের প্রয়োজন হলে দলিলটি ব্যাংকে বাট্টাকরণের মাধ্যমে নগদ অর্থপ্রাপ্ত হন। তাছাড়া, ০১-০৪-২০ তারিখে প্রাপ্ত চেকটির টাকা উত্তোলনের জন্য ১৫-১১-২০ তারিখে ব্যাংকে উপস্থাপন করলে চেকের অন্য সব শর্তপূরণ এবং হিসাবে পর্যাপ্ত অর্থ থাকলেও ব্যাংক চেকটি প্রত্যাখ্যান করে।

ক. আদেষ্টা কে? ১
খ. চেকের অনুমোদন কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. কামাল কোন ধরনের দলিল প্রাপ্ত হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংক কর্তৃক চেকটি প্রত্যাখ্যান হওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। মি. সায়েম একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। কর্মব্যস্ততার কারণে ব্যাংক হতে সরাসরি টাকা উত্তোলন না করে ব্যাংক কর্তৃক সরবরাহকৃত প্লাস্টিক কার্ড দ্বারা 'ATM' বুথ হতে টাকা উত্তোলন এবং কেনাকাটার ক্ষেত্রে কার্ডটি ব্যবহার করেন। তবে হিসাবে জমাকৃত টাকার অতিরিক্ত ব্যবহার করতে পারেন না। এই সমস্যা সমাধানের জন্য ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা আরেকটি প্লাস্টিক কার্ড সরবরাহ করেন। বর্তমানে তিনি কার্ডটি দ্বারা হিসাবে জমাকৃত টাকার অতিরিক্ত নির্দিষ্ট পরিমাণ টাকা উত্তোলন বা কেনাকাটার কাজে ব্যবহারের সুযোগ পান। তবে উত্তোলনকৃত অতিরিক্ত অর্থ পরবর্তীতে সুদসহ ব্যাংককে পরিশোধ করতে হয়।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. ইলেকট্রনিক ব্যাংকিং, ব্যাংক ব্যবসায়ে গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. সায়েমকে প্রথমে কোন ধরনের প্লাস্টিক কার্ড সরবরাহ করেন? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংক কর্তৃক প্রদত্ত দ্বিতীয় কার্ডটি লেনদেনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— এ বিষয়ের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫। মি. রহমান একজন চাকরিজীবী ছিলেন। তখন তিনি লেনদেনের জন্য ব্যাংকে একটি হিসাব খোলেন। প্রয়োজনে এ হিসাব হতে মাঝে মাঝে তিনি টাকা উত্তোলন করতেন এবং কিছু সুদও এ হিসাবে জমা হতো। অবসরে যাওয়ার পর তিনি একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। কিন্তু ব্যবসায়ের লেনদেনের প্রয়োজনে বারবার চেকের মাধ্যমে এ হিসাব হতে টাকা তুলতে গেলে, হিসাবে পর্যাপ্ত টাকা থাকা সত্ত্বেও ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি প্রকাশ করে। এ অসুবিধা দূরকল্পে স্বাভাবিক লেনদেনের জন্য ব্যাংক কর্মকর্তা তাকে একটি নতুন হিসাব খোলার পরামর্শ দেন। যাতে তিনি দিনে যতবার খুশি টাকা জমা ও উত্তোলন করতে পারবেন।

ক. চেক কী? ১
খ. KYC ফরম কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. রহমান কোন ধরনের ব্যাংক হিসাব পরিচালনা করতেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যবসায়ে স্বাভাবিক লেনদেন বজায় রাখতে ব্যাংক কর্মকর্তার পরামর্শটি সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬। মি. ইমন একজন ব্যবসায়ী। তিনি স্ত্রীকে নমিনি করে তার নিজের জন্য একটি জীবন বিমাপত্র পলিসি গ্রহণ করেন। তবে বিমা পলিসির চুক্তি অনুযায়ী যতদিন বেঁচে থাকবে ততদিন প্রিমিয়াম দিতে হবে এবং তিনি মারা গেলে নমিনিকে দাবি পরিশোধ করবে। কিন্তু ৩ বছর প্রিমিয়াম দেওয়ার পর অসুস্থতার কারণে এখন আর প্রিমিয়াম দিতে পারছেন না। এমতাবস্থায় বিমার দাবির আবেদন করলে বিমা কোম্পানি প্রত্যাখ্যান করে এবং তাকে তার প্রদত্ত অর্থের অংশবিশেষ ফেরত দেয়।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমা কি ক্ষতিপূরণের চুক্তি? ব্যাখ্যা কর। ২
গ. মি. ইমন কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. ইমনের বিমার দাবি প্রত্যাখ্যান করে বিমা কোম্পানি যে অর্থ ফেরত দেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭। মি. আনিস ব্যবসায়ের কাজে একটি গাড়ি ব্যবহার করেন। গাড়িটি তার বাবার নামে। গাড়িটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের আশায় বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়। পরবর্তীতে তার বাবা গাড়িটির বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে বিমাকারী বিমাগ্রহীতাকে সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। ক্ষতিগ্রস্ত গাড়িটি বিমা কোম্পানি বিক্রয় করলে বিমাগ্রহীতা বিক্রয়লব্ধ অর্থ দাবি করলে বিমা কোম্পানি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বাংলাদেশের বিমা ব্যবসায় নিয়ন্ত্রক সংস্থার নাম কী? ১
খ. ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে বিমা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. আনিস বিমার কোন নীতির কারণে বিমা করতে পারেনি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমাগ্রহীতার সর্বশেষ দাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিমার নীতির আলোকে মূল্যায়ন কর। ৪

৮। মি. রাতুল একটি আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠানের মালিক। ব্যবসায়িক কাজে ৩ মাসের জন্য বিদেশে যাওয়ার আগে পরিবারের ভবিষ্যতের চিন্তা করে ৩ মাস মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করে। তাছাড়া তার প্রতিষ্ঠানে রক্ষিত গুদামে পণ্য ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের লক্ষ্যে 'X' বিমা কোম্পানি ও 'Y' কোম্পানির নিকট বিমাপত্র গ্রহণ করে।

ক. প্রিমিয়াম কী? ১
খ. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথব্যবস্থা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. রাতুল মেয়াদের ভিত্তিতে কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. অধিক নিরাপত্তার ভিত্তিতে উদ্দীপকের প্রতিষ্ঠানের জন্য গৃহীত বিমাপত্রটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৯। দেশের গ্রামীণ অর্থনীতি উন্নয়নের জন্য বাংলাদেশ ব্যাংক তালিকাভুক্ত ব্যাংকসমূহকে কৃষি এবং বিভিন্ন আত্মকর্মসংস্থানমূলক ক্ষেত্রে অধিক ঋণ দেওয়ার নির্দেশ প্রদান করে। কিন্তু কিছুসংখ্যক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের এই নির্দেশ অমান্য করে লাভজনক খাতে ঋণ দেওয়ার প্রবণতা বজায় রাখে। এমতাবস্থায় কেন্দ্রীয় ব্যাংক অমান্যকারী ব্যাংকগুলোকে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে আন্তঃব্যাংকিং লেনদেনের নিষ্পত্তির সুবিধা স্থগিত করে।

ক. বিশেষায়িত ব্যাংক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতি অনুসরণ করেছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের শেষ কার্যক্রমটি ব্যাংকিং লেনদেন প্রসারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১০। মি. 'S' একজন পাইকারি ব্যবসায়ী। তিনি অনেক সময় বাকিতে বিক্রয়কৃত পণ্যের মূল্য বাবদ চেক গ্রহণ করেন। তিনি ক্রেতা মি. আরিফের নিকট হতে একটি চেক প্রাপ্ত হন। চেকটিতে গ্রাহকের নাম হিসাবে মি. 'S'-এর পাশাপাশি অথবা আদেশানুসারে শব্দদ্বয় উল্লেখ ছিল। অপর ক্রেতা মি. হাসেমের নিকট হতে বিক্রীত পণ্যের মূল্য বাবদ আরেকটি চেক প্রাপ্ত হন। চেকটির বামকোণে আড়াআড়ি সমান্তরাল দুটো রেখা টানা ছিল। মি. 'S' ব্যাংক থেকে টাকা উত্তোলনের জন্য চেকটি ব্যাংকে উপস্থাপন করেন। চেকটি উপস্থাপন করলে কর্তৃপক্ষ তাকে তার হিসাবে জমা দিতে বলে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. ব্যাংক কেন হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. 'S'-এর প্রাপ্ত প্রথম চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. 'S'-এর প্রাপ্ত ২য় চেকটি অধিক নিরাপদ— এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১১। 'R' এমন একটি ব্যাংক যার উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। এই ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য ঋণ নিয়ন্ত্রণ ও অন্যান্য ব্যাংকগুলোর কার্যক্রম নিয়ন্ত্রণ করে। অপরপক্ষে, 'S' ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা এবং জনগণের নিকট হতে আমানত সংগ্রহ, বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ সহায়তা প্রদান করা। তাছাড়া অনেক সময় 'S' ব্যাংক 'R' ব্যাংক হতে ঋণ সহায়তা নিয়ে থাকে।

ক. তারল্য কী? ১
খ. ব্যাংককে নিরাপত্তার প্রতীক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কার্যভিত্তিক 'S' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'R' ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

## ৯ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ রূপসা ব্যাংক লি. দেশের বিভিন্ন স্থানে শাখা স্থাপন করে মক্কেলদের নিকট হতে আমানত সংগ্রহ করে। মুনাফা অর্জন করা এই ব্যাংকের মূল উদ্দেশ্য। অন্যদিকে মেঘনা ব্যাংক লি. যার মুনাফা অর্জন মূল উদ্দেশ্য নয়। মেঘনা ব্যাংক লি. ঋণ নিয়ন্ত্রণে বিরাট ভূমিকা রাখে। দ্রব্যের মূল্য বৃদ্ধির সময় রূপসা ব্যাংক লি. মেঘনা ব্যাংক লি.-কে সহায়তা করে।

ক. ব্যাংকিং কী? ১
খ. KYC ফরম কেন গুরুত্বপূর্ণ? ২
গ. রূপসা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক দুটির মধ্যে কোন ব্যাংক দেশের উন্নয়নে এবং ব্যাংক ব্যবস্থার শৃঙ্খলা রক্ষায় অধিক ভূমিকা রাখে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২▸ ঢাকায় একটি ব্যাংক আছে যাকে সকল ব্যাংকের মুরুব্বি বলা হয়। ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন শহরে এটির আঞ্চলিক কার্যালয় আছে যেগুলো এটির কার্যক্রম পরিচালনায় সহায়তা করে। সব আঞ্চলিক কার্যালয়ে একটি নির্দিষ্ট কক্ষ থাকে যেখানে আন্তঃলেনদেন নিষ্পত্তি করা হয়। সব ব্যাংকের চেক ও ড্রাফটগুলো এখানে নিষ্পত্তির জন্য আনা হয়।

ক. ব্যাংক হার কী? ১
খ. খোলাবাজার কার্যক্রম বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে এটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "অন্যান্য ব্যাংকগুলো এইরূপ কাজ করতে পারে না"— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩▸ তামান্না এ বছর রাজশাহী মেডিক্যাল কলেজে ভর্তি হয়েছে। টাকা পাঠানোর জন্য তার বাবা তাকে একটি ব্যাংক হিসাব খুলতে বলল। এজন্য সে একটি ব্যাংকের ব্যবস্থাপকের নিকট গেল এবং ব্যাংক ব্যবস্থাপক তাকে একটি হিসাব খোলার উপদেশ দিল যেটি তার জন্য উপযোগী।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. চলতি হিসাব কি সুদ প্রদান করে? ২
গ. ব্যাংক ব্যবস্থাপক তামান্নাকে কোন ব্যাংক হিসাব খোলার পরামর্শ দিল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংক হিসাবটির গ্রহণযোগ্যতা সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. আবেদ একজন ব্যবসায়ী। তিনি মাল বিক্রয় করে করিমের নিকট হতে চেকের মাধ্যমে অর্থ সংগ্রহ করেন। তিনি দুটি চেক সংগ্রহ করেন যার একটি ৩ লক্ষ টাকার এবং অন্যটি ৮ লক্ষ টাকার। ৩ লক্ষ টাকার চেকটি হতে তিনি সরাসরি অর্থ সংগ্রহ করতে পারেন। কিন্তু ৮ লক্ষ টাকার চেকটি হতে সরাসরি অর্থ সংগ্রহ করতে পারেন না। এই ৮ লক্ষ টাকা তার ব্যাংক হিসাবে জমা হয়।

ক. চেক কী? ১
খ. বিনিময় বিল বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে ৮ লক্ষ টাকার চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "৮ লক্ষ টাকার চেকটি ৩ লক্ষ টাকার চেক অপেক্ষা অধিক নিরাপদ"— উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

৫▸ মি. সিদ্দীক একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবস্থাপককে তার দেনাদারের নিকট ৪০,০০,০০০ টাকার চেক সংগ্রহের জন্য পাঠালেন। কিন্তু তিনি বেশ উদ্বিগ্ন ছিলেন কারণ টাকার পরিমাণ অনেক বেশি (বড়) ছিল। চেকের বাম কোণে সমান্তরাল রেখা দেখে তিনি আশ্বস্ত হলেন।

ক. নিকাশ ঘর কী? ১
খ. ব্যাংক নোট ও সরকারি নোট কি একই জিনিস? ২
গ. উদ্দীপকের আলোকে এটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. এই চেকটির কোনো তাৎপর্য আছে কি? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬▸ মি. ফুয়াদ চুম্বকীয় কার্ড দিয়ে টাকা উত্তোলন করতে পারেন। অন্যদিকে মি. রুহুল একই কার্ড ব্যবহার করে পণ্য কিনতে ও বিল পরিশোধ করতে পারেন। তার হিসাব থেকে অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারেন। পরে এই অর্থ সুদসহ পরিশোধ করতে হয়।

ক. EFT এর পূর্ণরূপ কী? ১
খ. এজেন্ট ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. মি. ফুয়াদ কোন ধরনের কার্ড ব্যবহার করেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন কার্ডটি উত্তম? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭▸ বাজারে যাওয়ার সময় রুবিয়ার বাবা তাকে ৫ টাকা এবং ১০ টাকার কিছু নোট দিল। সে নোটগুলোতে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম এবং বাংলাদেশ ব্যাংক গভর্নরের স্বাক্ষর লক্ষ করে। আবার তার মা তাকে ২ টাকার কিছু নোট দিল যেখানে সে অর্থ সচিবের স্বাক্ষর এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার লেখা দেখতে পেল।

ক. ব্যাংক ড্রাফট কী? ১
খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২
গ. রুবিয়া তার মায়ের নিকট হতে কোন ধরনের নোট পেল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. বড় অঙ্কের অর্থ লেনদেনের ক্ষেত্রে রুবিয়ার বাবার দেওয়া নোট তার মায়ের দেওয়া নোট থেকে অধিক গুরুত্বপূর্ণ— উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৮▸ মি. আবিরের একটি রপ্তানিমুখী গার্মেন্টস আছে। তিনি ১,০০,০০,০০০ টাকা দিয়ে একটি বিমা কোম্পানির নিকট বিমা করেন। প্রতিষ্ঠানটি দুর্ঘটনায় পুরোপুরি ধ্বংস হয় এবং মি. আবির বিমাদাবি উপস্থাপন করলেন। বিমাকারী দাবির সমুদয় অর্থ পরিশোধ করলেন। শুরুতে তিনি উদ্ধারকৃত দ্রব্যগুলো বিমা কোম্পানিকে হস্তান্তর করতে অস্বীকৃতি জানালেও কিন্তু শেষে বাধ্য হন।

ক. ঝুঁকি কী? ১
খ. বিমাকে কেন ক্ষতিপূরণের চুক্তি বলা হয়? ২
গ. উপরিউক্ত সম্পত্তি হস্তান্তর বিমার কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "মি. আবিরের উদ্ধারকৃত দ্রব্য দাবি করার কোনো অধিকার নাই"— তুমি কি এই উক্তিটির সাথে একমত? মন্তব্য কর। ৪

৯▸ মি. রশিদ ১,০০,০০০ টাকা দিয়ে একটি বিমাচুক্তি করলেন এটা ভেবে যে ভবিষ্যতে তার অনুপস্থিতিতে তার সন্তানেরা এই বিমা পলিসি দ্বারা সুবিধা পাবেন। অন্যদিকে মি. জব্বার ১,০০,০০০ টাকার একটি বিমাচুক্তি করলেন। এই বিমাটি প্রিমিয়ামভিত্তিক এবং প্রতি বছর শেষে ৫,০০০ টাকা করে ২০ বছর প্রিমিয়াম দিতে হবে।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝ? ২
গ. মি. রশিদ কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করলেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "ব্যক্তিগত সুবিধা বিবেচনায় মি. জব্বারের বিমা পলিসি মি. রশিদ অপেক্ষা উত্তম"— তুমি কি এই উক্তিটির সাথে একমত? ব্যাখ্যা কর। ৪

১০▸ মি. জাওয়াদ একটি কোম্পানির মালিক। নির্দিষ্ট বিমা পলিসির ভিত্তিতে তিনি তার ৫,০০০ কর্মীর নিরাপত্তার জন্য জনতা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করলেন। আবার জনতা লাইফ ইন্স্যুরেন্স কোং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একই বিষয়বস্তুর উপর একটি বিমাচুক্তি করল।

ক. জীবন বিমা কী? ১
খ. গ্রুপ বিমা বলতে কী বোঝ? ২
গ. মি. জাওয়াদ কোন ধরনের বিমা করলেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রগতি লাইফ ইন্স্যুরেন্স কোং জনতা লাইফ ইন্স্যুরেন্স কোং এর সাথে কোন ধরনের বিমা করল? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. আমিন ভবিষ্যতের কথা ভেবে একটি জীবন বিমা করলেন। বিমার মেয়াদ ১০ বছর। কিন্তু মেয়াদপূর্তির পূর্বেই তিনি হার্ট অ্যাটাকে মারা যান। তার কোনো নমিনি ছিল না তবে ১৭ বছর বয়েসি এক পুত্র ছিল।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. পুনর্বিমা বলতে কী বোঝ? ২
গ. মি. আমিন যে বিমা করেছিলেন তার সুবিধাগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. আর্থিক দাবি নিষ্পত্তিতে কোন অবস্থার সৃষ্টি হবে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

## ১০ ঢাকা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। চট্টগ্রামের সীতাকুণ্ডে জাহাজ নির্মাণ ব্যবসায় সম্প্রতি ব্যাপক সম্প্রসারণ ঘটেছে। এই ব্যবসায় সংশ্লিষ্ট ব্যবসায়ীদের ঋণ সুবিধা প্রদান করার জন্য 'কুশিয়ারা লি.' নামে একটি ব্যাংক প্রতিষ্ঠিত হয়। পর্যাপ্ত পরিশোধিত মূলধন থাকা সত্ত্বেও গ্রাহকসংখ্যা কম থাকায় ব্যাংকটি ভালো ব্যবসায় করতে পারছে না। পরবর্তীতে ব্যাংকটি আর্থিক দুর্দশায় উপনীত হওয়ায় কেন্দ্রীয় ব্যাংক উক্ত ব্যাংকটিকে সাধারণ জনগণের নিকট থেকে আমানত সংগ্রহ ও ঋণ প্রদানসহ অন্যান্য কার্যাবলি সম্পাদনের অনুমতি প্রদান করে।

ক. স্কুল ব্যাংকিং কী? ১
খ. KYC ফরম গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত কুশিয়ারা ব্যাংক প্রথমে কোন ধরনের ব্যাংক ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. কুশিয়ারা ব্যাংক পরবর্তীতে যে কার্যক্রম সম্পন্ন করেছিল তা কি যৌক্তিক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। 'মেঘনা ব্যাংক' দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় জনগণের আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করে। পরবর্তীতে তাদের কার্যক্রম দেশের বাইরেও বিস্তৃত করে। অপরদিকে 'সুরমা ব্যাংক' শুধু সিলেট সদরে অবস্থিত একমাত্র অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. স্বায়ত্তশাসিত ব্যাংক কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. কাঠামোর ভিত্তিতে মেঘনা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে "মেঘনা ব্যাংক থেকে সুরমা ব্যাংক দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে"। তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। বাণিজ্যিক ব্যাংকসমূহ ঋণদান কার্যক্রম বৃদ্ধি করায় দেশের দ্রব্যমূল্য ক্রমাগত বৃদ্ধি পায়, ফলে সরকার বাংলাদেশ ব্যাংককে মুদ্রাস্ফীতিরোধে বিশেষ ভূমিকা পালন করার নির্দেশ দেয়। এ প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোর নগদ জমার হার ৪% থেকে ৬% এ উপনীত করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদান সামর্থ্য কমলেও তা আশানুরূপ না হওয়ায় বাংলাদেশ ব্যাংক পরবর্তীতে বাজারে কিছু বন্ড ও সিকিউরিটি বিক্রয় করে। এতে দেশের আর্থিক বাজার স্থিতিশীল হয়।

ক. কলমানি রেট কী? ১
খ. ঋণের সুদের হার জীবনযাত্রার মানের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে প্রথমে কোন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর বাংলাদেশ ব্যাংকের পরবর্তী পদক্ষেপটি কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সহায়ক হয়েছে? যুক্তিসহ উত্তর দাও। ৪

৪। জনাব আমান ও জনাব মামুন এম.বি.এ পাস করে ব্যাংকের চাকরিতে যোগদান করেন। আমান যে ব্যাংকের সহকারী পরিচালক পদে যোগদান করেন সেটি দেশের মুদ্রাবাজার নিয়ন্ত্রণ ও ঋণ নিয়ন্ত্রণসংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে। অপরদিকে মামুন যে ব্যাংকের সিনিয়র অফিসার পদে যোগদান করে সেটি আমানত সংগ্রহ, ঋণদান কার্যক্রম ও মুনাফা অর্জন করে। কার্যাবলি ভিন্ন হলেও মামুনের ব্যাংককে আমানের ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকতে হয়।

ক. নিকাশ ঘর কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব আমানের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মামুনের ব্যাংকটি আমানের ব্যাংকের কাছে দায়বদ্ধ থাকার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৫। জনাব শিপন একজন কাপড় ব্যবসায়ী। কাপড় কেনাবেচার অর্থ তিনি চেকের মাধ্যমে লেনদেন করেন। তিনি তার এক পাওনাদার জনাব 'X' বরাবর একটি চেক ইস্যু করেন যেখানে "কেবল জনাব 'X' কে প্রদেয়" কথাটি লেখা ছিল। আবার তিনি অন্য এক পাওনাদার মি. 'Y' কে একটি চেক ইস্যু করেন যার বাম কোণে আড়াআড়িভাবে দুটি দাগ টানা ছিল এবং দাগের মধ্যে "করতোয়া ব্যাংক প্রাপকের হিসাব" কথাটি উল্লেখ ছিল।

ক. চেকের অমর্যাদা কী? ১
খ. চেকের ব্যবহার সার্বজনীন কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব শিপন তার প্রথম পাওনাদারকে কোন ধরনের চেক ইস্যু করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে "দ্বিতীয় পাওনাদারের প্রাপ্ত চেকটি অধিক নিরাপদ" তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে তুলনামূলক আলোচনা কর। ৪

৬।

মধুমতি ব্যাংক লি.
পদ্মানগর শাখা, রাজশাহী
MB No : 0236517 তারিখ : ২৮ ০৪ ২০২১
হিসাব নং : ১ ০ ০ ০ ৫ ২ ৮ ৪
মি. রফিক কে অথবা বাহককে টাকা পঞ্চাশ লক্ষ প্রদান করুন।
টাকা ৫০,০০,০০০ Rakib

জনাব রফিক চেকটি পেয়ে অধিকতর নিরাপত্তার কথা ভেবে তা ব্যাংক কাউন্টার থেকে না ভাঙিয়ে চেকের বামদিকে দুটি সমান্তরাল রেখা টেনে তাতে 'Acc payee' কথাটি লিখে কর্মচারীর মাধ্যমে ব্যাংকে পাঠালেন।

ক. ভ্রমণকারীর চেক কাকে বলে? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত চেকটি কোন ধরনের ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রফিক চেকের নিরাপত্তার কথা ভেবে যে পদক্ষেপ নিয়েছেন তা কি যৌক্তিক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। জনাব জাহিদের জরুরি কাজে নগদ অর্থের প্রয়োজন পড়লে তিনি তার ইলেকট্রনিক কার্ড নিয়ে ATM বুথে যান। কার্ডটি বুথে প্রবেশ করানো মাত্রই তার হিসাবে প্রয়োজনীয় অর্থ না থাকায় বিষয়টি মনিটরে প্রদর্শিত হয় এবং কার্ডটি বেরিয়ে আসে। পরবর্তীতে তিনি তার এক ব্যাংকার বন্ধুর কাছে গেলে তাকে এক বিশেষ কার্ডের কথা বলেন, যা দিয়ে তিনি তার হিসাবে প্রয়োজনীয় টাকা না থাকলেও বুথ থেকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জমার অতিরিক্ত উত্তোলন করতে পারবেন। অবশেষে তিনি এই বিশেষ কার্ডটি ব্যাংক থেকে গ্রহণ করেন।

ক. POS-এর পূর্ণরূপ কী? ১
খ. মোবাইল ব্যাংকিং জনপ্রিয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব জাহিদ কোন কার্ড ব্যবহারের কারণে প্রথমবার টাকা উত্তোলন করতে ব্যর্থ হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে "জনাব জাহিদের বন্ধুর পরামর্শে গ্রহণকৃত কার্ডটি পূর্বের কার্ডের তুলনায় অধিক সুবিধাজনক" তুমি কি একমত? বিষয়টি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮। জনাব সজল তার ব্যক্তিগত ব্যবহৃত গাড়িটি ২০ লক্ষ টাকায় বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে জনাব সজল বিমাদাবি পেশ করলে বিমা প্রতিষ্ঠান সম্পূর্ণ অর্থ বিমাদাবি হিসেবে পরিশোধ করেন। আবার বিমা কোম্পানি ক্ষতিগ্রস্ত গাড়িটি ১০,০০০ টাকায় বিক্রয় করে তার সম্পূর্ণ অর্থ গ্রহণ করে। কিন্তু জনাব সজল ক্ষতিগ্রস্ত গাড়ির বিক্রয়লব্ধ অর্থ দাবি করলে বিমা কোম্পানি তা পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. IDRA এর পূর্ণরূপ কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির আওতায় জনাব সজল বিমা প্রতিষ্ঠান থেকে বিমাদাবি লাভ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি ক্ষতিগ্রস্ত গাড়ির বিক্রয়কৃত অর্থ পরিশোধ না করা কি যৌক্তিক? ব্যাখ্যা কর। ৪

৯। আলু ব্যবসায়ী জনাব জয়ন্ত দাস আলুর গুদাম বিমা করেছিলেন। আলুর সঠিক পরিমাণ উল্লেখ না করায় বিমা প্রতিষ্ঠান তার বিমাচুক্তি বাতিল করে। অপরদিকে তার বন্ধু তপন সাহেব দীর্ঘদিন একটি ভাড়া বাসায় থাকেন। তিনি নিজ নামে ভবনটি বিমা করতে চাইলে বিমা প্রতিষ্ঠান বিমাচুক্তি সম্পাদন করতে অস্বীকৃতি জানায়।

ক. বাজিচুক্তি কী? ১
খ. "জীবন বিমা মানুষের প্রাত্যহিক জীবনের আর্থিক হাতিয়ার"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব জয়ন্ত দাসের বিমাটি কী কারণে বাতিল করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান কর্তৃক তপন সাহেবের প্রস্তাবটি বিমা প্রতিষ্ঠানের প্রত্যাখ্যানের কারণ কি সঠিক? ব্যাখ্যা কর। ৪

১০। জনাব রিফাত একটি পোশাক কারখানার মালিক। তিনি তার কোম্পানির ১০০ জন শ্রমিকের জন্য একটি বিমাপত্রের আওতায় সুরমা বিমা কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করেন। অপরদিকে তার বন্ধু জনাব সজীব পদ্মা বিমা কোম্পানিতে ৩ বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। বিমাপত্র অনুযায়ী তিনি মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমাদাবি পাবেন কিন্তু জীবিত থাকলে কোনো বিমাদাবি পাবেন না। তার বন্ধু জনাব রিফাত তাকে এমন পলিসি গ্রহণ করতে বলেন যাতে তিনি মেয়াদকালীন সময়ে মারা গেলে তার নমিনী বিমাদাবি পাবেন এবং মেয়াদ উত্তীর্ণ হলেও তিনি বিমাকৃত অর্থ ফেরত পাবেন। অতঃপর তিনি এই নতুন বিমাপত্রটি গ্রহণ করেন।

ক. বাজার ঝুঁকি কী? ১
খ. "বিমা হলো ঝুঁকি বণ্টন ব্যবস্থা"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রিফাত কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সজীবের প্রথমে গ্রহণকৃত বিমাপত্র থেকে পরবর্তীতে গ্রহণকৃত বিমাপত্র কি অধিক লাভজনক? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব সুজন একটি বেসরকারি ব্যাংকের কর্মকর্তা। ২০১৮ সালে তিনি একটি বিমাপত্র ক্রয় করেন যার শর্ত ছিল বছরে ২০,০০০ টাকা প্রিমিয়াম প্রদানসাপেক্ষে ২০ বছর পর একত্রে ১০ লক্ষ টাকা পাবেন। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে তার আয় কমে যাওয়ায় ২ বছর প্রিমিয়াম প্রদানের পর তিনি বিমা চালাতে অপারগতা প্রকাশ করেন। পরবর্তীতে বিমা কোম্পানি তাকে দাবিকৃত ১০ লক্ষ টাকা পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. বিমা সেলামি কী? ১
খ. নৈতিক ঝুঁকি কীভাবে বিমা পলিসিতে প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব সুজন কোন ধরনের বিমাপত্র কিনেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিমা কোম্পানির বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানো কি যৌক্তিক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## ১১ রাজশাহী বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১ ▸ লিখন ও লিটন সম্প্রতি বিআইবিএম (BIBM) থেকে ডিগ্রি অর্জন করেছেন। তাদের লক্ষ্য ভালো কোনো ব্যাংকে চাকরি করা। সেই লক্ষ্যে লিখন রাজশাহীর একটি ব্যাংকে শিক্ষানবিশ অফিসার পদে যোগদান করেন। লিখনের ব্যাংকটি শুধুমাত্র কৃষি উন্নয়নে কাজ করে। অপরদিকে লিটনও একটি নামকরা ব্যাংকে যোগদান করেন। ব্যাংকটি একটি কেন্দ্রীয় অফিস দ্বারা পরিচালিত হয়। ব্যাংকটির প্রধান কাজ আমানত সংগ্রহ, ঋণদান ও আমদানি-রপ্তানি বাণিজ্যে সহায়তা করা।

ক. তারল্য নীতি কী? ১

খ. "ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায়ী"— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত লিখনের ব্যাংকটি কোন ধরনের ঋণ প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. লিখনের ব্যাংকটি লিটনের ব্যাংক হতে কেন আলাদা প্রকৃতির তা বিশ্লেষণ কর। ৪

২ ▸ সুরমা ব্যাংক লি. তৈরি পোশাক ব্যবসায়ীদের সর্বাধিক ঋণ দেয়। এ বছর করোনার কারণে ব্যবসায়ীরা ঠিকমতো ব্যবসায় করতে না পারায় ক্ষতির সম্মুখীন হয় এবং অনেকে ব্যবসায় গুটিয়ে নিয়েছে। ফলে ব্যাংকের ঋণের টাকা ঠিকমতো আদায় হচ্ছে না। অপরদিকে আমানতকারিগণ তাদের জমাকৃত টাকা ফেরত নেওয়ার জন্য ব্যাংকে তাগাদা দিচ্ছে।

ক. ব্যাংক কী? ১

খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের সমস্যায় পড়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংকটির কি একই খাতে বেশি ঋণ দেওয়া যুক্তিযুক্ত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ পদ্মা ব্যাংক ও মেঘনা ব্যাংক ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। পদ্মা ব্যাংককে তার আমানতের একটি নির্দিষ্ট অংশ মেঘনা ব্যাংকে বাধ্যতামূলক জমা রাখতে হয়। মেঘনা ব্যাংক কর্তৃক বিভিন্ন নিয়ম-কানুনের মধ্যে থেকে পদ্মা ব্যাংককে তার দৈনন্দিন কার্য পরিচালনা করতে হয়। মেঘনা ব্যাংকের নির্দেশনার বাইরে পদ্মা ব্যাংক কোনো কাজ করতে পারে না।

ক. কেন্দ্রীয় ব্যাংক কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ২

গ. 'পদ্মা' ব্যাংক তার আমানতের একটি নির্দিষ্ট অংশ মেঘনা ব্যাংকে বাধ্যতামূলকভাবে জমা রাখার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির বৈশিষ্ট্য তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মি. মজুমদার 'ক' ব্যাংকে নিয়মিত লেনদেন করেন। ব্যাংকটি বেশ কয়েক বছর যাবৎ চরম তারল্য সংকটে ভুগছে। ব্যাংকটি গ্রাহকদের ঠিকমতো অর্থ পরিশোধ করতে পারছে না। ঋণগ্রহীতারাও ঋণের আবেদন করে ব্যর্থ হচ্ছে। ফলে ব্যাংকের সুনাম দিন দিন হ্রাস পাচ্ছে। সকল উৎস থেকে ঋণ সংগ্রহের চেষ্টা করেও ব্যাংকটি ব্যর্থ হয়েছে। এমন সময় 'ক' ব্যাংকটির সাহায্যে এগিয়ে আসে দেশের প্রধান ব্যাংকিং প্রতিষ্ঠান। ফলে 'ক' ব্যাংকটি আবার নতুন উদ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

ক. খোলাবাজার নীতি কী? ১

খ. "ব্যাংক ধার করা অর্থের ধারক"— ব্যাখ্যা কর। ২

গ. 'ক' ব্যাংকের সুনাম দিন দিন হ্রাস পাওয়ার কারণ লেখ। ৩

ঘ. 'ক' ব্যাংকের সাহায্যে এগিয়ে আসে কোন ব্যাংক এবং কেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. চৌধুরী একজন ব্যবসায়ী। তিনি তার পাওনাদারের নিকট হতে ৫০,০০০ টাকার একটি চেক পান। চেকটির উপরিভাগে বাম কোণে অঙ্কিত আড়াআড়ি দুটি সমান্তরাল রেখার মাঝখানে 'হস্তান্তরযোগ্য নহে' কথাটি লেখা ছিল। চেকটি যথাসময়ে ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক কর্তৃপক্ষ সরাসরি চেকের টাকা দিতে অপারগতা প্রকাশ করেন। তবে টাকা উত্তোলনে ব্যাংক কর্তৃপক্ষ মি. চৌধুরীকে একটি সহজ উপায় বলে দেন।

ক. বাহক চেক কী? ১

খ. চেকের অনুমোদন কেন প্রয়োজন হয়? ব্যাখ্যা কর। ২

গ. মি. চৌধুরী পাওনাদারের নিকট হতে যে চেকটি পেয়েছিলেন সেটি কোন ধরনের চেক? বর্ণনা কর। ৩

ঘ. ব্যাংক কর্তৃপক্ষ মি. চৌধুরীকে টাকা উত্তোলনের জন্য কী সহজ উপায় বলে দেন? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. মওলা চাকরির পাশাপাশি একজন শেয়ার ব্যবসায়ী। সেই সুবাদে তিনি ICB (আইসিবি) থেকে লভ্যাংশ বাবদ একটি চেক পান যেখানে লিখা ছিল 'মি. মওলাকে' ৫০০০ টাকা প্রদান করুন। মি. মওলা অফিসের দারোয়ানকে চেকের টাকা তুলতে ব্যাংকে পাঠালে ব্যাংক কর্তৃপক্ষ ব্যাংক আইনের দোহাই দিয়ে টাকা প্রদানে অস্বীকৃতি জানায় এবং চেকের উল্টো পিঠে একটি স্বাক্ষর আনতে বলে।

ক. বাসি চেক কী? ১

খ. বাহক চেক হুকুম চেক অপেক্ষা কম নিরাপদ কেন? ২

গ. মি. মওলার প্রাপ্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. মওলাকে ব্যাংক টাকা পরিশোধে অস্বীকৃতি জানায় কেন? এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ মি. পলাশ ও মি. আকাশ একটি বহুজাতিক কোম্পানিতে চাকরি করে। তারা উভয়ই 'সুরমা ব্যাংক লি.' এ হিসাব পরিচালনা করে। 'সুরমা ব্যাংক' পলাশকে একটি প্লাস্টিক কার্ড প্রদান করেছে। যার মাধ্যমে সে তার জমাকৃত টাকা উত্তোলন করা ছাড়াও পণ্য ক্রয় করতে পারে। অন্যদিকে 'সুরমা ব্যাংক' মি. আকাশকেও একটি প্লাস্টিক কার্ড প্রদান করেছে। সেটি দ্বারা বাকিতে পণ্য ক্রয় করা ছাড়াও ধারে টাকা উত্তোলন করতে পারে। 'সুরমা ব্যাংক লি.' দেশের বিভিন্ন জায়গায় শাখা স্থাপন করে সেবা প্রদান করলেও তারা চেষ্টা করছে গ্রাহকদের আরও আধুনিক সেবা দেওয়ার জন্য।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১

খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২

গ. 'সুরমা ব্যাংক লি.' মি. পলাশকে কোন ধরনের কার্ড ইস্যু করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্ড দুটির মধ্যে কোন কার্ডটির সুযোগ-সুবিধা তুলনামূলকভাবে বেশি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**খ-বিভাগ : বিমা**

৮ ▸ মি. মুহিত তার জীবনের সকল সঞ্চিত অর্থ দিয়ে একটি কারখানা স্থাপন করেন। ভবিষ্যৎ অনিশ্চয়তার কথা বিবেচনা করে তিনি কারখানাটি 'আলফা' এবং 'বিটা' নামক দুইটি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি করেন। একটি দুর্ঘটনায় কারখানার ২ লক্ষ টাকার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়। চুক্তি মোতাবেক উভয় কোম্পানি যৌথভাবে মি. মুহিতকে সমান হারে ক্ষতিপূরণ প্রদান করে। পরবর্তীতে ক্ষতিগ্রস্ত সম্পত্তি মি. মুহিত ৫০ হাজার টাকায় বিক্রি করে দেন। সংবাদ পেয়ে উভয় বিমা কোম্পানি এই বিক্রয়মূল্যের ওপর দাবি উপস্থাপন করে।

ক. বিমা কী? ১

খ. বিমাকে পরম সদ্বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বিমাচুক্তির কোন নীতির আলোকে বিমা কোম্পানি মি. মুহিতকে ক্ষতিপূরণ প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উভয় বিমা কোম্পানির বিক্রয়মূল্যের ওপর দাবি উপস্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ মি. কায়েস তার বাবার নামে রেজিস্ট্রিকৃত দুই তলা একটি বাড়িতে থাকেন। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে, এই কথা চিন্তা করে মি. কায়েস বাড়িটি বিমা করতে গেলে বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। ফলে মি. কায়েসের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। পরবর্তীতে মি. কায়েস বিমা কোম্পানিকে না জানিয়ে বাড়ির তৃতীয় তলার কাজ শুরু করেন। এতে বাড়িটি একদিকে হেলে পড়ে এবং মি. কায়েসের বাবা বিমাদাবি করলে বিমা কোম্পানি বিমাদাবি পূরণে অস্বীকৃতি জানায়।

ক. প্রতিদান কী? ১

খ. "বিমা হলো ঝুঁকি বন্টনের চুক্তি"— ব্যাখ্যা কর। ২

গ. কোন নীতির কারণে মি. কায়েসের প্রস্তাবে বিমা কোম্পানি রাজি হয়নি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মি. কায়েসের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸ মি. রহিম ও মি. করিম একই অফিসে চাকরি করেন। মি. রহিমের মোটরসাইকেল আছে। মি. করিম সহকর্মী মি. রহিমের সাথে মোটরসাইকেলে অফিসে যাতায়াত করেন। মি. রহিম মোটরসাইকেলের জন্য 'ক' বিমা কোম্পানিতে একটি বিমা করেছেন। মি. করিমও নিজের জন্য 'খ' বিমা কোম্পানিতে বিমা করেছেন। একদিন মোটরসাইকেলে অফিসে যাওয়ার পথে মারাত্মক সড়ক দুর্ঘটনায় মি. করিমের মৃত্যু হয়।

ক. মৃত্যুহারপঞ্জি কী? ১

খ. জীবন বিমা কোন ধরনের চুক্তি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. করিম নিজের জন্য কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. রহিম ও মি. করিমের গৃহীত বিমাপত্রের বৈশিষ্ট্যগত পার্থক্য আলোচনা কর। ৪

১১ ▸ মি. প্রান্ত স্বল্প বেতনের একটি চাকরি করেন। এ কারণে তিনি নিজের এবং পরিবারের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। তার এক বন্ধুর পরামর্শে সুরমা বিমা কোম্পানির নিকট থেকে নিজের নামে ২০ বছর মেয়াদি বিমাপলিসি গ্রহণ করেন। চুক্তিতে তিনি তার স্ত্রীকে মনোনয়ন দেন। বিমাচুক্তির শর্ত অনুযায়ী বিমাকৃত সময়ের মধ্যে মৃত্যু হলে বিমাগ্রহীতার মনোনীত ব্যক্তি অথবা মৃত্যু না হলে বিমাগ্রহীতা নিজে বিমাদাবি লাভ করবেন। বিমা পলিসি গ্রহণের ১০ বছর পর মি. প্রান্তর মৃত্যু হলে তার স্ত্রী ও বৃদ্ধা মা উভয়ই বিমাদাবি প্রাপ্তির জন্য বিমা কোম্পানির নিকট দাবি পেশ করে। বিমা কোম্পানি মি. প্রান্তর মায়ের দাবি প্রত্যাখ্যান করেন এবং তার স্ত্রীর দাবিকে সমর্থন করে দাবি পূরণের নিশ্চয়তা দেন।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. যুগ্ম বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. প্রান্ত কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমাপ্রতিষ্ঠান কর্তৃক মি. প্রান্তর মায়ের দাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ১২ যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র • সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ বর্তমানে বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় অত্যন্ত জনপ্রিয়। এ ব্যবসায়ে প্রচুর মূলধনের প্রয়োজন হয়। তেমনি 'P' ব্যাংক এবং 'Q' ব্যাংক লিমিটেড বাংলাদেশের দু'টি সমৃদ্ধশালী ব্যাংক। 'P' ব্যাংক লিমিটেড দেশের অভ্যন্তরেই একটি অফিসের মাধ্যমেই সকল কার্যক্রম পরিচালনা করে। 'Q' ব্যাংক লিমিটেড দেশের অভ্যন্তরে ছাড়াও বিদেশে তাদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে থাকে।

ক. গারনিশি আদেশ কী? ১

খ. তালিকাভুক্ত ব্যাংকে লেনদেন করা উত্তম কেন? ২

গ. সাংগঠনিক দিক থেকে 'P' ব্যাংক লিমিটেড কোন ধরনের ব্যাংক? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

২ ▸ কেন্দ্রীয় ব্যাংক অর্থবাজারের ঋণ প্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। তাই ব্যাংকটি আর্থিক বাজার থেকে পূর্বের তুলনায় অধিক পরিমাণে বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন দলিলপত্র ক্রয় করার সিদ্ধান্ত নেয়। এতে ঋণ প্রবাহ নিয়ন্ত্রণে সফলতা আসে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১

খ. খোলাবাজার নীতি বলতে কী বোঝায়? ২

গ. কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন সংখ্যাত্মক পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. সাব্বির তার ব্যবসায়িক লেনদেন নিষ্পত্তি বাবদ মি. তামিমকে দশ লক্ষ টাকার একটি চেক প্রদান করলেন। চেকটিতে গ্রাহকের নাম হিসেবে মি. তামিমের পাশাপাশি 'অথবা বাহককে' শব্দদ্বয় উল্লেখ ছিল। অন্যদিকে মি. মাহাতাব এস এম ফ্যাশন লি. থেকে লভ্যাংশ বাবদ একটি চেক পান যেখানে লেখা ছিল "মি. মাহাতাবকে ১,০০,০০০ টাকা প্রদান করুন।"

ক. হস্তান্তরযোগ্য দলিল কী? ১

খ. চেকের অনুমোদন প্রয়োজন হয় কেন? ২

গ. উদ্দীপকে মি. তামিমের চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. মাহাতাবের চেকটি তুলনামূলকভাবে বেশি নিরাপদ"– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪ ▸ দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষায় কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অপরিসীম। বিভিন্ন কারণে দেশের মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি তার সুদের হার ১% বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করে। তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে কতকগুলো খাত সুনির্দিষ্ট করে দেওয়ায় ঋণ সরবরাহে স্থিতিশীলতা আসে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. "কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংক প্রথমে কোন ধরনের পদ্ধতি অবলম্বন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক সর্বশেষ ঋণ নিয়ন্ত্রণ কার্যক্রম কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. জাহিন একজন ব্যবসায়ী। বরিশালের সাগরিকা ব্যাংকে তার একটি হিসাব রয়েছে। লেনদেনের সুবিধার জন্য ব্যাংক কর্তৃপক্ষ তাকে একটি প্লাস্টিক কার্ড ইস্যু করেন যা ব্যবহার করে তিনি টাকা উত্তোলনসহ কেনাকাটাও করতে পারবেন। অন্যদিকে, মি. তন্ময় এমন একটি ইলেকট্রনিক কার্ড ব্যবহার করেন যা দিয়ে তিনি টাকা উত্তোলন ও কেনাকাটা ছাড়াও অন্যান্য কাজ করতে পারবেন।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১

খ. বর্তমানে ATM এর ব্যবহার এত জনপ্রিয় কেন? ২

গ. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত মি. জাহিনের কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. তন্ময়ের কার্ডটি বর্তমান ব্যবসায়-বাণিজ্যে কীভাবে অধিক ভূমিকা রাখতে পারে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ 'A' ব্যাংক দেশের বিভিন্ন জায়গায় তার শাখা স্থাপন করে জনগণের নিকট থেকে আমানত সংগ্রহ করে এবং ঋণদান করে। এই ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। অন্যদিকে 'B' ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। এই ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে ভূমিকা রাখে। দেশে দ্রব্যসামগ্রীর দাম বৃদ্ধি পেতে থাকলে তা নিয়ন্ত্রণে 'A' ব্যাংকটি 'B' ব্যাংককে সহযোগিতা করে।

ক. তারল্য কী? ১

খ. "ব্যাংক ধার করা অর্থের ধারক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'A' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক দু'টির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ মি. মাহিম তার ব্যক্তিগত ঋণ পরিশোধের জন্য জনাব আকাশের নামে একটি চেক ইস্যু করে। চেকটির বাম পাশের কোণায় দু'টি সমান্তরাল রেখা টানা ছিল। কিন্তু চেকটি হস্তান্তরের পূর্বেই মি. মাহিম চেকটি হারিয়ে ফেলেন। চেকটি হারিয়ে ফেলার সাথে সাথে বিষয়টি ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে দুশ্চিন্তামুক্ত থাকার আহ্বান জানান এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১

খ. বাহক চেক অধিক জনপ্রিয় কেন? ২

গ. উদ্দীপকে মি. মাহিম কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক কর্তৃপক্ষ মি. মাহিমকে দুশ্চিন্তামুক্ত থাকতে বলার যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▸ জনাব আসলাম সাহেব একজন ব্যবসায়ী। তার ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন একটি প্রকল্প হাতে নিতে চাচ্ছেন। যেখানে অনেক মূলধন বিনিয়োগ প্রয়োজন। উক্ত মূলধন বিনিয়োগে তার ঝুঁকিও প্রচুর। তার বিনিয়োগযোগ্য মূলধন হারানোর ভয়ে বিমা কোম্পানির কাছে বিমা করতে গেলে বিমা কোম্পানি বিমা করতে অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১

খ. বিমাচুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে জনাব আসলাম সাহেবের বিনিয়োগযোগ্য মূলধন কী ধরনের ঝুঁকি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আসলাম সাহেবের নতুন প্রকল্পের জন্য বিমা প্রতিষ্ঠান কর্তৃক বিমাচুক্তিতে অস্বীকৃতি জানানো কতটুকু যুক্তিসংগত হয়েছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯ ▸ মি. আকাশ একজন জাহাজ ব্যবসায়ী। বিদেশ থেকে জাহাজে পণ্য আনা-নেওয়া তার কাজ। হঠাৎ বৈদ্যুতিক শর্টসার্কিটের মাধ্যমে আগুন লেগে তার একটি জাহাজের তিন-চতুর্থাংশ ক্ষতিগ্রস্ত হয়। তিনি বিমা কোম্পানির নিকট সম্পূর্ণ জাহাজের ক্ষতিপূরণ চেয়ে বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি প্রথমে দাবি পূরণে অপারগতা প্রকাশ করলেও পরবর্তীতে শর্তসাপেক্ষে তা পূরণ করতে চায়।

ক. বিমাচুক্তি কী? ১

খ. বিমা কীভাবে বৈদেশিক বাণিজ্যের প্রসার ঘটায়? ২

গ. মি. আকাশের দাবি পূরণে বিমা কোম্পানির অপারগতা প্রকাশের কারণ কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কী শর্তে মি. আকাশের দাবি পূরণ করবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১০ ▸ মি. টিপু তার পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। যার উত্তরাধিকারী করা হয় তার স্ত্রীকে। ৪টি নিয়মিত প্রিমিয়াম প্রদানের পর তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুর পরে স্ত্রী ও ছেলে পৃথকভাবে বিমা কোম্পানির নিকট বিমাদাবি করেন। কিন্তু বিমা কোম্পানি স্ত্রীকে বিমাদাবি পরিশোধ করলেও ছেলের দাবি প্রত্যাখ্যান করে।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. জীবন বিমায় মৃত্যুহারপঞ্জি ব্যবহার করা হয় কেন? ২

গ. উদ্দীপকে মি. টিপু কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. টিপুর ছেলের বিমাদাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব সাকলাইন ১০ বছরের জন্য ১০ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি সম্পাদন করেন। ৩ বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থ্যের কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং বিমাদাবি আদায়ের জন্য আবেদন করেন।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১

খ. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথ ব্যবস্থা বলা হয় কেন? ২

গ. জনাব সাকলাইন কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাকলাইন কি বিমাকারী কোম্পানি থেকে বিমাদাবি পাওয়ার অধিকারী হবেন? যুক্তি দাও। ৪

## ১৩ কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। জনাব হাসেম ও জনাব মেহেদী ঘনিষ্ঠ বন্ধু এবং তারা দুজনই ব্যবসায়ী। হঠাৎ তাদের ব্যবসায়ের জন্য অর্থের প্রয়োজন দেখা দেয়। অর্থ সংগ্রহের উদ্দেশ্যে দুজন একমত হয়ে জনাব হাসেম তিনমাস মেয়াদি একটি বিল প্রস্তুত করে স্বীকৃতির উদ্দেশ্যে জনাব মেহদীর নিকট পাঠায়। যথানিয়মে বিলটি ব্যাংক থেকে বাট্টা করে নিজেরা অর্থ ভাগ করে নেয়। মেয়াদপূর্তিতে উপস্থাপিত বিলটি পরিশোধিত হয়।

ক. বিনিময় বিল কী? ১
খ. অঙ্গীকারপত্র বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিলটি কোন ধরনের বিল– ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসায়-বাণিজ্যের সাময়িক প্রয়োজন মিটাতে এ ধরনের বিলের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২। মি. রিপন একজন বড় ব্যবসায়ী। তার কর্মচারীকে দিয়ে ৫ লক্ষ টাকার একটি MICR চেক তার পাওনাদার মি. আকিজের নিকট পাঠান। নিরাপত্তার কথা চিন্তা করে তিনি চেকটির বাম পার্শ্বে আড়াআড়িভাবে দুটি দাগ কেটে দেন এবং দুটি দাগের মধ্যে 'প্রাপকের হিসাব' লিখেন।

ক. চেক কী? ১
খ. লেনদেনের ক্ষেত্রে চেক একটি প্রামাণ্য দলিল– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেকটি কোন ধরনের দাগকাটা চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের MICR চেকটি লেনদেন নিষ্পত্তিতে সর্বোত্তম– এ চেকটির তাৎপর্যসহ তোমার মতামত ব্যক্ত কর। ৪

৩। জনাব ফুয়াদ একজন ব্যবসায়ী। তার ব্যাংক তাকে একটি চুম্বকীয় কার্ড প্রদান করে যা দিয়ে তিনি জমাকৃত অর্থের বেশি উত্তোলন করতে পারেন না কিন্তু ব্যবসায়ের প্রয়োজনে কেনাকাটা ও বিল পরিশোধ করতে জমাকৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হয়। উক্ত কার্ড দিয়ে তা সম্ভব না হওয়ায় তিনি অন্য একটি ব্যাংকে হিসাব খোলেন এবং ব্যাংক তাকে অন্য এক ধরনের চুম্বকীয় কার্ড প্রদান করেন যা দিয়ে তিনি জমাকৃত অর্থের বেশি টাকা উত্তোলন এবং কেনাকাটা করতে পারেন।

ক. ATM এর পূর্ণরূপ কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর সেবা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে ফুয়াদের প্রথম চুম্বকীয় কার্ডটির নাম কী– ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত মি. ফুয়াদকে প্রদত্ত অন্য ব্যাংকের কার্ডটি কি ১ম চুম্বকীয় কার্ড অপেক্ষা উত্তম?"– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। ঈদে ব্যাংকের গ্রাহকদের নতুন নোটের প্রতি আগ্রহের কথা বিবেচনা করে 'A' ব্যাংক ১০০, ৫০ ও ১০ টাকার নতুন নোট বাজারে ছাড়ে। বিভিন্ন ব্যাংক নতুন নোট সংগ্রহ করে গ্রাহকদের চাহিদা পূরণ করে, এর মধ্যে 'B' নামীয় একটি ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশ মানাসহ আমানত গ্রহণ, ঋণ প্রদান ও বিভিন্ন সুবিধা গ্রাহকদেরকে প্রদান করে আসছে। গ্রাহকদের ঋণের চাহিদা বৃদ্ধি পাওয়ায় ব্যাংকটি তারল্য সংকটে পড়ে যায়। এ সংকট নিরসনে 'B' ব্যাংকটি 'A' ব্যাংকের দ্বারস্থ হয়।

ক. নিকাশ ঘর কী? ১
খ. ঋণের বরাদ্দকরণ নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'A' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'B' ব্যাংকের তারল্য সংকট নিরসনে 'A' ব্যাংকের করণীয় সম্পর্কে তোমার মতামত প্রদান কর। ৪

৫। সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো বিভিন্ন খাতে অতিরিক্ত ঋণ প্রদান করায় দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে যার ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রাবাজার নিয়ন্ত্রণ করে। বাংলাদেশ ব্যাংক বাজারে বিভিন্ন ধরনের সরকারি বন্ড আকর্ষণীয় শর্তে বিক্রয় করে। তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় তালিকাভুক্ত ব্যাংকের CRR এর পরিমাণ ৫.৫% থেকে বাড়িয়ে ৬.৫% করায় তা নিয়ন্ত্রণে আসে।

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক কাকে বলে? ২
গ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংক প্রথম কোন নীতি গ্রহণ করে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের গৃহীত নীতি গ্রহণের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৬। ২০২০ সালের মার্চ মাসে মেঘনা ব্যাংক হবিগঞ্জ শাখায় বিভিন্ন ধরনের চেকের বিপক্ষে যে পেমেন্ট দিয়েছে তার সংখ্যা ও টাকার পরিমাণ নিচে দেওয়া হলো :

| চেকের ধরন | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|
| বাহক চেক | ২,০০০ | ২০ |
| দাগকাটা চেক | ৪০০ | ১৮ |
| হুকুম চেক | ১০০ | ২ |

ক. চেকের আদেষ্টা কে? ১
খ. বিনিময় বিল বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কোন চেকের বিপক্ষে সর্বোচ্চ পরিমাণ অর্থ প্রদত্ত হয়েছে– ব্যাখ্যা কর। ৩
ঘ. চেকের সংখ্যার বিচারে কোন চেকের প্রতি গ্রাহকদের আস্থার প্রমাণ পাওয়া যায়– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৭। COVID-19 এর কারণে দেশের ব্যবসায়-বাণিজ্যে স্থবিরতা দেখা দেওয়ায় এ খাতে বিনিয়োগ কমে যায়। বিনিয়োগ কমে যাওয়ায় ব্যাংকগুলোতে অলস অর্থের পরিমাণ বাড়তে থাকে। বর্তমানে লকডাউনের সময় বিভিন্ন পেশার মানুষ কৃষকদের পাশাপাশি কৃষি ও মৎস্য চাষে মনোনিবেশ করছে। এ অবস্থায় বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে স্বল্প সুদে কৃষি ও মৎস্য খাতে ৫০% ঋণ দেওয়ার জন্য নির্দেশনা জারি করে।

ক. ব্যাংক ব্যবস্থায় তারল্য কী? ১
খ. আধুনিক ব্যাংক ব্যবস্থার পূর্বসূরি কারা? ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের গৃহীত পদক্ষেপটি ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সম্পৃক্ত– ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশ ব্যাংকের কৃষি ও মৎস্য খাতে ঋণ প্রদানের নির্দেশনাটির যৌক্তিকতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮। মি. শওকত এবং তার স্ত্রী একত্রে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। বিমার শর্তানুযায়ী ১০ বৎসর পর্যন্ত প্রিমিয়াম প্রদান করার কথা থাকলেও ৪ বৎসর বিমার প্রিমিয়াম প্রদানের পর অর্থসংকটের কারণে বিমা পলিসিটি আর চালাতে পারছেন না। এ ব্যাপারে বিমা কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি বলেন, "আপনি যদি বিমা পলিসিটি চালু রাখতে না পারেন তবে কিছু টাকা নিয়ে এটি বন্ধ করে দেন।"

ক. ঝুঁকি কী? ১
খ. প্রিমিয়াম বলতে কী বোঝায়? ২
গ. মি. শওকত কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কর্মকর্তা মি. শওকতকে বিমা পলিসিটি বন্ধ করে দেওয়ার যে পরামর্শ দেন তা কতটা যৌক্তিক?– ব্যাখ্যা কর। ৪

৯। জনাব রফিক তার একমাত্র সন্তানের কথা চিন্তা করে ২০১৮ সালে ৫০ লক্ষ টাকার একটি বিমাপত্র গ্রহণ করেন। তিনি বিমাচুক্তির শর্তানুযায়ী প্রিমিয়াম হিসাবে এককালীন ২০ লক্ষ টাকা প্রদান করেন এবং কেবলমাত্র বিমাগ্রহীতার মৃত্যুতেই বিমাগ্রহীতার সন্তান উক্ত বিমাকৃত অর্থ পাবে। ২০২০ সালে জনাব রফিকের মৃত্যু হয়। তার সন্তান বিমাকৃত অর্থ দাবি করলে বিমা কর্মকর্তা তাকে একটি সনদপত্র দাখিল করার পরামর্শ দেন, কারণ মি. রফিক তার সন্তানকে নমিনি করেন নাই।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বিমা কর্মকর্তা মি. রফিকের সন্তানকে কোন সনদপত্র দাখিলের পরামর্শ দেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমাকৃত অর্থ প্রাপ্তির জন্য বিমা কর্মকর্তা মি. রফিকের সন্তানকে যে পরামর্শ দেন তার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

১০। জনাব সাজ্জাদ একজন চাকরিজীবী। তার আয় খুব সীমিত। তিনি একটি জীবন বিমা পলিসি গ্রহণ করতে ইচ্ছুক যার প্রিমিয়ামের পরিমাণ হবে কম। এ অবস্থায় একজন বিমাকর্মীর পরামর্শ অনুযায়ী স্বল্প প্রিমিয়ামে ১০ বছর মেয়াদি একটি বিমাপত্র গ্রহণ করেন। এ বিমায় ১০ বছর পূর্ণ হলেই বিমাকৃত অর্থ পাবেন। ১০ বছরের মধ্যে বিমাগ্রহীতা মারা গেলে তার উত্তরাধিকারী কোনো অর্থ পাবে না।

ক. বোনাস কী? ১
খ. নিশ্চয়তার চুক্তি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জনাব সাজ্জাদের বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র– ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সাজ্জাদের মতো নিম্ন আয়ের মানুষের জন্য বিমাকর্মীর পরামর্শ কতটা যৌক্তিক?– ব্যাখ্যা কর। ৪

১১। জনাব মোস্তাকিম মৎস্য চাষের ওপর প্রশিক্ষণ নিয়ে বায়োফ্লক পদ্ধতিতে একটি মৎস্য চাষ প্রকল্প গ্রহণ করে। এটিতে সফলতা পেয়ে আরও একটি প্রকল্প গ্রহণ করে। দুটি প্রকল্প দেখাশুনার জন্য একটি গাড়ি ক্রয় করে। জনাব মোস্তাকিমের ভাই জনাব মাঝহার এই গাড়িটি বিমা করার জন্য বিমা কোম্পানির সাথে যোগাযোগ করলে এটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন মোস্তাকিম নিজেই গাড়িটি বিমা করে। হঠাৎ গাড়িটি দুর্ঘটনায় সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়। মোস্তাকিম ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানি সম্পূর্ণ দাবি প্রদান করে। অপরদিকে গাড়িটির ধ্বংসাবশেষ ৩০ হাজার টাকা বিক্রি করার পর জনাব মোস্তাকিম এটি দাবি করেন কিন্তু বিমা কোম্পানি এ দাবিটি প্রত্যাখ্যান করে।

ক. যৌথ বিমা কী? ১
খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝ? ২
গ. কোন নীতির কারণে জনাব মাঝহারের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক মোস্তাকিমের শেষ দাবিটি প্রত্যাখ্যান করার যৌক্তিকতা বিমার মূল নীতির আলোকে ব্যাখ্যা কর। ৪

## ১৪ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ সৌমিত্র ও ইকবাল দুজনে প্রতিষ্ঠিত বড় ব্যবসায়ী। মি. সৌমিত্র বাকিতে ১০ লক্ষ টাকার মালামাল মি. ইকবালকে দেন। তিন মাসের মধ্যে মি. ইকবালের বাকির টাকা দেওয়ার কথা। কিন্তু মি. ইকবাল বাকিতে মি. সৌমিত্রের কাছ থেকে মালামাল নেওয়ার পর তার ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে দেন। উপায়ন্ত না পেয়ে মি. সৌমিত্র আদালতের শরণাপন্ন হন। আদালত মি. ইকবালের ব্যাংক হিসাবের বিপরীতে স্থগিতাদেশ জারি করেন।

ক. ব্যাংকিং কী? ১

খ. ব্যাংক ও ব্যাংকারের মধ্যে অর্থগত পার্থক্য নির্ণয় কর। ২

গ. উদ্দীপকে আদালত মি. ইকবালের ব্যাংক হিসাবের বিপরীতে যে ধরনের আদেশ জারি করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. আদালতের মাধ্যমে মি. সৌমিত্র কি তার পাওনা টাকা ফেরত পাওয়ার আশা করতে পারেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ 'আশার আলো' ব্যাংকটি বাংলাদেশের একটি প্রতিষ্ঠিত ব্যাংক। ব্যাংকটি দেশের অন্যান্য ব্যাংককে সহযোগিতার পাশাপাশি সরকারের বিভিন্ন কার্য সম্পাদন করে থাকে। সরকারের বিভিন্ন হিসাব পরিচালনা ও আর্থিক লেনদেনে সহায়তা প্রদান করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. "কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোচিত 'আশার আলো' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংকটির সাথে দেশের অন্যান্য ব্যাংকের তুলনামূলক পার্থক্য নির্ণয় কর। ৪

৩▸ 'আত্রাই ব্যাংক' দেশের সকল তফশিলি ব্যাংককে তাদের বিশেষ মুহূর্তে ঋণদান করে থাকে। ব্যাংকটির নির্দেশনা মোতাবেক দেশের সকল ব্যাংক পরিচালিত হয়। মুদ্রাস্ফীতির নিয়ন্ত্রণ তথা দেশের অভ্যন্তরীণ ঋণের হ্রাস-বৃদ্ধি 'আত্রাই ব্যাংকটির' আদেশ-নির্দেশ মোতাবেক পরিচালিত হয়।

ক. একক ব্যাংক কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ২

গ. উদ্দীপকের ব্যাংকের কয়েকটি কার্যাবলি উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংকটি কি দেশের মুদ্রাস্ফীতি ও ঋণ নিয়ন্ত্রণের ক্ষমতা রাখে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪▸




চিত্র নং-১




চিত্র নং-২

ক. আদেষ্টা কে? ১

খ. "চেক হলো ব্যাংকের প্রতি অর্থ প্রদানের নির্দেশনামা"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ১নং চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উভয় প্রকার চেকের বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৫▸ মি. হারুন একজন বিশিষ্ট ব্যবসায়ী। মি. হারুন মি. আলীর পাওনা টাকা বাবদ ৫ লক্ষ টাকার একটি চেক ইস্যু করেন। চেকটি তার কর্মচারী মারফত মি. আলীর নিকট পাঠান। মি. হারুনের উক্ত কর্মচারী ব্যাংক থেকে টাকা উত্তোলন করে পালিয়ে যায়।

ক. বাসি চেক কী? ১

খ. চেকের অমর্যাদা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের মি. হারুনের ইস্যুকৃত চেকটি কোন ধরনের চেক ছিল তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মি. হারুন কি এই প্রতারণার হাত থেকে রেহাই পেতে পারত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬▸ মিষ্টি ও বৃষ্টি দুই বান্ধবী। দুজনে বেশ মোটা বেতনের চাকরিজীবী। বর্তমান করোনাকালীন সময়ে ব্যাংকে গিয়ে টাকা তোলা বেশ ঝামেলা ও ঝুঁকিপূর্ণ। মিষ্টি তার ব্যাংক হিসাবের বিপরীতে এক ধরনের বিশেষ কার্ড ব্যবহার করেন যা দ্বারা তিনি কেনাকাটাসহ সকল ধরনের আর্থিক লেনদেন সম্পন্ন করেন। পক্ষান্তরে, বৃষ্টিও কার্ড ব্যবহার করে কেনাকাটার কাজ সম্পন্ন করেন, তবে তার ব্যাংক হিসাবের সঙ্গে কার্ডটির ব্যবহারের কোনো সম্পর্ক নেই।

ক. ইলেক্ট্রনিক ব্যাংকিং কী? ১

খ. "আধুনিক ব্যাংকিং বলতে ইলেক্ট্রনিক ব্যাংকিংকে বোঝায়"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মিষ্টির ব্যবহৃত কার্ডটির নাম কী? এ ধরনের কার্ডের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বৃষ্টির ব্যবহৃত কার্ডটির সাথে মিষ্টির ব্যবহৃত কার্ডটির মৌলিক পার্থক্য কোথায় তা বিশ্লেষণ কর। ৪

৭▸ মি. রহমান একজন পুরোনো দিনের মানুষ। তার মেয়ে বর্ষা ঢাকায় বেশ ভালো বেতনে একজন চাকরিজীবী। মি. রহমানের হঠাৎ নগদ টাকার প্রয়োজন পড়ায় মেয়ে বর্ষাকে সে কথা জানান। মেয়ে বর্ষা তার বাবাকে ব্যাংকে যেতে বলেন। ব্যাংক ব্যবস্থাপক, মি. রহমানের পূর্বপরিচিত। তিনি ব্যাংকে উপস্থিত হওয়ার সাথে সাথে ব্যাংক ব্যবস্থাপক তাকে জানান যে, তার প্রয়োজনীয় অর্থ ব্যাংক থেকে তুলতে পারবেন। মি. রহমান বেশ অবাক হন।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১

খ. ডেবিট কার্ডের চাইতে ক্রেডিট কার্ড কি সুবিধাজনক? ২

গ. বর্ষা যে পদ্ধতিতে তার বাবাকে টাকা পাঠালেন, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বর্ষার পাঠানো টাকা মি. রহমান কীভাবে ব্যাংক থেকে উত্তোলন করবেন তা ব্যাখ্যা কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ মি. সাহার একটি ব্যক্তিগত গাড়ি আছে। তিনি তার গাড়ির জন্য ২০ লক্ষ টাকার বিমা করেন। তিনি বিমার প্রিমিয়ামের টাকা নিয়মিত পরিশোধ করেন। হঠাৎ এক দুর্ঘটনায় তার গাড়িটি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয় এবং তিনিও মারাত্মকভাবে আহত হন। দুর্ঘটনার পর মি. সাহা বিমা কোম্পানির নিকট থেকে গাড়ির ক্ষতিপূরণ বাবদ ২০ লক্ষ টাকা পান, কিন্তু তার আহত হওয়াজনিত চিকিৎসা ব্যয় এবং ক্ষতিগ্রস্ত ভাঙা গাড়িটির বিক্রয়লব্ধ ৫০ হাজার টাকা বিমা কোম্পানি দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমা কী? ১

খ. "বিমাচুক্তি হলো ক্ষতিপূরণের চুক্তি"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বিমা কোম্পানি মি. সাহাকে তার গাড়ির ক্ষতিপূরণ প্রদান করে তার যৌক্তিক কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কেন মি. সাহার চিকিৎসা ব্যয় এবং ক্ষতিগ্রস্ত ভাঙা গাড়িটির বিক্রয়লব্ধ ৫০ হাজার টাকা দিতে অস্বীকৃতি জানালো তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯▸ মিসেস তালুকদার তার পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। তিনি তার একমাত্র মেয়েকে উক্ত পলিসির নমিনী করেন। মিসেস তালুকদার একজন হৃদরোগী যা তিনি বিমা পলিসি গ্রহণকালে বিমা কোম্পানিকে অবগত করেননি। পাঁচ বছরে পাঁচটি বিমার প্রিমিয়াম দেওয়ার চুক্তি হয় কিন্তু দুইটি প্রিমিয়াম দেওয়ার পর তিনি মারা যান। মিসেস তালুকদারের মৃত্যুর পর তার মেয়ে বিমার অর্থ দাবি করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. প্রিমিয়াম কী? ১

খ. "বিশ্বাসই হলো বিমাচুক্তির মূল উপাদান"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মিসেস তালুকদারের জীবন বিমা পলিসিটা কোন ধরনের পলিসি, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মিসেস তালুকদারের মেয়ের বিমাদাবি প্রত্যাখ্যাত হওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০▸ হাসান ও হোসেন দুই বন্ধু। মি. হাসান নিজের ও পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। পলিসির শর্তানুযায়ী, তিনি একটি নির্দিষ্ট সময় পর্যন্ত প্রিমিয়াম পরিশোধ করবেন। পক্ষান্তরে, মি. হোসেন নিঃসন্তান। তার পিছুটান নেই। তিনিও একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেছেন। তার পলিসির শর্ত হলো— একটা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বিমা কোম্পানির নিকট টাকা জমা হবে এবং চাকরি থেকে অবসরকালীন সময়ে মৃত্যুর পূর্ব পর্যন্ত একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ তিনি প্রাপ্ত হবেন প্রতিবছর।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. পুনর্বিমা করার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মি. হাসান কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. হোসেনের গৃহীত পলিসিটি জীবন বিমায় কী নামে পরিচিত? বিষয়টির বিশদ বিবরণ দাও। ৪

১১▸ আমাদের দেশের পোশাক শ্রমিকেরা প্রায়শই নানা দুর্ঘটনার শিকার হন। কখনো বিল্ডিং ধসে পড়ে আবার কখনো অগ্নিকাণ্ডের ফলে তাদের জীবন দিতে হয়। এ থেকে উত্তরণের জন্য 'BB গার্মেন্টসের' মালিক মি. সিদ্দিক তার ৫০০ জন শ্রমিককে জীবন বিমা সুবিধার আওতায় নিতে চান। এ লক্ষ্যে মি. সিদ্দিক 'কাঞ্চন বিমা কোম্পানির' সঙ্গে চুক্তিবদ্ধ হন। বিমা কোম্পানি মি. সিদ্দিককে তার শ্রমিকদের জন্য একটিমাত্র বিমাপত্রের মাধ্যমে বিমা সুবিধা দেওয়ার প্রস্তাব দেন এবং সেই সাথে এক বছর পরে ১০% বোনাস দেওয়ার ঘোষণা দেন।

ক. বোনাস কী? ১

খ. "জীবন বিমা নিশ্চয়তার চুক্তি, ক্ষতিপূরণের চুক্তি নয়"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'কাঞ্চন বিমা কোম্পানি' কোন ধরনের বোনাস দেওয়ার কথা ঘোষণা করেছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'কাঞ্চন বিমা কোম্পানি' কর্তৃক একটিমাত্র বিমাপত্রের মাধ্যমে ৫০০ জন শ্রমিকের বিমা সুবিধা দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ১৫ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

#### ক-বিভাগ : ব্যাংকিং

১। জনাব তৈয়ব নওয়াপাড়া ব্যাংক নামক একটি ব্যাংকে গেলেন। তিনি একজন কর্মকর্তাকে চট্টগ্রামে তার ছেলের নিকট ৫০,০০০/- টাকা পাঠাতে চাইলেন। ব্যাংক কর্মকর্তা তাকে জানালেন আমাদের নওয়াপাড়ার বাইরে অন্য স্থানে কোনো অফিস নেই। এমনকি অন্য কোনো স্থানে টাকাও পাঠাই না এবং ব্যাংকিং সেবাও প্রদান করি না। তিনি সেখান থেকে বের হয়ে রাস্তার অপর পার্শ্বের একটি ব্যাংক থেকে অর্থ প্রেরণ করলেন। অত্র ব্যাংকের কর্মকর্তা জানালেন আমাদের ব্যাংকের দেশের সর্বত্র অফিস আছে এবং সবখানে সেবা প্রদান করি।

ক. ব্যাংকিং কী? ১
খ. চেইন ব্যাংক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংকিং ব্যবসায়ের ক্ষেত্রে উদ্দীপকের উল্লিখিত কোন ব্যাংকটি শ্রেষ্ঠ বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

২। জনাব সোহান 'Y' ব্যাংকের একজন কর্মকর্তা। তিনি তার প্রতিষ্ঠান পরিচালনার জন্য 'X' ব্যাংক এর নীতিমালা অনুসরণ করেন। কেননা 'Y' ব্যাংকসহ অন্যান্য ব্যাংকসমূহের সঠিক পরিচালনা, উন্নয়ন ও নিয়ন্ত্রণে 'X' ব্যাংক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে। দেশের মুদ্রাবাজার ও অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা অপরিসীম।

ক. ব্যাংক হার কী? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব সোহানের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ব্যাংক ব্যবসায়ের ক্ষেত্রে 'X' ব্যাংকের ভূমিকা অপরিসীম"। উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৩। তোহা ব্যাংক লি. তার কার্যক্রম সুনামের সহিত পরিচালনা করে আসছিল। 'কোভিড-১৯' কারণে ব্যাংকটি অর্থ সংকটে পড়েছে। উক্ত ব্যাংকটি ঋণ প্রদানকারী একটি বৃহৎ ব্যাংকের নিকট ঋণের আবেদন করে। ঋণপ্রদানকারী প্রতিষ্ঠানটি বিভিন্ন ব্যাংকের আর্থিক সমস্যা দূরীকরণের লক্ষ্যে প্রথমত ব্যাংকের সুদ হ্রাস করে। এমনকি উক্ত প্রতিষ্ঠানটি বিভিন্ন ব্যাংকের জমার হারও কমিয়ে দেয়। উক্ত প্রতিষ্ঠানটি দেশের সকল অংশের মধ্যে সুসম উন্নয়ন নিশ্চিত করার জন্য বিভিন্ন অঞ্চলে প্রকল্প গ্রহণ করে থাকে।

ক. নোট ইস্যুকরণ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে ঋণপ্রদানকারী প্রতিষ্ঠানটি বিভিন্ন ব্যাংকের আর্থিক সমস্যা দূরীকরণের জন্য প্রথমে কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর ঋণপ্রদানকারী প্রতিষ্ঠানটির দ্বিতীয় পদক্ষেপের ফলে বিভিন্ন ব্যাংকের আর্থিক সমস্যা দূর হবে? মতামত দাও। ৪

৪। বৈশ্বিক করোনা সমস্যার কারণে সরকার জনগণের চলাচলের ওপর বিধি-নিষেধ জারি করেছে। সামনে ঈদ তাই মি. 'Y' ঈদের বাজার করার পর দোকানদারকে ২৫-০১-২০২১ তারিখের চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করলেন। দোকানদার ২১-০৮-২০২১ তারিখে তার কর্মচারীর মাধ্যমে চেকের টাকা উত্তোলন করার জন্য ব্যাংকে পাঠায়। কিন্তু ব্যাংক উক্ত চেকের টাকা পরিশোধ করতে অস্বীকৃতি জানায়।

ক. চেক কী? ১
খ. দাগকাটা চেক নিরাপদ কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'Y' কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চেকের অর্থ পরিশোধ করতে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫। জনাব রায়হান একজন মুদি ব্যবসায়ী। তিনি তার ব্যবসায় পরিচালনার জন্য ইসলামী ব্যাংকের মাধ্যমে লেনদেন করেন। তিনি প্রায়ই নগদে পণ্য বিক্রি করেন। একদিন তিনি মাল বিক্রির জন্য ক্রেতার নিকট থেকে একটি ইসলামী ব্যাংকের চেক ও সোনালী ব্যাংকের চেক পেলেন। ইসলামী ব্যাংকের চেকটি ব্যাংকে উপস্থাপনের সাথে সাথে টাকা উত্তোলন করতে পারলেন। অপর চেকের টাকা পেতে তার পাঁচ দিন সময় লেগে গেল।

ক. চেকের আদিষ্ট কে? ১
খ. চেকের অমর্যাদা বলতে কী বোঝায়? ২
গ. জনাব রায়হান ব্যাংকে উপস্থাপন মাত্রই টাকা উত্তোলন করতে পেরেছিলেন যে চেকের মাধ্যমে সে চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. দুটি চেকের মধ্যে চেকদাতা এবং চেকগ্রহীতা উভয়ের জন্য অধিক নিরাপদ কোনটি? বিশ্লেষণ কর। ৪

৬। জনাব রায়হান তার ছোট ভাই মাহমুদকে নিয়ে একটি ছোট আকৃতির ঘরে প্রবেশ করলেন। জনাব রায়হান একটি ছোট প্লাস্টিক কার্ড ঘরটিতে রক্ষিত একটি মেশিনের ভেতর প্রবেশ করালেন। তিনি একটি গোপন নাম্বার দেওয়ার সাথে সাথেই মেশিন থেকে টাকা বেরিয়ে আসল। মাহমুদ এ দেখে খুব আশ্চর্যবোধ করল।

ক. ভিসা কার্ড কী? ১
খ. ইলেকট্রনিক ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ছোট ঘরটি কোন ধরনের ঘর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটির মেশিনে গোপন নাম্বার দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। মি. রবি 'Y' ব্যাংকের একটি কার্ডের অধিকারী। তিনি সেই কার্ড দিয়ে দিন রাত অর্থ উত্তোলন করতে পারেন। ব্যাংকের কর্মচারী জনাব ইকবাল তাকে আরেকটি কার্ড গ্রহণের প্রস্তাব দেন যা দিয়ে তিনি নির্ধারিত কিছু মার্কেটের শফিংমলে কেনাকাটা করা ও পণ্যের মূল্য পরিশোধ করতে পারবেন। উক্ত প্রস্তাবে মি. রবি রাজি হলেন।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব ইকবাল ব্যাংকের কী ধরনের কার্ডের অধিকারী? ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার মতে দুটি কার্ডের মধ্যে কোনটা উত্তম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

#### খ-বিভাগ : বিমা

৮। বাংলাদেশ একটি জনবহুল দেশ। জনসংখ্যার দিক বিচার করে মি. আমজাদ একটি পোশাক কারখানা প্রতিষ্ঠা করার চিন্তা করলেন। মোটামুটি বেতন ভাতা দিতে পারেন। তিনি কারখানার স্থায়িত্বের কথা চিন্তা করে উক্ত কারখানার জন্য একটি বিমাপত্র খোলেন। এছাড়াও কারখানার শ্রমিকদের জন্যও তিনি একটি বিমাপত্র খোলেন। এতে শ্রমিকগণ উৎসাহের সাথে কারখানার কাজ করছেন।

ক. বিমা কী? ১
খ. বিমাচুক্তি বলতে কী বোঝায়? ২
গ. মি. আমজাদ কোন ধরনের বিমা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আমজাদের কারখানায় শ্রমিকদের বিমাপত্র খোলার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯। মি. শফি একজন সফল জুট ব্যবসায়ী। সে তার জুটের গুদামের বিমা করেছিল। জুটের পরিমাণ সঠিকভাবে উল্লেখ না করায় বিমা কোম্পানি তার বিমাচুক্তিটি বাতিল করেন। তাই মি. শফি বেশ চিন্তিত।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. যুগ্ম বিমা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মি. শফি বিমাচুক্তির কোন পক্ষ? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানির চুক্তি বাতিলের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১০। মমতাজ বেগম একজন গৃহিণী। সে লোকমুখে বিমার কথা শুনে একটি নির্দিষ্ট মেয়াদের ভিত্তিতে সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির একটি পলিসি গ্রহণ করেন। কিন্তু দুর্ভাগ্যবশত কয়েকটি কিস্তি প্রদানের পর একটি সড়ক দুর্ঘটনায় মমতাজ বেগম মারা যান। অতঃপর মেয়াদ শেষে বিমা কোম্পানি মমতাজ বেগমের মনোনীত ব্যক্তিকে জমাকৃত সমুদয় অর্থ প্রদান করে।

ক. জীবন বিমা কী? ১
খ. প্রিমিয়াম বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বিমাকারী কোন ধরনের জীবন বিমা পলিসি গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মমতাজ বেগম মনোনীত ব্যক্তিকে বিমা পলিসির দাবি পরিশোধের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। মি. কবির একজন ব্যবসায়ী। তিনি বিভিন্ন ধরনের ব্যবসায়ের সাথে জড়িত। তার অবর্তমানে ছোট ছোট ছেলেমেয়ের ভবিষ্যৎ চিন্তা করে তিনি আমৃত্যু মেয়াদের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেছেন। বিমাপত্র গ্রহণের ২০ বছর পর বিমাকৃত ব্যক্তি আর্থিক সুবিধা পাওয়ার আশায় বিমা কর্তৃপক্ষের নিকট বিমা পলিসির দাবি পেশ করেন।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. বিমায় বোনাস দেওয়া হয় কেন? ২
গ. মি. কবির কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. কবির কি বিমাদাবি পাওয়ার অধিকারী? বিশ্লেষণ কর। ৪

## ১৬ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১। মি. অর্নব 'রূপসা' নামক একটি ব্যাংকে হিসাব খুলে ব্যবসায়িক কার্যাদি সম্পন্ন করেন। ব্যাংকটি শুধু একটি অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। সম্প্রতি মি. অর্নবের ব্যবসার পরিসর বেড়ে যাওয়ায় ব্যবসায়িক প্রয়োজনে তাকে দেশের বিভিন্ন স্থানের ব্যবসায়ীদের সাথে লেনদেন সম্পাদন করতে হচ্ছে। এমতাবস্থায় 'রূপসা' নামক ব্যাংকের মাধ্যমে ব্যবসায়িক কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। তাই তিনি 'আশা' নামক একটি ব্যাংকে হিসাব খুললেন যাতে দেশে-বিদেশে তার সকল ব্যবসায়িক কর্মকাণ্ডে ব্যাংকিং সুবিধা পাওয়া যায়।

ক. ব্যাংকিং কী? ১
খ. KYC কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'রূপসা' নামক ব্যাংকটি কাঠামোগতভাবে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. অর্নবের 'আশা' নামক ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। বাংলাদেশের রাজধানী ঢাকায় 'X' নামক একটি ব্যাংক আছে যাকে ব্যাংকের মুরুব্বি বলা হয়। ব্যাংকটি তার প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশের বিভিন্ন স্থানে আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে তার কার্যক্রম পরিচালনা করে। প্রতিটি কার্যালয়ে একটি নির্দিষ্ট কক্ষ থাকে যেখানে প্রতিদিন বিভিন্ন ব্যাংকের চেক, ব্যাংক ড্রাফট ইত্যাদি এসে জমা হয় আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তির জন্য।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের ব্যাংক তা আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকের যে কার্যাবলির কথা উল্লেখ করা হয়েছে তা কি অন্যান্য ব্যাংক পালন করতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। মি. নয়ন একজন ল্যাপটপ ব্যবসায়ী। তিনি সৌরভের কাছ থেকে পাঁচ লক্ষ টাকার একটি চেক পান। চেকটিতে মি. নয়ন 'অথবা বাহককে' কথাটি লেখা ছিল। অপরদিকে মি. নয়ন রাজুর কাছ থেকে আরেকটি চেক পান। প্রাপ্ত চেকের বামকোণে আড়াআড়ি দুটি রেখা টেনে মাঝখানে 'পদ্মা ব্যাংক লি.' কথাটি লেখা ছিল।

ক. চেকের আদেষ্টা কে? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সৌরভের কাছ থেকে প্রাপ্ত চেক কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুটি চেকের মধ্যে লেনদেনের ক্ষেত্রে কোনটি অধিক নিরাপদ? যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

৪। রফিক মোল্লা একজন কৃষক। সংসারে অভাব লেগেই থাকে। ব্যাংক ব্যবস্থার সাথে তার কোনো সম্পর্ক নেই। একজন কৃষি কর্মকর্তার সাথে আলোচনার মাধ্যমে গ্রামীণ অর্থনীতির বিভিন্ন দিক সম্পর্কে তিনি জানতে পারেন। এখন তিনি এমন একটি তালিকাভুক্ত ব্যাংক খুঁজছেন যা তাকে একাধারে স্বল্প সুদে কৃষি উন্নয়নে ঋণ সহায়তা দিতে পারে এবং ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আমানত হিসেবে উক্ত ব্যাংকে জমা রাখতে পারবেন।

ক. তারল্য কী? ১
খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি রফিক মোল্লাকে কোন ধরনের সহায়তা দিতে পারবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি কি রফিক মোল্লার পরিকল্পনা বাস্তবায়নে কার্যকরী ভূমিকা পালনে সক্ষম? তোমার মতামত দাও। ৪

৫। মি. আমিন তার পাওনাদার মি. তুহিনকে ০৪-০১-২০১৯ তারিখে ৫ লক্ষ টাকার একটি চেক দেন। মি. তুহিনকে চিকিৎসার জন্য দেশের বাইরে যেতে হয়। তাই তিনি মি. আমিনের নিকট হতে প্রাপ্ত চেকের টাকা উত্তোলনের জন্য ০৪-০৮-২০১৯ তারিখে ব্যাংকে তার হিসাবে জমা দিতে গেলে ব্যাংক টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. ব্যাংক ড্রাফট কী? ১
খ. প্রমিসরি নোট বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত টাকা মি. তুহিনকে প্রদানে ব্যাংকের অপারগতার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. তুহিনের পক্ষে তার প্রাপ্য টাকা আদায় করা সম্ভব কিনা? তোমার মতামত দাও। ৪

৬। মি. বাবুল ও মি. কামালের মেঘনা ব্যাংকে হিসাব আছে। ব্যাংক তাদেরকে দুটি প্লাস্টিক কার্ড প্রদান করে। তারা বাজারে কেনাকাটা করতে যায়। তাদের কাছে নগদ অর্থ না থাকলেও প্লাস্টিক কার্ডের মাধ্যমে তারা কেনাকাটা করতে সক্ষম হন। এক্ষেত্রে মি. বাবুলের ব্যাংক হিসাবে টাকা থাকলেও মি. কামালের ব্যাংক হিসাবে টাকা ছিল না।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১
খ. বিক্রয় সেবা বিন্দু বলতে কী বোঝায়? ২
গ. ব্যাংকের কোন প্লাস্টিক কার্ডের কারণে কামাল কেনাকাটা করতে সক্ষম হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্লাস্টিক কার্ড দুটোর মধ্যে কোন কার্ডটির সুযোগ-সুবিধা তুলনামূলক বেশি? বিশ্লেষণ কর। ৪

৭। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক অর্থবাজারের ঋণ প্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। তাই ব্যাংকটি আর্থিক বাজার থেকে পূর্বের তুলনায় অধিক পরিমাণে বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন দলিলপত্র ক্রয় করার সিদ্ধান্ত নেয়। এতে ঋণ প্রবাহ নিয়ন্ত্রণে সফলতা লাভ করে।

ক. ব্যাংক হার কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণের পদ্ধতি কয়টি ও কী কী? ২
গ. উদ্দীপকের কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন সংখ্যাত্মক পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**খ-বিভাগ : বিমা**

৮। মি. খালিদ তার বাবার নামে রেজিস্ট্রিকৃত দুই তলা একটি বাড়িতে থাকেন। ভবিষ্যৎ দুর্ঘটনার কথা বিবেচনা করে মি. খালিদ বাড়িটি বিমা কোম্পানির কাছে বিমা করতে গেলে কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। ফলে মি. খালিদের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। পরবর্তীতে মি. খালিদ বিমা কোম্পানিকে না জানিয়ে বাড়ির তৃতীয় তলার কাজ শুরু করেন। এতে বাড়িটি ডান দিকে হেলে পড়ে এবং মি. খালিদের বাবা বিমাদাবি করলে বিমা কোম্পানি বিমাদাবি পূরণে অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন নীতির কারণে মি. খালিদের প্রস্তাবে বিমা কোম্পানি রাজি হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. খালিদের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? কারণ বিশ্লেষণ কর। ৪

৯। মি. সাগর একটি গাড়ির মালিক। গাড়িটির মালিক গাড়িটির মূল্য ৪০ লক্ষ টাকা নির্ধারণ করে বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি ক্ষতিগ্রস্ত হয়। মি. সাগর বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি দাবির যৌক্তিকতা বিবেচনা করে সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করেন। উদ্ধারকৃত গাড়ি বিমা কোম্পানি দাবি করায় মালিক তা হস্তান্তরে অস্বীকৃতি জানালেও পরে তা প্রদানে বাধ্য হন।

ক. বিমা কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বিমা ব্যবসায়ে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকে মি. সাগর কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার পরেও গাড়ির মালিকের উদ্ধারকৃত গাড়ি হস্তান্তরে অস্বীকৃতি যৌক্তিক ছিল কি? মতামত দাও। ৪

১০। জনাব আরিফ ১০ বছরের জন্য ৫ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি সম্পাদন করেন। তিন বছর প্রিমিয়াম প্রদানের পর আর্থিক অসামর্থ্যের কারণে জনাব আরিফ বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং প্রিমিয়াম আদায়ের জন্য আবেদন করে।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. জনাব আরিফ কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আরিফ বিমা কোম্পানির নিকট প্রিমিয়াম ফেরত পাওয়ার অধিকারী হবেন কি? বিশ্লেষণ কর। ৪

১১। ভবিষ্যতের কথা চিন্তা করে মি. সালাম একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন যার উত্তরাধিকারী করা হয় তার একমাত্র ছেলে সেলিমকে। বিমা পলিসি গ্রহণকালে তিনি তার একটি মারাত্মক রোগের কথা গোপন রাখেন। পাঁচটি প্রিমিয়ামের টাকা প্রদানের পর মি. সালাম মৃত্যুবরণ করেন। সেলিম বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝায়? ২
গ. মি. সালাম কোন ধরনের জীবন বিমা করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি সেলিমের বিমাদাবি প্রত্যাখ্যান করে কেন? বুঝিয়ে লেখ। ৪

## ১৭ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ 'ক' ব্যাংক লি. ও 'খ' ব্যাংক লি. বাংলাদেশের অন্যতম দুটি ব্যাংক। 'ক' ব্যাংক লি. এর দেশে-বিদেশে ব্যাংকিং কার্য পরিচালনার সুযোগ রয়েছে। পক্ষান্তরে, 'খ' ব্যাংক লি. দেশের অভ্যন্তরে একটিমাত্র অফিসের মাধ্যমে সমস্ত কার্যাবলি পরিচালনা করে। উভয় ব্যাংকই স্ব স্ব উদ্দেশ্য অর্জনে সফলতা লাভ করেছে।

ক. ব্যাংকিং কী? ১
খ. গারনিশি আদেশ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের 'খ' ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক। কেন্দ্রীয় ব্যাংকের অন্যান্য কাজের মধ্যে ঋণ নিয়ন্ত্রণ একটি গুরুত্বপূর্ণ কাজ। এ ব্যাংক আর্থিক বাজার থেকে বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন ঋণের দলিল ক্রয় করে। ফলে ঋণপ্রবাহ নিয়ন্ত্রণে সফলতা লাভ করে।

ক. ব্যাংক হার নীতি কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে অন্যান্য ব্যাংকের ব্যাংকার বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের আলোকে কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ বরিশালের ব্যবসায়ী জনাব শিপন খুলনার সরবরাহকারী জনাব রাব্বিকে ১০ (দশ) লক্ষ টাকার একটি চেক দেন। জনাব রাব্বি চেকটি তার ব্যাংক হিসাবে ২০২১ সালের ১৬ই জুলাই জমা দিতে যায়, কিন্তু ব্যাংক টাকা দিতে অপারগতা জানায়। কারণ চেকটির ইস্যুর তারিখ ছিল ২০২১ সালের জানুয়ারির ৫ তারিখ।

ক. হুকুম চেক কী? ১
খ. চেকের অনুমোদন প্রয়োজন হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেকটির টাকা দিতে ব্যাংকের অপারগতার কারণ বিশ্লেষণ কর। ৩
ঘ. জনাব রাব্বি তার প্রাপ্য টাকা আদায় করতে সক্ষম হবেন কিনা? মতামত দাও। ৪

৪▸ জনাব রাফি একটি চেকে প্রাপকের ঘরে কোনো নাম না লিখেই জনাব জিসানকে দিলেন। জনাব জিসান চেকটির বাম পাশে দু'টি রেখা পাশাপাশি টেনে ব্যাংকে জমা দেন। প্রাপকের নাম লেখা না থাকায় ব্যাংক কর্মকর্তা ম্যানেজার সাহেবকে অবহিত করেন। ম্যানেজার সাহেব বললেন, চেকের টাকা গ্রাহক জনাব জিসানের হিসাবে জমা করতে কোনো অসুবিধা নেই।

ক. হস্তান্তরযোগ্য ঋণের দলিল কী? ১
খ. কোন চেক অধিক নিরাপদ? ২
গ. জনাব রাফি জনাব জিসানকে যে চেক দিয়েছেন তার ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. চেকের টাকা জনাব জিসানের ব্যাংক হিসাবে জমা করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▸ রাকিব ও মিলন তাদের এক বন্ধুর পরামর্শে একটি ব্যাংকের স্থানীয় একটি শাখায় ব্যাংক হিসাব খোলেন। ব্যাংক ম্যানেজার তাদেরকে দুটি প্লাস্টিক কার্ড দেয়। এ কার্ড দিয়ে কেনাকাটা করা যায়, এ কথা শুনে তারা দুজনেই শপিংমলে যায়। কার্ড দিয়ে দুজনেই কেনাকাটা করতে সক্ষম হন। তবে মিলনের ব্যাংক হিসাবে যথেষ্ট পরিমাণ টাকা থাকলেও রাকিবের হিসাবে ব্যালেন্স ছিল না।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. VISA CARD কোন ধরনের কার্ড? ২
গ. রাকিবের কেনাকাটা করতে পারার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কার্ড দু'টির তুলনামূলক সুবিধা-অসুবিধা বিশ্লেষণ কর। ৪

৬▸ বাংলাদেশ কৃষিনির্ভর হলেও শিল্পে অগ্রসর হচ্ছে। সবকিছুতেই প্রযুক্তির ছোঁয়া লেগেছে। মানুষের মাথাপিছু আয় বেড়েছে। দেশ ইতিমধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হতে যাচ্ছে। বৈদেশিক বিনিয়োগ বেড়েছে। কৃষকদের সহজ শর্তে ঋণ দেওয়ার জন্য আলাদা ব্যাংক ব্যবস্থা গড়ে উঠেছে। সরকার বৃহদায়তন শিল্পের উন্নয়নের কথা ভাবছে।

ক. একক ব্যাংক কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ২
গ. উদ্দীপকে কৃষি উন্নয়নের জন্য যে ব্যাংক ব্যবস্থার কথা বলা হয়েছে তার কার্যাবলি আলোচনা কর। ৩
ঘ. বৃহদায়তন শিল্পের উন্নয়নে কোনো ব্যাংক ব্যবস্থার প্রয়োজন আছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭▸ মি. রজত একটি ব্যাংকের উপ-পরিচালক। প্রত্যেকটি দেশেই এ ধরনের একটি ব্যাংক থাকে। এ ধরনের ব্যাংক জনগণের নিকট হতে আমানত সংগ্রহ করে না। মুনাফা অর্জনও এ ব্যাংকের প্রধান উদ্দেশ্য নয়। সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করে দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখাই এ ধরনের ব্যাংকের প্রধান কাজ।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কোন ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় এবং কেন? ২
গ. কার্যাবলির ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত মি. রজতের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক অবস্থা স্থিতিশীল রাখতে মি. রজতের ব্যাংকটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ জনাব 'A' এবং জনাব 'B' দুই বন্ধু। জনাব 'A' পরিবারের সুখের কথা চিন্তা করে পাঁচ বছরের জন্য বিদেশ চলে যায়। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে তিন বছরের জন্য একটি বিমাপত্র ক্রয় করেন। তবে তার সন্তানেরা জনাব 'A' এর মৃত্যুসাপেক্ষে বিমাদাবি করতে পারবে। অন্যদিকে জনাব 'B' বার্ষিক ২০,০০০ টাকা বিমা কিস্তিতে ১৫ বছরের জন্য ৫ লক্ষ টাকায় একটি বিমাপত্র গ্রহণ করেন, যেখানে তিনি মারা না গেলেও নির্দিষ্ট সময় শেষে বিমাদাবি পাবেন।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝায়? ২
গ. জনাব 'A' কর্তৃক গৃহীত বিমাপত্রটির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমাপত্র দুটির মধ্যে কোনটি অধিকতর সুবিধাজনক বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯▸ জনাব বশির তার জীবনের জন্য একটি বিমা কোম্পানির সাথে চুক্তিতে আবদ্ধ হয়ে ৩ লক্ষ টাকা মূল্যের একটি বিমাপত্র সংগ্রহ করেন। তিনি একটি দুরারোগ্য রোগে আক্রান্ত। কিন্তু তিনি বিষয়টি বিমা করার সময় গোপন রাখেন। ৬ মাস পর তিনি মারা যান। মনোনীত ব্যক্তি বিমা কোম্পানির কাছে বিষয়টি জানান। কোম্পানিটি রোগের তথ্য গোপনের বিষয়টি জানতে পেরে বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. বিমাচুক্তি কী? ১
খ. আর্থিক ক্ষতিপূরণের নীতি বলতে কী বোঝায়? ২
গ. বিমার কোন নীতি গোপন করার কারণে বিমা কোম্পানি দাবি পরিশোধে অস্বীকৃতি জানায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানির সিদ্ধান্তটি কি যৌক্তিক হয়েছে বলে মনে কর? যুক্তি দাও। ৪

১০▸ জনাব আলী তার বন্ধুদের কাছে একটি ব্যবসায় সম্পর্কে জানতে পারে, যেটি মানুষের বিভিন্ন ধরনের ঝুঁকির বিপরীতে আর্থিক সহায়তা করে। এ ব্যবসায়টি মানুষের জীবনের ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে আর্থিক নিরাপত্তা নিশ্চিত করে। বর্তমানে এ ব্যবসায়টি সবার কাছে গ্রহণযোগ্য ও জনপ্রিয় হয়ে উঠেছে।

ক. প্রত্যক্ষ কারণ নীতি কী? ১
খ. স্থলাভিষিক্ত নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বর্তমান ব্যবসায়টির গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা কর। ৪

১১▸ জনাব রাহাত একজন ব্যবসায়ী। তিনি প্রতি মাসে মুনাফার অর্থ হতে কিছু পরিমাণ টাকা প্রিমিয়াম হিসেবে জমা দেওয়ার শর্তে একটি বিমা কোম্পানির সাথে চুক্তিতে আবদ্ধ হন। বিমাপত্রটির মেয়াদ ১০ বছর। মেয়াদ পূর্ণ হওয়ার দিন মি. রাহাত মারা যান। তার স্ত্রী এবং ছেলে উভয়ই বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি তার ছেলেকে বিমাদাবি পরিশোধ করে।

ক. দ্বৈত বিমা কী? ১
খ. "জীবন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়"— কেন? ২
গ. উদ্দীপকের আলোকে জনাব রাহাত কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি জনাব রাহাতের স্ত্রীকে বিমাদাবি না দিয়ে ছেলেকে দেওয়ার যথাযথ কারণ বিশ্লেষণ কর। ৪

## ১৮ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

#### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ বহু বছর ধরে P ব্যাংক লি. সফলতার সাথে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কার্যক্রম পরিচালনা করে আসছিল। ঋণদান, প্রত্যয়পত্র, বিনিময় বিল স্বীকৃতি প্রদানের মাধ্যমে ব্যাংকটির কার্যক্রম গ্রাহকের নিকট জনপ্রিয়। কিন্তু বৈদেশিক বাণিজ্যনীতি ও শুল্ক ব্যবস্থা প্রতিকূল হওয়ায় সম্প্রতি ব্যাংকটির কার্যক্রম সফলতার সাথে চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদ ব্যাংক বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কায় Q ব্যাংক লি. এর সাথে চুক্তিবদ্ধ হয়ে তার অধীনে কার্যাবলি পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. মক্কেল কে? ১
খ. ব্যাংক তারল্য সংরক্ষণ করে কেন? ২
গ. উদ্দীপকের আলোকে কাঠামোর ভিত্তিতে P ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত P ব্যাংক লি. এর Q ব্যাংক লি. এর সাথে চুক্তিবদ্ধ হওয়ায় কাঠামোগত পরিবর্তনের প্রভাব সম্পর্কে তোমার মূল্যায়ন উপস্থাপন কর। ৪

২▸ মি. কিংকর চৌধুরী তার ভাগ্নে অঙ্কুশকে পাঁচটি মোবাইল সিম ক্রয়ের জন্য খরচ বাবদ ১,১৫৫ টাকা প্রদান করেন। টাকাগুলো গ্রহণ করে গুনতে গিয়ে অঙ্কুশ দেখতে পেল যে, সেখানে পাঁচশত টাকার দু'টি, একশত টাকার একটি, বিশ টাকার একটি, দশ টাকার দুটি, পাঁচ টাকার দুটি এবং এক টাকার পাঁচটি নোট রয়েছে। অঙ্কুশ আরও লক্ষ করল যে, এক টাকার নোটে অর্থ সচিবের এবং বাকি সব নোটে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর রয়েছে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. কেন কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত অঙ্কুশের হাতে পাঁচশত টাকার নোটটি কোন ধরনের নোট? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সরকারি নোট ও ব্যাংক নোটের পৃথক অস্তিত্ব থাকার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৩▸ 'X' ব্যাংক অর্থবাজারের নিয়ন্ত্রণ করে থাকে। এ নিয়ন্ত্রণ কার্যক্রমকে আরও ফলপ্রসূ করার উদ্দেশ্যে ব্যাংকটি সিকিউরিটিজ, বেসরকারি বন্ড, বিল ইত্যাদি পূর্বের তুলনায় অধিক পরিমাণে ক্রয় করে। ফলে 'X' ব্যাংকটি ঋণপ্রবাহ নিয়ন্ত্রণে পূর্বের তুলনায় অধিক সফলতা অর্জন করে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. EFT বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'X' ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোন পদ্ধতি প্রয়োগ করেছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ঋণ নিয়ন্ত্রণে 'X' ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪▸ জনাব ঈশা চৌধুরী একজন গার্মেন্টস ব্যবসায়ী। ব্যবসায়িক কাজে তাঁকে প্রতিদিন বড় বড় অঙ্কের লেনদেন করতে হয়। লেনদেন অধিক নিরাপদ রাখার জন্য তিনি তার ব্যাংক কর্তৃক প্রদত্ত চেক ব্যবহার করেন। তার চেকের বাম পাশে সমান্তরাল দুটি রেখা টানা আছে। জনাব ঈশা চৌধুরী এরূপ একখানা চেক মি. দিশা খানকে প্রদান করলেন। মি. দিশা খান প্রাপ্ত চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক নগদ টাকা দিতে অপারগতা প্রকাশ করল।

ক. চেক কী? ১
খ. প্রকৃত ধারক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব ঈশা চৌধুরী তার লেনদেনের কাজে কোন ধরনের চেক ব্যবহার করেছেন? আলোকপাত কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. দিশা খানকে চেকের টাকা পরিশোধে ব্যাংকের অস্বীকার করাই যৌক্তিক ছিল— মূল্যায়ন কর। ৪

৫▸ মি. পিকলু একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি বিভিন্ন সাইজের পেরেক উৎপাদন করে বাজারজাত করেন। তিনি ২ লক্ষ টাকার একখানা চেক পেলেন এবং টাকার পরিমাণের সামনে একটি শূন্য বসিয়ে চেকখানা ব্যাংকে জমা দেন। তার চেকটি প্রত্যাখ্যাত হয়। পক্ষান্তরে, তিনি মি. হিটলুকে ৩ লক্ষ টাকার একখানা চেক প্রদান করেন। মি. হিটলু চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক তা প্রত্যাখ্যান করে।

ক. আদেষ্টা কে? ১
খ. অঙ্গীকারপত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. পিকলুর প্রাপ্ত চেকে টাকার অঙ্ক পরিবর্তনের ফলে চেকটির শেষ পরিণতি কী হলো? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. হিটলুর প্রাপ্ত ৩ লক্ষ টাকার চেকটির টাকা কীভাবে সংগ্রহ করা সম্ভব বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৬▸ লেনদেন করার জন্য মি. কুক ও মি. হুক এর 'A' ব্যাংক লি. এ একটি করে পৃথক হিসাব আছে। 'A' ব্যাংক লি. তাদের প্রত্যেককে একটি করে ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড সরবরাহ করেছে। মি. কুক ও মি. হুক সুপার শপে কার্ড ব্যবহারের মাধ্যমে কেনাকাটা করতে অভ্যস্ত। একদিন মি. কুক একটি পণ্য কিনতে গিয়ে কার্ডের মাধ্যমে সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে ব্যর্থ হন। পক্ষান্তরে, মি. হুকের ব্যাংক হিসাবে পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকলেও পণ্য কিনে মূল্য পরিশোধ করতে সক্ষম হন।

ক. ATM কী? ১
খ. ভার্চুয়াল ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. হুক কোন ধরনের কার্ড ব্যবহার করেছেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্ডদ্বয়ের মধ্যে কোনটি অধিক সুবিধাজনক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭▸ বার্ধক্যজনিত কারণে জনাব ইশমাম খন্দকার লম্বা লাইনে দাঁড়িয়ে প্রতিমাসের বিদ্যুৎ বিল পরিশোধ করতে সক্ষম হচ্ছেন না। তিনি তার একমাত্র পুত্র ইতমামকে বিল পরিশোধসংক্রান্ত দায়িত্ব অর্পণ করলেন। ইতমাম বিল পরিশোধের জন্য লম্বা লাইনে না দাঁড়িয়ে ঘরে বসেই পরিশোধ করার কথা ভাবলেন। তিনি প্রথম মাসে ঘরে বসেই ইন্টারনেটযুক্ত কম্পিউটারের মাধ্যমে বিল পরিশোধ করলেন। পরবর্তী মাসে ইতমাম মোবাইলের মাধ্যমেই বিল পরিশোধ করতে সক্ষম হলেন।

ক. KYC ফর্ম কী? ১
খ. VISA CARD কোন ধরনের কার্ড? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ইতমাম প্রথমে কোন ধরনের ব্যাংকিং সেবার মাধ্যমে বিল পরিশোধ করতে সক্ষম হলো? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ইতমাম কর্তৃক ব্যবহৃত দুটি সেবার মধ্যে দ্বিতীয় সেবাটি অধিক পছন্দনীয়— বিশ্লেষণ কর। ৪

#### খ-বিভাগ : বিমা

৮▸ আমিন এবং যুবায়ের দুই ভাই। তাদের প্রত্যেকের ৮ তলা ভিত্তিসম্পন্ন একটি করে বাড়ি আছে। আমিন তার ভাই যুবায়েরের বাড়িটি 'প্রস্ফুটিত কমল' নামক একটি বিমা কোম্পানির নিকট বিমা করতে চাইলে কোম্পানিটি তাতে অস্বীকৃতি জানায়। পক্ষান্তরে, যুবায়ের 'হাই বিল্ডার্স' এর সাথে তার বাড়িটি ১২তম তলায় উন্নীত করার জন্য চুক্তিবদ্ধ হন এবং 'শিওর সিকিউরিটি' নামক একটি বিমা কোম্পানির সাথে বিমা করেন। কিন্তু ১২তম তলা নির্মাণকালে বাড়িটি হেলে পড়লে যুবায়ের বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করেন। কিন্তু শিওর সিকিউরিটি বিমা কোম্পানি তার দাবি প্রত্যাখ্যান করে। ফলশ্রুতিতে যুবায়ের বিমা কোম্পানির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে তৎপর হয়।

ক. বিমা সেলামি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'প্রস্ফুটিত কমল' নামক বিমা কোম্পানিটির আমিনের প্রস্তাবে রাজি না হওয়ার কারণ কী? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে যুবায়ের 'শিওর সিকিউরিটি' বিমা কোম্পানির নিকট থেকে কোনো ক্ষতিপূরণ পাবে না— বিমার নীতিমালা অনুসারে বিশ্লেষণ কর। ৪

৯▸ মি. রহিম একজন জাহাজ ব্যবসায়ী। বিদেশ থেকে পণ্য আনা নেওয়া তার কাজ। বৈদ্যুতিক শর্টসার্কিটের মাধ্যমে আগুন লেগে তার একটি জাহাজের দুই-তৃতীয়াংশ ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু তিনি বিমা কোম্পানির কাছে সম্পূর্ণ জাহাজের ক্ষতিপূরণ চেয়ে বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি প্রথমে দাবি পূরণে অপারগতা প্রকাশ করলেও পরবর্তীতে শর্তসাপেক্ষে তা পূরণ করতে রাজি হয়।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. মি. রহিমের দাবি পূরণে বিমা কোম্পানির অপারগতা প্রকাশের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. কী শর্তে বিমা কোম্পানি মি. রহিমের দাবি পূরণ করবে বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০▸ মি. কিসমত একটি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠানে 'স্টোরকিপার' পদে চাকরি করেন। কিন্তু তিনি চাকরি হারিয়ে ফেললে বা অসুস্থতার কারণে উপার্জনক্ষম থাকতে না পারলে কিংবা তিনি মারা গেলে ভবিষ্যতে তার স্ত্রী ও সন্তানের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে প্রায়ই উদ্বিগ্ন হয়ে পড়েন। অবশেষে তিনি তার পরিবারের ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার কথা ভেবে মাসিক ৫,০০০ টাকা প্রিমিয়াম পরিশোধ করার শর্তে 'চন্দ্রমুখী' নামক একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হলেন।

ক. বোনাস কী? ১
খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. মি. কিসমত 'চন্দ্রমুখী' কোম্পানির সাথে কোন ধরনের বিমা করেছেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. কিসমতের অবর্তমানে বিমা পলিসি দ্বারা তার পরিবারের সদস্যগণ কতটুকু উপকৃত হবেন? বিশ্লেষণ কর। ৪

১১▸ ষষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত অঙ্কিতা এর লেখাপড়ার খরচ নির্বাহ করতে গিয়ে হিমশিম খাচ্ছেন তার দরিদ্র পিতা। তিনি তার এক বন্ধুর পরামর্শে অঙ্কিতার পড়াশোনার ব্যয় নির্বাহের জন্য 'স্বপ্ন' নামক একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হওয়ার জন্য উপনীত হন। অঙ্কিতার পিতা প্রস্তাবক হিসেবে তার মেয়ের নাম অন্তর্ভুক্ত করতে চেয়েছিলেন। কিন্তু বিমা কোম্পানি তাকে প্রস্তাবক হিসেবে গ্রহণ করতে অস্বীকৃতি জানায়। বিকল্প উপায় না পেয়ে অবশেষে তিনি নিজেই প্রস্তাবক হিসেবে বিমাচুক্তিটি সম্পাদন করেন।

ক. দ্বৈত বিমা কী? ১
খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে অঙ্কিতার পিতা কর্তৃক গৃহীত বিমাটি কোন ধরনের জীবন বিমা? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে চুক্তির কোন উপাদানটি বর্তমান থাকলে প্রস্তাবক হিসেবে অঙ্কিতাকে অন্তর্ভুক্ত করা যেত? তোমার মতামত ব্যক্ত কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৯ ✓ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. SWIFT কী?**
K চেইন ব্যাংকিং
L একটি পরিশোধ পদ্ধতি
M স্টক এক্সচেঞ্জ N বিমা প্রতিষ্ঠান

M স্থায়ী হিসাব N ঋণ হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. A মি. B কে একটি চেক প্রদান করে। মি. B চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংকার চেকের অর্থ পরিশোধে অপারগতা প্রকাশ করে।

**৯. উদ্দীপকে আলোচিত চেকটি কোন ধরনের চেক ছিল?**
K দাগকাটা চেক L বাহক চেক
M হুকুম চেক N ভ্রমণকারীর চেক

**১০. কোন ধরনের চেক হলে মি. A ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারতেন?**
K দাগকাটা চেক L বাহক চেক
M হুকুম চেক
N বিশেষভাবে দাগকাটা চেক

**১১. চেকের মূল পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি M ৪টি N ৫টি

**১২. বিনিময় বিল কে তৈরি করেন?**
K দেনাদার L ব্যাংক
M প্রাপক N পাওনাদার

**১৩. ডেবিট কার্ডের মাধ্যমে—**
i. পণ্য ক্রয় করা যায়
ii. নগদ টাকা উত্তোলন করা যায়
iii. ফান্ড ট্রান্সফার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. নিচের কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে?**
K মোবাইল ব্যাংকিং L প্রত্যয়পত্র
M ডাকযোগে অর্থ প্রেরণ
N ব্যাংক ড্রাফট

**১৫. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K প্রিমিয়াম L বোনাস
M বৃত্তি N লভ্যাংশ

**১৬. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIA L BIDC
M IDRA N BIDA

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. তোহার একটি ডেইরি ফার্ম রয়েছে। ভবিষ্যৎ অনিশ্চিত, তাই বিপদ আপদ এবং আর্থিক সুবিধার কথা চিন্তা করে একটি বিমাচুক্তি করেছেন।

**১৭. দেশের অর্থনীতিতে বিমা যে প্রভাব ফেলতে পারে তা হলো—**
i. কর্মসংস্থান সৃষ্টি
ii. রপ্তানি আয় বৃদ্ধি
iii. জাতীয় উৎপাদন বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. মি. তোহা কোন ধরনের বিমাচুক্তি করেছেন?**
K শস্য বিমা L স্বাস্থ্য বিমা
M গবাদিপশু বিমা N দুর্ঘটনা বিমা

**১৯. বিমাযোগ্য স্বার্থের ভিত্তি কোনটি?**
K অর্থ L সুনাম
M মালিকানা N সম্পর্ক

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সুমন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। নিজের অবর্তমানে পরিবারের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে একটি বিমাপত্র গ্রহণ করেন এবং মাসিক ২,০০০ টাকা করে নিরবচ্ছিন্নভাবে জমা দিচ্ছেন।

**২০. মি. সুমন কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K আজীবন বিমাপত্র L নিরাপত্তা বিমাপত্র
M ভবিষ্যৎ বিমাপত্র N সচ্ছলতা বিমাপত্র

**২১. মি. সুমনের মাসিক প্রদত্ত ২,০০০ টাকাকে কী বলা হয়?**
K বিনিয়োগ L সঞ্চয়
M প্রিমিয়াম N বোনাস

**২২. নিচের কোন বিমাটি ক্ষতিপূরণের চুক্তিবহির্ভূত?**
K জীবন বিমা L নৌবিমা
M অগ্নি বিমা N দুর্ঘটনা বিমা

**২৩. জীবন বিমার দাবি উত্থাপনের জন্য প্রয়োজন—**
i. উত্তরাধিকার সনদপত্র
ii. বয়সের প্রমাণপত্র
iii. মৃত্যুর প্রমাণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. বিমাগ্রহীতার মৃত্যুতে কে বিমাকৃত অর্থ পাবে?**
K স্ত্রী L পুত্র
M উত্তরাধিকারী N মনোনীত ব্যক্তি

**২৫. ব্যাংকের প্রধান কাজ কী?**
K আমানত গ্রহণ ও ঋণদান
L বিল বাট্টাকরণ
M অর্থ স্থানান্তর N মূলধন গঠন

**২৬. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K সোনালী L রূপালী
M জনতা N কৃষি

**২৭. একক ব্যাংকের অসুবিধা হলো—**
i. ঝুঁকি বণ্টনে অসুবিধা
ii. সুদের হারের তারতম্য
iii. তারল্য সমস্যা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
'A' ব্যাংকটি খুলনাতে ব্যবসা পরিচালনা করছে। গঠনগত ও আইনগত সীমাবদ্ধতার কারণে ব্যাংকটি তাদের ব্যবসা প্রসার করতে পারছে না।

**২৮. 'A' ব্যাংক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক?**
K শাখা ব্যাংক L একক ব্যাংক
M গ্রুপ ব্যাংক N চেইন ব্যাংক

**২৯. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির বৈশিষ্ট্য কোনটি?**
K বৈদেশিক বাণিজ্যে অধিক ভূমিকা
L অধিক মুনাফা
M কম পরিচালনা ব্যয়
N ঋণদান ক্ষমতা বেশি

**৩০. ব্যাংক হার পরিবর্তন করতে পারে—**
K বাণিজ্যিক ব্যাংক L বিশ্ব ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | L | ৪ | K | ৫ | L | ৬ | K | ৭ | L | ৮ | M | ৯ | K | ১০ | L | ১১ | L | ১২ | N | ১৩ | N | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | M | ১৯ | K | ২০ | K | ২১ | M | ২২ | K | ২৩ | N | ২৪ | N | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | L | ২৯ | M | ৩০ | M |

## ২৮ ঢাকা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশ বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIA L BIDA
M BIDC N IDRA

**২. বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৭৩ N ১৯৭৪

**৩. বিমাচুক্তি করার ক্ষেত্রে বিমাগ্রহীতার মূল উদ্দেশ্য হলো—**
i. সঞ্চয়ের সুবিধা লাভ
ii. মানসিক প্রশান্তি অর্জন
iii. আর্থিক নিরাপত্তা লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'ক' একজন প্রতিষ্ঠিত বই ব্যবসায়ী। একটি ভবনের নিচতলায় তিনটি বড় কক্ষ জুড়েই তার পর্যাপ্ত বই রয়েছে। পাশেই রয়েছে একটি দাহ্য পদার্থের গুদাম। একজন বিমা প্রতিনিধি 'ক' কে একটি বিমা পলিসি গ্রহণ করার প্রস্তাব দিলেন এবং এতে মি. 'ক' রাজি হলেন।

**৪. মি. 'ক' কোন ধরনের বিমা করবেন?**
K জীবন বিমা L অগ্নি বিমা
M নৌ বিমা N দুর্ঘটনা বিমা

■ **উদ্দীপকটি পড়ে ৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. Q তার কারখানার জন্য বিমা কোম্পানি A ও B এর নিকট থেকে যথাক্রমে ৫০ লক্ষ ও ৬০ লক্ষ টাকার দুইটি পৃথক অগ্নি বিমাপত্র গ্রহণ করেন।

**৫. মি. Q এর বিমাপত্রটি কোন ধরনের?**
K দ্বৈত বিমা L পুনর্বিমা
M মিশ্র বিমা N যৌথ বিমা

**৬. প্রিমিয়াম কী?**
K বিমাচুক্তির খরচ L প্রতিদান মূল্য
M ক্ষতিপূরণ মূল্য N বিমা মূল্য

**৭. বিমার দৃষ্টিকোণ থেকে কোনো ব্যক্তি কমপক্ষে কত বছর নিখোঁজ থাকলে তাকে মৃত হিসেবে ধরা হয়?**
K ৭ L ৮
M ৯ N ১০

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'ক' একজন প্রবাসী। তিনি মধ্যপ্রাচ্যে যাওয়ার পূর্বে নিজের জন্য স্বল্প প্রিমিয়ামে একটি বিমা পলিসি গ্রহণ করেছেন। দেশে ফিরে এসে তিনি পলিসিটি নবায়ন করেন।

**৮. মি. 'ক' কোন ধরনের জীবন বিমা পলিসি গ্রহণ করেছেন?**
K আজীবন বিমাপত্র L সাময়িক বিমাপত্র
M সাধারণ মেয়াদি N বিশুদ্ধ মেয়াদি

**৯. মি. 'ক' এর বিমা পলিসিতে প্রিমিয়াম তুলনামূলক কম হওয়ার কারণ—**
i. শুধু মারা গেলেই এক্ষেত্রে বিমাদাবি পূরণ করতে হবে
ii. স্বল্প সময়ের জন্য তিনি বিমাপত্র গ্রহণ করেছেন
iii. মারা না গেলে নবায়ন করা যাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. জীবন বিমার প্রিমিয়ামের হার নির্ধারণে বিবেচ্য বিষয়—**
i. বিমাকৃত ব্যক্তি বয়স
ii. বিমাকৃত ব্যক্তির সামাজিক মর্যাদা
iii. বিমাকৃত অর্থের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. একটি বৈধ চেকের সর্বোচ্চ মেয়াদকাল কত মাস?**
K ৩ L ৪
M ৫ N ৬

**১২. যে চেকে টাকার ঘর ফাঁকা থাকে তাকে কী বলে?**
K বাসি চেক L মার্কেট চেক
M বাহক চেক N ফাঁকা চেক

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
সোনালী ট্রেডার্স থেকে পদ্মা ট্রেডার্স একখানা ২০,০০০ টাকার চেক পেল এবং কর্মচারী 'ক' কে চেকটি ভাঙানোর জন্য ব্যাংকে পাঠানো হলো।

**১৩. মি. 'ক' চেকের কোন পক্ষ?**
K অনুমোদনকারী L ধারক
M আদেষ্টা N আদিষ্ট

**১৪. পদ্মা ট্রেডার্স কর্তৃক প্রাপ্ত চেকটি কোন ধরনের?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N অনুমোদনপ্রাপ্ত চেক

**১৫. বাহক চেক ও হুকুম চেকের মধ্যে পার্থক্য হলো—**
i. বাহক চেক হুকুম চেক অপেক্ষা কম নিরাপদ
ii. বাহক চেকে দাগকাটা গেলেও হুকুম চেকে তা করা যায় না
iii. বাহক চেকে আবশ্যক না হলেও হুকুম চেক হস্তান্তরে অনুমোদন আবশ্যক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. বাংলাদেশে প্রথম মোবাইল ব্যাংকিং চালু করে কোন ব্যাংক?**
K ডাচ্-বাংলা ব্যাংক L ব্র্যাক ব্যাংক
M ওয়ান ব্যাংক N প্রাইম ব্যাংক

**১৭. ক্রেডিট কার্ড ডেবিট কার্ড অপেক্ষা উত্তম কেন?**
K জমাতিরিক্ত ঋণ সুবিধা পাওয়া যায়
L ২৪ ঘণ্টা টাকা উঠানো যায়
M অনলাইনে ব্যাংকিং সুবিধা পাওয়া যায়
N মালামাল ক্রয়ে ব্যবহার করা যায়

**১৮. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় ব্যবহার হতে পারে—**
i. মোবাইল
ii. কম্পিউটার
iii. ইন্টারনেট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. মি. M কোনো একটি দোকান হতে একটি প্লাস্টিক কার্ডের মাধ্যমে তার ব্যাংক হিসাব থেকে ১০,০০০ টাকা পরিশোধ করেন। ব্যবহৃত কার্ডটি নিচের কোনটি?**
K SWIFT কার্ড L ডেবিট কার্ড
M ক্রেডিট কার্ড N ATM কার্ড

**২০. একজন ব্যবসায়ীর জন্য বিদেশ ভ্রমণের ক্ষেত্রে অর্থসংকট দূরীকরণে উপযোগী হলো—**
i. ক্রেডিট কার্ড
ii. ভ্রমণকারীর চেক
iii. ভ্রমণকারীর প্রত্যয়নপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. ব্যাংক ব্যবস্থার পূর্বসুরি কে?**
K কর্মকার L স্বর্ণকার
M রৌপ্যকার N চর্মকার

**২২. ব্যাংকের কাজ হলো—**
i. আমানত গ্রহণ
ii. মুনাফা অর্জন
iii. ঋণ প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
'AB' ও 'XY' দুটি স্বতন্ত্র ব্যাংক। বিভিন্ন শ্রেণি পেশার মানুষের নিকট থেকে ব্যাংক দুটি সঞ্চয় সংগ্রহ করে এবং যাঁদের প্রয়োজন তাঁদেরকে ঋণ প্রদান করে থাকে। এ প্রক্রিয়ায় ব্যাংক দুটি বেশ ভালো মুনাফা অর্জন করছে। অধিকতর সুবিধা অর্জনের লক্ষ্যে এ দুটি ব্যাংক নিজের অস্তিত্ব বজায় রেখে একত্রে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী।

**২৩. AB ও XY কোন ধরনের ব্যাংক?**
K বাণিজ্যিক L বিশেষায়িত
M যৌথ N মিশ্র

**২৪. উদ্দীপকে বর্ণিত ব্যাংক দুটি কোন ধরনের ব্যাংকিং এর মাধ্যমে অধিকতর সুবিধা অর্জন করতে চাচ্ছে?**
K গ্রুপ L চেইন
M মিশ্র N যৌথ

**২৫. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ইংল্যান্ড L ব্যাংক অব ভেনিস
M ব্যাংক অব বার্সিলোনা N শাপ্সী ব্যাংক

**২৬. বাংলাদেশে এক টাকার নোট ইস্যু করেন কে?**
K মহাব্যবস্থাপক L গভর্নর
M অর্থসচিব N অর্থমন্ত্রী

**২৭. কেন্দ্রীয় ব্যাংক—**
i. মুনাফা অর্জন করে
ii. ঋণ নিয়ন্ত্রণ করে
iii. নোট ও মুদ্রা ইস্যু করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
P ব্যাংক Q ব্যাংকের Q ব্যাংক R ব্যাংকের এবং R ব্যাংক S ব্যাংকের কতিপয় চেক একটি বিশেষ ব্যবস্থায় একটি নির্দিষ্ট স্থানে উপস্থাপন করে। লেনদেন নিষ্পত্তি করার জন্য তিনটি ব্যাংকই একটি বৃহৎ ব্যাংক Z এর তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে একত্রিত হয়।

**২৮. Z কোন ধরনের ব্যাংক?**
K বাণিজ্যিক L কেন্দ্রীয়
M বিশেষায়িত N সমবায়

**২৯. লেনদেন নিষ্পত্তির এ বিশেষ ব্যবস্থা বা পদ্ধতিকে কী বলে?**
K নিকাশ ঘর L নিরীক্ষা
M সমন্বয় N নিয়ন্ত্রণ

**৩০. ঋণ নিয়ন্ত্রণের সংখ্যাত্মক পদ্ধতি কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | M | ৪ | L | ৫ | K | ৬ | L | ৭ | K | ৮ | L | ৯ | L | ১০ | L | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | N | ১৯ | L | ২০ | N | ২১ | L | ২২ | L | ২৩ | K | ২৪ | L | ২৫ | N | ২৬ | M | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | L |

## ২৯ রাজশাহী বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নোট ও মুদ্রা প্রচলনকারী ব্যাংকের নাম কী?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M শিল্প ব্যাংক N কর্মসংস্থান ব্যাংক

**২. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো—**
K ঋণ দেওয়া L আমানত সংগ্রহ
M কর্মসংস্থান সৃষ্টি N মুদ্রামান সংরক্ষণ

**৩. যৌথমালিকানাধীন ব্যাংকে সরকার ও বেসরকারি মূলধনের অনুপাত কোনটি?**
K ৬০ : ৪০ L ৪৯ : ৫১
M ৫১ : ৪৯ N ৫০ : ৫০

**■ উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
দেশের উত্তরাঞ্চলের কৃষি তথা কৃষকের উন্নয়নের লক্ষ্যে সরকার এক বিশেষ ব্যাংক স্থাপন করেছে। ব্যাংকটি মূলত কৃষির অগ্রগতির জন্যই ভূমিকা রাখে।

**৪. ব্যাংকটির নাম কী?**
K বাংলাদেশ কৃষি ব্যাংক
L কৃষি উন্নয়ন কর্পোরেশন
M সোনালী ব্যাংক
N রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**৫. প্রকৃতি অনুযায়ী ব্যাংকটি কোন ধরনের?**
K বিশেষায়িত ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N শ্রমিক ব্যাংক

**৬. "ইসলামী উন্নয়ন ব্যাংক (IDB)" কোন ধরনের ব্যাংক?**
K দেশীয় ব্যাংক L আঞ্চলিক ব্যাংক
M গোষ্ঠী উন্নয়ন ব্যাংক N আন্তর্জাতিক ব্যাংক

**৭. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো—**
i. নোট ও মুদ্রা প্রচলন
ii. বৈদেশিক মুদ্রার মান নিয়ন্ত্রণ
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. তফসিলি বাণিজ্যিক ব্যাংকগুলো তাদের মূলধনের যে অংশ কেন্দ্রীয় ব্যাংকে নগদে জমা রাখে তাকে কী বলে?**
K জমার হার পরিবর্তন নীতি
L নগদ জমার অনুপাত
M বিধিবদ্ধ তারল্য অনুপাত
N ব্যাংক হার অনুপাত

**৯. বাংলাদেশে নিকাশ ঘরের কার্যক্রম কোন ব্যাংকের নিয়ন্ত্রণে পরিচালিত হয়?**
K জনতা ব্যাংক L অগ্রণী ব্যাংক
M পূবালী ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**১০. লেনদেনের ক্ষেত্রে কোন ধরনের চেক অধিক নিরাপদ?**
K বাহক চেক L হুকুম চেক
M মার্কেট চেক N বিশেষ দাগকাটা চেক

**■ উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. দত্তের পাওনা বাবদ মি. সুমন ১ এপ্রিল ২০২০ তারিখে ৫ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। করোনাজনিত লকডাউনের কারণে মি. দত্ত চেকটি ২০ অক্টোবর, ২০২০ তারিখে ব্যাংকে জমা দিলে ব্যাংক টাকা দিতে অস্বীকার করে।

**১১. একটি বৈধ চেকের মেয়াদ কতদিন?**
K ৯০ দিন L ১৮০ দিন
M ৩০ দিন N ৭ দিন

**১২. ব্যাংক টাকা না দেওয়ায় তার চেকটি কোন ধরনের চেকে পরিণত হয়েছে?**
K অবৈধ চেক L বাহক চেক
M বাসি চেক N হুকুম চেক

**১৩. ফাঁকা চেকে কী থাকে না?**
K টাকার পরিমাণ L তারিখ
M হিসাব নম্বর N স্বাক্ষর

**১৪. ব্যাংক হিসাবে পর্যাপ্ত টাকা জমা থাকাসাপেক্ষে গ্রাহক কোন কার্ডটি ব্যবহার করতে পারেন?**
K ক্রেডিট কার্ড L VISA কার্ড
M ডেবিট কার্ড N Master কার্ড

**১৫. ATM-এর পূর্ণরূপ কী?**
K Automated Teller Machine
L Automatic Teller Machine
M Automated Teller Mechanism
N Automatic Teller Mechanism

**১৬. কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে না?**
K মোবাইল ব্যাংকিং
L চেকের মাধ্যমে ব্যাংকিং
M অনলাইন ব্যাংকিং
N কার্ডের মাধ্যমে ব্যাংকিং

**১৭. ডেবিট কার্ড অথবা ATM কার্ড ব্যবহারকারীদের ব্যাংক হিসাব থাকতে হয়—**
i. চলতি হিসাব
ii. স্থায়ী হিসাব
iii. সঞ্চয়ী হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**■ নিচের চিত্রটি দেখে ১৮নং প্রশ্নের উত্তর দাও :**



চিত্র নং ১ চিত্র নং ২ চিত্র নং ৩ চিত্র নং ৪

**১৮. কোন চিত্রটি দাগকাটা চেকের সঠিক চিত্র?**
K চিত্র নং ১ L চিত্র নং ২
M চিত্র নং ৩ N চিত্র নং ৪

**১৯. PIN-এর পূর্ণরূপ কী?**
K Present Identification Number
L Permanent Identification Number
M Personnel Identification Number
N Personal Identification Number

**২০. বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থা কী ধরনের?**
K একক ব্যাংকিং L গ্রুপ ব্যাংকিং
M শাখা ব্যাংকিং N চেইন ব্যাংকিং

**২১. বাংলাদেশ ব্যাংকের কার্যক্রম কোন তারিখ থেকে চালু হয়?**
K ২৬ মার্চ ১৯৭১ L ২৬ মার্চ ১৯৭২
M ১৬ ডিসেম্বর ১৯৭১ N ১৬ ডিসেম্বর ১৯৭২

**২২. কোন বিমাকে আদি বা প্রথম বিমা বলা হয়?**
K অগ্নি বিমা L নৌ বিমা
M জীবন বিমা N স্বাস্থ্য বিমা

**২৩. কোন বিমার ক্ষেত্রে দ্বৈত বিমা অধিক গ্রহণযোগ্য ও লাভজনক?**
K জীবন বিমা L নৌ বিমা
M অগ্নি বিমা N দুর্ঘটনা বিমা

**২৪. বিমা ব্যবসায়ের মূলনীতি হলো—**
i. বিমাযোগ্য স্বার্থ
ii. জাতীয় নিরাপত্তা
iii. পরম সদ্বিশ্বাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৫. প্রত্যাশার চেয়ে অতিরিক্ত কোনোকিছু পাওয়াকে কী বলে?**
K প্রিমিয়াম L বোনাস
M বার্ষিক বৃত্তি N মুনাফা

**■ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস মুন্নি একটি বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করেন। বর্তমানে করোনার জন্য এক বছরের অধিক সময় ধরে তিনি বেকার। এ অবস্থায় তার পক্ষে জীবন বিমা পলিসির প্রিমিয়াম দেওয়া সম্ভব নয়।

**২৬. প্রিমিয়াম দিতে অসমর্থ ব্যক্তিকে বিমা কোম্পানি যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?**
K বোনাস L সমর্পণ মূল্য
M বৃত্তি N ক্ষতিপূরণ

**২৭. একটি পলিসি কতদিন চালানোর পর পলিসিটি বন্ধের আবেদন করা যায়?**
K এক বছরের কম L এক বছরের উর্ধ্বে
M দুই বছরের কম N দুই বছরের উর্ধ্বে

**২৮. পুনর্বিমার প্রধান উদ্দেশ্য কী?**
K মুনাফা বণ্টন L ঝুঁকি হ্রাস
M গ্রাহক সন্তুটি N গ্রাহক আস্থা

**২৯. মৃত্যুহারপঞ্জি হলো—**
i. অতীত মৃত্যুহার থেকে ভবিষ্যৎ মৃত্যুহারের ধারণা অনুমান করা
ii. অতীত মৃত্যুহার থেকে বর্তমান মৃত্যুহারের ধারণা অনুমান করা
iii. প্রতি হাজার জীবিত ও মৃতের হার নির্ণয় করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩০. কোন বিমাচুক্তিকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?**
K জীবন বিমা L অগ্নি বিমা
M নৌ বিমা N শস্য বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | M | ৪ | N | ৫ | K | ৬ | M | ৭ | K | ৮ | L | ৯ | N | ১০ | N | ১১ | L | ১২ | M | ১৩ | K | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | N | ২০ | M | ২১ | M | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | L | ২৬ | L | ২৭ | N | ২৮ | L | ২৯ | K | ৩০ | K |

## ৩০ যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. একটি বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি M ৪টি N ৫টি

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X একটি কলেজের সহকারী অধ্যাপক। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষাবোর্ডের পরীক্ষক। তিনি চেকের মাধ্যমে পরীক্ষকের সম্মানী পান কিন্তু ব্যাংক থেকে সরাসরি নগদ টাকা তুলতে পারেন না।

**২. মি. X শিক্ষাবোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে কোন ধরনের চেক পান?**
K হুকুম চেক L বাহকের চেক
M দাগকাটা চেক N ফাঁকা চেক

**৩. উক্ত চেক পরিশোধের প্রক্রিয়া কীরূপ?**
K হুকুম চেক উপস্থাপন
L নগদ টাকা সংগ্রহ
M ব্যাংক পাশ বহি উপস্থাপন
N হিসাবের চেক জমার মাধ্যমে

**৪. জীবন বিমাচুক্তিতে অতি প্রয়োজনীয় উপাদান কোনটি?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস L সমর্পণ মূল্য
M পারস্পরিক আস্থা N প্রতিদান

**৫. বর্তমানে বাংলাদেশের বিমা আইন কত সালের?**
K ১৯৭২ L ১৯৮৫
M ১৯৯৪ N ২০১০

**৬. সরকারের কোন মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ ব্যাংক পরিচালিত হয়?**
K পরিকল্পনা মন্ত্রণালয় L বাণিজ্য মন্ত্রণালয়
M অর্থ মন্ত্রণালয় N শিল্প মন্ত্রণালয়

**৭. জীবন বিমাদাবি উত্থাপনের জন্য প্রয়োজন—**
i. পারিবারিক তথ্য
ii. বয়সের প্রমাণপত্র
iii. মৃত্যু প্রমাণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. বিমাচুক্তি হলো—**
i. একতরফা চুক্তি
ii. দুতরফা চুক্তি
iii. সদ্বিশ্বাসের চুক্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. 'মৃত্যুহারপঞ্জি' কোন বিমার সাথে সম্পৃক্ত?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M দুর্ঘটনা বিমা N জীবন বিমা

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তামিম তার পরিবারের কথা চিন্তা করে ফার-ইস্ট লাইফ ইন্স্যুরেন্স ও যমুনা লাইফ ইন্স্যুরেন্সে ১০ লক্ষ টাকা করে দুটি বিমাচুক্তি সম্পাদন করলেন এবং সে মোতাবেক বিমার প্রিমিয়াম নিয়মিত প্রদান করেন।

**১০. জনাব তামিম কোন ধরনের বিমাপত্র খোলেন?**
K গ্রুপ বিমা L দ্বৈত বিমা
M পুনর্বিমা N আজীবন বিমা

**১১. মেয়াদ শেষে জনাব তামিম বা তার নমিনি কত টাকার দাবি করতে পারবেন?**
K ১০ লক্ষ টাকা L ১৫ লক্ষ টাকা
M ২০ লক্ষ টাকা N ৩০ লক্ষ টাকা

**১২. বিনিময় বিল কে তৈরি করেন?**
K ব্যাংক L আদেষ্টা
M আদিষ্ট N প্রাপক

**১৩. চেকে দাগ কাটতে পারেন—**
i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. মোবাইল ব্যাংকিং-এ PIN শব্দের পূর্ণরূপ হলো—**
K Public Identification Number
L Privat Identification Number
M Personal Identification Number
N Person Identification Number

**১৫. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K মহাব্যবস্থাপক L গভর্নর
M অর্থ সচিব N সিইও

**১৬. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে?**
K ড. মোহাম্মদ ইউনুস L আতিউর রহমান
M ফজলে হাসান আবেদ N শাইখ সিরাজ

**১৭. ATM-এর পূর্ণরূপ কোনটি?**
K Accounts Transfer Machine
L Automatic Teller Machine
M Automatic Transfer Machine
N Automated Teller Machine

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X একজন আমদানি এবং রপ্তানিকারক। তিনি তার অধিকাংশ ব্যাংকিং কার্যক্রম তার ব্যবহৃত মোবাইল ফোনের মাধ্যমে সম্পন্ন করে থাকেন। তিনি মাঝে মধ্যে ব্যবসায়িক প্রয়োজনে বিদেশ ভ্রমণে যান। বিদেশে তিনি মাঝে মধ্যে আর্থিক সংকটে পড়েন।

**১৮. মি. X কীভাবে তার ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করেন?**
K ইন্টারনেট ব্যাংকিং L মোবাইল ব্যাংকিং
M এসএমএস ব্যাংকিং N ফোন ব্যাংকিং

**১৯. মি. X বিদেশে গিয়ে কীভাবে আর্থিক সংকট দূর করতে পারবেন?**
i. ক্রেডিট কার্ডের মাধ্যমে
ii. ভ্রমণকারীর চেকের মাধ্যমে
iii. ভ্রমণকারীর প্রত্যয়পত্রের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. Clearing house বা নিকাশ ঘরের কাজ কোনটি?**
K কেন্দ্রীয় ব্যাংকের দেনা-পাওনা নিষ্পত্তি
L বৈদেশিক দেনা-পাওনা নিষ্পত্তি
M আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি
N সরকারের দেনা-পাওনা নিষ্পত্তি

**২১. কোন সভ্যতায় উপাসনালয় ব্যাংকিং ব্যবস্থার উদ্ভব হয়েছিল?**
K সিন্ধু সভ্যতায় L রোমান সভ্যতায়
M ব্যবিলনীয় সভ্যতায় N বৈদিক সভ্যতায়

**২২. বিমাযোগ্য স্বার্থ হলো—**
K প্রত্যক্ষ স্বার্থ L পরোক্ষ স্বার্থ
M আর্থিক স্বার্থ N নিজ স্বার্থ

**২৩. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংক না?**
K ফেডারেল রিজার্ভ সিস্টেম
L ব্যাংক অব ইংল্যান্ড
M স্টেট ব্যাংক অব ইন্ডিয়া
N স্টেট ব্যাংক অব পাকিস্তান

**২৪. ব্যাংক ব্যবস্থার পূর্বসূরি কারা?**
i. মহাজন
ii. স্বর্ণকার
iii. ব্যবসায়ী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. KYC-এর পূর্ণরূপ কী?**
K Know Your Creditor
L Know Your Customer
M Know Your Consumer
N Know Your Criteria

**২৬. একটি বৈধ চেকের মেয়াদ কত?**
K ১৫ দিন L ৩০ দিন
M ৯০ দিন N ১৮০ দিন

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
যমুনা ব্যাংক লি. নিয়মিত আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে থাকে। আর একটি ব্যাংক 'KING BANK' এ সকল কার্যাবলিতে উপস্থিত থাকে না।

**২৭. যমুনা ব্যাংকের সাথে নিম্নে কোন ব্যাংকের মিল আছে?**
K বাংলাদেশ কৃষি ব্যাংক
L সোনালী ব্যাংক লি.
M অগ্রণী ব্যাংক লি. N প্রাইম ব্যাংক লি.

**২৮. 'KING BANK' আন্তঃব্যাংকিং কার্যাবলিতে থাকে না কেন? কারণ এটি একটি—**
K বাণিজ্যিক ব্যাংক L তালিকাভুক্ত ব্যাংক
M অ-তালিকাভুক্ত ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**২৯. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো—**
i. নিকাশ ঘর পরিচালনা করা
ii. ঋণের নিয়ন্ত্রণ করা
iii. ঋণ আমানত সৃষ্টি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. বিশ্বের কোন দেশে শাস্তি ব্যাংক প্রতিষ্ঠিত হয়?**
K ইতালি L জার্মানি
M চীন N ইংল্যান্ড

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | N | ৪ | N | ৫ | N | ৬ | M | ৭ | M | ৮ | M | ৯ | N | ১০ | L | ১১ | M | ১২ | L | ১৩ | L | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | N | ২০ | M | ২১ | M | ২২ | M | ২৩ | M | ২৪ | N | ২৫ | L | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | K | ৩০ | M |

## ৩১ ✓ কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাংক কীসের ব্যবসায় করে?**
K মূলধনের L মুনাফার
M ঋণের N স্বর্ণের

**২. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ভেনিস
L শাস্নী ব্যাংক
M ব্যাংক অব সানজর্জিও
N ব্যাংক অব বার্সিলোনা

**৩. শাখা ব্যাংকিং-এর বৈশিষ্ট্য হলো—**
i. কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্ক
ii. প্রধান অফিস কর্তৃক নিয়ন্ত্রণ
iii. অধিক মূলধন গঠন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y এবং Z তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, ব্যাংক X হোল্ডিং ব্যাংক হিসাবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে সাবসিডিয়ারি ব্যাংক।

**৪. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K গ্রুপ L শাখা
M চেইন N একক

**৫. উদ্দীপকে X ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর অধিকাংশ শেয়ারের মালিকানা অর্জন করা
ii. অধীনস্থ ব্যাংকগুলোর ওপর তদারক ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা
iii. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর পরিচালনা নীতি ও পদ্ধতি নির্ধারণ করে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
K আমানত সংগ্রহ L মুনাফা অর্জন
M ঋণ নিয়ন্ত্রণ N ঋণ প্রদান

**৭. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K ব্যবস্থাপনা পরিচালক
L মহাব্যবস্থাপক
M প্রেসিডেন্ট N গভর্নর

**৮. ব্যাংক হার বাড়লে—**
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ কমে
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
'M' ব্যাংক প্রায়ই আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংক উপস্থিত থাকলেও 'L' ব্যাংক তাতে উপস্থিত থাকে না।

**৯. কোন ব্যাংকটির সাথে 'M' ব্যাংকের মিল আছে?**
K বাংলাদেশ ব্যাংক L পূবালী ব্যাংক
M ডাচ্-বাংলা ব্যাংক N জনতা ব্যাংক

**১০. 'L' ব্যাংক আন্তঃব্যাংকিং কার্যাবলিতে উপস্থিত থাকে না, কারণ হলো—**
K তালিকাভুক্ত ব্যাংক L অ-তালিকাভুক্ত ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

**১১. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশকে কী বলে?**
K চেক L পে-অর্ডার
M ব্যাংক ড্রাফট N বিনিময় বিল

**১২. বিনিময় বিলে পক্ষসমূহ হলো—**
i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. কোন চেকের অর্থ ব্যাংকের মাধ্যমে সংগ্রহ করা হয়?**
K বাহক চেক L দাগকাটা চেক
M হুকুম চেক N উপহার চেক

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
রিমা লিমিটেড থেকে তমা লিমিটেড ৫,০০,০০০ টাকার একটি চেক পায়। চেকটি প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব জাহিদকে ব্যাংক থেকে ভাঙানোর জন্য দিলেন।

**১৪. উদ্দীপকে জনাব জাহিদ কোন পক্ষ হিসাবে বিবেচিত হবে?**
K অনুমোদনকারী L ধারক
M আদেষ্টা N আদিষ্ট

**১৫. তমা লিমিটেড কর্তৃক প্রাপ্ত চেকটি কোন ধরনের?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N সার্টিফাইড চেক

**১৬. অনলাইন ব্যাংকিং সুবিধা কোনটির ব্যবহার হ্রাস করেছে?**
K ব্যাংক ড্রাফট L সরকারি নোট
M ব্যাংক নোট N প্রত্যয়পত্র

**১৭. কোনটির মাধ্যমে সীমাহীন ব্যাংকিং সেবা সরবরাহ করা যায়?**
K মোবাইল ব্যাংকিং L ই-ব্যাংকিং
M হোম ব্যাংকিং N এসএমএস ব্যাংকিং

**১৮. নিচের কোন ব্যাংকটি অনলাইন ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত?**
K শাখা ব্যাংকিং L গ্রুপ ব্যাংকিং
M একক ব্যাংকিং N চেইন ব্যাংকিং

**১৯. ইলেক্ট্রনিক ব্যাংকিং এর জন্য অসুবিধা কোনটি?**
K দ্রুত লেনদেন L মেশিননির্ভর
M নির্ভুল হিসাবরক্ষণ N হিসাবের নিরাপত্তা

**২০. নগদ টাকা এবং চেকের বিকল্প হলো—**
i. মোবাইল ব্যাংকিং
ii. ক্রেডিট কার্ড
iii. ডেবিট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. বিমার উদ্দেশ্য হলো—**
K ঝুঁকি হ্রাস L সময়ের সাশ্রয়
M মুনাফা বৃদ্ধি N অর্থ স্থানান্তর

**২২. হুকুম চেকের ওপর কোন শব্দ লেখা থাকে?**
K অথবা বাহককে
L হস্তান্তরযোগ্য নয়
M অথবা আদেশ অনুসারে
N অ্যান্ড কোং

**২৩. বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২৪. বিমার সূচনা হয় কোন বিমার মাধ্যমে?**
K জীবন L নৌ
M অগ্নি N সম্পত্তি

**২৫. বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের?**
K ১৯৩৮ L ১৯৯১
M ১৯৯৩ N ২০১০

**২৬. জীবন বিমার গুরুত্ব হলো—**
i. কর্মসংস্থান সৃষ্টিতে
ii. আর্থিক নিরাপত্তা
iii. বৃদ্ধ বয়সের নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
আবির একজন অটোচালক। নিজের অবর্তমানে পরিবারের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে একটি বিমাপত্র গ্রহণ করেন এবং মাসিক ২,০০০ টাকা করে জমা দেন।

**২৭. আবির কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K জীবন বিমা L নিরাপত্তা বিমা
M ভবিষ্যৎ বিমা N সচ্ছলতা বিমা

**২৮. আবিরের প্রদত্ত মাসিক ২,০০০ টাকাকে কী বলা হয়?**
K বিনিয়োগ L সমর্পণ মূল্য
M প্রিমিয়াম N বোনাস

**২৯. কমপক্ষে কত বছর প্রিমিয়াম দেওয়ার পর সমর্পণ মূল্য পরিশোধ করা হয়?**
K এক বছর L দুই বছর
M তিন বছর N চার বছর

**৩০. কোন বিমার ক্ষেত্রে গ্রুপ বিমা প্রযোজ্য?**
K নৌ বিমা L শস্য বিমা
M অগ্নি বিমা N জীবন বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | N | ৪ | K | ৫ | N | ৬ | M | ৭ | N | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | N | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

## ৩২ চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মৃত্যুহারপঞ্জি হলো—**
K জনপ্রতি মৃত্যুহার
L বিমাকৃত ব্যক্তির সংখ্যা
M হাজার প্রতি মৃত্যু হার
N বার্ষিক মৃত্যুর সংখ্যা

**২. পুনর্বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতা কে?**
K জাহাজ মালিক
L প্রথম বিমা প্রতিষ্ঠান
M দ্বিতীয় বিমা প্রতিষ্ঠান
N বিষয়বস্তুর প্রকৃত মালিক

■ **উদ্দীপকটি পড়ে ৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাফি একজন সরকারি চাকরিজীবী। তিনি বিদেশে ট্রেনিংয়ে যাবার সময় ২ মাসের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন।

**৩. উদ্দীপকের বিমাপত্রের ধরন হলো—**
K মেয়াদি L সাময়িক
M আজীবন N গড়পড়তা

**৪. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর দাবি পরিশোধ করা হয় কোন বিমায়?**
K জীবন বিমায় L গোষ্ঠী বিমায়
M সাময়িক বিমায় N আজীবন বিমাপত্রে

**৫. কোন ধরনের বিমাপত্রে বোনাস প্রদান করা হয়?**
K শস্য বিমায় L পুনর্বিমায়
M নৌ বিমায় N জীবন বিমায়

**৬. সমর্পণ মূল্য কোন বিমায় প্রযোজ্য?**
K দ্বৈত বিমায় L অগ্নি বিমায়
M নৌ বিমায় N জীবন বিমায়

**৭. ব্যাংক ব্যবস্থার পূর্বসূরি কে?**
K কর্মকার L স্বর্ণকার
M রৌপ্যকার N চর্মকার

**৮. গ্রুপ ব্যাংকের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী ব্যাংককে কী বলা হয়?**
K যৌথ কোম্পানি
L সাবসিডিয়ারি কোম্পানি
M হোল্ডিং কোম্পানি
N অংশীদারি কোম্পানি

**৯. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K শাসী ব্যাংক
L ব্যাংক অব ভেনিস
M ব্যাংক অব বার্সিলোনা
N ব্যাংক অব সানজর্জিও

**১০. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় বেশি সুবিধাজনক?**
K চেইন L একক
M শাখা N গ্রুপ

**১১. 'এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংক' কোন ধরনের ব্যাংক?**
K আঞ্চলিক L দেশীয়
M গোষ্ঠী N আন্তর্জাতিক

**১২. ব্যাংকের সাধারণ কার্যাবলি হলো—**
i. বিনিময় মাধ্যম সৃষ্টি
ii. আমানত সংগ্রহ
iii. ঋণ আমানত সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. ব্যাংক হার বাড়লে—**
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ কমে
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
K আমানত সংগ্রহ করা L ঋণ নিয়ন্ত্রণ করা
M মুনাফা অর্জন N ঋণ দেওয়া

**১৫. নিচে কোনটি ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি?**
K ব্যাংক হার নীতি
L খোলাবাজার নীতি
M জমার হার পরিবর্তন নীতি
N বরাদ্দকরণ নীতি

**১৬. তালিকাভুক্ত ব্যাংকসমূহের কাজ নিয়ন্ত্রণ করে কে?**
K সরকার L সরকারি ব্যাংক
M রাষ্ট্রীয় প্রতিষ্ঠান N কেন্দ্রীয় ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
'বাংলাদেশ ব্যাংক' বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক। বাংলাদেশ ব্যাংক দেশের অভ্যন্তরের অন্যান্য ব্যাংকের গঠনে, অর্থ জমা ও ঋণ নিয়ন্ত্রণে, নিকাশ ও হিসাব নিরীক্ষায় সাহায্য করে থাকে। তালিকাভুক্ত ব্যাংক অর্থ সংকটে পড়লে অর্থ সহায়তাও করে।

**১৭. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের কোন ভূমিকার কথা বলা হয়েছে?**
K সরকারের ব্যাংকার
L দেশের প্রধান কেন্দ্রীয় ব্যাংক
M বৈদেশিক বিনিয়োগকারী
N অন্যান্য ব্যাংকের ব্যাংকার

**১৮. ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে নিম্নের কোনটি কাজ করে?**
K সমবায় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N কৃষি ব্যাংক

**১৯. প্রস্তুতকৃত চেক কতদিন পরে বাসি চেকে পরিণত হয়?**
K ৯০ L ১৮০
M ২২৫ N ৩৬৫

**২০. চেকের পক্ষগুলো হলো—**
i. আদেষ্টা
ii. উপদেষ্টা
iii. আদিষ্ট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের কোন ধারায় চেক সম্পর্কে বলা হয়েছে?**
K ধারা-৬ L ধারা-৭
M ধারা-৮ N ধারা-৯

**২২. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে?**
K বাহক L আদেষ্টা
M প্রাপক N আদিষ্ট

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব প্রজেশের একটি ব্যাংকের কার্ড রয়েছে। তিনি বরিশালের সিটি প্লাজা থেকে একটি ল্যাপটপ ক্রয় করেন কিন্তু পর্যাপ্ত নগদ অর্থ না থাকায় তিনি কার্ডের মাধ্যমে পেমেন্ট করেন।

**২৩. উদ্দীপকে কোন ধরনের ব্যাংকিং কার্যক্রম ফুটে উঠেছে?**
K মোবাইল ব্যাংকিং L সমবায় ব্যাংকিং
M ইলেকট্রনিক ব্যাংকিং N প্রাচীন ব্যাংকিং

**২৪. জনাব প্রজেশ যে কার্ডের মাধ্যমে পেমেন্ট করেছে সেটি কোন ধরনের?**
K ডেবিট কার্ড L ক্রেডিট কার্ড
M শপিং কার্ড N ভিজিটিং কার্ড

**২৫. বিমাযোগ্য স্বার্থ বিমাগ্রহীতার কীসের ওপর নির্ভর করে?**
K আর্থিক সুবিধা L বিষয়বস্তু
M সুনাম N উদ্দেশ্য

**২৬. নিচের কোনটি বিমাচুক্তির বিশেষ উপাদান?**
K প্রস্তাব ও স্বীকৃতি L বিমাযোগ্য স্বার্থ
M আইনসম্মত প্রতিদান N নিশ্চয়তা

**২৭. নিচের কোনটি দায় বিমা?**
K পুনর্বিমা L দ্বৈত বিমা
M স্বাস্থ্য বিমা N শস্য বিমা

**২৮. বিমা ব্যবসায়ের মূলনীতিসমূহ হলো—**
i. চূড়ান্ত সদ্বিশ্বাসের নীতি
ii. স্থলাভিষিক্ততার নীতি
iii. মুনাফার নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জিকু ও তার ছেলে একত্রে ১২ বছর মেয়াদি একটি বিমাপত্র গ্রহণ করেন। জনাব জিকু মারা যান ৫ বছর পর। তার ছেলে তখনই বিমার সম্পূর্ণ টাকা পেলেন।

**২৯. জনাব জিকু ও তার ছেলে কোন ধরনের বিমাপত্র কিনেছিলেন?**
K সাময়িক L খাঁটি
M গোষ্ঠী N যৌথ

**৩০. কোন বিমায় স্থলাভিষিক্তের নীতি প্রযোজ্য নয়?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M জীবন বিমা N গবাদি পশু বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | L | ৪ | N | ৫ | N | ৬ | N | ৭ | L | ৮ | M | ৯ | K | ১০ | M | ১১ | K | ১২ | N | ১৩ | K | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | M | ১৯ | L | ২০ | L | ২১ | K | ২২ | M | ২৩ | M | ২৪ | K | ২৫ | K | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | N | ৩০ | M |

## ৩৩ ✓ সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিমাচুক্তির বৈশিষ্ট্য হচ্ছে—**
i. ঝুঁকি বণ্টন
ii. মানসিক প্রশান্তি
iii. মানব কল্যাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২. কোন ঝুঁকি মুনাফা অর্জনের মাধ্যমে মোকাবিলা করা সম্ভব নয়?**
K ফটকা ঝুঁকি L মৌলিক ঝুঁকি
M বিশুদ্ধ ঝুঁকি N বিমাযোগ্য ঝুঁকি

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আমিন একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবহৃত মোবাইল ফোনের মাধ্যমে অধিকাংশ ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেন। সাম্প্রতিককালে তিনি তার ব্যবসায়িক কাজের উদ্দেশ্যে বিদেশ ভ্রমণে যাবেন বলে স্থির করেছেন। বিদেশ ভ্রমণকালে তার অর্থের প্রয়োজন হতে পারে।

**৩. মি. আমিন কীভাবে তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করেন?**
K টেলিফোন ব্যাংকিং L মোবাইল ব্যাংকিং
M ইন্টারনেট ব্যাংকিং N হোম ব্যাংকিং

**৪. উদ্দীপকে মি. আমিন কীভাবে তার আর্থিক সংকট দূর করতে পারবেন?**
i. এটিএম কার্ডের মাধ্যমে
ii. ভ্রমণকারীর চেকের মাধ্যমে
iii. ক্রেডিট কার্ডের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. বিমাচুক্তির আইনগত উপাদান হলো—**
i. দুটি পক্ষ
ii. প্রস্তাব ও স্বীকৃতি
iii. বিমাযোগ্য স্বার্থ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কোন ধরনের বিমাপত্রে বোনাস প্রদান করা হয়?**
K নৌ L অগ্নি
M শস্য N জীবন বিমা

**৭. মি. এমকে ঘোষ এবং উদয় বিমা কোং লি. বেশকিছু শর্তাদি উল্লেখ করে একটি বিমাচুক্তি সম্পাদন করে। তাদের এ বিমাচুক্তির শর্ত পালন করতে কে বাধ্য থাকবে?**
K বিমাকর্মী L বিমাকারী
M বিমাগ্রহীতা
N বিমাকারী ও বিমাগ্রহীতা

**৮. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K বোনাস L প্রিমিয়াম
M সুদ N সমর্পণ মূল্য

**৯. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K অগ্রণী ব্যাংক L সোনালী ব্যাংক
M রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
N ইসলামী ব্যাংক

**১০. কোন দেশে একক ব্যাংক প্রচলিত আছে?**
K যুক্তরাজ্য L যুক্তরাষ্ট্র
M ভারত N বাংলাদেশ

**১১. শাখা ব্যাংকিং এর বৈশিষ্ট্য হলো—**
i. কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্ক
ii. অধিক মূলধন গঠন
iii. প্রধান কার্যালয় কর্তৃক নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. ব্যাসেল-২ এর মোট স্তম্ভ কয়টি?**
K ১ L ২ M ৩ N ৪

**১৩. কোনটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক?**
K সোনালী ব্যাংক লি. L বাংলাদেশ ব্যাংক
M ডাচ-বাংলা ব্যাংক N মার্কেন্টাইল ব্যাংক লি.

**১৪. ব্যাংকের কার্যাবলি হচ্ছে—**
i. আমানত গ্রহণ
ii. ঋণদান করা
iii. ঝুঁকি বণ্টন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. কোনটি বিশ্বের প্রথম সুসংগঠিত কেন্দ্রীয় ব্যাংক?**
K দি ব্যাংক অব ইংল্যান্ড
L ফেডারেল রিজার্ভ সিস্টেম
M দি রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া
N ব্যাংক অব জাপান

**১৬. কোন সালে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭১ L ১৯৭২ M ১৯৭৩ N ১৯৭৪

**১৭. SLR-এর পূর্ণরূপ কোনটি?**
K Surplus Liquid Rate
L Statutory Liquidity Ratio
M Statutory Liquid Rate
N Standard Liquidity Ratio

**১৮. মিস ডায়না কসমেটিকস সামগ্রী ক্রয়ের জন্য রংপুর থেকে ঢাকায় যাবেন। এজন্য তিনি ব্যাংক থেকে একটি ৩ লক্ষ টাকার দলিল সংগ্রহ করেছেন। এ দলিলে উল্লিখিত শাখায় গিয়ে তিনি সেটি ভাঙাবেন। মিস ডায়না ব্যাংক থেকে কোন ধরনের দলিল সংগ্রহ করেছেন?**
K চেক L ব্যাংক নোট
M পে-অর্ডার N ব্যাংকের অঙ্গীকারপত্র

**১৯. সর্বপ্রথম কোন দেশে নিকাশঘর ব্যবস্থা প্রবর্তিত হয়?**
K আমেরিকা L ইংল্যান্ড
M চীন N জার্মানি

**২০. কোন চেক সবচেয়ে বেশি নিরাপদ?**
K আদেশ চেক L বাহক চেক
M দাগকাটা চেক N ভ্রমণকারীর চেক

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আজমল মি. সজলের লেখা একটি চেক পেয়েছেন। চেক প্রস্তুতকারী ২৫-০৪-২০২১ তারিখের স্থলে ভুল করে ২৫-০৫-২০২১ তারিখ লিখেছেন। এক্ষেত্রে—

**২১. মি. আজমলের নিকট প্রাপ্ত চেকটি কোন ধরনের?**
K বাসি চেক L পূর্ব তারিখের চেক
M পরবর্তী তারিখের চেক
N অনুমোদনপ্রাপ্ত চেক

**২২. মি. আজমল প্রাপ্ত চেকটির অর্থ সংগ্রহ করতে পারবেন—**
i. উল্লিখিত তারিখে ব্যাংকে চেক উপস্থাপন করে
ii. উল্লিখিত তারিখের পরে ব্যাংক হিসাবে চেক জমা দিয়ে
iii. চেকের তারিখ মি. সজল কর্তৃক সংশোধন করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত আদেশকে কী বলে?**
K প্রমিসরি নোট L চেক
M ব্যাংক ড্রাফট N বন্ড

**২৪. কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি হচ্ছে—**
i. নোট ও মুদ্রা প্রচলন
ii. মুনাফা অর্জন করা
iii. ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৫. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIA L BIBM
M IDRA N BIDA

**২৬. কোনটির অবর্তমানে কোনো বিমাচুক্তি সম্পাদিত হতে পারে না?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস L বিমাযোগ্য স্বার্থ
M ক্ষতিপূরণ N কিস্তি

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শিহাব তার জীবনের জন্য ABC কোম্পানির নিকট থেকে ৭,০০,০০০ টাকা এবং XYZ কোং-এর কাছ থেকে ৯,০০,০০০ টাকা মূল্যের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন।

**২৭. মি. শিহাব কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K পুনর্বিমা L দ্বৈত বিমা
M গোষ্ঠী বিমা N যৌথ বিমা

**২৮. মি. শিহাবের উক্ত বিমা করার উদ্দেশ্য হলো—**
i. ঝুঁকি বণ্টন
ii. সম্পর্কের উন্নয়ন
iii. অধিক নিশ্চয়তা লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৯. মুদ্রাবাজার নিয়ন্ত্রণ করে কোন ব্যাংক?**
K বাণিজ্যিক ব্যাংক L বিনিয়োগ ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**৩০.**



**উপরের কোনটি বিশেষভাবে দাগকাটা চেক?**
K ১নং L ২নং M ৩নং N ৪নং

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | N | ৭ | N | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | M | ১৩ | K | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | M | ২২ | N | ২৩ | L | ২৪ | M | ২৫ | M | ২৬ | L | ২৭ | L | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ৩৪ ✔ বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. PIN এর পূর্ণরূপ কী?**
K Public Identification Number
L Person Identification Number
M Personal Identification Number
N Private Identification Number

**২. এসএমএস ব্যাংকিং এর সুবিধাসমূহ হলো—**
i. লেনদেনে সতর্কতা প্রদান
ii. উদ্বৃত্তের পরিমাণ জানা
iii. ক্ষুদ্র হিসাব বিবরণী প্রদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শাকিল কক্সবাজার বেড়াতে গিয়ে ডেবিট কার্ডের মাধ্যমে বিল পরিশোধ করেন। ব্যাংক হিসাবের টাকা ফুরিয়ে গেলে তার ভাই ঢাকা থেকে তার হিসাবে টাকা জমা দিয়ে দেন। টাকা জমা হওয়ার পর তিনি কিছু টাকা উত্তোলন করেন এবং ঢাকায় ফিরে আসেন।

**৩. জনাব শাকিল কোন মাধ্যম হতে টাকা উত্তোলন করেছিলেন?**
K এটিএম L টেলি ব্যাংকিং
M এসএমএস ব্যাংকিং N বিক্রয় সেবা বিন্দু

**৪. জনাব শাকিলের ভ্রমণ সুন্দরভাবে সম্পাদিত হয়েছিল—**
i. এটিএম এর জন্য
ii. অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে
iii. হোম ব্যাংকিং এর মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. নিচের কোনটির মাধ্যমে বাকিতে পণ্যদ্রব্য ক্রয় করা যায়?**
K ক্রেডিট কার্ড L ডেবিট কার্ড
M কুপন কার্ড N ক্যাশ কার্ড

**৬. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BB L MRC
M IDRA N BSEC

**৭. বিমা ব্যবসায়ের উৎপত্তির ক্রম কোনটি?**
K নৌ বিমা → অগ্নি বিমা → জীবন বিমা
L নৌ বিমা → জীবন বিমা → অগ্নি বিমা
M অগ্নি বিমা → নৌ বিমা → অগ্নি বিমা
N অগ্নি বিমা → জীবন বিমা → নৌ বিমা

**৮. নিচের কে শ্রমিকের ক্ষতিপূরণ বিমা করে?**
K মালিক L সরকার
M কর্মকর্তা N শ্রমিক

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. করিম দীর্ঘদিন যাবৎ ভাড়ায় একটি যন্ত্র ব্যবহার করে আসছেন। তিনি নিজ নামে উক্ত যন্ত্রটি বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবে অস্বীকৃতি জানায়।

**৯. উদ্দীপকে মি. করিম কোন ধরনের বিমা করতে চেয়েছিলেন?**
K দায় বিমা L জীবন বিমা
M সম্পত্তি বিমা N সামাজিক বিমা

**১০. উদ্দীপকে বিমা কোম্পানি কেন প্রস্তাবটি গ্রহণ করতে অস্বীকৃতি জানায়?**
K অধিক ঝুঁকিপূর্ণ
L চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
M বিমাযোগ্য স্বার্থের অভাব
N বৈধ প্রতিদানের অনুপস্থিতি

**১১. দ্বৈত বিমার ক্ষেত্রে থাকে—**
i. একক বিমাকারী
ii. একক বিমাগ্রহীতা
iii. একাধিক বিমাকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. পুনর্বিমা কেন করা হয়?**
K বিমাকারীর ঝুঁকি বণ্টন
L বিমাচুক্তিতে ভুল থাকলে
M অপ্রকাশিত শর্ত পূরণ
N একাধিকবার ক্ষতিপূরণ লাভ

■ **উদ্দীপকটি পড়ে ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শফিক একটি মেয়াদি জীবন বিমাপত্র খোলার সময় তার প্রকৃত বয়স ৪৫ এর পরিবর্তে ৪২ বছর উল্লেখ করেন। উপযুক্ত তথ্য প্রমাণে ব্যর্থ হওয়ায় বিমা কোম্পানি তার প্রস্তাবটি বাতিল করে।

**১৩. উদ্দীপকে জনাব শফিক বিমার কোন মৌলিক নীতিটি ভঙ্গ করেছেন?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M প্রত্যক্ষ কারণ N ক্ষতিপূরণ

**১৪. বোনাস কী?**
K বিমাদাবির অর্থ
L বিমামূল্যের অতিরিক্ত অর্থ
M বিমাগ্রহীতা কর্তৃক পরিশোধিত অর্থ
N বিমামূল্যের তুলনায় সম্পত্তির মূল্য বেশি থাকা

**১৫. নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি?**
K জীবন বিমা L শস্য বিমা
M অগ্নি বিমা N নৌ বিমা

**১৬. নিচের কোনটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক?**
K বাংলাদেশ ব্যাংক L জনতা ব্যাংক
M বাংলাদেশ কৃষি ব্যাংক N প্রবাসী কল্যাণ ব্যাংক

**১৭. গ্রুপ ব্যাংকিং ব্যবস্থায় ব্যাংক পরিচালনার দায়িত্ব বহন করে কে?**
K কেন্দ্রীয় ব্যাংক L অর্থ মন্ত্রণালয়
M হোল্ডিং কোম্পানি N সাবসিডিয়ারি ব্যাংক

**১৮. ব্যাংকের কার্যাবলি হলো—**
i. ঋণ প্রদান
ii. মূলধন গঠন
iii. আমানত সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম মিয়া একজন কৃষক। তার কৃষি জমি ছাড়াও গবাদি পশুর খামার রয়েছে। তিনি এমন একটি ব্যাংকে হিসাব পরিচালনা করেন যেখানে ঋণ, কৃষি বিষয়ক পরামর্শ এবং গবাদি পশুসংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ দেওয়া হয়।

**১৯. উদ্দীপকে রহিম মিয়া কোন ব্যাংকে হিসাব পরিচালনা করেন?**
K কৃষি ব্যাংক L শিল্প ব্যাংক
M বিনিয়োগ ব্যাংক N বিনিময় ব্যাংক

**২০. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির অর্থনীতিতে অবদানসমূহ হলো—**
i. কর্মসংস্থান সৃষ্টি
ii. খাদ্য নিরাপত্তা
iii. পুষ্টির চাহিদা মিটানো
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো—**
i. নোট ইস্যু করা
ii. বিল বাট্টা করা
iii. ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২২নং প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি বাংলাদেশ ব্যাংক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশনা দিয়েছে তাদের প্রদত্ত ঋণের ১০% অবশ্যই কৃষিখাতে প্রদান করতে হবে।

**২২. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাটি কোন ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতির অন্তর্ভুক্ত?**
K ব্যাংক হার L ঋণের বরাদ্দকরণ
M জমার হার পরিবর্তন N খোলাবাজার

**২৩. খোলা বাজারে কেন্দ্রীয় ব্যাংক বিল, সিকিউরিটিজ ও ঋণপত্র বিক্রয় করলে কী ঘটতে পারে?**
K বাজারে ঋণের পরিমাণ বাড়বে
L নগদ জমার হার হ্রাস পাবে
M ব্যাক হার অপরিবর্তীত থাকবে
N বাণিজ্যিক ব্যাংকের ঋণদান ক্ষমতা কমবে

**২৪. নিচের কোন ব্যাংক নিকাশ ঘর পরিচালনা করে?**
K ইসলামী ব্যাংক L বাংলাদেশ ব্যাংক
M কৃষি ব্যাংক N শিল্প ব্যাংক

**২৫. ব্যাংক হার নীতি বাণিজ্যিক ব্যাংকের কোনটিকে প্রভাবিত করে?**
K নিরাপত্তা L সচ্ছলতা
M তারল্য N মুনাফা

**২৬. চেকের আদিষ্ট কে?**
K ব্যাংক L ধারক
M প্রাপক N আমানতকারী

**২৭. হুকুম চেকের টাকা উত্তোলন করতে পারে—**
i. বাহক
ii. প্রাপক
iii. অনুমোদন বলে প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. চেকে দাগকাটা হয় কেন?**
K সরকারি নির্দেশ L চেক বাতিলকরণ
M সহজে টাকা উত্তোলন
N জালিয়াতি ও প্রতারণারোধ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শাহীন এবিসি লি. হতে একটি চেক পেলেন যেটি নিম্নোক্তভাবে দাগকাটা।




মি. শাহীনের অগ্রণী ব্যাংকে কোনো হিসাব নেই।

**২৯. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক?**
K বাহক L হুকুম
M সাধারণ দাগকাটা N বিশেষ দাগকাটা

**৩০. চেকটি নগদানের ক্ষেত্রে মি. শাহীনের করণীয়সমূহ হলো—**
i. পরিচিত যেকোনো ব্যক্তির ব্যাংক হিসাবে চেকটি জমা দেওয়া
ii. অগ্রণী ব্যাংকে হিসাব খুলে চেকটি জমা দেওয়া
iii. এবিসি লি. কর্তৃক দাগ অপসারণ করে ব্যাংকে চেক জমা দিয়ে নগদ উত্তোলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | K | ৪ | K | ৫ | K | ৬ | M | ৭ | K | ৮ | K | ৯ | M | ১০ | M | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | K | ২০ | K | ২১ | L | ২২ | L | ২৩ | N | ২৪ | L | ২৫ | N | ২৬ | K | ২৭ | M | ২৮ | N | ২৯ | N | ৩০ | M |

# ৩৫ ✓ দিনাজপুর বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ভেনিস L শাস্ত্রী ব্যাংক
M ব্যাংক অব সানজর্জিও N ব্যাংক অব বার্সিলোনা

**২. মুদ্রাস্ফীতির ফলে কী ঘটে?**
K কর্মসংস্থান বাড়ে L বিনিয়োগ বাড়ে
M সুদের হার বাড়ে N পণ্যের দাম বাড়ে

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম দেনাদারের নিকট থেকে পাওনা বাবদ এমন একটি চেক পেয়েছেন যেখানে ব্যাংকের নাম উল্লেখপূর্বক আড়াআড়ি দুটি দাগ দেওয়া হয়েছে।

**৩. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক?**
K সাধারণ দাগকাটা L বিশেষ দাগকাটা
M দ্বৈত দাগকাটা N ফাঁকা দাগকাটা

**৪. জনাব করিমের ব্যাংক হিসাব না থাকলে তিনি যা করতে পারেন—**
i. যে কারো হিসাবে চেক জমা দিতে পারেন
ii. নির্দিষ্ট ব্যাংক হিসাব খুলে চেক জমা দিতে পারেন
iii. দেনাদার কর্তৃক দাগ অপসারণপূর্বক নগদ উত্তোলন করতে পারেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. ATM-এর পূর্ণরূপ কোনটি?**
K Automated Teller Machine
L Automate Transfer Machine
M Automatic Teller Machine
N Automatic Transfer Machine

**৬. দাগকাটা চেকের ক্ষেত্রে কোনটি অগ্রহণযোগ্য?**
K অনুমোদন L অনুমোদন বা হস্তান্তর
M হস্তান্তর N বড় অঙ্কের লেনদেন

**৭. নিচের কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে না?**
K মোবাইল ব্যাংকিং L অনলাইন ব্যাংকিং
M ইন্টারনেট ব্যাংকিং N চেকের মাধ্যমে ব্যাংকিং

**৮. কোন আইনের দ্বারা বাংলাদেশে বাণিজ্যিক ব্যাংকসমূহ পরিচালিত হয়?**
K কোম্পানি আইন, ১৯৯৪
L ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১
M ব্যাংক কোম্পানি আইন ১৯৯২
N ব্যাংক কোম্পানি আইন, ১৯৩২

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y এবং Z তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, ব্যাংক X হোল্ডিং ব্যাংক হিসেবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে সাবসিডিয়ারি ব্যাংক।

**৯. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K গ্রুপ L শাখা
M চেইন N একক

**১০. উদ্দীপকে 'X' ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর অধিকাংশ শেয়ারের মালিকানা অর্জন করে
ii. অধীনস্থ ব্যাংকগুলোর উপর তদারক ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা
iii. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর পরিচালনা নীতি ও পদ্ধতি নির্ধারণ করে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. বাংলাদেশ ব্যাংকের যাত্রা শুরু হয়?**
K ১৬ ডিসেম্বর, ১৯৭১ L ২৬ মার্চ, ১৯৭১
M ২৬ মার্চ, ১৯৭২ N ১ জানুয়ারি, ১৯৭২

**১২. আদালত প্রদত্ত গারনিশি আদেশের সাথে নিচের কোন বিষয় সম্পর্কিত?**
K আমানতকারীদের স্বার্থ
L গ্রহীতার আর্থিক নিরাপত্তা
M গ্রাহকদের ব্যাংক হিসাব বন্ধ বা স্থগিত বিষয়ক
N আর্থিক খাতে শৃঙ্খলা বজায় রাখার

**১৩. ডেবিট কার্ড অপেক্ষা ক্রেডিট কার্ড উত্তম কারণ—**
i. এতে ঋণ সুবিধা আছে
ii. পণ্য ও সেবা কেনার সুবিধা আছে
iii. ফান্ড ট্রান্সফারের সুবিধা আছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
দেশের মানুষের হাতে প্রচুর অলস অর্থ থাকার কারণে মুদ্রাস্ফীতি হচ্ছে। সরকার সিদ্ধান্ত নিয়েছে নিজস্ব অর্থায়নে গভীর সমুদ্রবন্দর নির্মাণ করবে। তাই বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে আর্থিক বাজারে ট্রেজারি বন্ড বিক্রি করে ১০ হাজার কোটি টাকা সংগ্রহের সিদ্ধান্ত নেয়।

**১৪. বাংলাদেশ ব্যাংকের কার্যক্রমটি ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির মধ্যে পড়ে?**
K খোলাবাজার L ব্যাংক হার
M ঋণের বরাদ্দকরণ N জমার হার পরিবর্তন

**১৫. বাংলাদেশ ব্যাংকের গৃহীত কার্যক্রমটির ফলে—**
K মুদ্রাবাজারে অর্থের যোগান বাড়বে
L বাণিজ্যিক ব্যাংকের ঋণদান ক্ষমতা বৃদ্ধি পাবে
M মানুষের ক্রয়ক্ষমতা বাড়বে
N বাজারে ঋণের পরিমাণ কমবে

**১৬. SLR শব্দ সংক্ষেপের পুরো শব্দ কোনটি?**
K Statutory Liquidity Ratio
L Standard Liquidity Reserve
M Statutory Liquidity Requirement
N Standard Liquidity Rate

**১৭. চেইন ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. পৃথক সত্তা
ii. নিজেদের মধ্যে প্রতিযোগিতা কমিয়ে আনা
iii. কেন্দ্রীয় নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. একটি বৈধ চেকের সর্বোচ্চ মেয়াদকাল কতদিন?**
K ৩০ L ৯০
M ১৮০ N ৩৬০

**১৯. মৃত্যুহারপঞ্জি সর্বপ্রথম তৈরি করেন কে?**
K আর এস শর্মা L এডমন্ড হ্যালি
M নিকোলাস বারবান N এমএন মিশ্র

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তারেক তার মেয়াদি বিমাপত্রটি বিমাদাবি পরিশোধের জন্য উপস্থাপন করেছেন। তার প্রকৃত বয়স ৪০ হলেও তিনি বিমাপত্রে বয়স ৩৫ উল্লেখ করেছিলেন।

**২০. উদ্দীপকে জনাব তারেক বিমার কোন নীতিটি লঙ্ঘন করেছেন?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M স্থলাভিষিক্তকরণ N ক্ষতিপূরণ

**২১. উদ্দীপকে উল্লিখিত প্রেক্ষাপটে বিমা প্রতিষ্ঠানের করণীয় কী?**
K বিমাদাবি প্রত্যাখ্যান করা
L সমর্পণ মূল্য পরিশোধ করা
M পূর্ণদাবি পরিশোধ করা
N প্রিমিয়াম ফেরত দেওয়া

**২২. নিচের কোনটি অবিমাযোগ্য ঝুঁকি?**
i. ফটকা ঝুঁকি
ii. উপ-আদর্শিক ঝুঁকি
iii. মৌলিক ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. জীবন বিমাচুক্তিতে বয়স প্রমাণ গুরুত্বপূর্ণ কেন?**
K মৃত্যুহার নির্ণয় করার জন্য
L বিমাদাবি নির্ণয় করার জন্য
M বিমাপত্র দেওয়ার জন্য
N বয়সের সাথে প্রিমিয়ামের প্রত্যক্ষ সম্পর্কের জন্য

**২৪. নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M শস্য বিমা N জীবন বিমা

**২৫. বিমাকৃত বিষয়বস্তুতে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকে কী বলে?**
K বিমা স্বার্থ L আইনগত স্বার্থ
M বিমাযোগ্য স্বার্থ N মুনাফা অর্জনের স্বার্থ

**২৬. গোষ্ঠী বিমা কার জন্য প্রযোজ্য?**
K নির্দিষ্ট জাতিগোষ্ঠী
L একই পরিবারের সদস্যবৃন্দ
M প্রতিষ্ঠানের সকল কর্মচারী
N বন্ধু-বান্ধব

**২৭. কোন বিমার সাথে স্থলাভিষিক্তকরণের নীতি সম্পর্কহীন?**
K নৌ L জীবন
M সম্পত্তি N অগ্নি

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আবদুলের বয়স ৪৫ বছর। বিমাকৃত অঙ্কের পরিমাণ ৪৫,০০০ টাকা। তাই প্রতিবছর ধার্যকৃত প্রিমিয়ামের পরিমাণ দাঁড়ায় ২,০০০ , ৪,০০০, ৬,০০০, ৮,০০০ ও ১০,০০০ টাকা। সুতরাং বাৎসরিক কিস্তির পরিমাণ ৬,০০০ টাকা।

**২৮. উদ্দীপকে উল্লিখিত প্রিমিয়াম নির্ধারণের পদ্ধতি কোনটি?**
K নিরূপণ পদ্ধতি L সমকিস্তি পদ্ধতি
M স্বাভাবিক প্রিমিয়াম পরিকল্পনা পদ্ধতি
N অসম কিস্তি পদ্ধতি

**২৯. প্রিমিয়াম নির্ধারণের উক্ত পদ্ধতিটির সুবিধা কী?**
K প্রতিবছর নতুন হারে প্রিমিয়াম দিতে হয়
L প্রতিবছর প্রিমিয়ামের পরিমাণ সমান হারে বাড়ে
M এটি শুধুই বিমাগ্রহীতার জন্য লাভজনক
N এটি একটি জটিল পদ্ধতি

**৩০. ব্যবসায় সম্প্রসারণে বিমার প্রধান গুরুত্ব কোনটি?**
K বিনিয়োগের উৎসাহ সৃষ্টি
L আর্থিক নিরাপত্তা বিধান
M মানসিক প্রশান্তি N সামাজিক কল্যাণ

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | L | ২ | N | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | L | ৭ | N | ৮ | L | ৯ | K | ১০ | N | ১১ | K | ১২ | M | ১৩ | K | ১৪ | K | ১৫ | N |
| | ১৬ | K | ১৭ | K | ১৮ | M | ১৯ | L | ২০ | L | ২১ | K | ২২ | M | ২৩ | N | ২৪ | N | ২৫ | M | ২৬ | M | ২৭ | L | ২৮ | M | ২৯ | L | ৩০ | L |

## ৩৬ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. গারনিশি অর্ডারে কয়টি পক্ষ থাকে?**
K ১টি L ২টি
M ৩টি N ৪টি

**২. বিমার বৈশিষ্ট্য হলো—**
i. লিখিত চুক্তি
ii. ঝুঁকি বণ্টন
iii. প্রিমিয়াম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩.** স্বর্ণকার শ্রেণি | মহাজন শ্রেণি | ব্যবসায়ী শ্রেণি → ?

**(?) চিহ্নিত স্থানে কী বসবে?**
K ব্যাংকের পূর্বসূরি L ব্যাংকের প্রতিষ্ঠাতা
M ব্যাংক গভর্নর N আধুনিক ব্যাংক ব্যবস্থা

**৪. সরকারের উপদেষ্টা হিসাবে কাজ করে কোন ব্যাংক?**
K ন্যাশনাল ব্যাংক L বিশ্ব ব্যাংক
M গ্রামীণ ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

**৫. বিমা কোম্পানি বিমাচুক্তির কোন নীতি লঙ্ঘনের কারণে ক্ষতিপূরণ দেয় না?**
K বিমাযোগ্য স্বার্থের নীতি
L সদ্বিশ্বাসের নীতি
M স্থলাভিষিক্তকরণের নীতি
N আনুপাতিক অংশগ্রহণের নীতি

**৬. বাংলাদেশের বৃহত্তম বাণিজ্যিক ব্যাংক কোনটি?**
K ইসলামী ব্যাংক লি. L অগ্রণী ব্যাংক লি.
M সোনালী ব্যাংক লি. N জনতা ব্যাংক লি.

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলম সরকার পরিচালিত একটি বৃহৎ ব্যাংকে চাকরি করেন, যে ব্যাংকটি আমাদের দেশে মুদ্রাবাজার নিয়ন্ত্রণ করে এবং আন্তঃব্যাংক লেনদেন নিষ্পত্তিতে ভূমিকা রাখে।

**৭. মি. আলম কোন ব্যাংকে চাকরি করেন?**
K অগ্রণী ব্যাংক L সোনালী ব্যাংক
M মার্চেন্ট ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**৮. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি নিকাশ ঘর হিসেবে যে সকল কাজ করে থাকে—**
i. ঋণদান
ii. অর্থ স্থানান্তরের সহায়ক
iii. লেনদেন সহজ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৯. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি কোনটি?**
K ব্যাংক হার নীতি
L খোলাবাজার নীতি
M ঋণের বরাদ্দকরণ নীতি
N জমার হার পরিবর্তন নীতি

**১০. কোন ধরনের বিমায় মৃত্যু পর্যন্ত প্রিমিয়াম জমা দিতে হয়?**
K আজীবন L সাময়িক
M মেয়াদি N পুনর্বিমা

**১১. নিচের চেকটি লক্ষ কর :**

| | |
|---|---|
| SB/১০ নং ০১৩৫৮৪৬৬০১ | তারিখ : |
| সোনালী ব্যাংক লি. | |
| প্রদান করুন জালাল অথবা বাহককে দশ হাজার টাকা | |
| | স্বপন |
| টাকা-১০,০০০/= | স্বাক্ষর |

**চেকে উল্লিখিত সোনালী ব্যাংক লি.-কে চেকের ভাষায় কী বলে?**
K আদিষ্টা L আদিষ্ট
M প্রাপক N ধারক

**১২. চেকের ব্যবহার প্রথম কোথায় শুরু হয়?**
K বাংলাদেশ L ভারত
M ইংল্যান্ড N আমেরিকা

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হাবীব বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা। একটি ফ্লাট ভাড়া নিয়ে দীর্ঘদিন ঢাকায় বসবাস করেন। নিজ নামে ঐ ফ্লাটটি বিমা করার জন্য বিমা কোম্পানির নিকট প্রস্তাব দিলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

**১৩. জনাব হাবীব কোন ধরনের বিমা করতে চেয়েছিলেন?**
K সম্পত্তি বিমা L দুর্ঘটনা বিমা
M জীবন বিমা N ডাকাতি বিমা

**১৪. জনাব হাবীবের প্রস্তাবটি কেন প্রত্যাখ্যাত হয়?**
K সদ্বিশ্বাসের অভাব L ক্ষতিপূরণের অভাব
M নির্দিষ্টতার অভাব
N বিমাযোগ্য স্বার্থের অভাব

**১৫. চেককে বলা হয়—**
i. হস্তান্তরযোগ্য ঋণের দলিল
ii. অহস্তান্তরযোগ্য ঋণের দলিল
iii. ব্যাংক কর্তৃক ছাপানো দলিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. 'মোবাইল ব্যাংকিং' সেবা প্রথম কোন সংস্থা চালু করেছে?**
K ডাচ-বাংলা ব্যাংক L ডাক বিভাগ
M রূপালী ব্যাংক N ব্র্যাক ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আলাল পাওনা বাবদ তার দেনাদারের নিকট থেকে ১০,০০০/- (দশ হাজার) টাকার একটি চেক পেয়েছেন। চেকের বাম কোণে আড়াআড়ি দুটি দাগের মধ্যে 'অ্যান্ড কোং' শব্দ দুটি লেখা আছে।

**১৭. উদ্দীপকের চেকটি কোন ধরনের?**
K সাধারণ দাগকাটা চেক
L বিশেষ দাগকাটা চেক
M মার্কেট চেক
N দ্বৈত দাগকাটা চেক

**১৮. কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংক থেকে পৃথক। কারণ—**
i. একক প্রতিষ্ঠান
ii. কল্যাণধর্মী প্রতিষ্ঠান
iii. সরকারের ব্যাংক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. বিমা আইন কত সালের?**
K ২০০০ L ২০০২
M ২০১০ N ২০২০

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
বাণিজ্যিক ব্যাংকগুলো ভোক্তা পর্যায়ে ঋণের পরিমাণ বৃদ্ধি করায় বাজারে দ্রব্যমূল্যের ওপর বিরূপ প্রভাব পড়ে। এই পর্যায়ে কেন্দ্রীয় ব্যাংক উক্ত খাতে ঋণ নিয়ন্ত্রণের চিন্তা-ভাবনা করছে।

**২০. ঋণের পরিমাণ বৃদ্ধি পেলে দ্রব্যমূল্যের ওপর কী প্রভাব পড়ে?**
K দ্রব্যমূল্য কম হবে
L দ্রব্যমূল্য বৃদ্ধি পাবে
M দ্রব্যমূল্য অপরিবর্তিত থাকবে
N সম্পদের সুসম বণ্টন হবে

**২১. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ব্যাংক কোন নীতি অবলম্বন করে ঋণ নিয়ন্ত্রণের চিন্তাভাবনা করছে?**
K ঋণের বরাদ্দকরণ নীতি L প্রচারণামূলক নীতি
M ব্যাংক হার নীতি N খোলাবাজার নীতি

**২২. নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি?**
K সম্পত্তি বিমাচুক্তি L জীবন বিমাচুক্তি
M দুর্ঘটনা বিমাচুক্তি N দায় বিমাচুক্তি

**২৩. BACH-এর পূর্ণরূপ কোনটি?**
K Bangladesh Automated Clearing House
L Bangladesh Automated Cash House
M Bangladesh Authority Clearing House
N Bangladesh Authority Cash House

**২৪. নিচের কোনটি আধুনিক অর্থনীতির প্রাণশক্তি?**
K ব্যাংক L লিজিং কোম্পানি
M প্রাইভেট কোম্পানি N বিমা কোম্পানি

**২৫. অ-তালিকাভুক্ত ব্যাংক কোনটি?**
K সোনালী ব্যাংক L জনতা ব্যাংক
M কর্মসংস্থান ব্যাংক N ইসলামী ব্যাংক

**২৬. কোন ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয়?**
K বাণিজ্যিক ব্যাংক L শিল্প ব্যাংক
M বিশ্ব ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মিস ফারিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় তার একটি সঞ্চয়ী হিসাব আছে। উক্ত হিসাবে অর্থ জমা থাকলেই একটি কার্ডের মাধ্যমে শপিং মলে গিয়ে পণ্য ক্রয় করতে পারে। একদিন পণ্য ক্রয় করে কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ করার সময় জানতে পারল তার হিসাবে পর্যাপ্ত অর্থ নেই। তাই পণ্য ক্রয় না করে সে ফিরে আসল।

**২৭. মিস ফারিয়া কোন ধরনের কার্ড ব্যবহার করত?**
K ক্রেডিট কার্ড L ডেবিট কার্ড
M পরিচয়পত্র কার্ড N ক্যাশ কার্ড

**২৮. মিস ফারিয়া কোন ধরনের কার্ড ব্যবহার করলে পণ্যমূল্য পরিশোধ করতে পারত?**
K মাস্টার কার্ড L ভিসা কার্ড
M ক্রেডিট কার্ড N ডেবিট কার্ড

**২৯. ব্যাংক হলো—**
i. অর্থ ও ঋণের ব্যবসায়ী
ii. অর্থের নিরাপদ সংরক্ষণকারী
iii. ঋণ আমানত সৃষ্টিকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. নিচের কোনটি সরকারি বিমা প্রতিষ্ঠান?**
K জীবন বিমা কর্পোরেশন
L রূপালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি
M ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি
N সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | K | ৪ | N | ৫ | L | ৬ | M | ৭ | N | ৮ | L | ৯ | M | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | K | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | K | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | M | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | K |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৭ ঢাকা কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ বাংলাদেশ সরকার মেট্রোরেল প্রকল্পের প্রয়োজনীয় মূলধন সংগ্রহের লক্ষ্যে তার প্রতিনিধিত্বকারী ব্যাংককে দায়িত্ব দেয়। ব্যাংকটি বাজারে ট্রেজারি বিল ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যাংক হার নীতি কী? ১
খ. ঋণদানের শেষ আশ্রয়স্থল বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের প্রতিনিধিত্বকারী ব্যাংকটির নাম কী? এটি দেশের অর্থবাজার সচল রাখতে কীভাবে অবদান রাখে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ট্রেজারি বিল ইস্যু করে মূলধন সংগ্রহের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২ ▶ রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও করোনা অতিমারির প্রভাবের কারণে বিশ্ববাজারে ভোজ্য তেলের মূল্য বেড়ে যাওয়ায় দেশের বাজারেও ভোজ্য তেলের মূল্যসহ অন্যান্য আমদানিকৃত দ্রব্যের মূল্য ব্যাপকভাবে বৃদ্ধি পায় ফলে আমদানি ব্যয় বৃদ্ধি পায়। ডলারের চাহিদা বেড়ে যায় এবং দেশের মুদ্রার মূল্যমানের অবমূল্যায়ন ঘটে।

ক. মুদ্রাস্ফীতি কাকে বলে? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক কেন বলা হয়? ২
গ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে অবদান রাখতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে মুদ্রার বৈদেশিক বিনিময় হার নির্ধারণ করে? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ তালিকাভুক্ত ব্যাংকসমূহ গ্রাহকদের আমানত সংগ্রহ ও ঋণদান করে, শেয়ার ক্রয়-বিক্রয় করে। গ্রাহকদের প্রতিনিধি হিসেবে কাজ করে। কিন্তু অনেক সময় কিছু তালিকাভুক্ত ব্যাংক গ্রাহকদের আমানতকৃত অর্থ অধিক হারে শেয়ারবাজারে বিনিয়োগ করে, ঝুঁকিপূর্ণ খাতে ঋণদান করে, যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করে না। এতে করে আমানতকারীদের অর্থ ঝুঁকির মুখে পড়ে।

ক. তারল্য কী? ১
খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে"— ব্যাখ্যা কর। ২
গ. আমানতকারীদের অর্থের নিরাপত্তার জন্য কেন্দ্রীয় ব্যাংক কী ধরনের পদক্ষেপ নিতে পারে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংকার-গ্রাহক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সায়হাম বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষের একজন ছাত্র। সে তার জমানো টাকা দিয়ে ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। সে তার পছন্দমতো ব্যাংকে যাওয়ার পর ব্যাংক কর্মকর্তা তাকে হিসাব খোলার আবেদনপত্রের সাথে ১টি বিশেষ ফর্ম দেয় এবং বলে এটি পূরণ করা বাধ্যতামূলক।

ক. ব্যাংক হিসাব কাকে বলে? ১
খ. নমুনা স্বাক্ষর কার্ড কেন প্রয়োজন হয়? ২
গ. সায়হামের জন্য কোন হিসাবটি উপযুক্ত বলে তুমি মনে কর? ৩
ঘ. সায়হামের হিসাব খোলার জন্য উদ্দীপকে উল্লিখিত ফর্মটির প্রতি গুরুত্ব আরোপের কারণ বিশ্লেষণ কর। ৪

৫ ▶ শাহীন নিউমার্কেটে বাজার করতে যায়। নগদ অর্থ অপ্রতুল হওয়ায় শাহীন তার মোবাইল অ্যাপস ব্যবহারের মাধ্যমে দোকানদারকে অর্থ পরিশোধ করে। শাহীনের একটি ব্যাংক কার্ড আছে যা দ্বারা সে নির্দিষ্ট সীমার মধ্যে অর্থ উত্তোলন করতে পারে এবং যেকোনো জায়গায় কেনাকাটা করতে পারে।

ক. POS কী? ১
খ. বর্তমানে ATM এর ব্যবহার এত জনপ্রিয় কেন? ২
গ. উদ্দীপকে শাহীন ব্যাংক হতে কোন ধরনের কার্ড পেয়েছেন? এই কার্ডের গুরুত্ব মূল্যায়ন কর। ৩
ঘ. মোবাইল ব্যাংকিং দ্রুত সেবাদানের মাধ্যমে জীবনের বিভিন্ন বাধা দূর করেছে তুমি কি এর সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ জনাব ফাহিম একটি ব্যাংকে হিসাব খুলে লেনদেন পরিচালনা করেন। উক্ত ব্যাংকটির দেশে-বিদেশে বহু অফিস রয়েছে। ব্যবসায়ের প্রয়োজনে তিনি অন্য একটি ব্যাংকে হিসাব খুলেছেন। তিনি দুটি ব্যাংকের কাজে ও কর্মীদের আচরণে পার্থক্য দেখতে পান। নতুন ব্যাংকটির কর্মীদের কাজে তুষ্ট হয়ে তিনি নতুন ব্যাংকেই অধিক লেনদেন করছেন।

ক. গারনিশি আদেশ কী? ১
খ. ব্যাসেল-২ বলতে কী বোঝায়? ২
গ. জনাব ফাহিম প্রথমে যে ব্যাংকে লেনদেন করেছেন সাংগঠনিক ভিত্তিতে তা কোন ধরনের ব্যাংক— ব্যাখ্যা কর। ৩
ঘ. পরের ব্যাংকটি যে নীতি অনুসরণ করেছে তা ব্যাংক ব্যবসায়ে টিকে থাকার জন্য আবশ্যক— এ বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মি. শাফিন একজন শিক্ষক। তিনি ব্যাংক হিসাব খুলতে চান। যে হিসাবের মাধ্যমে তিনি আধুনিক প্রযুক্তির দ্বারা ব্যাংকিং সেবা পাবেন। অন্যদিকে মি. শাফিনের বাবা অবসর গ্রহণের পর বেশ কিছু টাকা পেয়েছেন। তিনি এখন এমন একটি হিসাবে অর্থ জমা রাখতে চাচ্ছেন যাতে তার আয় বেশি হয় এবং প্রাপ্ত আয় নির্দিষ্ট সময় পর পর উত্তোলন করা যায়।

ক. হুকুম চেক কী? ১
খ. বাহক চেক হুকুম চেক অপেক্ষা কম নিরাপদ কেন? ২
গ. মি. শাফিনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উত্তম? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. শাফিনের বাবার প্রয়োজন অনুযায়ী অন্য একটি হিসাব খুলতে হবে এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮ ▶ জনাব হাসান একজন তৈরি পোশাক ব্যবসায়ী। তিনি রপ্তানির উদ্দেশ্যে ৪ কন্টেইনার তৈরি পোশাক সীতাকুণ্ড ডিপোতে রাখেন। সকল তৈরি পোশাক বিমাকৃত ছিল। এর মধ্যে ডিপোতে আগুন লেগে ৩ কন্টেইনার পোশাক পুড়ে যায়। জনাব হাসান সম্পূর্ণ পোশাকের জন্য ক্ষতিপূরণ চেয়ে বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি তার সম্পূর্ণ দাবি পূরণে অস্বীকৃতি জানায়। পরবর্তীতে শর্তসাপেক্ষে তা পূরণ করতে চায়।

ক. বিমা কী? ১
খ. আর্থিক ক্ষতিপূরণের নীতি বলতে কী বোঝায়? ২
গ. জনাব হাসানের দাবি পূরণে বিমা কোম্পানির অপারগতা প্রকাশের কারণ কী? ৩
ঘ. বিমার কোন শর্ত পূরণ হলে জনাব হাসান ক্ষতিপূরণের অর্থ পাবেন বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▶ মি. তমাল তার গাড়িটি বিমা করেছিলেন। একটি দুর্ঘটনায় তার গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি তাকে ক্ষতিপূরণ দেয় এবং ক্ষতিগ্রস্ত গাড়িটি নিয়ে নেয়। মি. তমাল তার জীবনেরও বিমা করেছিলেন। এখন তিনি চিন্তায় আছেন বিশেষ কোনো কারণে তিনি মারা গেলে বিমা কোম্পানি তার নমিনিকে ক্ষতিপূরণ দিয়ে তার মৃতদেহটিকেও নিয়ে যাবে।

ক. মৃত্যুহারপঞ্জি কাকে বলে? ১
খ. জীবন বিমায় চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক কেন প্রয়োজন? ২
গ. ক্ষতিগ্রস্ত গাড়িটি বিমা কোম্পানি নিয়ে যাওয়ায় বিমার কোন নীতি কার্যকর হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী মি. তমালের মধ্যে যে ভয় কাজ করছে তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১০ ▶ আরিফ ICB তে তিন মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত ছিল। মেয়াদ শেষে কর্তৃপক্ষ তাকে শিক্ষানবিশ ভাতার চেক প্রদান করে। চেকটির বাম কোণে ২টি আড়াআড়ি দাগ কাটা আছে। আরিফের কোনো ব্যাংক হিসাব ছিল না। আরিফ যখন চেকটি ভাঙাতে সংশ্লিষ্ট ব্যাংকে যায় তখন তারা তাকে ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেয়।

ক. আদেষ্টা কে? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের চেকটি কী ধরনের দাগ কাটা চেক বলে তুমি মনে কর? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে চেকটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

১১ ▶ মি. জাহিদ একজন বাসচালক। যেকোনো সময় দুর্ঘটনার শিকার হতে পারেন, তিনি পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে বিমা পলিসি গ্রহণ করেন। যেখানে তিনি মারা গেলেই কেবল তার পরিবার নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রাপ্ত হবে। অপরদিকে জনাব রাকিন মাসিক প্রিমিয়াম প্রদানের চুক্তিতে ১০ বছর মেয়াদি ১টি বিমা পলিসি গ্রহণ করেন। কিন্তু ৫ বছর পর আর্থিক অসংগতির কারণে তিনি বিমা চালিয়ে নিতে অপারগ হওয়ায় বিমাপত্রটি বিমা কোম্পানির নিকট হস্তান্তর করে একটি গ্রহণযোগ্য পরিমাণ অর্থ ফেরত দাবি করেন।

ক. প্রিমিয়াম কী? ১
খ. কোন ধরনের বিমাপত্র বিনিয়োগের সুবিধা প্রদান করে এবং কীভাবে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. জাহিদের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর বিমা কোম্পানি জনাব রাকিনের দাবিকৃত অর্থ প্রদান করবে? তোমার মতামত দাও। ৪

## ৩৮ ✓ নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব আসলাম সাহেব একজন ব্যবসায়ী। তার ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন একটা প্রকল্প হাতে নিতে চাচ্ছেন। যেখানে অনেক মূলধন বিনিয়োগ প্রয়োজন। উক্ত মূলধন বিনিয়োগে তার ঝুঁকিও প্রচুর। তার বিনিয়োগযোগ্য মূলধন হারানোর ভয়ে বিমা করতে গেলে বিমা কোম্পানি করতে অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১
খ. বিমাচুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব আসলাম সাহেবের বিনিয়োগযোগ্য মূলধন কী ধরনের ঝুঁকি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আসলাম সাহেবের নতুন প্রকল্পের জন্য বিমা প্রতিষ্ঠান কর্তৃক বিমাচুক্তির অস্বীকৃতি জানানো কতটুকু যুক্তিসংগত বলে তুমি মনে কর আলোচনা কর। ৪

২▶ দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষায় কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অপরিসীম। বিভিন্ন কারণে দেশের মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি তার সুদের হার ১% বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করে। তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে কতকগুলো খাত সুনির্দিষ্ট করে দেওয়ায় ঋণ সরবরাহে স্থিতিশীলতা আসে।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের প্রথম পদক্ষেপটি আলোচনা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে সর্বশেষ পদক্ষেপসমূহ কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৩▶ আত্রাই ব্যাংক দেশের সকল তফশিলি ব্যাংকে তাদের বিশেষ মুহূর্তে ঋণদান করে থাকে। ব্যাংকটির নির্দেশনা মোতাবেক দেশের সকল ব্যাংক পরিচালিত হয়। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে তথা দেশের অভ্যন্তরীণ ঋণের হ্রাস বৃদ্ধি আত্রাই ব্যাংকের আদেশ নির্দেশ মোতাবেক পরিচালিত হয়।

ক. একক ব্যাংক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ২
গ. উদ্দীপকের ব্যাংকের কয়েকটি কার্যাবলি উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকের দেশের মুদ্রাস্ফীতি ও ঋণ নিয়ন্ত্রণে ক্ষমতা রাখে। তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪▶ মেঘনা ব্যাংক দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় জনগণের আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করে। পরবর্তীতে তাদের কার্যক্রম দেশের বাইরেও বিস্তৃত করে। অপরদিকে সুরমা ব্যাংক শুধু সিলেট সদরে অবস্থিত একমাত্র অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. ব্যাংক কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. কাঠামোর ভিত্তিতে মেঘনা ব্যাংক কোন ধরনের ব্যাংক ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সুরমা ব্যাংক মেঘনা ব্যাংকের থেকে দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে তুমি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫▶ জনাব রহিম ১৫ বছরের জন্য ৫ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি সম্পাদন করবে। ৫ বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক সামর্থ্যের কারণে বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং প্রিমিয়াম আদায়ের জন্য আবেদন করে।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহিম কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব রহিম বিমা কোম্পানির নিকট হতে প্রিমিয়াম আদায়ের অধিকারী হবেন কি? বিশ্লেষণ কর। ৪

৬▶ জনাব রুহুল একটি সাইকেল কোম্পানির মালিক। জনাব রুহুল তার কোম্পানির ২০০০ শ্রমিকের নিরাপত্তার জন্য একক বিমাপত্রের মাধ্যমে মেঘনা বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হন। মেঘনা বিমা কোম্পানির একই বিমা গোমতী বিমা কোম্পানির সাথে চুক্তি করেন।

ক. আজীবন বিমাপত্র কী? ১
খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২
গ. জনাব রুহুল মেঘনা বিমা কোম্পানির সাথে চুক্তিটি কোন ধরনের বিমাচুক্তি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মেঘনা বিমা কোম্পানির একই বিমা গোমতী বিমা কোম্পানির সাথে চুক্তি করেন এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭▶ মি. হাবিব এবিসি ব্যাংকের একটি কার্ডের অধিকারী। তিনি সেই কার্ড দিয়ে দিনরাত অর্থ উত্তোলন করতে পারেন। ব্যাংকের কর্মচারী মি. রশিদ তাকে আরেকটি কার্ডের প্রস্তাব দেন যা দিয়ে তিনি নির্ধারিত কিছু মার্কেটে শপিং মলে কেনাকাটা করা ও পণ্যের মূল্য পরিশোধ করতে পারবেন। উক্ত প্রস্তাবে মি. হাবিব রাজি হলেন।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশঘর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. হাবিব কোন ধরনের কার্ড ব্যবহার করে থাকেন আলোচনা কর। ৩
ঘ. তোমার মতে দুটি কার্ডের মধ্যে কোনটি উত্তম? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৮▶ মি. আলী তার বন্ধুদের কাছে একটি ব্যবসায় সম্পর্কে জানতে পারে যেটি মানুষের বিভিন্ন ধরনের ঝুঁকির বিপরীতে আর্থিক সহায়তা করে। এ ব্যবসায়টি মানুষের জীবনের ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে আর্থিক নিরাপত্তা নিশ্চিত করে। বর্তমানে এ ব্যবসায়টি সবার কাছে গ্রহণযোগ্য জনপ্রিয় হয়ে উঠেছে।

ক. বিমা সেলামি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উল্লিখিত ব্যবসায়ের ধরন আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত বর্তমানে ব্যবসায়ের গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা কর। ৪

৯▶ মি. হোসেন ব্যবসায় কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য একটি ব্যাংক হিসাব খুলতে চায়। ব্যাংক ম্যানেজার তাকে এমন হিসাব খুলতে বলে যে হিসাব হতে মি. হোসেন দিনে যতবার প্রয়োজন টাকা জমা দিতে ও ওঠাতে পারবেন। এর পাশাপাশি চাইলে জমাতিরিক্ত ঋণ নিতে পারবে। অপরদিকে স্বল্পকালীন সময়ের জন্য সুদও পাবেন।

ক. চলতি হিসাব কী? ১
খ. একজন ব্যবসায়ীর জন্য কোন হিসাব অধিক প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ম্যানেজার মি. হোসেনকে কোন ধরনের হিসাব খুলতে পরামর্শ দিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. হোসেন ব্যবসায় কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনায় উদ্দীপকের উল্লিখিত ব্যাংক হিসাব অধিক গুরুত্বপূর্ণ? এর সপক্ষে যুক্তি দাও। ৪

১০▶ আয়ান একজন ছাত্র। ব্যাংকে হিসাব খোলার মাধ্যমে সে এটিএম, অনলাইনসহ বিভিন্ন ব্যাংকিং সুবিধা চায়। অন্যদিকে অবসরপ্রাপ্ত কর্মকর্তা মি. হামিদ সাহেব পেনশন বাবদ কিছু টাকা পেয়েছেন। এই টাকাটা এমন কোনো হিসাবে রাখতে চান যাতে তার কিছু বাড়তি আয় হয়।

ক. ব্যাংক পাস বই কী? ১
খ. স্থায়ী হিসাব ও সঞ্চয়ী হিসাবের পার্থক্য লেখ। ২
গ. আয়ান যেসব সুবিধা চায় তার জন্য সেক্ষেত্রে কোন হিসাব উত্তম? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. হামিদ সাহেব কোন ধরনের হিসাব খুলে বাড়তি আয় নিশ্চিত করতে পারবেন বলে তুমি মনে কর? ৪

১১▶ রাজশাহীর রানু দাশ ব্যবসায়ের প্রয়োজনে ঢাকার চকবাজার মনু মোল্লাকে ১ কোটি ৩০ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। মনু মোল্লা সেটি তার হিসাবে জমা দেন। তবে ১ জানুয়ারি তারিখে ইস্যুকৃত চেকটি ৮ জুলাই তারিখে ব্যাংকে জমা দেন।

ক. নমুনা স্বাক্ষর কী? ১
খ. চেকের আদিষ্ট কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বর্ণিত চেকটি কোন ধরনের চেক? এ চেকের সুবিধা বর্ণনা কর। ৩
ঘ. মনু মোল্লা কীভাবে তার প্রাপ্য টাকা আদায় করতে পারবেন? বিশ্লেষণ কর। ৪

## ৩৯ যশোর সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ সাকিব ও সাহিব দুই ভাই। সাকিব যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র গড়ার চেষ্টায় ১,০০,০০০ ঋণ প্রাপ্তির জন্য ঘুরছে। ঘুরতে ঘুরতে সে এমন ব্যাংকের সন্ধান পায় যারা বেকার সমস্যা সমাধানের জন্য যুবক-যুব মহিলাদের সহজ শর্তে ঋণ দেয়। সেখান থেকে সে ঋণ নিয়েছে। সাহিব একটি ছোট ব্যাংক থেকে ঋণ নেয় যেখানে ছোট ও ঘরোয়া শিল্প গড়ে তুলতে ঋণ দেওয়া হয়।

ক. ব্যাংকিং কী? ১
খ. শাখা ব্যাংক কাকে বলে? ২
গ. সাকিব যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে কার্যাবলির দিক থেকে সেটি কোন ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের ক্ষুদ্র শিল্প বিকাশে সাহিবের ঋণ সরবরাহকৃত ব্যাংকটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

২ ▸ অজিফা ব্যাংক একটি বড় ব্যাংক যার দেশের সব উপজেলায় শাখা রয়েছে। ব্যাংকটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে ব্যাংকিং কার্য পরিচালনা করে। মিম একটি ছোট ব্যাংক যেটি আর্থিকভাবে অসচ্ছল হয়ে যাচ্ছে। অজিফা ব্যাংক মিম ব্যাংকের ৬০% শেয়ার ক্রয় করে নেয় এবং উক্ত ব্যাংকের পরিচালনার দায়িত্ব গ্রহণ করে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কাকে বলে? ১
খ. ব্যাংকার কাকে বলে? ব্যাখ্যা কর। ২
গ. কার্যাবলির দিক থেকে অজিফা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. অজিফা ও মিম ব্যাংক একত্রিত হয়ে কোন ব্যাংকিং গড়ে তুলেছে? অর্থনীতিতে এর গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৩ ▸ পিয়াল ব্যাংককে বারবার সতর্ক করছিল কেন্দ্রীয় ব্যাংক কিন্তু সে ব্যাংকটি তেমন আমলে নেয়নি ফলে ব্যাংকটি একসময় বিপদে পড়ে মন্দ তালিকায় অন্তর্ভুক্ত হয়। কেন্দ্রীয় ব্যাংক মুখ ফিরিয়ে নিতে পারত কিন্তু সে নেয় না। সে পিয়াল ব্যাংকের পাশে এসে দাঁড়ায়। প্রয়োজনীয় ঋণ ও পরামর্শ দেয়। এক পর্যায়ে ব্যাংকটিতে প্রশাসক নিয়োগপূর্বক দায়িত্ব গ্রহণ করে। এতে ধীরে ধীরে জনগণের আস্থা ফেরে।

ক. কেন্দ্রীয় ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১
খ. নিকাশ ঘর কাকে বলে? ২
গ. পিয়াল ব্যাংক কোন ধরনের বাণিজ্যিক ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের এরূপ বারে বারে পাশে এসে দাঁড়ানোর মধ্যদিয়ে অভিভাবকের ভূমিকার প্রমাণ মিলেছে– ব্যাখ্যা কর। ৪

৪ ▸ দেশের দ্রব্যমূল্য দ্রুত বাড়ছে। তাই মুদ্রাস্ফীতি রোধে সরকার বাংলাদেশ ব্যাংককে বিশেষ নির্দেশনা দিয়েছে। বাংলাদেশ ব্যাংক এজন্য CRR ৬% থেকে ৮% বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে এতে ব্যাংকের ঋণদান ক্ষমতা কিছুটা কমলেও তা প্রত্যাশিত না হওয়ায় বাংলাদেশ ব্যাংক বাজারে কিছু বন্ড ও বিল ছেড়েছে। এতে গ্রাহকদের মধ্যে যথেষ্ট সাড়া পরিলক্ষিত হচ্ছে।

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. অর্থবাজারের মুরব্বি কোন ব্যাংক? বুঝিয়ে লিখ। ২
গ. বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে প্রথমে কোন নীতি গ্রহণ করেছে? বর্ণনা কর। ৩
ঘ. বাংলাদেশ ব্যাংকের পরবর্তী কার্যক্রম পরোক্ষ হলেও কার্যকর হবে– ব্যাখ্যা কর। ৪

৫ ▸ আরিয়ান সাহেব একজন ব্যবসায়ী। তিনি তার কর্মচারীকে ২০,০০০ টাকার একটি চেক দিয়ে টাকা তুলতে পাঠালে সে চেকটি হারিয়ে ফেলে। একজন ব্যক্তি চেকটি দ্বারা টাকা তুলে নিয়ে যায়। এর পর একজন পাওনাদারকে তিনি এমন একটি চেক দেন যেটির টাকা ঐ পাওনাদারের ব্যাংক হিসাবে জমা হবে এবং সে ছাড়া কেউ এই টাকা তুলতে পারবে না।

ক. ক্রেডিট কার্ড কী? ১
খ. চেকের অমর্যাদা বলতে কী বোঝ? বিশ্লেষণ কর। ২
গ. আরিয়ান সাহেবের হারিয়ে যাওয়া চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. আরিয়ান সাহেবের ২য় চেকটি কি অধিক নিরাপদ? তোমার সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬ ▸ আনিকার চাচা এমন একটি ব্যাংকে চাকরি করেন যে ব্যাংক সরকারের তহবিল সংরক্ষণ করে এবং নিকাশ ঘর হিসাবে কাজ করে।

ক. বাংলাদেশ ব্যাংকের গভর্নর কয়জন? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে বাণিজ্যিক ব্যাংকগুলোকে নিয়ন্ত্রণ করে? ২
গ. আনিকার চাচা কোন ব্যাংকে চাকরি করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় এই ব্যাংকের অবদান মূল্যায়ন কর। ৪

৭ ▸ মি. নাহিদ একজন চাকরিজীবী। তার বেতনের টাকা ব্যাংক হিসাবে জমা হয়। তিনি মূলত এটিএম কার্ড দিয়ে টাকা উত্তোলন করেন। তার চেক বইটা চুরি হয়ে গেলেও অনেকদিন তিনি খেয়াল করেননি। পরে তিনি ব্যাংককে লিখিতভাবে অবহিত করেন। এরপর উক্ত চেকের পাতায় জাল স্বাক্ষর করে টাকা উঠানো হয়। পরে বিষয়টি জানাজানি হলে ব্যাংক চেকের দায়িত্ব নিতে অস্বীকার করে। মি. নাহিদ মামলা করলে বিচারক তার পক্ষে রায় দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. বিশেষভাবে দাগকাটা চেক বলতে কী বোঝ? ২
গ. নাহিদের চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিচারক মি. নাহিদের পক্ষে যে রায় দিয়েছেন তা কি তুমি সমর্থন কর? রায়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সুমনের বাবা হঠাৎ রাতে হৃদরোগে আক্রান্ত হওয়ায় জরুরি ২০,০০০ টাকার প্রয়োজন পড়ে। তার ভাই মামুনের কাছে টাকা না থাকলেও সে একটা কার্ড নিয়ে বেরিয়ে দ্রুত টাকা সংগ্রহ করে আনল। মামুন ইদানীং বিভিন্ন সময়ে বিদেশে যাচ্ছে। কখনো তার অতিরিক্ত টাকার প্রয়োজন পড়ে। তাই সে আগের কার্ডটি জমা দিয়ে নতুন কার্ড নিয়েছে এতে তার খরচ বৃদ্ধি পেলেও সুবিধা হয়েছে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. ঋণ সুবিধাসহ এটিএম কার্ডকে কী বলে? ২
গ. উদ্দীপকে মামুন কোথা থেকে টাকা সংগ্রহ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মামুন পরবর্তীতে যে কার্ড সংগ্রহ করেছে তা ১ম কার্ড অপেক্ষা কতটা সুবিধাজনক? মূল্যায়ন কর। ৪

৯ ▸ মি. রিফাত ও রুবেল দুইজন বন্ধু। মি. রিফাত ঢাকা-রাজশাহী মহাসড়কে একটি পেট্রোল পাম্প বসিয়েছেন। এসবের নিরাপত্তার জন্যে তিনি বিমাও করেছেন। অন্যদিকে রুবেল যাত্রী পরিবহনের জন্যে ২টি বিলাসবহুল বাসের ব্যবসায় করছেন। মি. রিফাত বারবার রুবেলকে নিজের সম্পত্তি ও যাত্রীদের নিরাপত্তার জন্যে ব্যবস্থা গ্রহণ করতে বললেও তিনি গুরুত্ব দেননি। একটি দুর্ঘটনায় ২ জন যাত্রী নিহত ও ১০ জন আহত হলে তিনি বিপর্যস্ত হয়ে পড়েন।

ক. বিমা কী? ১
খ. আনুপাতিক অংশগ্রহণ নীতি বলতে কী বোঝায়? ২
গ. মি. রিফাত কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. রুবেল প্রিমিয়াম বাঁচাতে গিয়ে বিপদে পড়েছেন? তুমি কি সমর্থন কর? যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব সগীর তার ব্যক্তিগত গাড়ির জন্য ২০ লাখ টাকা বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। সগীর বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি বিক্রয় করে ২৫,০০০ টাকা পাওয়া গেলে তা সগীর দাবি করলে বিমা কোম্পানি দিতে অস্বীকার জানায়।

ক. সাধারণ বিমা কাকে বলে? ১
খ. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথ ব্যবস্থা বলা হয় কেন? ২
গ. কোন নীতির আওতায় সগীর বিমা প্রতিষ্ঠানের নিকট হতে অর্থ লাভ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান কর্তৃক সগীরের সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা তুলে ধর। ৪

১১ ▸ জনাব ইমরান একজন চাকরিজীবী। তিনি তার স্ত্রীকে নমিনি করে জীবন বিমা কর্পোরেশন থেকে একটি ২০ বছর মেয়াদি বিমাপত্র গ্রহণ করেন। ৫ বছর পর হঠাৎ শারীরিক অসুস্থতার জন্য তিনি কর্মে অক্ষম হয়ে যান। বিমাদাবির জন্য আবেদন করলে কোম্পানি দাবি প্রত্যাখ্যান করে এবং তাকে তার প্রদত্ত অর্থের অংশবিশেষ ফেরত দেয়।

ক. প্রিমিয়াম কী? ১
খ. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জনাব ইমরান কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি দাবি পরিশোধ না করে যে অর্থ দিয়েছে তা কতটা যৌক্তিক? বিশ্লেষণ কর। ৪

## ৪০ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ স্বদেশ ফাইনান্স লি. দেশের বিভিন্ন জায়গায় তার শাখা স্থাপন করে জনগণের কাছ থেকে টাকা সংগ্রহ করে থাকে। কিন্তু তাদের উপর জনগণের আস্থা কম, কারণ প্রতিষ্ঠানটি কোনো শক্তিশালী প্রতিষ্ঠানের অধীনে পরিচালিত হচ্ছে না। তাছাড়া প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়লে উদ্ধার করার কেউ নেই। প্রতিষ্ঠানটি তাদের ব্যবসার ভবিষ্যৎ নিয়ে অনেক চিন্তিত, সেইজন্য তাদের কাঠামো পরিবর্তন করে একটি শক্তিশালী ব্যাংকের অধীনে পরিচালিত হতে চায় যেটি তার ঋণদানের শেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করবে।

ক. ব্যাংকিং কী? ১
খ. KYC কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. স্বদেশ ফাইনান্স লি. কোন ধরনের প্রতিষ্ঠান আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি তার কাঠামো পরিবর্তনের ফলে দেশের অর্থনৈতিক উন্নয়নে কী বেশি ভূমিকা রাখতে পারবে? সপক্ষে যুক্তি দাও। ৪

২▸ ঋণের আধিক্য ও স্বল্পতা উভয়ই দেশের জন্য ক্ষতিকর। উভয় অবস্থায় দেশের উৎপাদন, বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়ন চরমভাবে ব্যাহত হয়। এ অবস্থা থেকে পরিত্রাণ লাভের জন্য ঋণ নিয়ন্ত্রণ আবশ্যক। সরকার একটি ব্যাংককে ঋণ নিয়ন্ত্রণের দায়িত্ব প্রদান করে। ব্যাংকটি সুদের হার বাড়িয়ে কমিয়ে ঋণ নিয়ন্ত্রণের চেষ্টা করে। ফলে দেশের ঋণ নিয়ন্ত্রণে কার্যকর প্রভাব লক্ষ করা যাচ্ছে।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১
খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংককে বলা হয় এবং কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি ব্যবহার করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকটির ঋণ নিয়ন্ত্রণের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩▸ জনাব নাভিদ ও জনাব করিম ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সদ্য এমবিএ পাস করে বের হয়েছে। সম্প্রতি নাভিদ X ব্যাংকের সহকারী পরিচালক পদে যোগদান করে, যেটি দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষা ও ঋণ নিয়ন্ত্রণের সাথে সংশ্লিষ্ট। জনাব করিম Y ব্যাংকের সিনিয়র অফিসার পদে যোগদান করে, যেটি প্রধানত জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে এবং প্রয়োজনে ঋণদানের মাধ্যমে প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় মুনাফা অর্জন নিশ্চিত করে। কার্যাবলি ভিন্ন হলেও করিমের কর্মরত ব্যাংককে নাভিদের কর্মরত ব্যাংককের নিকট দায়বদ্ধ থাকতে হয়।

ক. ব্যাংক কী? ১
খ. ব্যাংককে অর্থ ও ঋণের ব্যবসায়ী বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. কার্যাবলির ভিত্তিতে জনাব নাভিদের কর্মরত ব্যাংককের নিকট দায়বদ্ধ থাকার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৩
ঘ. করিমের কর্মরত ব্যাংককে নাভিদের কর্মরত ব্যাংককের নিকট দায়বদ্ধ থাকার যৌক্তিতা বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. নাসির একজন ক্ষুদ্র ব্যবসায়ী তার ব্যাংক হিসাবে ১,৫০,০০০ টাকা জমা আছে। ১৫ জুলাই সকাল ১০টায় তিনি ৫০,০০০ টাকা উত্তোলন করেন এবং দুপুর ১২টায় ৭৫,০০০ টাকা জমা দেন। দুপুর ২টায় মি. চৌধুরীকে ১০,০০০ টাকার একটি চেক প্রদান করেন। মি. নাসির তার সকল আর্থিক লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে সম্পাদন করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. ব্যাংক হিসাব কেন খোলা হয়? ২
গ. মি. নাসির কোন ধরনের হিসাব পরিচালনা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন ব্যবসায়ী হিসেবে মি. নাসির উক্ত হিসাবের মাধ্যমে কী সুবিধা লাভ করতে পারে? ব্যাখ্যা কর। ৪

৫▸ জনাব তানভীর আহমেদ একজন ব্যবসায়ী। তার HL ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব আছে। তিনি এই হিসাবটি তার ব্যবসায়িক লেনদেনে ব্যবহার করতে পারবেন কিনা এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপকের পরামর্শ চাইলে ব্যবস্থাপক তাকে অন্য একটি ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তানভীর আহমেদের সঞ্চয়ী হিসাবটি কেন ব্যবসায়িক লেনদেনের উপযুক্ত নয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যবস্থাপক জনাব তানভীর আহমেদকে যে হিসাব খুলতে পরামর্শ দিয়েছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব জাওয়াদ একটি দশ তলাবিশিষ্ট ভবনের মালিক। তিনি তার ভাড়াটিয়াদের নিকট থেকে নগদে বা চেকের মাধ্যমে মাসিক ভাড়া গ্রহণ করেন। ২০২২ সালের জুন মাসের ভাড়া বাবদ তিনি পাঁচজন ভাড়াটিয়ার নিকট থেকে মোট ৯০,০০০ টাকার সোনালী ব্যাংক লি. মনোহরপুর শাখায় পাঁচটি চেক পান। জনাব জাওয়াদেরও সোনালী ব্যাংক লি. মনোহরপুর শাখায় একটি ব্যাংক হিসাব আছে। প্রাপ্ত চেক পাঁচটিতে 'জনাব জাওয়াদকে অথবা বাহককে' কথাটি লেখা ছিল। তিনি চেক পাঁচটির বাম কোণায় দুটি করে রেখা টেনে দিয়ে সোনালী ব্যাংকে জমা দানের জন্য তার একটি নিকটাত্মীয়ের নিকট হস্তান্তর করেন। উক্ত আত্মীয় ব্যাংকে চেক পাঁচটি জমা দিয়ে নগদ অর্থ দাবি করলে ব্যাংক কর্তৃপক্ষ তার দাবি প্রত্যাখ্যান করেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. চেকের আদিষ্ট কে? বুঝিয়ে লিখ। ২
গ. জনাব জাওয়াদ ভাড়াটিয়াদের নিকট থেকে কী ধরনের চেক পেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব জাওয়াদ কর্তৃক চেকের কোণায় লাইন টেনে দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব শাহীনুর একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়িক প্রয়োজনে মাঝে মাঝে বাকিতে লেনদেন করেন। লেনদেনকৃত বাকির টাকা পরবর্তীতে নগদে এবং চেকের মাধ্যমে সংগ্রহ করেন। অতি সম্প্রতি তিনি দুটি চেকের মাধ্যমে বাকির টাকা জনাব ফরিদের নিকট হতে পেয়েছেন। জনাব শাহীনুর জনতা ব্যাংকে লেনদেন করেন। কিন্তু তিনি চেক দুটি জনতা ও অগ্রণী ব্যাংকের মাধ্যমে পেয়েছেন। তিনি চেক দুটি নিয়ে তার লেনদেনকৃত জনতা ব্যাংকে যান। ব্যাংক তাৎক্ষণিকভাবে একটি চেকের টাকা দিতে চাইলেও অন্যটির জন্য সাতদিন সময় চাইল।

ক. নিকাশ ঘর কী? ১
খ. সঞ্চয়ী হিসাবের টাকা কি ইচ্ছামতো যত খুশি যখন তখন তোলা সম্ভব? ব্যাখ্যা কর। ২
গ. জনতা ব্যাংক জনাব শাহীনূরকে কোন চেকের টাকা তাৎক্ষণিকভাবে দিতে চাইল, কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক কেন অন্য চেকের টাকা দিতে সাত দিন সময় চাইল? দুটি চেকের বৈশিষ্ট্য উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৪

৮▸ রহিম ও সুমনের যমুনা ব্যাংকে হিসাব আছে। ব্যাংক তাদের দুটি প্লাস্টিক কার্ড প্রদান করে। তারা শপিংমলে কেনাকাটা করতে যায় তাদের কাছে নগদ অর্থ না থাকলেও প্লাস্টিক কার্ডের মাধ্যমে তারা কেনাকাটা করতে সক্ষম হন। এক্ষেত্রে রহিমের ব্যাংক হিসাবে টাকা থাকলেও সুমনের ব্যাংক হিসাবে টাকা ছিল না।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ব্যাংকের কোন প্লাস্টিক কার্ডের কারণে সুমন কেনাকাটা করতে সক্ষম হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্লাস্টিক কার্ড দুটোর মধ্যে কোন কার্ডটির সুযোগ-সুবিধা তুলনামূলকভাবে বেশি? বিশ্লেষণ কর। ৪

৯▸ মি. শাহেদ তার বাবার সাথে একই বাড়িতে থাকেন। বাড়িটি শাহেদের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে মি. শাহেদ বিমা করতে গেলে বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন মি. শাহেদের বাবা বাড়িটি নিজেই বিমা করেন। তারপর মি. শাহেদ বিমা কোম্পানিকে না জানিয়ে বাড়ির দ্বিতীয় তলায় কাজ শুরু করেন। দ্বিতীয় তলার কাজ শেষ হওয়ার পরপরই বাড়িটি এক পাশে হেলে গেছে। মি. শাহেদের বাবা বিমাদাবি করলে বিমা কোম্পানি দাবি পূরণে অস্বীকৃতি জানায়।

ক. বিমা কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. কোন নীতির জন্য মি. শাহেদের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে শাহেদের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? কারণ বিশ্লেষণ কর। ৪

১০▸ মিস তাসনুভা তার ব্যক্তিগত গাড়ির জন্য ৩০ লক্ষ টাকার বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। মিস তাসনুভা বিমাদাবি পেশ করার কিছুদিনের মধ্যে বিমা প্রতিষ্ঠানটি দাবিকৃত ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি কুমিল্লার একজন ব্যবসায়ী বিশ হাজার টাকায় কিনেন। গাড়ি বিক্রয় থেকে প্রাপ্য অর্থ মিস তাসনুভা দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. নিয়ন্ত্রণ অযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মিস তাসনুভা কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান কর্তৃক মিস তাসনুভার সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব রুহুল ১৫ বছরের জন্য ৫ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি সম্পাদন করে। ৫ (পাঁচ) বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থ্যের কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং প্রিমিয়াম আদায়ের জন্য আবেদন করে।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রুহুল কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব রুহুল বিমা কোম্পানির নিকট প্রিমিয়াম ফেরত পাওয়ার অধিকারী হবেন কি? বিশ্লেষণ কর। ৪

## ৪১ সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব শহীদ একজন ব্যবসায়ী। তাকে প্রতিনিয়তই ব্যাংকের সাথে লেনদেনে জড়িত থাকতে হয়। এছাড়া এই হিসাবে তিনি কিছু সুবিধাও পাবেন। তাই তিনি নির্দিষ্ট একটি হিসাব খুলতে আগ্রহী। তিনি এ ব্যাপারে ব্যাংকে যোগাযোগ করলে ব্যাংক তাকে কিছু আনুষ্ঠানিকতা সম্পাদন করতে বললেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. একজন চাকরিজীবীর জন্য কোন হিসাব উত্তম এবং কেন? ২

গ. জনাব শহীদ ব্যাংকে কোন ধরনের হিসাব খুলতে আগ্রহী? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শহীদের হিসাব খোলার আনুষ্ঠানিকতা সম্পর্কে মন্তব্য কর। ৪

২▶ জনাব রাহাত একজন পাওনাদার, তিনি শাপলা লি. এর কাছ থেকে পাওনা টাকার জন্য একটি চেক প্রাপ্ত হন। তিনি চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক তাকে চেকটা তার হিসাবে জমা দিতে বলে। তিনি শিমুল লি. এর কাছ থেকে আরও একটি চেক প্রাপ্ত হন। চেকটিতে তার নামের পাশে "অথবা আদেশনুসারে" লেখা ছিল।

ক. চেকের অমর্যাদা কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে শিমুল লি. এর নিকট হতে প্রাপ্ত চেকটি কোন ধরনের চেক ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শিমুল লি. এর চেকটি অপেক্ষা শাপলা লি. এর চেকটি অধিক নিরাপদ"– বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩▶ বর্তমানে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে। আবার বন্যার কারণে ফসলেরও অনেক ক্ষতি হয়েছে। তাই কেন্দ্রীয় ব্যাংক ৫% হারে সেই ঋণের ১০% কৃষি ঋণের জন্য সকল বাণিজ্যিক ব্যাংককে নির্দেশ দিয়েছেন। অপরদিকে বাজারে মুদ্রা সংকোচনের জন্য কেন্দ্রীয় ব্যাংক খোলাবাজার নীতি ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. ব্যাসেল-২ এর গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. কৃষি ঋণে কেন্দ্রীয় ব্যাংক কোন ধরনের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুদ্রা সংকোচনে কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতির কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৪▶

উষা পাবলিকেশন্স

স্ট্যাম্প তারিখ : ১০ই জুন ২০২২

৫০, বাংলাবাজার, ঢাকা-১১০০

টাকা : ৫০,০০,০০০/=

আমি/আমরা এ মর্মে অঙ্গীকার করছি যে, অদ্য হতে ৩ মাস পরে প্রাপ্ত মূল্যের বিনিময়ে জনাব রজিবকে অথবা তার আদেশক্রমে ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ টাকা) মাত্র পরিশোধ করব।

স্বাক্ষর

(জনাব সুনীল দেওয়ান)

চিত্র-A

AB ব্যাংক লিমিটেড

চকবাজার শাখা, চট্টগ্রাম

SBNO 12345 তারিখ : ১০/০৭/২০২২

মি. রফিক কে বা বাহককে টাকা

প্রদান করুন। পঞ্চাশ লক্ষ

টাকা : ৫০,০০,০০০/=

সোহেল রানা

চিত্র-B

ক. হস্তান্তরযোগ্য ঋণের দলিল কী? ১

খ. বৈদেশিক বাণিজ্যে বিনিময় বিল গুরুত্বপূর্ণ কেন? ২

গ. চিত্র A তে উল্লিখিত চিত্রটি কীসের? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র A ও চিত্র B এর মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৪

৫▶ জনতা ব্যাংক লি., যমুনা ব্যাংক লি. প্রভৃতি ব্যাংকসমূহ নিকাশ ঘর সুবিধা পেয়ে থাকে। এসমস্ত ব্যাংকের মাধ্যমেই কেন্দ্রীয় ব্যাংক জনগণের আমানত সংগ্রহ, ঋণদান ও দেশে-বিদেশে বিভিন্ন লেনদেন সম্পন্ন করতে পারছে। অপরদিকে উপর্যুক্ত ব্যাংকগুলোও কেন্দ্রীয় ব্যাংকের কাছ থেকে প্রয়োজনে বিভিন্ন সুবিধা পেয়ে থাকে।

ক. ব্যাংকিং কী? ১

খ. ব্যাংক বিনিময় মাধ্যম সৃষ্টি করে?– ব্যাখ্যা কর। ২

গ. কেন্দ্রীয় ব্যাংকের সম্পর্কের ভিত্তিতে উপর্যুক্ত ব্যাংকগুলো কোন ধরনের ব্যাংক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকগুলোর অর্থনৈতিক অবদান বর্ণনা কর। ৪

৬▶ জনাব মজিদকে ব্যাংক একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ড সরবরাহ করেছে। এই কার্ড দিয়ে ATM থেকে টাকা উত্তোলন ও দোকান থেকে ক্রয় করতে পারেন। তবে তার হিসাবে টাকা না থাকলে এই কার্ডটি ব্যবহার করতে পারেন না। জনাব মজিদের প্রতিষ্ঠানের ক্রেতারা বিভিন্ন ব্যাংকের চেক দেয়। এখন দাগকাটা চেক না হলে তিনি পাশের শাখা থেকেই টাকা উঠাতে পারেন।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১

খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২

গ. জনাব মজিদকে ব্যাংক কোন ধরনের কার্ড দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চেকের অর্থ সংগ্রহের জন্য জনাব মজিদ ইলেকট্রনিক ব্যাংকিং এর যে উপায় ব্যবহার করেছেন তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৭▶ জনাব শুক্কুর ১৫ বছর মেয়াদি একটি জীবন বিমা করেছেন। কিন্তু তিন কিস্তি প্রিমিয়াম পরিশোধ করার পর তার পক্ষে আর বিমা পলিসি চালিয়ে নেওয়া সম্ভব হচ্ছে না। তাই তিনি বিমা কোম্পানির নিকট প্রয়োজনীয় দাবি দাওয়ার জন্য আবেদন করেন। আবার মি. এনাম সন্তানদের নমিনি করে এমন একটি জীবন বিমা পলিসি করেছেন যেখানে তাকে আমৃত্যু প্রিমিয়াম পরিশোধ করতে হবে।

ক. শিক্ষা বৃত্তি বিমা কী? ১

খ. কোন বিমায় স্থলাভিষিক্ততার নীতি প্রযোজ্য নয় এবং কেন? ২

গ. জনাব শুক্কুর বর্তমান অবস্থায় তার পলিসি থেকে কোনো আর্থিক সুবিধা পাবেন কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. এনাম কর্তৃক ক্রয়কৃত বিমা পলিসি শুধু নমিনিদের স্বার্থরক্ষা করে।"– যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৮▶ মি. নয়ন জাহাজ কোম্পানির মালিক। তিনি ঝড়ঝঞ্ঝা হতে তার জাহাজের নিরাপত্তার জন্য এবি ইন্স্যুরেন্সের সাথে একটি বিমা করেন। এজন্য তিনি বিমা কোম্পানিকে এককালীন আট লক্ষ টাকা প্রদান করেন। পরবর্তীতে জনাব নয়নের জাহাজটি সমুদ্রে অন্য জাহাজের সাথে ধাক্কা লেগে চড়ায় আটকে গেলে বাহিত কাঁচামাল পচে নষ্ট হয়ে যায়। মি. নয়ন ক্ষতিপূরণ দাবি করতে প্রস্তুতি নিচ্ছেন।

ক. ঝুঁকি কী? ১

খ. "বিমা হলো ঝুঁকি বণ্টন ব্যবস্থা"– ব্যাখ্যা কর। ২

গ. মি. নয়ন বিমা কোম্পানিকে কী প্রদান করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. নয়ন ক্ষতিপূরণ পাবেন কী? তোমার মতামত তুলে ধর। ৪

৯▶ দৃশ্যকল্প-১ : জনাব রহিম জনাব রজতকে ৫০ লক্ষ টাকা ধার দিয়েছেন। ২ বৎসর পরে টাকা পাবেন বলে জনাব রহিম কিছুটা চিন্তিত, তাই তিনি জনাব রজতের জন্য জীবন বিমা করতে চাচ্ছেন।

দৃশ্যকল্প-২ : জনাব সৌরভ দুই ধরনের দুটি জীবন বিমা করেছেন। এখন তিনি UN মিশনে সুদান যাবেন বলে দু'বৎসর মেয়াদি আর একটি বিমা করতে চাচ্ছেন। তিনি বিমা করা কালে বিমা কোম্পানিকে পূর্বের বিমা পলিসির তথ্য দেননি। এখন তিনি যাত্রার ৬ মাস পর মারা গেলে তৃতীয় বিমা পলিসির টাকা দিতে বিমা কোম্পানি অস্বীকৃতি জানাচ্ছে।

ক. মৃত্যুহারপঞ্জি কী? ১

খ. কোন ধরনের বিমাপত্রের অধীনে কারখানার সকল শ্রমিকের জীবন বিমা করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ জনাব রহিম কীসের ভিত্তিতে জনাব রজতের জীবন বিমা করতে চাচ্ছেন? ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ জনাব সৌরভকে ক্ষতিপূরণ প্রদানে বিমা কোম্পানির অস্বীকৃতির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১০▶ ১০০ কোটি টাকা মূল্যের এমভি বাংলার আলো জাহাজটি জাহাজের জন্য এ এন্ড বি ইন্স্যুরেন্সের সাথে বিমাচুক্তি করে। পরবর্তীতে এ এন্ড বি ইন্স্যুরেন্স জনতা ইন্স্যুরেন্সের সাথে ঐ জাহাজের জন্য ৬০ কোটি টাকা বিমা করে। এমভি বাংলা নিরাপদ যাত্রা শেষ করে দেশে পৌঁছালে এর মালিক ১০০ কোটি টাকা বিমাদাবি করলে এ এন্ড বি বিমাদাবি অস্বীকার করে।

ক. বিশ্বস্ততা বিমা কী? ১

খ. আনুপাতিক অংশগ্রহণ নীতিটি উদাহরণসহ ব্যাখ্যা কর। ২

গ. এ এন্ড বি, জনতা ইন্স্যুরেন্সের সাথে কোন ধরনের বিমা করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. এ এন্ড বি ইন্স্যুরেন্সের আচরণ যৌক্তিক বলে তুমি মনে কর? তোমার যুক্তি তুলে ধর। ৪

১১▶ হাসান ও তোহা দুই বন্ধু। মি. হাসান নিজের পরিবারের কথা চিন্তা করে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। পলিসি অনুসারে তিনি একটি নির্দিষ্ট সময় পর্যন্ত প্রিমিয়াম পরিশোধ করবেন। অপরদিকে জনাব তোহা নিঃসন্তান। তাই তিনি, এমন জীবন বিমা গ্রহণ করেছেন যার ফলে একটা নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বিমা কোম্পানিকে প্রিমিয়াম দেবেন এবং চাকরি থেকে অবসরকালীন সময়ে মৃত্যু পর্যন্ত একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ পাবেন প্রতি বছর।

ক. বোনাস কী? ১

খ. নিখোঁজ ব্যক্তির বেলায় বিমার অর্থ পাওয়া যায় কি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. হাসান কোন ধরনের জীবন বিমা গ্রহণ করেছেন ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. তোহার গৃহীত পলিসিটি জীবন বিমায় কী নামে পরিচিত? বর্ণনা কর। ৪

## ৪২ সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। রফিক, শফিক এবং তৌফিক মিলে 'হাউজিং ব্যাংক' নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করে। ব্যাংকটির একমাত্র কার্যালয় চট্টগ্রামের খাতুনগঞ্জে অবস্থিত। হাউজিং ব্যাংক কোনো বিধিবদ্ধ রিজার্ভ সংরক্ষণ করে না। বর্তমানে গ্রাহকসংখ্যা বৃদ্ধি পাওয়ায় ব্যাংকটির সাথে অন্যান্য ব্যাংকের লেনা-পাওনার উদ্ভব হচ্ছে। এ সকল দেনা-পাওনা নিষ্পত্তির জন্য ব্যাংকের মালিক পক্ষ বাংলাদেশ ব্যাংকের নিকাশ ঘর সুবিধা নিতে চায়।

ক. চেইন ব্যাংকিং কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ২
গ. উদ্দীপকের ব্যাংকটি সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশ ব্যাংকের নিকাশ ঘর সুবিধা নিতে ব্যাংকটির করণীয় সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক অর্থবাজারের ঋণ প্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। তাই ব্যাংকটি আর্থিক বাজার থেকে পূর্বের তুলনায় অধিক পরিমাণে বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন দলিলপত্র ক্রয় করার সিদ্ধান্ত নেয়। এতে ঋণ প্রবাহ নিয়ন্ত্রণে সফলতা লাভ করে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন সংখ্যক পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। জনাব মান্নান একজন অবসরপ্রাপ্ত চাকরিজীবী। তিনি তার চাকরির অবসরের টাকা ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে চান। এজন্য তিনি তার নিকটস্থ জনতা ব্যাংকের ম্যানেজারের সাথে পরামর্শ করলে ম্যানেজার তাকে এমন একটি হিসাব খুলতে বলেন যেখানে একটি নির্দিষ্ট সময় শেষে দ্বিগুণ অর্থ পাবেন যা জনাব মান্নানের জন্য উপযুক্ত ও লাভজনক।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. পাস বই বলতে কী বোঝায়? ২
গ. ম্যানেজার জনাব মান্নানকে কোন ধরনের হিসাব খোলার পরামর্শ দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মান্নানের জন্য উক্ত হিসাব খোলা কতটা যৌক্তিক হবে? মূল্যায়ন কর। ৪

৪। মি. রহিম একজন ব্যবসায়ী। তিনি তার পাওনাদারের নিকট থেকে একটি চেক পান যার বাম পাশে আড়াআড়িভাবে দুটি দাগের মধ্যে 'হস্তান্তরযোগ্য নয়' কথাটি লেখা ছিল। চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ম্যানেজার সাহেব সরাসরি চেকের টাকা দিতে অপারগতা প্রকাশ করেন তবে টাকা উঠানোর জন্য তিনি মি. রহিমকে একটি সহজ উপায় বলে দেন।

ক. হুকুম চেক কী? ১
খ. অগ্রিম চেক নগদায়ন করার পূর্বশর্ত কী? ২
গ. মি. রহিম পাওনাদারের নিকট থেকে যে চেকটি পেয়েছিলেন সেটি কি চেক? এ চেকের তাৎপর্য সংক্ষেপে বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক ম্যানেজার মি. রহিমকে টাকা উঠানোর জন্য কি সহজ উপায় বলে দেন? বিশ্লেষণ কর। ৪

৫। হাসমত সাহেব ১২ দিনে একবার সিলেট থেকে বরিশাল এসে মাল কিনে নিয়ে যান। কিন্তু মাল কেনার জন্য নগদ টাকা বহনের ঝুঁকি অনেক। তাই তিনি বরিশাল আসার পূর্বে সিলেটের ব্যাংকে টাকা জমা দিয়ে বরিশাল এলে তা উত্তোলন করে মাল ক্রয় করেন।

ক. ডেবিট কার্ড কী? ১
খ. ঋণ সুবিধাসংবলিত কার্ডকে কী বলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে হাসমত সাহেব ইলেকট্রনিক ব্যাংকিং-এর যে মাধ্যম ব্যবহার করছেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সিলেট থেকে নগদ টাকা না এনে বরিশালে এসে তা উত্তোলনের পক্ষে যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৬। পাটের ব্যবসায়ী রুবেল সাহেব পাটের গুদাম বিমা করছিল। পাটের পরিমাণ সঠিকভাবে উল্লেখ না করায় বিমা কোম্পানি তার বিমাচুক্তি বাতিল করেছে। অন্যদিকে জনাব সিয়াম সাহেব দীর্ঘদিন ধরে একটি ভাড়া বাসায় থাকেন। তিনি নিজ নামে ভবনটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১
খ. স্থলাভিষিক্তকরণ নীতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রুবেল সাহেবের বিমাচুক্তি কোন কারণে বাতিল হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক জনাব সিয়ামের প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কী? যুক্তি সহকারে বিশ্লেষণ কর। ৪

৭। মি. পলাশ একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি একটি নামকরা প্রতিষ্ঠানের সাথে ১২ বছর মেয়াদি ১০ লক্ষ টাকার একটি বিমাচুক্তিতে আবদ্ধ হয়েছেন। তিনি বিগত ৫ বছর পর্যন্ত প্রতি ৬ মাসে ২৫ হাজার করে প্রিমিয়াম দিয়ে আসছেন। চুক্তি অনুযায়ী বিমা কোম্পানি তার জমার ওপর ৫% হারে মুনাফা প্রদান করবে। হঠাৎ মি. পলাশের প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যাওয়ায় তার পক্ষে প্রিমিয়াম প্রদান করা একেবারেই অসম্ভব হয়ে পড়েছে। তিনি সিদ্ধান্ত নিয়েছেন বিমা পলিসিটি বাতিলের ব্যাপারে বিমা কোম্পানির সাথে আলাপ করবেন।

ক. মেয়াদি বিমাপত্র কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের মি. পলাশ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৩
ঘ. তুমি কী মনে কর মি. পলাশ কোনো ধরনের আর্থিক সুবিধা পাবেন? তোমার মতামত দাও। ৪

৮। অশান্ত মধ্যপ্রাচ্য সংকটের কারণে তেলের মূল্য অস্বাভাবিক বাড়ে। তেলের বাড়তি মূল্য মেটাতে সরকারের হিমশিম অবস্থা। দেশের অভ্যন্তরে অর্থ সংকট সৃষ্টি হয়। অর্থ সংকট মোকাবিলায় দেশের কেন্দ্রীয় ব্যাংক প্রচুর পরিমাণে কাগজি মুদ্রা ছাপিয়ে ছাড়ে। দেশের অভ্যন্তরীণ অর্থ সংকটের সমাধান হলেও দ্রব্যমূল্য একলাফে কয়েকগুণ বেড়ে যায়।

ক. মুদ্রাস্ফীতি কাকে বলে? ১
খ. 'কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক'— ব্যাখ্যা কর। ২
গ. দেশের অর্থবাজারকে সচল রাখতে কেন্দ্রীয় ব্যাংক কীভাবে অবদান রেখেছে উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ঘটনাবলির আলোকে, দেশের অভ্যন্তরে দ্রব্যমূল্য বাড়ার কারণ কী? কেন্দ্রীয় ব্যাংক কি দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে অবদান রাখতে পারে? বিশ্লেষণ কর। ৪

৯। মিসেস জোহরা একটি কলেজে অধ্যাপনা করেন। তিনি বেতন হতে কিছু পরিমাণ অর্থ মাঝে মাঝে তার ব্যাংক হিসাবে রাখেন। কয়েক বছর পর তিনি ব্যাংক হিসাবে জমানো টাকাগুলো একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে আরও লাভজনক খাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে রাখা যায় কিনা তা ভাবলেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার পরামর্শ পেয়েছেন।

ক. নমুনা স্বাক্ষর কী? ১
খ. চলতি হিসাবের বিপরীতে ব্যাংক সুদ প্রদান করে না কেন? ২
গ. উদ্দীপকে মিসেস জোহরা প্রথমে কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিসেস জোহরার দ্বিতীয় পর্যায়ে হিসাব খোলার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০। রহিম, করিমের কাছ থেকে ৫ লক্ষ টাকার একটি চেক পেল। করিম চেকটির বাম কোণে আড়াআড়িভাবে দুটি রেখা টেনে তার মাঝখানে প্রাইম ব্যাংক লিমিটেড কথাটি লিখে দিল। রহিম চেকটি তার এক্সিম ব্যাংক শাখায় উপস্থাপন করলে ব্যাংকটি তাকে তার চেকটি প্রাইম ব্যাংক শাখায় উপস্থাপনের পরামর্শ দিল।

ক. আদেষ্টা কে? ১
খ. হস্তান্তরযোগ্য ঋণের দলিল বলতে কী বোঝায়? ২
গ. রহিম কী প্রক্রিয়ায় চেকে টাকা উত্তোলন করতে পারবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের চেকটি কি ঋণ আমানত সৃষ্টি করতে পারে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

১১। মিস তাসলিমা তার ব্যক্তিগত গাড়ির জন্য ত্রিশ লক্ষ টাকার বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। মিস তাসলিমা বিমাদাবি পেশ করার কিছুদিনের মধ্যে বিমা প্রতিষ্ঠানটি দাবিকৃত ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি কুমিল্লার একজন ব্যবসায়ী বিশ হাজার টাকায় কিনেন। গাড়ি বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ মিস তাসলিমা দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. নিয়ন্ত্রণ অযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মিস তাসলিমা কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান কর্তৃক মিস তাসলিমা সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ করে। ৪

## ৪৩ সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১▶ জনগণকে বৃহৎ পরিসরে ব্যাংকিং সেবা প্রদান ও মুনাফা অর্জনের লক্ষ্যে সুরমা ব্যাংক লি. দেশের বিভিন্ন অঞ্চলে তাদের কার্যক্রম সম্প্রসারিত করেছে। এর ফলে ব্যাংকটি প্রচুর পরিমাণ আমানত সংগ্রহসহ গ্রাহকদের বিভিন্ন ধরনের আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করতে সক্ষম হচ্ছে। অন্যদিকে বাংলাদেশ ব্যাংকের পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, ব্যাংকটি দীর্ঘসময় ধরে কয়েকজন ঋণখেলাপি ব্যক্তিকে ঋণ প্রদান করছে এবং পর্যাপ্ত পরিমাণ সঞ্চিতি সংরক্ষণ ছাড়াই শেয়ারবাজারে অধিক ঝুঁকিপূর্ণ শেয়ার বিনিয়োগ করছে। আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী মূলধনের আদর্শমান সংরক্ষণ না করায় 'বাংলাদেশ ব্যাংক' ব্যাংকটির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

ক. ব্যাংকিং কী? ১

খ. "ব্যাংক ধার করা অর্থের ধারক" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'সুরমা ব্যাংক লি.' সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'সুরমা ব্যাংক লি.' এর বিরুদ্ধে 'বাংলাদেশ ব্যাংক' কঠোর ব্যবস্থা গ্রহণের যে সিদ্ধান্ত নিয়েছে তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২▶ আর্থিকভাবে শক্তিশালী 'দি সান ব্যাংক লি.' অপেক্ষাকৃত দুর্বল দুটি বাণিজ্যিক ব্যাংক 'দি মুন ব্যাংক লি.' ও 'দি ভেনাস ব্যাংক লি.' এর অধিকাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে তাদের নিয়ন্ত্রণভার গ্রহণের প্রস্তাব করে। কিন্তু 'দি মুন ব্যাংক লি.' এবং 'দি ভেনাস ব্যাংক লি.' সে প্রস্তাব প্রত্যাখ্যান করে। ব্যাংক দুটি যৌথভাবে সহযোগিতার ভিত্তিতে একই ব্যবস্থাপনার অধীনে নিজেদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা শুরু করে।

ক. মিশ্র ব্যাংক কাকে বলে? ১

খ. ব্যাসেল-২ কোন কোন ক্ষেত্রে প্রয়োগ হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'দি সান ব্যাংক' সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে ব্যাংক দু'টিকে কোন ধরনের ব্যাংক গঠনের প্রস্তাব দিয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দি মুন ব্যাংক লি.' ও 'দি ভেনাস ব্যাংক লি.' কর্তৃক 'দি সান ব্যাংক লি.' এর প্রদত্ত প্রস্তাব প্রত্যায়নের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩▶ দেশের ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় ব্যাংক তার সদস্য ব্যাংকসমূহকে প্রদত্ত ঋণের উপর ৫% সুদের পরিবর্তে ৬% সুদ আরোপ করে। কিন্তু কিছু ব্যাংক এটা না মানায় কেন্দ্রীয় ব্যাংক আকর্ষণীয় শর্তে সরকারি বন্ড ও সিকিউরিটিজ বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করে। এতে জনগণ ব্যাংক হতে আমানতি অর্থ উত্তোলন করে সরকারি বন্ড ও সিকিউরিটিজ ক্রয় করা শুরু করে।

ক. কাকে 'Mother of Central Bank' বলা হয়? ১

খ. 'কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে প্রথমে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন কৌশল গ্রহণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংকের পরবর্তী গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪▶ 'ক' ব্যাংক লি. চেকের মাধ্যমে 'খ' ব্যাংক লি. এর নিকট ১০ লক্ষ টাকা পাওনা হয়। 'খ' ব্যাংক লি. আবার আরেকটি চেকের মাধ্যমে 'গ' ব্যাংক লি. এর নিকট ১৫ লক্ষ টাকা পাওনা হয়। 'গ' ব্যাংক লি. 'খ' ব্যাংকের নিকট ৫ লক্ষ টাকা পাওনা হয়। পারস্পরিক পাওনা নিষ্পত্তি নিয়ে তাদের ভাবনা নেই। ব্যাংকের প্রতিনিধিরা আরেকটি ব্যাংকের সহায়তায় একত্রে বসে লেনদেন নিষ্পত্তি করেছে। সহায়তাকারী ব্যাংকটি শুধু উক্ত ব্যাংকগুলোর হিসাব ডেবিট-ক্রেডিট করেই এর নিষ্পত্তি করতে সমর্থ হয়েছে।

ক. বিহিত মুদ্রা কী? ১

খ. KYC কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্যাংকগুলো কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নিষ্পত্তিকারী ব্যাংকটি শুধু ব্যাংকগুলোর হিসাব ডেবিট-ক্রেডিট করেই লেনদেন নিষ্পত্তি করতে সমর্থ হয়েছে।" বক্তব্যের যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫▶ সফটওয়্যার রপ্তানিকারক মিসেস জিনিয়া রহমানের ব্যাংক হিসাবে স্থিতির পরিমাণ ১০ লক্ষ টাকা, ব্যবসায়ের প্রয়োজনে তিনি ব্যাংক ব্যবস্থাপকের সাথে আলোচনা করে পনেরো লক্ষ টাকা তার হিসাব থেকে উত্তোলন করেন। পরবর্তীতে ব্যবসায়ের লাভের ২০ লক্ষ টাকা দীর্ঘমেয়াদে একই হিসাবে জমা দিতে গেলে ব্যাংক ব্যবস্থাপক তাকে পৃথক আরেকটি হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ব্যাংকের পাস বই কী? ১

খ. একজন চাকরিজীবীর জন্য কোন ধরনের হিসাব উপযুক্ত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মিসেস জিনিয়া রহমান কোন ধরনের হিসাব পরিচালনা করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক জিনিয়া রহমানকে নতুন ব্যাংক হিসাব খোলার পরামর্শের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬▶ জনাব তৌফিক সিলেটের মীরাবাজারে আসবাবপত্রের ব্যবসায় করেন। তিনি সকাল ১১টায় আনোয়ার হোসেন নামে এক ব্যক্তির কাছ থেকে পণ্য বিক্রয় বাবদ ১ লক্ষ টাকার দুটি দাগকাটা চেক গ্রহণ করেন। একটি চেকে দাগের অভ্যন্তরে 'প্রাপকের হিসাব' লেখা রয়েছে। জনাব তৌফিক চেকটি পাইওনিয়ার ব্যাংক লি. এ তার হিসাবে জমা দেয় তবে অন্য চেকটিতে দাগের অভ্যন্তরে 'সোনালী ব্যাংক লি.' জিন্দাবাজার শাখা লেখা, অথচ ঐ শাখায় তার কোনো হিসাব নেই।

ক. চেকের অনুমোদন কী? ১

খ. বৈদেশিক বাণিজ্যে বিনিময় বিল গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রথম চেকটিতে কোন ধরনের দাগকাটা হয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্বিতীয় চেকটির টাকা দ্রুত উত্তোলনের জন্য জনাব তৌফিকের এখন করণীয় কী? যুক্তিসহ তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৭▶ জনাব শাহীন তার ব্যাংকপ্রদত্ত বিশেষ চুম্বকীয় কার্ড ব্যবহার করে যেকোনো সময় তার হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করতে পারেন। অপরদিকে জনাব রবিন ব্যাংকপ্রদত্ত একই প্রকৃতির কার্ড ব্যবহার করে তার হিসাবে পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকলেও যাবতীয় কেনাকাটা এবং বিল পরিশোধ করতে পারেন, যা তিনি পরবর্তীতে সুদসহ ব্যাংককে পরিশোধ করেন।

ক. SWIFT কী? ১

খ. অনলাইন ব্যাংকিংয়ের সুবিধা কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব শাহীনের ব্যবহৃত কার্ডের নাম কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্ড দুটির মধ্যে কোনটি উত্তম? যুক্তিসহ তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

**খ-বিভাগ : বিমা**

৮▶ ABC কোম্পানি লি. এর এম.ডি সাহেবের গাড়ি চালান কোম্পানির প্রবীণ ও বিশ্বস্ত ড্রাইভার মাজেদ আলী। গাড়িটি 'ক' নামক একটি বিমা কোম্পানির নিকট বিমাকৃত ছিল মাজেদ আলী তা জানত না। গাড়িটির ঝুঁকির কথা বিবেচনা করে মাজেদ আলী 'খ' নামক একটি বিমা কোম্পানির নিকট গাড়িটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি প্রস্তাব প্রত্যাখ্যান করে। পরবর্তীতে গাড়িটি সত্যিই সত্যিই দুর্ঘটনায় কবলিত হয়ে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। 'ক' বিমা কোম্পানি ক্ষতিপূরণ দেওয়ার পর ক্ষতিগ্রস্ত গাড়িটির মালিকানা দাবি করে।

ক. ঝুঁকি কী? ১

খ. বিমাচুক্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক মাজেদ আলীর বিমা প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'ক' বিমা কোম্পানি কর্তৃক ক্ষতিগ্রস্ত গাড়িটির মালিকানা দাবি করায় যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯▶ মি. চৌধুরী একটি জাহাজ কোম্পানির মালিক। তিনি তার জাহাজগুলোর বিপক্ষে ঘূর্ণিঝড়, নিমজ্জিত পর্বতের সাথে ধাক্কা, বরফপিণ্ডের সাথে ধাক্কা ইত্যাদি কারণে বিমা করেন এবং বিভিন্ন সময়ে ক্ষতিপূরণ পেয়ে থাকেন। হঠাৎ করে ঘূর্ণিঝড়ে পড়ে একই সাথে তার দুটি জাহাজ সমুদ্রে ডুবে যায়। বিমা কোম্পানি ক্ষতিপূরণ করতে গড়িমশি করলে তিনি অন্য একটা কর্তৃপক্ষের নিকট অভিযোগ করেন। এতে দ্রুতই কোম্পানি ক্ষতিপূরণ করতে বাধ্য হয়।

ক. বিমা কী? ১

খ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. চৌধুরী যে সকল ঝুঁকির জন্য বিমা করেছেন বিমার দৃষ্টিকোণ থেকে তা কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সহায়তায় মি. চৌধুরী দ্রুত ক্ষতিপূরণ পেয়েছেন"— উক্তিটির তাৎপর্য উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▶ মি. চৌধুরী একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তার মৃত্যুর পর স্ত্রী সন্তানের ভবিষ্যতের কথা ভেবে বন্ধুর পরামর্শে নির্দিষ্ট সময় পর্যন্ত প্রিমিয়াম প্রদানসাপেক্ষে একটি বিমা পলিসি গ্রহণ করেন। ৫ বছর পলিসি চালানোর পর তিনি পলিসি চালাতে অপারগতা পোষণ করলে বিমা কোম্পানি তাকে কিছু টাকা ফেরত দেয়।

ক. প্রিমিয়াম কী? ১

খ. পুনর্বিমা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. চৌধুরী কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা কোম্পানি মি. চৌধুরীকে যে টাকা ফেরত দেয় তাকে কী বলে? এর যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১▶ মি. মিনহাজ বাংলাদেশ সেনাবাহিনীর একজন সদস্য। জাতিসংঘ মিশনে শান্তিরক্ষী হিসেবে তিনি দক্ষিণ সুদান যাচ্ছেন। যাওয়ার পূর্বে তিনি নিজের জীবন বিমা করেছেন। এক বছর পর ফিরে এসে বিমাচুক্তি নবায়ন করেছেন। এক্ষেত্রে প্রিমিয়ামের হারও কম। অথচ তার বন্ধু শওকতকে প্রতি তিন মাস পর পর কিস্তি পরিশোধ করতে হয় এবং একটা সময় পর্যন্ত তা দিয়ে যেতেই হবে। সেখানে প্রিমিয়ামের হার যথেষ্ট বেশি।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. মিনহাজ কোন ধরনের বিমাপত্র খুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শওকতের গৃহীত বিমাপত্রের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

## ৪৪ বরিশাল সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। মেঘনা ব্যাংক লিমিটেড দীর্ঘদিন ধরে গ্রাহকদের সেবা দিয়ে আসছে। ব্যাংকটি গ্রাহকদের পক্ষে অর্থ আদায় ও পরিশোধ করছে, শেয়ার কেনাবেচা করছে ইত্যাদি, ফলে ব্যাংকটি জনগণের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। সম্প্রতি 'কেন্দ্রীয় ব্যাংকের' পর্যবেক্ষণে দেখা গেছে যে, ব্যাংকটি যথাযথ অর্থ সঞ্চিতি তহবিলে সংরক্ষণ না করে শেয়ারবাজারে অধিক ঝুঁকিপূর্ণ শেয়ারে বিনিয়োগ করছে। আবার অধিক ঝুঁকিপূর্ণ খাতেও ঋণ দিচ্ছে। আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী মূলধনের আদর্শমান সংরক্ষণ না করায় 'কেন্দ্রীয় ব্যাংক' মেঘনা ব্যাংক লিমিটেডের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সিধান্ত নিয়েছে।

ক. ব্যাংকিং কী? ১
খ. আধুনিক ব্যাংক ব্যবস্থার পূর্বসূরি কারা? ২
গ. উদ্দীপকে উল্লিখিত মেঘনা ব্যাংক লিমিটেড কোন ধরনের কার্যাবলি সম্পাদন করেছে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মেঘনা ব্যাংক লিমিটেডের বিরুদ্ধে 'কেন্দ্রীয় ব্যাংকের' কঠোর ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো বিভিন্ন খাতে অতিরিক্ত ঋণ প্রদান করায় দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে, যার ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রাবাজার নিয়ন্ত্রণ করে। বাংলাদেশ ব্যাংক বাজারে বিভিন্ন ধরনের সরকারি বন্ড আকর্ষণীয় শর্তে বিক্রয় করে তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় তালিকাভুক্ত ব্যাংকের CRR এর পরিমাণ ৫.৫% থেকে বাড়িয়ে ৬.৫% করায় তা নিয়ন্ত্রণে আসে।

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংককে বলা হয় এবং কেন? ২
গ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংক প্রথম কোন নীতি গ্রহণ করে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের গৃহীত নীতি গ্রহণের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৩। ক্যামব্রিয়ান কলেজের শিক্ষকদের মাসিক বেতনের ১০% প্রতি মাসে কলেজের নিজ নিজ হিসাবে জমা রাখেন, যা তারা চাকরি থেকে অব্যাহতির পূর্বে উত্তোলন করতে পারবেন না। চাকরি হতে অবসরের পর এককালীন বড় অঙ্কের অর্থ ফেরত পাবেন। অন্যদিকে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের কল্যাণ তহবিলের ২ কোটি টাকা নির্দিষ্ট সময়ের জন্য এমন একটি হিসাবে অর্থ জমা রাখেন যেখান থেকে বেশি আয় পাওয়া যাবে।

ক. ব্যাংক পাস বই কী? ১
খ. ব্যাংক হিসাবে গোপনীয়তা রক্ষার প্রয়োজন পড়ে কেন? ২
গ. উদ্দীপকে ২ কোটি টাকা কোন ধরনের হিসাবে জমা রাখা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ভবিষ্যতের অবলম্বন হিসেবে শিক্ষক-কর্মচারীদের হিসাবটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪। মি. চৌধুরী একজন ব্যবসায়ী। তিনি তার পাওনাদারের নিকট হতে ৫০,০০০ টাকার একটি চেক পান। চেকটির উপরিভাগে বাম কোণে অঙ্কিত আড়াআড়ি দুটি সমান্তরাল রেখার মাঝখানে "হস্তান্তরযোগ্য নহে" কথাটি লিখা ছিল। চেকটি যথাসময়ে ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক কর্তৃপক্ষ সরাসরি চেকের টাকা দিতে অপারগতা প্রকাশ করেন। তবে টাকা উত্তোলনে ব্যাংক কর্তৃপক্ষ মি. চৌধুরীকে একটি সহজ উপায় বলে দেন।

ক. ব্যাংক ড্রাফট কী? ১
খ. প্রমিসরি নোট বলতে কী বোঝ? ২
গ. মি. চৌধুরী পাওনাদারের নিকট হতে যে চেকটি পেয়েছিলেন সেটি কোন ধরনের চেক? বর্ণনা কর। ৩
ঘ. ব্যাংক কর্তৃপক্ষ মি. চৌধুরীকে টাকা উত্তোলনের জন্য কী সহজ উপায় বলে দেন? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব হাসেম ও জনাব মেহেদী ঘনিষ্ঠ বন্ধু এবং তারা দুজনই ব্যবসায়ী। হঠাৎ তাদের ব্যবসায়ের জন্য অর্থের প্রয়োজন দেখা দেয়। অর্থ সংগ্রহের উদ্দেশ্যে দুজন একমত হয়। জনাব হাসেম তিনমাস মেয়াদি একটি বিল প্রস্তুত করে স্বীকৃতির উদ্দেশ্যে জনাব মেহেদীর নিকট পাঠায়। যথানিয়মে বিলটি ব্যাংক থেকে বাট্টা করে নিজেরা অর্থ ভাগ করে নেয়। মেয়াদপূর্তিতে উপস্থাপিত বিলটি পরিশোধিত হয়।

ক. চেক কী? ১
খ. চেকের অনুমোদন কেন প্রয়োজন হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিলটি কোন ধরনের বিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসায়-বাণিজ্যের সাময়িক প্রয়োজন মিটাতে এ ধরনের বিলের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬। মি. রহমান একজন পুরোনো দিনের মানুষ। তার মেয়ে বর্ষা ঢাকায় বেশ ভালো বেতনে একজন চাকরিজীবী। মি. রহমানের হঠাৎ নগদ টাকার প্রয়োজন পড়ায় মেয়ে বর্ষাকে সে কথা জানান। মেয়ে বর্ষা তার বাবাকে ব্যাংকে যেতে বলেন। ব্যাংক ব্যবস্থাপক, মি. রহমানের পূর্বপরিচিত। তিনি ব্যাংকে উপস্থিত হওয়ার সাথে সাথে ব্যাংক ব্যবস্থাপক তাকে জানান যে, তার প্রয়োজনীয় অর্থ ব্যাংক থেকে তুলতে পারবেন। মি. রহমান বেশ অবাক হন।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. বর্ষা যে পদ্ধতিতে তার বাবাকে টাকা পাঠালেন, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ষার পাঠানো টাকা মি. রহমান কীভাবে ব্যাংক থেকে উত্তোলন করবেন? ব্যাখ্যা কর। ৪

৭। মি. কিংকর চৌধুরী তার ভাগ্নে অঙ্কুশকে পাঁচটি মোবাইল সিম ক্রয়ের জন্য খরচ বাবদ ১,১৫৫ টাকা প্রদান করেন। টাকাগুলো গ্রহণ করে গুনতে গিয়ে অঙ্কুশ দেখতে পেল যে, সেখানে পাঁচশত টাকার দুটি, একশত টাকার একটি, বিশ টাকার একটি, দশ টাকার দুটি, পাঁচ টাকার দুটি এবং এক টাকার পাঁচটি নোট রয়েছে। অঙ্কুশ আরও লক্ষ করল যে, এক টাকার নোটে অর্থ সচিবের এবং বাকি সব নোটে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর রয়েছে।

ক. কলমানি রেট কী? ১
খ. "কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত অঙ্কুশের হাতে পাঁচশত টাকার নোটটি কোন ধরনের নোট? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সরকারি নোট ও ব্যাংক নোটের পৃথক অস্তিত্ব থাকার প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৮। মি. আহাদ ফিন্যান্স বিষয়ের একজন প্রভাষক। তিনি তার কর্মস্থল রাজশাহীতে 'A' ব্যাংকে একটি হিসাব খোলেন। দেশের বিভিন্ন জায়গায় এই ব্যাংকটি দেখতে পাওয়া যায়। মি. আহাদের বন্ধু মি. খান ঢাকা শহরের একজন স্কুল শিক্ষক। তিনি তার কর্মস্থলের পাশে অবস্থিত 'P' ব্যাংকে একটি হিসাব খোলেন। 'P' ব্যাংকের সকল কার্যক্রম ঐ অফিস থেকে পরিচালিত হয়। একদিন তারা দুই বন্ধু ভ্রমণে যাওয়ার সিদ্ধান্ত নিলেন। যাওয়ার সময় তারা যথেষ্ট টাকা ও চেকবই সঙ্গে নিলেন, জাফলং এ পৌঁছানোর পর হঠাৎ তাদের টাকার ঘাটতি ঘটে। তারা উভয়েই তাদের চেক ইস্যু করে টাকা সংগ্রহের চেষ্টা করেন, মি. আহাদ চেকের মাধ্যমে টাকা সংগ্রহ করতে পারলেও মি. খান ব্যর্থ হন।

ক. তারল্য কী? ১
খ. ব্যাসেল-২ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মি. খান কোন ধরনের ব্যাংকে হিসাব খোলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. আহাদের পক্ষে চেকের মাধ্যমে টাকা সংগ্রহের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯। জনাব আমজাদ তার ফ্যাক্টরির জন্য দুইটি বিমা কোম্পানি ABC ও XYZ এর সাথে বিমাচুক্তিতে আবদ্ধ হন। দুর্ঘটনায় তার ফ্যাক্টরির ১ লক্ষ টাকা ক্ষতি হয়। চুক্তি অনুযায়ী উভয় বিমা কোম্পানি সমানভাবে ক্ষতিপূরণ করে দেয়। পরবর্তীতে তিনি ক্ষতিগ্রস্ত সম্পত্তিটি ২০ হাজার টাকায় বিক্রয় করেন এবং খবরটি শুনে উভয় বিমা কোম্পানি বিক্রয়কৃত অর্থ দাবি করেন।

ক. প্রত্যক্ষ কারণের নীতি কী? ১
খ. বিমাকে কেন ক্ষতিপূরণের চুক্তি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. বিমা ব্যবসায়ের কোন নীতি অনুসারে উভয় বিমা কোম্পানি জনাব আমজাদকে ক্ষতিপূরণ করে? বিশ্লেষণ কর। ৩
ঘ. উভয় বিমা কোম্পানির ক্ষতিগ্রস্ত সম্পত্তির বিক্রয়কৃত অর্থ দাবি করার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১০। জনাব আহসান তার ব্যক্তিগত গাড়ির জন্য বিশ লক্ষ টাকার একটি বিমা করেন। একটি দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। জনাব আহসান বিমাদাবি পেশ করলে, বিমা প্রতিষ্ঠান সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি একজন ব্যবসায়ী ত্রিশ হাজার টাকায় কিনে নেয়। জনাব আহসান গাড়ি বিক্রির টাকা দাবি করলে বিমা প্রতিষ্ঠান তাকে উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বাজার ঝুঁকি কী? ১
খ. বিমাকে চূড়ান্ত সদ্বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের জনাব আহসান কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠান থেকে অর্থ লাভ করেছেন? ব্যাখা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান জনাব আহসানের সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। জনাব সাজ্জাদ একজন চাকরিজীবী। তার আয় খুব সীমিত। তিনি একটি জীবন বিমা পলিসি গ্রহণ করতে ইচ্ছুক যার প্রিমিয়ামের পরিমাণ হবে কম। এ অবস্থায় একজন বিমা কর্মীর পরামর্শ অনুযায়ী স্বল্প প্রিমিয়ামের ১০ বছর মেয়াদি একটি বিমাপত্র গ্রহণ করেন। এ বিমায় ১০ বছর পূর্ণ হলেই বিমাকৃত অর্থ পাবেন। ১০ বছরের মধ্যে বিমাগ্রহীতা মারা গেলে তার উত্তরাধিকারী কোনো অর্থ পাবে না।

ক. বোনাস কী? ১
খ. নিশ্চয়তার চুক্তি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জনাব সাজ্জাদের বিমাপত্র কোন ধরনের বিমাপত্র— ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সাজ্জাদের মতো নিম্নআয়ের মানুষের জন্য বিমা কর্মীর পরামর্শ কতটা যৌক্তিক? ব্যাখ্যা কর। ৪

## ৪৫ দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১। জনাব রিদয় ও তার দুই বন্ধু ইস্ট ব্যাংকের মালিক। ব্যাংকটি একটিমাত্র কার্যালয়ের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। ব্যাংকটিকে কেন্দ্রীয় ব্যাংকে বিধিবদ্ধ রিজার্ভ সংরক্ষণ করতে হয়। ইদানীং অন্যান্য ব্যাংকের সাথে ব্যাংকটির আন্তঃব্যাংকিং লেনদেন বেড়ে গেছে। এসব লেনদেন নিষ্পত্তির জন্য ব্যাংকটি সরাসরি কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘর সুবিধা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

ক. ব্যাংকিং কী? ১
খ. ঋণের বরাদ্দকরণ নীতি বুঝিয়ে লেখ। ২
গ. সংগঠন কাঠামো অনুযায়ী উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিকাশ ঘর সুবিধা পাওয়ার জন্য ইস্ট ব্যাংকের করণীয় বিশ্লেষণ কর। ৪

২। জনাব আরমানের 'তিস্তা ব্যাংক লিমিটেড'-এ একটি হিসাব রয়েছে। তিনি ব্যাংকটির মাধ্যমে দেশে-বিদেশে সব ব্যবসায়িক কার্যক্রমে ব্যাংকিং সুবিধা পাচ্ছেন। অন্যদিকে আর্থিকভাবে শক্তিশালী একটি বাণিজ্যিক ব্যাংক 'মেঘনা ব্যাংক লিমিটেড' অপেক্ষাকৃত দুর্বল দুটি বাণিজ্যিক ব্যাংক, 'সুরমা ব্যাংক লিমিটেড' এবং 'সন্ধ্যা ব্যাংক লিমিটেড'-এর অধিকাংশ শেয়ার কেনার মাধ্যমে নিয়ন্ত্রণ গ্রহণ করেছে। ব্যাংক দুটি এখন গ্রাহকদের অধিক ব্যাংকিং সুবিধা প্রদান করতে পারছে।

ক. শিল্প ব্যাংক কী? ১
খ. ব্যাসেল-২ ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তিস্তা ব্যাংকটি সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মেঘনা ব্যাংক কর্তৃক সুরমা এবং সন্ধ্যা ব্যাংকের নিয়ন্ত্রণ গ্রহণের মাধ্যমে তাদের ব্যাংকিং কার্যক্রমের সম্প্রসারণ ঘটাতে সক্ষম হবে? তোমার মতামত দাও। ৪

৩। রিয়াদ দ্বাদশ শ্রেণির ব্যবসায় শিক্ষা বিভাগের একজন ছাত্র। নোট ও মুদ্রার প্রচলন কীভাবে শুরু হয় তা জানতে খুব আগ্রহী। নোট ও মুদ্রা প্রচলনের দায়িত্ব প্রথমদিকে বাণিজ্যিক ব্যাংকের থাকলেও তা কেন্দ্রীয় ব্যাংকের ওপর ন্যস্ত করা হয়। বর্তমানে পৃথিবীর সব দেশেই কেন্দ্রীয় ব্যাংক নোট ও মুদ্রা প্রচলনে একচেটিয়া অধিকার ভোগ করে।

ক. বিধিবদ্ধ রিজার্ভ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের প্রকল্প সহায়ক বলা হয় কেন? ২
গ. নোট ও মুদ্রা প্রচলন কেন্দ্রীয় ব্যাংকের যে ধরনের কার্যাবলি তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দায়িত্ব পালনে কেন্দ্রীয় ব্যাংককে একচেটিয়া অধিকার প্রদান করা হয়েছে কেন? বিশ্লেষণ কর। ৪

৪। সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো আবাসন শিল্প খাতে বেশি পরিমাণ ঋণ দেওয়ায় বাজারে মুদ্রাস্ফীতি দেখা দেয়। তাই কেন্দ্রীয় ব্যাংক সঞ্চিতি বাড়ানোর সিদ্ধান্ত নেয়। কিন্তু তাতে ঋণ সরবরাহ পরিস্থিতি তেমন পরিবর্তন না হওয়ায় ব্যাংকটি কিছু বন্ডও বাজারে ছেড়েছে। এতে গ্রাহকদের মধ্যে যথেষ্ট সাড়া পাওয়া যাচ্ছে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. কেন্দ্রীয় ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণে সর্বপ্রথম কোন পদ্ধতি অবলম্বন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণ নিয়ন্ত্রণে পরবর্তী পদ্ধতিটি মুদ্রাস্ফীতির ওপর কীরূপ প্রভাব ফেলবে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৫। খুলনার মি. সালেক একজন চাকরিজীবী। তার মাসিক ব্যয় নির্বাহ করার পর তিনি কিছু টাকা সঞ্চয় করতে পারেন। চিত্রা ব্যাংকে তিনি একটি হিসাব খুলেছেন। উক্ত হিসাবে তিনি নির্দিষ্ট সময়ের জন্য অর্থ জমা রাখেন। হিসাব খোলার কয়েকদিন পরে অর্থ উত্তোলন করতে ব্যাংকে গেলে শর্ত পূরণ হয়নি বলে, তাকে টাকা দিতে ব্যাংক অপারগতা জানায়। এতে তিনি ক্ষুব্ধ হয়ে, নিয়মিত জমা ও উত্তোলন করা যায় এমন একটি হিসাবে অর্থ জমা রাখার সিদ্ধান্ত নেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা দাও। ২
গ. নির্দিষ্ট সময়ের জন্য মি. সালেক ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়মিত অর্থ জমা রাখা ও উত্তোলনের বিষয়ে মি. সালেক যে সিদ্ধান্ত নিয়েছেন তা কতটুকু বাস্তবসম্মত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬। কলি ট্রেডার্স পণ্য ক্রয় বাবদ জলি ট্রেডার্সকে পঞ্চাশ হাজার টাকার একটি চেক দেয়। সেখানে লেখা ছিল 'শুধু জলি ট্রেডার্সকে প্রদেয়'। পক্ষান্তরে, জলি ট্রেডার্স যখন লেনদেনের নিষ্পত্তির জন্য কলি টেডার্সকে চেক দেয়, তখন চেকে দুটি দাগ কেটে নির্দিষ্ট ব্যাংকের নাম লিখে দেয়। এভাবে তাদের ব্যবসায়িক লেনদেনের সমাপ্তি ঘটে।

ক. বাহক চেক কী? ১
খ. দাগকাটা চেক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কলি ট্রেডার্স প্রদত্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. জলি ট্রেডার্স কর্তৃক প্রদত্ত চেকটির নিরাপত্তা বেশি কেন? বিশ্লেষণ কর। ৪

৭। জনাব রফিক সম্প্রতি ব্যাংক থেকে টাকা উত্তোলন ও ঋণের কিস্তি পরিশোধে এক ধরনের কার্ড ব্যবহার করেন। কিন্তু হিসাবে পর্যাপ্ত টাকা না থাকলে এ ধরনের কার্ডের কোনো কার্যকারিতা থাকে না। অপরদিকে জনাব রিমন ভিন্ন ধরনের আরেকটি কার্ড ব্যবহার করেন যা নগদ অর্থের বিকল্প হিসেবে যেমন ব্যবহৃত হয়, তেমনি হিসাবে টাকা না থাকলেও নির্দিষ্ট পরিমাণ অর্থ পর্যন্ত পণ্য বা সেবা ক্রয় ও নগদ অর্থ উত্তোলন করতে পারেন।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ সেবাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রফিক কোন ধরনের কার্ড ব্যবহার করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রফিক ও জনাব রিমনের ব্যবহৃত কার্ডের মধ্যে সার্বক্ষণিক তাৎক্ষণিক লেনদেনে কোনটি শ্রেয়? ব্যাখ্যা কর। ৪

**খ-বিভাগ : বিমা**

৮। মি. চৌধুরী একজন জাহাজ ব্যবসায়ী। বিদেশ থেকে পণ্য আনা-নেওয়া তার কাজ। বৈদ্যুতিক শর্টসার্কিটের মাধ্যমে আগুন লেগে তার একটি জাহাজের দুই-তৃতীয়াংশ ক্ষতিগ্রস্ত হয়। তিনি বিমা প্রতিষ্ঠানের কাছে সম্পূর্ণ জাহাজের ক্ষতিপূরণ চেয়ে বিমাদাবি পেশ করেন। বিমা প্রতিষ্ঠান প্রথমে দাবি পূরণে অস্বীকৃতি জানালেও পরবর্তীতে শর্তসাপেক্ষ তা পূরণ করতে রাজি হয়।

ক. বিমা কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. মি. চৌধুরীর দাবি পূরণে বিমা প্রতিষ্ঠানের অস্বীকৃতি জানানোর কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. কী শর্তে বিমা প্রতিষ্ঠান মি. চৌধুরীর দাবি পূরণ করবে বলে তুমি মনে কর? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। পেঁয়াজ ব্যবসায়ী লোকমান সাহেব পেঁয়াজের গুদাম বিমা করেছিলেন। পেঁয়াজের সঠিক পরিমাণ উল্লেখ না করায় বিমা প্রতিষ্ঠান তার বিমাচুক্তি বাতিল করে। অন্যদিকে, তার বন্ধু ইকবাল সাহেব দীর্ঘদিন একটি ভাড়া বাসায় থাকেন। তিনি নিজ নামে ভবনটি বিমা করতে চাইলে বিমা প্রতিষ্ঠান তাতে অস্বীকৃতি জানায়।

ক. ঝুঁকি কী? ১
খ. বাংলাদেশে বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিমা ব্যবসায়ের উন্নয়নে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত লোকমান সাহেবের বিমাটি কী কারণে বাতিল করা হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান কর্তৃক ইকবাল সাহেবের প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কী? ব্যাখ্যা কর। ৪

১০। হিমেল সাহেব ৩ বছর মেয়াদি একটি জীবন বিমা করে মেয়াদপূর্তির আগেই মারা যান। তার উত্তরাধিকারী এসে বিমা টাকা দাবি করলে বিমা প্রতিষ্ঠান টাকা দিতে অস্বীকৃতি জানায়। আবার জাকির সাহেব বিমা প্রতিষ্ঠানকে বেঁচে থাকার আগ পর্যন্ত কিস্তি দিয়ে গেছেন। তিনি মারা গেলে তার মনোনীত ব্যক্তিকে বিমা প্রতিষ্ঠান বিমাদাবির টাকা দেয়।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. পুনর্বিমা বলতে কী বোঝ? ২
গ. হিমেল সাহেব কোন ধরনের বিমা করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাকির সাহেবের মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধের কারণ যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১। আহসান সাহেব একজন স্কুল শিক্ষক। এক বছর পরে তিনি অবসরে যাবেন। তার একটি জীবন বিমা রয়েছে, যেখান থেকে তিনি অধিক আর্থিক সুবিধা পান। বৃদ্ধ বয়সে নিয়মিত ভাতা পেয়ে আর্থিকভাবে সচ্ছল থাকার জন্য বিমা কোম্পানি তাকে বার্ষিক বৃত্তি দেওয়ার ব্যবস্থা করল।

ক. যৌথ জীবন বিমাপত্র কী? ১
খ. দ্বৈত বিমা বলতে কী বোঝায়? ২
গ. আহসান সাহেবের অধিক আর্থিক সুবিধাকে বিমা কোম্পানি কী হিসেবে অভিহিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বৃদ্ধ বয়সে আহসান সাহেবের আর্থিক সচ্ছলতার ক্ষেত্রে বিমা কোম্পানির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

## ৪৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১। 'পদ্মা' ব্যাংক লি. সম্প্রতি ব্যাংকিং ব্যবসায় ভালো করছে না। বিষয়টি অনুধাবন করে বাজারে শক্তিশালী অপর আরেকটি ব্যাংক যমুনা ব্যাংক কর্তৃপক্ষ পদ্মা ব্যাংককে তাদের অধিকাংশ শেয়ার হস্তান্তরপূর্বক যমুনা ব্যাংকের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হওয়ার আগ্রহ প্রকাশ করল। কিন্তু কর্তৃপক্ষ এতে সম্মত না হয়ে উভয় ব্যাংককে পৃথক সত্তা বজায় রেখে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কার্যক্রম পরিচালনার আগ্রহ প্রকাশ করল।

ক. ব্যাংক কাকে বলে? ১
খ. ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায়ী বুঝিয়ে লেখ। ২
গ. যমুনা ব্যাংক কর্তৃপক্ষ কোন ধরনের ব্যাংক প্রতিষ্ঠার আগ্রহ প্রকাশ করল? ৩
ঘ. তুমি কি মনে কর যমুনা ব্যাংক কর্তৃপক্ষ থেকে পদ্মা ব্যাংক কর্তৃপক্ষের আগ্রহে প্রতিষ্ঠিত ব্যাংকিং পদ্ধতি শ্রেয়? মতামত দাও। ৪

২। 'A ব্যাংক' দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় জনগণের আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করে। পরবর্তীতে তাদের কার্যক্রম দেশের বাইরেও বিস্তৃত করে। অপরদিকে 'B ব্যাংক' শুধু ময়মনসিংহ সদরে অবস্থিত একমাত্র অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. স্বায়ত্তশাসিত ব্যাংক কাকে বলে? ১
খ. বাংলাদেশ কৃষি ব্যাংককে কেন মিশ্র ব্যাংক বলা হয়? ২
গ. কাঠামোর ভিত্তিতে 'A ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'A ব্যাংক', 'B ব্যাংক থেকে দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে। তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। কেন্দ্রীয় ব্যাংক একটি দেশের মুদ্রার প্রচলন ও মান নিয়ন্ত্রণ করে। এই ব্যাংক দেশের অনেক ব্যাংকের অভিভাবক হিসাবে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে।

ক. কেন্দ্রীয় ব্যাংক কাকে বলে? ১
খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংকে বলা হয়? ২
গ. কেন্দ্রীয় ব্যাংকটি মুদ্রা প্রচলনসহ কী ধরনের সাধারণ কার্যাবলি সম্পাদন করে তা আলোচনা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকটি দেশের অন্য ব্যাংকের জন্য কী ধরনের কার্যাবলি সম্পাদন করে বলে তুমি মনে কর তা আলোচনা কর। ৪

৪। জনাব তানভীর একজন ব্যবসায়ী। তার HL ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব আছে। তিনি এ হিসাবটি তার ব্যবসায়িক লেনদেনে ব্যবহার করতে পারবে কিনা এ বিষয়ে ব্যাংক ম্যানেজারের পরামর্শ চাইলে, ম্যানেজার তাকে অন্য একটি ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. KYC ফর্ম বলতে কী বোঝ? ২
গ. জনাব তানভীর আহমেদের সঞ্চয়ী হিসাবটি কেন ব্যবসায়িক লেনদেনে উপযুক্ত নয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যবস্থাপক জনাব তানভীর আহমেদকে যে হিসাব খোলার পরামর্শ দেন তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫।

> ডেল্টা ব্যাংক লি.
> কর্ণফুলী ব্যাংক লি.
> আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম
> তারিখ : ১২/১১/২০২১
> প্রদান করুন কিশোর কে বা বাহককে টাকা
> (কথায়) পাঁচ হাজার টাকা — TK 5,000
> মুনা
> স্বাক্ষর

চেকটি ০৮/০৪/২০১৭ তারিখে আলফা ব্যাংক লি. এর প্রাপকের ব্যাংক হিসাবে জমা করা হলে চেকটি প্রত্যাখ্যাত হয়।

ক. চেক কী? ১
খ. বাহক চেক হুকুম চেক অপেক্ষা কম নিরাপদ কেন? ২
গ. উদ্দীপকে প্রদর্শিত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. আলফা ব্যাংক লি. কর্তৃক প্রাপকের হিসাবে জমাকৃত চেকটি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬। রনি ও সিফাত দুই বন্ধু একটি বিষয়ে একমত হতে পারছে না। রনির মতে, তার বাবার এমন একটি কার্ড আছে যা দিয়ে তার বাবার ব্যাংক হিসাবে জমানো টাকা মেশিন থেকে তোলা যায়। হিসাবের জমা থেকে অতিরিক্ত তোলা যায় না। আল সিফাতের মতে তার বাবার কার্ড দিয়ে টাকা তুলতে ব্যাংক হিসাবে টাকা থাকার প্রয়োজন নেই। তাদের কথা শুনে পাশ থেকে তাদের এক বড় ভাই বললেন তোমরা দুজনই সঠিক।

ক. ই-ব্যাংকিং কী? ১
খ. মোবাইল ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রনির বাবার কার্ডটি কি ধরনের কার্ড? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বড় ভাইয়ের দুইজনই সঠিক মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭। মি. হারুন একজন বিশিষ্ট ব্যবসায়ী। মি. হারুন মি. আলীর পাওনা টাকা বাবদ ৫ লক্ষ টাকার একটি চেক ইস্যু করেন। চেকটি তার কর্মচারী মারফত মি. আলীর নিকট পাঠান। মি. হারুনের উক্ত কর্মচারী ব্যাংক থেকে টাকা উত্তোলন করে পালিয়ে যায়।

ক. বাসি চেক কী? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. হারুনের ইস্যুকৃত চেকটি কোন ধরনের চেক ছিল তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মি. হারুন কি এই প্রতারণার হাত থেকে রেহাই পেতে পারত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**খ-বিভাগ : বিমা**

৮। মি. সিহান তার বাবার সাথে একই বাড়িতে থাকেন। বাড়িটি সিহানের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এ কথা চিন্তা করে মি. সিহান বাড়িটি বিমা করতে গেলে বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন মি. সিহানের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। তারপর মি. সিহান কোম্পানিকে না জানিয়ে বাড়ির ২য় তলার কাজ শুরু করেন। ২য় তলার কাজ শেষ হওয়ার পরপরই বাড়ি এক পাশে হেলে গেছে। মি. সিহানের বাবা বিমাদাবি করলে বিমা কোম্পানি বিমাদাবি পূরণে অস্বীকৃত জানায়।

ক. বিমা কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. কোন নীতির জন্য মি. সিহানের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সিহানের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? কারণ বিশ্লেষণ কর। ৪

৯। মি. চৌধুরী জাহাজ ব্যবসায়ী। বিদেশ থেকে পণ্য আনা-নেওয়া তার কাজ। বৈদ্যুতিক শর্টসার্কিটের মাধ্যমে আগুন লেগে তার একটি জাহাজের দুই-তৃতীয়াংশ ক্ষতিগ্রস্ত হয়। তিনি বিমা কোম্পানির কাছে সম্পূর্ণ জাহাজের ক্ষতিপূরণ চেয়ে বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি প্রথমে দাবি পূরণে অপারগতা প্রকাশ করলেও পরবর্তীতে শর্তসাপেক্ষে তা পূরণ করতে চায়।

ক. ঝুঁকি কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. মি. চৌধুরীর দাবি পূরণে বিমা কোম্পানির অপারগতা প্রকাশের কারণ কী? ৩
ঘ. কী শর্তে বিমা কোম্পানি মি. চৌধুরীর দাবি পূরণ করবে বলে তুমি মনে কর? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০। জনাব পলাশ ১৫ বছরের জন্য ৫ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি সম্পাদন করেন। পাঁচ বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থ্যের কারণে তাঁর বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং প্রিমিয়াম আদায়ের জন্য আবেদন করে।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব পলাশ কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের জনাব পলাশ বিমা কোম্পানির নিকট প্রিমিয়াম ফেরত পাওয়ার অধিকারী হবেন কি? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব রহিমের বর্তমান বয়স ৪৫ বছর। তিনি শিক্ষকতা পেশায় নিয়োজিত। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে নিজ নামে ১৫ বছরের একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। তিনি তার স্ত্রীকে বিমাপত্রের নমিনি করেন। পরপর ৩ বছর কিস্তি প্রদান করার পর জনাব রহিমের মৃত্যু হয়। মেয়াদপূর্তির পর তার স্ত্রী বিমা কোম্পানির নিকট বিমাদাবি পেশ করে।

ক. প্রিমিয়াম কী? ১
খ. আজীবন বিমা বলতে কী বোঝায়? ২
গ. জনাব রহিম কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব রহিমের স্ত্রী কি বিমাদাবি করতে পারবেন? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৪৭ ✓ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

**ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ইংল্যান্ড L শাস্তি ব্যাংক
M ব্যাংক অব ভেনিস
N ব্যাংক অব বার্সিলোনা

**২. ব্যাংক ব্যবস্থার উন্নয়নে মুখ্য ভূমিকা পালন করে–**
K সভ্যতার উন্নয়ন L মুদ্রার প্রচলন
M সরকারের হস্তক্ষেপ N ব্যবসায়ীদের প্রচেষ্টা

**৩. ব্যাংক আব বার্সিলোনা কতসালে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ L ১১৭৮
M ১৪০১ N ১৪০৭

**৪. ব্যাংক অব ইংল্যান্ড কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ L ১৪০১
M ১৬৯৪ N ১৮০০

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আলী এবং জনাব সজিব যথাক্রমে 'ক' ও 'খ' ব্যাংকে চাকরি করে। সারা দেশে 'ক' ব্যাংকের কার্যক্রম বহাল থাকলেও 'খ' ব্যাংকের শুধু ঢাকার মতিঝিল এলাকায় সেবা প্রদান করে। এ বছর ব্যাপক প্রাকৃতিক দুর্যোগের কারণে দুটি ব্যাংকই তারল্য সংকটে ভুগছে। তবুও বছর শেষে 'ক' ব্যাংকে 'খ' ব্যাংকের তুলনায় অধিক মুনাফা লাভ করেছে।

**৫. 'ক' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K একক L শাখা
M গোষ্ঠী N চেইন

**৬. ব্যাংক দুটির তারল্য সংকট হওয়ার কারণ–**
i. ঋণের টাকা অনাদায়ি থাকছে
ii. দক্ষতার নীতি পালন করা হয়নি
iii. নতুন করে আমানত আসছে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. CRR এর পূর্ণরূপ কী?**
K Cash Reserve Rate
L Cash Reserve Ratio
M Cash Reserve Requirement
N Cash Requirement Ratio

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
আমিনা ব্যাংক 'ক' দেশটির নোট ও মুদ্রা ইস্যু করার একচেটিয়া ক্ষমতা রাখে। এ প্রয়োজনেই আমিনা ব্যাংক নোট ইস্যুর ক্ষেত্রে ২০% স্বর্ণ ও অন্যান্য সম্পত্তি রিজার্ভ হিসাবে সংরক্ষণ করে থাকে।

**৮. আমিনা ব্যাংক যদি বর্তমানের চেয়ে বেশি নোট ও মুদ্রা ইস্যু করতে চায় তাহলে রিজার্ভের পরিমাণ–**
K বাড়বে L কমবে
M প্রভাব ফেলবে না N অপরিবর্তিত থাকে

**৯. কেন্দ্রীয় ব্যাংকের বৈশিষ্ট্য হলো–**
i. একক ব্যাংক
ii. মুনাফা অর্জন
iii. অন্যান্য ব্যাংকের ব্যাংকার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. কোম্পানির হিসাব খুলতে নিচের কোনটি সংশ্লিষ্ট নয়?**
K চুক্তিপত্র L ট্রেড লাইসেন্স
M নিবন্ধনপত্র N স্মারকলিপি

**১১. একজন কৃষক আমানতি হিসাব খুলতে পারেন–**
K ৫ টাকা জমা দিয়ে
L ১০ টাকা জমা দিয়ে
M ২০ টাকা জমা দিয়ে
N ৫০ টাকা জমা দিয়ে

**১২. একটি চেকের বৈধতার মেয়াদ কতদিন থাকে?**
K ৬০ L ৯০
M ১৮০ N ২৭০

**১৩. বিনিময় বিল কে প্রস্তুত করে?**
K পাওনাদার L ব্যাংক
M বিমা প্রতিষ্ঠান N দেনাদার

**১৪. কোনটি ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশ?**
K ব্যাংকের নিশ্চয়তা L ব্যাংক ড্রাফট
M পে-অর্ডার N চেক

**১৫. বিনিময় বিলের প্রধানত পক্ষ কতটি?**
K ২ L ৩ M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনতা লিমিটেড থেকে ডায়মন্ড লিমিটেড ১০,০০,০০০ টাকার একটি চেক পেয়ে তা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব সাহেদকে ব্যাংক থেকে ভাঙ্গানোর জন্য দিলেন।

**১৬. উদ্দীপকে জনাব সাহেদ সাহেব কোন পক্ষ হিসেবে বিবেচিত হবেন?**
K ধারক L অনুমোদনকারী
M আদেষ্টা N আদিষ্ট

**১৭. ডায়মন্ড লিমিটেড কর্তৃক প্রাপ্ত চেকটি কোন ধরনের?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N অনুমোদনপ্রাপ্ত চেক

**১৮. যে চেকের মেয়াদোত্তীর্ণ হয়েছে তার নাম–**
i. বাসি চেক
ii. বাতিল চেক
iii. ফাঁকা চেক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. SWIFT এর কার্যক্রম শুরু হয় সর্বপ্রথম কোন সালে?**
K ১৯৭০ L ১৯৭৩
M ১৯৭২ N ১৯৯০

**২০. PIN-এর পূর্ণরূপ কী?**
K Private Identification Number
L Personnel Identification Number
M Public Indentification Number
N Personal Identification Number

**২১. অনলাইন ব্যাংকিং নিচের কোন উপকরণের প্রয়োজন কমিয়েছে?**
K পে-অর্ডার L ব্যাংক ড্রাফট
M গ্যারান্টিপত্র N চেক

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রেজা একজন ব্যবসায়ী। তিনি তার অধিকাংশ ব্যাংকিং কার্যক্রম তার ব্যবহৃত মোবাইল ফোনের মাধ্যমে সম্পন্ন করে থাকেন। সম্প্রতি তিনি ব্যবসায়িক প্রয়োজনে বিদেশ ভ্রমণে আছেন। হঠাৎ তিনি আর্থিক সংকটে পড়েন।

**২২. জনাব রেজা কীভাবে তার ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করেন?**
K অনলাইন ব্যাংকিং L মোবাইল ব্যাংকিং
M হোম ব্যাংকিং N ইন্টারনেট ব্যাংকিং

**২৩. উদ্দীপকে জনাব রেজা কীভাবে তার আর্থিক সংকট দূর করতে পারেন?**
i. ক্রেডিট কার্ডের মাধ্যমে
ii. ভ্রমণকারীর চেকের মাধ্যমে
iii. ভ্রমণকারীর প্রত্যয়পত্রের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. বিকাশ কী?**
K মোবাইল ব্যাংকিং L এনজিও
M ব্যক্তি N ব্যাংক

**২৫. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K বোনাস L প্রিমিয়াম
M সুদ N সমর্পণ মূল্য

**২৬. Clearing House অর্থ কী?**
K পরিষ্কার ঘর L নিকাশ ঘর
M ব্যস্ত ঘর N ব্যাংক ঘর

**২৭. ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম থাকলে তাঁকে কী বলা হয়?**
K আদর্শিক L উত্তম আদর্শিক
M উপ-আদর্শিক N কম আদর্শিক

**২৮. বাংলাদেশে বর্তমানে কত সালের বিমা আইনটি কার্যকর রয়েছে?**
K ১৯৩৮ L ১৯৬৫
M ১৯৬৮ N ২০১০

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
বৈমানিক রিংকু এককালীন ১০ লক্ষ টাকা দিয়ে ২ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন। ২ বছর অতিবাহিত হওয়ার পর তিনি বিমাদাবি করলে বিমাকারী বিধি মোতাবেক দাবি প্রত্যাখ্যান করেন।

**২৯. উদ্দীপকে জনাব রিংকুর বিমাপত্রটি কোন ধরনের?**
K সাধারণ মেয়াদি L সাময়িক
M বিশুদ্ধ মেয়াদি N বহুমুখী সুবিধা

**৩০. উদ্দীপকে বিমাপত্রটির জন্য বিশেষভাবে প্রযোজ্য–**
i. নির্দিষ্ট মেয়াদের মধ্যে বিমাগ্রহিতা মারা গেলে বিমাদাবি পরিশোধ্য হবে
ii. সাধারণত এরকম বিমা বহু কিস্তিসম্পন্ন হবে
iii. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ব্যক্তি এরূপ বিমা করেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | M | ৪ | M | ৫ | L | ৬ | L | ৭ | M | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | K | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | K | ১৯ | L | ২০ | N | ২১ | L | ২২ | L | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | L | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |

## ৪৮ আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাসেল-২ এর মোট ভিত্তি কয়টি?**
K একটি L দুটি
M তিনটি N চারটি

**২. ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যাবলির কোনটি?**
K বিনিময়ের মাধ্যম সৃষ্টি L গ্রাহকদের অর্থ সংগ্রহ
M ঋণদান N আমানত সংগ্রহ

**৩. নিচের কোনটি স্বায়ত্তশাসিত ব্যাংক?**
K জনতা ব্যাংক L উত্তরা ব্যাংক
M প্রাইম ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**৪. আমদানি রপ্তানি ব্যাংকের কাজ হলো—**
i. দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করা
ii. LC সুবিধা প্রদান করা
iii. বৈদেশিক বিলে স্বীকৃতি প্রদান করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. পদ্মা, মেঘনা, যমুনা তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, পদ্মা ব্যাংক হোল্ডিং ব্যাংক হিসেবে কাজ করবে অন্য ব্যাংক সাবসিডিয়ারি ব্যাংক হিসেবে কাজ করবে। উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K চেইন ব্যাংকিং L গ্রুপ ব্যাংকিং
M একক ব্যাংকিং N শাখা ব্যাংকিং

**৬. বাংলাদেশের আর্থিক নীতি প্রণয়নে কোন ব্যাংক সরকারকে সরাসরি সহায়তা করে?**
K বাংলাদেশ ব্যাংক L সোনালী ব্যাংক
M বাংলাদেশ উন্নয়ন ব্যাংক N প্রাইম ব্যাংক

**৭. বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের প্রদত্ত ঋণের ৫% অবশ্যই কৃষি খাতে বরাদ্দ করতে হবে। এটি কেন্দ্রীয় ব্যাংকের কোন ঋণ নিয়ন্ত্রণ নীতির মধ্যে পড়বে?**
K জামানতের প্রান্তিক হার নীতি
L ব্যাংক হার নীতি
M খোলাবাজার নীতি
N ঋণের বরাদ্দকরণ নীতি

**৮. বাংলাদেশ ব্যাংকের অনুপস্থিতিতে কোন ব্যাংক নিকাশ ঘরের দায়িত্ব পালন করে?**
K জনতা ব্যাংক L অগ্রণী ব্যাংক
M সোনালী ব্যাংক N রূপালী ব্যাংক

**৯. ঋণের পরিমাণ বৃদ্ধি পায়—**
i. ব্যাংক হার কমলে
ii. খোলাবাজারে বন্ড ক্রয় করলে
iii. জমার হার বাড়িয়ে দিলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. আমিন একজন প্রবাসী শ্রমিক। তিনি কাতারে থাকেন। তিনি বাংলাদেশের তার স্ত্রীর নিকট ৫০,০০০ টাকা পাঠানোর কথা চিন্তা করেন। তিনি কাতারে তার ব্যাংককে নির্দেশ দিলেন তার স্ত্রীর ব্যাংক হিসেবে টাকাটি যেন পাঠিয়ে দেওয়া হয়। পরদিন তার স্ত্রী জানালো যে তিনি টাকা পেয়েছেন। আমিন সাহেবের ব্যাংক কোন পদ্ধতিতে বাংলাদেশের টাকা হস্তান্তর করেছে?**
K ফান্ড ট্রান্সফার L বিকাশ
M টেলিক্যাশ N নগদ ব্যবস্থাপনা

**১১. FDR কোন ধরনের হিসাবের সাথে সম্পর্কযুক্ত?**
K সঞ্চয়ী L স্থায়ী
M চলতি N বিশেষ চলতি

**১২. নমুনা স্বাক্ষর কার্ডে কার স্বাক্ষরের নমুনা সংগ্রহ করা হয়?**
K আমানতকারীর L ব্যাংকারের
M হস্তান্তর গ্রহীতা N ম্যানেজারের

**১৩. চলতি হিসাবের গ্রাহকদেরকে ব্যাংক সুদ না দেওয়ার কারণ হলো—**
i. এই হিসাবের গ্রাহকরা কখনোই অলস অর্থ তাদের হিসাবে ফেলে রাখে না
ii. এই হিসাবের মাধ্যমে সংগৃহীত অর্থ কার্যত ব্যাংক বিনিয়োগ করতে পারে না
iii. এই হিসাবের গ্রাহকরা সুদের লেনদেন পছন্দ করেন না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. জনাব করিম নিজস্ব মূলধন নিয়ে একটি ব্যবসা শুরু করেন। তিনি স্থানীয় ব্যাংকের ম্যানেজারের পরামর্শ নিয়ে একটি উপযুক্ত ব্যাংক হিসাব খুলেন। করিমের জন্য কোন হিসাবটি উপযুক্ত?**
K সঞ্চয়ী L চলতি
M স্থায়ী N ঋণ হিসাব

**১৫. চেকে ব্যাংকের নাম উল্লেখ করে দাগকাটা হলে তাকে কী বলা হয়?**
K সাধারণ দাগ কাটা চেক
L বিশেষ দাগ কাটা চেক
M দ্বৈত দাগ কাটা চেক
N বাহক চেক

**১৬. কোন ধরনের চেক হস্তান্তরের জন্য লিখিত অনুমোদনের দরকার হয় না?**
K বাহক চেক L ফাঁকা চেক
M মার্কেট চেক N বাসি চেক

**১৭. বিনিময় বিল ও প্রত্যয়পত্র—**
i. শর্তহীন হয়
ii. স্ট্যাম্পযুক্ত থাকে
iii. উভয়ের তিনটি পক্ষ থাকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. তানিয়া একটি চেক প্রস্তুত করে ময়নাকে দিল। ময়না চেকটি ইব্রাহিমের নিকট অনুমোদন করে এবং অনুমোদনের সময় ঠিক এর উল্টো পিঠে ইব্রাহিমের নাম লিখে স্বাক্ষর করে দেয়। ময়নার অনুমোদনকৃত চেকটি কোন ধরনের অনুমোদন?**
K শর্তসাপেক্ষে অনুমোদন
L সীমিত অনুমোদন
M ফাঁকা অনুমোদন
N পূর্ণ অনুমোদন

**১৯. ক্রেডিট কার্ডের সুবিধা হলো—**
i. ঋণ সুবিধা লাভ করা যায়
ii. এটিএম থেকে টাকা উত্তোলন করা যায়
iii. পণ্য বা সেবা ক্রয়ে ব্যবহার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে—**
i. ঘরে বসে ফান্ড ট্রান্সফার করা যায়
ii. বিভিন্ন ধরনের উপযোগ বিল প্রমাণ করা যায়
iii. হিসাবের ব্যালেন্স জানা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. শুভ একটি বেসরকারি ব্যাংকে সঞ্চয়ী হিসাব খুলেছে। ব্যাংক কর্তৃপক্ষ তাকে একটি কার্ড দিল। এ কার্ড দিয়ে দিনের যেকোনো সময় অর্থ উত্তোলন করা যায়। শুভকে ব্যাংক কোন কার্ডটি দিল?**
K ক্রেডিট কার্ড L ডেবিট কার্ড
M ডিজিটাল কার্ড N অটোমেশন কার্ড

**২২. তারেক সাহেব কেনাকাটা করতে মার্কেটে গেলেন। কেনাকাটার পর টাকা পরিশোধ করতে গিয়ে দেখেন তার নিকট নগদ টাকা নেই। তিনি কার্ডের মাধ্যমে টাকা পরিশোধ করে দেন। এই টাকা ব্যাংককে পরে পরিশোধ করে দিতে হবে। তারেক সাহেবের কাছে কোন কার্ডটি ছিল?**
K ক্রেডিট কার্ড L ডেবিট কার্ড
M এটিএম কার্ড N ডিসকাউন্ট কার্ড

**২৩. বিমাকারীর ঝুঁকির অংশবিশেষ অন্য বিমা কোম্পানির হাতে ছেড়ে দেওয়াকে কী বলা হয়?**
K দুর্ঘটনা বিমা L পুনঃবিমা
M দ্বৈত বিমা N যৌথবিমা

**২৪. বিমাপত্র চালাতে অসমর্থ হলে বিমা কোম্পানি বিমাগ্রহীতাকে যে মূল্য ফেরত দেয় তাকে কি বলে?**
K বোনাস L বৃত্তি
M মুনাফা N সমর্পণ মূল্য

**২৫. বিমাচুক্তির অপরিহার্য উপাদান হলো—**
i. দুটি পক্ষ
ii. বিমাযোগ্য স্বার্থ
iii. ঝুঁকি হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. জনাব আনিস অনেকদিন যাবত বনানীর একটি বাসায় ভাড়া থাকেন। তিনি নিজ নামে ভবনটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবে অস্বীকৃতি জানায়। জনাব আনিসের প্রস্তাব প্রত্যাখ্যান হয়েছিল কেন?**
K প্রত্যক্ষ কারণের অভাব
L বিমাযোগ্য স্বার্থের অভাব
M চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
N গ্রহণযোগ্যতার অভাব

**২৭. জীবন বিমার বৈশিষ্ট্য নয় কোনটি?**
K নিশ্চয়তার চুক্তি L ক্ষতিপূরণের চুক্তি
M বিমাযোগ্য স্বার্থ N সমর্পণ মূল্য

**২৮. জীবন বিমায় বিমাগ্রহীতার মৃত্যুঝুঁকি কীসের মাধ্যমে নির্ণয় করা হয়?**
K শৃঙ্খলাপূর্ণ জীবন L স্বাস্থ্যসচেতনতা
M মৃত্যুহারপঞ্জি N খাদ্যাভ্যাস

**২৯. জীবন বিমার প্রিমিয়ামের হার নির্ধারণের বিভিন্ন বিষয়ের মধ্যে পড়ে—**
i. বিমাকৃত ব্যক্তির বয়স
ii. বিমাকৃত ব্যক্তির সামাজিক মর্যাদা
iii. বিমাকৃত অর্থের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. জনাব দিহান একটি জীবন বিমা পলিসি গ্রহণ করে দশ বছর নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদান করে। চুক্তির শর্তানুসারে দিহানের মৃত্যুর পর তাঁর স্ত্রী ১০ লক্ষ টাকা বিমাদাবি গ্রহণ করেন। জনাব দিহান কোন ধরনের জীবন বিমা গ্রহণ করেছিলেন?**
K মেয়াদি জীবন বিমা L বিশুদ্ধ জীবন বিমা
M আজীবন বিমা N সাময়িক জীবন বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | N | ৪ | M | ৫ | L | ৬ | K | ৭ | N | ৮ | M | ৯ | K | ১০ | K | ১১ | L | ১২ | K | ১৩ | K | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | L | ১৯ | N | ২০ | N | ২১ | L | ২২ | K | ২৩ | L | ২৪ | N | ২৫ | K | ২৬ | L | ২৭ | L | ২৮ | M | ২৯ | L | ৩০ | M |

## ৪৯ শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সোনালী ব্যাংক ২৫,০০০ টাকা মূল্যের একটি ফ্রিজ কেনার ঋণ দিয়ে গ্রাহককে তা ১০ কিস্তিতে পরিশোধের সুযোগ দেয় এটি যে ধরনের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি?**
K ঋণ বরাদ্দকরণ নীতি
L প্রত্যক্ষ ব্যবস্থা
M নৈতিক পরামর্শ
N ভোগ্যপণ্যের ঋণ নিয়ন্ত্রণ

**২. একজন ব্যবসায়ীর চলতি হিসাব খোলার কারণ কী?**
K ব্যাংক চার্জ কর্তন করা হয় না
L দিনে যতবার খুশি টাকা জমা দেওয়া যায়
M স্বল্প হারে সুদ পাওয়া যায়
N জমাতিরিক্ত ঋণ পাওয়া যায়

**৩. বিশ্বে বর্তমানে প্রচলিত ক্রেডিট কার্ড হলো—**
i. Paypal
ii. American Express
iii. VISA Card
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. কোন দেশে প্রথম ই-ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তন করে?**
K স্পেন L ইংল্যান্ড
M রাশিয়ায় N আমেরিকায়

**৫. বিনিময় বিল সম্পর্কে নিচের যে উক্তিটি সঠিক—**
i. স্ট্যাম্প লাগাতে হয়
ii. আদিষ্টের স্বীকৃতি দরকার
iii. সাধারণত চারটি পক্ষ থাকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. নিকাশ ঘর তার কার্যাবলি যেভাবে সম্পাদন করে—**
K ভ্যাট সরবরাহ করে
L জনকল্যাণ করে
M দেনাদার হ্রাস করে
N সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণ করে

**৭. কোনটির ওপর ভিত্তি করে বিমা ব্যবসায়ে ঝুঁকির পরিমাণ ও প্রিমিয়ামের হার নির্ধারণ করে?**
K আনুপাতিক হারের ওপর
L সম্ভাব্য তত্ত্বের ওপর
M সেবার ওপর
N নিকটতম কারণের ওপর

**৮. যেসব কারণে ব্যাংক হিসাব বন্ধ করে দেয়—**
i. গ্রাহকের মৃত্যু হলে
ii. গ্রাহক প্রতারক হলে
iii. গ্রাহক পাগল হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. যে হিসাব নবায়নযোগ্য কিন্তু নির্দিষ্ট মেয়াদের জন্য করা হয় তাকে কী বলে?**
K স্থায়ী হিসাব L সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব N শ্রমিক সঞ্চয়ী হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইব্রাহীম একজন কাঁচা পাট ব্যবসায়ী। অগ্নিজনিত ক্ষতির হাত থেকে রক্ষা পেতে তিনি একটি বিমাপত্র গ্রহণ করেছেন। পাটের দাম পড়ে যাওয়ায় অগ্নিকাণ্ড ঘটিয়ে বিমাকারী বরাবর দাবি পেশ করেন।

**১০. ইব্রাহীম বিমাপত্রটি কোন প্রকৃতির?**
K জীবন বিমা L অগ্নি বিমা
M নৌ বিমা N সামাজিক বিমা

**১১. উদ্দীপকে বিমাদাবি আদায়ে কোন উপাদানটি অপরিহার্য?**
K ক্ষতিপূরণ L প্রত্যক্ষ কারণ
M প্রতিস্থাপন N অধিকার অর্পণ

**১২. বিমার ক্ষেত্রে সদ্বিশ্বাসের সম্পর্ক নীতিটির তাৎপর্য হলো—**
i. একের প্রতি অন্যের বিশ্বাস রাখা
ii. বিশ্বাসভঙ্গমূলক কাজ থেকে বিরত থাকা
iii. প্রয়োজনীয় সকল তথ্য প্রকাশ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংক বাছাইয়ে একজন সাধারণ গ্রাহকের নিকট কোনটি কম গুরুত্বপূর্ণ?**
K ব্যাংকের অবস্থান
L ব্যাংক কর্মীদের ব্যবহার
M ব্যাংকের আর্থিক সামর্থ্য
N প্রদত্ত সেবা সুবিধাসমূহ

**১৪. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**
K জাহাজ বিমা L বিমান বিমা
M জীবন বিমা N অগ্নি বিমা

**১৫. কোন ধরনের জীবন বিমাপত্রের ক্ষেত্রে একজন ব্যক্তি মারা গেলে ও বিমাপত্র চালু থাকে?**
K গ্রুপ L আজীবন
M মেয়াদি N সাময়িক

**১৬. মিসেস শম্পা একজন ধনাঢ্য মহিলা। মাঝে মধ্যেই বিদেশে যান। দেশের এমন একটা ব্যাংকে হিসাব খুলেছেন যেখানে অনলাইন ব্যাংকিং সুবিধা বিদ্যমান। ব্যাংক তাকে বিভিন্ন আধুনিক সেবা সুবিধা অফার করছে। ব্যাংক মিস শম্পাকে যে সকল আধুনিক সুবিধা অফার করেছে তা হতে পারে—**
i. ডেবিট কার্ড
ii. ক্রেডিট কার্ড
iii. লকার সিস্টেম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. প্রাচীন যুগের ব্যবসায়ীরা কোন পন্থায় বিমার প্রচলন শুরু করে?**
K একক ভিত্তিতে L পরিবার ভিত্তিতে
M দল ভিত্তিতে N সমবায় ভিত্তিতে

**১৮. নিচের কোন মূলনীতি জীবন ও সম্পত্তি সব ধরনের বিমার ক্ষেত্রেই প্রযোজ্য?**
K আর্থিক ক্ষতিপূরণের নীতি
L প্রত্যক্ষ কারণের নীতি
M আনুপাতিক অংশগ্রহণের নীতি
N স্থলাভিষিক্তকরণ নীতি

**১৯. যে বিমাপত্রের প্রিমিয়াম নির্দিষ্ট সময় পর্যন্ত পরিশোধ করা হয়—**
K একক কিস্তিসম্পন্ন বিমাপত্র
L সীমিত কিস্তিসম্পন্ন বিমাপত্র
M অবিরাম কিস্তিসম্পন্ন বিমাপত্র
N রূপান্তরযোগ্য বিমাপত্র

**২০. জনাব আলিম জাতিসংঘের শান্তিরক্ষী মিশনে ঘানায় আছেন। যাওয়ার পূর্বে তিনি নিজের জন্য স্বল্প প্রিমিয়ামে জীবন বিমা করেছিলেন। দেশে ফিরে এসে তিনি বিমাপত্র আবার নবায়ন করলেন। জনাব আলিম কোন ধরনের জীবন বিমাপত্র সংগ্রহ করেছেন?**
K আজীবন বিমাপত্র L সাময়িক
M সাধারণ মেয়াদি N বিশুদ্ধ মেয়াদি

**২১. কোন ব্যাংকিং-এ প্রধান ব্যাংক হোল্ডিং ব্যাংকের দায়িত্ব পালন করে?**
K শাখা ব্যাংকিং L গ্রুপ ব্যাংকিং
M চেইন ব্যাংকিং N একক ব্যাংকিং

**২২. বাণিজ্যিক ব্যাংক কোন নীতি অনুসরণ করে সুনাম অর্জন করে?**
K তারল্য নীতি L বিনিয়োগ নীতি
M নিরাপত্তা নীতি N সচ্ছলতা নীতি

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
মিনহাজ কেনাকাটার উদ্দেশ্যে মার্কেটে গিয়ে পকেটে হাত দিয়ে দেখল তার মানিব্যাগে কোনো টাকা-পয়সা নেই। সে মানিব্যাগ থেকে একটি কার্ড বের করে ATM বুথ থেকে টাকা ওঠালো এবং কেনাকাটা শেষ করল।

**২৩. মিনহাজ কোন কার্ড ব্যবহার করে ATM বুথ থেকে টাকা উত্তোলন করল?**
K ডেবিট কার্ড L আইডি কার্ড
M স্মার্ট কার্ড N মাস্টার কার্ড

**২৪. মিনহাজ তার কার্ডের মাধ্যমে যে ধরনের সুবিধা পায়—**
i. নগদ অর্থ বহনের ঝুঁকি হতে মুক্ত
ii. দ্রুত লেনদেন সম্পন্ন হয়
iii. সহজে শপিং করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. হস্তান্তরযোগ্য দলিল পরিশোধযোগ্য—**
K নির্দিষ্ট সময় আগে L নির্দিষ্ট সময় পরে
M যেকোনো সময় N কার্যদিবসে

**২৬. কেন্দ্রীয় ব্যাংক হলো ঋণদানের শেষ আশ্রয়স্থল'—এটি কার উক্তি?**
K অধ্যাপক পি. কেন্ট L ডব্লিউ এ. 'শ'
M কিস ও এলকিন
N অধ্যাপক আর. জি হট্রে

**২৭. মার্কেট চেক বলা হয়—**
i. ভিসা কার্ডকে
ii. মাস্টার কার্ডকে
iii. এটিএম কার্ডকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. SLR শব্দ সংক্ষেপের পুরোশব্দ কোনটি?**
K Statutory Liquidity Reserve
L Standard Liquidity Reserve
M Statutory Liquidity Requirement
N Standard Liquidity Rate

**২৯.**




**উপরের কোনটি বিশেষভাবে দাগকাটা চেকের নমুনা?**
K ১ L ২
M ৩ N ৪

**৩০. কোন চেক হারিয়ে গেলে দ্রুত ব্যাংককে জানাতে হয়?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N বিশেষ চেক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | N | ৩ | M | ৪ | N | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | L | ১১ | L | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | L | ২০ | L | ২১ | L | ২২ | N | ২৩ | K | ২৪ | N | ২৫ | L | ২৬ | N | ২৭ | N | ২৮ | N | ২৯ | N | ৩০ | K |

## ৫০ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'মুদ্রার প্রয়োজনেই এসেছে ব্যাংক'–কথাটি কে বলেছেন?**
K ম্যাকলিড L হান্না
M আর.পি. ক্যান্ট N লুকা প্যাসিওলি

**২. কোন কোন ব্যাংকের সমন্বয়ে মিশ্র ব্যাংকিং গঠিত?**
K আমানত ও বিনিয়োগ
L আমানত ও সঞ্চয়
M ঋণদান ও বিনিয়োগ
N শিল্প ও কৃষি

**৩. অর্থ বলতে বুঝায়–**
i. বিনিময়ের মাধ্যম
ii. মূল্যের পরিমাপক
iii. সঞ্চয়ের বাহন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. কোনটি প্রথম সনদপ্রাপ্ত সরকারি ব্যাংক?**
K ব্যাংক অব জেনোয়া
L ব্যাংক অব জাপান
M ব্যাংক অব ইংল্যান্ড
N রিকস ব্যাংক অব সুইডেন

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' ব্যাংকে 'খ' ব্যাংকের, 'খ' ব্যাংকে 'গ' ব্যাংকের, 'গ' ব্যাংকে 'ঘ' ব্যাংকের কিছু চেক উপস্থাপিত হয়। উক্ত চেকগুলো নিষ্পত্তির জন্য 'ঙ' ব্যাংকের তত্ত্বাবধানে তিনটি ব্যাংক মিলিত হয়।

**৫. উদ্দীপকে 'ঙ' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K বাণিজ্যিক ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M ইসলামী ব্যাংক N আঞ্চলিক ব্যাংক

**৬. উক্ত লেনদেনগুলি নিষ্পত্তির কাজকে কী বলা হয়?**
K নিরীক্ষার কাজ L নিকাশ ঘর
M হিসাবরক্ষণ N সমন্বয়করণ

**৭. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের মালিকানার প্রকৃতি কী?**
K সরকারি L বেসরকারি
M স্বায়ত্তশাসিত N যৌথ

**৮. অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষার মূল দায়িত্ব কার?**
K কেন্দ্রীয় ব্যাংকের
L বাণিজ্যিক ব্যাংকের
M বিশেষায়িত ব্যাংকের
N সরকারের

**৯. বাণিজ্যিক ব্যাংক কার অনুকূলে প্রত্যয়পত্র ইস্যু করে?**
K আমদানিকারক L রপ্তানিকারক
M কেন্দ্রীয় ব্যাংক N সরকার

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
ইতি ও দিতি দুজন অংশীদার। তারা 'বন্ধু ট্রেডার্স' নামে ব্যবসায় পরিচালনা করে। সম্প্রতি তারা ব্যবসার জন্য একটি হিসাব খোলার সিদ্ধান্ত নিলেন।

**১০. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের জন্য কোন ধরনের হিসাব উপযোগী?**
K সঞ্চয়ী হিসাব L চলতি হিসাব
M স্থায়ী হিসাব
N বিশেষ চলতি হিসাব

**১১. হিসাব খুলতে গেলে তাদের আবেদনপত্রের সাথে আরও জমা দিতে হবে–**
i. ট্রেড লাইসেন্স
ii. অংশীদারি চুক্তিপত্র
iii. সংঘবিধির অনুলিপি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i, ii ও iii N i ও iii

**১২. কোন হিসাবের মালিককে ব্যাংক চেকবই সরবরাহ করে না?**
K সঞ্চয়ী হিসাব L স্থায়ী হিসাব
M চলতি হিসাব N বৈদেশিক মুদ্রা হিসাব

**১৩. বিনিময় বিলের ক্ষেত্রে লিখিত বিলে স্বীকৃতি দেয় কে?**
K পাওনাদার L ক্রেতা
M ব্যবসায়ী N ব্যাংক

**১৪. কোনটি হস্তান্তরযোগ্য দলিল?**
K ট্রেজারি বিল L মানি অর্ডার
M পে-অর্ডার N সরকারি নোট

**১৫. ভ্রমণকারীর জন্য প্রযোজ্য–**
i. ভ্রাম্যমাণ নোট
ii. ভ্রাম্যমাণ প্রত্যয়পত্র
iii. প্রত্যয়পত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i, ii ও iii N i ও iii

**১৬. প্রস্তুতকৃত তারিখের কত দিন পর কোন চেক বাসি চেক হিসাবে পরিগণিত হয়?**
K ১ মাস L ৩ মাস
M ৬ মাস N ১২ মাস

**১৭. MICR কোনটির সাথে সম্পৃক্ত?**
K চেক L প্রত্যয়পত্র
M ডেবিট কার্ড N ক্রেডিট কার্ড

**১৮. ATM কার্ড কেন ব্যবহার করা হয়?**
K বিল বাট্টাকরণ L ঋণ নিয়ন্ত্রণ
M অর্থ উত্তোলন N মূলধন গঠন

**১৯. ই-ব্যাংকিং এর সবচেয়ে বড় প্রতিবন্ধকতা কোনটি?**
K অর্থ L চাহিদা
M নিরাপত্তা N যোগাযোগ

**২০. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যবস্থায় অধিক উপযোগী?**
K একক L শাখা
M গ্রুপ N চেইন

**২১. কোন নীতির ভিত্তিতে একই সম্পত্তি একাধিক কোম্পানির নিকট বিমা করা হয়?**
K প্রত্যক্ষ কারণ L স্থলাভিষিক্তকরণ
M আনুপাতিক অংশগ্রহণ
N আর্থিক ক্ষতিপূরণ

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ডিলান তার গুদামে রক্ষিত মালামালের ক্ষতিপূরণের জন্য এলিকো বিমা কোম্পানির সাথে বেশ কিছু শর্তাদি উল্লেখ করে একটি বিমাচুক্তি সম্পাদন করেন।

**২২. উদ্দীপকে উল্লিখিত বিমার শর্তাদি কে পালন করবে?**
K বিমাকর্মী L বিমাকারী
M বিমাগ্রহীতা
N বিমাকারী ও বিমাগ্রহীতা

**২৩. উদ্দীপকে বিমা চুক্তিটি কোন ধরনের?**
K দায় L সম্পত্তি
M দুর্ঘটনা N পণ্য দায়

**২৪. সর্বপ্রথম কোন বিমার প্রচলন হয়?**
K জীবন বিমা L নৌ বিমা
M অগ্নিবিমা N দুর্ঘটনা বিমা

**২৫. বিমার উদ্দেশ্য হলো–**
i. ঝুঁকি হ্রাস
ii. পুনর্গঠন
iii. মূলধন গঠন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. সমর্পণ মূল্য কোন বিমার ক্ষেত্রে প্রযোজ্য?**
K জীবন বিমা L নৌ-বিমা
M অগ্নি বিমা N শস্য বিমা

**২৭. নবায়নের প্রয়োজন পড়ে এমন জীবন বিমাপত্র কোনটি?**
K আজীবন বিমাপত্র L যুগ্ম বিমাপত্র
M মেয়াদি বিমাপত্র N সাময়িক বিমাপত্র

**২৮. জীবন বিমা চুক্তি সম্পাদন প্রক্রিয়ায় সর্বপ্রথম কোন কাজটি করতে হয়?**
K প্রস্তাব প্রদান
L প্রাথমিক আনুষ্ঠানিকতা
M ডাক্তারি পরীক্ষা ও রিপোর্ট
N প্রস্তাব গ্রহণ

**২৯. জীবন বিমার প্রিমিয়াম নির্ণয়ে গুরুত্বপূর্ণ–**
i. বিমাপত্রের মূল্য
ii. গ্রহীতার বয়স
iii. গ্রহীতার পেশা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. মৃত্যু হার কোন বিমার সাথে সম্পর্কযুক্ত?**
K জীবন বিমা L নৌ বিমা
M অগ্নি বিমা N সামাজিক বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | N | ৪ | N | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | K | ৯ | L | ১০ | L | ১১ | K | ১২ | L | ১৩ | L | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | M | ১৯ | M | ২০ | L | ২১ | M | ২২ | N | ২৩ | L | ২৪ | L | ২৫ | L | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | N | ৩০ | K |

## ৫১ ✓ যশোর সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 3

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিমাকারী কর্তৃক অন্যের ঝুঁকি গ্রহণের মূল্যকে কী বলে?**
K বৃত্তি L প্রিমিয়াম
M মুনাফা N বোনাস

**২. কোন ধরনের বিমাপত্রের ক্ষেত্রে একক কিস্তি পরিকল্পনা বিশেষভাবে প্রযোজ্য?**
K সাময়িক L বৃত্তি
M মেয়াদি N আজীবন

**৩. জীবন বিমাচুক্তিতে অতি প্রয়োজনীয় উপাদান কোনটি?**
K প্রতিদান L চূড়ান্ত সদ্বিশ্বাস
M পারস্পরিক আস্থা N সমর্পণ মূল্য

**৪. নিচের কোন নীতিটি জীবন বিমার বহির্ভূত?**
K প্রতিস্থাপন L মনোনয়ন
M প্রিমিয়াম N সমর্পণ মূল্য

**৫. দুজন বিমাকারীর মধ্যে সম্পাদিত হয় যে বিমা তা হলো—**
K দ্বৈত বিমা L যৌথ বিমা
M পূর্ণ বিমা N গোষ্ঠী বিমা

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
সমীর ও শিমু দুজন অংশীদার। একটা বিমাপত্রের অধীনে তারা দু জনের জীবন বিমা করতে চান। এধরনের বিমাপত্রে প্রিমিয়ামের হার যেমন কম তেমনি নবায়নযোগ্য।

**৬. উক্ত অংশীদারের সংগৃহীত বিমাপত্র বিমাগ্রহীতার সংখ্যার ভিত্তিতে কোন ধরনের বিমাপত্র বলে?**
K দ্বৈত L যুগ্ম
M গ্রুপ N সাময়িক

**৭. দুই অংশীদারের সংগৃহীত বিমাপত্র মেয়াদের ভিত্তিতে কোন ধরনের বিমাপত্র বলে?**
K স্বল্পমেয়াদি L মেয়াদি
M আজীবন N সাময়িক

**৮. কোন ধরনের বিমার মধ্যে দিয়ে বিমা ব্যবসায়ে যাত্রা শুরু করেন?**
K জীবন L নৌ
M অগ্নি N দুর্ঘটনা

**৯. ১৬৬৬ সালে ব্যাপক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে কোথায়?**
K লন্ডনে L প্যারিসে
M নিউইয়র্কে N রোমে

**১০. বাংলাদেশে কয় ধরনের বিমা প্রতিষ্ঠান দেখা যায়?**
K ২ L ৩
M ৪ N ৫

**১১. বিমার কাজ হলো—**
i. মুনাফা অর্জন
ii. আর্থিক নিরাপত্তা
iii. ঝুঁকি বণ্টন
**নিচের কোনটি সঠিক?**
K i L iii
M ii ও iii N i ও iii

**১২. বিমাচুক্তিতে কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

**১৩. বিমা মানুষের হতাশা ও অনিশ্চয়তা দূরীভূত করে সৃষ্টি করে—**
i. জাতীয় নিরাপত্তা
ii. সামাজিক নিরাপত্তা
iii. ব্যক্তিক নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তনের ফলে বৃদ্ধি পেয়েছে—**
K ব্যবসায়ের মুনাফা
L আমানতের গতিশীলতা
M ঋণপ্রদানে গতিশীলতা
N গ্রাহকের সেবার মান বৃদ্ধি

**১৫. ক্রেডিট কার্ডের মাধ্যমে করা যায়—**
K বিল আদায় L অর্থ স্থানান্তর
M ঋণ পরিশোধ N পণ্য ক্রয়

**১৬. চেকের প্রস্তুতকারককে কী বলে?**
K প্রাপক L অনুমোদনকারী
M আদেষ্টা N আদিষ্ট

**১৭. চেক প্রস্তুতের কতমাস পরে সেটি বাসি চেক বলে পরিগণিত হয়?**
K ৩ L ৪
M ৫ N ৬

**১৮. বিক্রয় বিন্দু সেবার উপকরণ হলো—**
i. এটিএম বুথ
ii. এটিএম কার্ড
iii. কার্ড একটিভেটেড টার্মিনাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৯. দাগকাটা চেক সাধারণত কত প্রকার হয়?**
K ২ L ৩
M ৪ N ৫

**২০. কোন বিমার ক্ষেত্রে গ্রুপ বিমা প্রযোজ্য?**
K জীবন L নৌ
M অগ্নি N শস্য

**২১. কোন ধরনের চেকের জন্য নিকাশঘরের সহায়তা বিশেষভাবে প্রয়োজন?**
K হুকুম L বাহক
M ভ্রমণকারীর N দাগকাটা

**২২. বিনিময় বিলের স্বীকৃতিকারীসহ মোট কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
নিরব ব্যাংক সজীব দেশের নোট ও মুদ্রা প্রচলনের একচেটিয়া ক্ষমতা রাখে এই প্রয়োজনে নিরব ব্যাংক নোট ইস্যুর ক্ষেত্রে ২৫% স্বর্ণ ও অন্যান্য সম্পত্তি রিজার্ভ হিসাবে সংরক্ষণ করে।

**২৩. নিরব ব্যাংক সজীব দেশের কোন ধরনের ব্যাংক?**
K কেন্দ্রীয় L প্রাচীন
M রাষ্ট্রীয় N বাণিজ্যিক

**২৪. নিরব ব্যাংক যদি বর্তমানের চেয়ে বেশি নোট ও মুদ্রা ইস্যু করতে চায়—**
K রিজার্ভ ২৫% থেকে বাড়বে
L রিজার্ভ ২৫% থেকে কমবে
M রিজার্ভে কোনো প্রভাব পড়বে না
N রিজার্ভ অপরিবর্তিত থাকবে

**২৫. অঙ্গীকারপত্রে কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

**২৬. ব্যাংক অব ইংল্যান্ড কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৬৫৬ L ১৬৬৮
M ১৬৯৪ N ১৬৯৬

**২৭. চেকে দাগকাটার অধিকারী হলেন—**
i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৮. নিকাশ ঘর ব্যবস্থা সর্বপ্রথম চালু হয় কোন দেশে?**
K যুক্তরাজ্য L যুক্তরাষ্ট্র
M ভারত N জাপান

**২৯. আধুনিক অর্থনীতির জীবনশক্তি কোনটি?**
K ব্যাংক L অর্থ
M মূলধন N বিনিয়োগ

**৩০. ব্যাংকের জননী বলা হয় কাকে?**
K ঋণ L মুদ্রা
M মহাজন N স্বর্ণকার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | K | ৪ | K | ৫ | M | ৬ | L | ৭ | N | ৮ | L | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | L | ১৯ | K | ২০ | K | ২১ | N | ২২ | M | ২৩ | K | ২৪ | K | ২৫ | K | ২৬ | M | ২৭ | M | ২৮ | K | ২৯ | K | ৩০ | L |

## ৫২ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 3

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ভেনিস L শাস্নী ব্যাংক
M ব্যাংক অব সানজর্জিও
N ব্যাংক অব বার্সিলোনা

**২. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলার পেছনে অধিকতর যৌক্তিক কারণ কোনটি?**
K আমানতকৃত অর্থ জমা করে বলে
L আমানতকৃত অর্থ ধার দেয় বলে
M ব্যাংক থেকে ধার নিয়ে ধার দেয় বলে
N ঋণদাতাদের কাছ থেকে ঋণ নিয়ে ঋণ দেয় বলে

**৩. মাইক্রো ফাইনান্স সংস্থা কোন ব্যাংক?**
K গ্রামীণ ব্যাংক L সোনালী ব্যাংক
M জনতা ব্যাংক N ন্যাশনাল ব্যাংক

**৪. নমুনা স্বাক্ষর কার্ডের বিষয় হলো—**
i. হিসাবের শিরোনাম ও গ্রাহকের নাম
ii. নমিনীর নাম ও স্বাক্ষর
iii. গ্রাহকের স্বাক্ষর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. কোন ব্যাংককে Mother of Central Bank বলা হয়?**
K রিক্স ব্যাংক অব সুইডেন
L ফেডারেল রিজার্ভ সিস্টেম
M ব্যাংক অব ইংল্যান্ড
N ব্যাংক অব ফ্রান্স

**৬. নোট ও মুদ্রার প্রচলন কেন্দ্রীয় ব্যাংকের কোন ধরনের কার্যাবলির আওতাভুক্ত?**
K সাধারণ L সরকারের ব্যাংক
M অন্য ব্যাংকের ব্যাংক N উন্নয়নসংক্রান্ত

**৭. SLR শব্দ সংক্ষেপের পুরো শব্দ কোনটি?**
K Statutory Liquidity Reserve
L Standard Liquidity Reserve
M Statutory Liquidity Requirment
N Standard Liquidity Rate

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
তৃকীর বাবা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। তাকে রাতে জরুরি কাজে ঢাকায় যেতে হবে। সময়ের অভাবে ব্যাংক থেকে টাকা উঠাতে পারেনি। বাসায় নগদ টাকাও বেশি নেই। নিরুপায় হয়ে চেক বইটা সাথে নিয়েই ঢাকায় রওয়ানা হলেন। ঢাকায় পৌঁছে টাকা উঠাতে সমস্যা হয়নি।

**৮. মি. তৃকীর টাকা উঠাতে সমস্যা না হওয়ার কারণ কী?**
K অনলাইন ব্যাংকিং L সনাতন ব্যাংকিং
M এটিএম কার্ড N হোম ব্যাংকিং

**৯. উদ্দীপকের আলোকে তৃকীর নিকট চেকের বিকল্প হতে পারত—**
i. ডেবিট কার্ড
ii. ক্রেডিট কার্ড
iii. ডিসকাউন্ট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. একজন চাকরিজীবী সঞ্চয়ী হিসাব খোলেন কেন?**
K ব্যাংক চার্জ কর্তন করা হয় না বলে
L স্বল্প হারে সুদ পাওয়া যায় বলে
M দিনে যতবার খুশি টাকা উত্তোলনের জন্য
N জমাতিরিক্ত ঋণ পাওয়ার জন্য

**১১. ব্যাংক হিসাব খুলতে পরিচয়দানকারী সাধারণত কে হন?**
K আবেদনকারীর অভিভাবক
L ব্যাংকের একজন গ্রাহক
M ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান
N ব্যাংকের একজন কর্মকর্তা

**১২. ব্যাংক জমাতিরিক্তের সুবিধা থাকে কোন ধরনের হিসাবে?**
K সঞ্চয়ী হিসাবে L চলতি হিসাবে
M স্থায়ী হিসাবে N ডিপিএস হিসাবে

**১৩. গারনিশি অর্ডারের পরিসমাপ্তি ঘটে—**
i. দশ বছর পূর্ণ হলে
ii. অর্থ আদায় হয়ে গেলে
iii. আদালতের আদেশ প্রত্যাহার হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে?**
K আদেষ্টা L আদিষ্টা
M প্রাপক N বাহক

**১৫. MICR কোনটির সাথে সম্পৃক্ত?**
K চেক L প্রত্যয়নপত্র
M ডেবিট কার্ড N ক্রেডিট কার্ড

**১৬. একটি বৈধ চেকের সর্বোচ্চ মেয়াদকাল কত দিন?**
K ৩০ L ৯০
M ১৮০ N ৩৬০

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সৌরভ তার মেয়াদি বিমাপত্রটি বিমাদাবি পরিশোধের জন্য উপস্থাপন করেছেন। তার প্রকৃত বয়স ৫৫ হলেও তিনি বিমাপত্রে বয়স ৪৫ উল্লেখ করেছিলেন।

**১৭. উদ্দীপকে জনাব সৌরভ বিমার কোন নীতিটি লংঘন করেছেন?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M স্থলাভিষিক্তকরণ N ক্ষতিপূরণ

**১৮. উদ্দীপকে উল্লিখিত প্রেক্ষাপটে বিমা কোম্পানির করণীয় হলো—**
K বিমাদাবি প্রত্যাখ্যান করা
L সমর্পণ মূল্য পরিশোধ করা
M পূর্ণ দাবি পরিশোধ করা
N প্রিমিয়াম ফেরত দেওয়া

**১৯. ATM হলো—**
K Accounts Transfer Machine
L Automated Teller Machine
M Automatic Transfer Method
N Automatic Teller Machine

**২০. বাংলাদেশে প্রথম মুঠোফোন ব্যাংকিং সুবিধা চালু করে কোন ব্যাংক?**
K ডাচ বাংলা ব্যাংক L ব্র্যাক ব্যাংক
M ওয়ান ব্যাংক N সোনালী ব্যাংক

**২১. পণ্যদ্রব্য বাকিতে ক্রয় করা যায় কোন কার্ডের মাধ্যমে?**
K ডেবিট কার্ড L ক্রেডিট কার্ড
M ক্যাশ কার্ড N এটিএম কার্ড

**২২. বাহক চেক ও হুকুম চেকের মধ্যে পার্থক্য হলো—**
i. বাহক চেক হুকুম চেক অপেক্ষা কম নিরাপদ
ii. বাহক চেক দাগকাটা গেলেও হুকুম চেকে তা সম্ভব নয়
iii. বাহক চেক আবশ্যক না হলেও হুকুম চেক হস্তান্তর অনুমোদন আবশ্যক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. কোন ধরনের বিমাতে নৈতিক ঝুঁকি বেশি?**
K জীবন L নৌ
M অগ্নি N দায়

**২৪. নিচের কোনটি বিমাযোগ্য ঝুঁকি?**
K বন্যা L ভূমিকম্প
M দুর্ভিক্ষ N সম্পদহানি

**২৫. বিমাপত্র চালাতে অসমর্থ হলে বিমা কোম্পানি বিমা গ্রহীতাকে যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?**
K বোনাস L বৃত্তি
M সমর্পণ মূল্য N মুনাফা

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
May ব্যাংক মালয়েশিয়ার নোট ও মুদ্রা ইস্যু করার একচেটিয়া ক্ষমতা রাখে। এ কারণেই ব্যাংকটি নোট ইস্যু করার ক্ষেত্রে ২০% স্বর্ণ এবং অন্যান্য আর্থিক সম্পত্তি রিজার্ভ হিসেবে সংরক্ষণ করে থাকে।

**২৬. May ব্যাংক মালয়েশিয়ায় কোন ধরনের ব্যাংকের ভূমিকা পালন করছে?**
K বাণিজ্যিক L কেন্দ্রীয়
M বিশেষায়িত N আন্তর্জাতিক

**২৭. May ব্যাংক বর্তমানের চেয়ে বেশি নোট ও মুদ্রা ইস্যু করতে হলে কী করতে হবে?**
K রিজার্ভের পরিমাণ ২০% থেকে কমাবে
L রিজার্ভের পরিমাণ ২০% থেকে বাড়াবে
M রিজার্ভের পরিমাণ অপরিবর্তিত রাখবে
N রিজার্ভের পরিমাণ কোনো প্রভাব ফেলবে না

**২৮. নৌ বিমায় 'ত্যাগ স্বীকার' কোন ক্ষতির আওতাভুক্ত?**
K প্রকৃত সামগ্রিক
L বিশেষ আংশিক
M উদ্ধারযোগ্য সামগ্রিক
N সাধারণ আংশিক

**২৯. বিমাগ্রহীতার মৃত্যুতে কে বিমাকৃত অর্থ পাবে?**
K স্ত্রী L উত্তরাধিকার
M পুত্র N মনোনীত ব্যাক্তি

**৩০. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর বিমাদাবি পরিশোধ করা হয় কোন বিমায়?**
K জীবন বিমায় L আজীবন বিমাপত্র
M সাময়িক বিমাপত্র N গোষ্ঠী বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | M | ৬ | K | ৭ | M | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | L | ১২ | L | ১৩ | M | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | K | ২১ | L | ২২ | L | ২৩ | M | ২৪ | N | ২৫ | M | ২৬ | L | ২৭ | L | ২৮ | N | ২৯ | N | ৩০ | L |

## ৫৩ সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 3

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাণিজ্যিক ব্যাংক কোনটি ইস্যু করে?**
K প্রত্যয়পত্র L ব্যাংক নোট
M সরকারি নোট N ট্রেজারি বিল

**২. কোন চেকের অর্থ ব্যাংকের মাধ্যমে সংগ্রহ করা হয়?**
K বাহক চেক L হুকুম চেক
M উপহার চেক N দাগকাটা চেক

**৩. কোন বিমার মাধ্যমে বিমা ব্যবসায়ে যাত্রা শুরু হয়?**
K অগ্নি বিমা L নৌ বিমা
M দায় বিমা N জীবন বিমা

**৪. বাংলাদেশে বিমা ব্যবস্থার নিয়ন্ত্রক সংস্থার নাম কোনটি?**
K DIAC L BIDC
M BIDA N IDRA

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
'সুগন্ধা ব্যাংক লি.' প্রতিষ্ঠিত হওয়ার কয়েকদিনের মধ্যে এ এন্ড জে ব্যাংক লি. ব্যাংকটির ৫৫% শেয়ার ক্রয় করে নেয়।

**৫. 'সুগন্ধা ব্যাংক' বর্তমানে কোন ধরনের ব্যাংক?**
K বিশেষায়িত L চেইন
M সাবসিডিয়ারি N হোল্ডিং

**৬. এ এন্ড জে ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. সুগন্ধা ব্যাংকের তদারক ও নিয়ন্ত্রণ করা
ii. এ এন্ড জে নামে সুগন্ধা ব্যাংক পরিচালিত হওয়া
iii. সুগন্ধা ব্যাংকের পরিচালনা নীতিনির্ধারণ করে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. নিচের কোন শব্দ হতে Bank শব্দের উৎপত্তি?**
K Banco L Bancu
M Banky N Banki

**৮. SLR শব্দ সংক্ষেপের পুরো শব্দ কোনটি?**
K Statutory liquidity rate
L Sattutory liquidity requirement
M Statutory liquidity reserve
N Standard liquidity rate

■ **উদ্দীপকটি পড়ে ৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রহিম প্রতিদিন মোটরসাইকেলে চড়ে অফিসে যান। তিনি দুর্ঘটনার ব্যাপারটি নিয়ে খুবই ভীত। কিন্তু তিনি জীবন বিমা সরতে আগ্রহী নয়। বিমা প্রতিনিদি বললেন, জীবন বিমা না করলেও তাদের প্রতিষ্ঠানে এ ধরনের অন্য বিমা করা যাবে।

**৯. বিমা প্রতিনিধি মি. রহিমকে কোন ধরনের বিমা করার পরামর্শ দিয়েছেন বলে মনে হয়?**
K দুর্ঘটনা বিমা
L ব্যক্তিগত দুর্ঘটনা বিমা
M হাসপাতাল বিমা
N তৃতীয় পক্ষ ক্ষতিপূরণ বিমা

**১০. আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদান করা হয় কোন বিমায়?**
K পুনঃবিমায় L দ্বৈত বিমায়
M যুগ্ম বিমায় N গোষ্ঠী বিমায়

**১১. আদর্শিক ঝুঁকির মাত্রা কত?**
K < ৭৫ L ৭৫ – ১২৫
M ১২৫ – ১৫০ N ১৫০ – ৫০০

**১২. কোন হিসাবের বিপক্ষে ব্যাংক জমাতিরিক্ত ঋণ মঞ্জুর করে?**
K চলতি L সঞ্চয়ী
M স্থায়ী
N ঋণ আমানতি হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সুজিত জনাব শহীদের কাছ থেকে ১.১.২২ তারিখের একটি বাহক চেক পেলেন। জনাব সুজিতের পিয়ন চেকটি ১.৮.২২ তারিখে ভাঙ্গতে গেলে ব্যাংক চেকের অর্থ দিতে অস্বীকৃতি জানায়।

**১৩. জনাব সুজিতের চেকটি কোন ধরনের ছিল?**
K দাগকাটা চেক L বিশেষ দাগকাটা চেক
M ফাঁকা চেক N বাসি চেক

**১৪. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় PIN শব্দের পূর্ণ শব্দরূপ কী?**
K Private Identification Number
L Public Identification Number
M Personal Identification Number
N Oersonnel Identification Number

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
আবির একটি ফ্যাক্টরিতে স্বল্প বেতনে চাকুরী করে। পরিবারের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে একটি বিমাপত্র গ্রহণ করে এবং ২০০০ টাকা করে আজীবন জমা দিবেন।

**১৫. জনাব আবির প্রদত্ত ২,০০০ টাকাকে কী বলে?**
K বৃত্তি L প্রিমিয়াম
M বোনাস N সমর্পণ

**১৬. জনাব আবিরের এই বিমাপত্রটির গুরুত্ব হলো—**
i. সঞ্চয় বৃদ্ধিতে সহায়তা
ii. বৃদ্ধ বয়সের অবলম্বন
iii. মৃত্যুজনিত দুর্দশা লাঘব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. গারনিশি অর্ডার কোন পক্ষের স্বার্থ রক্ষার জন্য দেওয়া হয়?**
K ব্যাংকের L গ্রাহকের
M ঋণদাতার N রাষ্ট্রের

**১৮. তালিকাভুক্ত ব্যাংককে কেন্দ্রীয় ব্যাংকের কাছে আমানতের একটি অংশ বন্ড কিনে তরল সম্পদ হিসাবে রাখতে হয়। এর নাম কী?**
K SLR L SRR
M CRR N ব্যাসেল-২

**১৯. বিমাযোগ্য স্বার্থ নেই এমন ক্ষেত্র কোনটি?**
K স্বামীর জীবনে স্ত্রীর
L দেনাদারের জীবনে জামিনদারের
M পাওনাদারের জীবনে দেনাদারের
N দেনাদারের জীবনে পাওনাদারের

**২০. নিচের কোনটি দায় বিমার মধ্যে পড়ে?**
K কারখানায় শ্রমিক দুর্ঘটনা
L ভাড়াকৃত জাহাজে পণ্য ডুবি
M ভাড়াকৃত গুদামে অগ্নিজনিত ক্ষতি
N পুনর্বিমাকৃত পণ্যের ক্ষতিসাধন

**২১. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে?**
K বাহক L আদেষ্টা
M প্রাপক N আদিষ্ট

**২২. মৃত্যুহার কাকে বলে?**
K জনপ্রতি মৃত্যুহার
L বিমাকৃত ব্যক্তির সংখ্যা
M হাজার প্রতি মৃত্যুহার
N বার্ষিক মৃত্যুর হার

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
তৈরি পোশাক ব্যবসায়ী জনাব রবিন চীন থেকে যন্ত্রপাতি আমদানি করেন। এজন্য তিনি পণ্যের প্রাকৃতিক দুর্যোগ ও অগ্নিকাণ্ডের ক্ষতির জন্য পিপলস্ ইন্স্যুরেন্সের সাথে বিমাচুক্তি করেন, সমুদ্রপথে জাহাজটি দস্যু কর্তৃক আক্রান্ত হয়ে সকল যন্ত্রপাতি খোয়া যায়। জনাব রবিন বিমাদাবি পেশ করেন পিপলস্ ইন্স্যুরেন্স ক্ষতিপূরণ দিতে অস্বীকৃতি জানায়।

**২৩. জনাব রবিনের বিমাচুক্তিটি কোন ধরনের ছিল?**
K নৌ L অগ্নি
M দুর্ঘটনা N সামাজিক

**২৪. বিমাচুক্তির কোন উপাদানের অভাবে জনাব রবিন ক্ষতিপূরণ পাননি?**
K স্থলাভিষিক্ততা L প্রত্যক্ষকরণ
M পরম বিশ্বাস N আনুপাতিক

**২৫. বাণিজ্যিক ব্যাংক কীভাবে তাদের তারল্য নীতি মেনে চলে—**
K ব্যাংকের ভোল্টে নগদ অর্থ জমা রেখে
L বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে
M কেন্দ্রীয় ব্যাংকের সাথে চুক্তি করে
N ঋণ আমানত সৃষ্টি করে

■ **উদ্দীপকটি পড়ে ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যাংক হার বৃদ্ধি → বাণিজ্যিক ব্যাংকের সুদের হার → গ্রাহকদের মধ্যে ঋণ গ্রহণে নিরুৎসাহ → ?

**২৬. '?' স্থানে কী বসবে?**
K বাজারে ঋণের পরিমাণ হ্রাস
L বাজারে ঋণের পরিমাণ বৃদ্ধি
M বাজারের ঋণের পরিমাণ অপরিবর্তিত
N কর্মসংস্থান বৃদ্ধি

**২৭. MICR কোনটির সাথে সম্পৃক্ত?**
K ক্রেডিট L ডেবিট
M ভিসাকার্ড N চেক

**২৮. একজন ব্যক্তির আরও ডাক্তারি পরীক্ষা খোঁজখবর নেওয়া প্রয়োজন। জীবন বিমা প্রস্তাবের এই অবস্থা কোন শ্রেণির অন্তর্ভুক্ত?**
K ১ম L ২য়
M ৩য় N ৪র্থ

**২৯. কোনটি নিশ্চয়তার চুক্তি?**
K দুর্ঘটনা বিমা L অগ্নি বিমা
M নৌ বিমা N জীবন বিমা

**৩০. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K প্রেসিডেন্ট L প্রধানমন্ত্রী
M মহাসচিব N গভর্নর

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | L | ৪ | N | ৫ | M | ৬ | L | ৭ | K | ৮ | K | ৯ | L | ১০ | L | ১১ | L | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | K | ১৯ | L | ২০ | K | ২১ | M | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | K | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | N | ৩০ | N |

## ৫৪ সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 3

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন সভ্যতাকালে উপাসনালয় ব্যাংকিং ব্যবস্থার উন্নয়ন ঘটেছিল?**
K চৈনিক L রোমান
M মিসরীয় N ব্যবিলনীয়

**২. বিনিময় ব্যাংকিং ও বিনিয়োগ ব্যাংকিং এর সংমিশ্রণে গড়ে উঠা ব্যাংককে বলে–**
K মার্চেন্ট ব্যাংক L মিশ্র ব্যাংক
M বিনিময় ব্যাংক N পাইকারি ব্যাংক

**৩. Basel-2 অনুযায়ী বাংলাদেশে তালিকাভুক্ত ব্যাংকের ন্যূনতম পরিশোধিত মূলধন কত কোটি টাকা থাকতে হয়?**
K ৩০০ L ৪০০
M ৫০০ N ১০০০

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
A নামক শহরে অবস্থিত ক, খ, গ ও ঘ চারটি ব্যাংকের অনুমোদিত মূলধন যথাক্রমে ৮০০, ৬০০, ৫০০ ও ৪০০ কোটি টাকা। তবে 'ক' ব্যাংকটি খ, গ ও ঘ ব্যাংকের যথাক্রমে ৫১%, ৫২% ও ৫৫% শেয়ারের মালিক। ব্যাংক চারটি 'ক' ব্যাংক এর নির্দেশনা মোতাবেক সমন্বিতভাবে কার্যক্রম পরিচালনা করে।

**৪. উদ্দীপকে 'ক' কোন ধরনের ব্যাংক?**
K শাখা L চেইন
M হোল্ডিং N সাবসিডিয়ারি

**৫. উদ্দীপকের ব্যাংক ব্যবস্থায়–**
i. পারস্পরিক প্রতিযোগিতা বৃদ্ধি পায়
ii. হোল্ডিং কোম্পানির নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়
iii. শক্তিশালী ব্যাংকিং কাঠামো গড়ে উঠে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. ঋণ নিয়ন্ত্রণের জমার হার পরিবর্তন নীতির উদ্ভাবক নিচের কোন ব্যাংক?**
K ব্যাংক অব ইংল্যান্ড
L ফেডারেল রিজার্ভ সিস্টেম
M রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া
N বাংলাদেশ ব্যাংক

**৭. সব কিছু ঠিক থেকে কেন্দ্রীয় ব্যাংক দেশে অর্থের সরবরাহ বাড়লে তাকে কী বলে?**
K মুদ্রাস্ফীতি L মুদ্রাসংকোচন
M রেমিটেন্স N ঋণ নিয়ন্ত্রণ

**৮. SLR শব্দটি পূর্ণরূপ কী?**
K Statutory Liquidity Rate
L Statutory Liquidity Requirement
M Statutory Liquidity Reserve
N Standard Liquidity Rate

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' নামক দেশের ব্যাংকিং ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করার জন্য সরকার 'A' নামক ব্যাংক প্রতিষ্ঠা করে। ঐ দেশের একটি শহরে 'A' ব্যাংকের শাখা না থাকায় 'B' নামক ব্যাংকটি বিভিন্ন ব্যাংকের মধ্যকার আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তি করে।

**৯. বাংলাদেশে 'B' ব্যাংকের সাদৃশ্যপূর্ণ ব্যাংক কোনটি?**
K জনতা ব্যাংক L বাংলাদেশ ব্যাংক
M ব্র্যাক ব্যাংক N সোনালী ব্যাংক

**১০. উদ্দীপকে বর্ণিত 'A' দেশে ব্যাংকের কাজ হলো–**
i. মুদ্রার প্রচলন করা
ii. নিকাশ ঘরের দায়িত্ব পালন
iii. সহজ শর্তে জনগণকে ঋণদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. কোন ধরনের হিসাবের বিপক্ষে ঋণদান ব্যাংকের জন্য অধিক নিরাপদ?**
K সঞ্চয়ী L চলতি
M স্থায়ী N বিশেষ সঞ্চয়ী

**১২. নিম্নে কোন হিসাবে সুদের হার সবচেয়ে কম হয়?**
K সঞ্চয়ী L স্থায়ী
M পেনশন সঞ্চয়ী N বিশেষ চলতি

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মাহমুদ তার প্রতিষ্ঠানের জন্য একটি ব্যাংক হিসাব খুলেছেন। এজন্য অন্যান্য দলিলের সাথে তাকে স্মারক লিপিও জমা দিতে হয়েছে।

**১৩. মি. মাহমুদের প্রতিষ্ঠানটি কোন ধরনের?**
K একমালিকানা L অংশীদারি
M কোম্পানি N সমবায়

**১৪. ব্যাংক হিসাব খুলতে মি. মাহমুদকে আর যে সকল দলিলপত্র জমা দিতে হয়েছে সেগুলো হলো–**
i. সিদ্ধান্তের কপি
ii. পরিমেল নিয়মাবলি
iii. ট্রেড লাইসেন্স
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. দাগকাটা চেক সাধারণত কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**১৬. কোন দলিল স্বীকৃতির পর আইনসম্মত দলিলে পরিণত হয়?**
K অঙ্গীকারপত্র L বিনিময় বিল
M চেক N ব্যাংক নোট

**১৭. হস্তান্তরের মাধ্যমে প্রাপ্ত চেকের স্বত্বাধিকারীকে কী বলে?**
K প্রাপক L অনুমোদনবলে প্রাপক
M আদেষ্টা N অনুমোদকারী

**১৮. বাংলাদেশে প্রথম মোবাইল ব্যাংকিং সুবিধা চালু করে কোন ব্যাংক?**
K ব্র্যাক ব্যাংক L ওয়ান ব্যাংক
M ঢাকা ব্যাংক N ডাচ বাংলা ব্যাংক

**১৯. ক্রেডিট কার্ড ডেবিট কার্ড অপেক্ষা উত্তম, কারণ–**
i. এতে ব্যাংক ঋণ সুবিধা পাওয়া যায়
ii. পণ্য ও সেবা ক্রয় সুবিধা পাওয়া যায়
iii. ফান্ড ট্রান্সফারে এটি ব্যবহৃত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. বিশ্বে সর্বপ্রথম কত সালে SWIFT প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৫৩ সালে L ১৯৬৩ সালে
M ১৯৭৩ সালে N ২০০৩ সালে

**২১. নিচের কোনটি সম্পত্তি বিমাবহির্ভূত?**
K নৌ L অগ্নি
M শস্য N ব্যক্তিগত দুর্ঘটনা

**২২. কোন ধরনের বিমা থেকে সঞ্চয় সুবিধা লাভ করা যায়?**
K নৌ L জীবন
M অগ্নি N দুর্ঘটনা

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সওদাগর আমদানি ব্যবসায় করেন। রপ্তানিকারক জাহাজে পণ্য পাঠিয়ে চালানের সাথে বিমা খরচ অন্তর্ভুক্ত করেন এবং তা মি. সওদাগর বরাবর পাঠিয়ে থাকেন।

**২৩. রপ্তানিকারক পণ্য প্রেরণের সময় কোন ধরনের বিমা করেন?**
K নৌ L জাহাজ
M রপ্তানি N দুর্ঘটনা

**২৪. রপ্তানিকারক কর্তৃক সংগৃহীত বিমার বিষয়বস্তু কোনটি?**
K জাহাজ L পণ্য
M মাসুল N দায়

**২৫. জীবন বিমা ও নৌ বিমার মধ্যে অমিলের ক্ষেত্র কোনটি?**
K বিমাযোগ্য স্বার্থ
L আর্থিক প্রতিরক্ষা
M প্রত্যক্ষ কারণে ক্ষতিপূরণ
N আনুপাতিক সাহায্য

**২৬. যে বিমা ব্যবস্থায় একই বিমা পলিসির আওতায় একাধিক ব্যক্তির জীবনকে বিমা করা হয় তাকে বলে–**
K যৌথ বিমা L গোষ্ঠী বিমা
M পুনর্বিমা N মেয়াদি বিমা

**২৭. বিমাগ্রহীতার সংখ্যার ভিত্তিতে জীবন বিমা কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মনির ১০ লক্ষ টাকার জীবন বিমা পলিসি গ্রহণ করতে চান। যাতে মৃত্যু না হলেও নির্দিষ্ট সময় পরে একত্রে অর্থ পাওয়া যায়। অন্যান্য বিমাপত্র অপেক্ষা বেশি প্রিমিয়াম দিতে হবে জেনেও তিনি খুশি।

**২৮. মি. মনির কোন ধরনের বিমাপত্র খুলতে আগ্রহী?**
K পেনশন L সাময়িক
M মেয়াদি N এককালীন

**২৯. মি. মনির এ ধরনের বিমাপত্র সংগ্রহে বেশি প্রিমিয়াম দিতে হবে। এর কারণ–**
i. এক্ষেত্রে সঞ্চয় ও বিনিয়োগ সুবিধা পাওয়া যায়
ii. এক্ষেত্রে ঋণ প্রাপ্তির সুযোগ রয়েছে
iii. এক্ষেত্রে বিমাদাবি পাওয়া নিশ্চিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. আদর্শিক ঝুঁকির পরিসর কোনটি?**
K ৭৫ নম্বর এর নিচে
L ৭৫-১২৫ এর মধ্যে
M ১২৫-৫০০ এর মধ্যে
N ৫০০ নম্বর এর উপরে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | M | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | N | ১০ | K | ১১ | M | ১২ | N | ১৩ | M | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | N | ১৯ | K | ২০ | M | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | L | ২৫ | N | ২৬ | K | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | L |

## ৫৫ ✓ বরিশাল সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি আধুনিক অর্থনীতির প্রাণ শক্তি—**
K ব্যাংক L লিজিং কোম্পানি
M প্রাইভেট কোম্পানি N বিমা কোম্পানি

**২. ব্যাংক অব বার্সিলোনা কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ L ১১৭৮
M ১৪০১ N ১৪০৭

**৩. বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থাপনায় কবে ব্যাসেল-২ এর কার্যক্রম চালু হয়?**
K ১৯৯১ L ২০১০
M ২০১২ N ২০১৫

**৪. শাখা ব্যাংকের আদি ভূমি—**
K যুক্তরাষ্ট্র L যুক্তরাজ্য
M ইতালি N জার্মানি

**৫. পৃথিবীর প্রথম কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?**
K ফেডারেল রিজার্ভ সিস্টেম
L ব্যাংক অব ইংল্যান্ড
M ব্যাংক অব ফ্রান্স
N রিকস্ ব্যাংক অব সুইডেন

**৬. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K ব্যবস্থাপনা পরিচালক
L মহাব্যবস্থাপক
M সরকার
N গভর্নর

**৭. মুদ্রাস্ফীতির ফলে কী ঘটে?**
K কর্মসংস্থান বাড়ে L পণ্যের দাম বাড়ে
M বিনিয়োগ বাড়ে N সুদের হার বাড়ে

**৮. SLR এর পূর্ণরূপ কী?**
K Surplus Liquid Rate
L Satatutory Liquidity Ratio
M Satutory Liquied Rate
N Standard Liquidity Ratio

**৯. ব্যাংকের নিকট কোন জামানতটি উত্তম?**
K স্থায়ী আমানত রশিদ
L শেয়ার
M ঋণপত্র
N ব্যক্তিগত গ্যারান্টিপত্র

**১০. কোনটি ব্যাংক হিসাবের পাস বইয়ের বিকল্প হিসাবে ব্যবহৃত হয়?**
K জমা বিবরণী L হিসাব বিবরণী
M ব্যয় বিবরণী N চেক বিবরণী

**১১. সঞ্চয়ী হিসাব উপযোগী—**
i. চাকরিজীবীদের জন্য
ii. কৃষকদের জন্য
iii. শ্রমিক, ছাত্রছাত্রীদের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১২. কোন আইন প্রবর্তনের ফলে ব্যাংক হিসাব খুলতে KYC ফর্ম পূরণ বাধ্যতামূলক করা হয়েছে?**
K ব্যাংক কোম্পানি আইন
L কোম্পানি আইন
M হস্তান্তরযোগ্য দলিল আইন
N মানি লন্ডারিং আইন

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
সোনালি ট্রেডার্স থেকে পদ্মা ট্রেডার্স একখানা ২০,০০০ টাকার চেক পেল এবং কর্মচারী 'ক' কে চেকটি ভাঙ্গানোর জন্য ব্যাংকে পাঠানো হলো।

**১৩. মি 'ক' চেকের কোন পক্ষ?**
K অনুমোদনকারী L ধারক
M আদেষ্টা N আদিষ্ট

**১৪. পদ্মা ট্রেডার্স কর্তৃক প্রাপ্ত চেকটি কোন ধরনের চেক?**
K বাহক চেক
L হুকুম চেক
M দাগকাটা চেক
N অনুমোদনপ্রাপ্ত চেক

**১৫. ফাঁকা চেকে কী থাকে না?**
K ইস্যুর তারিখ
L হিসাবধারকের স্বাক্ষর
M হিসাব নম্বর
N টাকার পরিমাণ

**১৬. একটি চেকের প্রধান পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**১৭. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশকে কী বলে?**
K চেক L পে-অর্ডার
M ব্যাংক ড্রাফট N ব্যাংক বন্ড

**১৮. একটি বৈধ চেকের মেয়াদ—**
K ২ মাস L ৩ মাস
M ৬ মাস N ১২ মাস

**১৯. SWIFT কী?**
K একটি ব্যাংকিং সংস্থা
L ক্রেডিট রেটিং সংস্থা
M একটি পরিশোধ পদ্ধতি
N একটি আন্তর্জাতিক ব্যাংক

**২০. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় PIN শব্দের পূর্ণ শব্দরূপ কোনটি?**
K Private Indenification Number
L Public Indentification Number
M Personal Identification Number
N Personnel Identification Number

**২১. কোন কাজে ডেবিট কার্ড ব্যবহার করা হয়?**
K পার্চেজিং L সেলিং
M ডাটা ট্রান্সফার N কোনোটিই নয়

**২২. বাংলাদেশের টেলি ব্যাংকিং ব্যবস্থা প্রথম চালু করে—**
K ডাচ বাংলা ব্যাংক
L স্ট্যান্ডার্ড চার্টার ব্যাংক
M জনতা ব্যাংক
N রূপালি ব্যাংক

**২৩. আদর্শিক ঝুঁকির পরিসর কোনটি?**
K ৭৫ নম্বর এর নিচে
L ৭৫-১২৫ এর মধ্যে
M ১২৫-৫০০ এর মধ্যে
N ৫০০ নম্বর এর উপর

**২৪. কোন বিমার মাধ্যমে বিমা ব্যবসায়ের যাত্রা শুরু হয়?**
K অগ্নি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N শস্য বিমা

**২৫. কোন নীতির ভিত্তিতে একই সম্পত্তি একাধিক বিমাকারীর নিকট বিমা করা যায়?**
K প্রত্যক্ষ কারণ
L স্থলাভিষিক্তকরণ
M আনুপাতিক অংশগ্রহণ
N আর্থিক ক্ষতিপূরণ

**২৬. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K বোনাস L প্রিমিয়াম
M সুদ N সমর্পণ মূল্য

**২৭. কোন বিমাচুক্তিকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?**
K জীবন বিমা L অগ্নি বিমা
M নৌ বিমা N শস্য বিমা

**২৮. গোষ্ঠী বিমা কার জন্য প্রযোজ্য?**
K নির্দিষ্ট অতি গোষ্ঠী
L একই পরিবারের সদস্যবৃন্দ
M প্রতিষ্ঠানের সফল কর্মচারী
N বন্ধু-বান্ধব

**২৯. সমর্পণ মূল্য পরিশোধের জন্য কমপক্ষে কত বছর বিমাপত্র চালু রাখা প্রয়োজন?**
K ১ L ২
M ৩ N ৪

**৩০. জীবন বিমার প্রিমিয়াম হার নির্ধারণের বিবেচ্য বিষয়?**
i. বিমাগ্রহীতার বয়স
ii. বিমাগ্রহীতাদের সামাজিক মর্যাদা
iii. বিমাপত্রের মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | L | ৪ | L | ৫ | N | ৬ | N | ৭ | L | ৮ | L | ৯ | K | ১০ | L | ১১ | N | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | M | ১৯ | M | ২০ | M | ২১ | K | ২২ | K | ২৩ | L | ২৪ | M | ২৫ | M | ২৬ | L | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | L |

## ৫৬ ✓ শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাংক কীসের ব্যবসায় করে?**
K মুলধনের L মুনাফার
M ঋণের N স্বর্ণের

**২. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ভেনিশ
L শাম্নী ব্যাংক
M ব্যাংক অব সানজর্জিও
N ব্যাংক অব বার্সিলোনা

**৩. শাখা ব্যাংকিং-এর বৈশিষ্ট্য হলো—**
i. কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্ক
ii. প্রধান অফিস কর্তৃক নিয়ন্ত্রণ
iii. অধিক মূলধন গঠন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y এবং Z তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, ব্যাংক X হোল্ডিং ব্যাংক হিসাবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে সাবসিডিয়ারি ব্যাংক।

**৪. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K গ্রুপ L শাখা
M চেইন N একক

**৫. উদ্দীপকে X ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর অধিকাংশ শেয়ারের মালিকানা অর্জন করা
ii. অধীনস্থ ব্যাংকগুলোর ওপর তদারক ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা
iii. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর পরিচালনা নীতিও পদ্ধতি নির্ধারণ করে দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
K আমানত সংগ্রহ L মুনাফা অর্জন
M ঋণ নিয়ন্ত্রণ N ঋণ প্রদান

**৭. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K ব্যবস্থাপনা পরিচালক
L মহাব্যবস্থাপক
M প্রেসিডেন্ট N গভর্নর

**৮. ব্যাংক হার বাড়লে**
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ কমে
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
M ব্যাংক প্রায়ই আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংক উপস্থিত থাকলেও L ব্যাংক তাতে উপস্থিত থাকে না।

**৯. কোন ব্যাংকটির সাথে M ব্যাংকের মিল আছে?**
K বাংলাদেশ ব্যাংক L পূবালী ব্যাংক
M ডাচ্-বাংলা ব্যাংক N জনতা ব্যাংক

**১০. L ব্যাংক আন্তঃব্যাংকিং কার্যাবলিতে উপস্থিত থাকে না, কারণ হলো—**
K তালিকাভুক্ত ব্যাংক
L অ-তালিকাভুক্ত ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

**১১. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশকে কী বলে?**
K চেক L পে-অর্ডার
M ব্যাংক ড্রাফট N বিনিময় বিল

**১২. বিনিময় বিলে পক্ষসমূহ হলো—**
i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. কোন চেকের অর্থ ব্যাংকের মাধ্যমে সংগ্রহ করা হয়?**
K বাহক চেক L দাগকাটা চেক
M হুকুম চেক N উপহার চেক

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
বিমা লিমিটেড থেকে তমা লিমিটেড ৫,০০,০০০ টাকার একটি চেক পায়। চেকটি প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব জাহিদকে ব্যাংক থেকে ভাঙানোর জন্য দিলেন।

**১৪. উদ্দীপকে জনাব জাহিদ কোন পক্ষ হিসাবে বিবেচিত হবে?**
K অনুমোদনকারী L ধারক
M আদেষ্টা N আদিষ্ট

**১৫. তমা লিমিটেড কর্তৃকপ্রাপ্ত চেকটি কোন ধরনের?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N সার্টিফাইড চেক

**১৬. অনলাইন ব্যাংকিং সুবিধা কোনটি ব্যবহার হ্রাস করেছে?**
K ব্যাংক ড্রাফট L সরকারি নোট
M ব্যাংক নোট N প্রত্যয়পত্র

**১৭. কোনটির মাধ্যমে সীমাহীন ব্যাংকিং সেবা সরবরাহ করা যায়?**
K মোবাইল ব্যাংকিং L ই-ব্যাংকিং
M হোম ব্যাংকিং N এসএমএস ব্যাংকিং

**১৮. নিচের কোন ব্যাংকটি অনলাইন ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত?**
K শাখা ব্যাংকিং L গ্রুপ ব্যাংকিং
M একক ব্যাংকিং N চেইন ব্যাংকিং

**১৯. ইলেক্ট্রনিক ব্যাংকিং এর জন্য অসুবিধা কোনটি?**
K দ্রুত লেনদেন L মেশিননির্ভর
M নির্ভুল হিসাবরক্ষণ N হিসাবের নিরাপত্তা

**২০. নগদ টাকা এবং চেকের বিকল্প হলো—**
i. মোবাইল ব্যাংকিং
ii. ক্রেডিট কার্ড
iii. ডেবিট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. বিমার উদ্দেশ্য হলো—**
K ঝুঁকি হ্রাস L সময়ের সাশ্রয়
M মুনাফা বৃদ্ধি N অর্থ স্থানান্তর

**২২. হুকুম চেকের ওপর কোন শব্দ লেখা থাকে?**
K অথবা বাহককে L হস্তান্তরযোগ্য নয়
M অথবা আদেশ অনুসারে
N অ্যান্ড কোং

**২৩. বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২৪. বিমার সূচনা হয় কোন বিমার মাধ্যমে?**
K জীবন L নৌ
M অগ্নি N সম্পত্তি

**২৫. বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের?**
K ১৯৩৮ L ১৯৯১
M ১৯৯৩ N ২০১০

**২৬. জীবন বিমার গুরুত্ব হলো—**
i. কর্মসংস্থান সৃষ্টিতে
ii. আর্থিক নিরাপত্তা
iii. বৃদ্ধ বয়সের নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
আবির একজন অটোচালক। নিজের অবর্তমানে পরিবারের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে একটি বিমাপত্র গ্রহণ করেন এবং মাসিক ২,০০০ টাকা করে জমা দেন।

**২৭. আবির কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K জীবন বিমা L নিরাপত্তা বিমা
M ভবিষ্যৎ বিমা N সচ্ছলতা বিমা

**২৮. আবিরের প্রদত্ত মাসিক ২,০০০ টাকাকে কী বলা হয়?**
K বিনিয়োগ L সমর্পণ মূল্য
M প্রিমিয়াম N বোনাস

**২৯. কমপক্ষে কত বছর প্রিমিয়াম দেওয়ার পর সমপর্ণ মূল্য পরিশোধ করা হয়?**
K এক বছর L দুই বছর
M তিন বছর N চার বছর

**৩০. কোন বিমার ক্ষেত্রে গ্রুপ বিমা প্রযোজ্য?**
K নৌ বিমা L শস্য বিমা
M অগ্নি বিমা N জীবন বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | N | ৪ | K | ৫ | N | ৬ | M | ৭ | N | ৮ | K | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | N | ২০ | N | ২১ | K | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | N | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

# এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ৫৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▶ মি. রাশেদ বাংলাদেশের একজন স্বনামধন্য ব্যাংকার ছিলেন। তার জীবদ্দশায় নিজের গড়া গোমতী ব্যাংকিং কর্পোরেশন দেশের অনেক ছোট ছোট ব্যাংকের শেয়ার কিনে ব্যাংকগুলোকে নিয়ন্ত্রণ করেন এবং দেশের ব্যাংকিং জগতের অন্যতম সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মর্যাদা পায়। পরবর্তীতে জনাব রাশেদ না থাকা অবস্থায় ব্যাংকটি অদক্ষ ব্যাংকিং নীতি ও কার্যক্রম গ্রহণ করে। দেশের প্রত্যন্ত অঞ্চলগুলোতে ব্যাংকের অফিস প্রতিষ্ঠা করা হয়। কিন্তু কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা আরোপে প্রতিষ্ঠানটি হিমশিম খাচ্ছে।

ক. ব্যাংকিং কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কর্পোরেশনটি সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থা গড়ে তুলেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত ব্যাংকটির পক্ষে কার্যকর নিয়ন্ত্রণের ব্যর্থতা মূল্যায়ন কর। ৪

২ ▶ পদ্মা ব্যাংক বিগত কয়েক বছর চরম তারল্য সংকটে ভুগছে। ব্যাংকটি তাদের গ্রাহকদের অর্থ ঠিকমতো পরিশোধ করতে পারছে না। গ্রাহকরাও ঋণের আবেদন করে ব্যর্থ হয়েছে। ফলে ব্যাংকটির সুনাম দিন দিন কমে যাচ্ছে। সকল উৎস থেকে ঋণ গ্রহণের চেষ্টা ব্যর্থ হয়। এমন সময় তাদের সাহায্যে এগিয়ে আসে একটি ব্যাংক। ফলে ব্যাংকটি আবার নতুন জীবন লাভ করে।

ক. বিধিবদ্ধ রিজার্ভ কী? ১
খ. ভোক্তা ব্যাংক বলতে কী বোঝায়? ২
গ. পদ্মা ব্যাংকের তারল্য সংকটের কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. পদ্মা ব্যাংকের সাহায্যে এগিয়ে আসে কোন ব্যাংক এবং কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ সায়হাম বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষের একজন ছাত্র। সে তার জমানো টাকা দিয়ে ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। সে তার পছন্দমতো ব্যাংকে যাওয়ার পর ব্যাংক কর্মকর্তা তাকে হিসাব খোলার আবেদনপত্রের সাথে ১টি বিশেষ ফর্ম দেয় এবং বলে এটি পূরণ করা বাধ্যতামূলক।

ক. ব্যাংক হিসাব কাকে বলে? ১
খ. নমুনা স্বাক্ষর কার্ড কেন প্রয়োজন হয়? ২
গ. সায়হামের জন্য কোন হিসাবটি উপযুক্ত বলে তুমি মনে কর? ৩
ঘ. সায়হামের হিসাব খোলার জন্য উদ্দীপকে উল্লিখিত ফর্মটির প্রতি গুরুত্ব আরোপের কারণ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ মি. শাদীদ একজন পাওনাদার। তিনি সায়হান লি. এর কাছ থেকে পাওনা টাকার জন্য একটি চেক পান। তিনি চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক চেকটি তার হিসাবে জমা দিতে বলে। তিনি জবা লি. এর কাছ থেকে আরও একটি চেক পান। চেকটিতে তার নামের পাশে "অথবা আদেশানুসারে" লেখা ছিল। চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক সাথে সাথে নগদ টাকা প্রদান করে।

ক. প্রকৃত ধারক কী? ১
খ. বিনিময় বিল কেন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জবা লি. এর কাছ থেকে প্রাপ্ত চেকটি কোন ধরনের চেক ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংকের দৃষ্টিকোণ থেকে জবা লি. এর চেকটি অপেক্ষা সায়হান লি. এর চেকটি অধিক নিরাপদ — বক্তব্যের যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ আরিফ ICB তে তিন মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত ছিল। মেয়াদ শেষে কর্তৃপক্ষ তাকে শিক্ষানবিশ ভাতার চেক প্রদান করে। চেকটির বাম কোণে ২টি আড়াআড়ি দাগ কাটা আছে। আরিফের কোনো ব্যাংক হিসাব ছিল না। আরিফ যখন চেকটি ভাঙাতে সংশ্লিষ্ট ব্যাংকে যায় তখন তারা তাকে ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেয়।

ক. আদেষ্টা কে? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের চেকটি কী ধরনের দাগ কাটা চেক বলে তুমি মনে কর? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে চেকটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৬ ▶ মি. হাবিব এবিসি ব্যাংকের একটি কার্ডের অধিকারী। তিনি সেই কার্ড দিয়ে দিনরাত অর্থ উত্তোলন করতে পারেন। ব্যাংকের কর্মচারী মি. রশিদ তাকে আরেকটি কার্ডের প্রস্তাব দেন যা দিয়ে তিনি নির্ধারিত কিছু মার্কেট শপিং মলে কেনাকাটা করা ও পণ্যের মূল্য পরিশোধ করতে পারবেন। উক্ত প্রস্তাবে মি. হাবিব রাজি হলেন।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশঘর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. হাবিব কোন ধরনের কার্ড ব্যবহার করে থাকেন আলোচনা কর। ৩
ঘ. তোমার মতে দুটি কার্ডের মধ্যে কোনটি উত্তম? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৭ ▶ সুমনের বাবা হঠাৎ রাতে হৃদরোগে আক্রান্ত হওয়ায় জরুরি ২০,০০০ টাকার প্রয়োজন পড়ে। তার ভাই মামুনের কাছে টাকা না থাকলেও সে একটা কার্ড নিয়ে বেরিয়ে দ্রুত টাকা সংগ্রহ করে আনল। মামুন ইদানীং বিভিন্ন সময়ে বিদেশে যাচ্ছে। কখনো তার অতিরিক্ত টাকার প্রয়োজন পড়ে। তাই সে আগের কার্ডটি জমা দিয়ে নতুন কার্ড নিয়েছে এতে তার খরচ বৃদ্ধি পেলেও সুবিধা হয়েছে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. ঋণ সুবিধাসহ এটিএম কার্ডকে কী বলে? ২
গ. উদ্দীপকে মামুন কোথা থেকে টাকা সংগ্রহ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মামুন পরবর্তীতে যে কার্ড সংগ্রহ করেছে তা ১ম কার্ড অপেক্ষা কতটা সুবিধাজনক? মূল্যায়ন কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▶ মি. রিফাত ও রুবেল দুইজন বন্ধু। মি. রিফাত ঢাকা-রাজশাহী মহাসড়কে একটি পেট্রোল পাম্প বসিয়েছেন। এসবের নিরাপত্তার জন্যে তিনি বিমাও করেছেন। অন্যদিকে রুবেল যাত্রী পরিবহনের জন্যে ২টি বিলাসবহুল বাসের ব্যবসায় করছেন। মি. রিফাত বারবার রুবেলকে নিজের সম্পত্তি ও যাত্রীদের নিরাপত্তার জন্যে ব্যবস্থা গ্রহণ করতে বললেও তিনি গুরুত্ব দেননি। একটি দুর্ঘটনায় ২ জন যাত্রী নিহত ও ১০ জন আহত হলে তিনি বিপর্যস্ত হয়ে পড়েন।

ক. বিমা কী? ১
খ. আনুপাতিক অংশগ্রহণ নীতি বলতে কী বোঝায়? ২
গ. মি. রিফাত কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. রুবেল প্রিমিয়াম বাঁচাতে গিয়ে বিপদে পড়েছেন? তুমি কি সমর্থন কর? যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ABC কোম্পানি লি. এর এম.ডি সাহেবের গাড়ি চালান কোম্পানির প্রবীণ ও বিশ্বস্ত ড্রাইভার মাজেদ আলী। গাড়িটি 'ক' নামক একটি বিমা কোম্পানির নিকট বিমাকৃত ছিল মাজেদ আলী তা জানত না। গাড়িটির ঝুঁকির কথা বিবেচনা করে মাজেদ আলী 'খ' নামক একটি বিমা কোম্পানির নিকট গাড়িটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি প্রস্তাব প্রত্যাখ্যান করে। পরবর্তীতে গাড়িটি সত্যিই সত্যিই দুর্ঘটনায় কবলিত হয়ে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। 'ক' বিমা কোম্পানি ক্ষতিপূরণ দেওয়ার পর ক্ষতিগ্রস্ত গাড়িটির মালিকানা দাবি করে।

ক. ঝুঁকি কী? ১
খ. বিমাচুক্তি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক মাজেদ আলীর বিমা প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'ক' বিমা কোম্পানি কর্তৃক ক্ষতিগ্রস্ত গাড়িটির মালিকানা দাবি করায় যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১০ ▶ মি. জাকের ৭ বছর মেয়াদি একটি বিমাপত্র গ্রহণ করেন। বিমাপত্রে উল্লেখ আছে যে, যদি মেয়াদের মধ্যে মারা যায় তাহলে তার পরিবার টাকা পাবে অথবা মেয়াদ শেষে সে পাবে। মেয়াদ শেষে বিমাদাবি উত্থাপন করলে বিমা প্রতিষ্ঠান জানতে পারে তার বয়স ৫৫ হলেও তিনি বিমাপত্রে ৪৫ উল্লেখ করেছেন।

ক. বিমা সেলামি কী? ১
খ. বিমাচুক্তি ক্ষতিপূরণের চুক্তি ব্যাখ্যা কর। ২
গ. মি. জাকের কোন ধরনের মেয়াদি বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. জাকের সমর্পণ মূল্য পাওয়ার যোগ্য কি? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মি. মিনহাজ বাংলাদেশ সেনাবাহিনীর একজন সদস্য। জাতিসংঘ মিশনে শান্তিরক্ষী হিসেবে তিনি দক্ষিণ সুদান যাচ্ছেন। যাওয়ার পূর্বে তিনি নিজের জীবন বিমা করেছেন। এক বছর পর ফিরে এসে বিমাচুক্তি নবায়ন করেছেন। এক্ষেত্রে প্রিমিয়ামের হারও কম। অথচ তার বন্ধু শওকতকে প্রতি তিন মাস পর পর কিস্তি পরিশোধ করতে হয় এবং একটা সময় পর্যন্ত তা দিয়ে খেতেই হবে। সেখানে প্রিমিয়ামের হার যথেষ্ট বেশি।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. মিনহাজ কোন ধরনের বিমাপত্র খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শওকতের গৃহীত বিমাপত্রের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

# ৫৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। বিনিয়োগ ও ঋণদানের লক্ষ্যে তিস্তা ব্যাংক লিমিটেড প্রতিষ্ঠা করে। তারা আবাসন ক্ষেত্রেই বিনিয়োগ করে থাকে। কিন্তু কেবল আবাসন ক্ষেত্রে জড়িত থেকে ব্যাংকটির প্রত্যাশিত অগ্রগতি হয়নি। ব্যবসায় সম্প্রসারণের মাধ্যমে লাভজনকভাবে, ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ জনগণের নিকট থেকে সঞ্চয় সংগ্রহ কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ জনগণের নিকট থেকে সঞ্চয় সংগ্রহ করার সিদ্ধান্ত নেন।

ক. স্বায়ত্তশাসিত ব্যাংক কী? ১
খ. 'বাংলাদেশের কৃষি ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ব্যাংক প্রথমদিকে কোন ধরনের ব্যাংকিং কার্যক্রম শুরু করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তিস্তা ব্যাংক সঞ্চয় সংগ্রহের ফলে যে ব্যাংকিং ব্যবস্থায় প্রবেশ করেছে? তার যথার্থতা নিরূপণ কর। ৪

২। তালিকাভুক্ত কিছু ব্যাংক সম্প্রতি জনগণকে অধিক ঋণ দেওয়ার ফলে দেশে মুদ্রার সরবরাহ বৃদ্ধি পেয়েছে। দেশের একমাত্র ব্যাংকটি CRR ও SLR-এর মাধ্যমে মুদ্রাবাজার স্থিতিশীল অবস্থায় ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েছে। এছাড়া তালিকাভুক্ত ব্যাংকগুলোর মধ্যে পারস্পরিক দেনা-পাওনা নিষ্পত্তিতে প্রকট সমস্যা দেখা দিয়েছে। এ সমস্যা মোকাবিলার জন্য তারা এ ব্যাংকটির দ্বারস্থ হয়েছে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষার জন্য কি পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "তালিকাভুক্ত ব্যাংকগুলোর মধ্যে পারস্পরিক লেনদেন নিষ্পত্তিতে একমাত্র ব্যাংকটি বিশেষ ভূমিকা পালন করে।"— তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৩। নোয়াখালীর আকবর সাহেব কানাডায় চাকরি করেন। তিনি ব্যাংকের মাধ্যমে প্রতি মাসে দেশে টাকা পাঠিয়ে থাকেন যা স্থানীয় গোমতী ব্যাংকে জমা হচ্ছে। তবে তিনি এবার দেশে ফিরে কিছু টাকা একত্র করে নির্দিষ্ট সময়ের জন্য বেশি লাভজনক ব্যাংক হিসাবে রেখে দেওয়ার চিন্তা করছেন।

ক. বিমা সঞ্চয়ী হিসাব কী? ১
খ. বিক্রয় সেবা বিন্দু বলতে কী বোঝায়? ২
গ. আকবর সাহেব কোন ধরনের হিসাবে টাকা জমা করছেন— ব্যাখ্যা কর। ৩
ঘ. আকবর সাহেবের নতুন হিসাবে টাকা জমা করা কি বেশি লাভজনক হবে? ব্যাখ্যা কর। ৪

৪। মি. নাসির একজন ক্ষুদ্র ব্যবসায়ী তার ব্যাংক হিসাবে ১,৫০,০০০ টাকা জমা আছে। ১৫ জুলাই সকাল ১০টায় তিনি ৫০,০০০ টাকা উত্তোলন করেন এবং দুপুর ১২টায় ৭৫,০০০ টাকা জমা দেন। দুপুর ২টায় মি. চৌধুরীকে ১০,০০০ টাকার একটি চেক প্রদান করেন। মি. নাসির তার সকল আর্থিক লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে সম্পাদন করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. ব্যাংক হিসাব কেন খোলা হয়? ২
গ. মি. নাসির কোন ধরনের হিসাব পরিচালনা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন ব্যবসায়ী হিসেবে মি. নাসির উক্ত হিসাবের মাধ্যমে কী সুবিধা লাভ করতে পারে? ব্যাখ্যা কর। ৪

৫। মি. মাহিম তার ব্যক্তিগত ঋণ পরিশোধের জন্য জনাব আকাশের নামে একটি চেক ইস্যু করে। চেকটির বাম পাশের কোনায় দু'টি সমান্তরাল রেখা টানা ছিল। কিন্তু চেকটি হস্তান্তরের পূর্বেই মি. মাহিম চেকটি হারিয়ে ফেলেন। চেকটি হারিয়ে ফেলার সাথে সাথে বিষয়টি ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে দুশ্চিন্তামুক্ত থাকার আহ্বান জানান এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. বাহক চেক অধিক জনপ্রিয় কেন? ২
গ. উদ্দীপকে মি. মাহিম কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক কর্তৃপক্ষ মি. মাহিমকে দুশ্চিন্তামুক্ত থাকতে বলার যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মি. কালাম ২৪.৩.২০২১ তারিখে লেখা মি. সাদির ৫০,০০০ টাকার একটা চেক পেয়ে ২৪.০৪.২০২১ ইং তারিখে তা তার পাওনাদার মি. জব্বারকে দেন। মি. জব্বার চেকের উল্টোপাশে মি. কালামের স্বাক্ষর চাইলেও তিনি তা দেওয়ার আবশ্যকতা নেই বলে জানায়। মি. জব্বার ২৭.১০.২০২১ তারিখে চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক তা অমর্যাদা করে। এতে মি. জব্বার মি. কালামের ওপর বিরক্ত হন ও তা ফেরত দেন। মি. কালাম মি. সাদির ওপর বিরক্ত হন ও তা ফেরত দেন। মি. কালাম মি. সাদির কাছে চেকটি নিয়ে তারিখ কেটে ২৭.১০.২০২১ লিখিয়ে সেখানে স্বাক্ষর নেন ও মি. জব্বারকে তা অর্পণ করেন।

ক. ক্রেডিট কার্ড কী? ১
খ. অগ্রিম তারিখের চেক ইস্যু করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মর্যাদাকৃত চেকটির ধরন কী ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. অন্য সবকিছু ঠিক থাকলে ও যথাসময়ের মধ্যে চেকটি ব্যাংকে উপস্থাপিত হলে মি. জব্বার টাকা পাবেন— এ বক্তব্য কি সমর্থনযোগ্য? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। জনাব রকিব সপরিবারে সিলেট বেড়াতে যান। সঙ্গে অল্প কিছু নগদ টাকা ছাড়াও এক ধরনের প্লাস্টিকের কার্ড নিয়ে যান। সেখানে গিয়ে এটি দিয়ে তিনি ব্যাংক থেকে টাকা উঠানো ছাড়াও হোটেল বিল, রেস্টুরেন্টের বিল, কেনাকাটার বিলও পরিশোধ করেন।

ক. Automated Clearing House Service-এর আভিধানিক অর্থ কী? ১
খ. বিক্রয় বিন্দু সেবা বলতে কী বোঝায়? ২
গ. মি. রকিব যে প্লাস্টিকের কার্ড নিয়ে যান তার নাম কী? এ কার্ড সম্পর্কে বর্ণনা দাও। ৩
ঘ. উল্লিখিত প্লাস্টিকের কার্ডটির সুবিধা-অসুবিধা আলোচনা কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮। জনাব আসাদের বাবার মৃত্যুর পর তিনিই এখন সব সম্পত্তির মালিক। হঠাৎ করে ব্যবসায়ের সব দায়িত্ব তার উপর অর্পিত হওয়ায় তিনি কিছুটা উদ্বিগ্ন হয়ে পড়েন। তবে পরবর্তীতে তিনি জানতে পারেন যে, তার বাবা ভবিষ্যতের কথা চিন্তা করে কলকারখানা, বাড়ি, গাড়ি এবং যন্ত্রপাতি প্রভৃতির জন্য বিমা পলিসি গ্রহণ করেছিলেন এবং সময়মতো প্রিমিয়াম প্রদান করতেন। তারপরেও তিনি রত্না ইস্যুরেন্স লি. থেকে একটি নতুন বিমা পলিসি গ্রহণের সিদ্ধান্ত নেন।

ক. বিমা কী? ১
খ. বিমায় প্রত্যক্ষ কারণ বলতে কী বোঝায়? ২
গ. জনাব আসাদের বাবা কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নতুন করে বিমা পলিসি গ্রহণের ফলে কি জনাব আসাদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধি পাবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯। পাটের ব্যবসায়ী রুবেল সাহেব পাটের গুদাম বিমা করছিল। পাটের পরিমাণ সঠিকভাবে উল্লেখ না করায় বিমা কোম্পানি তার বিমাচুক্তি বাতিল করেছে। অন্যদিকে জনাব সিয়াম সাহেব দীর্ঘদিন ধরে একটি ভাড়া বাসায় থাকেন। তিনি নিজ নামে ভবনটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১
খ. স্থলাভিষিক্তকরণ নীতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রুবেল সাহেবের বিমাচুক্তি কোন কারণে বাতিল হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক জনাব সিয়ামের প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কী? যুক্তি সহকারে বিশ্লেষণ কর। ৪

১০। মি. আকন্দ ও মি. মিন্টু দুইজন সরকারি চাকরিজীবী। মি. আকন্দ দুই বছরের জন্য জাতিসংঘ মিশনে কেনিয়া যান। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা বিবেচনা করে দুই বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। যেখানে তিনি মারা গেলেই কেবল তার সন্তানেরা বিমাদাবি পাবেন। অপরদিকে মি. মিন্টু বার্ষিক ৩০,০০০ টাকা বিমা কিস্তিতে ১০ বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। যেখানে তিনি মারা না গেলেও নির্দিষ্ট সময় শেষে বিমাদাবি পাবেন।

ক. মৃত্যুহারপঞ্জি কাকে বলে? ১
খ. পুনর্বিমা বলতে কী বোঝায়? ২
গ. মি. আকন্দের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আকন্দ এবং মি. মিন্টু গৃহীত দুটি বিমাপত্রের মধ্যে কোনটি বেশি লাভজনক বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। মি. পলাশ একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি একটি নামকরা প্রতিষ্ঠানের সাথে ১২ বছর মেয়াদি ১০ লক্ষ টাকার একটি বিমাচুক্তিতে আবদ্ধ হয়েছেন। তিনি বিগত ৫ বছর পর্যন্ত প্রতি ৬ মাসে ২৫ হাজার করে প্রিমিয়াম দিয়ে আসছেন। চুক্তি অনুযায়ী বিমা কোম্পানি তার জমার ওপর ৫% হারে মুনাফা প্রদান করবে। হঠাৎ মি. পলাশের প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যাওয়ায় তার পক্ষে প্রিমিয়াম প্রদান করা একেবারেই অসম্ভব হয়ে পড়েছে। তিনি সিদ্ধান্ত নিয়েছেন বিমা পলিসিটি বাতিলের ব্যাপারে বিমা কোম্পানির সাথে আলাপ করবেন।

ক. মেয়াদি বিমাপত্র কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের মি. পলাশ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৩
ঘ. তুমি কী মনে কর মি. পলাশ কোনো ধরনের আর্থিক সুবিধা পাবেন? তোমার মতামত দাও। ৪

## ৫৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▶ চিত্রা ব্যাংক লি. ময়মনসিংহ সদরে একটি অফিসের মাধ্যমে স্থানীয় গ্রাহকদেরকে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। ব্যাংকটি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসলেও কোভিড-১৯ পরবর্তী সময়ে ভালোভাবে কার্যক্রম পরিচালনা করতে ব্যর্থ হচ্ছে। এরূপ পরিস্থিতিতে চিত্রা ব্যাংকসহ অনুরূপ আরও তিনটি ব্যাংক একত্রিত হয়ে তিস্তা ব্যাংক লি. এর অধীনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেয়।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ব্যাংককে কেন নিরাপত্তার প্রতীক বলা হয়? ২
গ. কাঠামোর ভিত্তিতে চিত্রা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের তিস্তা ব্যাংক লি. এর পক্ষে নিয়ন্ত্রকের ভূমিকা পালন করা সম্ভব? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

২▶ কামাল সাহেব FCC ব্যাংকের মালিক। ব্যাংকটি বকশি বাজারে অবস্থিত এবং ব্যাংকটি তার সকল কার্যক্রম একটি মাত্র কার্যালয়ের মাধ্যমে সম্পাদন করে। বর্তমানে গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ব্যাংকটির আন্তঃব্যাংকিং লেনদেন বেড়ে গিয়েছে। এ কারণে ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘরের সুবিধা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যাংকিং কাকে বলে? ১
খ. ব্যাসেল-২ কী এবং কেন প্রণয়ন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. গঠন কাঠামো অনুযায়ী উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের FCC ব্যাংকের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য করণীয় সুপারিশ কর। ৪

৩▶ বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছে ২০ হাজার কোটি টাকা অলস পড়ে আছে। তাই বাণিজ্যিক ব্যাংকগুলো ইচ্ছামতো ঋণ প্রদান করতে সক্ষম। এই কারণে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকে যে হারে ঋণ প্রদান করত তার শতকরা ২% বৃদ্ধি করে। এতেও বাণিজ্যিক ব্যাংকে ঋণ সামর্থ্যকে প্রভাবিত না করলেও কেন্দ্রীয় ব্যাংক তার কাছে রক্ষিত শেয়ার ও বন্ড সরাসরি বাজারে বিক্রয় শুরু করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ প্রদান ক্ষমতা হ্রাস পেতে থাকে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের জন্য প্রথম পদক্ষেপে কোন পদ্ধতি গ্রহণ করেছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকের দ্বিতীয় পদক্ষেপ সফল হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৪▶ মি. রাকিব হাসান একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। যে ক্ষেত্রে তিনি যখন ইচ্ছা টাকা জমা দেওয়া ও উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনে জমার অতিরিক্ত টাকাও ব্যাংক দিয়ে থাকে। তিনি তার ছেলের পড়াশুনার খরচ ঢাকায় পাঠানোর জন্য ছেলেকে ব্যাংকে একটি হিসাব খুলতে বলেন। মি. রাকিব সাহেবের ছেলে ব্যাংকে হিসাব খুলতে গেলে ব্যাংক ম্যানেজার তার জন্য উপযোগী একটি ব্যাংক হিসাব খোলার কথা বলেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. কোন হিসাবে ব্যাংক চেক বই প্রদান করে না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক ম্যানেজার মি. রাকিব হাসানের ছেলেকে কোন হিসাব খোলার পরামর্শ দিলেন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. রাকিব সাহেব ব্যবসায়ের জন্য যে হিসাব পরিচালনা করেন তা যেকোনো ব্যবসায়ীর জন্যই সর্বোত্তম– বিশ্লেষণ কর। ৪

৫▶ জনাব ফারহান ১,৫০,০০০ টাকার মাল বিক্রয় করেছেন। ক্রেতা রাতুল ১ মাস পর টাকা দিতে চান। ফারহান বললেন, আপনি স্ট্যাম্পযুক্ত একটি কাগজে ১ মাস পর আমাকে টাকা দেবেন এটি লিখে দিন। অন্যদিকে জনাব ফারহান, রাফসানের থেকে নিজেই ৮০,০০০ টাকার মাল কিনেছেন। এক মাস পর টাকা দিতে চাইলে রাফসান বললেন, আমি স্ট্যাম্পযুক্ত সাদা কাগজে একটি দলিল তৈরি করে দিই, আপনি তাতে 'স্বীকৃত' লিখে স্বাক্ষর করবেন। জনাব ফারহান স্বাক্ষর কেন করতে হবে-এ নিয়ে ভাবছেন।

ক. ই-ব্যাংকিং কী? ১
খ. শুধু অর্পণের দ্বারাই স্বত্ব হস্তান্তর হয় কোন ধরনের চেকের ক্ষেত্রে? ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে রাতুলের প্রদত্ত দলিলটি কোন ধরনের হস্তান্তরযোগ্য দলিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রাফসানের লিখিত দলিলে জনাব ফারহানের স্বাক্ষরের আবশ্যকতা বিশ্লেষণ কর। ৪

৬▶ মি. ফুয়াদ চুম্বকীয় কার্ড দিয়ে টাকা উত্তোলন করতে পারেন। অন্যদিকে মি. রুহুল একই কার্ড ব্যবহার করে পণ্য কিনতে ও বিল পরিশোধ করতে পারেন। তার হিসাব থেকে অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারেন। পরে এই অর্থ সুদসহ পরিশোধ করতে হয়।

ক. EFT এর পূর্ণরূপ কী? ১
খ. এজেন্ট ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. মি. ফুয়াদ কোন ধরনের কার্ড ব্যবহার করেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন কার্ডটি উত্তম? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭▶ মি. রাখসান একটি বাণিজ্যিক ব্যাংকের সঞ্চয়ী হিসাবের আমানতকারী। ব্যাংক তাকে একটি চেক বই ছাড়াও জরুরি লেনদেনের প্রয়োজনে একটি বিশেষ কার্ড সরবরাহ করে। তিনি উক্ত কার্ড ব্যবহার করে ATM বুথ থেকে অর্থ উত্তোলন এবং যাবতীয় কেনাকাটা সম্পন্ন করতে পারেন। অন্যদিকে তার বন্ধু আয়ান আরেকটি ভিন্ন ধরনের কার্ড দিয়ে কেনাকাটা করেন। এ ধরনের কার্ড দিয়ে ঋণ সুবিধা পাওয়া যায় এবং নির্দিষ্ট সীমা পর্যন্ত ধারে পণ্য ক্রয়ও করা যায়।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. বিক্রয় সেবা বিন্দু বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. রাখসানের ব্যবহৃত কার্ডের ধরন কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. জীবনযাত্রার মান উন্নয়নের ক্ষেত্রে উদ্দীপকে মি. রাখসানের ব্যবহৃত কার্ডের তুলনায় মি. আয়ানের কার্ডটি কি তুমি উত্তম মনে কর? মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮▶ জনাব আসিফ একজন মোটর যন্ত্রাংশ উৎপাদনকারী। তিনি একটি নতুন যন্ত্র ক্রয়ের জন্য ব্যাংক হতে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। এছাড়া তিনি তার প্রতিষ্ঠানের স্থাবর অস্থাবর সম্পত্তির জন্য একটি বিমা করেন।

ক. দায় বিমা কী? ১
খ. বিমার আনুপাতিক অংশগ্রহণের নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আসিফ ব্যাংক ঋণ গ্রহণ করার কারণে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আসিফ তার সমুদয় সম্পত্তি বিমা করতে পারে কি? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯▶ সামিয়া ফ্যাশন হাউজ একটি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রাকৃতিক যেকোনো দুর্যোগ ক্ষতির হাত থেকে বাঁচতে বিমা করেছে। সম্প্রতি করোনা সারাবিশ্বে মহামারী হয়ে যাবার কারণে প্রতিষ্ঠানের সব কার্যক্রম বন্ধ হয়ে যায়। ফলে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

ক. বিশুদ্ধ ঝুঁকি কী? ১
খ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সামিয়া ফ্যাশন হাউজ কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সামিয়া ফ্যাশন হাউজ বিমাদাবি পাওয়ার অধিকারী হবে কী? মন্তব্য কর। ৪

১০▶ জনাব রাফসান তার নিজের জীবনের জন্য বিমা করতে চান। তিনি 'মেখলা' জীবন বিমা অফিস থেকে একটি ফরম নিয়ে পূরণ করে জমা দেন। বিমা প্রতিষ্ঠান ইহা গ্রহণ করে তাকে একটি নির্দিষ্ট হারে প্রতিদান জমা দিতে অনুরোধ করে।

ক. বোনাস কী? ১
খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ফরমটি পূরণ করে জমা দেওয়া বিমাচুক্তি সম্পাদনের কোন ধরনের প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠানটির প্রতিদান চাওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▶ জনাব আদনান তার স্ত্রীর জীবনের জন্য 'প্রগতি লাইফ'-এর কাছে প্রতিমাসে ৫,০০০ টাকা প্রিমিয়ামের বিনিময়ে বিমাপত্র খোলেন। ৫ বছর অতিক্রান্ত হওয়ার পর তার স্ত্রী হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে বিমা কোম্পানি জনাব আদনানকে বিমাদাবি পরিশোধ করে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২
গ. জনাব আদনানের গৃহীত জীবন বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিমাপত্রটি একই সাথে বিনিয়োগ ও আর্থিক সুরক্ষার সুযোগ দেয়– বিশ্লেষণ কর। ৪

## ৬০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ 'ক' ব্যাংক লি. ও 'খ' ব্যাংক লি. বাংলাদেশের অন্যতম দুটি ব্যাংক। 'ক' ব্যাংক লি. এর দেশে-বিদেশে ব্যাংকিং কার্য পরিচালনার সুযোগ রয়েছে। পক্ষান্তরে, 'খ' ব্যাংক লি. দেশের অভ্যন্তরে একটিমাত্র অফিসের মাধ্যমে সমস্ত কার্যাবলি পরিচালনা করে। উভয় ব্যাংকই স্ব স্ব উদ্দেশ্য অর্জনে সফলতা লাভ করেছে।

ক. ব্যাংকিং কী? ১
খ. গারনিশি আদেশ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের 'খ' ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ 'X' ব্যাংক অর্থবাজারের নিয়ন্ত্রণ করে থাকে। এ নিয়ন্ত্রণ কার্যক্রমকে আরও ফলপ্রসূ করার উদ্দেশ্যে ব্যাংকটি সিকিউরিটিজ, বেসরকারি বন্ড, বিল ইত্যাদি পূর্বের তুলনায় অধিক পরিমাণে ক্রয় করে। ফলে 'X' ব্যাংকটি ঋণপ্রবাহ নিয়ন্ত্রণে পূর্বের তুলনায় অধিক সফলতা অর্জন করে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. EFT বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'X' ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোন পদ্ধতি প্রয়োগ করেছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ঋণ নিয়ন্ত্রণে 'X' ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩ ▸ ঋণের আধিক্য ও স্বল্পতা উভয়ই দেশের জন্য ক্ষতিকর। উভয় অবস্থায় দেশের উৎপাদন, বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়ন চরমভাবে ব্যাহত হয়। এ অবস্থা থেকে পরিত্রাণ লাভের জন্য ঋণ নিয়ন্ত্রণ আবশ্যক। সরকার একটি ব্যাংককে ঋণ নিয়ন্ত্রণের দায়িত্ব প্রদান করে। ব্যাংকটি সুদের হার বাড়িয়ে-কমিয়ে ঋণ নিয়ন্ত্রণে চেষ্টা করছে। ফলে দেশের ঋণ নিয়ন্ত্রণে কার্যকর প্রভাব লক্ষ করা যাচ্ছে।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১
খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংককে বলা হয় এবং কেন? ব্যাখা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি ব্যবহার করে— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকটির ঋণ নিয়ন্ত্রণের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ মি. জাবেদ জমজম ব্যাংকে একটি হিসাব খোলেন। যেখানে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করা যায়। কিন্তু কোনো মুনাফা যুক্ত হয় না। মুনাফার কথা বিবেচনা করে তিনি আরেকটি হিসাব খুলে নির্দিষ্ট সময়ের জন্য অর্থ জমা রাখেন কিন্তু ব্যাংক তাকে কোনো চেক বই প্রদান করেনি। তিনি পূর্বের হিসাব খোলার পদ্ধতির চেয়ে পরবর্তী হিসাব খোলার পদ্ধতিকে সহজ মনে করেন।

ক. বিমা সঞ্চয়ী হিসাব কী? ১
খ. ব্যাংক হিসাব হলো ব্যাংকিং সেবা গ্রহণের প্রবেশদ্বার বুঝিয়ে লেখ। ২
গ. মি. জাবেদ প্রথমে কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রথম হিসাবের চেয়ে পরবর্তী হিসাব খোলা সহজ হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৫ ▸

ডেল্টা ব্যাংক লি.
বয়রা, খুলনা তারিখ : ২৪/১১/২২
জনাব আব্বাসকে অথবা বাহককে প্রদান করুন
কথায় : পাঁচ লক্ষ টাকা মাত্র ..................
অঙ্কে : ৫,০০,০০০/=

কিন্তু চেকটি ২৪/৭/২৩ তারিখ জমা দিতে গেলে প্রত্যাখ্যাত হলো।

ক. হুকুম চেক কী? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২
গ. চেকটি কোন ধরনের চেক? ৩
ঘ. চেকটি প্রত্যাখ্যাত হলো কেন? ৪

৬ ▸ শিমুল একজন পাট ব্যবসায়ী। তিনি স্থানীয় একটি পাটকলে ৫০ মণ পাট সরবরাহ করার পর একটি দলিল তৈরি করে পাটকল মালিককে পাঠান। মালিক উক্ত দলিলে স্বাক্ষর করেন। শিমুল দলিলটি ব্যবহার করে আর্থিকভাবে লাভবান হন।

ক. প্রমিসরি নোট কী? ১
খ. আদেষ্টা কে? বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকের দলিলটি কোন প্রকারের? ব্যাখ্যা দাও। ৩
ঘ. শিমুল কীভাবে দলিলটি থেকে লাভবান হলেন? ৪

৭ ▸ আপন তার ব্যাংক প্রদত্ত বিশেষ চুম্বকীয় কার্ড ব্যবহার করে যেকোনো সময় তার হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করতে পারেন। অপরদিকে অহন তার ব্যাংক প্রদত্ত একই প্রকৃতির কার্ড ব্যবহার করে তার হিসাবে পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকলেও যাবতীয় কেনাকাটা এবং বিল পরিশোধ করতে পারেন, যা তিনি পরবর্তীতে সুদসহ ব্যাংককে পরিশোধ করেন।

ক. ই-ব্যাংকিং কী? ১
খ. অনলাইন ব্যাংকিং-এর সুবিধা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আপনের ব্যবহৃত কার্ডের নাম কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্ড দুটির মধ্যে কোনটি উত্তম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▸ মি. আবির দেখতে পেলেন তার বন্ধুর একটি গাড়ি দুর্ঘটনায় কবলিত হওয়ার পর বিমা কোম্পানি গাড়ির মোট ক্ষতি বাবদ ৩ লক্ষ টাকা প্রদান করে এবং গাড়িটি বিমা কোম্পানি নিয়ে যায়। পরবর্তীতে মি. আবির তার কাছে থাকা ২০১৫ সালের প্রথম রেজিস্ট্রিকৃত গাড়ি ২০১৯ সালে প্রথম রেজিস্ট্রেশন হয়েছে দেখিয়ে বিমাপত্র গ্রহণ করে। পরবর্তীতে গাড়িটি দুর্ঘটনায় পড়লে বিমা কোম্পানি বিমাদাবি যাচাই-বাছাই করতে গিয়ে অতীত সকল তথ্য তাদের কাছে চলে আসে। তাই বিমা কোম্পানি বিমাদাবি প্রত্যাখ্যান করে।

ক. ঝুঁকি কী? ১
খ. "বিমাচুক্তি বাজি ধরার চুক্তি নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিমার কোন নীতির বলে আবিরের বন্ধুর গাড়িটি নিয়ে যেতে সক্ষম? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক আবিরের ক্ষতিপূরণ প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'নিয়তি' নামে একটি লঞ্চ মেঘনা নদীতে ডুবে যায়। লঞ্চটির মালিক লঞ্চটির মূল্য ৩০ লাখ টাকা নির্ধারণ করে বিমা করেছিলেন। লঞ্চটির মালিক বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি দাবির যৌক্তিকতা বিবেচনা করে সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করেন। উদ্ধারকৃত লঞ্চটি বিমা কোম্পানি দাবি করালে লঞ্চ মালিক তা হস্তান্তরে অস্বীকৃতি জানায়।

ক. দায় বিমা কী? ১
খ. কোন ধরনের বিমা নিশ্চয়তার চুক্তি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বিমা গ্রহীতা কোন প্রকার সম্পত্তি বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে লঞ্চ মালিক কর্তৃক উদ্ধারকৃত লঞ্চ হস্তান্তরে অস্বীকৃতি জানানোর যৌক্তিক ছিল কী? মতামত দাও। ৪

১০ ▸ জনাব সুজন একটি বেসরকারি ব্যাংকের কর্মকর্তা। ২০১৮ সালে তিনি একটি বিমাপত্র ক্রয় করেন যার শর্ত ছিল বছরে ২০,০০০ টাকা প্রিমিয়াম প্রদানসাপেক্ষে ২০ বছর পর একত্রে ১০ লক্ষ টাকা পাবেন। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে তার আয় কমে যাওয়ায় ২ বছর প্রিমিয়াম প্রদানের পর তিনি বিমা চালাতে অপারগতা প্রকাশ করেন। পরবর্তীতে বিমা কোম্পানি তাকে দাবিকৃত ১০ লক্ষ টাকা পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. বিমা সেলামি কী? ১
খ. নৈতিক ঝুঁকি কীভাবে বিমা পলিসিতে প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব সুজন কোন ধরনের বিমাপত্র কিনেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিমা কোম্পানির বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানো কি যৌক্তিক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ জনাব P এবং জনাব Q দুইজন সরকারি চাকরিজীবী। জনাব P দুই বছরের জন্য জাতিসংঘ মিশনে সোমালিয়া যান। তিনি তার সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে দুই বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন, যেখানে তিনি মারা গেলেই কেবল তার সন্তানেরা বিমাদাবি পাবেন। অপরদিকে জনাব Q বার্ষিক ২৫,০০০ টাকা বিমা কিস্তিতে ১০ বছরের জন্য তিন লক্ষ টাকার বিমাপত্র গ্রহণ করেন। এ ধরনের বিমাপত্রে তিনি জীবিত থাকলেও নির্দিষ্ট সময় শেষে বিমাদাবি পাবেন।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. পুনর্বিমা বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব P এর গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব P এবং জনাব Q এর গৃহীত দুটি বিমাপত্রের মধ্যে কোনটি বেশি লাভজনক বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# ৬১ ✔ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◙ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ মধুমতি ব্যাংক ঢাকার আগারগাঁও শাখার মাধ্যমে দীর্ঘদিন যাবৎ তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। আগারগাঁও এর পাশেই 'রূপায়ণ গার্ডেন সিটি' নামে একটি নতুন আবাসিক এলাকা গড়ে উঠেছে। সেখানে নতুন নতুন স্কুল, কলেজ, হাসপাতাল এবং শপিংমলও গড়ে উঠেছে। এলাকাবাসীর সুবিধার কথা বিবেচনা করে মধুমতি ব্যাংক 'রূপায়ণ গার্ডেন সিটির' পাশেই একটি শাখা স্থাপনের সিদ্ধান্ত নেয়।

ক. বাণিজ্যিক ব্যাংকের সংজ্ঞা দাও। ১
খ. "বাণিজ্যিক ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মধুমতি ব্যাংক সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক তা আলোচনা কর। ৩
ঘ. মধুমতি ব্যাংকের নতুন শাখা স্থাপনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২▸ জনগণকে বৃহৎ পরিসরে ব্যাংকিং সেবা প্রদান ও মুনাফা অর্জনের লক্ষ্যে 'সুরমা ব্যাংক লি.' দেশের বিভিন্ন অঞ্চলে তাদের কার্যক্রম সম্প্রসারিত করেছে। এর ফলে ব্যাংকটি প্রচুর পরিমাণে আমানত সংগ্রহসহ গ্রাহকদের বিভিন্ন ধরনের আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করতে সক্ষম হচ্ছে। অন্যদিকে 'বাংলাদেশ ব্যাংক'-এর পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, ব্যাংকটি দীর্ঘসময় ধরে কয়েকজন ঋণখেলাপি ব্যক্তিকে ঋণ প্রদান করছে এবং পর্যাপ্ত পরিমাণে সঞ্চিতি সংরক্ষণ ছাড়াই শেয়ারবাজারে অধিক ঝুঁকিপূর্ণ শেয়ারে বিনিয়োগ করছে। আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী মূলধনের আদর্শমান সংরক্ষণ না করায় 'বাংলাদেশ ব্যাংক' ব্যাংকটির বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. KYC ফর্ম কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'সুরমা ব্যাংক লি.' সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'সুরমা ব্যাংক লি.' এর বিরুদ্ধে 'বাংলাদেশ ব্যাংক' কঠোর অবস্থান গ্রহণের যে সিদ্ধান্ত নিয়েছে সেটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩▸ কর্ণফুলি ব্যাংক লি. বিভিন্ন হিসাবের মাধ্যমে জনগণের কাছ থেকে তাদের প্রয়োজনের অতিরিক্ত অর্থ সংগ্রহ করে। ঐ সংগৃহীত অর্থের একটি নির্দিষ্ট অংশ কেন্দ্রীয় ব্যাংকে সংরক্ষণ করে। অবশিষ্ট অর্থ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ হিসাবে প্রদান করে। অতিরিক্ত মুদ্রার যোগান কমানোর জন্য কেন্দ্রীয় ব্যাংক জমা হার ১.২৫% বৃদ্ধি করে। ব্যাংকের এমডি মি. পঙ্কজ এই নির্দেশ পাওয়ার পর বলে, "এবার আমাদের ঋণদান সামর্থ্য কমে যাবে।"

ক. কেন্দ্রীয় ব্যাংক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কাজের ভিত্তিতে কী নামে পরিচিত? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. পঙ্কজের উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪▸ মি. রহমান 'সোনালী ব্যাংক' দিনাজপুর শাখায় একটি ব্যাংক হিসাব খুলে নির্দিষ্ট সময়ের জন্য টাকা জমা রাখেন। টাকার দরকার হওয়ায় হিসাব খোলার কিছুদিন পরে ব্যাংকে গেলে তাকে টাকা দিতে অস্বীকৃতি জানায়। পরে তিনি ব্যাংকারের পরামর্শে ঐ ব্যাংকে নিয়মিত টাকা জমা ও উত্তোলন করা যাবে এমন একটি হিসাব খোলেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. গোপনীয়তা ব্যাংকের অতি গুরুত্বপূর্ণ নীতি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. রহমানের প্রথম হিসাবটি কী ধরনের ছিল তা ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রহমানের আগে ও পরে খোলা হিসাব দুইটির মধ্যে কোনটি তার জন্য উত্তম? বুঝিয়ে লেখ। ৪

৫▸


Beta Bank
Jamuna Bank Limited
CDA Branch, Chattogram
Cheque No : 23423
Date : 08/02/2022
Pay to Karim Or Bearer Taka (in word).....Five Thousand Only.....
Taka = 5,000/=
Rahim
Signature
Current A/C No : 3210003

08/04/2022 তারিখে সুরমা ব্যাংক লিমিটেডের প্রাপকের হিসাবে জমা করার সময় চেকটি প্রত্যাখ্যান করা হয়েছিল।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. কেন বাহক চেক হুকুম চেকের চেয়ে কম নিরাপদ? ২
গ. উদ্দীপকে দেখানো চেকটি কী ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুরমা ব্যাংক লিমিটেডের প্রাপকের হিসাবে জমাকৃত চেক প্রত্যাখ্যান করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬▸ সামাদ সাহেব একজন চাকরিজীবী। তিনি একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ডের মালিক। সেই কার্ড ব্যবহার করে তিনি সহজে কেনাকাটা করতে পারেন। হঠাৎ একদিন তিনি ঐ কার্ড ব্যবহার করেও ক্রয়কৃত দ্রব্যের দাম সম্পূর্ণ পরিশোধ করতে ব্যর্থ হয়ে অন্য একটি কার্ডের মালিক হবার কথা ভাবলেন এবং ব্যাংকের সাথে যোগাযোগ করে কার্ডটি সংগ্রহ করেন। কার্ডটির খরচ পূর্বের কার্ডের তুলনায় বেশি হলেও বাড়তি সুবিধা রয়েছে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. মোবাইল ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের সামাদ সাহেব প্রথমে কোন কার্ডের মালিক ছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সামাদ সাহেবের দ্বিতীয় কার্ডটি সংগ্রহের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ মি. আরিফ একজন প্রতিষ্ঠিত কম্পিউটার ব্যবসায়ী। প্রতিদিন তাকে দ্রুত অনেক ধরনের লেনদেন সম্পন্ন করতে হয়। সেজন্য তিনি তার ব্যক্তিগত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করে ঘরে বসেই ব্যাংক হিসাবের বিভিন্ন তথ্য সম্পর্কে অবগত হতে পারেন। পরবর্তীতে তিনি মুঠোফোনে ব্যাংকিং সেবা গ্রহণ করার সিদ্ধান্ত নিলেন। এর ফলে তিনি তার ব্যক্তিগত মুঠোফোনেই ইন্টারনেটের সাহায্যে ব্যক্তিগত গোপনীয় সংখ্যা ব্যবহার করে যেকোনো সময় নিজের হিসাবের তথ্য সংগ্রহ ও তহবিল স্থানান্তর করতে পারেন।

ক. KYC ফর্ম কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২
গ. জনাব আরিফ প্রথমে কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করতেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব আরিফ মুঠোফোনের মাধ্যমে যে ব্যাংকিং কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ মি. 'A' তার ব্যক্তিগত গাড়ির জন্য 'X' নামক একটি বিমা কোম্পানিতে ৫ লক্ষ টাকা বিমা করেন এবং ৫ম তলা বাড়ির জন্য 'Y' ও 'Z' নামক দুটি বিমা কোম্পানির নিকট সমান অঙ্কের মোট ৫০ লক্ষ টাকার বিমা করেন। বৈদ্যুতিক গোলযোগের কারণে ৫ তলা ভবনের নিচ তলা ভস্মীভূত হয়ে গাড়িটি পুড়ে যায় এবং বাড়িটির ৫ লক্ষ টাকার ক্ষতি হয়। 'X' কোম্পানি গাড়িটির ক্ষতিপূরণ প্রদান করলেও 'Y' ও 'Z' কোম্পানির মধ্যে 'Z' কোম্পানি ২.৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানে অস্বীকৃতি জানায়।

ক. ঝুঁকি কী? ১
খ. বিমাকে চূড়ান্ত সদ্বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. কোন নীতির আলোকে 'X' বিমা কোম্পানি গাড়িটির ক্ষতিপূরণ প্রদান করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'Z' কোম্পানি ভবনের নিচ তলার ক্ষতিপূরণ প্রদান করতে অস্বীকৃতি জানানো কি সঠিক? বিশ্লেষণ কর। ৪

৯▸ মিস তাসলিমা তার ব্যক্তিগত গাড়ির জন্য ত্রিশ লক্ষ টাকার বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। মিস তাসলিমা বিমাদাবি পেশ করার কিছুদিনের মধ্যে বিমাপ্রতিষ্ঠানটি দাবিকৃত ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি কুমিল্লার একজন ব্যবসায়ী বিশ হাজার টাকায় কিনেন। গাড়ি বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ মিস তাসলিমা দাবি করলে বিমাপ্রতিষ্ঠানটি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. নিয়ন্ত্রণ অযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মিস তাসলিমা কোন নীতির আওতায় বিমাপ্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমাপ্রতিষ্ঠান কর্তৃক মিস তাসলিমার সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০▸ মি. আব্দুল হাকিম ১৫ বছর মেয়াদি একটি বিশুদ্ধ মেয়াদি জীবন বিমা পলিসি ক্রয় করেন যেখানে শুধু তিনি বেঁচে থাকলেই বিমাদাবি পাবেন। তিনি ৪ বছর কিস্তি পরিশোধ করার পর বুঝতে পারেন তার পক্ষে পলিসি চালিয়ে যাওয়া সম্ভব নয়। তাই তিনি বিমা কোম্পানির নিকট পলিসি বন্ধ করে প্রয়োজনীয় দাবি দাওয়ার জন্য আবেদন করেন। আবার মি. আব্দুল আজিজ সন্তানদের নমিনি করে একটি জীবন বিমা পলিসি ক্রয় করেন যেখানে তাকে আমৃত্যু প্রিমিয়াম পরিশোধ করতে হবে।

ক. শিক্ষা বৃত্তি বিমা কী? ১
খ. কোন বিমায় স্থলাভিষিক্তকরণের নীতি প্রযোজ্য নয়? ব্যাখ্যা কর। ২
গ. মি. আব্দুল হাকিম তার ক্রয়কৃত বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র থেকে কোন ধরনের আর্থিক সুবিধা পাবেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "মি. আব্দুল আজিজ কর্তৃক ক্রয়কৃত বিমা পলিসি শুধু নমিনিদের স্বার্থরক্ষা করে।" যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১▸ রহমান সাহেবের বয়স ৫০ বছর। পরিবার ও সন্তানাদির কথা চিন্তা করে জিবিবি লাইফ ইন্স্যুরেন্সের সাথে চুক্তিবদ্ধ হলেন। বাকি জীবন তিনি নির্দিষ্ট সময় পর পর ৩,০০০ টাকা করে প্রিমিয়াম প্রদান করবেন। এক বছর যেতেই বিমা কোম্পানিটি ১০% বোনাস ঘোষণা করে যা অনেক বিমাগ্রহীতা পায়। রহমান সাহেব বোনাসের অর্থ না পাওয়ার বিষয়টি বিমা প্রতিনিধির কাছে জানতে চাইলে এটি সবার জন্য নয় বলে জানায়।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. রহমান সাহেব কোন ধরনের জীবন বিমা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রহমান সাহেব জিবিবি লাইফ ইন্স্যুরেন্সের বোনাস না পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

## ৬২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সর্বপ্রথম কোন ব্যাংক ব্যবসায়ের মাধ্যমে ব্যাংক ব্যবস্থার উদ্ভব হয়েছে?**
K মিশ্র L চেইন
M একক N শাখা

**২. আধুনিক অর্থনীতির জীবনীশক্তি কোনটি?**
K ব্যাংক L অর্থ
M মূলধন N বিনিয়োগ

**৩. কোন সভ্যতাকালে উপাসনালয় ব্যাংকিং ব্যবস্থায় উন্নয়ন ঘটেছিল?**
K চৈনিক সভ্যতা L রোমান সভ্যতা
M বৈদিক সভ্যতা N ব্যবিলনীর সভ্যতা

**৪. নিকাশঘর চিন্তাধারার উদ্ভাবক কে?**
K সেয়ার্স L আরভিল
M কেন্ট N ডি. কক

**৫. কীভাবে ঋণের পরিমাণ বাড়ানো যায়?**
K জমার হার বাড়িয়ে L ব্যাংক হার কমিয়ে
M খোলাবাজার থেকে সিকিউরিটি ক্রয় করে
N ব্যাংক হার বাড়িয়ে

**৬. বাংলাদেশ ব্যাংক প্রধান কে?**
K মহা ব্যবস্থাপক L অর্থমন্ত্রী
M অর্থ সচিব N গভর্নর

**৭. 'The bank is an institution which creates money with money'-উক্তিটি কার?**
K সেয়ার্স L হক
M পেরী N রোজ

**৮. ব্যাংক ব্যবসায় উৎপত্তিকালে স্বর্ণকার সম্প্রদায়ের নিকট সাধারণ মানুষ যে কারণে টাকা জমা রাখতো তা হলো–**
i. তারা আর্থিকভাবে সচ্ছল ছিল
ii. তারা সৎ বলে সমাজে পরিচিত ছিল
iii. তাদের কাছে সম্পদ সংরক্ষণের ব্যবস্থা ছিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. ব্যাংক কোন কারণে মক্কেলের হিসাব বন্ধ করে দিতে পারে?**
i. মক্কেলের মৃত্যু হলে বা দেউলিয়া হলে
ii. মক্কেলের হিসাব লেনদেন বেশি হলে
iii. আদালতের নির্দেশে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ফয়সাল ২০,০০০ টাকার একটি দাগকাটা চেক পেয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে তার হিসাবে জমা দিতে পারলেন না। এমতাবস্থায় তিনি মেয়াদোত্তীর্ণ চেকটি কার্যকর করার চেষ্টা করছেন।

**১০. একটি চেকের মেয়াদ কত দিন থাকে?**
K ৬০ দিন L ৯০ দিন
M ১৮০ দিন N ১২০ দিন

**১১. মেয়াদোত্তীর্ণ চেককে কী বলা হয়?**
K অবৈধ চেক L বাসি চেক
M বাতিল চেক N পুরোনো চেক

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তারিকুল ইসলাম একজন মধ্যবিত্ত আয়ের মানুষ। তাঁর অবর্তমানে ছেলে-মেয়ের আর্থিক সহায়তার কথা চিন্তা করে তিনি একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছেন এবং তিনি প্রতিমাসে ১,০০০ টাকা হারে জমা দিয়ে যাচ্ছেন।

**১২. জনাব তারিকুল ইসলাম কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M মেয়াদি বিমা N জীবন বিমা

**১৩. জনাব তারিকুল ইসলামের মাসিক ১,০০০ টাকা হারে জমা দেওয়াকে বিমায় কী বলে?**
K বার্ষিক ফি L বিনিয়োগ
M প্রিমিয়াম N বিমা সঞ্চয়

**১৪. বর্তমানে প্রচলিত MICR চেকে কোন ঘর পূরণের প্রয়োজন পড়ে না?**
K তারিখ L হিসাব নং
M টাকার পরিমাণ
N আমানতকারীর স্বাক্ষর

**১৫. বর্তমানে সবচেয়ে লেটেস্ট ব্যাংকিং প্রযুক্তি কোনটি?**
K চেক L হুন্ডি
M এটিএম (ATM) N Western Union

**১৬. সামুদ্রিক ক্ষতি প্রধানত কত প্রকার হতে পারে?**
K ৫ প্রকার L ৪ প্রকার
M ৩ প্রকার N ২ প্রকার

**১৭. সর্বপ্রথম কোন বিমার মাধ্যমে বিমার প্রসার লাভ করে?**
K নৌ বিমা L জীবন বিমা
M অগ্নি বিমা N শস্য বিমা

**১৮. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান লক্ষ হচ্ছে–**
i. মুনাফা অর্জন করা
ii. অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন করা
iii. মুদ্রার পরিমাণ ও ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. কেন্দ্রীয় ব্যাংক হচ্ছে–**
i. ঋণের শেষ আশ্রয়স্থল
ii. মুদ্রামান সংরক্ষক
iii. মুনাফা অর্জনের উদ্দেশ্যে পরিচালিত সরকারি ব্যাংক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যাণিজ্যিক ব্যাংকগুলো ভোক্তা পর্যায়ে ঋণের পরিমাণ বৃদ্ধি করায় বাজারে দ্রব্যমূল্যেও বিরূপ প্রভাব পড়ে। এই পর্যায়ে কেন্দ্রীয় ব্যাংক উক্ত খাতে ঋণ নিয়ন্ত্রণের চিন্তা-ভাবনা করছে।

**২০. ঋণের পরিমাণ বৃদ্ধি পেলে দ্রব্যমূল্যের ওপর কী প্রভাব পড়ে?**
K দ্রব্যমূল্য কম হবে
L দ্রব্যমূল্য বৃদ্ধি পাবে
M দ্রব্যমূল্য অপরিবর্তিত থাকবে
N সম্পদের সুসম বণ্টন হবে

**২১. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ব্যাংক কোন নীতি অবলম্বন করে ঋণ নিয়ন্ত্রণের চিন্তাভাবনা করছে?**
K ঋণের বরাদ্দকরণ নীতি
L প্রচারণামূলক নীতি
M ব্যাংক হার নীতি
N খোলাবাজার নীতি

**২২. MICR কোনটি সাথে সম্পৃক্ত?**
K চেক L প্রত্যয়নপত্র
M ডেবিট কার্ড N ক্রেডিট কার্ড

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
জেড তাছফিয়াকে একটি চেক প্রদান করে। তাছফিয়া চেকটি জাহিনকে প্রদান করে। জাহিন চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংকার চেকের অর্থ পরিশোধ অপারগতা প্রকাশ করে।

**২৩. উদ্দীপকে আলোচিত চেকটি কোন ধরনের চেক ছিল?**
K দাগকাটা চেক L বাহক চেক
M হুকুম চেক N ভ্রমণকারীর চেক

**২৪. কোন ধরনের চেক হলে জাহিন ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারত?**
K দাগকাটা চেক
L বাহক চেক
M হুকুম চেক
N বিশেষভাবে দাগকাটা চেক

**২৫. একটি বৈধ চেকের মেয়াদ–**
K ২ মাস L ৩ মাস
M ৬ মাস N ১২ মাস

**২৬. আমানতকারী কর্তৃক স্বাক্ষরিত ব্যাংকের ওপর টাকা প্রদানের নির্দেশই হলো কী?**
K প্রত্যয়পত্র L বিনিময় বিল
M চেক N শেয়ার

**২৭. অর্থ উত্তোলনের আদেশ দেওয়ার সময় চেকে কে স্বাক্ষর করে?**
K ব্যাংকার L আমানতকারী
M গেটম্যান N ম্যানেজার

**২৮. নিচের কোন ধরনের জীবন বিমাপত্রে বিমাদাবি কিস্তিতে পরিশোধ করা হয়?**
K সাময়িক L আজীবন
M মেয়াদি N বৃত্তি

**২৯. কোন বিমায় বোনাস প্রদান করা হয়?**
K নৌ বিমা L জীবন বিমা
M অগ্নি বিমা N সামাজিক বিমা

**৩০. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**
K অগ্নি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N শস্য বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | M | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | K | ২২ | K | ২৩ | K | ২৪ | L | ২৫ | M | ২৬ | M | ২৭ | L | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |

## ৬৩ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নগদ লেনদেনের জন্য সবচেয়ে সুবিধাজনক হিসাব কোনটি?**
K সঞ্চয় হিসাব L স্থায়ী হিসাব
M মেয়াদি হিসাব N চলতি হিসাব

**২. একক ব্যাংকের অসুবিধা হলো—**
i. ঝুঁকি বণ্টনে অসুবিধা
ii. সুদের হারের তারতম্য
iii. তারল্য সমস্যা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. যখন মুদ্রাবাজারে ঋণের আধিক্য দেখা দেয় তখন কেন্দ্রীয় ব্যাংক ব্যাংক হার কী করে?**
K বৃদ্ধি করে L হ্রাস করে
M স্থির রাখে N কমায় বাড়ায়

**৪. যে কার্ডের মাধ্যমে গ্রহাককে ক্রেডিট বা ঋণ সুবিধা প্রদান করা হয় তাকে কী বলে?**
K ডেবিট কার্ড L ক্রেডিট কার্ড
M পরিচয়পত্র N সিম কার্ড

**৫. ব্যাংক কার্যক্রমের ইতিহাস কোন ধরনের?**
K আধুনিক L প্রাচীন
M মধ্যযুগীয় N শৈল্পিক

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
সদ্য প্রতিষ্ঠিত হালদা ব্যাংক লি. তাদের ৪০টি শাখায় ইন্টারনেট প্রযুক্তি সংযোজন করেছে। এ অবস্থায় ব্যাংকটি নেটওয়ার্ক সিস্টেমের মাধ্যমে প্রতিটি শাখায় সহজেই যে কোনো তথ্য সরবরাহ করতে পারছে।

**৬. উদ্দীপকে আলোচিত হালদা ব্যাংক লি.-এর ব্যবস্থাটিকে কী নামে অভিহিত করা হয়?**
K সিস্টেম ব্যাংকিং L ই-ব্যাংকিং
M মোবাইল ব্যাংকিং N হোম ব্যাংকিং

**৭. হালদা ব্যাংক লি.-এর এই ব্যবস্থার অসুবিধা হলো—**
i. নিরাপত্তার অভাব
ii. পাসওয়ার্ড জালিয়াতি
iii. অর্থ উত্তোলনের সময় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. উপাসনালয় ব্যাংকের কেন্দ্রবিন্দু ছিলেন কারা?**
K পুরোহিতগণ
L রোমের সাত পাহাড়ের ব্যবসায়িগণ
M প্রশাসনিক কর্মকর্তারা
N রাজনীতিবিদেরা

**৯. একক ব্যাংকের বৈশিষ্ট্য হচ্ছে—**
i. কেন্দ্রীভূত পরিচালক
ii. সীমিত কার্য এলাকা
iii. ক্ষুদ্রায়তন প্রতিষ্ঠান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. Clearing house অর্থ কী?**
K পরিষ্কার ঘর L নিকাশ ঘর
M ব্যস্ত ঘর N ব্যাংক ঘর

**১১. একজন চাকরিজীবীর জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উত্তম?**
K চলতি L সঞ্চয়ী
M স্থায়ী N বিশেষ চলতি

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সৌরভ তার মেয়াদি বিমাপত্রটি বিমাদাবি পরিশোধের জন্য উপস্থাপন করেছেন। তার প্রকৃত বয়স ৫০ বছর হলেও তিনি বিমাপত্রে বয়স ৪৫ উল্লেখ করেছিলেন।

**১২. উদ্দীপকে জনাব সৌরভ বিমার কোন নীতিটি লঙ্ঘন করেছেন?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M স্থলাভিষিক্তকরণ N ক্ষতিপূরণ

**১৩. উদ্দীপকে উল্লিখিত প্রেক্ষাপটে বিমা কোম্পানির করণীয় হলো—**
K বিমাদাবি প্রত্যাখ্যান করা
L সমর্পণ মূল্য পরিশোধ করা
M পূর্ণ দাবি পরিশোধ করা
N প্রিমিয়াম ফেরত দেওয়া

**১৪. ব্যাংক প্রতিষ্ঠায় কোন দেশের কতিপয় সরকার এগিয়ে আসে?**
K জার্মানির L ইতালির
M ইউরোপের N ইংল্যান্ডের

**১৫. সরকারি নোটের বৈশিষ্ট্য হলো—**
i. বিহিত মুদ্রা
ii. রূপান্তরযোগ্য
iii. সীমিত ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. কোনটির উপস্থিতি ব্যাংকিং কার্যাবলিতে গতিশীলতা বৃদ্ধি করে?**
K ব্যাংকারের L নিকাশ ঘরের
M নিরীক্ষকের N বিমাপ্রতিষ্ঠানের

**১৭. দেশের সকল ব্যাংক কোন ব্যাংকের তালিকার অন্তর্ভুক্ত থাকে?**
K সরকারি ব্যাংক L বেসরকারি ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

**১৮. জীবন বিমা কর্পোরেশন এর প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?**
K ঢাকায় L চট্টগ্রামে
M সিলেটে N খুলনায়

**১৯. ATM বুথে কোন কার্ড ব্যবহৃত হয়?**
K ডেবিট কার্ড L ক্রেডিট কার্ড
M SWIFT N ওয়ানস্টপ
*[বি. দ্র. : সঠিক উত্তর : ক ও খ]

**২০. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্দিষ্ট সময় পর কিছু প্রদান করার প্রতিশ্রুতিকে কী বলে?**
K অঙ্গীকার L ইচ্ছা
M চাহিদা N মনোভাব

**২১. বৈধ চুক্তিতে কোন ধরনের সম্পর্ক অবশ্যই থাকতে হবে?**
K সামাজিক সম্পর্ক L পারিবারিক সম্পর্ক
M আইনগত সম্পর্ক N রাজনৈতিক সম্পর্ক

**২২. গ্রাহক- ব্যাংকার সম্পর্ক—**
i. বন্ধকদাতা ও বন্ধকগ্রহীতার সম্পর্ক
ii. ক্রেতা ও বিক্রেতা সম্পর্ক
iii. দেনাদার ও পাওনাদার সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. কোন চেকের ক্ষেত্রে ব্যাংক বিশেষ সতর্কতা অবলম্বন করে?**
K ফাঁকা চেক L দাগকাটা চেক
M বাসি চেক N প্রত্যায়িত চেক

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আকাশ ২০,০০০ টাকার একটি দাগকাটা চেক পেয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে তার হিসাবে জমা দিতে পারলেন না। এমতাবস্থায় চেকটি অকার্যকর হয়েছে।

**২৪. উদ্দীপকে বর্ণিত চেককে কী বলে?**
K অবৈধ L বাসি
M বাতিল N অগ্রিম

**২৫. চেকটির কার্যকারিতা রক্ষার্থে মি. আকাশকে কত দিনের মধ্যে চেকটি জমা দেওয়া উচিত ছিল?**
K ৬০ L ৯০
M ১২০ N ১৮০

**২৬. যে চেকে প্রস্তুতের পরবর্তী কোনো তারিখ লেখা হয় সে চেককে কী বলে?**
K বকেয়া তারিখের চেক
L পূর্ব তারিখের চেক
M অগ্রিম তারিখের চেক
N প্রত্যায়িত চেক

**২৭. দাগকাটা চেকে লেখা থাকে—**
i. এন্ড কোং
ii. হস্তান্তরযোগ্য নয়
iii. প্রাপকের হিসাবে প্রদেয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. যে চেকের বাম কোণে আড়াআড়িভাবে দুটি সমান্তরাল রেখা টানা থাকে তাকে কী চেক বলে?**
K ফাঁকা চেক L দাগকাটা চেক
M উপহার চেক N বাসি চেক

**২৯. Friendly Society কোন দেশের অগ্নি বিমাপ্রতিষ্ঠানের নাম?**
K জার্মানি L ইতালি
M ফ্রান্স N লন্ডন

**৩০. কোন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?**
K জীবন L নৌ
M অগ্নি N শস্য

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | L | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | L | ১১ | L | ১২ | L | ১৩ | K | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | K | ১৯ | * | ২০ | K | ২১ | M | ২২ | L | ২৩ | N | ২৪ | L | ২৫ | N | ২৬ | M | ২৭ | N | ২৮ | L | ২৯ | N | ৩০ | K |

## ৬৪ ✓ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক?**
K বাংলাদেশ ব্যাংক L জনতা ব্যাংক
M বাংলাদেশ কৃষি ব্যাংক N প্রবাসী কল্যাণ ব্যাংক

**২. গ্রুপ ব্যাংকিং ব্যবস্থায় ব্যাংক পরিচালনার দায়িত্ব বহন করে কে?**
K কেন্দ্রীয় ব্যাংক L অর্থ মন্ত্রণালয়
M হোল্ডিং কোম্পানি N সাবসিডিয়ারি ব্যাংক

**৩. ব্যাংকের কার্যাবলিসমূহ হলো–**
i. ঋণ প্রদান
ii. মূলধন গঠন
iii. আমানত সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম মিয়া একজন কৃষক। তার কৃষিজমি ছাড়াও গবাদি পশুর খামার রয়েছে। তিনি এমন একটি ব্যাংকে হিসাব পরিচালনা করেন যেখানে ঋণ, কৃষি বিষয়ক পরামর্শ এবং গবাদিপশু সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ দেওয়া হয়।

**৪. উদ্দীপকে রহিম মিয়া কোন ব্যাংকে হিসাব পরিচালনা করেন?**
K কৃষি ব্যাংক L শিল্প ব্যাংক
M বিনিয়োগ ব্যাংক N বিনিময় ব্যাংক

**৫. উদ্দীপকে উল্লিখিত ব্যাংটির অর্থনীতিতে অবদানসমূহ হলো–**
i. কর্মসংস্থান সৃষ্টি
ii. খাদ্য নিরাপত্তা
iii. পুষ্টির চাহিদা মিটানো
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো–**
i. নোট ইস্যু করা
ii. বিল বাট্টা করা
iii. ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭নং প্রশ্নের উত্তর দাও :**
সম্প্রতি বাংলাদেশ ব্যাংক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশনা দিয়েছে তাদের প্রদত্ত ঋণের ১০% অবশ্যই কৃষি খাতে প্রদান করতে হবে।

**৭. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাটি কোন ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতির অন্তর্ভুক্ত?**
K ব্যাংক হার L ঋণের বরাদ্দকরণ
M জমার হার পরিবর্তন N খোলাবাজার

**৮. খোলাবাজারে কেন্দ্রীয় ব্যাংক বিল, সিকিউরিটিজ ও ঋণপত্র বিক্রয় করলে কী ঘটতে পারে?**
K বাজারে ঋণের পরিমাণ বাড়বে
L নগদ জমার হার হ্রাস পাবে
M ব্যাংক হার অপরিবর্তিত থাকবে
N বাণিজ্যিক ব্যাংকের ঋণদান ক্ষমতা কমবে

**৯. বিমাচুক্তির বৈশিষ্ট্য হচ্ছে–**
i. ঝুঁকি বণ্টন
ii. মানসিক প্রশান্তি
iii. মানবকল্যাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. কোন ঝুঁকি মুনাফা অর্জনের মাধ্যমে মোবাবিলা করা সম্ভব নয়?**
K ফটকা ঝুঁকি L মৌলিক ঝুঁকি
M বিশুদ্ধ ঝুঁকি N বিমাযোগ্য ঝুঁকি

**১১. চেকের আদিষ্ট কে?**
K ব্যাংক L ধারক
M প্রাপক N আমানতকারী

**১২. হুকুম চেকের টাকা উত্তোলন করতে পারে–**
i. বাহক
ii. প্রাপক
iii. অনুমোদন বলে প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. চেকে দাগকাটা হয় কেন?**
K সরকারি নির্দেশ
L চেক বাতিলকরণ
M সহজে টাকা উত্তোলন
N জালিয়াতি ও প্রতারণারোধ

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শাহীন এবিসি লি. হতে একটি চেক পেলেন যেটি নিম্নোক্তভাবে দাগকাটা।

অগ্রণী ব্যাংক লি.
প্রাপকের হিসাব

মি. শাহীনের অগ্রণী ব্যাংকে কোনো হিসাব নেই।

**১৪. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক?**
K বাহক L হুকুম
M সাধারণ দাগকাটা N বিশেষ দাগকাটা

**১৫. চেকটি নগদের ক্ষেত্রে মি. শাহীনের করণীয়সমূহ হলো–**
i. পরিচিত যে কোনো ব্যক্তির ব্যাংক হিসাবে চেকটি জমা দেওয়া
ii. অগ্রণী ব্যাংকে হিসাব খুলে চেকটি জমা দেওয়া
iii. এবিসি লি. কর্তৃক দাগ অপসারণ করে ব্যাংকে চেক জমা দিয়ে নগদ উত্তোলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. PIN এর পূর্ণরূপ কী?**
K Public Identification Number
L Person Identification Number
M Personal Identification Number
N Private Identification Number

**১৭. মধ্যমেয়াদি ঋণের মেয়াদ কত বছর?**
K ০.৫-১ L ০.৫-২
M ১-৫ N ৫-৭

**১৮. KYC ফর্মের মাধ্যমে জানা যায়–**
i. গ্রাহকের সঠিক পরিচয়
ii. লেনদেনের প্রকৃতি
iii. গ্রাহকের ঋণ পরিশোধের মানসিকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম থাকলে তাকে কী বলা হয়?**
K আদর্শিক L উত্তম আদর্শিক
M উপ-আদর্শিক N কম আদর্শিক

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
'সুগন্ধা ব্যাংক' প্রতিষ্ঠিত হওয়ার পরপরই আমানত গ্রহণ, ঋণদানসহ সব ক্ষেত্রে প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে। তবে এখন তীব্র প্রতিযোগিতার বাজারে ব্যাংকটি টিকে থাকার জন্য পরিচালনাসংক্রান্ত সাবধানতার কথা ভাবছে।

**২০. 'সুগন্ধা ব্যাংক' যে ধরনের ব্যাংক–**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M চেইন ব্যাংক N মিশ্র ব্যাংক

**২১. প্রতিযোগিতায় টিকে থেকে দীর্ঘ মেয়াদে ভালো করার জন্য 'সুগন্ধা ব্যাংক'-কে করতে হবে–**
i. নতুন নতুন ঋণদান ক্ষেত্রে সৃষ্টি
ii. আমানতকারী বৃদ্ধি করা
iii. গ্রাহক সেবার মান বৃদ্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. সোনালী একটি অভিজাত মার্কেটে থ্রি-পিস কিনতে গেল। কিন্তু থ্রি-পিস ক্রয়ের জন্য যথেষ্ট পরিমাণ নগদ টাকা না থাকায় সে কার্ড দ্বারা তার অ্যাকাউন্ট থেকে টাকা উত্তোলন করে থ্রি-পিস ক্রয় করল। সোনালী কোন ধরনের কার্ড ব্যবহার করল?**
K মাস্টার কার্ড L স্মার্ট কার্ড
M ক্রেডিট কার্ড N ডেবিট কার্ড

**২৩. ২০ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?**
K গভর্নর L অর্থসচিব
M রাষ্ট্রপতি N অর্থমন্ত্রী

**২৪. বৈদেশিক বাণিজ্য করতে হলে কোন দলিলটি অধিক গুরুত্বপূর্ণ?**
K ভ্রমণকারীর চেক L পে-অর্ডার
M প্রত্যয়পত্র N ব্যাংক আজ্ঞাপত্র

**২৫. বিমাকৃত বিষয়বস্তুতে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকে কী বলে?**
K বিমা স্বার্থ L আইনগত স্বার্থ
M বিমাযোগ্য স্বার্থ N মুনাফা অর্জনের স্বার্থ

**২৬. গোষ্ঠী বিমা কার জন্য প্রযোজ্য?**
K নির্দিষ্ট জাতিগোষ্ঠী
L একই পরিবারের সদস্যবৃন্দ
M প্রতিষ্ঠানের সকল কর্মচারী
N বন্ধু-বান্ধব

**২৭. কোন বিমার সাথে স্থলাভিষিক্তকরণের নীতি সম্পর্কহীন?**
K নৌ L জীবন
M সম্পত্তি N অগ্নি

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আবদুলের বয়স ৪৫ বছর। বিমাকৃত অঙ্কের পরিমাণ ৪৫,০০০ টাকা। তাই প্রতিবছর ধার্যকৃত প্রিমিয়ামের পরিমাপ দাঁড়ায় ২,০০০, ৪,০০০, ৬,০০০, ৮,০০০ ও ১০,০০০ টাকা। সুতরাং বাৎসরিক কিস্তির পরিমাণ ৬,০০০ টাকা।

**২৮. উদ্দীপকে উল্লিখিত প্রিমিয়াম নির্ধারণের পদ্ধতি কোনটি?**
K নিরূপণ পদ্ধতি
L সমকিস্তি পদ্ধতি
M স্বাভাবিক প্রিমিয়াম পরিকল্পনা পদ্ধতি
N অসম কিস্তি পদ্ধতি

**২৯. প্রিমিয়াম নির্ধারণের উক্ত পদ্ধতিটির সুবিধা কী?**
K প্রতিবছর নতুন হারে প্রিমিয়াম দিতে হয়
L প্রতিবছর প্রিমিয়ামের পরিমাণ সমান হারে বাড়ে
M এটি শুধুই বিমাগ্রহীতার জন্য লাভজনক
N এটি একটি জটিল পদ্ধতি

**৩০. ব্যবসায় সম্প্রসারণে বিমার প্রধান গুরুত্ব কোনটি?**
K বিনিয়োগের উৎসাহ সৃষ্টি
L আর্থিক নিরাপত্তা বিধান
M মানসিক প্রশান্তি
N সামাজিক কল্যাণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | N | ৪ | K | ৫ | K | ৬ | L | ৭ | L | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | K | ১২ | M | ১৩ | N | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | L | ২০ | L | ২১ | N | ২২ | N | ২৩ | K | ২৪ | M | ২৫ | M | ২৬ | M | ২৭ | L | ২৮ | M | ২৯ | L | ৩০ | K |

## ৬৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অনেকগুলো ব্যাংক একটা হোল্ডিং কোম্পানির অধীনে থাকলে তাকে কী বলে?**
K মিশ্র ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M গ্রুপ ব্যাংক N একক ব্যাংক

**২. কার্যভিত্তিক ব্যাংকের শ্রেণিবিভাগ কোনটি?**
K স্বায়ত্তশাসিত ব্যাংক L সমবায় ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N শাখা ব্যাংক

**৩. নিচের কোনটি তফসিলবহির্ভূত ব্যাংক?**
K বাংলাদেশ কৃষি ব্যাংক
L প্রাইম ব্যাংক
M কর্মসংস্থান ব্যাংক
N পূবালী ব্যাংক

**৪. নমুনা স্বাক্ষর কার্ডের প্রয়োজন হয়—**
i. অর্থ উত্তোলনের ক্ষেত্রে
ii. গ্রাহকের পরিচিতির ক্ষেত্রে
iii. অর্থ জমাদানের ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. কোনটি আঞ্চলিক ব্যাংক?**
K ফেডারেল রিজার্ভ সিস্টেম
L বিশ্ব ব্যাংক
M এশিয়ান উন্নয়ন ব্যাংক
N ব্যাংক এশিয়া

**৬. মাইক্রো ফাইন্যান্স সংস্থা সাধারণত কোন ব্যাংক?**
K গ্রামীণ ব্যাংক L সোনালী ব্যাংক
M জনতা ব্যাংক N ন্যাশনাল ব্যাংক

**৭. মুনাফা থেকে ব্যাংক কত % অর্থ বিধিবদ্ধ রিজার্ভ হিসাবে স্থানান্তর করে?**
K ১০% L ১৫%
M ২৫% N ২০%

**৮. উত্তোলনকৃত টাকা আমানতকারী হিসাবে কী করা হয়?**
K ডেবিট
L ক্রেডিট
M ডেবিট ও ক্রেডিট উভয়ই
N যোগ

**৯. ব্যাংক হার বাড়লে কী প্রভাব পড়ে?**
K ঋণের পরিমাণ বেড়ে যায়
L গ্রাহক ঋণ নিতে চায় না
M অর্থের ক্রয়ক্ষমতা কমে যায়
N বৈদেশিক বাণিজ্য বাড়ে

**১০. গ্রাহকের যাবতীয় তথ্য সংগ্রহ করা হয় কিভাবে?**
K নতুনা কার্ড দ্বারা L KYC ফর্ম দ্বারা
M পরিচয়পত্র দ্বারা N অন্যান্য তথ্য দ্বারা

**১১. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি কোনটি?**
K জমার হার পরিবর্তন নীতি
L প্রান্তিক হার পরিবর্তন নীতি
M ব্যাংক হার নীতি
N খোলাবাজার নীতি

**১২. মুদ্রাবাজারের উপাদান কোনটি?**
K ট্রেজারি বন্ড L শেয়ার
M ডিবেঞ্চার N ট্রেজারি বিল

**১৩. কত কার্যদিবস পর পর নিকাশ ঘরের সদস্যরা বৈঠকে বসে?**
K প্রতি কার্যদিবসে
L দুই কার্যদিবসে
M তিন কার্যদিবসে
N সাত কার্যদিবস

**১৪. কোন বাজার থেকে স্বল্পমেয়াদি মূলধন সংগ্রহ করা যায়?**
K পুঁজিবাজার L মূলধন বাজার
M মুদ্রাবাজার N ইক্যুইটি বাজার

**১৫. অনলাইন ব্যাংকিং ব্যবস্থায় নিচের কোনটির ব্যবহার সবচেয়ে বেশি হ্রাস পেয়েছে?**
K পাশ বহি L পে-অর্ডার
M ব্যাংক ড্রাফট N ভ্রমণকারীর চেক

**১৬. শেয়ারে অর্থ বিনিয়োগ কোন ধরনের ঝুঁকি?**
K বিশুদ্ধ L ফটকা
M নির্দিষ্ট N মৌলিক

**১৭. কোন ঝুঁকির ফলাফল সাধারণভাবে সবাইকে ক্ষতিগ্রস্ত করে?**
K অনির্দিষ্ট ঝুঁকি L মৌলিক ঝুঁকি
M নির্দিষ্ট ঝুঁকি N ফটকা ঝুঁকি

**১৮. চলতি ও স্থায়ী হিসাবের মিলের ক্ষেত্র কোনটি?**
K প্রাথমিক জমা সমান
L সুদের হার সমান
M উভয় হিসাবের বিপক্ষে ব্যাংক ঋণ দেয়
N উভয় হিসাব থেকেই ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আকাশ অনেকদিন যাবৎ একটি মেশিন ভাড়ায় ব্যবহার করে আসছেন। তিনি নিজ নামে উক্ত মেশিনের বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবে অস্বীকৃতি জানায়।

**১৯. মি. আকাশ কোন ধরনের বিমা করতে চেয়েছিলেন?**
K দায় বিমা L সম্পত্তি বিমা
M বেকার বিমা N অগ্নি বিমা

**২০. কী কারণে বিমা কোম্পানি প্রস্তাবটি প্রত্যাখ্যান করে?**
K চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
L ঝুঁকির আধিক্য
M বৈধ প্রতিদানের অভাব
N বিমাযোগ্য স্বার্থের অভাব

**২১. সমর্পণ মূল্য পরিশোধের জন্য কমপক্ষে কত বছর বিমাপত্র চালু রাখা প্রয়োজন?**
K ১ বছর L ২ বছর
M ৩ বছর N ৪ বছর

**২২. MICR কোনটির সাথে সম্পৃক্ত?**
K ক্রেডিট কার্ড L ভিসা কার্ড
M ডেবিট কার্ড N চেক

**২৩. ধারে পণ্য কেনাবেচার ক্ষেত্রে কোনটি ব্যবহার করা হয়?**
K চেক L বিনিময় বিল
M পে-অর্ডার N ট্রেজারি বিল

**২৪. আইনগত স্বীকৃতির জন্য বিনিময় বিলে কী সংযোজন করা বাধ্যতামূলক?**
K অসীম পরিশোধ সময়
L স্ট্যাম্প
M অনির্দিষ্ট পরিমাণ N শর্তযুক্ত আদেশ

**২৫. যে হিসাব নবায়নযোগ্য কিন্তু নির্দিষ্ট মেয়াদের জন্য করা হয় তাকে কী বলে?**
K স্থায়ী হিসাব
L সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব
N শ্রমিক সঞ্চয়ী হিসাব

**২৬. চেক হস্তান্তরের সাথে সাথে মালিকানাও হস্তান্তরিত হয় কোন চেকের?**
K বাহকে চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N ফাঁকা চেক

**২৭. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে?**
K আদেষ্টা L আদিষ্ট
M প্রাপক N বাহক

**২৮. বিমাপত্র চালাতে অসমর্থ হলে বিমা প্রতিষ্ঠান বিমাগ্রহীতাকে যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?**
K বোনাস L বৃত্তি
M সমর্পণ মূল্য N মুনাফা

**২৯. কোন বিমার মাধ্যমে আন্তর্জাতিক বাজার সম্প্রসারিত হচ্ছে?**
K অগ্নি বিমা L নৌ বিমা
M গোষ্ঠী বিমা N দায় বিমা

**৩০. অঙ্গীকারপত্র কীসের অঙ্গীকার?**
K ঋণ পরিশোধের
L ক্রয়মূল্য পরিশোধের
M সুদ পরিশোধের
N আয়কর পরিশোধের

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | M | ৪ | K | ৫ | M | ৬ | K | ৭ | N | ৮ | K | ৯ | L | ১০ | L | ১১ | L | ১২ | N | ১৩ | K | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | M | ১৯ | L | ২০ | N | ২১ | L | ২২ | N | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | K | ২৭ | M | ২৮ | M | ২৯ | L | ৩০ | K |

## ৬৬ ✓ এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাংকের সাথে লেনদেনের প্রয়োজন পড়ে—**
i. অর্থসংরক্ষণের প্রয়োজনে
ii. আর্থিক লেনদেনের প্রয়োজনে
iii. ব্যবসায়ের সুনাম বৃদ্ধির প্রয়োজনে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. কত সালে জীবন বিমা ব্যবসায়ের যাত্রা শুরু হয়?**
K ১৬৯৬ L ১৭৯৬
M ১৬৮০ N ১৭৮০

**৩. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K প্রিমিয়াম L বোনাস
M বৃত্তি N নগদ

**৪. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?**
K বাংলাদেশ ব্যাংক L ঢাকা ব্যাংক
M ব্যাংক অব বাংলাদেশ
N সিটি ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'X' একজন প্রতিষ্ঠিত ব্যাংকার। তার কর্মরত ব্যাংকটি মুদ্রাবাজার নিয়ন্ত্রণের পাশাপাশি নোট ইস্যুর একক অধিকার ভোগ করে। তিনি উক্ত ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ কার্যাবলিতে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন।

**৫. মি. 'X' কোন ব্যাংকের ব্যাংকার হিসেবে কর্মরত?**
K বাণিজ্যিক ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M শিল্প ব্যাংক N সমবায় ব্যাংক

**৬. মি. 'X'-এর কর্মরত ব্যাংকটি ভূমিকা রাখে—**
i. আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তিতে
ii. সরকারি তহবিল ও উদ্বৃত্ত সংরক্ষণে
iii. গ্রাহকের ব্যাংক হিসাব সুষ্ঠু পরিচালনায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. চেকের উল্টো পিঠে প্রাপকের নাম লিখে যে অনুমোদন দেওয়া হয় তাকে কী বলে?**
K শর্তসাপেক্ষে অনুমোদন
L সীমিত অনুমোদন
M বিশেষ অনুমোদন
N ফাঁকা অনুমোদন

**৮. সকল বিমা কোম্পানিকে জাতীয়করণ করা হয় রাষ্ট্রপতির কত নং আদেশমতে?**
K ৭৫ L ৮৫
M ৯৫ N ১০৫

**৯. 'Monte' শব্দের অর্থ কী?**
K ঋণ L স্তূপীকৃত ঋণ
M ইস্যু N গণঋণ

**১০. ডেবিট কার্ডের সুবিধা হলো—**
i. ২৪ ঘণ্টা ব্যবহার
ii. ঋণ সুবিধা
iii. পণ্য ও সেবা ক্রয়ে ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. কীসের মাধ্যমে মানুষ ব্যাংকিং সুবিধা লাভের অধিকারী হয়?**
K ব্যাংকে আসা-যাওয়ার মাধ্যমে
L ব্যাংক হিসাব খোলার মাধ্যমে
M ম্যানেজারের সাথে দেখা করার মাধ্যমে
N ব্যাংকের পাশে বসা থাকলে

**১২. 'মুদ্রার প্রয়োজনেই এসেছে ব্যাংক'— এ কথাটি কে বলেছেন?**
K ম্যাকলিড L হান্না
M আর.পি. ক্যান্ট N লুকা প্যাসিওলি

**১৩. বিমাচুক্তির ক্ষেত্রে আইনগতভাবে কে প্রস্তাব করে?**
K বিমাকারী L বিমাগ্রহীতা
M বিমা কর্মী N বিমা প্রতিষ্ঠান

**১৪. বিমা চুক্তির অপরিহার্য উপাদান হলো—**
i. দুটি পক্ষ
ii. সঞ্চয়ের সুবিধা
iii. বিমাযোগ্য স্বার্থ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. কোনটির অবর্তমানে কোনো ব্যক্তি বিমাচুক্তি সম্পাদন করতে পারে না?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস L বিমাযোগ্য স্বার্থ
M ক্ষতিপূরণ N কিস্তি

**১৬. অর্থবাজার নিয়ন্ত্রণ করে কোন ব্যাংক?**
K ইসলামী ব্যাংক L সোনালী ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N জনতা ব্যাংক

**১৭. জীবন বিমা চুক্তির অপরিহার্য উপাদান কোনটি?**
K মানব জীবনের সাথে সংশ্লিষ্টতা
L বস্তুগত বিমাযোগ্য স্বার্থ
M মনোয়নযোগ্য
N হস্তান্তরযোগ্য

**১৮. সরকারের ঋণগ্রহণের প্রধান উৎস কোনটি?**
K জনগণ L কেন্দ্রীয় ব্যাংক
M বিশ্বব্যাংক N বেসরকারি ব্যাংক

**১৯. 'ব্যাংক অব বার্সিলোনা' কত সনে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ সনে L ১৪০১ সনে
M ১৮০০ সনে N ২০০০ সনে

**২০. কোন বিমাকে নিশ্চয়তা চুক্তি বলে?**
K জীবন L নৌ
M অগ্নি N গবাদিপশু

**২১. যে তালিকার মাধ্যমে মানুষের মৃত্যুহার সম্পর্কে ধারণা পাওয়া যায় তাকে কী বলে?**
K মৃত্যুহার পঞ্জি L বিমাদাবি পঞ্জি
M জন্মহার পঞ্জি N প্রিমিয়াম পঞ্জি

**২২. সাধারণ অর্থে ব্যাংকের সকল কাজকে কী বলে?**
K ব্যাংকিং L প্রত্যয়পত্র
M নগদান বই N চূড়ান্ত হিসাব

**২৩. চেকে কাটাকাটি বা পরিবর্তন করতে হলে কার স্বাক্ষর থাকতে হয়?**
K ব্যাংকারের L আদিষ্টের
M আদেষ্টার N ব্যবসায়ীর

**২৪. ব্যাংক হিসাব খুলতে KYC ফর্ম পূরণ বাধ্যতামূলক করা হয়েছে কোন আইন প্রবর্তনের ফলে?**
K ব্যাংক কোম্পানি আইন
L ব্যবসায় আইন
M হস্তান্তরযোগ্য দলিল আইন
N মানি লন্ডারিং আইন

**২৫. চেক অনুমোদনের সময় কোনো শর্ত আরোপ করা হলে তাকে কী ধরনের অনুমোদন বলা হয়?**
K আংশিক অনুমোদন
L ফাঁকা অনুমোদন
M শর্তসাপেক্ষ অনুমোদন
N বিশেষ অনুমোদন

**২৬. কোন ধরনের চেকে প্রাপকের নাম না থাকার কারণে চেক প্রত্যাখ্যাত হয়?**
K দাগকাটা চেক L ফাঁকা চেক
M বাহক চেক N হুকুম চেক

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
পদ্মা ব্যাংক দেশের একটি তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক যা মেঘনা ব্যাংকের আদেশ অনুসারে কাজ করে থাকে। দেশের ঋণ নিয়ন্ত্রণের লক্ষ্যে মেঘনা ব্যাংক পদ্মা ব্যাংককে আগের চেয়ে তার আমানতের ৫% বেশি SLR বাধ্যতামূলকভাবে মেঘনা ব্যাংকে জমা রাখতে বলে।

**২৭. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির কথা বলা হয়েছে?**
K ব্যাংক হার নীতি
L জমার হার পরিবর্তন নীতি
M খোলা বাজার নীতি
N ঋণের প্রান্তিক হার পরিবর্তন নীতি

**২৮. পদ্মা ব্যাংকের SLR এর উপাদানগুলো হলো—**
i. কেন্দ্রীয় ব্যাংকের রক্ষিত নগদ জমার আবশ্যকতা
ii. সরকারি ট্রেজারি বিল বা বন্ড ক্রয়
iii. প্রথম শ্রেণির বিল বা বন্ড ক্রয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৯. সুসংগঠিত মুদ্রাবাজার গঠনের ক্ষেত্রে কোন ব্যাংক প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করে থাকে?**
K জনতা ব্যাংক L উত্তরা ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N বেসরকারি ব্যাংক

**৩০. কোনো নির্দিষ্ট বা সংরক্ষিত তালিকার অন্তর্ভুক্ত ব্যাংকসমূহকে কোন ব্যাংক বলা হয়?**
K বিদেশি ব্যাংক L বেসরকারি ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N তালিকাভুক্ত ব্যাংক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | K | ৭ | L | ৮ | M | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | L | ১৩ | L | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | L | ১৯ | L | ২০ | K | ২১ | K | ২২ | K | ২৩ | M | ২৪ | N | ২৫ | M | ২৬ | N | ২৭ | L | ২৮ | L | ২৯ | M | ৩০ | N |

5242011